
# রবীক্র রচনাবলী

চতুৰিংশ খণ্ড

Feld of margaret



## রবীক্স-রচনাবলী

চতুৰিংশ খণ্ড





বিশ্বভারতী

২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্ট্রীট। কলিকাতা

#### প্রকাশ ৭ পৌষ ১৩৫৪ পুনর্মুদ্রণ অগ্রহায়ণ ১৮৮০ শকাব : ১৩৬৫ বঙ্গাব

মূল্য: কাগজের মলাট ৯২ টাকা বেক্সিনে বাঁধাই ১২২ টাকা

0

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন বিশ্বভারতী। ৬াও ধারকানাথ ঠাকুর দেন। কলিকাতা-৭

মূত্রাকর প্রীস্থনারায়ণ ভট্টাচার্থ ভাগদী ধ্রেদ। ৩০ কর্ওআলিস স্ক্রিট। কলিকাডা-৬

## সূচী

চিত্রসূচী	10/0
কবিতা ও গান	
নবজাতক	>
সানাই	৬৫
নাটক ও প্রহ্মন	
বাঁশরি	>8¢
উপন্থাদ ও গল্প	
গল্পগুচ্ছ	<b>\$0</b> \$
প্রবন্ধ	
কাশান্তর	<b>48</b> 5
সংযোজন	<b>৩</b> ৮৫
গ্রন্থপরিচয়	8%¢
বর্ণাকুক্রমিক স্ফুটী	৫০৩

## চিত্রস্চী

রবীন্দ্রনাথ: সেপ্টেম্বর ১৯৩৭	•
হিজ্ঞাল-রাজ্ঞবন্দী-হত্যার প্রতিবাদ-সভায় রবীন্দ্রনাথ	840

# কবিতা ও গান

# নবজাতক

#### সূচনা

আমার কাব্যের ঋতুপরিবর্তন খটেছে বারে বারে। প্রায়ই সেটা ঘটে নিজের অলক্ষ্যে। কালে কালে ফুলের ফসল বদল হয়ে থাকে, তখন মৌমাছির মধ্-জোগান নতুন পথ নেয়। ফুল চোখে দেখবার পূর্বেই মৌমাছি ফুলগদ্ধের পুন্ধ নির্দেশ পায়, সেটা পায় চার দিকের হাওয়ায়। যারা ভোগ করে এই মধ্ তারা এই বিশিষ্টতা টের পায় স্বাদে। কোনো কোনো বনের মধ্ বিগলিত তার মাধ্র্যে, তার রঙ হয় রাঙা; কোনো পাহাড়ি মধ্ দেখি ঘন, আর তাতে রঙের আবেদন নেই, সে শুল্র; আবার কোনো আরণ্য সঞ্চয়ে একটু তিক্ত স্বাদেরও আভাস থাকে।

কাব্যে এই-যে হাওয়াবদল থেকে সৃষ্টিবদল এ তো স্বাভাবিক, এমনি স্বাভাবিক যে এর কাজ হতে থাকে অন্তমনে। কবির এ সম্বন্ধে খেয়াল থাকে না। বাইরে থেকে সমজদারের কাছে এর প্রবণতা ধরা পড়ে। সম্প্রতি সেই সমজদারের সাড়া পেয়েছিলুম। আমার একগ্রেণীর কবিতার এই বিশিষ্টতা আমার স্বেহভাজন বন্ধু অমিয়চন্দ্রের দৃষ্টিতে পড়েছিল। ঠিক কী ভাবে তিনি এদের বিশ্লেষণ করে পৃথক করেছিলেন তা আমি বলতে পারি নে। হয়তো দেখেছিলেন, এরা বসস্তের ফুল নয়; এরা হয়তো প্রোচ্ ঋতুর ফসল, বাইরে থেকে মন ভোলাবার দিকে এদের ওদাসীন্তা। ভিতরের দিকের মননজাত অভিজ্ঞতা এদের পেয়ে বসেছে। তাই যদি না হবে তা হলে তো ব্যর্থ হবে পরিণত বয়সের প্রেরণা। কিন্তু এ আলোচনা আমার পক্ষে সংগত নয়। আমি তাই নবজাতক প্রস্থের কাব্যগ্রন্থনের ভার অমিয়চন্দ্রের উপরেই দিয়েছিলুম। নিশ্চিন্ত ছিলুম, কারণ দেশবিদেশের সাহিত্যে ব্যাপকক্ষেত্রে তাঁর সঞ্চরণ।

উদয়ন। শান্তিনিকেতন ৪ এপ্রিল, ১৯৪০

রবীন্দ্রনাথ ঠাকুর



রবীন্দনাথ

# नवकाठक

#### নবজাতক

নবীন আগন্তক, নব যুগ তব যাত্রার পথে চেয়ে আছে উৎস্ক। কী বার্তা নিয়ে মর্ডে এসেছ তুমি; **कौ**यनव्रक्र्मि ভোমার লাগিয়া পাতিয়াছে কী আসন। নরদেবতার পূজায় এনেছ কী নব সম্ভাবণ। অমরলোকের কী গান এসেছ ওনে। তরুণ বীরের ভূশে কোন মহান্ত বেঁধেছ কটির 'পরে অমন্ত্রের সাথে সংগ্রাম-তরে। ব্যক্তপ্রাবনে পত্তিল পথে विषय विरक्ता হয়তো রচিবে মিলনতীর্থ मास्तित्र वैधि (वैदिध । কে বলিতে পারে তোমার ললাটে লিখা কোন্ সাধনার অদৃশ্র জয়টিকা। আজিকে তোমার অলিধিত নাম আমরা বেড়াই খুঁ জি---শাগামী প্রাতের ওকতারা-সম নেশ্ৰো আছে বুৰি।

মানবের শিশু বারে বারে আনে

চির আখাসবাণী—

নৃতন প্রভাতে মৃক্তির আলো

বুকি-বা দিক্তিছে আনি

শান্তিনিকেতন ১৯ অগস্ট, ১৯৩৮

## উদ্বোধন

প্রথম যুগের উদয়দিগঙ্গনে
প্রথম দিনের উবা নেমে এল যবে
প্রকাশপিয়াসি ধরিত্রী বনে বনে
শুধায়ে ফিরিল, স্বর খুঁলে পাবে কবে।
এগো এসো সেই নব স্কটির কবি
নবজাগরগর্গপ্রভাতের রবি।
গান এনেছিলে নব ছন্দের তালে
ভরুণী উবার শিশিরপ্লানের আনন্দবিপ্লবে।

সে গান আজিও নানা রাগরাগিণীতে
ত্বনাও তাহারে আগমনীসংগীতে
যে জাগার চোথে নৃতন দেখার দেখা।
যে এসে দাঁড়ার ব্যাকুলিত ধরণীতে
বননীলিমার পেলব দীমানাটিতে,
বহু জনতার মাঝে অপূর্ব একা।
অবাক আলোর লিপি যে বহিয়া আনে
নিস্কৃত প্রহরে কবির চকিত প্রাণে,
নব পরিচয়ে বিরহব্যথা যে হানে
বিহলে প্রাতে সংগীতদোরতে,
দূর-আকাশের অক্লিম উৎসবে।

বে জাগায় জাগে প্লার শব্ধনি,
বনের ছারার লাগার পরশমণি,
বে জাগার মোছে ধরার মনের কালী
মৃক্ত করে দে পূর্ণ মাধুরী-ভালি।
জাগে স্বল্ব, জাগে নির্মল, জাগে আনন্দময়ীজাগে কড়বজরী।
জাগো সকলের সাথে
আজি এ স্প্রভাতে,
বিশ্বজনের প্রাকণতলে লহো আপনার স্থানভোমার জীবনে সার্থক হোক
নিথিলের আহ্বান।

[ কালিম্পং ] ২৫ বৈশাথ, ১৩৪৫

## শেষদৃষ্টি

আজি এ আঁথির শেষদৃষ্টির দিনে
ফাগুনবেলার ফুলের থেলার
দানগুলি লব চিনে
দেখা দিয়েছিল মুখর প্রহরে
দিনের হয়ার খুলি,
তাদের আভায় আজি মিলে যায়
রাঙা গোধ্লির শেষতুলিকায়
ফাণিকের রূপ-রচনলীলায়
সন্ধ্যার রঙগুলি।

যে অতিথিদেহে ভোরবেলাকার রূপ নিল ভৈরবী, শভরবির দেহলিছরারে বাশিতে আজিকে আঁকিল উহারে মূলতানরাগে স্থরের প্রতিমা গেক্সা.রঙের ছবি।

খনে খনে বত মর্মভেদিনী
বেদনা পেরেছে মন
নিয়ে সে তৃঃখ ধীর আনন্দে
বিবাদককণ শিল্লছন্দে
অগোচর কবি করেছে রচনা
মাধুরী চিরস্তন।

একদা শ্বীবনে স্বধের সিহর
নিধিল করেছে প্রিয়।
মরণপরশে আন্ধি কৃত্তিত
অন্তরালে সে অবগুতিত,
অনেধা আলোকে তাকে দেখা যায়
কী অনিব্চনীয়।

যা গিয়েছে তার অধরারপের
অলথ পরশথানি
যা রয়েছে তারি তারে বাঁথে স্থর,
দিক্সীমানার পারের স্বদ্র
কালের অতীত ভাষার অতীত
ভনায় দৈববানী।

দেঁজুতি। শান্তিনিকেতন ১২ জাগুয়ারি, ১৯৪০

### প্রায়শ্চিত্ত

উপর আকাশে সাজানো তড়িৎ-আলো—
নিম্নে নিবিড় অতিবর্বর কালো
ভূমিগর্ভের রাতে—
ক্থাত্র আর ভূরিভোজীদের
নিদারুণ সংঘাতে
ব্যাপ্ত হয়েছে পাপের হুর্গহন,
সভ্যনামিক পাতালে ষেপায়
জমেছে সুটের ধন।

ত্ঃসহ তাপে গর্জি উঠিল
ভূমিকম্পের রোল,
ভরতোরণের ভিত্তিভূমিতে
লাগিল ভীষণ দোল।
বিদীর্ণ হল ধনডাগুারতল,
ভাগিরা উঠিছে ওপ্ত; ওখার
কালীনাগিনীর দল।
তৃলিছে বিকট ক্লা,
বিষনিধানে কুঁদিছে জারিকণা।

নিরর্থ হাহাকারে

নিরেগ না কিরো না অভিশাপ বিধাতারে

পাপের এ সঞ্চয়

সর্বনাশের পাগলের হাতে

আগে হরে বাক কর।

বিষম ছঃধে রশের শিও

বিনীর্ণ হয়ে, ভার

ক্পুরপ্ত ক'রে নিক উন্গার।

ধরার বন্ধ চিরিয়া চলুক ুরিজ্ঞানী, হাড়গিলা, রক্তসিক্ত লুক্ত নথর একদিন হবে ঢিলা।

প্রতাপের ভোজে আপনারে যারা বলি করেছিল দান

সে-ত্র্বলের দলিত পিষ্ট প্রাণ

নরমাংসালী করিতেছে কাড়াকাড়ি,

ছিন্ন করিছে নাড়ী।
তীক্ষ দশনে টানাছেঁড়া তারি দিকে দিকে যায় ব্যেপে

রক্তপঙ্কে ধরার অন্ধ লেপে।

সেই বিনাশের প্রচণ্ড মহাবেগে

একদিন শেষে বিপুলবীর্য শাস্তি উঠিবে জেগে।

মিছে করিব না ভন্ন,

ক্লোভ জেগেছিল তাহারে করিব জয়।

জমা হয়েছিল আরামের লোভে

ত্র্বলতার রাশি,
লাগুক তাহাতে লাগুক আগুন—
ভল্মে ফেনুক গ্রাসি।

ঐ দলে দলে ধার্মিক ভীক
কারা চলে নির্জায়
চাটুবাণী দিয়ে ডুলাইতে দেবভার।
দীনাস্মাদের বিখান, ওরা
ভীত প্রার্থনারবে
শান্তি মানিবে ভবে।
ফুশণ পূজায় দিবে নাকো কড়িকড়া।
ধরিতে স্থানিতে ক্ষিয়া মাঁটিবে
শস্ত শস্ত দড়িদড়া।

তথু বাণীকোশনে

ভিনিবে ধরণীতলে।
তৃপাকার লোড

বক্ষে-রাধিরা জমা
কেবল শাস্তমন্ত্র পড়িরা
লবে বিধাতার ক্ষমা।

সবে না দেবতা হেন অপমান

এই ফাঁকি ভক্তির।

যদি এ ভ্বনে থাকে আজো তেজ

কল্যাণশক্তির
ভীষণ যজ্ঞে প্রায়শ্চিত্ত

পূর্ণ করিয়া শেষে
নৃতন জীবন নৃতন আলোকে
জাগিবে নৃতন দেশে।

বিজয়াদশমী [১৭ আখিন] ১৩৪৫

## বুৰভক্তি

দাপানের কোনো কাগজে পড়েছি জাপানি সৈনিক যুদ্ধের সাক্ষ্য কামনা ক'রে বুদ্ধমন্দিরে পূজা দিতে গিরেছিল। ওয়া শক্তির বাণ মারছে চীনকে; ভক্তির বাণ বুদ্ধকে।

হংকত যুক্তের বাছা
সংগ্রহ করিবারে শমনের থাছ।
সাজিয়াছে ওরা সবে উৎকটদর্শন,
দক্ষে দক্তে ওরা করিতেছে ঘর্ষণ,
হিংসার উমায় দারুণ অধীর
সিন্ধির বর চায় করুণানিধির—
ওরা তাই স্পর্ধায় চলে
বুক্তের মন্দিরতলে।

ভূরী ভেরি বেন্দে ওঠে রোবে গরোগরো, ধরাতন কেঁপে ওঠে ত্রাসে ধরোধরো।

গর্জিরা প্রার্থনা করে—
আর্তরোদন ধেন জাগে ধরে ঘরে।
আত্মীরবন্ধন করি দিবে ছিন্ন,
গ্রামপদীর রবে ভন্মের চিহ্ন,
হানিবে শৃক্ত হতে বহ্নি-আঘাত,
বিভার নিকেতন হবে ধ্লিসাং—
বক্ষ ফ্লামে বর যাচে
দয়ামর বৃদ্ধের কাছে।
ভূরী ভেরি বেজে ওঠে রোধে গরোগরো,
ধরাতল কেঁপে ওঠে ত্রানে ধরোগরো।

হত-আহতের গণি সংখ্যা
তালে তালে মন্ত্রিত হবে জয়ভন্ধা।
নারীর শিশুর যত কাটা-ছেঁড়া অল
লাগাবে অট্টহাসে গৈশাচী রল,
মিধ্যায় কল্যিবে জনতার বিশাস,
বিষবান্দের বাণে রোধি দিবে নিশাস—
মৃষ্টি উচায়ে তাই চলে
বৃদ্ধেরে নিতে নিজ দলে।
তৃরী ভেবি বেজে ওঠে রোধে গরোগরো,
ধরাতল কেঁপে ওঠে জানে বরোগরো।

শান্তিনিকেতন ৭ জাতুরারি, ১৯৩৮

#### दकन

त्यां जियोता वतन, সবিতার আত্মদানষজ্ঞের হোমায়িবেদিতলে ষে স্ব্যোতি উৎসর্গ হয় মহারুত্রতেপে **व विस्त्रत मिन्त्रमञ्जल.** অতিতৃচ্ছ অংশ তার করে পৃথিবীর অভিকৃত্র মৃৎপাত্তের 'পরে। অবশিষ্ট অমেয় আলোকধারা পথহারা. আদিম দিগন্ত হতে অক্লান্ড চলেছে খেয়ে নিৰুদেশ স্ৰোতে। সবে সঙ্গে ছুটিয়াছে অপার তিমির-তেপাস্করে অসংখ্য নক্ষত্র হতে রশ্মিপ্লাবী নিরম্ভ নির্মারে সর্বত্যাগী অপব্যয়, আপন স্ষ্টির 'পরে বিধাতার নির্মম অক্তায়। কিংবা এ কি মহাকাল কর্মকরান্তের দিনে রাতে এক হাতে দান ক'রে ফিরে ফিরে নেয় অন্ত হাতে। সঞ্চয়ে ও অপচয়ে যুগে যুগে কাড়াকাড়ি যেন-किइ, द्वन।

তার পরে চেয়ে দেখি মাগ্রের চৈতন্তকগতে
ভেনে চলে ক্থত্থ কর্মনাভাবনা কত পথে।
কোখাও বা জ্বলে ওঠে জীবন-উৎসাহ,
কোখাও বা সভ্যতার চিতাবহিনাহ
নিভে আনে নিঃবতার ভক্ষ-অবশেষে।
নির্মার ঝরিছে দেশে দেশে—
লক্ষ্যহীন প্রাণ্য্রোত মৃত্যুর গছরে ঢালে মহী
বাসনার বেদনার অজ্বন্ত বৃদ্পুঞ্জ বহি।
কে তার হিসাব রাথে লিখি।

নিত্য নিত্য এমনি কি
অভ্বান আত্মহত্যা মানবস্থাইর
নিরস্তর প্রলম্বাইর
অপ্রান্ত প্রাবনে।
নিরপ্ক হরণে ভরণে
মাথ্যের চিন্ত নিমে সারাবেলা
মহাকাল করিতেছে দ্যুতধেলা
বাঁ হাতে দক্ষিণ হাতে যেন—
কিন্তু, কেন।

প্রথম বয়সে কবে ভাবনার কী আঘাত লেগে এ প্রশ্নই মনে উঠেছিল জেগে— ওধায়েছি, এ বিখের কোন্ কেন্দ্রুগুলে মিলিতেছে প্রতি দণ্ডে পলে অরণ্যের পর্বতের সমৃন্তের উল্লোল গর্জন, ঝটিকার মন্ত্রন, দিবসনিশার বেদনাবীণার তারে চেতনার মিশ্রিত ঝংকার. পূর্ণ করি ঋতুর উৎসব জীবনের মরণের নিত্যকলরব. আলোকের নিঃশন্দ চরণপাত িনিয়ত স্পন্দিত করি ত্যলোকের অস্তহীন রাত। কল্পনায় দেখেছিছ, প্রতিধ্বনিমণ্ডল বিরাজে उचारश्वर चन्नदकमद-गार्वा। সেখা বাঁধে বাসা া চতুর্দিক হতে জানি জগতের পাধা-মেলা ভাষা। সেধা হতে পুরানো শ্বতিরে দীর্ণ করি স্টের আরম্বীজ লয় ভরি ভরি আপনার পক্ষপুটে ফিরে-চলা যত প্রতিধানি। षांश्रखन करत्रिष्ठ उथनि,

বহু যুগ্যুগান্তের কোন্ এক বালীধারা
নক্ষত্রে নক্ষত্রে ঠেকি পথছার।
সংহত হরেছে ক্ষবশেবে
মোর মান্ধে এসে।
প্রশ্ন মনে আনে আরবার,
আবার কি ছিল্ল হয়ে যাবে হত্ত ভার—
রূপহারা গভিবেগ প্রেতের জগতে
চলে যাবে বহু কোটি বংলরের শৃষ্ঠ বাত্তাগণেও ?
উজ্ঞাড় করিয়া দিবে ভার
পাছের পাথেরপাত্র আপন স্বল্লায়ু বেদনার—
ভোজশেবে উচ্ছিটের ভাঙা ভাও হেন ?
কিন্তু, কেন।

শাস্তিনিকেতন ১২ অক্টোবর, ১৯৩৮

## হিন্দুস্থান

মোরে হিন্দুখান
বারবার করেছে আহ্বান
কোন্ শিশুকাল হতে শশ্চিমদিগন্ত-পানে,
ভারতের ভাগ্য যেথা নৃত্যলীলা করেছে শ্মশানে,
কালে কালে
তাণ্ডবের তালে তালে,
দিল্লিতে আগ্রাতে
মঞ্জীরঝংকার আর দূর শক্নির ধ্বনি-সাথে;
কালের মন্থনপত্থাতে
উচ্ছলি উঠেছে যেথা পাথরের ফেনজুপে
অদৃষ্টের অট্টাশ্ত অভ্রেদী প্রাসাদের রূপে।

লন্ধী-অলন্ধীর ছুই বিপরীত পথে রুখে প্রতিরুখে

ধ্লিতে ধ্লিতে বেথা পাকে পাকে করেছে রচনা অটিল রেখার জালে শুভ-অগুভের আল্পনা। নব নব ধ্বজা হাতে নব নব সৈনিকবাহিনী এক কাহিনীর স্তা ছিল্ল করি আরেক কাহিনী বারংবার গ্রন্থি দিয়ে করেছে বোজন। প্রাক্শপ্রাচীর যার অকস্থাৎ করেছে লজ্ঞন

मञ्जामन.

অর্ধরাত্তে ধার ভেঙে জাগিরেছে আর্ড কোলাহল,
করেছে আসন-কাড়াকাড়ি,
ক্ষিতের অর্থালি নিয়েছে উজাড়ি।
রাত্তিরে ভূলিল তারা ঐশ্বর্যের মশাল-আলোয়—
শীড়িত পীড়নকারী দোঁহে মিলি সাদায় কালোয়
বেখানে রচিয়াছিল দ্যুতধেলাঘর,
অবশেষে সেধা আৰু একমাত্র বিরাট কবর
প্রাপ্ত হতে প্রাপ্তে প্রসারিত;

সেথা জয়ী আর পরাজিত

একত্তে করেছে অবসান বহু শতাব্দীর হত মান অসমান। ভশ্নজাহু প্রতাপের ছায়া সেধা শীর্ণ বম্নায় প্রেতের আহ্বান বহি চলে যায়,

বলে বার—
আবো ছায়া ঘনাইছে অন্তদিগন্তের
জীর্ণ মুগান্তের।

শান্তিনিকেতন ১৯ এপ্রিল, ১৯৩৭

## রাজপুতানা

এই ছবি রাজপুতানার; এ দেখি মৃত্যুর পৃষ্ঠে বেঁচে ধাকিবার তুৰ্বিষহ বোঝা। হতবৃদ্ধি অতীতের এই যেন খোঁজা প্ৰভ্ৰষ্ট বৰ্তমানে অৰ্থ আপনার, ্ শৃক্তেতে হারানো অধিকার। ঐ তার গিরিহুর্গে অবরুষ নিরর্থ জরুটি, ঐ তার জয়ত্ত তোলে কুদ্দ মৃঠি বিক্ল ভাগ্যের পানে। মৃত্যুতে করেছে আদ তব্ও যে মরিতে না কানে, 'ভোগ করে অসমান অকালের হাতে দিনে রাতে. অসাড় অন্তরে মানি অহুভব নাহি করে, আপনারি চাটুবাক্যে আপনারে ভূলায় আশ্বাদে— षात्न मा त्म. পরিপূর্ণ কত শতাব্দীর পণ্যরখ উত্তীৰ্ণ না হতে পথ ভশ্বচক্র পড়ে আছে মকর প্রান্তরে, মিয়মাণ আলোকের প্রহরে প্রহরে বেড়িয়াছে অন্ধ বিভাবরী নাগপাশে; ভাষাভোলা ধূলির করুণা লাভ করি একমাত্র শাস্তি তাহাদের। লজ্মন যে করে নাই ভোলামনে কালের বাঁধের अखिम निरंबधनीया-ভশ্বত্বে থাকে তার নামহীন প্রচ্ছন্ন মহিমা: **ৰে**গে থাকে কল্পনার ভিতে

্ ইতিবৃত্তহারা তার ইতিহাস উদার ইন্দিতে।

কিন্ত এ নির্মান কারা। কালের উপেকাদৃষ্টি-কাছে
না পেকেন্ত তরু আছে।
একি আঅবিশ্বরণমোহ,
বীর্যহীন ডিন্তি-'পরে কেন রচে শৃক্ত সমারোহ।
রাজ্যহীন সিংহাসনে অত্যুক্তির রাজা,
বিধাতার সাজা।

হোধা যারা মাটি করে চাষ রোজরুঞ্জ শিরে ধরি বারো মাদ, ওরা কভু আধামিধ্যা রূপে সত্যেরে তো হানে না বিজ্ঞপে। ওরা আছে নিজ স্থান পেয়ে; দারিজ্যের মৃল্য বেশি লুপ্তমূল্য ঐখর্ষের চেয়ে।

এদিকে চাহিয়া দেখো টিটাগড়।
লোইে লোহে বন্দী হেথা কালবৈশাখীর পণ্যঝড়।
বিশিকের দম্ভে নাই বাধা,
আসমূল পৃথীতলে দৃশ্য তার অক্ষ্ম মর্যাদা।
প্রয়োজন নাহি জানে ওরা
ভূষণে সাজারে হাতিঘোড়া
সম্মানের ভান করিবার,
ভূলাইতে ছন্মবেশী সমূচ্চ তুচ্ছতা আপনার।
শেষের পংক্তিতে যবে পামিবে ওদের ভাগ্যলিধা,
নামিবে অন্তিম যবনিকা,
উন্তাল রজত পিও-উদ্ধারের শেষ হবে পালা,
যদ্মের কিন্ধরগুলো নিয়ে ভন্মভালা
দৃশ্য হবে নেপথ্যে যখন,

উদান্ধ যুগের রথে বদ্ধাধরা দে রাজপুতানা মকপ্রভরের ভারে একদিন দিল মৃষ্টি হানা; তুলিল উদ্ভেদ করি কলোলোলে মহা-ইতিহাস প্রাণে উদ্ধৃদিত, মৃত্যুতে ফেনিল; তারি তপ্তখাস স্পর্শ দেয় মনে, রক্ত উঠে আবর্তিয়া বুকে— সে যুগের স্বদ্দর সম্বংথ স্তব্ধ হয়ে ভূলি এই কুপল কালের দৈন্তপাশে— কর্করিত, নতশির অদৃষ্টের অট্টহাসে, গলবদ্ধ পদ্ধশ্রেণীসম চলে দিন পরে দিন লক্ষাহীন।

জীবনমুত্যুর ইশ্ব-মাঝে
সেদিন যে হৃদ্ভি মিল্লিয়াছিল তার প্রতিধ্বনি বাজে
প্রাণের কৃহরে গুমরিয়া। নির্ভন্ন ছর্দান্ত বেলা,
মনে হয়, সেই তো সহজ্ঞ, দ্রে নিক্ষেপিয়া ফেলা
আপনারে নিঃসংশয় নিষ্ঠ্র সংকটে। তৃচ্ছ প্রাণ
নহে তো সহজ্ঞ; মৃত্যুর বেদিতে য়ার কোনো দান
নাই কোনো কালে সেই তো হর্ভর অতি,
আপনার সঙ্গে নিত্য বাল্যপনা হঃসহ হুগতি।
প্রচণ্ড সত্যের ভেঙে গল্পে রচে অলস ক্রনা
নিক্ষার স্বান্থ উত্তেজনা.

নাট্যমঞ্চে ব্যক্ত করি বীরসাজে
তারম্বর আন্দালনে উন্মন্ততা করে কোন্ লাজে।
তাই ভাবি হে রাজপুতানা,
কেন তুমি মানিলে না যথাকালে প্রলয়ের মানা,
লভিলে না বিনষ্টির শেষ স্বর্গলোক;

জনতার চোধ দীপ্রিহীন

কোতৃকের দৃষ্টিপাতে পলে পলে করে যে মলিন।
শহরের তৃতীয় নয়ন হতে
সন্মান নিলে না কেন যুগান্তের বহির আলোতে।

মংপু ২২ জ্যৈষ্ঠ, ১৩৪¢

#### ভাগ্যরাজ্য

আমার এ ভাগ্যরাজ্যে পুরানো কালের যে প্রদেশ, আয়ুহারাদের ভরশেষ **দেখা পড়ে আছে** পূর্বনিগজের কাছে। निः त्निय करतरह यूना मः नारतव हार्छ, অনাবগ্যকের ভাঙা ঘাটে জীর্ণ দিন কাটাইছে তারা অর্থহারা। ভগ্ন গৃহে লগ্ন ঐ অর্ধেক প্রাচীর ; আশাহীন পূর্ব আসক্তির কাঙাল শিকড়কাল বুণা আঁকড়িয়া ধরে প্রাণপণে বর্তমান কাল। আকাশে তাকায় শিলালেখ, তাহার প্রত্যেক অম্পষ্ট অক্ষর আরু পাশের অক্ষরে ক্লান্ত ক্ষরে প্রেশ্ন করে, "আরো কি রয়েছে বাকি কোনো কথা, শেষ হয়ে যায় নি বারতা।"

এ আমার ভাগারান্ধ্যে অন্তক্ত হোধায় দিগন্ধরে
অসংলগ্ধ ভিন্তি-'পরে
করে আছে চূপ
অসমাপ্ত আকাক্ষার অসম্পূর্ণ রূপ।
অক্ষিত বাণীর ইন্ধিতে
চারিভিতে
নীরবতা-উৎক্তিত মূধ
রয়েচে উৎক্ষক।

একদা যে যাত্রীদের সংকল্পে ঘটেছে অপঘাত, অস্ত পথে গেছে অকল্মাৎ, তাদের চক্ষিত আশা,

স্কিত চলার গুরু ভাষা

कानाय, हय नि ठना गायी-

ত্রাশার দ্রতীর্থ আব্দো নিত্য করিছে ইশারা।

আঞ্চিও কালের সভা-মাঝে

তাদের প্রথম সাজে

পড়ে নাই জীৰ্ণতার দাগ,

লক্ষ্যচ্যত কামনায় রয়েছে আদিম রক্তরাগ।

কিছু শেষ করা হয় নাই,

হেরো, তাই

সময় যে পেল না নবীন

কোনোদিন

পুরাতন হতে---

শৈবালে ঢাকে নি তারে বাঁধা-পড়া ঘাটে-লাগা স্রোতে;

শ্বতির বেদনা কিছু, কিছু পরিতাপ,

কিছু অপ্রাপ্তির অভিশাপ

তারে নিত্য রেখেছে উজ্জ্বল :

না দেয় নীরদ হতে মক্ষাগত গুপ্ত অঞ্চল।

ষাত্ৰাপথ-পাশে

আছ তুমি আধো-ঢাকা যাসে--

পাধরে খুদিতেছিহু, হে মৃতি, তোমারে কোন্ কণে

किरमत्र कन्नदम ।

অপূর্ণ তোমার কাছে পাই না উত্তর।

यत्न त्य की हिल त्यांत्र

যেদিন ফুটিত তাহা শিল্পের সম্পূর্ণ সাধনাতে

শেষ-রেথাপাতে,

দেদিন তা জানিতাম আমি;

তার আগে চেষ্টা গেছে থামি।

সেই শেষ না-জানার

নিত্য নিক্তরখানি মর্মমাঝে ররেছে আমার ;

হপ্নে তার প্রতিবিদ্ধ ফেলি

সচকিত আলোকের কটাকে সে করিতেছে কেলি।

আলমোড়া ১৬ মে, ১৯৩৭

## ভূমিকম্প

হায় ধরিত্রী, তোমার আঁধার পাতালদেশে

আদ্ধ রিপু লৃকিয়েছিল ছ্মাবেশে—

সোনার পুঞ্ যেথায় রাখ,

আঁচলতলে যেথায় ঢাক

কঠিন লোহ, মৃত্যুদ্তের চরপধ্লির

শিশু তারা, থেলা জোগায়

যমালয়ের ভাগাগুলির।

উপর তলায় হাওয়ার দোলায় নবীন ধানে ধানশ্রীস্থর মূর্ছ না দেয় পর্বজ্ঞ গানে। হুংখে স্থথে স্লেহে প্রেমে স্থর্গ আসে মর্তে নেমে, ঋতুর ভালি ফুল-ফদলের অর্থ্য বিলায়, ওড়না রাঙে ধুশহায়াতে প্রাণনটিনীর নৃত্যলীকায়।

অন্তরে তোর গুপ্ত বে পাপ রাখলি চেপে তার ঢাকা আন্ধ গুরে গুরে উঠন কেঁপে। বে বিখাদের আবাসধানি ধ্রুব ব'লেই সবাই জানি এক নিমেবে মিলিয়ে দিলি ধ্লির সাথে,
গ্রাধের কাল্প-অবমানন
ঘটিয়ে দিলি অড়ের হাতে।

হে ধরণী, এই ইতিহাস সহস্রবার

যুগে যুগে উদ্বাটিলে সামনে সবার।

জাগল দম্ভ বিরাট রূপে,

মজ্জায় তার চুপে চুপে

লাগল রিপুর অলক্ষ্য বিষ সর্বনাশা—

রূপক নাট্যে ব্যাখ্যা তারি

দিয়েছ আফ ভীষণ ভাষায়।

যে যথার্থ শক্তি সে তো শান্তিরয়ী,
সোম্য তাহার কল্যাণরূপ বিশ্বস্কয়ী।
অশক্তি তার আসন পেতে
ছিল তোমার অস্করেতে—
সেই তো ভীষণ, নিষ্ঠুর তার বীভংসতা,
নিব্বের মধ্যে প্রতিষ্ঠাহীন
তাই সে এমন হিংসারতা।

#### পক্ষীমানব

যদ্রদানব, মানবে করিলে পাথি। স্থল জল যত তার পদানত আকাশ আছিল ৰাকি।

বিধাতার দান পাবিদের ডানাছটি।
রন্তের রেথার চিত্রলেখার
আনন্দ উঠে ফুটি;
তারা বে রন্তিন পাছ মেঘের সাথি।
নীল গগনের মহাপবনের
যেন তারা একজাতি।
তাহাদের লীলা বায়ুর ছন্দে বাঁধা;
তাহাদের প্রাণ, তাহাদের গান
আকাশের স্থরে সাথা;
তাই প্রতিদিন ধরণীর বনে বনে
আলোক জাগিলে একতানে মিলে
তাহাদের জাগরণে।
মহাকাশতলে যে মহাশান্তি আছে
তাহাতে লহুরী কাঁলে ধরধুরি
তাদের পাথার নাচে।

যুগে যুগে তারা গগনের পথে পথে
জীবনের বাণী দিয়েছিল আনি
অরণ্যে পর্বতে;
আজি একি হল, অর্থ কে তার জানে।
স্পর্ধা পতাকা মেলিয়াছে পাথা
শক্তির অভিমানে।
ভারে প্রাণ্ডেব করে নি আলীবাদ।

তাহারে স্থাপন করে নি তপন, মানে নি তাহারে চাঁদ। আকাশের সাধে অমিল প্রচার করি ক্ৰ্পশ্বৱে পৰ্জন কৰে বাতাদেরে বর্ধরি। আজি মাহুষের কনুষিত ইতিহাসে উঠি মেঘলোকে বৰ্গ-আলোকে श्रानिष्क् बहुश्राम्। যুগান্ধ এল বুঝিলাম অহ্যানে-· অশাস্তি আজ উন্নত বাজ কোৰাও না বাধা মানে: क्षें हिश्मा कालि युठ्यत्र निथा আকাশে আকাশে বিরাট বিনাশে बागाइन विजीविक।। দেবতা ষেধায় পাতিবে আসনধানি যদি তার ঠাই কোনোধানে নাই তবে, হে বন্ত্রপাণি, এ ইতিহাসের শেষ অধ্যায়তলে क्टस्त वागी निक मां फि छानि श्रेनरप्रद द्रायानरन ।

আর্ত ধরার এই প্রার্থনা ত্তন— স্থামবনবীথি পাথিদের গীতি সার্থক হোক পুন।

#### আহ্বান

কানাড়ার প্রতি

বিশ্ব জুড়ে কৃদ্ধ ইতিহাসে অন্ধবেগে ঝথাবায় হুংকারিয়া আদে ধ্বংস করে সভ্যতার চূড়া। ধর্ম আঞ্চি সংশয়েতে নত, যুগষ্ণের তাপসদের সাধনধন যত मानवभममगरन इम ॐ छ।। তোমরা এসো তহুণ জ্বাতি সবে मृक्तित्रन-रघावनावानी कागा व वीत्रत्रत। তোলো অব্দেয় বিশ্বাসের কেতু। রক্তে-রাঙা ভাঙন-ধরা পথে তুর্গমেরে পেরোতে হবে বিপ্লক্ষ্মী রখে, পরান দিয়ে বাঁধিতে হবে সেতু। ত্রাদের পদাখাতের তাড়নায়, अममान निरश ना निरत, जूला ना आशनाय। भिष्ठा पिरम, ठांजुनी पिरम, तिमा छशानाम পৌক্ষেরে কোরো না পরিহাস। বাঁচাতে নিজ প্রাণ वनीत्र शाम पूर्वालाद्व कारता ना वनिमान।

ন্সোড়াসাঁকো, কলিকাতা ১ এপ্রিল, ১৯৩৯

### রাতের গাড়ি

এ প্রাণ, রাতের রেলগাড়ি,
দিল পাড়ি—
কামরায় গাড়িভরা ঘুম,
রজনী নিশুম।

ু ু শ্ৰদীম শ্ৰীধাৰে 🦠 🔻 কালি-লেপা কিছু-নয় মনে হয় যারে নিজার পারে রয়েছে সে পরিচয়হারা দেশে। ক্ৰ-আলো ইনিতে উঠে ঝলি, পার হয়ে যায় চলি অজানার পরে অজানায়, অদৃত ঠিকানায়। অতিদুর-তীর্ধের যাত্রী, ভাষাহীন রাত্রি, দূরের কোধা যে শেষ ভাবিয়া না পাই উদ্দেশ। চালায় যে नाम नाहि क्य ; কেউ বলে, যন্ত্র সে, আর কিছু নয়। মনোহীন বলে তারে, তবু অদ্ধের হাতে প্রাণমন সঁপি দিয়া বিছানা সে পাতে। বলে, দে অনিশ্চিত, তবু স্থানে অতি নিশ্চিত তার গতি। নামহীন বে অচেনা বার বার পার হয়ে যায় অপোচরে যারা দবে রয়েছে দেখায়, তারি যেন ঘহে নিশ্বাস, সন্দেহ-আড়ালেতে মুধ-ঢাকা জাগে বিশাস। गांडि हरन. নিমেষ বিরাম নাই আকাশের তলে। ঘুমের ভিতরে থাকে মচেতনে কোন্ দূর প্রভাতের প্রত্যাশা নিস্তিত মনে।

উদয়ন, শাস্তিনিকেতন ২৮ মার্চ, ১৯৪০

## মোলানা জিয়াউদ্দীন

কথনো কথনো কোনো অবসরে নিকটে দাঁড়াতে এসে; 'এই যে' বলেই তাকাতেম মুখে, 'বোদো' বলিতাম হেসে। ত্ব-চারটে হত সামান্ত কথা, घरवत श्रम किছू, গভীর শ্বনয় নীরবে রহিত হাসিতামাশার পিছু। কত দে গভীর প্রেম স্থনিবিড়, অক্থিত কত বাণী, চিরকাল-তরে গিয়েছ যখন আজিকে সে কথা জানি। প্রতি দিবসের তুচ্ছ খেয়ালে সামান্ত যাওয়া-আসা, সেটুকু হারালে কতথানি যায় थ्ँ एक नाहि भारे जाया।

তব জীবনের বহু সাধনার
যে পণ্যভার ভরি
মধ্যদিনের বাতাদে ভাসালে
তোমার নবীন তরী,
যেমনি তা হোক মনে জানি তার
এতটা মূল্য নাই
যার বিনিমরে পাবে তব স্থতি
আপন নিত্য ঠাই—
সেই কথা শ্বরি বার বার আজ
লাগে ধিক্কার প্রাণে—
জ্ঞানা জনের পরম মূল্য
নাই কি গো কোনোধানে।

এ অবহেলার বেদনা বোঝাতে বোধা হতে খুঁজে মানি ছুরির আঘাত যেমন সহজ তেমন সহজ বাণী। কারো কবিছ, কারো বীরছ, কারো অর্থের খ্যাতি---কেহ-বা প্ৰজাব স্থহদ্ সহায়, কেহ-বা বাজার জ্ঞাতি---তুমি আপনার বন্ধুজনেরে মাধুৰ্বে দিতে সাড়া, ফ্রাতে ফ্রাতে ববে তব্ তাহা সকল খ্যাতির বাড়া। ভরা আষাঢ়ের যে মালতীগুলি **जानसमहिमा**य আপনার দান নিঃশেষ করি धूनाय भिनादय वाय-আকাশে আকাশে বাতাদে তাহারা আমাদের চারি পাশে তোমার বিবহ ছড়ায়ে চলেছে সৌরভনিশাসে।

শান্তিনিকেতন ৮ জুলাই, ১৯৩৮

#### অস্পষ্ট

আৰি ফান্ধনে দোলপূৰ্ণিমারাতি,
উপছায়া-চলা বনে বনে মন
আবছা পবের বাত্রী।

ব্য-ভাঙানিয়া জোছনা—
কোধা থেকে যেন আকাশে কে বলে,
'একটুকু কাছে বোদো না।'

ফিদ্বিদ্ করে পাতার পাতার. উস্থৃস্ করে হাওয়া। চায়ার আড়ালে গ্রন্ধান্তের তক্ৰাব্দড়িত চাওয়া। **इन्सिमारह थंदेथंदे जन** বিক্ৰিক্ কয়ে আলোতে, कांगक्रमभारक् क्लकांगे कारक বুছনি সাদায় কালোতে। প্রহরে প্রহরে রাজার ফটকে वस्पृत्त वात्य घणा। কেগে উঠে বলে ঠিকানা-হারানে। শৃক্ত-উধাও মনটা। বুঝিতে পারি নে কত কী শন্দ— মনে হয় ষেন ধারণা, রাতের বৃকের ভিতরে কে করে অদৃশ্র পদচারণা। গাছগুলো সব ঘুমে ভুবে আছে, তদ্রা তারায় তারায়. কাছের পৃথিবী স্বপ্নশাবনে मृत्त्रत लोख राताय। রাতের পৃথিবী ডেনে উঠিয়াছে বিধির নিশ্চেতনার, আভাষ আপন ভাষার পরশ থোঁজে সেই আনমনায়। तरख्य मार्ग व-गव वमना স্পষ্ট বোধের বাহিরে ভাবনাঞ্বাহে বৃদ্বৃদ্ তারা, ছির পরিচয় নাহি রে। প্রভাত-আলোক আকাশে আকাশে ध ठिख मिरव मृहिया,

পরিহাসে তার অবচেতনার वसना वादव चूरिया। চেতনার জালে এ বহাগছনে वच या-किइ वि किरव, সৃষ্টি তারেই স্বীকার করিয়া স্বাক্ষর তাহে লিখিবে। তৰ্ কিছু মোহ, কিছু কিছু ভূল ভাত্ৰত সেই প্ৰাপণার প্রাণতন্ততে রেখার রেখার রঙ রেখে বাবে আপনার। এ জীবনে তাই বাত্রির দান দিনের রচনা জভায়ে চিন্তা-কাজের ফাঁকে ফাঁকে সব त्रस्यक्तं इज़ार्य इज़ार्य। ৰুদ্ধি যাহারে মিছে বলে হাসে শে যে সত্যের মূলে আপন গোপন রসসঞ্চারে ভরিছে ফসলে ছুলে। অর্থ পেরিয়ে নির্থ এসে ফেলিছে রঙিন ছায়া— বাস্তব যত শিকল গড়িছে, খেলেনা গড়িছে মায়া।

উদয়ন, শাস্তিনিকেতন ২৭ মার্চ, ১৯৪০

#### এপারে-ওপারে

রান্তার ওপারে
বাড়িগুলো হেঁবাহে বি সারে দারে।
ওধানে দবাই আছে
কীশ বস্ত আড়াকের আড়ে-আড়ে কাছে-কাছে।

যা-খুলি প্রসঙ্গ নিয়ে ইনিয়ে-বিনিয়ে নানা কণ্ঠে বকে যায় কলকরে।

অকারণে হাত ধরে:

যে যাহারে চেনে

পিঠেতে চাপড় দিয়ে নিয়ে যায় টেনে

লক্ষ্যহীন অলিতে গলিতে,

কথা-কাটাকাটি চলে গলাগলি চলিতে চলিতে।

বুথাই কুশলবার্তা জানিবার ছলে

প্রশ্ন করে বিনা কৌতৃহলে।

পরস্পরে দেখা হয়,

বাঁধা ঠাট্টা করে বিনিময়।

কোথা হতে অকন্মাৎ ঘরে ঢুকে

द्राम ७८ बारुजू कोजूरक।

'আনন্দবাব্দার' হতে সংবাদ-উচ্ছিষ্ট খেঁটে খেঁটে

ছুটির মধ্যাহ্নবেলা বিষম বিতর্কে যায় কেটে।

সিনেমা-নটীর ছবি নিয়ে তুই দলে

রপের তুলনা-বন্দ চলে,

উদ্ভাপ প্রবল হয় শেষে

বন্ধ্বিচ্ছেদের কাছে এসে।

পথপ্রান্তে বারের সম্মুখে বসি

ফেরিওয়ালাদের সাথে হ'কো-হাতে দর-ক্যাক্ষি।

একই ऋदा मम निष्य तात तात

গ্রামোফোনে চেষ্টা চলে খিরেটরি গান শিখিবার।

কোৰাও কুকুরছানা যেউ-যেউ আদরের ডাকে

চমক লাগায় বাড়িটাকে।

শিশু কাঁদে মেৰো মাধা হানি,

সাথে চলে গৃহিণীর অসহিফু তীত্র ধমকানি।

তাস-পিটোনির শব্ধ, নিয়ে জিত হার

খেকে থেকে বিষম চিংকার।

বেদিন ট্যাক্সিতে চ'ড়ে জামাই উনয় হয় আসি
মেয়েতে মেয়েতে হাসাহাসি,
টেশাটেশি, কানাকানি,
অন্ত্যাগে লাজুকেরে সান্ধিয়ে দেবার টানাটানি।
দেউড়িতে ছাতে বারান্দায়
নানাবিধ আনাগোনা কণে কলে ছায়া ফেলে যায়।

হেখা দার বন্ধ হয় হোপা দার খোলে.

मिएट गामहा धुि कड्कड् नम कित्र त्याता। जिनिहे श्रवि हादि भार् দিনে রাত্রে কাব্দের আভাসে। উঠোনে অনবধানে-খুলে-রাধা কলে ঞ্ল বহে যায় কলকলে: সিঁডিতে আসিতে যেতে রাত্রিদিন পথ সঁ্যাত্ সেঁতে। বেলা হলে ওঠে ঝনঝনি रामन-भाकात्र क्षनि । ্বেড়ি হাতা খুস্কি রান্নাঘরে ্ঘরকরনার স্থবে **ধংকার জাগায় পরস্পরে**। কড়ায় সর্বের তেল চিড় বিড় ফোটে, তারি মধ্যে কইমাছ অকন্মাৎ স্থাক করে ৬ঠে। বন্দেমাতরম্-পেড়ে শাড়ি নিয়ে তাঁতিবউ ডাকে বউমাকে। থেলার ট্রাইসিকেলে ছড়্ছড় খড় খড় আভিনাম ঘোরে কার ছেলে। যাদের উদয় অন্ত আপিদের দিক্চক্রবালে जात्मद्र गृह्गीतम्द्र मकात्म विकात्म দিন পরে দিন বায় চুইবার জোয়ার-ভাটায় ছুটি আর কালে।

হোৰা পড়া-মূবস্থের একঘেরে অপ্রাস্থ আওয়াকে ধৈর্য হারাইছে পাড়া. এগ সামিনেশনে দেয় তাড়া।

প্রাণের প্রবাহে ভেসে
বিবিধ ভদীতে ওয়া মেশে।

চেনা ও অচেনা

লঘু আলাপের ফেনা

আবর্ডিয়া তোলে

দেখাশোনা আনাগোনা গতির হিলোলে

রাস্তার এপারে আমি নিঃশব্দ তুপুরে জীবনের তথ্য ষত ফেলে রেখে দূরে कीवरनंत्र उच्च ये व्यूष्टि निःमक मरनद मरक युवि, সারাধিন চলেছে সন্ধান ত্ত্রহের ব্যর্থ সমাধান। মনের ধূসর কুলে প্রাণের জোয়ার মোরে একদিন দিয়ে গেছে তুলে। চারি দিকে তীক্ব আলো ঝক্ঝক করে িরিক্তরস উদ্দীপ্ত প্রহরে। ভাবি এই কথা---ওইখানে ঘনীভূত জনতার বিচিত্র তুচ্ছতা এলোমেলো আঘাতে সংঘাতে নানা শব্দ নানা রূপ কাগিয়ে তুলিছে দিনরাতে। किছ जाने किंदन नातना नीर्पकान, া মাটিগড়া স্বদবের ভাল ছন্টারে তার यमन कविद्य वांत्रश्वात । তারি ধাকা শেয়ে মন

**₹**(9-**₹**0

ব্যত্র হয়ে ওঠে জাগি
সর্বব্যাপী সামান্তের সচল স্পর্নের লাগি।
আপনার উচ্চতট হতে
নামিতে পারে না সে যে সমন্তের ঘোলা গলালোতে

পুরী ২০ বৈশাধ, ১৩৪৬

# মংপু পাহাড়ে

क्ष अधिकान यह সরে গেল মংপু-র नीन रेनरनद भारा দেখা मिल त्रअभूत। বহুকেলে জাতুকর, খেলা বহুদিন তার, আর কোনো দায় নেই, দেশ নেই চিস্তার। मृत वर्भत्र भारत शास्त्र ठाई यम्मृत দেখি লুকোচুরি খেলে মেঘ আর রোদ্ত্র। কত রাজা এল গেল, ম'ল এরই মধ্যে, लएफ्डिन रौत्र, कवि नित्थिहिन भएछ। কত মাথা-কাটাকাটি সভ্যে অসভ্যে. কত মাধা-ফাটাফাটি সনাতনে নব্যে। এ গাছ চিরদিন যেন শিশু মন্ত, স্থ-উদয় দেখে, দেখে তার অন্ত। र्थ गानु शित्रियाना, क्रक ७ वक्रा, मिन शिरम ७३३ 'भद्र स्म करत मका।। নীচে রেখা দেখা যায় ঐ নদী ভিন্তার. কঠোরের স্বপ্নে ও মধুরের বিন্তার।

হেনকালে একদিন রৈশাধী গ্রীমে টানাপাধা-চলা সেই সেকালের বিশ্বে রবিঠাকুরের দেখা সেইদিন মান্তর, আন্ধি তো বয়স তার কেবল আটাত্তর-সাতের পিঠের কাছে একফোটা শুঞ্চ-শত শত বরষের ওদের তারুণা। ছোটো আয়ু মাহুষের, তবু একি কাও, এটুকু দীমায় গড়া মনোব্ৰহ্মাণ্ড-কত স্থথে দুখে গাঁথা, ইট্টে অনিষ্টে, স্থন্দরে কুৎসিতে, তিক্তে ও মিষ্টে, কত গৃহ-উৎসবে, কত সভাসজ্জায়, কত রসে মঞ্জিত অস্থি ও মঞ্জায়. ভাষার-নাগাল-ছাড়া কত উপলব্ধি. ধেয়ানের মন্দিরে আচে তার স্তব্ধি। অবশেষে একদিন বন্ধন থণ্ডি অজানা অদৃষ্টের অদুখ্য গণ্ডি অন্তিম নিমেষেই হবে উত্তীর্ণ। তথনি অকশ্বাৎ হবে কি বিদীর্ণ এত রেখা এত রঙে গড়া এই স্বষ্টি, এত মধু-অঞ্চনে রঞ্জিত দৃষ্টি। বিধাতা আপন ক্ষতি করে যদি ধার্য নিজেরই তবিল-ভাঙা হয় তার কার্য. নিমেষেই নিঃশেষ করি ভরা পাত্র বেদনা না যদি ভার লাগে কিছুমাত্র, আমারই কী লোকসান যদি হই শৃন্ত-শেষক্ষয় হলে কারে কে করিবে ক্রম। এ कीवतन भा ध्यां हो बड़े भी या होन मुना, মরণে হারানোটা তো নহে তার তুল্য। রবিঠাকুরের পালা শেষ হবে সভ, তখনো তো হেথা এক অথও অছ জাগ্রত রবে চির-দিবদের জন্মে এই গিরিতটে, এই নীলিম অরণ্যে।

তথনো চলিবে থেলা নাই যার বৃক্তি বার বার ঢাকা দেওয়া, বার বার মৃক্তি। তথনো এ বিধাতার স্কল্ব ভ্রান্তি— উদাসীন এ আকাশে এ মোহন কাস্তি।

মংপু ১০ জুন, ১৯৩৮

# **इं**म्रहेगन

দকাল বিকাল ইস্টেশনে আসি,
চেয়ে চেয়ে দেখতে ভালোবাসি।
ব্যস্ত হয়ে ওরা টিকিট কেনে,
ভাটির ট্রেনে কেউ-বা চড়ে
কেউ-বা উন্থান ট্রেনে।
সকাল থেকে কেউ-বা থাকে বদে,
কেউ-বা গাড়ি ফেল্ করে তার
শেষ-মিনিটের দোবে।

দিনরাত গড়্গড়্ ঘড়্যড়্, গাড়িভরা মাহ্বের ছোটে ঝড়। ঘন ঘন গতি তার ঘ্রবে কড় পশ্চিমে, কড় পূর্বে।

চলচ্ছবির এই-যে মৃতিধানি
মনেতে দের আনি
নিত্য-মেলার নিত্য-ভোলার ভাষা —
কেবল বাওয়া-আসা।
মঞ্চতলে দণ্ডে পলে
ভিড় জমা হয় কত—

পতাকাটা দেয় ছলিয়ে,
কে কোখা হয় গত।
এর পিছনে স্থতঃখকতিলাভের তাড়া
দেয় সবলে নাড়া।

সময়ের ঘড়িধরা অঙ্কেতে ভোঁ ভোঁ ক'রে বাঁলি বাজে সংকেতে। দেরি নাহি সয় কারো কিছুতেই— কেহ যায়, কুম্বুহ পাকে পিছুতেই।

ওদের চলা ওদের পড়ে-থাকায়
আর কিছু নেই, ছবির পরে
কেবল ছবি আঁকায়।
থানিকক্ষণ যা চোথে পড়ে
তার পরে যায় মুছে,
আত্ম-অবহেলার থেলা
নিত্যই যায় ঘুচে।
ছেঁড়া পটের টুকরো জমে
পথের প্রাপ্ত জুড়ে,
তপ্ত দিনের স্লাপ্ত হাওয়ায়
কোন্থানে যায় উড়ে।
'গেল গেল' ব'লে যারা
ফুকরে কেঁদে ওঠে
ক্ষণেক-পরে কায়া-সমেত
তারাই পিছে ছোটে।

চং চং বেকে ওঠে ঘণ্টা, এনে পড়ে বিদারের কণ্টা। মুখ রাখে জানসায় বাড়িয়ে, নিমেবেই নিয়ে বার ছাড়িয়ে চিত্রকরের বিশ্বভূবনথানি

এই কথাটাই নিলেম মনে মানি।
কর্মকারের নয় এ গড়া-পেটাআকড়ে ধরার জিনিস এনয়,
দেধার জিনিস এটা।
কালের পরে যায় চলে কাল,
হয় না কভু হারা
চবির বাহন চলাফেরার ধারা।
ঢ়বেলা সেই এ সংসারের
চলতি ছবি দেখা,
এই নিয়ে রই যাওয়া-আসার
ইস্টেশনে একা।

এক তুলি ছবিখানা এঁকে দেয়, আর তুলি কালি তাহে মেথে দেয় আনে কারা এক দিক হতে ঐ, ভাসে কারা বিপরীত স্রোতে ঐ।

শান্তিনিকেতন ৭ জুলাই, ১৯৩৮

## জবাবদিহি

কবি হয়ে দোল-উৎসবে
কোন্ লাজে কালো সাজে আসি,
এ নিয়ে রসিকা তোরা সবে
করেছিলি খুব হাসাহাসি।
চৈত্রের দোল-প্রাকণে
আমার জবাবদিহি চাই
এ দাবি তোদের ছিল মনে,
কাজ ফেলে আসিরাছি তাই।

দোলের দিনে, সে কী মনের ভূলে,
পরেছিলাম যথন কালো কাপড়,
দথিন হাওয়া ত্যারখানা খুলে
হঠাৎ শিঠে দিল হাসির চাপড়।
সকল বেলা বেড়াই খুঁজি খুঁজি
কোপা সে মোর গেল রঙের ডালা,
কালো এসে আজ লাগালো বুঝি
শেষ প্রহরে রঙহরণের পালা।

৬রে কবি, ভয় কিছু নেই তোর— কালো রঙ যে সকল রঙের চোর। জানি যে ওর বক্ষে রাখে তুলি হারিয়ে-যাওয়া পূর্ণিমা ফান্কনী---অন্তরবির রঙের কালো ঝুলি, রদের শাস্ত্রে এই কথা কয় গুনি। অন্ধকারে অঞ্চানা-সন্ধানে অচিন লোকে সীমাবিহীন রাতে রঙের তৃষা বছন করি প্রাণে চলব যথন তারার ইশারাতে. হয়তো তথন শেষ-বয়সের কালো করবে বাহির আপন গ্রন্থি খুলি যৌবনদীপ— জাগাবে তার আলো ঘুমভাঙা দব রাঙা প্রহরগুলি। কালো তখন রঙের দীপালিতে স্বর লাগাবে বিশ্বত সংগীতে।

উদয়ন। শান্তিনিকেতন ২৮ মার্চ, ১৯৪০

# সাড়ে নটা

সাড়ে নটা বেন্দ্ৰেছে ঘড়িতে; সকালের মৃত্ শীতে তন্ত্ৰাবেশে হাওয়া যেন রোদ পোহাইছে পাহাডের উপত্যকা-নীচে বনের মাথায় সবুক্তের আমন্ত্রণ-বিছানো পাতায়। বৈঠকপানার ঘরে রেডিয়োতে সমুদ্রপারের দেশ হতে আকাশে প্লাবন আনে স্থরের প্রবাহে, विटमिनी विटम्टमंत्र कर्छ गान गाट्ट বহু যোজনের অন্তরালে। সব তার **লুপ্ত হয়ে মিলেছে কেবল হুরে তালে**। দেহহীন পরিবেশহীন গীতম্পৰ্শ হতেছে বিলীন সমন্ত চেতনা ছেয়ে। त्य त्वनां ित्यः এল তার সাড়া সে আমার দেশের সময়-স্ত্র-ছাড়া। একাকিনী, বহি রাগিণীর দীপশিখা আসিছে অভিসারিকা সর্বভারহীনা: অরপা সে, অলক্ষিত আলোকে আদীনা। शितिनमीममूटज् माटन नि निटवध, করিয়াছে ভেদ পথে পথে বিচিত্র ভাষার কলরব, भरम भरम **अग्र-मृज्**र विशाभ-छेदमय। রণকেতে নিদাকণ হানাহানি,

লক লক্ষ গৃহকোণে সংসারের তুচ্ছ কানাকানি.

সমস্ক সংসর্গ তার

একান্ত করেছে পরিহার।

বিধহারা

একথানি নিরাসক্ত সংগীতের ধারা।

যক্কের বিরহগাথা মেঘদ্ত

সেও জানি এমনি অভ্যুত।

বাণীমূর্তি সেও একা।

শুধু নামটুকু নিয়ে কবির কোথাও নেই দেখা।

তার পাশে চুপ দেকালের সংসারের সংখ্যাহীন রূপ। দেদিনের যে প্রভাতে উচ্জয়িনী ছিল সমৃক্ষল জীবনে উচ্ছল

ওর মাঝে তার কোনো আলো পড়ে নাই। রাজার প্রতাশ দেও ওর ছন্দে সম্পূর্ণ র্থাই। যুগ যুগ হয়ে এল পার কালের বিপ্লব বেয়ে, কোনো চিহ্ন আনে নাই তার। বিপূল বিশ্লের মুখরতা উহার শ্লোকের পটে ভক্ক করে দিল সব কথা।

মংপু ৮ জুন, ১৯৩৯

# প্রবাসী

হে প্রবাসী,
আমি কবি যে বাণীর প্রসাদ-প্রত্যাশী
মস্তরতমের ভাষা
সে করে বহন। ভালোবাসা
তারি পক্ষে ভর করি নাহি স্থানে দূর।
রক্ষের নিঃশব্দ ক্র
সদা চঙ্গে নাড়ীতন্ত বেয়ে,
সেই ক্র বে ভাবার শব্দে স্থাছে ছেয়ে

বাণীর অতীতসামী জাহারি বাণীতে ভালোবাসা আপনার গৃঢ় রূপ পারে যে জানিতে। হে বিষয়ী, হে সংসারী, তোমরা যাহার। আত্মহারা,

যারা ভালোবাসিবার বিশ্বপথ
হারায়েছ, হারায়েছ আপন জ্বগং,
রয়েছ আত্মবিরহী গৃহকোণে,
বিরহের ব্যথা নেই মনে।
আমি কবি পাঠালেম তোমাদের উদ্ভাস্ত পরানে
দে ভাষার দৌত্য, যাহা হারানো নিজেরে কাছে আনে.

ভেদ করি মঞ্চকার।
ভক্ষ চিত্তে নিয়ে আসে বেদনার ধারা।
বিশ্বতি দিয়েছে তাহে থের
আজরকালের যাহা নিত্যদান চিরস্কলরের—
তারে আজ লও ফিরে।
লক্ষীর মন্দিরে
আমি আনিয়াছি নিমন্ত্রণ;

জানায়েছি, দেখাকার তোমার আসন
অস্তমনে তুমি আছ ভূলি।
জড অভ্যাদের ধূলি
আজি নববর্ষে পুণ্যক্ষণে
যাক উড়ে তোমার নয়নে
দেখা দিক— এ ভবনে সুর্বত্তই কাচে আসি

দেখা দিক্— এ ভ্বনে সর্বত্তই কাছে আদিবার তোমার স্থাপন অধিকার।

স্থদ্রের মিতা,
মোর কাছে চেরেছিলে ন্তন কবিতা।
এই কও বুঝে,
ন্তনের স্পর্শমন্ত এর ছন্দে শাও যদি খুঁজে।

[ পুরী ] ৯ বৈশাখ, ১৩৪৬

#### **क्र**श्चित्र

তোমরা রচিলে যারে
নানা অলংকারে
তারে তো চিনি নে আমি,
চেনেন না মোর অন্তর্গামী
তোমাদের স্বাক্ষরিত সেই মোর নামের প্রতিমা।
বিধাতার স্বাঙ্কীমা
তোমাদের দৃষ্টির বাহিরে।

কালসমূদ্রের তীরে বিরলে রচেন মৃতিখানি বিচিত্রিত রহস্তের যবনিকা টানি রূপকার আপন নিভূতে। বাহির হইতে মিলায়ে আলোক অন্ধকার কেই এক দেখে তারে, কেই দেখে আর। খণ্ড খণ্ড রূপ আর চায়া, আর কল্পনার মায়া. আর মাঝে মাঝে শৃন্ত, এই নিয়ে পরিচয় গাঁথে অপরিচয়ের ভূমিকাতে। সংসারখেলার ককে তাঁর যে-খেলেনা রচিলেন মৃতিকার মোরে লয়ে মাটিতে আলোতে. সাদায় কালোতে. কে না জানে সে কণ্ডসুর কালের চাকার নীচে নিঃশেষে ভাঙিয়া হবে চুর। দে বহিয়া এনেছে বে-দান সে করে ক্ষণেকভারে অমরের ভান---দহদা মুহুর্তে দেয় ফাঁকি, भूठि-क्य धूनि वय वाकि,

আর থাকে কালরাত্তি স্ব-চিহ্-ধুর-মুছে-কেলা
তোমাদের জনতার থেলা
রচিল যে পুত্লিরে
কোরে বিরাট ধ্লিরে
কোরে আলোতে নিত্য রবে।
এ কথা কল্পনা কর যবে
তথন আমার
আপন গোপন রূপকার
হাসেন কি আঁথিকোণে,
দে কথাই ভাবি আজ মনে।

পুরী ২৫ বৈশাখ, ১৩৪৬

#### 연합

চতুর্দিকে বহিবাপ শৃস্তাকাশে ধায় বহুদ্বে
কেন্দ্রে তার তারাপুঞ্জ মহাকাল-চক্রপথে ঘূরে।
কত বেগ, কত তাপ, কত ভার, কত আয়তন,
ফল্ম অঙ্কে করেছে গণন
পণ্ডিতেরা, লক্ষ কোটি ক্রোশ দূর হতে
ভর্লক্ষ্য আলোতে।

আপনার পানে চাই,
লেশমাত্র পরিচয় নাই।

এ কি কোনো দৃষ্ঠাতীত জ্যোতি।
কোন্ অজ্ঞানারে ঘিরি এই অজ্ঞানার নিত্য গতি।
বহুষ্গে বহুদ্রে স্থৃতি আর বিস্থৃতি-বিত্তার,
যেন বান্সাপরিবেশ তার
ইতিহাসে পিণ্ড বাধে রূপে রূপাস্করে।
'আমি' উঠে ঘনাইয়া কেন্দ্র-মাঝে অসংখ্য বৎসরে।

ক্থত্:থ ভালোমন রাগবেব ভক্তি স্থ্য শ্লেহ এই নিমে গড়া তার সন্তাদেহ; এরা সব উপাদান ধান্ধা পায়, হয় আবর্তিত, পুঞ্জিত, নৰ্ভিত। এরা সত্য কী যে वृक्षि नारे निष्ण। বলি তারে মায়া---ষাই বলি শব্দ সেটা, অব্যক্ত অর্থের উপচ্ছায়া। তার পরে ভাবি, এ অঞ্জের সৃষ্টি 'আমি' অজ্ঞের অদৃশ্যে যাবে নাবি। অসীম রহস্ত নিয়ে মুহুর্তের নির্থকতায় न्ध रूप नानांत्रडा कनविष्ट्याय, অসমাপ্ত রেখে যাবে তার শেষকথা আত্মার বারতা। তথনো স্থাবে ঐ নক্তের দৃত ছুটাবে অসংখ্য তার দীপ্ত পরমাশুর বিচাৎ অপার আকাশ-মাঝে. किছूरे बानि ना कान् काछ। বাজিতে থাকিবে শৃন্তে প্রশ্নের স্থতীত্র আর্ডম্বর, ধ্বনিবে না কোনোই উত্তর।

খ্যামলী ৷ শাস্তিনিকেতন ৭ ডিসেম্বর, ১৯৩৮

# রোম্যাণ্টিক

আমারে বলে যে ওরা রোম্যান্টিক।
দে কৰা মানিয়া লই
রসভীর্থ-পথের পথিক।
মোর উত্তরীয়ে
বঙ্গ লাগায়েছি, প্রিয়ে।

ত্যার-বাহিরে তব আসি ববে

হর করে ভাকি আমি ভোরের ভৈরবে।
বসস্তবনের গন্ধ আনি তুকে

রজনীগন্ধার মূলে

নিভৃত হাওয়ায় তব ঘরে।

কবিতা ওনাই মৃত্যুরে,

ছন্দ তাহে থাকে, তার ফাকে ফাকে

শিল্প রচে বাক্যের গাঁথুনি—
তাই শুনি
নেশা লাগে জোমার হাসিতে।

আমার বাঁশিতে

যখন আলাপ করি মূলতান

মনের রহস্ত নিজ রাগিণীর পায় যে সন্ধান।

যে-কল্পলোকের কেল্পে তোমারে বসাই

ধৃলি-আবরণ তার স্বত্বে ধ্সাই—

আমি নিজে সৃষ্টি করি তারে। ফাঁকি দিয়ে বিধাতারে কারুশালা হতে তাঁর চুরি করে আনি রঙ-রস,

আনি তাঁরি জাত্র পরশ।

জানি, তার অনেকটা যায়া, অনেকটা ছায়া।

আমারে গুধাও যবে 'এরে কভূ বলে বাতবিক ?' আমি বলি, 'কখনো না, আমি রোম্যাণ্টিক।'

> যেথা ঐ বান্তব জগৎ দেখানে আনাগোনার পথ আছে মোর চেনা।

> > সেধাকার দেনা

শোধ করি— দে নহে কথায় তাহা জানি— ভাহার আহ্বান আমি মানি। দৈশ্ব দেখা, ব্যাধি দেখা. দেখায় ক্ষ্রীতা,
সেধায় রমণী দম্মাজীতা—
সেধায় উত্তরী কেনি পরি বর্ম ;
সেধায় নির্মম কর্ম ;
সেধা ত্যাগ, দেখা ভৃঃখ, দেখা ভেরি বাজুক 'মাতৈঃ' ;
শোধিন বাত্তব যেন দেখা নাহি হই।
সেধায় ক্ষ্মর যেন ভৈরবের সাথে
চলে হাতে-হাতে।

# ক্যাণ্ডীয় নাচ

जिः इतन तमरे त्मर्थिहित्नम कां विमत्नद्र नाठ : শিকভগুলোর শিকল ছিঁড়ে যেন শালের গাছ পেরিয়ে এল মুক্তিমাতাল খ্যাপা, হুংকার তার ছুটন আকাশ-ব্যাপা। ডালপাল। সব হড় দাড়িয়ে ঘূর্ণি হাওয়ায় কহে-নহে. নহে, নহে নহে বাধা, নহে বাধন, নহে পিছন-ফেরা, नटर जादिश खन्न मिट्य एचता, নহে মৃত্ লতার দোলা, নহে পাতার কাঁপন---আগুন হয়ে জলে ওঠা এ যে তপের তাপন। ওদের ডেকে বলেছিল সমুদ্দরের ঢেউ, 'আমার ছন্দ রক্তে আছে এমন আছে কেউ।' ঝঞ্চা ওদের বলেছিল, 'মন্ত্রীর তোর আছে यंश्लीदा यात्र नानीदा नय आमात्र धानयनाटा। ঐ যে পাগল দেহখানা, শৃত্যে ওঠে বাচ, যেন কোপায় হাঁ করেছে রাভ--লুক্ক তাহার স্থার থেকে চাদকে করবে তাণ, পৃণিমাকে ফিরিয়ে দেবে প্রাণ।

মহাদেৰের তপোভকে বৈন বিষম বেগে
নদী উঠল কেঙে;
নিবের ফোধের ককে
উঠল কলে হুর্লাম তার প্রতি আকে ককে
নাচের বহি-শিখা
নিদয়া নির্ভীকা।
খুঁজতে ছোটে মোহমদের বাহন কোথায় আছে
দাহন করবে এই নিদাহল আনন্দমর নাচে।
নটরাল্ল যে পুরুষ তিনি, তাওবে তাঁর সাধন,
আপন শক্তি মৃক্ত ক'রে হেঁডেন আপন বাঁধন;
হুঃথবেগে জাগিরে তোলেন সকল ভরের ভয়;

. . . জয়ের নৃত্যে আপনাকে তাঁর জয়।

আলমোড়া জ্যৈষ্ঠ, ১৩৪৪

# অবজিত

আমি চলে গেলে কেলে রেখে বাব পিছু

চিরকাল মনে রাধিবে এমন কিছু,

মৃচতা করা তা নিরে মিথ্যে ভেবে।

ধুলোর খাজনা শোধ করে নেবে ধুলো,

চুকে গিয়ে তবু বাকি রবে যতগুলো

গরক বাদের তারাই তা খুঁজে নেবে।

আমি শুধু ভাবি, নিজেরে কেমনে কমি—
পৃশ্প বক্নি উঠেছে জমি,

কোন্ সংকারে করি তার সন্গতি।

কবির গর্ব নেই মোর হেন নয়—

কবির লক্ষা পাশাপালি তারি বয়,

ভারতীর আছে এই দয়া মোর প্রতি।

লিখিতে লিখিতে কেবলি গিৰেছি ছেপে, সময় রাখি নি ওজন দেখিতে মেপে,

কীর্তি এবং ক্কীর্তি গেছে মিশে। চাপার কালিতে অস্থারী হয় স্থায়ী, এ অপরাধের জন্তে বে-জন দায়ী

তার বোঝা আজ লঘু করা যায় কিলে বিপদ ঘটাতে ওধু নেই ছাপাধানা, বিভাহরাণী বন্ধু রয়েছে নানা—

আবর্জনারে বর্জন করি বদি চারি দিক হতে গর্জন করি উঠে, "ঐতিহাসিক হতে দিবে কি টুটে,

ষা ঘটেছে তারে রাখা চাই নিরবধি।" ইতিহাস বুড়ো, বেড়াজাল তার পাতা, সঙ্গে রয়েছে হিদাবের মোটা থাতা—

ধরা যাহা পড়ে ফর্দে সকলি আছে। হয় আর নয়, থোঁজ রাখে শুধু এই, ভালোমন্দর দরদ কিছুই নেই,

মৃল্যের ভেদ তুল্য তাহার কাছে। বিধাতাপুক্ষ ঐতিহাসিক হলে চেহারা কইয়া ঋতুরা পড়িত গোলে,

জন্তান তবে ফাগুন রহিত ব্যেপে। পুরানো পাতারা ঝরিতে ধাইত ভূলে, কচি পাতাদের আঁকড়ি রহিত ঝুলে,

পুরাণ ধরিত কাব্যের টু'টি চেপে। জোড়হাত করে আমি বলি, শোনো কথা, স্ঠার কাজে প্রকাশেরি ব্যগ্রতা,

ইভিহাসটারে গোপন করে সে রাথে। জীবনলন্দ্রী মেলিয়া রঙের রেখা ধরার মান্দে আঁকিছে পত্রকোধা, ভূতত্ব তার কন্ধানে ঢাকা থাকে।

বিশক্ষির লেখা যত হয় ছাপা প্রফ শিটে তার দৃশ্রণ পড়ে চাপা, নব এডিশনৈ নৃতন করিয়া তুলে। माणि याहा, बाट्ट विकाद, याहाटक कि, মমতামাত্র নাহি তো তাহার প্রতি-वीधा माहि शांदक फूरन जांत्र निर्कृतन । यष्ठित कांच मूखित मार्च इरन, চাপাযন্ত্রের ষড়যন্ত্রের বলে a विधान यि भटन भटन भाग वाधा-कीर्ग हिन्न मिन्दिन गार्थ शिका ক্লপণপাড়ার রাশীক্ত নিয়ে বোঝা সাহিত্য হবে শুধু কি ধোবার গাধা। যাহা কিছু লেখে সেরা নাহি হয় সবি, তা নিয়ে লক্ষা না কঙ্কক কোনো কবি---প্রকৃতির কাজে কত হর ভূলচুক ; কিন্তু, হের যা শ্রেরের কোঠায় ফেলে তারেও রক্ষা করিবার ভূতে পেলে কালের সভার কেমনে দেখাবে মৃথ। जारी काल भार की मान सका भारत. খ্যাতিধারা মোর কত দূর চলে বাবে, সে লাগি চিস্তা করার অর্থ নাহি। বর্তমানের ভবি অর্থাের ডালি অদেয় যা দিহু মাথায়ে ছাপার কালি তাহারি লাগিয়া মার্জনা আমি চাহি।

'পরা' বোট। চন্দননগর ৫ জুন, ১৯৩৫

# শেষ হিদাব

্চেনাশোনার সাঁথবেলাভে: 🕬 া ভনতে আমি চাই---পথে পথে:চলার পালা লাগল কেমন, ভাই। वर्गम नथ हिनं घरत्रहे, া বাইরে বিরাট পথ---তেপান্তরের মাঠ কোথা-বা. ্কোধা-বা পর্বত। কোথা-বা সে চড়াই উচু, কোণ্য-বা উত্তরাই, কোথা-বা পথ নাই। মাঝে-মাঝে ভুটল অনৈক ভালো-ष्यत्नक हिन विकर यम. া । অনেক কৃত্ৰী কালো। কিরেচিলে আপন মনের গোপন অলিগলি. পরের মনের বাহির-ছারে ৈ পেতেচ অঞ্চী। আশাপথের রেখা বেয়ে কডই এলে গেলে. পাৰ্ডনী ব'লে যা পেয়েছ অর্থ কি তার পেলে। অনেক কেঁদে-কেটে ভিকার ধন জুটিয়েছিলে অনেক রাম্বা হেঁটে। পথের মধ্যে লুঠেল দস্ক্য निरम्भिन रामा.

উজাড় করে নিরেছিল हिन यूनियाना। অতি কঠিন আঘাত তারা গাগিয়েছিল বুকে-ভেবেছিলুম, চিহ্ন নিমে দে দব গেছে চুকে। হাটে-বাটে মধুর যাহা পেয়েছিলুম খুঁ জি, यरन हिन, यरव्रद धन তাই রয়েছে পুঁজি। হায় রে ভাগ্য, খোলো তোমার ঝুলি তাকিয়ে দেখো, জমিয়েছিলে ধৃলি। निष्टेंद्र य रार्थिक स्म করে যে বঞ্জিত. দৃঢ় কঠোর মৃষ্টিতলে রাখে সে অর্ঞিত নিত্যকালের রতন-কণ্ঠহার; চিরমূল্য দেয় সে তারে দারুণ বেদনার। আর বা-কিছু ভূটেছিল না চাহিতেই পাওয়া— **আন্তব্য তারা খুলিতে নেই,** वाजिमित्नव श्राक्ष्या ভরল ভারাই, দিল ভারা .. भटच हमात्र महित, রইল তারাই একতারাতে ভোমার গানে গানে।

[ শাস্তিনিকেতন ডিনেম্বর, ১৯৩৮]

#### **मक्षा**

দিন সে প্রাচীন অতি প্রবীণ বিষয়ী
তীক্ষান্টি, বন্ধরাজ্যজয়ী,

দিকে দিকে প্রসারিয়া গনিছে সম্বল আপনার।
নবীনা স্থামলা সন্ধ্যা পরেছে জ্যোতির অলংকার
চিরনববধ্,
অন্ধ্রে সলক্ষ মধ্
অনৃশ্র ফ্লের কুঞ্জে রেখেছে নিভ্তে।
অবশুর্চনের অলক্ষিতে
তার দ্র পরিচয়
শেষ নাহি হয়।

দিনশেষে দেখা দেয় সে আমার বিদেশিনী—
তারে চিনি তব্ নাহি চিনি।

#### **अ**श्चर्यनि

যাবার সমর হলে জীবনের সব কথা সেরে
শেষবাক্যে জয়ধনি দিয়ে যাব মোর অদৃষ্টেরে।
বলে যাব, পরমক্ষপের আশীর্বাদ
বারবার আনিয়াছে বিশ্বয়ের অপূর্ব আস্বাদ।
যাহা ক্প্ন, যাহা জয়, যাহা ময় পয়তরতলে
আত্মপ্রবকনাছলে
ভাহারে করি না অস্বীকার।
বলি, বারবার
পতন হরেছে যাত্রাপথে
ভর্ম মনোরখে;
বারে বারে পাপ
ললাটে লেপিয়া গেছে কল্কের ছাপ;

বারবার আত্মপরান্তব কত
দিয়ে গেছে মেরুদণ্ড করি নত ;
কদর্বের আক্রমণ ফিরে ফিরে
দিগন্ত মানিতে দিল ঘিরে।
মান্তবের অসমান ত্র্বিবহ ত্থে
উঠেছে পুঞ্জিত হয়ে চোথের সমূধে,
ছুটি নি করিতে প্রতিকার—
চিরলয় আছে প্রাণে ধিকার তাহার।

অপূর্ণ শক্তির এই বিক্কতির সহস্র লক্ষণ
দেখিয়াছি চারি দিকে সারাক্ষণ,
চিরস্তন মানবের মহিমারে তব্
উপহাস করি নাই কড়।
প্রত্যক্ষ দেখেছি যথা
দৃষ্টির সন্থ্যে মোর হিমান্তিরাক্ষের সমগ্রতা,
গুহাগহ্বরের যত ভাঙাচোরা রেথাগুলো তারে
পারে নি বিদ্রুপ করিবারে—
যত-কিছু থণ্ড নিয়ে অথণ্ডেরে দেখেছি তেমনি,
জীবনের শেষবাক্যে আজি তারে দিব জম্মননি।

খ্যামলী। শাস্তিনিকেতন ২৬ নডেম্বর, ১৯৩৯

# প্রজাপতি

সকালে উঠেই দেখি
প্রজ্ঞাপতি একি
আমার লেখার হরে,
শেলকের 'পরে
মেলেছে নিম্পন্দ হটি ভানা—
রেশমি সরুজ রঙ, তার 'পরে সাদা রেখা টানা

সন্থাবেলা বাতির আলোর অকথাৎ
থেরে ঢুকে সারারাত
়কী ভেবেছে কে জানে তা—
কোনোধানে হেথা
অরপ্যের বর্ণ গদ্ধ নাই,
গৃহসক্ষা ওর কাছে সমস্ত বুথাই।

বিচিত্র বোধের এ ভূবন,
লক্ষকোটি মন
একই বিশ্ব লক্ষকোটি ক'রে জানে
ক্রপে বসে নানা অহ্মানে।
লক্ষকোটি কেন্দ্র তারা জগতের,
সংখ্যাহীন স্বতন্ত্র পথের
জীবনধাত্রার যাত্রী,
দিনরাত্রি
নিজের স্বাতন্ত্রারক্ষা-কাজে
একাস্ত রয়েছে বিশ্ব-মাঝে।

প্রদাপতি বসে আছে যে কাব্যপুঁথির 'পরে

শ্পর্শ তারে করে,

চক্ষে দেখে তারে,

তার বেশি সত্য যাহা তাহা একেবারে

তার কাছে সত্য নয়—

অস্কলারময়।

ও জানে কাহারে বলে মধ্, তব্

মধুর কী সে-রহক্ত জানে না ও কছু।

পুশপাত্রে নিয়মিত আছে ওর ভোজ—

প্রতিধিন করে তার থোঁজ

কেবল লোভের টানে,

কিন্তু নাহি জানে

লোভের অতীত বাহা। হলর বা, অনির্চনীয়, ্ৰাহা প্ৰিয়, সেই বোধ দীমাহীন দূরে আছে . . . তার কাছে।... श्रामि दिशा चाहि । মন যে আপন টানে তাহা হতে সত্য লয় বাছি। াহা নিতে নাহি পারে: , , তাই শৃক্তময় হয়ে নিত্য ব্যাপ্ত তার চারি ধারে। की चारह वा नाहे की थ, সে ওধু তাহার জানা নিয়ে ৷ জানে না যা, যার কাছে স্পষ্ট তাহা, হয়তো-বা কাছে এখনি সে এখানেই আছে আমার চৈতগুলীমা অতিক্রম.করি' বছদূরে রূপের অন্তর্দেশে অপরূপপুরে। সে আলোকে তার ধর যে আলো আমার অগোচর।

খ্যামলী। শাস্তিনিকেতন ১০ মার্চ, ১৯৩৯

# প্রবীণ

বিশক্তগৎ বর্থন করে কাজ
শর্পার করে পরে ছুটির সাজ।
আকাশে তার আলোর বোড়া চলে,
ক্বতিথেরে পৃকিরে রাখে পরিহাদের ছলে।
বনের তলে গাছে পাছে শ্রামল রূপের মেলা,
কুলে করে নানান্ রঙে নিত্য নতুন খেলা।
বাহির হতে কে জানতে পার, শাস্ত আকাশতলে
প্রান বাঁচাবার কঠিন কর্মে নিত্য লড়াই চলে।

চেষ্টা বখন নগ্ন হয়ে শাধার পড়ে ধরা, তখন খেলার রূপ চলে যায়, তখন আলে জরা।

বিলাসী নয় মেঘগুলো তো জলের ভারে ভরা,
চেহারা তার বিলাসিতার রঙের ভূষণ পরা।
বাইরে ওরা বুড়োমিকে দেয় না তো প্রশ্রম
অস্তরে তাই চিরস্তনের বক্সমক্র রয়।
জল-ঝরানো ছেলেখেলা ষেমনি বন্ধ করে
ফ্যাকাশে হয় চেহারা তার, বয়স তাকে ধরে।
দেহের মাঝে হাজার কাজে বহে প্রাণের বায়্
শালের তরীর মতন যেন ছুটিরে চলে আয়,
বুকের মধ্যে জাগায় নাচন, কঠে লাগায় য়য়,
সকল অল অকারণে উৎসাহে ভরপুর।
রক্তে যথন ফুরোবে ওর খেলার নেশা থোঁজা
তথনি কাজ জচল হবে, বয়স হবে বোঝা।

ওগো তৃমি কী করছ ভাই, ত্বন্ধ সারাক্ষণ—
বৃদ্ধি তোমার আড়াই যে, ঝিমিয়ে-পড়া মন।
নবীন বরদ ষেই পেরোল খেলাঘরের হারে
মরচে-পড়া লাগল তালা, বন্ধ একেবারে।
ভালোমন্দ বিচারগুলো খোঁটায় যেন পোতা।
আপন মনের তলায় তৃমি তলিয়ে গেলে কোথা।
চলার পথে আগল দিয়ে বলে আছ দ্বির—
বাইরে এলো, বাইরে এলো, পরমগন্তীর।
কেবলই কি প্রবীণ তৃমি, নবীন নও কি তাও।
দিনে দিনে ছি ছি কেবল বৃড়ো হয়েই য়াও!
আদি বছর বরস হবে ৬ই ষে পিপুলগাছ,
এ আবিনের রোদ্দেরে ওর দেখলে বিপুল্ নাচ?
পাতায় পাতায় আবোল-তাবোল, লাখার দোলাছলি,
পাছ হাওয়ায় সলে ও চায় করতে কোলাক্লি।

ওলো প্রবীণ, চলো এবার সকল কাজের শেষে নবীন হাসি মুধে নিয়ে চরম খেলার বেশে।

# রাত্রি

অভিভূত ধরণীর দীপ-নেভা তোরণহ্যারে আদে রাতি. আধা অন্ধ, আধা বোবা, বিরাট অস্পষ্ট মৃতি, যুগারস্তম্বাটশালে অসমাপ্তি পুনীভূত যেন নিজার মারায়। হয় নি নিশ্চিত ভাগ সত্যের মিধ্যার, ভালোমন্দ-যাচাইয়ের তুলাদণ্ডে বাটখারা ভূলের ওজনে। কামনার যে পাত্রটি দিনে ছিল আলোয় লুকানো শাধার ভাহারে টেনে আনে— ভরে দের স্করা দিরে রজনীগদার গদে, ঝিমিঝিমি ঝিল্লির ঝননে. আধ-দেখা কটাক্ষে ইন্সিতে। ছায়া করে আনাগোনা সংশয়ের মুখোশ-পরানো, মোহ আদে কালো মৃতি লালরঙে একে, তপন্থীরে করে সে বিদ্রূপ। বেড়াজাল হাতে নিয়ে मध्द आंत्रिय यांशाविनी যবে গুপ্ত গুছা হতে গোধৃলির ধৃসর প্রান্তরে मन्त्रा अपन मियरमञ् जायमध्य क्राप्त नित्र योश ।

বিশ্বনাট্যে প্রথম অন্তের ক্রিনিকা অনিশ্চিত প্রকাশের বর্ণনিকা ছিন্ন করে এবেছিল দিন,

় নিৰ্বারিত করেছিল বিশের চেতনা ্ আপনার-নিঃসংশয় পরিচর । আবার সে আক্রাদন মাঝে-মাঝে নেমে আনু ব্রপ্তর সংক্তে। আবিল বৃদ্ধির প্রোতে ক্ষণিকের মতো ্যতে ৬ঠে ফেনার নর্তন। প্রবৃত্তির হালে ব'নে কর্মধার করে উদ্ভান্ত চালনা ভক্রাবিষ্ট চোখে। निटक्टर विकात मिट्य मन व'ला ७८ठे. "নহি নহি আমি নহি অপূর্ণ স্থাটীর সমুদ্রের পদলোকে অন্ধ তলচর অর্থন্দুট শক্তি যার বিহ্বলতা-বিলাদী মাতাল তরলে নিম্ম অমুক্ণ ৷ -षामि क्छा, षामि मुक्क, विरामत षालाक नीकिछ. কঠিন মাটির 'পরে 👵 . এতি পদক্ষেপ বার আপ্নারে জয় করে চলা।"

পুনশ্চ। শান্তিনিকেতন ২৬ জুলাই, ১৯৩৯

#### ८ गय दवना

এল বেলা পাতা ধরাবারে;

শীর্ণ বলিত কায়া, আদ ওধু ভাঙা ছায়া
মেলে দিতে পারে।
একদিন ভাল ছিল ফুলে ফুলে ভরা
নানা-রঙ্করা।
ইুড়ি ধরা ফলে
হার বেন কী কোভুহলে

উকি মেরে আসা

খুঁলে নিডে আপনার বাসা।

ঋতৃতে ঋতৃতে

আকাশের উৎসবদৃতে

এনে দিত পদ্মবপদীতে তার

কথনো পা চিগে চলা হালকা হাওয়ার,
কখনো-বা ফাগুনের অন্বির এলোমেলো চাল

জোগাইত নাচনের তাল।

জীবনৈর রস আজ মজায় বছে. 'বাহিরে প্রকাশ তার নহে। অন্তর্বিধাতার স্টিনিদেশে ষে অতীত পরিচিত সে নৃতন বেশে সাজবদলের কাজে ভিতরে **লু**কালো— वाहित्त्र निविन मीभ, जल्दत त्मथा यात्र जाता। গোধুলির ধুসরতা ক্রমে সন্ধ্যার প্রাঞ্গণে ঘনায় আধার। মাঝে-মাঝে জেগে ওঠে তারা. আজ চিনে নিতে হবে তাদের ইশারা। সমূধে অঞ্চানা পথ ইন্ধিত মেলে দেয় দূরে, সেখা যাত্রার কালে যাত্রীর পাত্রটি পুরে সদয় অতীত কিছু সঞ্চয় দান করে তারে পিপাসার গ্লানি মিটাবারে 🗀 ষত বেডে ওঠে রাতি সত্য যা দেদিনের উচ্ছল হর তার ভাতি। এই কথা ধ্ৰুব জেনে নিভূতে দুকায়ে সারা জীবনের গণ একে একে দিতেছি চুকারে। arm of the same

[ শাস্তিনিকেতন ] ১১ জাহয়ারি, ১৯৪০

### রূপ-বিরূপ

এই মোর জীবনের মহাদেশে কত প্রান্তরের শেষে. কত প্লাবনের স্রোতে এলেম ভ্রমণ করি শিশুকাল হতে-কোৰাও বহস্তবন অরণ্যের ছায়াময় ভাষা. কোথাও পাতৃর ভঙ্ক মক্ষর নৈরাশা, কোপাও-বা যৌবনের কুন্তুমপ্রগণ্ড বনপথ, কোথাও-বা ধ্যানমগ্ন প্রাচীন পর্বত মেঘপুঞ্জে ন্তন্ধ যার হুর্বোধ কী বাণী. কাব্যের ভাগুরে আনি শ্বতিলেখা ছন্দে রাখিয়াছি ঢাকি, आखं पिर्वि, अत्नक ब्राग्नरक वाकि। সুকুমারী লেখনীর লক্ষা ভয় यां शक्त्य, या निष्ट्रंत, छेदक्रें यां, करत्र नि मक्ष्य আপনার চিত্রশালে: তার সংগীতের তালে इत्साख्य इम छाडे, সংকোচে সে কেন বোঝে নাই।

স্টিরক্ভূমিতলে
রপ-বিরপের নৃত্য একসকে নিত্যকাল চলে,
সে বন্ধের করতালমাতে
উদাম চরণপাতে
স্ক্রের ডকী যত অক্টিত শক্তিরপ ধরে,
বাণীর সম্মোহবদ্ধ ছিন্ন করে অবজ্ঞার ভরে।
তাই আল বেদমত্রে হে বজী, তোমার করি তব—
তব মন্তরব

ক্ষক ঐশর্বদান;
বৌলী রাগিণীর দীক্ষা নিয়ে বাক মোর শেবগান
আকাশের রক্ষে রক্ষে
ক্রড় পৌক্ষবের ছন্দে
ভাগুক হংকার,
বাগীবিলাদীর কানে ব্যক্ত হোক ভ্রিনা ভোমার।

উদীচী। শাস্তিনিকেতন ২৮ জামুয়ারি, ১৯৪০

#### শেষ কথা

এ ঘরে ফুরালো খেলা, এन दांत्र क्रिश्वांत्र रवना। বিলয়বিলীন দিনশেষে ফিরিয়া দাঁডাও এনে ষে ছিলে গোপনচর জীবনের অন্তর্গতর। ক্ষণিক মুহুর্ততরে চরম আলোকে দেখে নিই স্বপ্নভাভা চোধে: চিনে নিই, এ লীলার শেষ পরিচয়ে কী তুমি ফেলিয়া গেলে, কী রাখিলে অস্তিম সঞ্জে काष्ट्रित राथीय राथी भूर्व दय नाहे, মনে-মনে ভাবি তাই---বিচ্ছেদের দুরদিগল্ডের ভূমিকায় পরিপূর্ণ দেখা দিবে অন্তরবিরশ্মির রেখায়। बानि ना, दुक्ति किना धनस्यत नौयात्र नौयात्र হতে আর কালিয়ায়

#### त्रवीख-त्रक्रभावणी

কেন এই আসা আৰু বাওয়া,
কেন হারাবার লাগি এতথানি পাওরাবা
ভানি না, এ আজিকার মৃচ্ছে-ফেলা ছবি
আবার নৃতন রঙে আঁকিবে কি তুমি, শিল্পীকবি

উদয়ন। শাস্তিনিকেতন ৪ এপ্রিল, ১৯৪০

# সানাই



# मूदंबंब गान

স্থদ্বের পানে চাওয়া উৎকৃষ্ঠিত আমি

মন সেই আঘাটায় তীর্ঘপথগামী

বেশায় হঠাৎ-নামা প্লাবনের জলে

ভটপাবী কোলাহলে

ওপারের আনে আহ্বাম,

নিহকেশ পশ্বিকের গান।

ফেনোচ্ছল সে-নদীর বন্ধহারা জলে

পণ্যতরী নাহি চলে,

কেবল অলস মেঘ ব্যর্থ ছায়া-ভাসানের খেলা

খেলাইছে এবেলা ওবেলা।

দিগস্তের নীলিমার স্পর্শ দিয়ে ঘেরা
গোধূলিপরের যাত্ত্রী মোর স্বপনেরা।
নীল জালো প্রেরদীর আঁথিপ্রাস্ত হতে
নিয়ে যায় চিন্ত মোর স্কর্ত্রের অবারিত স্রোতে;
চেয়ে চেয়ে দেবি সেই নিকটতমারে
স্কলানার স্কতিস্বর পারে।

মোর জন্ধবালে

নিনীবে সে কে মোরে ভাসালে

দীপ-জালা ভেলাধানি নামহারা অদৃক্তের পানে;

জাজিও চলেছি ভার টানে।

বাসাহারা মোর মন
ভারার আলোভে কোন্ অধ্বাকে করে অবেষণ

শবে প্রেক

্ পুরের ব্দগতে।

প্রবাপ্তরাসী।
কে শুনিতে চাও যোর চিরপ্রবাসের এই বাশি—
অকারণ বেদনার ভৈরবীর স্বরে
চেনার সীমানা হতে দ্রে
যার গান ককচ্যুত তারা
চিররাজি আকাশেতে খুঁ জিছে কিনারা।
এ বাশি দিবে সে-মন্তর শুণে
আজি এ কান্তনে
কুস্থমিত অরণ্যের গভীর রহস্তথানি
তোমার সর্বান্দে মনে দিবে আনি
স্পন্তির প্রথম গৃঢ্বাণী।
যেই বাশী অনাদির স্কৃতিরবান্থিত
তারায় তারায় শৃত্যে হল রোমাঞ্চিত,
রূপেরে আনিল ডাকি
অরপের অসীমেতে জ্যোতিঃসীমা আঁকি।

উদয়ন। শান্তিনিকেতন ২২ ফান্ধন, ১৩৪৬

## কর্ণধার

ওগো আমার প্রাণের কর্ণধার,

দিকে দিকে তেউ জাগালো

সীসার পারাবার।

আলোক-ছায়া চমকিছে

কপেক আগে কলেক পিছে,

অমার আঁধার হাটে ভাসায়

নৌকা পূর্ণিমার।

ভগো কর্পধার

ডাইনে বাঁয়ে হন্দ লাগে

সত্যের মিধ্যার

ওগো আমার দীলার কর্মার,

ত্বীবন-তরী মৃত্যুন্ডাটার

কোবার কর পার।

নীল আকানের মৌনধানি
আনে দ্রের দৈববাণী,
গান করে দিন উদ্দেশহীন
অকুল স্কতার।

তৃমি ওগো লীলার কর্মার

মন্তের বাজাও রহক্তময়

মন্তের বাংকার।

তাকায় যখন নিমেবহার।

দিনশেবের প্রথম তারা

ছায়াঘন ক্ঞবনে

মন্দ মৃত্ গুঞ্জরণে

বাতাসেতে জাল বুনে দেয়

মদির তন্ত্রার।

খরপ্রেলাতে লীলার কর্ণধার

গোধ্লিতে পাল তুলে দাও

ধ্সরচ্ছন্দার।

অতর্বির ছায়ার সাংখ ল্কিয়ে আধার আসন পাতে। বিশ্লিরবে গগন কাঁপে, দিপলনা কী লপ লাপে, হাওরায় লাগে মোহপরশ রজনীগদ্ধার। হারম-মাঝে লীলার কর্ণধার একতারাতে বেহাগ বালাও রাতের শধক্ষর বেন্দেশ
গন্ধীর রব উঠে কেঁপে।
সঙ্গবিদ্ধীন চিরন্তনের
বিরহ্গান বিরাট মনের
শৃক্তে করে নিঃশবদের
বিবাদবিদ্ধার।
তৃমি আমার লীলার কর্ণধার
তারার কেনা কেনিয়ে তোল

বক্ষে যবে বাজে মরণভেরি

ঘুচিরে শ্বনা ঘুচিরে সকল দেরি,
প্রাণের সীমা মৃত্যুসীমার

শুল্ফ হয়ে মিলারে যায়,
উর্ম্বে তখন পাল তুলে দাও

অন্তিম যাত্রার।

ব্যক্ত কর, হে মোর কর্ণধার,
শাধারহীন অচিস্তা সে

অসীম অক্কার।

উদীচী। শান্তিনিকেতন . ২৮ জামুয়ারি, ১৯৪০

## আসা-যাওয়া

ভালোবাসা এনেছিল

এমন সে নিঃশন্দ চরণে
ভারে স্বপ্ন হরেছিল মনে,
দিই নি আসন বসিবার।
বিদায় সে নিল যবে, খুলিভেই দার
শব্দ ভার পেয়ে,
কিরারে ভাকিতে গেছ থেয়ে।

# তথন লে ক্ষ্ম কাৰাহীন, নিশ্বংগ বিনীন, স্বপ্তে ভাৱ দীশনিখা

[ শান্তিনিকেতন ] ২৮ মার্চ, ১৯৪০

> ডমঙ্গতে নটরাত্ব বাজালেন তাওবে যে তাল ছিন্ন করে দিল তার ছন্দ তব ঝংকুত কিছিণী হে নতিনী. বেণীর বন্ধনমুক্ত উৎক্ষিপ্ত তোমার কেশজাল ঝঞ্চার বাতাসে छेक् सम छेकाम छेक्।रम ; বিদীর্ণ বিহাৎঘাতে তোমার বিহ্বল বিভাবরী ए इसवी। শীমন্তের দিঁ থি তব, প্রবালে থচিত কণ্ঠহার-असकारत मध रम को नित्क विकिश अनःकात । আভরণশৃক্ত রূপ বোবা হয়ে আছে করি চুপ, ভীম্প বিক্তা তার উৎস্ক চকুর 'পরে হানিছে আঘাত অবজ্ঞার ৷ निर्देश नृत्कात इत्स मुध्दरख-गांवा भूक्याना विक्रक समिक मरम विकीर्ग कतिएक दक्षमाना । মোহমদে ফেনায়িত কানায় কানায় যে পাত্রধানায মুক্ত হত রনের প্লাবন মন্তভার শেষ পালা আজি লে করিল উন্যাপন। যে অভিসারের লথে চেলাঞ্চলখানি निएक है। नि

কম্পিত প্রদীপশিধা-'পরে
তার চিহ্ন পদপাতে শৃশু করি দিলে চিরতরে;
প্রান্থে তার ব্যর্থ বাশিরবে
প্রতীক্ষিত প্রত্যাশার বেদনা বে উপেক্ষিত হবে।

এ নহে তো উদাসীস্থা, নহে ক্লান্থি, নহে বিশ্বরণ,
কুন্ধ এ বিতৃষ্ণা তব মাধুর্বের প্রচণ্ড মরণ,
তোমার কটান্ধ
নের তারই হিংশ্র সান্ধ্য
ঝলকে ঝলকে
পলকে পলকে,
বিষম নির্মম
মর্মভেনী তরবারি-সম।
তবে তাই হোক,
স্থংকারে নিবায়ে দাও অতীতের অন্ধিম আলোক।
চাহিব না ক্ষমা তব, করিব না ত্র্বল বিনতি,
প্রুম মন্ধর পথে হোক মোর অন্তহীন গতি,
অবক্রা করিয়া শিপাসারে,
দলিয়া চরণতলে কুর বাশ্বারে।

মাঝে মাঝে কটুখাদ ছথে
তীব্ৰ বস দিতে ঢালি বজনীর জনিব্র কৌতুকে
থবে তুমি ছিলে বহঃসধী।
প্রেমেরি সে দানধানি, সে ঘেন কেতকী
বজনরেখা এঁকে গায়ে
বজন্রেখা এঁকে গায়ে
বজন্রেখাত মধ্সদ দিরেছে মিশারে।
আজ তব নিঃশব্দ নীরস হাজবাণ
আমার ব্যখার কেন্দ্র করিছে সন্ধান।
সেই সন্ধ্য তব
কিন্ধুতেই যেনে নাহি লব,

বন্ধ মোর এড়ায়ে সে বাবে শৃত্ততে, বেধানে উদ্ধার আলো জলে ক্ষণিক বর্ধণে অন্তভ দর্শনে।

বেকে ওঠে ভন্না, শহা শিহরায় নিশীধগগনে— হে নির্দ্ধা, কী সংকেত বিচ্ছুরিল খলিত কছণে।

[ শাস্তিনিকেতন ] ২১ জান্ত্রারি, ১৯৪১

## **জ্যো**তিৰ্বাষ্প

হে বন্ধু, সবার চেয়ে চিনি ভোমাকেই

এ কথার পূর্ণ সত্য নেই।

চিনি আমি সংসারের শত সহস্রেরে
কাব্দের বা অকাব্দের খেরে
নির্দিষ্ট সীমায় যারা স্পষ্ট হয়ে জাগে,
প্রত্যহের ব্যবহারে লাগে,
প্রাপ্য যাহা হাতে দেয় তাই,
দান যাহা তাহা নাহি পাই।

**अनस्डित नम्खमहरन** 

গভীর রহস্ত হতে তুমি এলে আমার জীবনে।
উঠিয়াছ জডলের অস্পটভাধানি
আপনার চারি দিকে টানি।
নীহারিকা বহে ববা কেন্দ্রে ডার নক্ষত্রেরে ঘেরি,
ক্যোতির্মর বাস্প-মাঝে সুরবিন্দু ভারাটিরে হেরি।
ডোমা-মাঝে শিল্পী ভার রেখে গেছে তর্জনীর মানা,
ব্য নহে জানা।

সৌন্দর্শের কে-পাহার। তালিরা ররেছে তত্ত্বপুরে সে আমারে নিজ্য রাখে দ্রে।

[ শা**ন্তি**নিকেতন ] ২৮ মাৰ্চ, ১৯৪০

#### জানালায়

বেলা হয়ে গেল, ভোমার জানালা-'পরে

রৌদ্র পড়েছে বেঁকে।

এলোমেলো হাওয়া আম্লকি-ডালে-ডালে

দোলা দেয় থেকে থেকে।

মছর পারে চলেছে মহিবগুলি,
রাঙা পথ হতে রহি রহি ওড়ে গুলি,
নানা পাথিনের মিশ্রিত কাকলিতে,

আকাশ জাবিল রান সোনালির শীতে।
পসারী হোধার হাঁক দিরে যার

সলি বেয়ে কোন্ দ্রে,
ভূলে গেছি বাছা ভারি ধ্বনি বাজে

বক্ষে করুল হারে।

চোধে পড়ে খনে খনে

তব জানালায় কম্পিত ছারা।

খেলিছে রৌল্-সনে।

কেন মনে হয়, বেন দ্র ইতিহাসে
কোনো বিলেশের কবি
বিলেশী ভাষার ছব্দে দিরেছে এঁকে
এ বাজায়নের ছবি।
দরের ভিতরে বে-প্রাণের ধারা চবে
সৈ বেন অতীত কাহিনীয় ককা বলে।
ছারা দিরে ঢাকা স্থক্:বের মাঝে

বারা আনে বাহ ভাবের ছারায়
প্রবাদের ব্যথা কালে,
আমার চকু ভক্সা-অলস
মধ্যদিনের ভাগে।
ঘাদের উপরে একা বদে থাকি,
দেখি চেয়ে দূর খেকে,
শীতের বেলার রৌক্র ভোমার
ভানালায় পড়ে বেঁকে।

[উদীচী ৷ শাস্তিনিকেতন ] ১৫ জানুয়ারি, ১৯৪০

# क्रिक

এ চিক্ন তব লাবণ্য যবে দেখি মনে মনে ভাবি, এ কি क्षितकत्र 'भरत्र अभीत्मत्र वत्रमान, আড়ানে আবার ফিরে নেয় তারে मिन इरम अवमान। একদা শিশিররাতে শতদল তার দল ঝরাইবে হেমতে হিমপাতে. নেই যাত্রায় তোমারো মাধুরী প্রদয়ে লভিবে গতি। थाउँ महरक मशानित्रीत মাপনার এত ক্ষতি কেম্ন করিয়া সয়, প্রকাশে বিনাশে বাঁধিয়া স্থ্র ় কয়ে নাহি মানে কয়। বে দান ভাহার স্বার অধিক দান মাটির পাতে দে পার আপন স্থান নিমেব-কিনারে বিশ্ব তাহারে

বিশ্বরে লর চিনে।

অসীম বাহার মূল্য সে-ছবি
সামান্ত পটে আঁকি

ম্ছে ফেলে দেয় লোলুপেরে দিয়ে ফাঁকি।

দীর্ঘকালের ক্লান্ত আঁখির উপেন্দা হতে তারে

সরায় অন্ধনারে।

দেখিতে দেখিতে দেখে না যখন প্রাণ

বিশ্বতি আসি অবশুঠনে
রাখে তার সমান।

হরণ করিয়া ক্রম ভারে সচকিতে,

লুক্ক হাঁতের অঙ্গুলি তারে

[উদীচী। শান্তিনিকেতন] ১৫ জাতুয়ারি, ১৯৪০

# অনার্যন্তি

পারে না চিহ্ন দিতে।

প্রাপের সাধন কবে নিবেদন
করেছি চরণতলে,
অভিবেক তার হল না তোমার
করুশ নর্মজনে।
রলের বাদল নামিল না কেন
তাপের দিনে।
করে গেল ফুল, মালা পরাই নি

মনে হয়েছিল, বেখেছি কৰণ। আধির পাছত— উত্তে সেল কোবা ওকানো বৃত্তীর সাধে। যদি এ মাটিতে চলিতে চলিতে পজিত ভোষার নান এ মাটি লজিত প্রাণ, একদা গোপনে ফিরে পেতে তারে অমুভ কলে।

[ শান্তিনিকেতন ] ১৩ জানুয়ারি, ১৯৪০

# নতুন রঙ

এ ধৃসর জীবনের গোধৃলি,
কীণ তার উদাসীন স্বৃতি,
মৃছে-আসা সেই মান ছবিতে
বঙ দেয় গুঞ্জনদীতি।

ফাগুনের চম্পক্পরাগে
সেই রঙ জাগে,
ঘুমভাঙা কোকিলের ক্জনে
সেই রঙ লাগে,
সেই রঙ শিয়ালের ছায়াতে
তেলে দের পুর্নিমাতিবি।

এই ছবি ভৈরবী-আলাপে
দোলে মোর কম্পিত বক্ষে,
সেই ছবি সেতারের প্রলাপে
মরীচিকা এনে দেয় চক্ষে,
বুকের লালিম-রঙে রাজানো
সেই ছবি বল্লের অতিবি।

[ শান্তিনিকেতন ] ১৩ জাহরারি, ১৯৪•

## গানের খেরা

বে গান আমি গাই া স্বামি মে সে কার উদেশে। यद कारण यस অকারণে চপল হাওয়া হুর যায় ছেনে কার উদ্দেশে। वे मूर्थ रहरा रमि, कानि न ज्यिरे म कि অতীত কালের মৃষ্ঠি এনেছ নতুন কালের বেশে। কভু জাগে মনে, যে আদে নি এ জীবনে यां है भू कि भू कि গানের খেয়া সে মাগিতেছে বুঝি আমার তীরেতে এসে

5015180

#### ভাষর

অধরা মাধুরী ধরা পঞ্চিয়াছে

এ মোর ছন্দবন্ধনে।
বলাকাপাতির পিছিয়ে-পড়া ও পাধি,
বাসা বৃদ্ধের বনের প্রান্ধণে।
গত কমলের পলাশের রান্ডিমারে

ধরে রাখে ওর পাধা,
ধরা শিরীধের পেলব আভাস
ধর কাকলিতে মাধা।

#### मनारे ः

তনে বাও বিদেশিনী, পার্টির বিদ্যালয় ওরে তার জাবন জাবার ওরে তার বিদ্যালয় ধ'রে।

ও জানে তোমারি দেশের আকাশ
তোমারি রাতের তারা,
তব বোর্ন-উৎসবে ও যে
গানে গানে দের সাড়া,
ওর ছটি পাখা চঞ্চলি উঠে তব হৃৎকশনে।
ওর বাসাধানি তব কুরের
নিভূত প্রাদ্ধা।

[ শাস্তিনিকেতন ] ১৩ জাহয়ারি, ১৯৪০

# ব্যথিতা

জাগায়ো না, ওরে জাগায়ো না।

ও আজি মেনেছে হার
কুর বিধাছার কাছে।
সব চাওয়া ও যেঁ দিতে চায় নিংশেষে
অভলে অলাজনি।
তঃসহ ত্রালার
ভক্তার যাক দ্বে
ফুপন প্রাপের ইতর বঞ্চনা
আহক নিবিড় নিত্রা,
ভামনী মনির ভূলিকায়
অভীত দিনের বিজ্ঞাবন্দি
বেখার রেখার মুছে মুছে দিক্

স্থাতির পত্র হতে, বেমে যাক ওর বেদনার ওঞ্জন স্থার পাধির গুরু নীড়ের মতো।

[ শান্তিনিকেতন ] ১৩ জাহ্মারি, ১৯৪০

## বিদায়

বসস্ত সে বার তো হেসে, যাবার কালে
শেষ কৃষ্ণের পরশ রাখে বনের ভালে।
তেমনি তুমি বাবে জানি,
ঝলক দেবে হাসিধানি,
অলক হতে থসবে অশোক নাচের তালে।
ভাসান-খেলার তরীধানি চলবে বেয়ে,
একলা ঘাটে রইব চেয়ে।
অন্তরবি তোমার পালে
রিন্ধির রশ্ধি বধন ঢালে
কালিমা রয় আমার রাতের

[ ১৩৪৬ ]

#### যাবার আগে

উদাস হাওয়ার পথে পথে

মৃক্লগুলি করে,

কৃড়িয়ে নিরে এনেছি ভাই

গহো কল্প করে।

যখন যাব চলে

ফুটুরে ভোমার কোলে,

মালা গাঁধার মাঙ্ক মেন

#### े तानारे

ও হাতধানি হাতে নিয়ে
বসব ভোমার পালে
ফুল-বিছানো ঘানে,
কানাকানির সাকী রইবে তারা।
বউক্থাকও ডাকবে তন্তাহারা।

স্থৃতির ভালায় রইবে আভাসগুলি কালকে দিনের তরে। শিরীয-পাতায় কাঁপবে আলো নীরব দ্বিপ্রহরে।

[ 5080 ]

# সানাই

সারারাত ধ'রে
গোছা গোছা কলাপাতা আনে গাড়ি ড'রে।
আনে সরা খ্রি
ভূরি ভূরি।
এপাড়া ওপাড়া হতে বত
রবাহুত অনাহুত আনে শত শত;
প্রবেশ পাবার তরে
ভোজনের হরে
উর্বাহার ঠেলাঠেলি করে;
ব'লে পড়ে যে পারে যেখানে,
নিবেধ না মানে।
কে কাছারে হাঁক ছাড়ে হৈ হৈ,
এ কই, ও কই।
রিউন উন্ধীবধর
লালরপ্তা সাজে শক্ত অন্তর

অনর্থক ব্যক্তভার কেরে গবে

আপনার সারিবলগীরবে।

গোরুর গাড়ির নারি হাটের রাভার,
বালি রালি ধুলো উড়ে বাম,
রাঙা রাগে

রোত্তে গেরুরা রঙ লাগে।

ওদিকে থানের কল দিগকে কালিমাধ্ম হাত
উর্ব্বে তুলি, কলম্বিত করিছে প্রভাত।
ধান-পচানির গকে

বাতাসের রক্ষে রক্তে

মিশাইছে বিষ।

থেকে থেকে রেলগাড়ি মাঠের ওপারে দেয় শিস
তুই প্রহরের ঘন্টা বাজে।

সমন্ত এ ছন্দভাঙা অসংগতি-মাঝে

সানাই লাগায় তার সারঙের তান।

কী নিবিড ঐক্যমন্ত করিছে সে দান

কোন্ উদ্প্রান্তের কাছে,

ব্ঝিবার সমন্ত কি আছে।

অরপের মর্ম হতে সম্জ্রাসি

উৎসবের মধ্চ্ছন্দ বিভারিছে বালি।

সন্ত্যাতারা-জালা অন্ধকারে

অনস্তের বিরাট পরল বধা অন্তর-মাঝারে,

তেমনি অনুর বচ্ছ হব

গভীর মধ্র

অমর্ত লোকের কোন্ বাক্যের অভীত সত্যবাণী

অভ্যমনা ধরণীর কানে দেব আনি।

নামিতে নামিতে এই জানদের ধারা

বেদনার মূর্ছনায় হয় সাক্ষ্যারা।

বসজের দেনীর্যনিশাস
বিকচ বক্লে আনে বিদানের বিমর্থ আভাস,
সংশয়ের আবেগ কাঁপার
সভঃপাতী শিশিল টাশার
তারি স্পর্ণ লেগে
সাহানার রাগিনীতে বৈরাগিনী গুঠে যেন জেগে,
চলে যার পথহারা অর্থহারা দিগভের পানে।

কতবার মনে ভাবি, কী বে লে কে ভানে। मत्न इस, वित्यन त्य मृत छे९न इटङ স্ষ্টির নির্মার করে শৃক্তে শৃক্তে কোটি কোটি স্রোতে এ রাগিণী সেধা হতে আপন ছন্দের পিছু পিছু নিয়ে আসে বম্বর অতীত কিছু হেন ইন্দ্ৰজাল যার শ্বর ধার ভাল क्रांभ करन भून इरव छेर्छ कारलय अञ्चलिश्रुटि । প্রথম যুগের সেই ধানি निवाय निवाय উट्ठ बनवनि : মনে ভাবি, এই স্থর প্রত্যাহের স্বরোধ-'পরে যতবার গভীর আঘাত করে ততবার ধীরে ধীরে কিছু কিছু খুলে দিয়ে যায় ভাবী যুগ-আরভের অজানা পর্যায়। নিকটের হুঃখবদ্ধ নিকটের অপূর্ণতা তাই নব ভূলে বাই,

মন যেন ক্ষিরে

পেই অলক্ষ্যের তীরে তীরে বেথাকার রাজিদিন দিনহারা রাতে পদ্মের কোরক-দম প্রচ্ছের রয়েছে আপনাতে।

# পূৰ্ণা

তুমি সো গঞ্চদশী
শুক্লা নিশার অভিনারগথে
চরম তিবির শশী।
শিত বপ্নের আভান লেগেচে
বিহল তব রাতে।
কচিং চকিত বিহলকাকলি
তব বোবনে উঠিছে আক্লি
নব আয়াঢ়ের কেতকীগন্ধশিধিলিত নিপ্রাতে।

বেন অপ্রত বনমর্মর
তোমার বক্ষে কাঁণে ধরণর।
অগোচর চেতনার
অকারণ বেদনার
ছার। এনে পড়ে মনের দিগস্কে,
গোপন অশাস্থি
: উছলিয়া তুলে ছলছল জল
কক্ষ্যল-জাঁথিপাতে।

[ শান্তিনিকেতন ] ১০1318• :

#### কুপণা

এসেছিত্ব বাবে ঘনবর্ষণ রাতে,
প্রদীপ নিবালে কেন অঞ্চলবাতে।
কালো ছারাধানি মনে পড়ে গেল ঝাঁকা,
বিদ্ধ মুখের ছবি অন্তরে ঢাকা,
কলম্বরেধা মেন
চিরদিন চাঁদ বহি চলে সাধে সাধে

কেন বাধা হল দিতে মাধুরীর কণা হার হার, হে ফুপণা। তব বৌবন-মাঝে লাবণ্য বিরাজে, লিগিধানি তার নিধে এনে তব্ কেন যে দিলে না হাতে।

[জামুরারি, ১৯৪০]

# ছায়াছবি

আমার প্রিরার সচল ছারাছবি
সম্বল নীলাকাশে।
আমার প্রিরা মেঘের ফাঁকে ফাঁকে
সন্ধ্যাতারার পুকিয়ে দেখে কাকে,
সন্ধ্যাদীপের পুগু আলো শ্বরণে তার ভাদে।
বারিঝরা বনের গন্ধ নিরা
পরশহারা বরণমালা গাঁবে আমার প্রিরা।
আমার প্রিরা ঘন প্রাবশধারার
আকাশ ছেরে মনের কথা হারার,
আমার প্রিরার আঁচল দোলে
নিবিড় বনের শ্যামল উচ্ছাদে।

[ 3084 ]

# স্মৃতির ভূমিকা

আজি এই মেবম্ক দকালের দ্বিম্ব নিরালার অচেনা পাছের বত ছিন্ন ছিন্ন ছারার ডালার রৌদ্রপুঞ্চ আছে ভরি। সারাবেলা ধরি কোন্ পাধি আপনারি হ্বরে কৃতৃহলী আলক্ষের পেয়ালার চেলে দের অস্ট্র কাকলি। হঠাই কী হল মন্তি,
বোনালি বঙ্কের প্রজাপতি
আমার কপালি চুলে
বিসীয়া রয়েছে পব ভূলে।
সাবধানে থাকি, লামে ভর;
পাছে ওর জাগাই সংশয়—
ধরা প'ড়ে যার পাছে, আমি নই গাছের দলের,
আমার বানী সে নহে ছুলের কলের।
চেয়ে দেখি, ঘন হয়ে কোথা নেমে গেছে ঝোপঝাড়;
সম্মুখে পাহাড়

আপনার অচলতা ভূলে থাকে বেলা-অবেলায়, হামাগুড়ি দিয়ে চলে দলে দলে মেঘের খেলায়। হোৰা শুক্ত জলধারা

শন্ধীন রচিছে ইশার।
পরিপ্রান্ত নিজিত বর্ষার। ফ্ডিগুলি
বনের ছায়ার মধ্যে অন্থিসার প্রেতের অন্ধূলি
নির্দেশ করিছে তারে যাহা নির্ধ্বক,
নির্বারিণী-সর্পিণীর দেহচ্যুত ত্বক্।
থ্যনি এ আমার দেখাতে
মিলায়েছে শৈলপ্রেণী তরন্ধিত নীলিম রেখাতে
আপন অনুত লিপি। বাড়ির সি'ড়ির 'পরে

বিদেশী ফুলের উব, লেখা ক্রেরেনিয়মের গন্ধ
বিসরা নিয়েছে মোর ছন্দ
এ চারিদিকের এই-দক নিয়ে স'থে
বর্ষে গন্ধে বিচিত্রিত একটি দিনের ভূমিকাতে
এটুকু রচনা মোর বাণীর যাত্রায় হোক পার
বে ক'দিন ভার ভাগ্যে সমরের আছে অধিকার।

মংপু

## याननी

মনে নেই, বৃঝি হবে অগ্রহান মাস,
তথন তর্মীবাস
ছিল মোর পদ্মাবক্ষ-'পরে।
বামে বাস্চরে
সর্বস্থ গুল্লতার না পাই অবধি।
ধারে ধারে নদী
কলরবধারা দিয়ে নিঃশব্দেরে করিছে মিনতি।
ওপারেতে আকাশের প্রশান্ত প্রশতি
নেমেছে মন্দিরচ্ডা-'পরে।
হেখা-হোখা পলিমাটিভরে
পাড়ির নীচের তলে
ছোলা-থেত ভরেছে ফসলে।
অরণ্যে নিবিড় গ্রাম নীলিমার নিয়ান্তের পটে;
বাধা মোর নৌকাখানি জনশৃত্য বালুকার তটে

পূর্ণ যৌবনের বেগে

নিরুদেশ বেদনার জোয়ার উঠেছে মনে জেগে

মানসীর মায়ামৃতি বহি।

ছলের বুমানি গেঁবে জদেখার সাথে কথা কহি।

মানরৌত্র অপরায়বেলা
পাত্র জীবন মোর হেরিলাম প্রকাণ্ড একেলা
অনারক সম্ভানের বিশ্বক্তা-মুম্
স্বল্ব হুর্গম
কোন পরে ধার শোনা
অগোচর চরপের করে আনাগোনা।
প্রলাপ বিভারে দিশ্ব আগন্তক স্বচনার গাসি,
আহ্বান পাঠার পুরে ভারি প্রপর্ণন মাসি

শীতের রূপণ বেলা যায় ।
কীণ কুয়ানায়

ক্ষেপ্ট হরেছে বালি।

সায়াছের মলিন সোনালি

পলে পলে
বদল করিছে রঙ মহণ তরকহীন কলে।

বাহিরেতে বাণী মোর হল শেষ,
অন্তরের ভারে তারে বংকারে রহিল তার রেশ।
অফলিত প্রতীক্ষার দেই গাণা আজি
কবিরে পশ্চাতে কেলি শৃত্তপথে চলিরাছে বাজি।
কোথার রহিল তার সাথে
বক্ষস্পান্দে-কম্পমান সেই ভব্ধ রাতে
সেই সন্থ্যাতারা।
ক্ষমসাধিহারা
কাব্যথানি পাড়ি দিল চিহ্নহীন কালের সাগরে
কিছুদিন তরে;
তমু একধানি
স্থেছির বাণী
সেদিনের দিনান্তের মরান্তি হতে
ভেসে যার স্লোতে।

[মংপু ] ১ জুন, ১৯৩১

### দেওয়া-নেওয়া

বাদল দিনের প্রথম কদমকুল
আমার করেছ দান,
আমি তো দিরেছি ভরা প্রাবশের
মেঘমরার সান।

#### मामारे

সজল ছারার অস্ক্রণারে ঢাকিরা ভারে এনেছি ক্রের স্থামল খেতের প্রথম সোনার ধান।

আৰু এনে দিলে বাহা হয়তো দিবে না কাল, রিক্ত হরে য়ে তোমার সুলের ভাল।

> স্বতিবস্থার উছল প্লাবনে আমার এ গান প্রাবণে প্রাবণে কিরিয়া কিরিয়া বাহিবে তরণী ভরি তব সম্মান।

[শান্তিনিকেতন] ১০)১/৪০

### সার্থকতা

` ফান্তনের স্থাববে

দিল কর প্রসাবিয়া সঙ্গীহীন দক্ষিণ অর্গবে,
অতল বিরহ তার যুগধুগান্তের
উচ্চসিয়া ছুটে গেল নিত্য-অশান্তের
সীমানার ধারে;
ব্যথার ব্যথিত কারে
ফিরিল খুঁ জিয়া,
বেড়ালো যুঝিয়া
আশন তর্তমূল-সাথে।
অবশেবে রজনীপ্রভাতে,
ভানে না লে কখন দুলারে গেল চলি
বিপুল নিখাসবেগে একটুকু মন্তিকার কলি।

উবারিল গন্ধ তার,
সচকিরা নভিল নে গভীর রহন্ত আপনার।
এই বার্তা ঘোবিল অবরে—
সমুদ্রের উধোধন পূর্ণ আজি পুলেগর অন্তরে।

[ শান্তিনিকেতন ] ৭ আখিন, ১৩৪৫

#### মায়া

আছ এ মনের কোন্ সীমানার यूगास्टरात्र विद्या। দূরে-উড়ে-বাওয়া মেঘের ছিন্ত দিয়া কথনো আসিছে রোজ কথনো ছায়া, षायात कीवत्न जुमि षाक सर् यात्रा ; সহজে তোমায় তাই তো মিলাই স্থরে, महत्यारे जाकि महत्यारे ताथि मृत्त । স্থান্ত্রিণী তুমি আকুলিয়া আছ পণ-খোওয়া মোর প্রাদের স্বর্গভূমি। নাই কোনো ভার, নাই বেদনার তাপ, ধূলির ধরার পড়ে না পারের ছাপ। তাই তো আমার ছ<del>ন</del>ে সহসা তোমার চুলের ফুলের গঙ্কে জাগে নির্কন রাতের দীর্ঘখাস. ব্দার্গে প্রভাতের পেলব তারায় বিদায়ের স্মিত হাস। ্ডাই পৰে বেভে কাশের বনেভে শর্মর দের আনি শাশ-দিয়ে-চলা ধানী-রঙ্করা শাড়ির শ্রমধানি ।

যদি জীবনের বর্ডমানের তীরে

আস কভূ ভূমি দিরে

ভাই আলোর, তবে

জানি না তোমার মারার সজে

কারার কি মিল হবে।

বিরহ্বর্গলোকে

সে-জাগরণের রচ আলোয়

চিনিব কি চোখে-চোখে।

সন্ধ্যাবেলার বে-যারে দিরেছ

বিরহ্বরশ নাড়া

মিলনের যায়ে সে-বার খ্লিলে

কাহারো কি পাবে সাড়া।

কা**লিপ্**ঙ ২২ **জু**ন, ১৯৩৮

#### **ज्या**पर

তোমায় বধন সাজিয়ে দিলেম দেহ,
করেছ সন্দেহ
সত্য আমার দিই নি তাহার সাথে।
তাই কেবলি বাজে আমার দিনে রাতে
সেই স্থতীর ব্যথা—
এমন দৈন্ত, এমন ক্সপণতা,
বৌবন-ঐশর্মে আমার এমন অসমান।
সে লাইনা নিয়ে আমি পাই নে কোথাও ছান
এই বসজে কুলের নিমন্ত্রণ।
ধ্রেরান-মর্ম কথে
কৃত্যহারা শান্ত নদী স্থও ভটের অরণ্যক্রায়ায়
অবসম পন্তীত্রতনায়

মেশায় বৰ্থন ৰপ্তে-বলা মৃত্ ভাবরি ধারা-প্রথম বাতের তারা অবাক চেয়ে থাকে, অন্ধকারের পারে বেন কানাকানির মান্ত্র পেল কাকে, হৃদয় তখন বিশ্বলোকের অনম্ভ নিভূতে দোসর নিয়ে চায় যে প্রবেশিতে-क् एम प्रशांत्र क्राप. একলা ঘরের শুদ্ধ কোণে থাকি নরন মূদে। কী সংশয়ে কেন তুমি এলে কাঙাল বেশে। সমন্ব হলে বাজার মতো এলে জানিয়ে কেন দাও নি আমায় প্রবল তোমার দাবি। ভেঙে যদি ফেলতে ঘরের চাবি ধুলার 'পরে মাধা আমার দিতেম লুটায়ে, গৰ্ব আমার অর্ঘ্য হত পায়ে। দ্বংবের সংঘাতে আব্দি স্থার পাত্র উঠেছে এই ভ'রে, তোমার পানে উদ্দেশেতে উর্ম্বে আছি ধ'রে চরম আত্মদান। তোমার অভিমান আধার ক'রে আছে আমার সমন্ত জগৎ, পাই নে খুঁজে দার্থকতার পথ।

কা**লিপা**ঙ ১৮ জুন, ১৯৩৮

#### রূপকথায়

কোৰাও আমার হারিরে বাবার নেই মানা মনে মনে। মেলে দিলেম গানের হরের এই ভানা মনে মনে। তেপাশ্বরে পাবার সেরোই ক্রপক্ষার, পথ ভূলে যাই দূর পারে বেই চুপক্ষার, পাক্লবনের চম্পারে মোর হয় জানা মনে মনে।

স্থ যখন অন্তে পড়ে চুলি

মেঘে মেঘে আক্রাশক্ষম তুলি।

সাত সাগরের ফেনার ফেনার মিশে

যাই ভেসে দ্র দিশে,

পরীর দেশের বন্ধ ত্যার দিই হানা

মনে মনে।

[শাস্তিনিকেতন] ১০|১|৪০

### আহ্বান

জেলে দিয়ে যাও সন্ধ্যাপ্রদীপ বিন্ধন ঘরের কোলে। নামিল প্রাবণ, কালো ছারা তার ঘনাইল বনে বনে।

বিশ্বয় আনো ব্যগ্র হিয়ার পরশ-প্রতীক্ষার সম্প্রক প্রনে নীল বসনের চঞ্চল কিনারার, হয়ার-বাহির হতে আজি ক্ষণে ক্ষণে তব কবরীর করবীমালার বারতা আহ্বক মনে।

> বাতায়ন হতে উৎস্ক ছই আধি তব মনীর-ধানি শধ বেয়ে , ভোমারে কি বায় ডাকি।

কম্পিত এই যোৱ বন্দের ব্যবা অনুক্রে তোমার আনে কি চক্ষ্রতা বুকুল্বনের মুধ্রিত সমীরণে।

[ শান্তিনিকেতন ] ১০৷১৷৪০

## অধীরা

চির-অধীরার বিরহ-আবেগ

দ্রদিগন্তপথে

ঝথার ধ্বনা উড়ারে ছুটিল

মন্ত মেখের রথে।

বার ডাঙিবার অভিযান তার,

বারবার কর হানে,

বারবার হাঁকে 'চাই আমি চাই',

ছোটে অলক্য-গানে।

হহ হংকার ঝবার বর্ণণ,
সঘন শৃস্তে বিহ্যুৎঘাতে
তীব্র কী হর্ণ।
ত্র্দাম প্রেম কি এ—
প্রস্তর ভেডে খোঁলে উত্তর
গলিত ভাষা দিয়ে।
মানে না শাহ্র, জানে না শহা,
নাই হুর্বল মোহ—
প্রভূশাপ-'পরে হানে অভিশাপ
তুর্বার বিদ্রোহ।

क्क्न देश्वर्ष शत्म ना निवन, शह्म ना भरतक स्थीन. তাপনের তপ করে না মান্ত,
তাঙে দে ম্নির মৌন।
মত্যুক্ত ক্রে টিক্রেরি তার হাত্তে,
মনীরে বাজে যে-হন্দ তার লাভে
নহে মন্দাকান্ত।—
প্রদীপ ল্কামে শহিত পারে
চলে না কোমলকান্তা।

নিষ্ঠুর তার চরণতাড়নে বিশ্ব পড়িছে খনে, বিধাতারে হানে ভং দনাবাণী বক্ষের নির্ঘোবে। নিলাক ক্ষার অগ্নি বরবে নিঃসংকোচ আঁথি, ঝড়ের বাতানে অবগুঠন উজ্জীন ধাকি ধাকি।

মৃক্ত বেণীতে, প্রশ্ন আঁচলে,
উচ্চ্ খল সাব্দে
দেখা বার ওর মাঝে
আনাদি কালের বেদনায় উদ্বোধনস্প্রিষ্পের প্রথম রাতের রোদন—
দে-নবস্প্রি অসীম কালের
সিংস্ক্রোরে থামি
হৈকেছিল ভার প্রথম মন্ত্রে
'এই আসিয়াছি আমি'।

মংপু ৮ জুন, ১৯৩৮

#### বাসাবদল

যেতেই ইবে। দিনটা যেন খোঁড়া পায়ের মতো ব্যাণ্ডেক্সেডে বাঁধা। वक्रे ठला, वक्रे (थरा-थाका, টেবিলটাতে হেলান দিয়ে বসা সি<sup>\*</sup>ডির দিকে চেয়ে। আকাশেতে পায়রাগুলো ওড়ে খুরে খুরে চক্র বেঁধে। क्रिय पिथे पियाल मिरे लिथनथानि সেল বছরের, লালরভা পেন্সিলে লেখা---'अरमिक्त्र ; भारे नि एक्षा ; यारे जा राम। দোসরা ডিসেম্বর।' এ বেখাটি ধুলো ঝেড়ে রেখেছিলেম ভাজা, यातात्र नमम् भूटक् निरम् यात । পুরোনো এক ব্লটিং কাগজ চায়ের ডোবে অলস কণের হিজিবিজি-কাটা, 🦈 ভাল ক'রে তাই নিলেম লামার নীচে প্যাক করতে গা লাগে না. মেন্দের 'পরে বলে আছি পা ছড়িয়ে। হাতপাখাটা ক্লান্ত হাতে वक्रमान लोगारे शीरत शीरत। ডেকে ছিল মেডেন্-হেয়ার পাতায় বাঁধা ওকনো গোলাপ, কোলে নিয়ে ভাবছি বদে-কী ভাবছি কে মানে।

অবিনাশের ফরিদপুরে বাড়ি, আহ্বুল্য তার বিশেষ কাজে লাগে আমার এই দশতেই। কোৰা থেকে আপনি এসে ভোটে চাইতে না চাইতেই, কাজ পেলে সে ভাগ্য ব'লেই মানে---থাটে মুটের মতো। জিনিস্পত্ৰ বাঁধাটামা. मागम क'रय व्यक्ति किर्म ওডিকলোন মৃড়ে নিল পুরোনো এক আনন্দবাদারে। मयुना स्मानाम अफिरम निन अस्मानिया। ডেসিং কেসে রাখল খোপে খোপে হাত-আয়না, ক্ৰেণায় বাঁধা বুকুশ, নধ চাঁচবার উধো. সাবানদানি, ক্রিমের কৌটো ম্যাকাসারের তেল। ছেড়ে-ফেলা শাড়িওলো नानां पिटनद निमञ्जरणंद क्टिक गन्न इजिट्य निन चरत । দেওলো সব বিভিয়ে দিয়ে চেপে চেপে পাট করতে অবিনাশের যে-সময়টা গেল নেহাত সেটা বেশি। বারে বারে ঘুরিয়ে আমার চটিজোড়া काँ। पिरव यरक मिन मूरह, क् मिर्य रम উড़िया निम धूरमाठे। काज्ञनिक মৃথের কাছে ধ'রে। দেয়াল থেকে খসিয়ে নিল ছবিগুলো, একটা বিশেষ ফোটো মৃত্ব আপন আজিনেতে অকারণে। একটা চিঠির খাম

হঠাৎ দেখি দূকিয়ে নিদ বুকের পকেটেভে। দেখে যেমন হাসি পেল, পড়ল দীর্ঘখাস। কার্শে টটা গুটিয়ে দিল দেয়াল ঘেঁবে— জন্মদিনের পাওয়া, হল বছর-সাতেক।

অবসাদের ভারে অঙ্গস মন,

চুল বাঁধতে গা লাগে নাই সারা সকালবেলা,
আলগা আঁচল অন্তমনে বাঁধি নি ব্রোচ দিয়ে।

কৃটিকৃটি ছি ভ্তেছিলেম একে-একে

পুরোনো সব চিঠি—

ছড়িয়ে রইল মেঝের 'পরে, ঝাঁট দেবে না কেউ
বোশেবমাসের শুকনো হাওরা ছাড়া।

ভাক আনল পাড়ার পিয়ন বুড়ো,
দিলেম সেটা কাঁপা হাতে রিভাইরেক্টেড ক'রে।

রান্তা দিয়ে চলে গেল তপসি-মাছের হাঁক,

চমকে উঠে হঠাৎ পড়ল মনে—

নাই কোনো দরকার।
মোটর-গাড়ির চেনা শব্দ কখন দ্রে মিলিয়ে গেছে

সাড়ে-দশটা বেলায়

পেরিয়ে গিয়ে হাজরা রোডের মোড়।

উল্লাড় হল যর,
দেরালগুলো অবুর-পার। তাকিরে থাকে ক্যাকাশে দৃষ্টিতে বেখানে কেউ নেই।
দি°ড়ি বেয়ে পৌছে দিল অবিনাশ
ট্যাল্লিগাড়ি-'পরে।
এই দরোজায় লেব বিদায়ের বাদ্যী
শোনা গেল ঐ ভাক্তের মুখে---- বললে, 'আমায়া চিষ্টি লিখো।' রাগ হল তাই ওনে কেন জানি বিনা কারণেই।

[ শান্তিনিকেতন অগস্ট, ১৯৩৮ ]

### শেষ কথা

রাগ কর নাই কর, শেষ কথা এসেচি বলিতে তোমার প্রদীপ আছে, নাইকো সঙ্গিতে। শিল্প তার মূল্যবান, দের না সে আলো, চোখেতে অভায় লোভ, মনেতে ঘনায় ছায়া কালো व्यवमारा । उर् जादा श्रांगमा दावि यजनहे, ছেড়ে যাব তার পথ নেই। व्यक्त विश्व विश्व किया विश्व আচ্চন্ন করিয়া বাস্তবেরে। অম্পষ্ট ভোমারে যবে ব্যগ্রকণ্ঠে ডাক দিই অত্যক্তির স্ববে তোমারে সঙ্ঘন করি সে-ডাক বান্ধিতে থাকে হরে তাহারি উদ্দেশে আন্ধো যে রয়েছে দূরে। হয়তো দে আসিবে না কছু, তিমিরে আচ্ছন্ন তুমি তারেই নির্দেশ কর তবু। তোমার এ ৰূত অন্ধকার গোপনে আয়ার ইচ্ছারে করিয়া পদু গতি ভার করেছে হরণ, भौतरनत्र डे॰ मक्टल भिनारहरू भाषक भद्रन । রক্তে যোর বে-হুর্বল আছে শবিত ককের কাচে তারেই দে করেছে গ্রার. শতবাহনের মতো মোহভার ভাছারে বহায়।

সে বে একাছই নীন,
ম্ল্যহীন,
নিগড়ে বাধিয়া তারে
আপনারে
বিভ্ছিত করিতেছ পূর্ণ দান হতে.
এ প্রমাদ কথনো কি দেখিবে আলোতে।
প্রেম নাহি দিয়ে বারে টানিয়াছ উচ্চিটের লোডে
সে-দীন কি পার্বে তব শোডে।
কভু কি জানিতে পাবে অসমানে নত এই প্রাণ
বহন করিছে নিত্য তোমারি আপন অসমান।
আমারে যা পারিলে না দিতে
সে-কার্পায় তোমারেই চিরদিন রহিল বঞ্চিতে।

ভামলী। শান্তিনিকেতন ২২ মার্চ, ১৯৩৯

# गुंख्न भर्ष

বাকাও ভূক বাবে আগল দিয়া,
চক্ষ্ করো রাড়া,
ঐ আসে মোর জাত-থোয়ানো প্রিয়া
ভক্র-নিয়ম-ভাঙা।
আসন পাবার কাঙাল ও নয় তো
আচার-মানা বরে—
আমি ওকে বসাব হয়তো
মরলা কাঁথার 'পরে।
সারধানে রয় বাজার-মরের থোঁজে
সাধু গাঁরের লোক,
ধুলার বরন ধ্সর বেশে ও বে
এড়ার ডাবের চোর।

#### বেশের আদর করতে গিয়ে ওরা রূপের আদর ভোলে—

আমার পাশে ও মোর মনোচোরা, धक्ना धर्म हरन। হঠাৎ কথন এসেছ ঘর ফেলে তুমি পথিক-বধু, মাটির ভাঁড়ে কোথার থেকে পেলে পন্মবলের মধু। ভালোবাসি ভাবের সহজ খেলা এমেছ তাই ওনে— মাটির পাত্রে নাইকো আমার হেলা হাতের পরশগুণে। পায়ে নৃপুর নাই রহিল বাঁধা, नाटाटक काम नाहे. যে-চলনটি রক্তে তোমার সাধা মন ভোলাবে তাই। লজা পেতে লাগে তোমার লাজ ভূষণ নেইকো ব'লে, নষ্ট হবে নেই তো এমন সাজ ধুলোর 'পরে চ'লে। গাঁষের কুকুর ফেরে ভোমার পাশে. वार्थानवा रय चएए।, বেদের মেন্বের মতন অনারাসে টাটু ঘোড়ার চড়ো। ভিত্তে শাড়ি হাঁটুর 'পরে তুলে भाव रहा यां वनी, বামুনপাড়ার রাজা বে বাই ভুলে তোমার দেখি বদি।

হাটের দিনে শাক্ত তুলে নাও ক্ষেতে চুগড়ি নিবে কাঁখে, মটর কলাই ধাওয়াও আঁচল পেতে পথের গাধাটাকে। मान' नाटका वालन मिटनव माना. কাদার-মাধা পায়ে মাধার তুলে কচুর পাতাধানা यां इत्य मृत गाँदा। পাই তোমারে ষেমন খুশি তাই विशाय थूनि त्रशी। चारमञ्चलक वानार किছू नारे জানবে বলো কে তা। সতৰ্কতার দায় ঘূচায়ে দিয়ে পাডার অনাদরে এসো ও মোর স্বাত-খোয়ানো প্রিয়ে. मुक्त भरभव 'भरत ।

[ শ্রীনিকেতন ] ৬ নভেম্বর, ১৯৩৬

# দ্বিধা

এদেছিলে তবু আস নাই, তাই
জানায়ে গেলে
সমুখের পথে পলাতকা পদ-পতন ফেলে।
ডোমার সে উরাসীনতা
উপহাসভরে জানালো কি মোর দীনতা।
সে কি ছল-করা অবহেলা, জানি না সে—
চপল চরণ সত্যাকি বাদে মাদে

পাতার পাতার ফোটা করে জন, ছলচন করে ভাম বনাস্ততন।

ত্মি কোৰা দ্বে ক্ষহারাতে

মিলে গেলে কলম্থর মারাতে,
পিছে পিছে তব ছারারোত্তর

বেলা গেলে ত্মি থেলে।

[ बार्यादि, ১৯৪० ]

### আধোজাগা

রাত্তে কথন মনে হল বেন
ঘা দিলে আমার বারে,
জানি নাই আমি জানি নাই, তুমি
স্থপ্নের প্রপারে।
অচেতন মন-মাঝে
নিবিড় গহনে ঝিমিঝিমি ধ্বনি বাজে,
কাঁপিছে তথন বেগুবনবায়ু
ঝিল্লির ঝংকারে।

জাগি নাই আমি জাগি নাই গো, আধোজাগরণ বহিছে তথন মুত্মছরধারে।

গভীর মক্রমরে
কে করেছে পাঠ পথের মন্ত্র
মোর নির্দ্ধন ঘরে।
জাপি নাই আমি জাপি নাই ববে
বনের পশ্ব বহিল হন্দ্র

#### যক

যক্ষের বিরহ চলে অবিশ্রাম অলকার পথে
প্রবনের ধৈর্বহীন রথে
বর্ষাবান্ধ-ব্যাক্লিড দিগন্থে ইলিড-আমন্ত্রণ
গিরি হতে গিরিনীর্মে বন হতে বনে।
সমুংহক বলাকার ভানার আনন্দ-চঞ্চলতা
তারি সাথে উড়ে চলে বিরহীর আগ্রহ-বারতা
চিরদ্র স্বর্গপুরে,
ছায়াছ্র বাদলের বক্ষোদীর্ণ নিশ্বাসের স্বরে
নিবিড় ব্যথার সাথে পদে পদে পরমস্ক্রনর
পথে পথে মেলে নিরম্ভর।

পৰিক কালের মর্মে জেগে থাকে বিপূল বিচ্ছেদ;
পূর্ণভার সাথে ভেদ

মিটাভে সে নিত্য চলে ভবিছের ভোরণে ভোরণে
নব নব জীবনে মরণে।
এ বিশ্ব ভো ভারি কাব্য, মলাক্রাস্কে ভারি রচে চীকা
বিরাট হুংথের পটে আনন্দের হুদ্র ভূমিকা।
ধন্ত যক্ষ সেই
স্পাধিক আন্তন-জালা এই বিরহেই।

হোধা বিরহিণী ও যে ন্তর প্রতীক্ষায়,

দণ্ড পল গনি গনি মহর দিবস তার যায়।

সমুধে চলার পথ নাই,

ক্ষম কক্ষে তাই

আগদ্ধক পাছ-লাগি ক্লাছিভারে ধ্রিপারী আশা।

কবি তারে দেয় নাই বিরহের তীর্ধগামী ভাষা।

তার তরে বাণীহীন বন্ধপুরী ঐবর্থের কারা

কর্মহারা—

নিত্য পুশা, নিত্য চন্ধালোক,

ক্ষান্তিরে এত বড়ো শোক

নাই মর্তভূমে

কাপরণ নাহি বার স্পুমুদ্ধ ঘূমে।

প্রভূবরে বক্ষের বিরহ

কাঘাত করিছে ওর বারে অহরহ।

তর্মগতি চরমের স্বর্গ হতে

চাযার-বিচিত্র এই নানাবর্ণ মর্তের আলোতে

উহারে আনিতে চাহে

তর্মিত প্রাণের প্রবাহে।

কালিম্পঙ ২০ জুন, ১৯৩৮

### পরিচয়

বয়স ছিল কাঁচা,
বিভালয়ের মধ্যপথের থেকে
বার হয়েছি আই-এ'র পালা সেরে।
মৃক্ত বেণী পড়ল বাঁধা খোঁপার পাকে,
. নতুন রঙের শাড়ি দিরে
দেহ খিরে যৌবনকে নতুন নতুন ক'রে
পেরেছিলুম বিচিত্র বিশ্বরে।

অচিন জগৎ বৃকের মধ্যে পাঠিয়ে বিত ভাক
কখন থেকে থেকে,
তৃপ্রবেলায় অকাল ধারায় ভিজে মাটির আতপ্ত নিখানে,
চৈত্ররাতের মদির বন নিবিড় শৃস্কতার,
ভোরবেলাকার তক্সাবিবশ দেহে
ঝাপসা আলোয় শিশির-ছোঁয়া আলস-কড়িমাতে।

বে-বিশ্ব মোর স্পষ্ট স্থানায় শেষের সীমার থাকে
তারি মধ্যে, গুণী, তুমি অচিন দবার চেয়ে
তোমার আপন রচন-স্বস্তরালে।
কথনো-বা মাসিকপত্রে চমক দিত প্রাণে
অপূর্ব এক বান্দীর ইক্রম্বাল,
কথনো-বা আনগা-মলাট বইরের দাসি পাতায়
হালারোবার-পড়া লেখার পুরোনো কোন্ লাইন
হানত বেদন বিদ্যুতেরই মতো,
কথনো-বা বিকেলবেলায় ট্রামে চ'ড়ে
হঠাৎ মনে উঠত গুন্গুনিয়ে
অকারণে একটি তোমার শ্লোক।

অচিন কবি, তোমার কথার ফাঁকে ফাঁকে দেখা যেও একটি ছায়াছবি— স্থপ্নযোড়ায়-চড়া তুমি খ্'লতে বেরিয়েছ তোমার মানসীকে সীমাবিহীন তেপাস্করে, রাজপুত্র তুমি যে রূপকথার।

আয়নাধানার সামনে সেধিন চুল বাঁধবার বেলায়
মনে বদি ক'রে থাকি সে রাজকল্ঞা আমিই,
হেসো না তাই ব'লে।
তোমার সকে দেখা হবার আগে-ভাগেই
ছুইয়েছিলে হুশোর কাঠি,
ভাগিয়েছিলে ঘুমন্ত এই প্রাণ।
সেই বয়সে আমার মতো জনেক মেরে
ঐ কথাটাই ভেবেছিল মনে;
ভোমায় ভারা বারে বারে পত্র লিখেছিল,
কেবল ভোমার দের নি ঠিকানাটা।

হার বে ধেরাল। ধেরাল এ কোন্ পাপলা বসম্ভের ;

ঐ ধেরালের ক্রালাতে আবচা হবে বেত

কত চুপুরবেলার

কত ক্লানের পড়া,

উচ্ল হবে উঠত হঠাৎ

বৌবনেরই খাপচাড়া এক তেউ।

রোমান্দ বলে একেই—
নবীন প্রাণের শিক্সকলা আপনা ভোলাবার।
আর-কিছুদিন পরেই
কথন ভাবের নীহারিকার রশ্মি হত ফিকে—
বয়স যথন পেরিয়ে যেত বিশ-পঁচিশের কোঠা,
হাল-আমলের নভেল প'ড়ে
মনের যথন আব্রু যেত ভেঙে,
তথন হাসি পেত
আধ্রুকে দিনের কচিমেয়েপনার।

সেই যে তক্ষণীরা
ক্লাসের পড়ার উপলক্ষে
পড়ত বসে 'গুড় স্ টু নাইটিকেল',
না-দেখা কোন্ বিদেশবাসী বিহলমের
না-শোনা সংগীতে
বক্ষে তাদের মোচড় দিত,
ঝরোধা সব খুলে বেত হুদয়-বাতায়নে
ফেনায়িত হুনীল শৃস্ততায়
উজাড় পরীস্থানে।

বরহ-করেক বেতেই
চোবে তাদের জুড়িয়ে গেল দৃষ্টিদহন
মরীচিকায়-পাগল হরিণীর।

হেঁড়া মোজা শেলাই করার এল ব্গান্তর, বাজারদরের ঠকা নিয়ে চাকরগুলোর দকে বকাবকির, চা-পান-সভায় হাঁটুজলের সংগ্রসাধনার। কিন্তু আমার বভাববশে বোর ডাঙে নি যখন ভোলামনে এলুম ডোমার কাছাকাছি।

চেনাশোনার প্রথম পালাতেই পড়ল ধরা, একেবারে হর্লভ নও তুমি-আমার লক্য-সন্ধানেরই আগেই তোমার দেখি আপনি বাঁধন-মানা। হায় গো রান্ধার পুত্র, একটু পরশ দেবামাত্র পড়ল মুকুট খ'দে আমার পারের কাচে. কটাক্ষেতে চেয়ে তোমার মুখে হেদেছিশুম আবিল চোধের বিহবলতার। তাহার পরে হঠাৎ কবে মনে হল---निशंख त्यांत्र शांत्व इत्य रशंग, মুথে আমার নামল ধুসর ছারা; পাথির কর্ছে মিইরে গেল গান, পাখায় লাগল উদ্ভক্ষ পাগলামি। পাধির পারে এঁটে দিলেম ফাস অভিমানের ব্যক্তরে, विष्क्राप्तत्रहे क्षिक वश्नाय. কটুরসের তীত্র মাধুরীতে।

এমন সময় বেড়াজালের ফাঁকে
পড়ল এনে আরেক মায়াবিনী;
রশিতা তার নাম।
এ কথাটা হয়তো জান—

মেয়েতে মেয়েতে আহে বাজি-রাধার পণ
ভিতরে ভিতরে।
কটাকে নে চাইল আমার, ডারে চাইল্ম আমি,
পাশা ফেলল নিপ্ণ হাতের যুক্নিতে,
এক দানেতেই হল তারি জিত।
জিত ? কে জানে তাও সত্য কি না।
কে জানে তা নর কি তারি
দারণ হারের শালা।

সেদিন আমি মনের ক্লোভে
বলেছিলুম কপালে কর হানি,
চিনব ব'লে এলেম কাছে
হল বটে নিংড়ে নিয়ে চেনা
চরম বিরুতিতে।
কিন্তু তবু ধিকু আমারে, যতই তৃঃখ পাই
পাপ যে মিপ্যে ক্লা।
আপনাকে তো ভূলিয়েছিলুম যেই তোমারে এলেম ভোলাবারে;
ঘূলিয়ে-দেওয়া ঘূর্নিপাকে সেই কি চেনার পধ।
আমার মায়ার জালটা ছিঁড়ে অবশেষে আমায় বাঁচালে যে;
আবার সেই তো দেখতে পেলেম
আজা তোমার স্বপ্নঘোড়ায়-চড়া
নিত্যকালের সন্ধান সেই মানসক্ষ্মরীকে
সীমাবিহীন তেপাস্তরের মাঠে।

দেখতে পেলেম ছবি,

এই বিশের হৃদয়মাবে

বলে আছেন অনিব্চনীয়া,

তৃমি তাঁরি পারের কাছে বাজাও তোমার বাঁলি।

এ-সব কথা শোনাচ্ছে কি সাজিবে-বলার মতো।

না বন্ধু, এ হঠাৎ মুখে ক্ষাদে,

চেউন্নের মুখে মোতির বিশ্বক ধেন

মকবালুর তীরে।

এ-সব কখা প্রতিদিনের নয়;
বে-তৃমি নও প্রতিদিনের সেই তোমারে দিলাম বে-অঞ্চলি

তোমার দেবীর প্রসাদ রবে তাহে।

আমি কি নই সেই দেবীরই সহচন্নী,

ছিলাম না কি অচিন রহক্তে

বধন কাছে প্রথম এসেছিলে।

তোমার বেড়া দিতে গিরে আমার দিলেম সীমা।
তবু মনে রেখো,
আমার মধ্যে আব্দো আছে চেনার অতীত কিছু।

[ মংপু ] ১৩ জুন, ১৯৩৯

### नात्री

স্বাতন্ত্র্যস্পর্ধায় মন্ত পুরুষেরে করিবারে বশ বে-আনন্দরস রূপ ধরেছিল রমণীতে, ধরণীর ধমনীতে তুলেছিল চাঞ্চল্যের দোল রক্তিম হিল্লোল, সেই আদি ধ্যানমূতিটিরে সন্ধান করিছে ফিরে ফিরে রূপকার মনে-মনে বিধাতার তপক্তার সংগোপনে। পলাতকা লাবণ্য তাহার বাঁধিবারে চেরেছে দে আপন স্টিতে প্রভাক দৃষ্টিতে। হুবাধ্য প্রকাশিকে দুংলাধ্য সাধনা সিংহাসন করেছে রচনা অধরাকে করিতে আপন

্বিরন্ধ ব্যবহারে বস্ত **লক্ষা ভ**য়

সংকোচ সংখয়,

শাহ্রবচনের ব্যের, ব্যবধান বিধিবিধানের

वावधान ।वावधवयादनव

নকলি কেলিয়া দ্রে

ভোগের অতীত মৃদ হুরে নশ্বতা করেছে ওচি,

দিয়ে তারে ভূবনমোহিনী গুলুফচি।

পুরুষের অনস্ত বেদন

মর্তের মদিরা-মাঝে হর্গের স্থারে অন্তেষণ।

তারি চিহ্ন বেধানে-সেধানে

কাব্যে গানে,

ছবিতে মৃতিতে,

দেবালয়ে দেবীর স্বতিতে।

নাহি তাহে প্রত্যহের মানি।

তুৰ্বলতা নাহি তাহে, নাহি ক্লান্তি—

টানি বয়ে বিশের সকল কান্তি

আদিৰগলোক হতে নিৰ্বাসিত পুৰুবের মন

রূপ আর অরপের ঘটার মিলন।

উম্ভাগিত ছিলে তৃমি, অহি নারী; অপুর্ব আলোকে

সেই পূর্ণ লোকে—

সেই ছবি আনিতেছ ধ্যান ভবি

বিচ্ছেদের মহিমার বিরহীর নিত্যসহচরী।

আলযোড়া ১৮ মে, ১৯৩৭

# গানের শ্বৃতি

কেন মনে হয়—

তোমার এ গানখানি এখনি বে শোনালে তা নয়।
বিশেষ লক্ষের কোনো চিহ্ন পড়ে নাই এর হ্বরে;
শুধু এই মনে পড়ে, এই গানে দিগন্তের দ্বে
আলোর কাঁপনধানি লেগেছিল সন্ধ্যাতারকার
হুগভীর স্তন্ধতার, সে-স্পন্দন শিরায় আমার
রাগিণীর চমকেতে রহি রহি বিচ্ছুরিছে আলো
আজি দেয়ালির দিনে। আজো এই জন্ধকারে জালো
কোই সায়াহের শ্বতি, যে নিভ্তে নক্ষত্রসভায়
নীহারিকা ভাষা তার প্রসারিল নিঃশন্দ প্রভায়—
বে ক্ষণে ভোমার হার জ্যোতির্লোকে দিতেছিল আনি
অনস্কের-পথ-চাওয়া ধরিজীর সকন্ধণ বাণী।
সেই শ্বতি পার হয়ে মনে মোর এই প্রশ্ন লাগে,
কালের-অতীত প্রান্তে ভোমারে কি চিনিতাম আগে।
দেখা হয়েছিল না কি কোনো-এক সংগীতের পথে
জরপের মন্দিরেতে অপরুপ ছলের জগতে।

শান্তিনিকেতন দেয়ালি [ ৫ কার্ডিক ] ১৩৪৫

### অবশেষে

ষৌবনের অনাহৃত রবাহৃত ভিড়-করা ভোজে
কৈ ছিল কাহার খোঁজে,
ভালো করে মনে ছিল না তা
কণে কণে হয়েছে আসন পাতা,
কণে কণে নিয়েছে সরায়ে।
মালা কেহ লিয়েছে পরায়ে
জেনেছিয়, তবু কে যে জানি নাই ভারে।

মাঝখানে বারে বারে

কত কী বে এলোমেলো

কভু গেল, কভু এল।

সার্থকতা ছিল বেইখানে

ক্ষণিক পরশি তারে চলে গেছি জনতার টানে।

সে যৌবনমধ্যাহ্নের অজন্তের পালা

শেব হরে গেছে আজি, সন্ধার প্রদীপ হল জালা।

অনেকের মাঝে যারে কাছে দেখে হয় নাই দেখা

একেলার ঘরে তারে একা

চেয়ে দেখি, কথা কই চুপে চুপে,

পাই তারে না-পাওয়ার রূপে।

শাস্তিনিকেতন ৩ ডিসেম্বর, ১৯৩৮

# अन्भून

প্রথম তোমাকে দেখেছি তোমার
বোনের বিষের বাসরে
নিমন্ত্রপের আসরে।
সেদিন তথনো দেখেও তোমাকে দেখি নি.
তুমি যেন ছিলে স্ক্রেরেখিণী
ছবির মতো—
পেন্সিলে-আঁকা ঝাপসা ধোঁয়াটে লাইনে
চেহারার ঠিক ভিতর দিকের
সন্ধানটুকু পাই নে।
নিজের মনের রঙ মেলাবার বাটিতে
চাপালি খড়ির রঙ হয় নি যে গোলা,
সোনালি রঙের যোড়ক হয় নি থোলা।

मित्न मित्न (भर्य नमञ् अत्मह् चात्रिय, তোমার ছবিতে আমারি মনের ब्रह रव मिटबृष्टि नागिरव । বিধাতা তোমাকে সৃষ্টি করতে এসে আনমনা হরে শেষে কেবল তোমার ছায়া त्रक्त निरय, जूटन स्कटन शिरयरहरू-अक करवन नि काश। যদি শেষ করে দিতেন, হয়তো হত সে তিলোভমা, একেবারে নিরুপমা। যত রাজ্যের যত কবি তাকে **इटम्बर एवर मिट्रा** আপন বুলিটি শিথিয়ে করত কাব্যের পোষা টিয়ে। আমার মনের স্বপ্নে তোমাকে यमनि पिरम्हि पर অমনি তথন নাগাল পায় না সাহিত্যিকেরা কেই। আমার দৃষ্টি তোমার সৃষ্টি হয়ে গেল একাকার। মাঝখান থেকে বিশ্বপতির যুচে গেল অধিকার। তুমি যে কেমন আমিই কেবল জানি, কোনো সাধারণ বাণী नाम ना कातार काल। কেবল ভোমার নাম ধ'রে মাঝে-মাঝে অসমৰে দিই ডাক, কোনো প্ৰয়োজন থাক্ বা নাই-বা বাক্। অমনি তথনি কাঠিতে-ভড়ানো উলে ছাত কেঁপে গিয়ে গুন্তিতে ৰাও ভূলে।

#### কোনো কথা খার.নাই কোনো খভিধানে বার এত বড়ো মানে

শ্রামলী। শান্তিনিকেতন ২০ ফেব্রুয়ারি, ১৯৩৯

# **डे**मृत्रख

তব দক্ষিণ হাতের পরশ

কর নি সমর্পণ।

লেখে আর মোছে তব আলো হায়া
ভাবনার প্রাক্ষণে
ধনে খনে আলিশন।

বৈশাখে রুশ নদী
পূর্ণ স্রোতের প্রসাদ না দিল যদি
শুধু কৃষ্টিত বিশীর্ণ ধারা
তীরের প্রান্তে
স্কাগালো পিয়াসি মন।

যতটুকু পাই ভীক বাসনার অন্ধনিতে নাই বা উচ্ছলিল, সারা দিবসের দৈক্তের শেষে সঞ্চয় সে যে

[ মংপু ] ৩০।১।৩১

#### ভাঙন

কোন্ ডাঙনের পথে একে
আমার স্থপ্ত রাতে।
ভাঙল যা তাই ধন্ত হল
নিঠুর চরণ-পাতে।
রাথব গেঁধে তারে
ক্মলমণির হারে,
ছলবে বুকে গোপন বেদনাতে।

সেতারখানি নিয়েছিলে

অনেক যতনভরে—
তার যবে তার ছিন্ন হল 
ফেললে ভূমি-'পরে।
নীরব তাহার গান

রইল তোমার দান—
ফাগুন-হাওয়ার মর্মে বাজে
গোপন মন্ততাতে

শ্রীনিকেতন ১২।৭।৩৯

# অত্যুক্তি

মন বে দরিস্র, তার
তর্কের নৈপুণ্য আছে, ধনৈবর্ধ নাইকো ভাষার
কর্মনাভাগ্তার হতে তাই করে ধার
বাক্য-অলংকার।
কথন হৃদয় হয় সহসা উতলা—
তথন সাঞ্চিয়ে বলা
আসে অগত্যাই;
ভ্রেন তাই

रकन कृषि द्वारम अर्थ, स्वाधुनिका विदय, অত্যুক্তির অপবাদ দিয়ে। তোমার সমানে ভাষা স্থাপনারে করে সুসক্ষিত, তারে তুমি বারে বারে পরিহাসে কোরো না লক্ষিত। তোমার আরতি-অর্ধ্যে অত্যুক্তিবঞ্চিত ভাষা হেয়, অসত্যের মতো অপ্রক্ষেয়। নাই তার আলো, তার চেয়ে মৌন তের ভালো। তব অবে অত্যুক্তি কি কর না বহন সন্ধ্যায় যথন দেখা দিতে আস। তখন যে হাসি হাস সে তো নহে মিতবারী প্রত্যহের মতো-অতিরিক্ত মধু কিছু তার মধ্যে থাকে তো সংহত। সে হাসির অতিভাষা মোর বাক্যে ধরা দেবে নাই দে প্রত্যাশা। অলংকার যত পায় বাক্যগুলো তত হার মানে. তাই তার অম্বিরতা বাড়াবাড়ি ঠেকে তব কানে। কিছ, এই আশমানি শাড়িখানি

ব্যঞ্জনা মিলারে দেয়, সে যে কোন্ অসীম মনের
আপন ইন্দিড,
সে যে অন্দের সংগীত।
আমি তার্বে মনে কানি সত্যেরো অধিক।
সোহাগবাণীরে মোর হেসে কেন বল কার্মনিক।

তোমার দেহের সবে নীল গগনের

ও কি নহে অত্যক্তির বাণী।

পুরী ৭ মে, ১৯৩৯

# হঠাৎ মিলন

মনে পড়ে কবে ছিলাম একা বিজম চরে :
তোমার নৌকা ভরা পালের ভরে :
রুদ্র পারের হতে
কোন্ অবেলায় এল উজান স্রোতে।
থিধায় হোঁওয়া তোমার মোনীমুখে
কাঁপতেছিল সলজ্ঞ কৌতুকে
আঁচল-আড়ে দীপের মতো একটুখানি হাসি,
নিবিড় স্থখের বেদন দেহে উঠছিল নিশাসি।

তৃঃসহ বিশ্বরে

ছিলাম শুদ্ধ হয়ে,
বলার মতো বলা পাই নি খুঁজে :
মনের সদে যুঝে
মুখের কথার হল পরাজয়।
তোমার তখন লাগল বুঝি ভয়,
বাঁধন-ছেঁড়া অধীরতার এমন তৃঃসাহসে
পোপনে মন পাছে তোমায় দোষে।
মিনতি উপেকা করি স্বরার গেলে চলে
"ভবে আসি" এইটি শুধু ব'লে।
তখন আমি আপন মনে ষে-গান সারাদিন
গেয়েছিলেম, তাহারি হার রইল অস্ক্রীন।
পাধর-ঠেকা নির্মার সে, তারি কল্বর
দুরের ধেকে পূর্ধ করে বিজন অবসর।

আলমোড়া ২৭ মে, ১৯৩৭

### গানের জাল

দৈবে তৃমি

কখন নেশায় পেয়ে

আপন-মনে

যাও চলে গান গেয়ে।

যে আকাশের হরের লেখা লেখ'

বৃঝি না তা, কেবল রহি চেয়ে।
হলয় আমার অদৃশ্রে যায় চলে,
প্রতিদিনের ঠিকঠিকানা ভোলে—

মৌমাছিরা আপনা হারায় যেন

গল্পের পথ বেয়ে।

গানের টানা জালে
নিমেব-ঘেরা বাঁধন হতে
টানে অসীম কালে।
মাটির আড়াল করি ভেদন
স্বর্গলোকের আনে বেদন,
পরান ফেলে চেরে।

[ 4046 ]

### মরিয়া

মেঘ কেটে গেল

আজি এ সকাল বেলায়

হাসিমুখে এনো

অলস দিনেরি খেলায়।

আশানিরাশার সক্ষম যত

হুখছাধেরে ঘেরে
ভ'রে ছিল বাহা সার্থক আর

নিফল প্রণয়েরে,

অক্লের পানে দিব তা ভাসায়ে ভাটার গাঙের ভেলায়।

যত বাঁধনের
গ্রন্থন দিব খুলে,
ক্ষনিকের তরে
রহিব সকল ভূলে।
বে গান হয় নি গাওয়া,
বে দান হয় নি পাওয়া
পূবেন হাওয়ায় পরিতাপ তার
উড়াইব অবহেলায়।

[ 5056 ]

# দূরবর্তিনী

সেদিন তুমি দ্রের ছিলে মম, তাই ছিলে দেই আদন-'পরে যা অস্তরতম। অগোচরে দেদিন তোমার দীলা বইত অভঃশীলা। খমকে বেতে বখন কাছে আসি তথন তোমার ব্রন্থ চোথে বাঞ্চত দূরের বাঁশি ছায়া তোমার মনের কুঞ্জে ফিরত চূপে চূপে, কায়া নিত অপরপের রূপে। আশার অতীত বিরল অবকাশে আসতে তথন পাশে; একটি कूलद शाम চিরকাগুন-দিনের হাওয়া আনতে আমার প্রাণে। অবশেষে যথন তোমার অভিসারের রথ পেল আপন সহজ সুগম পথ, ইচ্ছা ভোমার আর নাহি পার নতুন-জানার বাধা, সাধনা নাই, শেষ হয়েছে সাধা।

তোমার পালে লাগে না আরু মুঠাৎ দখিন-হাওয়া;

নিখিল হল সকল চাওয়া পাওয়া।

মাঘের রাতে আমের বোলের গন্ধ বহে যায়,

নিখাল তার মেলে না আর তোমার বেদনায়।
উদ্বেগ নাই, প্রত্যালা নাই, ব্যথা নাইকো কিছু,

পোব-মানা সব দিন চলে যায় দিনের পিছু পিছু।

অলম ভালোবাসা

হারিরেছে তার ভাষাপারের ভাষা।

ঘরের কোণের ভরা পাত্র ছই হবলা তা পাই,

বরনাতলার উচ্চল পাত্র নাই।

? 3209

### গান

যে ছিল আমার স্বপনচারিণী
এতদিন তারে ব্রিতে পারি নি,
দিন চলে গেছে খুঁ জিতে।
শুভখনে কাছে ডাকিলে,
লক্ষা আমার ঢাকিলে,
তোমারে পেরেছি ব্রিতে।

কে মোরে ফিরাবে অনাদরে,
কে মোরে ডাকিবে কাছে,
কাহার প্রেমের বেদনার মাঝে
আমার মূল্য আছে,
এ নিরন্তর সংশয়ে আর
পারি না কেবলি র্ঝিতে—
তোমারেই শুধু সভ্য পেরেছি বৃঝিতে।

[ শ্রামলী। শাস্তিনিকেতন ] ৮।১২।৩৮

### বাণীহারা

থগো মোর নাছি বে বাণী

আকাশে হৃদর গুণু বিছাতে জানি।

আমি অমাবিভাবরী আলোকহারা

মেলিরা তারা

চাহি নিঃশেষ পথপানে

নিফল আশা নিয়ে প্রাণে।

বহুদ্রে বাজে তব বাঁদি,

সকরণ হ্বর আসে ভাসি

বিহলে বারে

নিস্তাসমূল্র পারায়ে।

তোমারি হ্বরের প্রতিধ্বনি

দিই যে ফিরারে—

সে কি তব ব্প্লের তীরে

ভাটার স্রোত্রের মতো
লাগে ধীরে, অতি ধীরে ধীরে।

[ 3086 ]

### অনসূয়া

কাঁঠালের ভৃতি-পচা, আমানি, মাছের যত আঁশ,
রান্নাবরের পাঁশ,
মরা বিভালের দেহ, পেঁকো নর্দমার
বীজংস মাছির লল ঐকতান-বাদন জ্ঞমায়।
শেষরাত্রে মাতাল বাসায়
জীকে মারে, গালি দের গদ্পদ ভাষায়,
ভূমভাঙা পালের বাড়িতে
পাড়াপ্রতিবেশী বাকে হংকার ছাড়িতে।
ভক্রতার বোধ ধায় চলে,
মনে হয় নরহত্যা পাণ নয় ব'লে।

ক্রুরটা, সর্ব অক্টে ক্ষত,
বিছানায় শোয় এসে, আমি নিজাগত।
নিলেরে জানান দের তীব্রকণ্ঠে আক্ষমাধী গতী
রগচণ্ডা চণ্ডী মৃতিমতী।
মোটা সিঁছরের রেখা আঁকা,
হাতে মোটা লাখা,
শাড়ি লাল-পেড়ে,
খাটো খোঁপা-পিগুটুকু ছেড়ে
ঘোমটার প্রান্ধ ওঠে টাকের সীমায়—
অন্থির সমন্ধ পাড়া এ মেরের সভী-মহিমায়।

এ গদিতে বাস মোর, তবু আমি জন্ম-রোমান্টিক আমি সেই পথের পথিক रय-१थ दमशास हता मिक्स वांजात्म, পাথির ইশারা যায় যে-পথের অলক্ষ্য আকাশে। মৌমাছি যে-পথ জানে মাধৰীর অদুখ্য আহ্বানে। এটা সভা কিংবা সভা ওটা মোর কাছে মিপ্যা সে তর্কটা। আকাশকুস্ম-কুঞ্জবনে, **निशंकत्म** ডিভিহীন বে-বাসা আমার দেখানেই পদাতকা আদা-ষাওয়া করে বার-বার আজি এই চৈত্তের খেয়ালে মনেরে জড়ালো ইন্দ্রজালে। দেশকাল ভূলে গেল তার বাঁধা তাল। নায়িকা আসিল নেমে আকাশপ্রদীপে আলো পেয়ে।

तारे स्यस्य নছে বিংশ-শতকিয়া ছন্দোহারা কবিদের ব্যবহাসি-বিহসিত প্রিয়া। দে নয় ইকনমিকৃদ্-পরীকাবাহিনী আতপ্ত বসম্ভে আজি নিশ্বসিত যাহার কাহিনী। অনুস্থা নাম তার, প্রাকৃতভাষায় কারে সে বিশ্বত যুগে কাঁদার হাসার, অঞ্চত হাসির ধ্বনি মিলার সে কলকোলাহলে শিপ্ৰাতটতলে ৷ निनक वक्षमवरक योवरनत वसी मुख मिरह লাগে অকে উন্ধত বিদ্রোহে। অযতনে এলায়িত কক্ষ কেশপাশ বনপথে মেলে চলে মৃত্যুক্ত গব্দের আভাস। श्चित्रत्क तम वरण 'भिय्र', বাণী লোভনীয়---এনে দেয় রোমাঞ্চ-হরষ কোমল সে ধ্বনির পরশ। লোহাগের নাম দেয় মাধ্বীরে আলিকনে খিরে. এ মাধুরী যে দেখে গোপনে ঈ্ষার বেদনা পায় মনে।

যথন নৃপতি ছিল উচ্ছৃখল উন্মন্তের মতে।
দরাহীন ছলনায় রত
আমি কবি জনাবিল সরল মাধুরী
কবিতেছিলাম চুরি
এলা-বনচ্ছায়ে এক কোনে,
মধুকর ষেমন গোপনে
কুল্মধু লয় হরি

নিভ্ত ভাণ্ডার ভরি ভরি
মালতীর স্থিত সম্মতিতে।
ছিল সে গাঁথিতে
নতনিরে পৃশহার
সভ-তোলা কুঁড়ি মন্ধিকার।
বলেছিন্ন, আমি দেব ছন্দের গাঁথুনি
কথা চুনি চুনি।

অয়ি মালবিকা. অভিসার-যাত্রাপথে কথনো বহ নি দীপশিখা। শ্বধাবগুষ্ঠিত ছিলে কাব্যে শুধু ইন্দিত-আড়ালে, নিঃশবদে চরণ বাডালে হ্রদয়প্রাক্তণ আজি অম্পষ্ট আলোকে-বিশ্বিত চাহনিথানি বিক্ষারিত কালো হটি চোখে, বন্ত মোনী শতানীর মাঝে দেখিলাম-श्रिय नाय প্রথম শুনিলে বুঝি কবিকণ্ঠশ্বরে मूत्र यूगांखरत । বোধ হল, তুলে ধ'রে ডালা মোর হাতে দিলে তব আধফোটা মন্সিকার মালা। অ্কুমার অঙ্গুলির ভঙ্গীটুক্ মনে ধ্যান ক'রে ছবি আফিলাম বদে চৈত্তের প্রহরে। স্বপ্নের বাশিটি আজ ফেলে তব কোলে আর-বার থেতে হবে চ'লে সেথা, যেখা বাস্তবের মিখ্যা বঞ্চনায় मिन हरन यात्र।

উদয়ন। শ∤স্তিনিকেতন ২০ মার্চ, ১৯৪০

### শেষ অভিসার

আকাশে ঈশানকোণে মসীপুঞ্ক মেঘ।

আসর ঝড়ের বেগ

তক্ক রহে অরণ্যের ভালে ভালে

যেন সে বাহুড় পালে পালে।

নিক্ষপ পরব্যন মৌনরাশি

শিকার-প্রত্যাশী

বাঘের মতন আছে খাবা পেতে,

রক্ষহীন আঁখারেতে।

ঝাঁকে ঝাঁক

উড়িয়া চলেছে কাক

আতম্ব বহন করি উদ্বিশ্ন ভানার 'পরে।

যেন কোন্ ভেঙে-পড়া লোকান্তরে

চিন্ন চিন্ন রাত্রিখণ্ড চলিয়াছে উড়ে

উচ্চু ঋল ব্যর্থতার শুক্তল ক্লুড়ে।

হুৰ্ষোগের ভূমিকায় তৃমি আব্দ কোথা হতে এলে

এলোচুলে অতীতের বনগন্ধ মেলে।

ব্দম্মের আরম্ভপ্রাস্তে আর-একদিন

এসেছিলে অমান নবীন

বসস্তের প্রথম দৃতিকা,

এনেছিলে আষাঢ়ের প্রথম বৃধিকা

অনির্বচনীয় তৃমি।

মর্মতলে উঠিলে কুস্থমি

অসীম বিক্ষয়-মাঝে, নাহি জানি এলে কোথা হতে

অনৃশ্ত আলোক হতে দৃষ্টির আলোতে।

তেমনি রহস্তপধে, হে অভিসারিকা,
আব্দ আসিয়াছ তৃমি; ক্ষণদীপ্ত বিহ্যতের শিখা

কী ইন্ধিত মেলিতেছে মূখে তব, কী তাহার ভাষা অভিনব।

আসিছ যে-পথ বেয়ে সেদিনের চেনা পথ এ कि। এ যে দেখি কোথাও বা কীণ তার রেখা, কোখাও চিহ্নের সূত্র লেশমাত্র নাহি যায় দেখা। ভালিতে এনেছ দুল শ্বত বিশ্বত, কিছু-বা অপরিচিত। হে দৃতী, এনেছ আৰু গদ্ধে তব ষে-ঋতুর বাণী নাম তার নাহি স্বানি। মৃত্যু-অন্ধকারময় পরিব্যাপ্ত হয়ে আছে আসন্ত্র তাহার পরিচয়। তারি বরমাল্যথানি পরাইয়া দাও মোর গলে ন্তিমিতনক্ত্র এই নীরবের সভাকনতলে; এই তব শেষ অভিসারে ধরণীর পারে মিলন ঘটায়ে যাও অঞ্চানার সাথে অস্কহীন রাতে।

মংপু ২৩।৪**।**৪০

#### নামকরণ

বাদলবেলায় গৃহকোণে রেশমে পশমে জামা বোনে, নীরবে আমার লেখা শোনে, তাই সে আমার শোনামণি! প্রচলিত ডাক নম্ন এ ষে দরদীর মুখে ওঠে বেজে, পণ্ডিতে দেয় নাই মেজে—
প্রাণের ভাষাই এর খনি।
সেও জানে আর জানি আমি
এ মোর নেহাত পাগলামি—
ভাক শুনে কাজ ষায় পামি,
করণ ওঠে কনকনি।

দে হাদে, আমিও তাই হাসি—

জবাবে ঘটে না কোনো বাধা।

অভিধান-বঞ্চিত ব'লে

মানে আমাদের কাছে দাদা।

কেহ নাহি জানে কোন্ খনে

পশমের শিল্পের দাথে

স্ক্মার হাতের নাচনে

ন্তন নামের ধ্বনি গাঁথে

শোনামণি, ওগো স্বয়নী

গৌরীপুর ভবন কালিম্পং ২৪ মে, ১৯৪ •

# বিমুখতা

মন যে তাহার হঠাৎপ্লাবনী
নদীর প্রায়
অভাবিত পথে সহসা কী টানে
বাঁকিয়া যায়—
সে তার সহজ গতি,
সেই বিম্থতা ভরা ফসলের
যতই কম্বক ক্ষতি।

বাঁধা পথে তারে বাঁধিয়া ব্লাথিবে বনি বর্গা নামিলে থরপ্রবাহিণী নদী ফিবে ফিবে তার ভাতিয়া ফেলিবে কুল,

ভাঙিবে তোমার ভূল।
নয় সে খেলার পুতৃল, নয় দে
আদরের পোষা প্রাণী,

মনে রেখো তাহা জানি।

মন্তপ্রবাহবেগে

তুৰ্দাষ তার ফেনিল হাক্ত

কখন উঠিবে ব্লেগে।

ভোমার প্রাণের পণ্য আহরি .

ভাসাইয়া দিলে ভঙ্গুর তরী,

হঠাৎ কথন পাষাণে আছাড়ি

করিবে দে পরিহাস,

হেলায় থেলায় ঘটাবে সৰ্বনাশ।

क रथलांदा यमि रथला यनि मान,

হাসিতে হাস্ত মিলাইতে জান,

তা হলে রবে না খেদ।

ঝরনার পথে উজানের খেয়া.

সে যে মরপের জেদ।

স্বাধীন বল' যে ওরে

নিতান্ত ভুল করে।

**क्रिशीयानांत्र वांधन है** विशा

পুমের খোরেতে চমকি উঠিয়া

যে-উঙ্কা পড়ে থ'সে

কোন্ ভাগ্যের দোষে

সেই কি স্বাধীন, তেমনি স্বাধীন,এও—

এরে ক্রমা করে রেয়োন

বস্তাবে নিয়ে খেলা যদি সাধ

লাভের হিনাব মিয়ো তবে বাদ,

গিরিনদী-সাধে বাঁধা শড়িয়ো না প্রোর ব্যবহারে। মূল্য বাহার আছে একটুও সাবধান করি ঘরে তারে পুয়ো, খাটাতে যেয়ো না মাতাল চলার চলতি এ কারবারে। কাটিয়ো সাঁতার যদি জানা থাকে. তলিয়ে যেয়ো না আওড়ের পাকে, নিজেরে ভাগায়ে রাখিতে না জান ভরুষা ডাঙার পারে-যতই নীরস হোক-না সে তবু নিরাপদ জেনো তারে। 'দে আমারি' ব'লে রুখা অহমিকা ভালে আঁকি দেয় ব্যক্তের টিকা। षाम्मा मीमाय नारे प्रख्या भाषया, দূর থেকে শুধু আসা আর যাওয়া---মানবমনের রহস্ত কিছু শিখা।

[ কালিপ্পং জুন, ১৯৪০ ]

### আত্মছলনা

দোষী করিব না ভোমারে,
ব্যথিত মনের বিকারে,
নিজেরেই আমি নিজে নিজে করি ছলনা।
মনেরে ব্যাই বৃন্ধি ভালোবাস,
আড়ালে আড়ালে তাই তৃমি হাস;
হির জান, এ যে অব্রের খেলা,
এ শুরু মোহের রচনা।

সন্ধ্যামেধের রাগে

অকারণে বত ভেদে-চলে-বাওয়া

অপরপ হবি জাগে।

সেইমতো ভাদে মান্বার আভাদে

রঙিন বান্প মনের আকাশে,
উড়াইয়া দেয় ছিন্ন লিপিতে

বিরহমিলন-ভাবনা

[ का**निन्न**र ] २२|६|४०

#### অসময়

বৈকালবেলা ফসল-ফুরানো
শৃস্ত থেতে
বৈশাথে যবে রূপণ ধরণী
রয়েছে তেতে,
ছেড়ে তার বন জানি নে কথন
কী ভূল ভূলি
শুষ্ক ধূলির ধূসর দৈন্তে
এনেছিল বুল্বুলি।

সকালবেলার শ্বতিখানি মনে বহিয়া বৃঝি তরুণ দিনের ভরা আতিখ্য বেড়ালো খুঁলি। অরুণে শ্রামলে উচ্ছল সেই পূর্ণতারে মিখ্যা ভাবিয়া ফিরে যাবে সে কি রাতের ক্ষকারে। তব্ও তো গান করে গেল দান

কিছু না পেয়ে।

সংশক্ষ-মাঝে কী গুনামে গেল
কাহারে চেয়ে।

মাহা গেছে সরে কোনো রূপ ধ'রে
রয়েছে বাকি,
এই সংবাদ বৃঝি মনে মনে
জানিতে পেরেছে পাধি।

প্রভাতবেলার যে ঐশ্বর্য
রাখে নি কণা,

এসেছিল লে যে, হারায় না কভূ

সে সান্থনা।

সত্য যা পাই ক্ষণেকের তরে

ক্ষণিক নহে।

সকালের পাধি বিকালের গানে

এ আনন্দই বহে।

? >>80

#### অপ্যাত

স্থান্তের পথ হতে বিকালের রোদ্র এল নেমে।
বাতাল ঝিমিয়ে গেছে থেমে।
বিচালি-বোঝাই গাড়ি চলে দ্র নদিয়ার হাটে
জনশৃষ্ট মাঠে।
পিছে পিছে
দড়ি-বাঁধা বাছুর চলিছে।
রাজবংশীপাড়ার কিনারে
পুক্রের ধারে
বনমালী পণ্ডিতের বড়ো ছেলে
সারাক্ষণ বদে আছে ছিপ ফেলে।

মাধার উপর দিরে গেল ডেকে শুকনো নদীর চর থেকে কাজ্লা বিলের পানে বুনোহাঁস গুগ্লি-সন্ধানে।

কেটে-নেওয়া ইক্থেত, তারি ধারে ধারে

ছই বন্ধু চলে ধীরে শাস্ত পদচারে

রৃষ্টিধোওয়া বনের নিশ্বাসে,

ভিজে বাসে ঘাসে।

এসেছে ছুটিতে—
হঠাৎ গাঁরেতে এসে সাক্ষাৎ হুটিতে,
নববিবাহিত একজনা,
শেষ হতে নাহি চায় ভরা আনন্দের আলোচনা।
আলে-পালে ভাঁটিফ্ল ফুটিয়া রয়েছে দলে দলে
বাঁকাচোরা গলির জন্মলে,
মৃত্গন্ধে দেয় আনি

চৈত্রের ছড়ানো নেশাধানি।
জারুলের শাধায় অদ্বে
কোঁকিল ভাঙিছে গলা একমেয়ে প্রলাপের স্থরে।

টেলিগ্রাম এল সেই ক্ষণে ফিন্ল্যাণ্ড্ চূর্ণ হল সোভিয়েট বোমার বর্ষণে।

[ कानिन्भः,] ১ द्यार्व,,১७८१

# মানসী

আজি আবাঢ়ের মেঘলা আকাশে
মনধানা উড়ো পক্ষী
বারলা হাওরার দিকে দিকে ধার
অজানার পানে লক্ষ্যি।

शहा-धूनि वनि चन्न काकनि, লিধিবারে চাছি পত্র, গোপন মনের শিল্পত্তে বুনানো ছ-চারি ছত্ত। সন্দীবিহীন নিরালায় করি জানা-অজানার সন্থি, গর্ঠিকানিয়া বন্ধু কে আছ कविव वागीव वसी। না জানি তোমার নামধাম আমি. না জানি তোমার তথ্য। কিবা আসে যায় যে হও সে হও মিধ্যা অথবা সভ্য। নিভূতে তোমারি সাথে আনাগোনা হে মোর অচিন মিত্র, প্রলাপী মনেতে আঁকা পড়ে তব কত অম্ভূত চিত্ৰ। যে নেয় নি মেনে মর্ড শরীরে বাঁধন পাঞ্চতোতো তার সাথে মন করেছি বদল স্বপ্নমায়ার দোতো। ঘুমের খোরেতে পেয়েছি তাহার क्क हुटनत गम। আধেক রাত্রে শুনি যেন তার---बात-स्थाना, बात-रक्त। নীপবন হতে সৌরভে আনে ভাষাবিহীনার ভার। জোনাকি আঁধারে ছড়াছড়ি করে মণিহার-ছেঁড়া হান্ত। मधन निनीत्थं गर्जित्ह तस्यां, विभिक्षिमि वादि वर्द---

মনে-মনে ভাবি, কোন্ পালঙ্কে कं निजा तम इरवं। গিরির শিখরে ডাকিছে ময়ুর ক্ৰিকাব্যের রকে-স্বপ্নপূলকে কে জাগে চমকি বিগলিতচীর-অবে। বাস্তব মোরে বঞ্চনা করে পালায় চকিত নত্যে— তারি ছায়া যবে রূপ ধরি আদে বাধা পড়ি যায় চিত্তে। তারার আলোকে ভরে সেই সাকী यमिरताष्ट्रम भाव, নিবিড় রাতের মৃগ্ধ মিলনে नाइ विरक्ष गांव। ७८गा याद्रामग्री, व्यक्ति वदसाय জাগালে আমার হন্দ-যাহা-খুশি স্থবে বাজিছে সেতার, নাহি মানে কোনো বন্ধ।

[ কালিপ্পং ] ২২ মে, ১৯৪০

# অসম্ভব ছবি

আলোকের আভা তার অলকের চুলে,
বুকের কাছেতে হাঁটু তুলে
বসে আছে ঠেদ দিয়ে পিপুলগু ড়িতে,
পাশেই পাহাড়ে নদী ফুড়িতে ফুড়িতে
ফুলে উঠে চলে যায় বেগে।
দেবদার-ছায়াডলে উঠে জেগে
কলম্বর,
কান পেতে শোনে তাই প্রাচীন পাধর—

অরণ্যের কোল

যেন মুখরিয়া তোলে শিশুর কলোল। हेश्त्रक कवित्र मिथा এकम्पत्म পড़िছে उक्नी, ওন্তন রব তার পিছনে গাঁড়ায়ে আমি ওনি; মৃত্ বেদনায় ভাবি, যে-ক্বির বাণী পড়িছে বিরাম নাহি মানি, আমি কেন সে কবি না হই। এতদিন নানাভাবে কাব্যে হাহা কই আজি এ গিরির মতো কেন সে নির্বাক। अमृद्र मानात-भार्थ यूचू दमग्र जाक। আমার মর্মের ছন্দ পাধির ভাষায় অফুরান নৈরাশায় উছ্গিতে থাকে একতানে আন-মননীর কানে কানে। আতপ্ত হতেছে দিন, শিশির শুকায়ে গেছে ঘাদে, অবানা ফুলের গুচ্ছ উচ্চ শাখে তুলিছে বাতাদে। ঢাপু তটে তঞ্চছায়াতলে ঝিলিমিলি শিহরন ঝরনার জলে। চূৰ্ণ কেশে নিত্য চঞ্চলতা, ত্র্বাধ্য পড়িছে চোখে, অধ্যয়নরতা সরায়ে দিতেছে বারংবার বাছকেপে ৷ ধৈৰ্য মোর রহিল না আর . চকিতে সমুখে আসি বুধালাম, "তুমি কি শোন নি মোর নাম।" মুখে তার দে কি অসম্ভোষ, त्म कि नका, त्म कि त्राव, সে কি সমূত্বত অহংকার। ্য: উত্তর শোনার অপেকা না করি আমি ক্রত গেম্ব চলি। যুযুর কাকলি

খন পল্লবের মাঝে আখিনের রৌজ ও ছারারে ব্যথিত করিছে চির নিক্তর ব্যর্থতার ভারে।

মিখ্যা, মিখ্যা এ স্থপন, ঘরে ফিরে বসিয়া নির্জনে শৈল-অরণ্যের সেই ছবিখানি আনি মনে-মনে, অসম্ভব রচনায় পূরণ করিছ ভারে ঘটে নি যা সেই কর্মনায়।

যদি সত্য হ'ত, যদি বলিভাম কিছু,
শুনিত সে মাধা করি নিচু,
কিংবা যদি হতীত্র চাহনি
বিদ্যুৎবাহনী
কটাক্ষে হানিত মুথে
রক্ষ মোর আলোড়িয়া বুকে,
কিংবা যদি চলে যেত অঞ্চল সংবরি
শুক্ষপত্রপরিকীর্ণ বনপথ সচকিত করি,
আমি রহিভাম চেয়ে
হেসে উঠিভাম গেয়ে—
"চলে গেলে হে রূপনী, মুখধানি ঢেকে,
বঞ্চিত কর নি মোরে, শিছনে গিয়েছ কিছু রেখে।"

হায় রে, হয় নি কিছু বলা,
হয় নি ছায়ার পথে ছায়াসম চলা,
হয়তো সে শিলাতল-'পরে
এখনো পড়িছে কাব্য গুন্গুন স্বরে

শাস্কিনিকেতন ১৬ জুলাই, ১৯৪০

#### অসম্ভব

পূর্ণ হয়েছে বিচ্ছেদ, যবে ভাবিত্ব মনে,
একা একা কোথা চলিতেছিলাম নিদ্ধারণে।
শ্রাবণের মেঘ কালো হয়ে নামে বনের শিরে,
থর বিত্যুৎ রাতের বক্ষ দিতেছে চিরে,
দূর হতে তুনি বাহ্নণী নদীর তরল রব—
মন তুধু বলে, অসম্ভব এ অসম্ভব।

এমনি রাজে কতবার, মোর বাহতে মাধা, ভনেছিল সে বে কবির ছন্দে কাজরি-গাধা। রিমিঝিমি ঘন বর্গণে বন রোমাঞ্চিত, দেহে আর মনে এক হয়ে গেছে যে-বাঞ্চিত এল সেই রাতি বহি প্রাবণের সে-বৈভব— মন তথু বলে, অসম্ভব এ অসম্ভব।

দূরে চলে যাই নিবিড় রাতের অন্ধকারে,
আকাশের স্থর বাজিছে শিরায় রৃষ্টিধারে।

ফুথীবন হতে বাতাসেতে আসে স্থধার স্থাদ,
বেণীবাঁধনের মালায় পেতেম যে-সংবাদ
এই তো জেগেছে নবমালতীর সে সৌরভ—
মন শুধু বলে, অসম্ভব এ অসম্ভব।

ভাবনার ভূলে কোথা চলে যাই অক্তমনে পথসংকেত কত জানায়েছে যে-বাতায়নে। ভনিতে পেলেম সেতারে বাজিছে স্থরের দান অক্রজনের আভাসে কড়িত আমারি গান। কবিরে ত্যজিয়া রেখেছ কবির এ গৌরব— মন তুধু বলে, অসম্ভব এ অসম্ভব।

শান্তিনিকেতন ১৬ জুলাই, ১৯৪০

#### গাবের মন্ত

মাঝে মাঝে আসি বে তোমারে গান শিথাবারে---মনে তব কোতৃক লাগে, অধরের আগে দেখা দেয় একটুকু হাসির কাঁপন। যে-কথাটি আমার আপন এই ছলে হয় সে তোমারি। তারে তারে হুর বাঁধা হয়ে যায় তারি অন্তরে অন্তরে কথন তোমার অগোচরে। চাবি করা চুরি, প্রাণের গোপন দ্বারে প্রবেশের সহজ চাতুরী, স্থ্য দিয়ে পথ বাঁধা যে-হুৰ্গমে কথা পেত পদে পদে পাৰাণের বাধা— গানের মন্ত্রেতে দীকা যার এই তো তাহার অধিকার। সেই জ্ঞানে দেবতার অলক্ষিত পথ শূস্তে শৃত্তে যেথা চলে মহেন্দ্রের শক্তেদী রথ। ঘনবৰ্ষণের পিছে যেমন সে বিহ্যাতের খেলা বিমুখ নিশীখবেলা, অমোদ বিজয়মন্ত্র হানে দূর দিগন্তের পানে, আধারের সংকোচ বিচ্ছিন্ন হয়ে পড়ে মেঘমলারের ঝডে।

শান্তিনিকেতন ১৮ জুলাই, ১৯৪০

#### Santi.

জানি আমি, ছোটো আমার ঠাই—
তাহার বেশি কিছুই চাহি নাই।
দিয়ো আমায় সবার চেয়ে অল্প তোমার দান,
নিজের হাতে দাও তুলে তো
রইবে অফুরান।

আমি তো নই কাঙাল পরদেশী,
পথে পথে থোঁজ করে যে
যা পায় তারো বেশি।
সকলটুকুই চায় লে পেতে হাতে,
পুরিয়ে নিতে পারে না সে
আপন দানের সাথে।

তুমি শুনে বললে আমায় হেসে,
বললে ভালোবেসে,
"আশ মিটিবে এইটুক্তেই তবে ?"
আমি বলি, "তার বেশি কী হবে।
বে-দানে ভার থাকে
বস্ত দিয়ে পথ সে কেবল
আটক করে রাথে।

যে-দান কেবল বাহুর পরশ তব তারে আমি বীণার মতো বক্ষে তুলে লব। স্থরে স্থরে উঠবে বেজে, যেটুকু সে তাহার চেয়ে অনেক বেশি সে যে। লোভীর মতো তোমার শ্বারে বাহার আসা-বাওয়া, তাহার চাওয়া-পাওয়া তোমায় নিত্য ধর্ব করে আনে

আপন ক্ষার পানে।
ভালোবাসার বর্বরতা,

মলিন করে তোমারি সমান

পূপুল তার বিপুল পরিমাণ।
তাই তো বলি, প্রিমে,
হাসিম্ধে বিদার কোরো স্বব্ধ কিছু দিয়ে;

সন্ধ্যা যেমন সন্ধ্যাতারাটিরে
আনিয়া দেয় ধীরে

স্থা-ভোবার শেষ সোপানের ভিতে

সলজ্ঞ তার গোপন থালিটিতে।"

শান্তিনিকেতন ১৭ জুলাই, ১৯৪০

## অবসান

জানি দিন অবসান হবে,

জানি তবু কিছু বাকি রবে।

রজনীতে ঘুমহারা পাথি

এক হুরে গাহিবে একাকী—

যে শুনিবে, যে রহিবে জাগি

সে জানিবে, তারি নীড়হারা

স্থপন খুঁজিছে সেই তারা

যেখা প্রাণ হয়েছে বিবাগি।

কিছু পরে করে যাবে চুপ

হায়াঘন স্থপনের রূপ।

ঝরে যাবে আকাশকুহুম,

তথন কুজনহীন ঘুম

এক হবে রাত্রির সাথে

## त्रवीत्य-त्रघ्यांवनी

বে-পান স্থানে নিধ বাসা তার স্থীণ গুঞ্জন-ভাষা শেষ হবে সব-শেষ রাতে।

শান্তিনিকেতন ১৯ জুলাই, ১৯৪০

# নাটক ও প্রহসন

## বাঁশরি

## বাঁশৱি

## প্রথম অঙ্ক

## अथग मृश्र

শ্রীমতী বাঁশরি সরকার বিলিতি য়ুনিভার্সিটিতে পাস করা মেয়ে। রূপসী না হলেও তার চলে। তার প্রকৃতিটা বৈহ্যতশক্তিতে সমুজ্জ্বস, তার আকৃতিটাতে শান-দেওয়া ইস্পাতের চাকচিক্য। ক্ষিতীশ সাহিত্যিক। চেহারায় খুঁত আছে, কিন্তু গল্প লেখায় খ্যাতনামা। পার্টি জমেছে সুষমা সেনদের বাগানে।

বাঁশরি। কিতীশ, সাহিত্যে তুমি নৃতন ফ্যাশনের ধ্মকেতৃ বললেই হয়। অলস্ক লেজের ঝাপটায় পুরোনো কায়দাকে ঝেঁটিয়ে নিয়ে চলেছ আকাশ থেকে। যেখানে তোমাকে এনেছি এটা বিলিতি-বাঙালি মহল, ফ্যাশনেবল পাড়া। পথঘাট তোমার জানা নেই। দেউড়িতে কার্ড তলব করলেই ঘেমে উঠতে। তাই সকাল-সকাল আনল্ম। আপাতত একটু আড়ালে বোসো। সকলে এলে প্রকাশ কোরো আপন মহিমা। এখন চললুম, হয়তো না আসতেও পারি।

ক্ষিতীশ। রোসো, একটু সমঝিয়ে দাও। অঞ্চায়গায় আমাকে আনা কেন। বাশরি। কথাটা খোলসা করে বলি তবে। বাঞ্চারে নাম করেছ বই লিখে। আরও উন্নতি আশা করেছিলুম। ভেবেছিলুম, নামটাকে বাঞ্চার খেকে উদ্ধার করে

এত উর্ধে তুলবে যে, ইতর্মাধারণ গাল পাড়তে থাকবে।

ক্ষিতীশ। আমার নামটা বাজারে-চলতি ঘধা পয়দা নয়, দে কথা কি ৰীকার কর না।

বাঁশরি। সাহিত্যের সদর বাজারের কথা হচ্ছে না, তোমরা যে-নতুনবাজারের চলতি দরে ব্যাবসা চালাচ্ছ সেও একটা বাজার। তার বাইরে যেতে তোমার সাহস নেই পাছে মালের গুমোর কমে। এবারে তারই প্রমাণ পেলুম তোমার এই হালের বইটাতে বার নাম দিয়েছ 'বেমানান'। শস্তায় পাঠক ভোলাবার লোভ ভোমার

পুরো পরিমাণেই আছে। মাঝারি লেখকেরা মরে ঐ লোভে। তোমার এই বইটাকে বলি আধুনিকতার বটতলায় ছাপা, খেলো আধুনিকতা।

ক্ষিতীশ। কিঞিং রাগ হয়েছে দেখছি; ছুরিটা বিঁধেছে তোমাদের ফ্যাশনেবল শার্ট-ফ্রন্ট ফুঁড়ে।

বাঁশরি। রামো : ছুরি বল ওকে : যাত্রার দলের কাঠের ছুরি, রাংতা-মাধানো। ওতে যারা ভোলে তারা অজুরুগ।

किजीन। आष्ट्रा, त्यत्न नित्वय। किन्न आयारक वर्षात्न रकन।

বাঁশরি। তুমি টেবিল বাজিয়ে বাজনা অভ্যেদ কর, যেখানে সভ্যিকার বাজনা মেলে সেইখানে শিক্ষা দিতে নিয়ে এলুম। এদের কাছ থেকে দূরে থাক, ঈর্বা কর, বানিয়ে দাও গাল। ভোমার বইয়ে নলিনাক্ষের নামে যে দলকে স্পষ্ট করে লোক হাসিয়েছ সে দলের মাছষকে কি সভ্যি করে জান।

क्लिजैन । आमानरञ्ज माक्नीत्र मराज स्नानि तम्, वानिराय वनवात्र मराज स्नानि ।

বাঁশরি। বানিয়ে বলতে গেলে আদালতের সাক্ষীর চেয়ে অনেক বেশি জানা দরকার হয়, মশায়। যথন কলেজে পড়া মুখস্থ করতে তথন শিখেছিলে রসাত্মক বাক্যই কাব্য; এখন সাবালক হয়েছ তবু ঐ কথাটা পুরিয়ে নিতে পারলে না যে, সত্যাত্মক বাক্য রসাত্মক হলেই তাকে বলে সাহিত্য।

ক্ষিতীশ। ছেলেমাগুষি ক্ষচিকে রস জোগাবার ব্যাবসা আমার নয়। আমি এসেছি জীর্ণকে চূর্ণ করে সাফ করতে।

বাশরি। বাদ্রে! আচ্ছা বেশ, কলমটাকে যদি ঝাঁটাই বানাতে চাও তা হলে আঁজাকুড়টা সত্যি হওঁয়া চাই, ঝাঁটাগাছটাও, আর সেই সলে ঝাড়ু-ব্যবসায়ীর হাতটাও। এই আমরাই তোমাদের নিলনাক্ষের দল, আমাদের অপরাধ আছে ঢের, তোমাদেরও আছে বিস্তর। ক্ষুর মাণ করতে বলি নে, ভালো করে জানতে বলি, সত্যি করে জানাতে বলি, এতে ভালোই লাগুক মন্দই লাগুক কিছুই যায় আসে না।

কিতীশ। অন্তত তোমাকে তো জেনেছি, বাঁশি। কেমন লাগছে তারও আভাস আড়চোখে কিছু কিছু পাও বোধ করি।

বাশরি। দেখো সাহিত্যিক, আমাদের দলেও মানান-বেমানানের একটা নিষ্কি আছে। চিটেগুড় মাথিয়ে কথাগুলোকে চট্চটে করে তোলা এথানে চলতি নেই। ওটাতে যেশ্লা করে। শোনো কিতীশ, আর-একবার তোমাকে ম্পষ্ট করে বলি।

ক্রিতীশ। এত অধিক স্পষ্ট তোমার কথা যে, যত বৃঝি তার চেরে বাজে বেশি। বাশরি। তা হোক, শোনো। অখ্থামার ছেলেবেলাকার গল্পড়েছ। ধনীর ছেলেকে ছ্ধ খেতে দেখে যখন দে কাল্লা ধ্রল, তাকে পিটুলি গুলে খেতে দেওয়া ছল, হু হাত তুলে নাচতে লাগল তুধ থেয়েচি বলে।

কিতীশ। বুঝেছি, আর বলতে হবে না। অর্থাৎ, আমার লেধায় পিটুলি-গোলা জল থাইরে পাঠকশিশুদের নাচাচ্ছি।

বাঁশরি। বানিয়ে-তোলা লেখা তোমার, বই প'ড়ে লেখা। জীবনে যার সত্যের পরিচয় আছে তার অমন লেখা বিস্থাদ লাগে।

কিতীশ। সত্যের পরিচয় আছে তোমার ?

বাঁশরি। হাঁ আছে, তৃঃথ এই, লেখবার শক্তি নেই। তার চেয়ে তৃঃধের কথা—লেখবার শক্তি আছে তোমার, কিন্তু নেই সত্যের পরিচয়। আমি চাই, তুমি স্পষ্ট জানতে শেখ যেমন প্রত্যক্ষ করে আমি জেনেছি, সাঁচচা করে লিখতে শেখ। যাতে মনে হবে, আমারই মন প্রাণ যেন তোমার কলমের মুখে ফুটে পড়ছে।

किछीन। आनात कथा তো বললে, आनवात भक्षिकी की।

বাশরি। পদ্ধতিটা শুরু হোক আজকের এই পার্টিতে। এধানকার এই জগংটার কাছ থেকে সেই পরিমাণে তুমি দূরে আছ যাতে এর সমস্তটাকে নির্দিপ্ত হয়ে দেখা সম্ভব।

ক্ষিতীশ। আচ্ছা, তা হলে এই পার্টিটার একটা দরল ব্যাখ্যা দাও, একটা দিনপ্ দিন।

বাঁশরি। তবে শোনো— এক পক্ষে এই বাড়ির মেয়ে, নাম স্থমা সেন। পুরুষ-মাত্রেরই মত এই যে, ওর যোগ্যপাত্র জগতে নেই নিজে ছাড়া। উদ্ধত যুবকদের মধ্যে মাঝে মাঝে এমনতরো আন্তিন-গোটানো ভঙ্গী দেখি যাতে বোঝা যায়, আইন-আদালত না থাকলে ওকে নিয়ে লোককয়কয় কাণ্ড ঘটত। অপর পক্ষে শক্তুগড়ের রাজা সোমশংকয়। মেয়েরা ভার সম্বন্ধে কী কানাকানি করে বলব না, কায়ণ আমিও স্ত্রী জাতিরই অন্তর্গত। আলকের পার্টি এঁদের দোঁহাকার এনগেজ মেন্ট নিয়ে।

ক্ষিতীশ। তুজন মাহুবের ঠিকানা পাওয়া গেল। তুই সংখ্যাটা গড়ায় এসে স্থীতল গাহছো। তিন সংখ্যাটা নারদ, পাকিয়ে তোলে জটা, ঘটিয়ে তোলে তাপজনক নাট্য। এর মধ্যে তৃতীয় ব্যক্তি কোথাও আছে নিশ্চয়, নইলে সাহিত্যিকের প্রলোভন কোথায়।

বাশরি। আছে তৃতীয় ব্যক্তি, সেই হয়তো প্রধান ব্যক্তি। লোকে তাকে ভাকে প্রন্দরসন্ত্যাসী। পিতৃদন্ত নামটার সন্ধান মেলে না। কেউ দেখেছে তাকে ক্সতমেলায়, কেউ দেখেছে গারো পাহাড়ে ভালুক-শিকারে। কেউ বলে, ও য়ুরোপে অনেককাল

ছিল। স্বযাকে কলেজের পড়া পড়িয়েছে আপন ইচ্ছার। অবশেবে ঘটিয়েছে এই সবদ। স্বযার মা বললেন— অন্তানটা হোক বাহ্মসমাজের কাউকে দিয়ে, স্বমা জেদ ধরণে একমাজ পুরন্দর ছাড়া আর-কাউকে দিয়ে চলবে না। চতুর্দিকের আবহাওয়াটার কথা যদি জিজ্ঞাসা কর, বলব, কোনো-একটা জায়গায় ডিপ্রোশন ঘটেছে। গতিকটা ঝোড়ো রকমের; বাদলা কোনো না কোনো পাড়ায় নেমেছে, বৃষ্টিপাত হয়তো আভাবিকের চেয়ে বেশি। বাস, আর নয়।

ক্ষিতীশ। ওই যা:, এই দেখো আমার এগুর চাদরটাতে মন্ত একটা কালির দাপ।

বাশরি। ব্যম্ব হও কেন। ঐ কালির দাগেই তোমার অসাধারণতা। তুমি রিয়ালিস্ট, নির্মলতা তোমাকে মানার না। তুমি মসীধ্বজন। ঐ আসছে অনস্থরা প্রিয়ম্বদা।

কিতীশ। তার মানে?

বাশরি। ত্ই স্থী। ছাড়াছাড়ি হ্বার জো নেই। বন্ধুছের উপাধি-পরীক্ষায় ঐ নাম পেয়েছে, আসল নামটা ভূলেছে স্বাই।

[ উভয়ের প্রস্থান

## তুই স্থীর প্রবেশ

- ১। আৰু স্বমার এন্গেরু মেন্ট, মনে করতে কেমন লাগে।
- ২। সব মেরেরই এন্গেন্ড্ মেনে ধারাপ হয়ে যায়।
- १। रक्न।
- ২। মনে হয়, দড়ির উপরে চলছে, ধর্ধর্ করে কাঁপছে স্থতঃধের মাঝখানে। মুধের দিকে তাকিয়ে কেমন ভয় করে।
- ১। তা সত্যি। আজ মনে হচ্ছে যেন নাটকের প্রথম অন্ধের ডুপ্সীন উঠল। নারকনারিকাও তেমনি, নাট্যকার নিজের হাতে সাজিয়ে চালান করেছেন রক্জ্মিতে। রাজা সোমশংকরকে দেখলে মনে হয়, টডের রাজস্থান খেকে বেরিয়ে এল ছশো তিনশো বছর পেরিয়ে।
- ২। দেখিল নি. প্রথম বর্ষন এলেন রাজাবাছাছর ? খাঁটি মধ্যবুগের ; ঝাঁকড়া চুল, কানে বীরবৌলি, ছাতে মোটা কল্প, কপালে চন্দনের তিলক, বাংলা কথা খুব বাকা। পড়লেন বাঁশরির ছাতে, হল ওর মডার্ন্ সংকরণ। দেখতে দেখতে বে-রক্ম

রূপান্তর ঘটল কারও সন্দেহ ছিল না ওঁর গোঞান্তর ঘটবে বাঁশরির গুটতেই। বাণ প্রভুশংকর থবর পেয়েই তাড়াতাড়ি আধুনিকের কবল থেকে নিয়ে গেলেন সরিয়ে।

১। বাঁশরির চেয়ে বড়ো ওস্তাদ ঐ পুরন্দরসন্মাসী, সব ক'টা বেডা ডিঙিয়ে রাজার ছেলেকে টেনে নিয়ে এলেন এই ব্রাহ্মসমাজ্যের আঙটি-বদলের সভায়। সব-চেয়ে কঠিন বেডা অয়ং বাঁশরির।

## সুষমার বিধবা মা বিভাসিনীর প্রবেশ

স্বল্পজলা বৈশাখী নদীর স্রোতঃপথে মাঝে মাঝে চর প'ড়ে যেরকম দৃশ্য হয় তেমনি চেহারা। শিথিলবিস্তারিত দেহ, কিছু মাংসবছল, তবু চাপা পড়েনি যৌবনের ধারাবশেষ।

বিভাসিনী। বদে বদে কী ফিদ্ ফিদ্ করছিদ তোরা।

১। মাদি, লোকজন আসবার সময় হল, স্থমার দেখা নেই কেন।

বিভাসিনী। কী জানি, হয়তো সাজগোল চলছে। তোরা চল্ বাছা, চায়ের টেবিলের কাছে, অতিধিদের থাওয়াতে হবে।

)। यांकि मानि, अथादन अथन अदान्ज्र।

বিভাসিনী। বাই, দেখি গে স্থ্যা কী করছে। তাকে এখানে তোরা কেউ দেখিদ নি ?

२। ना, गानि।

বিভাসিনী ৷ কে যে বললে ঐ পুক্রটার ধারে এসেছিল ?

১। না, এতক্ষণ আমরাই ওখানে বেড়াচ্ছিলুম।

[ বিভাসিনীর প্রস্থান

- ২। চেয়ে দেখ ভাই, তোদের স্থাংশু কী থাটুনিই থাটছে। নিজের ধরচে ফুল কিনে এনে টেবিল দাজিয়েছে নিজের হাতে। কাল এক কাণ্ড বাধিয়েছিল। নেপু বিশ্বাস মুখ বাঁকিয়ে বলেছিল, স্বমা টাকার লোভে এক বুনো রাজাকে বিয়ে করছে।
- ১। নেপু বিশেন। ওর মুখ বাঁকবে না? বুকের মধ্যে বে ধন্থ ইংকার। আলকাল স্বমাকে নিয়ে ছেলেদের দলে বুক-অলুনির লছাকাও। ঐ স্থাংওর বুকথানা যেন মানোয়ারি জাহাজের ব্যলার্ঘরের মতো হয়ে উঠেছে।

- ২ ৷ স্থাংশুর তেজ আছে, যেমন শোনা নেপুর কথা অমনি তাকে পেড়ে ফেললে মাটিতে, বুকের উপর চেপে বলে বললে, মাপ চেয়ে চিঠি লিখতে হবে।
- ১। দারুণ গোঁয়ার, ওর ভরে পেট ভ'রে কেউ নিন্দে করতেও পারে না। বাঙালির ছেলেদের বিষম কষ্ট।
- ২। জানিস নে, আমাদের পাড়ায় বসেছে হতাশের সমিতি? লোকে যাদের বলে স্থমাভক্ত সম্প্রদায়, সৌষ্মিক যাদের উপাধি, তারা নাম নিয়েছে লক্ষীছাড়ার मन। नित्मन वानित्ररह, তাতে ভাঙাকুলোর চিহ্ন। मन्त्रात्वनात्र की टाँচास्मिछ। পাড়ার গেরন্তরা বলছে কাউন্সিলে প্রস্তাব তুলবে, আইন করে ধরে ধরে অবিলম্বে সব-क' छोत्र खीरख ममाधि, वर्षा ९ विरय (मध्या हाई। नहेल त्रांखिरत ভদ্রলোকদের धूम বন্ধ। পাব্লিক-ম্যুদেন্দ বাকে বলে।
  - ১। এই লোকহিতকর কার্যে তুই সাহায্য করতে পারবি, প্রিয়।
- ২। দয়াময়ী, লোকহিতৈবিতা তোমারও কোনো মেয়ের চেয়ে কম নয়, ভাই। লম্মীছাড়ার ঘরে লন্ধী স্থাপন করবার শথ আছে তোমার। আন্দাঞ্জে তা বুঝতে পারি। অহ, ঐ লোকটাকে চিনিদ?
  - ১। কখনো তো দেখি নি।
- २। कि जी न तात् । शक्क (कारथ, थून नाम। वानित्र प्रामी किनित्मत वाका त्र प्र বোঝে। ঠাট্টা করলে বলে— ঘোলের লাধ হধে মেটাচ্ছি, মুক্তার বদলে গুক্তি।
  - ১। চল ভাই, সবাই এসে পড়ল। আমাদের একত্র দেখলে ঠাট্টা করবে।

উভয়ের প্রস্থান

## দ্বিতীয় দুখ্য

বাগানের কোণে তিনটে ঝাউগাছ চক্র করে দাঁড়িয়ে। তলায় কাঠের আসন। সেই নিভূতে ক্ষিতীশ। অন্তত্ত নিমন্ত্রিতের দল কেউ-বা আলাপ করছে বাগানে বেড়াতে বেড়াতে, কেউ-বা খেলছে টেনিস, কেউ-বা টেবিলে সাজানো আহার্য ভোগ করছে দাঁড়িয়ে দাঁড়িয়ে।

শচীন। আই দে, তারক, লোকটা আমাদের এলাকায় পিলপেগাড়ি করেছে. এর পরে পার্মনেন্ট টেম্বারের দাবি করবে। উচ্ছেদ করতে ফৌজদারি। ভারক। কার কথা বলছ।

শচীন। ঐ-যে নববার্ডা কাগজের গল্পলিধিয়ে কিতীশ।

তারক। ওর লেখা একটাও পড়ি নি, দেইজন্তে অসীম প্রদা করি।

শচীন। পড় নি ওর নৃতন বই 'বেমানান' ? বিলিতিমার্কা নব্যবাঞালিকে মৃচড়ে মৃচড়ে নিংড়েছে।

অহল। দূরে বদে কলম চালিয়েছে, ভয় ছিল না মনে। কাছে এগেছে এইবারে ব্যবে, নিংড়ে ধব্ধবে দাদা করতে পারি আমরাও। তার পরে চড়াতে পারি গাধার পিঠে।

অর্চনা। ওর ছোঁওয়া বাঁচাতে চাও তোমরা, ওরই ভর তোমাদের ছোঁওয়াকে। দেখছ না— দূরে বদে আইডিয়ার ডিমগুলোতে তা দিছে?

সতীশ। ও হল সাহিত্যরথী, আমরা পায়ে-হাঁটা পেয়াদা, মিলন ঘটবে কী উপায়ে।

শচীন। ঘটকী আছেন স্বয়ং তোমার বোন বাঁশরি। হাইত্রৌ দার্চ্চিলিং আর ফিলিস্টাইন সিলিগুড়ি, এর মধ্যে উনি রেল-লাইন পাতছেন। এখানে ক্ষিতীশের নেমস্কল্ন তাঁরই চক্রাস্কে।

সতীশ। তাই নাকি। তা হলে ভগবানের কাছে হতভাগার আত্মার ব্যক্তি শাস্তি কামনা করি। আমার বোনকে এখনো চেনেন না।

শৈলবালা। তোমরা যাই বল, আমার কিন্তু ওর উপরে মায়া হয়।

ুসতীশ। কোন্ গুণে।

শৈল। চেহারাতে। শুনেছি, ছেলেবেলায় মায়ের বঁটির উপর পড়ে গিয়ে কপালে চোট লেগেছিল, তাই ঐ মন্ত কাটা লাগ। শরীরের থ্ত নিয়ে ওকে বধন ঠাটা কর, আমার ভালো লাগে না।

শচীন। মিদ্ শৈল, বিধাতা তোমাকে নিখুত করেছেন তাই এত করুণা। কলির কোপ আছে যার চেহারায়, সে বিধাতার অরুপার শোধ তুলতে চায় বিশ্বের উপর। তার হাতে কলম যদি সরু করে কাটা থাকে তা হলে শতহন্ত দূরে থাকা শ্রেয়। ইংরেজ কবি পোপের কথা মনে রেখো।

শৈল। আহা, তোমরা বাড়াবাড়ি করছ।

সতীশ। শৈল, তোমার দরদ দেখে নিব্দেরই কপালে বঁটি মারতে ইচ্ছে করছে। শাল্পে আছে মেরেদের দরা আর ভালোবাসা থাকে এক মহলে, ঠাইবদল করতে দেরি হয় না।

শচীন। তোমার ভয় নেই সতীশ, মেয়েরা অযোগ্যকেই দ্যা করে।

শৈল। আমাকে তাড়াতে চাও এখান খেকে?

শচীন। সভীশ সেই অপেকাই করছে। ও যাবে সঙ্গে সংখ।

श्नि। तानिया ना वन्छि, जा इल लामात्र कथा ७ कांग करत त्व ।

শচীন। জেনে নাও বন্ধুগণ, আমারও ফাঁস করবার যোগ্য থবর আছে।

সতীশ। মিদ্ বাণী, দেখছ লোকটার স্পর্ধা? গুজবটাকে ঠেলে আনছে ভোমার দিকে। পাশ কাটাতে না পারলে অ্যাক্সিডেন্ট অনিবার্ধ।

লীলা। মিদ্ বাণীকে দাবধান করতে হবে না। ও জ্ঞানে তাড়া লাগালেই বিপদকে থেদিয়ে আনা হয়। তাই চুপচাপ আছে, কপালে যা থাকে। ঐ-যে কী গানটা, 'বলেছিল ধরা দেব না'।

#### গান

বলেছিল ধরা দেব না, ওনেছিল সেই বড়াই। বীরপুন্ধবের সর নি গুমোর, বাধিয়ে দিয়েছে লড়াই। তার পরে শেষে কী-ষে হল কার, কোন দশা হল জরপতাকার—

কেউ বলে বিত, কেউ বলে হার, আমরা গুলব ছড়াই।

অর্চনা। আঃ, কেন তোরা বাণীকে নিয়ে পড়েছিল। ও এখনি কেঁদে ফেলবে। স্বধীমা, যা তো কিতীশবাবুকে ডেকে আন চা খেতে।

লীলা। হায় রে কপাল। মিথ্যে ডাকবে, চোধ নেই, দেখতে পাও না।

সতীশ। কেন, দেখবার কী আছে।

লীলা। ঐ-যে, এণ্ডি চাদরের কোণে মস্ত একটা কালির দাগ। ভেবেছেন চাপা দিরেছেন কিন্তু খুলে পড়েছে।

সতীশ। আচ্ছা চোধ যা হোক ভোমার।

नीना। दामा **उपरक्ष भू**निम ना এলে ওঁকে नड़ाय कांत्र माधि।

সতীশ। আমার কিন্তু ভয় হয়, কোন্দিন বাঁশরি ঐ জধমী মাহ্নকে বিয়ে করে পরিবারের মধ্যে আতুরাশ্রম খুলে বসে।

লীলা। কী বল তার ঠিক নেই। বাঁশরির জন্তে ভর ! ওর একটা গল্প বলি, ভয় ভাঙৰে থনে। আমি উপস্থিত ছিলুম।

শচীন। কী মিছে তাস খেলছ তোমরা। এলো এখানে, গল্প-লিখিয়ের উপর গল্পা শুক্ত করো। লীলা। সোমশংকর হাতছাড়া হ্বার পরে বাঁশরির শথ গেল নথী-দন্তী-গোছের একটা লেথক পোষবার। হঠাৎ দেখি জোটালো কোথা থেকে আন্ত একজন কাঁচা সাহিত্যিক। সেদিন উৎসাহ পেরে লোকটা শোনাতে এসেছে একটা নৃতন লেখা। জয়দেব-পদ্মাবতীকে নিয়ে তাজা গয়। জয়দেব দ্র খেকে ভালোবাসে রাজমহিনী পদ্মাবতীকে। রাজবধ্র যেমন রূপ তেমনি সাজসক্ষা, তেমনি বিজেসাধ্যি। অর্থাৎ এ কালে জয়ালে সে হত ঠিক তোমারই মতো শৈল। এ দিকে জয়দেবের স্ত্রী বোলো-আনা প্রাম্য, ভাষায় পানাপুক্রের গন্ধ, ব্যবহারটা প্রকাশ্যে বর্ণনা করবার মতো নয়, যে-সব তার বীভৎস প্রবৃত্তি— ভ্যাশ দিয়ে ফুটকি দিয়েও তার উল্লেখ চলে না। লেখক শেষকালটার খুব কালো কালিতে দেগে প্রমাণ করেছে যে, জয়দেব স্বব, পদ্মাবতী মেকি, একমাত্র থাটি সোনা মন্দাকিনী। বাশরি চোকি ছেড়ে দাঁড়িয়ে তারখরে বলে উঠল, 'মাদ্টরপীন।' ধন্তি মেয়ে। একেবারে সায়াইম ভাকামি।

শচীন। মামুষ্টা চুপদে চ্যাপ্টা হয়ে গেল বোধ হয়।

লীলা। উলটো। বৃক উঠল ফুলে। বললে, 'শ্রীমতী বাঁশরি, মাটি থোঁড়বার কোদালকে আমি থনিত্র নাম দিয়ে শুদ্ধ করে নিই নে, তাকে কোদালই বলি।' বাঁশরি বলে উঠল, 'তোমার খেতাব হওয়া উচিত— নব্যসাহিত্যের পূর্ণচন্দ্র, কলম্বর্ষিত্ত।' ওর মুথ দিয়ে কথা বেরোয় যেন আভসবান্দির মতো।

महीन । এটাও লোকটার গলা দিয়ে গলল ? বাধল না ?

লীলা। একট্ও না। চারের পেরালায় চামচ নাড়তে নাড়তে ভাবল, আশ্রুর্ব করেছি, এবার মুগ্ধ করে দেব। বললে, 'প্রীমতী বাঁশরি, আমার একটা থিওরি আছে। দেখে নেবেন একদিন ল্যাবরেটারিতে তার প্রমাণ হবে। মেয়েদের জৈবকণায় বে এনার্জি থাকে সেটা ব্যাপ্ত সমন্ত পৃথিবীর মাটিতে। নইলে পৃথিবী হত বন্ধ্যা।' আমাদের সর্দার-নেকি ভনেই এতথানি চোথ করে বললে, 'মাটিতে! বলেন কী ক্ষিতীশবার! মেয়েদের মাটি করবেন না। মাটি তো পুরুষ। পঞ্চভূতের কোঠায় মেয়ে য়িদ কোথাও থাকে সে জলে। নারীর সঙ্গে মেলে বারি। স্থুল মাটিতে ক্ষ হয়ে সে প্রবেশ করে, কখনো আকাশ থেকে নামে রৃষ্টিতে, কখনো মাটির তলা থেকে ওঠে কোয়ারায়, কখনো কঠিন হয় বরফে, কথনো ঝরে পড়ে ঝরনায়।' যা বলিস ভাই লৈল, বাঁশি কোথা থেকে কথা আনে জুটিয়ে, ভগীরখের গঙ্গার মতো, হাঁপ ধরিয়ে দিতে পারে ঐরাবত হাতিটাকে পর্বন্ধ।

শচীন। ক্ষিতীশ দেদিন ডিজে কালা হয়ে গিরেছিল বলো। লীলা। সম্পূর্ণ। বাঁশি আমার দিকে ক্ষিরে বললে, 'তুই তো এম. এস্সিতে वास्त्राटकिंसिक निरम्भिक निरम्भिक छनि छा ? वित्य तम्मीय तम्मीय छ स अर्थ रन्हेंदिक क्रिंग क्रिंग छ ज़िस्स छ ज़िस्स हाई ज़िक स्थम मिस्स मिस्स मिस्स मिस्स मिस्स मिस्स मिस्स क्रिंग क्रिंग

তারক। তুমি তো ঐ বললে। আমি একদিন ক্ষিতীশের তালি-দেওয়া মৃথ
নিয়ে একটু ঠাট্টার আভাস দিয়েছিলেম। বাশরি বলে উঠলেন, 'দেখো লাহিড়ি,
ওর মৃথ দেখতে আমার পজিটিভ্লি ভালো লাগে।' আমি আশুর্ব হয়ে বললেম,
'তা হলে মৃথথানা বিশুর্ক মভার্ন্ আট। বুরতে ধাঁধা লাগে।' ওর সঙ্গে কথায় কে
পারবে— ও বললে, 'বিধাতার তুলিতে অসীম সাহস। যাকে ভালো দেখতে করতে
চান তাকে স্থানর দেখতে করা দরকার বোধ করেন না। তাঁর মিটার ছড়ান ইতর
লোকদেরই পাতে।' বাই জোভ্, ক্ষা বটে।

শৈল। আর কি কোনো কথা নেই তোমাদের। ক্ষিতীশবাব গুনতে পাবেন যে। সতীশ। ভয় নেই, ওধানে ফোয়ারা ছুটছে, বাতাস উলটো দিকে, শোনা যাবে না।

অর্চনা। আচ্ছা, তোমরা দব তাদ খেলো, টেনিদ থেলতে যাও, ওই মাহ্যটার দক্ষে হিদেব চুকিয়ে আদি গে।

অর্চনা প্লেটে খাবার সাজিয়ে নিয়ে গেল ক্ষিতীশের কাছে। দোহারা গড়নের দেহ, সাজে-সজ্জায় কিছু অযত্ন আছে, হাসিথুশি ঢল্টলে মুখ, আয়ু পশ্চিমের দিকে এক ডিগ্রি হেলেছে।

অর্চনা। ক্ষিতীশবাব্, পালিয়ে বদে আছেন আমাদের কাছ থেকে তার মানে ব্রতে পারি, কিছ থাবার টেবিলটাকে অপ্ত করলেন কোন্ দোষে। নিরাকার আইডিয়ায় আপনারা অভ্যন্ত, নিরাহার ভোজও কি তাই। আমরা বলনারী বলসাহিত্যের সেবার ভার পেয়েছি যে বিকটাতে সে দিকে আপনাদের পাক্ষয়।

ক্ষিতীশ। দেবী, আমরা কোগাই রসাত্মক বাক্য, তা নিয়ে তর্ক ওঠে; আপনারা দেন রসাত্মক বন্ধ, ওটা অন্তরে গ্রহণ করতে মতান্ধর ঘটে না। অর্চনা। কী চমৎকার। আমি যখন থালায় কেক সন্দেশ গোছাচ্ছিল্ম আপনি
ততক্ষণ কথাটা বানিয়ে নিচ্ছিলেন। সাত জন্ম উপোষ করে থাকলেও আমার মৃথ
দিয়ে এমন ঝক্বকে কথাটা বেরত না। তা যাক গে; পরিচয় নেই, তব্ এল্ম কাছে,
কিছু মনে করবেন না। পরিচয় দেবার মতো নেই বিশেষ কিছু। বালিগঞ্জ থেকে
টালিগঞ্জে যাবার জ্মণবৃত্তান্তও কোনো মাসিকপত্রে আজ্ পর্যন্ত ছাপাই নি। আমার
নাম অর্চনা সেন। ঐ-যে অপরিচিত ছোটো মেয়েটি বেণী ছ্লিয়ে বেড়াচ্ছে, আমি
তারই অখ্যাত কাকী।

ক্ষিতীশ। এবার তা হলে আমার পরিচয়টা—

অর্চনা। বলেন কী। পাড়াগেঁয়ে ঠাওরালেন আমাকে? শেয়ালদ-স্টেশনে কি গাইড রাথতে হয় চেঁচিয়ে জানাতে যে কলকাতা শহরটা রাজধানী। এই পরশুদিন পড়েছি আপনার 'বেমানান' গল্পটা। পড়ে হেলে মরি আর-কি। ও কী। প্রশংসা শুনতে আজও আপনার লজ্জা বোধ হয়? ধাওয়া বন্ধ করলেন যে? আচ্ছা, সত্যি বলুন, নিশ্চয় ঘরের লোক কাউকে লক্ষ্য করে লিখেছেন। রক্তের যোগ না থাকলে অমন অন্তুত স্প্রী বানানো যায় না। ঐ-যে, যে জায়গাটাতে মিস্টার কিষেণ গাণ্টা বি. এ ক্যান্টাব, মিদ্ লোটিকার পিঠের দিকের জামার ফাঁক দিয়ে আউটি ফেলে দিয়ে খানাতল্পানির দাবি করে হো-হা বাধিয়ে দিলে। আমার বন্ধুরা স্বাই পড়ে বললে, ম্যাচ্লেস— বঙ্গসাহিত্যে এ জায়গাটার দেশলাই মেলে না, একটু পোড়াকাঠিও না। আপনার লেখা ভয়ানক রিয়লিন্টিক ক্ষিতীশবাব্। ভয় হয় আপনার সামনে দাঁড়াতে।

ক্ষিতীশ। আমাদের তৃজনের মধ্যে কে বেশি ভয়ংকর, বিচার করবেন বিধাতাপুরুষ।

অর্চনা। না, ঠাটা করবেন না। নিভাড়াটা শেষ করে ফেলুন। আপনি ওক্তাদ, ঠাটার আপনার নকে পারব না। মোন্ট ইন্টারেন্টিং আপনার বইথানা। এমন দব মাহ্ব কোথাও দেখা যার না। ঐ-বে মেরেটা কী তার নাম— কথার কথার হাঁপিয়ে উঠে বলে, মাই আইজ, ও গড— লাজ্ক ছেলে তাওেলের সংকোচ ভাঙবার জন্তে নিজে মোটর হাঁকিয়ে ইচ্ছে করে গাড়িটা ফেললে থাদে, মতলব ছিল তাওেলকে ছুই হাতে তুলে পতিভোদ্ধার করবে। হবি তো হ তাওেলের হাতে হল কম্পউও ক্যাক্চার। কী ড্রামাটিক, রিয়ালিজ্মের চ্ড়ান্ড! ভালোবাসার এতবড়ো আধুনিক পদ্ধতি বেদব্যানের জানা ছিল না। ভেবে দেখুন, স্কভল্রার কত বড়ো চান্ধ মারা গেল, আর অর্জনেরও কলি গেল বেঁচে!

কিতীপ। কম মডার্ন্ নন আপনি। আমার মতো নির্লক্ষকেও লক্ষা দিতে পারেন।

অর্চনা। দোহাই কিতীশবাবু, বিনয় করবেন না। আপনি নির্মক্ত । লক্ষায় গলা দিয়ে সন্দেশ গলছে না। কলমটার কথা বতত্র।

লীলা। (কিছু দ্র থেকে) অর্চনামানি, সময় হয়ে এল, ভাক পড়েছে। অর্চনা। (জনান্তিকে) লীলা, আধমরা করেছি, বাকিটুকু ভোর হাতে।

অর্চনার প্রস্থান

লীলা সাহিত্যে ফার্ন্ট ক্লাস এম. এ. ডিগ্রি নিয়ে আবার সায়েন্স ধরেছে। রোগা শরীর, ঠাট্রা-তামাশায় তীক্ষ, সাজগোজে নিপুণ, কটাক্ষে দেখবার অভ্যাস।

লীলা। ক্ষিতীশবাব, নমকার! আপনি 'সর্বত্ত পূজ্যতে'র দলে। লুকোবেন কোথায়, পূজারী আপনাকে খুঁজে বের করে নিজের গরজে। এনেছি অটোগ্রাফের ধাতা। স্বযোগ কি কম। কী লিখলেন দেখি।

'অক্ত-সকলের মতো নয় যে-মান্থ তার মার অক্ত-সকলের হাতে।' চমৎকার, কিন্তু প্যাথেটিক। মারে ঈর্ধা ক'রে। মনে রাধবেন, ছোটো যারা তাদের ভক্তিরই একটা ইডিয়ম ঈর্ধা, মারটা তাদের পূজা।

কিতীল। বাগ বাদিনীর জাতই বটে, কথায় আশ্রহ করে দিলেন।

লীলা। বাচম্পতির জাত যে আপনারা। যেটা বললেম ওটা কোটেশন।
পুরুষের লেখা থেকেই। আপনাদের প্রতিভা বাক্যরচনায়, আমাদের নৈপুণ্য বাক্যপ্রয়োগে। ওরিজিন্তালিটি আপনার বইয়ের পাতায় পাতায়। সেদিন আপনারই
লেখা গল্পের বই পড়লেম। ত্রীলিয়েণ্ট্। ঐ-যে যাতে একজন মেয়ের কথা আছে,
সে যখন দেখলে স্বামীর মন আর-এক জনের উপরে, বানিয়ে চিঠি লিখলে; স্বামীর
কাছে প্রমাণ করে দিলে যে সে ভালোবাসে তাদের প্রতিবেশী বামনদাসকে। আশ্চর্য
লাইকলন্দির ধাধা। বোঝা শক্ত, স্বামীর মনে দ্বাধা জাগাবার এই ফল্মী না তাকে
নিছতি দেবার উদার্য।

কিতীৰ। না না, আপনি ওটা---

লীলা । বিনয় করবেন না। এমন ওরিক্সিলাল আইডিয়া, এমন ঝক্ঝকে ভাষা, এমন চরিত্রতিত্র আপনার আর-কোনো লেখার দেখি নি। আপনার নিজের রচনাকেও বছ দূরে ছাড়িয়ে গেছেন। ওতে আপনার ম্লানোবগুলো নেই, অবচ— কিতীশ। ভূল করছেন আপনি। 'রক্তকবা'— ও-বইটা ষতীন ঘটকের।

লীলা। বলেন কী। ছি, ছি, এমন ভূপও হয় ! ষতীন ঘটককে যে আপনি রোজ দ্-বেলা গাল দিয়ে থাকেন। আমার এ কী বৃদ্ধি। মাপ করবেন আমার অজ্ঞানকৃত অপরাধ। আপনার জন্তে আর-এক পেয়ালা চা পাঠিয়ে দিচ্ছি— রাগ করে ফিরিয়ে দেবেন না।

## রাজাবাহাত্র সোমশংকরের প্রবেশ

রাঘ্বংশিক চেহারা 'শালপ্রাংশুর্মহাভূজঃ' রৌদ্রে পুড়ে ঈষৎ মান গৌরবর্ণ, ভারী মুখ দাড়িগোঁফ-কামানো, চূড়িদার সাদা পায়জামা, চূড়িদার সাদা আচকান, সাদা মসলিনের পাঞ্জাবি কায়দার পাগড়ি, শুঁড়ভোলা সাদা নাগরাজুতো, দেহটা যে ওজনের কণ্ঠস্বরটাও তেমনি।

সোমশংকর। ক্ষিতীশবাব্, বসতে পারি কি। ক্ষিতীশ। নিশ্চয়।

সোমশংকর। আমার নাম সোমশংকর সিং। আপনার নাম শুনেছি মিস্ বাশরির কাছ থেকে। তিনি আপনার ভক্ত।

ক্ষিতীশ। বোঝা কঠিন। অস্তত ভক্তিটা অবিমিশ্র নয়। তার থেকে ফুলের অংশ ঝরে পড়ে, কাঁটাগুলো দিনরাত থাকে বিঁধে।

সোমশংকর। আমার ত্রভাগ্য আপনার বই পড়বার অবকাশ পাই নি। তবু আমাদের এই বিশেব দিনে আপনি এবানে এসেছেন, বড়ো ক্বডজ হলুম। কোনো-এক সময়ে আমাদের শভূগড়ে আসবেন, এই আশা রইল। জায়গাটা আপনার মতো সাহিত্যিকের দেধবার যোগ্য।

বাশরি। (পিছন থেকে এসে) ভূল বলছ শংকর, যা চোথে দেখা যায় তা উনি দেখন না। ভূতের পারের মতো ওঁর চোথ উলটো দিকে। সে কথা যাক। শংকর, ব্যক্ত হোয়ো না। এখানে আজ আমার নেমস্কর ছিল না। ধরে নিচ্ছি, সেটা আমার গ্রহের ভূল নয়, গৃহক্তাদেরই ভূল। সংশোধন করতে এলুম। আজ স্থমার সক্ষে তোমার এন্গেজমেন্টের দিন, অবচ এ সভায় আমি থাকব না এ হতেই পারে না। খুলি হও নি অনাহত এসেছি বলে?

সোমশংকর। খুব খুশি হয়েছি, সে কি বলতে হবে। বাঁশরি। সেই কথাটা ভালো করে বলবার জন্তে একটু বোদো এবানে। ক্ষিতীশ, ঐ চাপাগাছটার তলায় কিছুক্ষণ অধিতীয় হয়ে থাকো গে। আড়ালে তোষার নিন্দে করব না। [ক্ষিতীশের প্রস্থান

শংকর, সময় বেশি নেই, কান্ধের কথাটা সেরে এখনই ছুটি দেব। তোমার নৃতন এন্গেন্সমেন্টের রাভার পুরোনো জ্ঞাল কিছু জমে আছে। সাফ করে ফেললে স্থগম হবে পথ। এই নাও।

বাঁশরি রেশমের থলি থেকে একটা পান্নার কণ্ঠা, হীরের ব্রেস্লেট, মুক্তোবসানো ব্রোচ বের করে দেখিয়ে আবার থলিতে পুরে সোমশংকরের কোলে ফেলে দিলে।

সোমশংকর। বাঁশি, তুমি জান, আমার মুথে কথা জোগায় না। যা বলতে পারলেম না তার মানে নিজে বুঝে নিয়ো।

বাশরি। দব কথাই আমার জানা, মানে আমি বুঝি। এখন যাও, তোমাদের সময় হল।

সোমশংকর। যেয়োনা, বাশি। ভূল বুঝোনা আমাকে। আমার শেষ কথাটা তনে যাও। আমি জললের মান্ত্র। শহরে এনে কলেজে পড়ার আরজের মুখে প্রথম তোমার সঙ্গে দেখা। সে দৈবের খেলা। তুমিই আমাকে মান্ত্র করে দিয়েছিলে, তার দাম কিছুতেই শোধ হবে না। তুচ্ছ এই গরনাগুলো।

বাশরি। আমার শেষ কথাটা শোনো, শংকর। আমার তথন প্রথম বয়েস, তৃমি
এসে পড়লে সেই নতৃন-জাগা অরুপরতের দিগন্তে। ডাক দিয়ে আলোয় আনলে যাকে
তাকে লও বা না লও নিজে তো তাকে পেলুম। আত্মপরিচয় ঘটল। বাদ্, ছই পক্ষে
হয়ে গেল শোধবাধ। এখন ছজনেই অৠণী হয়ে আপন আপন পথে চললুম। আর
কী চাই।

সোমশংকর। বাঁশি, যদি কিছু বলতে যাই নির্বোধের মতো বলব। ব্ঝাশুম, আমার আদল কথাটা বলা হবে না কোনোদিনই। আচ্ছা, তবে থাক্। অমন চুপ করে আমার দিকে চেয়ে আছ কেন। মনে হচ্ছে, ছুই চোখ দিয়ে আমাকে শুপ্ত করে দেবে।

বাঁশরি। আমি তাকিয়ে দেখছি একশো বছর পরেকার যুগান্তে। সে দিকে আমি নেই, তুমি নেই, আন্সকের দিনের অস্তু কেউ নেই। ভুল বোঝার কথা বলছ! সেই ভুল বোঝার উপর দিয়ে চলে যাবে কালের রখ। খুলো হয়ে যাবে, সেই খুলোর উপরে বলে খেলা করবে ভোমার নাতি-নাতনিরা। সেই নির্বিকার খুলোর হোক জয়।

সোমশংকর। এ গয়নাগুলোর কোথাও স্থান রইল না; যাক তবে।

[ ফেলে দিলে ফোয়ারার জলাশয়ে

## সুষ্মার বোন সুষীমার প্রবেশ

ফ্রক পরা, চশমা চোখে, বেণী দোলানো, ক্রতপদে-চলা এগারো বছরের মেয়ে।

স্থীমা। স্ব্যাসীবাবা আসছেন, শংকরদা। তোমাকে ডেকে পাঠালেন স্বাই। তুমি আসবে না, বাঁশিদিদি ?

বাশরি। আসব বইকি, আসার সময় হোক আগে।

[ সোমশংকর ও স্থীমার প্রস্থান

কিতীশ, খনে যাও। চোধ আছে? দেখতে পাচ্ছ কিছু কিছু?

কিতীশ। রক্তৃমির বাইরে আমি। আওয়াক পাচ্ছি, রাস্তা পাচ্ছি নে।

বাশরি। বাংলা উপস্থানে নিয়্মার্কেটের রাস্থা খুলেছ নিজের জোরে আলকাতরা ঢেলে। এখানে পুতৃলনাচের রাস্থাটা বের করতে তোমারও অফীশিরাল গাইড চাই! লোকে হাসবে বে!

কিতীশ। হাত্মক-না। রাস্তা না পাই, অমন গাইডকে তো পাওয়া গেল।

বাঁশরি। রসিকতা ! সন্তা মিটায়ের ব্যাবসা ! এজন্তে ভাকি নি ভোমাকে। সত্যি করে দেখতে শেখাে, সত্যি করে লিখতে শিখবে। চারি দিকে অনেক মাহুষ আছে, আনেক অমাহ্যও আছে, ঠাহর করলেই চোখে পড়বে। দেখাে দেখাে, ভালাে করে দেখাে।

কিতীশ। নাই বা দেখলেম, ভোমার তাতে কী।

বাঁশরি। নিজে লিখতে পারি নে যে, ক্ষিতীশ। চোখে দেখি, মনে বৃঝি, স্বর বন্ধ, ব্যর্থ হয় যে সব। ইতিহাসে বলে, একদিন বাঙালি কারিগরদের বৃড়ো আঙুল দিয়েছিল কেটে। আমিও কারিগর, বিধাতা বৃড়ো আঙুল কেটে দিয়েছেন। আমদানি-করা মালে কান্ধ চালাই, পর্য করে দেখতে হয় সেটা সাঁচ্চা কি না। তোমরা লেখক, আমাদের মতো কলমহারাদের জন্তেই কলমের কান্ধ তোমাদের।

#### সুষমার প্রবেশ

দেখবামাত্র বিশ্ময় লাগে। চেহারা সভেজ সবল সমুয়ত। রঙ যাকে বলে কনকগৌর, ফিকে চাঁপার মতো, কপাল নাক চিবুক যেন কুঁদে তোলা।

স্বমা। (কিতীশতে নমন্ধার ক'রে) বাঁশি, কোণে লুকিয়ে কেন।
বাঁশরি। কুনো সাহিত্যিককে বাইরে আনবার জন্ত। খনির সোনাকে শানে
২৪৪১১

চড়িয়ে তার চেকনাই বের করতে পারি, আগে থাকতেই হাত্যশ আছে। স্বয়তকৈ দামী করে তোলে জহরী পরের ভেগেরই জন্ত, কী বল। স্বয়ী, ইনিই কিতীশবার, জান বোধ হয়।

স্থমা। জানি বইকি। এই সেদিন পুড়ছিলুম ওঁর 'বোকার বৃদ্ধি' গলটো। কাগজে কেন এত গাল দিরেছে ব্রুতে পারলুম না।

কিতীশ। অর্থাৎ বইখানা গাল দেবার যোগ্য এতই কী ভালো।

স্থমা। ওরকম ধারালো কথা বলবার ভার বাঁশরি আর ঐ আমার পিসতুতো বোন লীলার উপরে। আপনাদের মতো লেথকের বই সমালোচনা করতে ভয় করি, কেননা তাতে সমালোচনা করা হয় নিজেরই বিছে-বৃদ্ধির। অনেক কথা বৃহতেই পারি নে। বাঁশরির কল্যাণে আপনাকে কাছে পেয়েছি, দরকার হলে বৃহিয়ে নেব।

বাশরি। কিন্তীশবার জাচার্ল্ হিক্টি লেখেন গরের ছাঁচে। যেথানটা জানা নেই, দগদগে রঙ লেশে দেন মোটা তৃলি দিয়ে। রঙের আমদানি সম্জের ওপার থেকে। দেখে দয়া হল। বললুম, জীবজন্তর সাইকলজির খোঁজে গুহাগহরেরে যেতে যদি খরচেনা কুলোয়, অন্তত জুয়োলজিকালের খাঁচার ফাঁক দিয়ে উকি মারতে দোহ কী।

স্বমা। তাই বৃঝি এনেছ এখানে?

বাশরি। পাপম্থে বলব কী করে। তাই তো বটে। ক্ষিতীশবাবুর হাত পাকা, মালমশলাও পাকা হওয়া চাই। যথাদাধ্য জোগাড় দেবার মজুরগিরি করছি।

ক্ষমা। ক্ষিতীশবাব, একটু অবকাশ করে নিয়ে আমাদের ও দিকে যাবেন। মেয়েরা সন্থ আপনার বই কিনে আনিয়েছে সই নেবে বলে। সাহস করছে না কাছে আসতে। বানি, ওঁকে একলা ঘিরে রেখে কেন অভিশাপ কুড়োচ্ছ।

বাশরি। (উচ্চহাল্ডে) সেই অভিশাপই তো মেরেদের বর। সে তুমি জান। জয়য়াজায় মেয়েদের লুটের মাল প্রতিবেশিনীর ঈর্যা।

ক্ষমা। কিতীশবাৰু, শেষ দরবার জানিয়ে গেলুম। গণ্ডি পেরোবার স্বাধীনতা যদি থাকে একবার যাবেন ও দিকে।

[ স্বমার প্রস্থান

ক্ষিতীশ। কী আশ্চর্ষ ওঁকে দেখতে। বাঙালি ঘরের মেয়ে বলে মনেই হয় না। যেন এথীনা, যেন মিনর্ভা, যেন ক্রন্হিল্ড়!

বাশরি। (তীত্রহাস্থে) হায় রে হায়, যত বড়ো দিগ্গজ পুরুষই হোক-না কেন স্বার মধ্যেই আছে আদিম যুগের বর্বর। হাড়-পাকা রিয়লিস্ট্ বলে দেমাক কর, ভান কর মন্তর মান না। লাগল মন্তর চোধের কটাকে, একদম উড়িরে নিয়ে গেল মাইখলজির যুগে। আজও কচি মনটা রূপকথা আঁকড়িয়ে আছে। তাকে হিঁচড়িয়ে উজোন পথে টানাটানি ক'রে মনের উপরের চামড়াটাকে করে তুলেছ কড়া। তুর্বল বলেই বলের এত বড়াই।

क्लिंग। त्म कथा माथा (हैंहे क्दब्रे मानव। भूकरकाल पूर्वन काल।

বাশরি। তোমরা আবার রিয়লিস্ট্! রিয়লিস্ট্ মেয়েরা। যতবড়ো সুল পদার্থ হও না, যা তোমরা তাই বলেই জানি তোমাদের। পাঁকে-ভোবা জলহন্তীকে নিয়ে ঘর যদি করতেই হয় তাকে ঐরাবত বলে রোমান্স্ বানাই নে। রঙ মাধাই নে তোমাদের মুখে। মাঝি নিজে। রূপকথার খোকা সব! ভালো কাল হয়েছে মেয়েদের! তোমাদের ভোলানো। পোড়া কপাল আমাদের! এথীনা! মিনর্ডা! মরের যাই! ওগো রিয়লিস্ট্, রাস্তায় চলতে যাদের দেখেছ পানওয়ালীর দোকানে, গড়েছ কালো মাটির তাল দিয়ে যাদের মৃতি, তারাই সেজে বেড়াছে এথীনা, মিনর্ডা।

ক্ষিতীশ। বাশি, বৈদিককালে ঋষিদের কাজ ছিল মস্কর পড়ে দেবতা ভোলানো— বাঁদের ভোলাতেন তাঁদের ভক্তিও করতেন। তোমাদের যে সেই দশা। বোকা পুক্ষদের ভোলাও তোমরা, আবার পাদোদক নিতেও ছাড় না। এমনি করেই মাটি করলে এই জাতটাকে।

বাঁশরি। সত্যি সত্যি, খুব সত্যি। ঐ বোকাদের আমরাই বসাই টঙের উপরে, চোথের জলে কাদামাধা পা ধুইয়ে দিই, নিজেদের অপমানের শেষ করি, যত ভোলাই তার চেয়ে ভূলি হাজার গুণে।

কিতীশ। এর উপায়?

বাশরি। লেখো, লেখো দত্যি করে, লেখো শক্ত করে। মস্তর নয়, মাইথলজি
নয়, মিনর্ভার মুখোশটা ফেলে দাও টান মেরে। ঠোঁট লাল ক'রে তোমাদের
পানওয়ালী যে মস্তর ছড়ায় ঐ আশ্চর্য মেয়েও ভাষা বদলিয়ে দেই মস্তরই ছড়াচ্ছে।
সামনে পড়ল পথ-চলতি এক রাজা, গুরু করলে জাছ়। কিসের জন্তে। টাকার
জন্তে। গুনে রাখো, টাকা জিনিসটা মাইথলজির নয়, ওটা ব্যাক্কের, ওটা তোমাদের
রিয়লিজ্মের কোঠায়।

ক্ষিতীশ। টাকার প্রতি দৃষ্টি আছে সেটা তো বৃদ্ধির লক্ষণ, সেইসকে হৃদয়টাও ধাকতে পারে।

বাশরি। আছে গো, হানর আছে। ঠিক জারগার খুঁজলে দেখতে পাবে, পানওয়ালীরও হানর আছে। কিছ মৃন্দা এক দিকে, হানরটা আর-এক দিকে। এইটে যথন আবিভার করবে তখনই জমবে গলটো। পাঠিকারা ঘোর আপত্তি করবে; বলবে, মেরেদের থেলো করা হল, অর্থাৎ তাদের মন্ত্রশক্তিতে বোকাদের মনে থটকা লাগানে। হচ্ছে। উচ্চুদরের পুরুষ পাঠকও গাল পাড়বে। বল কী, তাদের মাইথলঞ্জির রঙ চটিয়ে দেওরা! সর্বনাশ। কিন্তু ভয় কোরো না ক্ষিতীশ, রঙ যথন যাবে জলে, মন্ত্র পড়বে চাপা, তথনো সত্য থাকবে চিঁকে, শেলের মতো, শুলের মতো।

কিতীশ। শ্রীমতী স্থমার হৃদয়ের বর্তমান ঠিকানাটা জানতে পারি কি।

বাশরি। ঠিকানা বলতে হবে না, নিজের চোখেই দেখতে পাবে যদি চোধ থাকে। এখন চলো ঐ দিকে। ওরা টেনিস-খেলা সেরে এসেছে। এখন আইন্ক্রিম পরি-বেশনের পালা। বঞ্চিত হবে কেন।

[ উভয়ের প্রস্থান

## তৃতীয় দৃশ্য

বাগানের এক দিক। খাবার-টেবিল ঘিরে বসে আছে তারক, শচীন, সুধাংশু, সতীশ ইত্যাদি।

তারক। বাড়াবাড়ি হচ্ছে সন্ন্যাসীকে নিয়ে। নাম পুরন্দর নয়, সবাই জানে। আসল নাম ধরা পড়লেই বোকার ভিড় পাতলা হয়ে বেত। দেশী কি বিদেশী তা নিয়েও মতভেদ। ধর্ম কী জিজাসা করলে হেসে বলে, ধর্মটা এখনো মরে নি তাই তাকে নামের কোঠায় ঠেসে দেওয়া চলে না। সেদিন দেখি, আমাদের হিমুকে গল্ফ শেখাছে। হিমুর জীবাত্মাটা কোনোমতে গল্ফের গুলির পিছনেই চুটতে পারে, তার বেশি ওর দৌড় নেই, তাই সে ভক্তিতে গদ্গদ। মিন্টিরিয়স সাজের নানা মালমশলা জ্টিয়েছে। আজ ওকে আমি একস্পোক্ত করব সবার সামনে, দেখে নিয়ো।

স্থাংশু। প্রমাণ করবে, তোমার চেয়ে যে বড়ো সে তোমার চেয়ে ছোটো।
সতীশ। আঃ স্থাংশু, মজাটা মাটি করিস কেন। পকেট বাজিয়ে ও বলছে
ডকুমেন্ট্ আছে। বের করুক-না, দেখি কী রকম চীজ সেটা। ঐ যে সম্র্যাসী, সজে
আসচেন এঁরা স্বাই।

## পুরন্দরের প্রবেশ

ললাট উন্নত, জলছে হুই চোখ, ঠোঁটে রয়েছে অফ্চারিত অফ্লাসন, মুখের স্বচ্ছ রঙ পাণ্ডুর শ্রাম— অন্তর থেকে বিচ্ছুরিত দীপ্তিতে ধৌত। দাড়ি-সোঁফ কামানো, সুডৌল মাধায় ছোটো করে হাঁটা চুল, পায়ে নেই জুজো, তসরের ধৃতি পরা, গায়ে খয়েরি রঙের চিলে জামা। সঙ্গে সুষমা, সোমশংকর, বিভাসিনী।

্ শচীন। সন্মাসীঠাকুর, বলতে ভয় করি, কিন্তু চা খেতে দোষ কী।

পুরন্দর। কিছুমাত্র না। যদি ভালো চা হয়। আজ থাক্, এইমাত্র নেমস্কর থেয়ে আসচি।

শচীন। নেমস্তর আপনাকেও ? লাকে নাকি। গ্রেট্ইস্টারনে বোইমের মোচ্চব!

শচীন। ডাক্তার উইল্কক্স। কী উপলক্ষে।

পুরন্দর। যোগবানিষ্ঠ পড়ছেন।

मठीन । वाम् त्र । ७८२ जात्रक, अिगर्य अत्मान्ता ।— की-स्य वनहित्न ।

তারক। এই ফোটোগ্রাফটা তো আপনার?

भूतमात्र । मत्मर्याज त्नरे।

তারক। মোগলাই সাজ, সামনে গুড়্গুড়ি, পাশে দাড়িওয়ালাটা কে। স্কুম্পষ্ট যাবনিক।

পুরন্দর। রোশেনাবাদের নবাব। ইরানী বংশীয়। তোমার চেয়ে এঁর আর্থরক্ত বিশুদ্ধ।

তারক। আপনাকে কেমন দেখাচ্ছে বে!

পুরন্দর। দেখাচ্ছে তুর্কির বাদশার মতো। নবাবসাহেব ভালোবাদেন আমাকে, আদর করে ডাকেন মৃক্তিয়ার মিঞা, খাওয়ান এক থালায়। মেয়ের বিয়ে ছিল, আমাকে সাজিয়েছিলেন আপন বেশে।

তারক। মেয়ের বিয়েতে ভাগবতপাঠ ছিল বৃঝি?

পুরন্দর। ছিল পোলোধেলার টুর্নামেন্ট্। আমি ছিল্ম নবাবসাহেবের আপন দলে।

ভারক। কেমন সন্ন্যাসী আপনি।

পুরন্দর। ঠিক বেমনটি হওয়া উচিত। কোনো উপাধিই নেই, তাই সব উপাধিই সমান খাটে। জন্মছি দিগছর বেশে, মরব বিশাদর হয়ে। তোমার বাবা ছিলেন কাশীতে হরিহর তত্ত্বরু, তিনি আমাকে যে নামে জানতেন সে নাম গেছে দুচে। তোমার দাদা রামসেবক বেদাস্কভূষণ কিছুদিন পড়েছেন আমার কাছে বৈশেষিক। তৃমি তারক লাহিড়ি, তোমার নাম ছিল বৃত্ব, আজ খণ্ডরের হুপারিসে কক্স্হিল সাহেবের আ্যাটর্নি-অফিসে শিকানবিশ। সাজ বদলেছে তোমার, তারক নামের আক্তকরটা তবর্গ থেকে টবর্গে চড়েছে। গুনেছি যাবে বিলেতে। বিশ্বনাশের বাহনের প্রতি দয়া রেখো।

তারক। ডাক্তার উইল্কক্সের কাছ থেকে কি ইন্ট্রোডাক্শন চিঠি পাওয়া যেতে পারবে।

পুরন্দর। প্রাওয়া অসম্ভব নয়।

তারক। মাপ করবেন।

[ भारत्र धूटना निरम व्यभाम

বাশরি। স্থ্যার মাস্টারিতে আজ ইম্বফা দিতে এসেছেন?

পুরন্দর। কেন দেব। আরো-একটি ছাত্র বাড়ল।

বাঁশরি। শুরু করাবেন মুগ্ধবোধের পাঠ? মুগ্ধতার তলাগ্ব ভূবছে যে মান্ত্রটা হঠাৎ তার বোধোদয় হলে নাড়ি ছাড়বে।

পুরন্দর। (কিছুক্ষণ বাঁশরির মুখের দিকে তাকিয়ে) বৎদে, একেই বলে গুইতা।
. [বাঁশরি মুখ ফিরিয়ে দরে গেল

বিভাসিনী। সময় হয়েছে। ঘরের মধ্যে সভা প্রস্তুত, চলুন সকলে।

#### সকলের ঘরে প্রবেশ

দরজ। পর্যস্ত গিয়ে বাঁশরি থমকে দাঁড়াল।

ক্ষিতীশ। তুমি যাবে না ঘরে?

বাঁশরি। শস্তাদরের সত্পদেশ শোনবার শথ আমার নেই।

ক্ষিতীশ। সত্পদেশ।

বাঁশরি। এই তো স্থযোগ। পালাবার রাস্তা বন্ধ। জালিয়ানওয়ালাবাগের মার। ক্ষিতীশ। আমি একবার দেখে আদিগে।

বাশরি। না। শোনো, প্রশ্ন আছে। দাহিত্যসম্রাট, গ্লাটার মর্ম যেথানে দেখানে পৌচেছে ভোমার দৃষ্টি ?

ক্ষিতীশ। আমার হবেছে অন্ধ-গোলাপুল স্থায়। লেজটা ধরেছি চেশে, বাকিটা টান মেরেছে আমাকে কিন্তু চেহারা রয়েছে অম্পট। মোট কথাটা এই বুঝেছি বে, স্বমা বিয়ে করবে রাজাবাহাত্রকে, পাবে রাজেশ্ব, তার বদলে হাতটা নিতে প্রস্তুত, প্রদর্টা নয়।

বাঁশরি। তবে শোনো বলি। সোমশংকর নয় প্রধান নায়ক, এ কথা মনে রেখো। ক্ষিতীশ। তাই নাকি। তা হলে অস্তত গ্রুটার ঘাট পর্যন্ত পৌছিয়ে দাও। তার পরে সাঁতরিয়ে হোক, খেয়া ধ্বে হোক, পারে পৌছব।

বাশরি। হরতো জান পুরন্দর তরুণসমাজে রিনা মাইনের মাস্টারি করেন। পরীক্ষার উৎরিয়ে দিতে অন্বিতীর। কড়া বাছাই করে নেন ছাত্র। ছাত্রী পেতে পারতেন অসংখ্য, কিন্তু বাছাইরীতি এত অসম্ভব কঠিন যে, এতদিনে একটিমাত্র পেরেছেন, তার নাম শ্রীমতী স্বয়া সেন।

কিতীশ। ছাত্রী যাদের ত্যাগ্ম করেছেন তাদের কী দশা।

বাঁশরি। আত্মহত্যার সংখ্যা কত, খবর পাই নি। এটা জানি, তাদের অনেকেই চঞ্ মেলে চেয়ে আছে উর্ধে।

কিতীশ। সেই চকোরীর দলে নাম লেখাও নি ?

বাশরি। তোমার কী মনে হয়।

ক্ষিতীশ। আমার মনে হয় চকোরীর জাত তোমার নয়, তুমি মিসেশ রাছর পদের উমেদার। যাকে নেবে তাকে দেবে লোপ করে, শুধু চঞু মেলে তাকিয়ে থাকা নয়।

বাশরি। ধন্ত। নরনারীর ধাত ব্বতে পরলা নম্বর, গোল্ড মেডালিন্ট। লোকে বলে নারীস্বভাবের রহস্তভেদ করতে হার মানেন স্বয়ং নারীর স্ষ্টেক্তা পর্যস্ত, কিন্তু তুমি নারীচরিত্রচারণচক্রবর্তী, নমস্কার তোমাকে।

क्लिजीन। (क्रवाड्ड) वन्तना मात्रा दन, धवात्र वर्गनात्र भागा एक दशक।

বাশরি। এটা আন্দান্ত করতে পার নি যে, স্থ্যমা ঐ সন্ন্যাসীর ভালোবাসায় একেবারে শেষ-পর্যন্ত তলিরে গেছে ?

কিতীশ। ভালোবাসা না ভক্তি?

বাশরি। চরিত্রবিশারদ, লিখে রাখো, মেয়েদের যে ভালোবাসা পৌছয় ভক্তিতে সেটা তাদের মহাপ্রয়াণ— সেখান থেকে ফেরবার রান্তা নেই। অভিতৃত যে পুরুষ ওলের সমান প্রাট্ফর্মে নামে সেই গরিবের জন্ত থার্ড্রাস, বড়োজোর ইন্টার-মীডিয়েট। সেলুনগাড়ি তো নয়ই। যে উদাসীন মেয়েদের মোহে হার মানল না, ওলের ভূজপাশের দিগ্বলয় এড়িয়ে যে উঠল মধ্যগগনে, হই হাত উর্ধের তুলে মেয়েরা তারই উদ্দেশে দিল শ্রেষ্ঠ নৈবেছ। দেখ নি তুমি, সন্মাসী ষেখানে মেয়েদের সেখানে কী ঠেলাঠেলি ভিড।

কিতীশ। তা হবে। কিছু তার উল্টোটাও দেখেছি। মেরেদের বিষম টান



একেবারে তাজা বর্বরের প্রতি। পুলকিত হয়ে ৬ঠে তাদের অপমানের কঠোরতার, পিছন পিছন রসাতল পর্যস্ত যেতে রাজি।

√বাশরি। তার কারণ মেয়েরা অভিসারিকার জাত। এগিয়ে গিয়ে যাকে চাইতে হয় তার দিকেই ওদের পুরো ভালোবাসা। ওদের উপেক্ষা তারই 'পরে হুর্বৃত্ত হবার মতো জোর নেই যার কিয়া হুর্লভ হবার মতো তপতা।

ক্ষিতীশ। আচ্ছা, বোঝা গেল, সন্ন্যাসীকে ভালোবাসে ঐ হ্বমা। তার পরে ?
বাশরি। সে কী ভালোবাসা। মরণের বাড়া! সংকোচ ছিল না, কেননা একে
সে ভক্তি বলেই জানত। পুরন্ধর দূরে ষেত আপন কালে, হ্বমা তখন ষেত শুকিরে,
মুখ হরে ষেত ক্যাকাসে। চোখে প্রকাশ পেত জ্ঞালা, মন শৃষ্টে শৃষ্টে খুঁজে বেড়াত
কার দর্শন। বিষম ভাবনা হল মায়ের মনে। একদিন আমাকে জ্ঞিজ্ঞাসা করলেন,
'বাঁশি, কী করি।' আমার বৃদ্ধির উপর তখন তাঁর ভরসা ছিল। আমি বললেম,
'দাও-না পুরন্ধরের সঙ্গে মেয়ের বিয়ে।' তিনি তো আঁৎকে উঠলেন; বললেন, 'এমন
কথা ভাবতেও পার ?' তখন নিজেই গেলুম পুর্ন্ধরের কাছে। সোজা বললুম,
'নিশ্চয়ই জানেন, হ্বমা আপনাকে ভালোবাসে। ওকে বিয়ে করে উদ্ধার বন্ধন বিপদ
থেকে।' এমন করে মাহ্মটা তাকাল আমার মুখের দিকে, রক্ত জ্ল হয়ে গেল।
পঞ্জীর হ্বরে বললে, 'হ্বমা আমার ছাত্রী, তার ভার আমার 'পরে, আর আমার ভার
ডোমার 'পরে নয়।' পুন্ধবের কাছ থেকে এতবড়ো ধাক্কা জীবনে এই প্রথম। ধারণা
ছিল, সব পুন্ধরের 'পরেই সব মেয়ের আবদার চলে, যদি নিঃসংকোচ সাহস থাকে।
দেখল্ম হর্ভেক্ত হুর্গও আছে। মেয়েদের সাংঘাতিক বিপদ সেই বন্ধ কপাটের সামনে,
ভাকও আসে সেইখান থেকে কপালও ভাঙে সেইখানটায়।

ক্ষিতীশ। আ্চ্ছা বাঁশি, সত্যি করে বলো, সন্ন্যাসী তোমারও মনকে টেনেছিল কিনা।

বালরি। দেখো, <u>সাইকলজির অতি তুল্ধ</u> তত্ত্বের মহলে কুলুণ দেওয়া ঘর। নিষিদ্ধ দরকা না খোলাই ভালো; সদরমহলেই যথেষ্ট গোলমাল, সামলাতে পারলে বাঁচি। আজ যে-পর্যন্ত তনলে তার পরের অধ্যায়ের বিবরণ পাওয়া যাবে একখানা চিঠি থেকে। পরে দেখাব।

ক্ষিতীশ। ঘরের মধ্যে চেরে দেখো, বাঁশি। পুরন্ধর আঙটি বদল করাছে। জানলার থেকে হ্রমার ম্থের উপর পড়েছে রোদের রেখা। শুদ্ধ হরে বলে আছে, শাস্ত ম্থ, জল ঝরে পড়ছে চ্ই চোথ দিয়ে। বরকের পাহাড়ে বেন হুর্ঘান্ত, গলে পড়ছে ব্রুমান।

বাশরি। সোমশংকরের মৃথের দিকে দেখো— সুখ না ছঃখ, বাঁধন পরছে না ছিডছে? আর পুরন্দর, দে যেন ঐ পূর্যেরই আলো। তার বৈজ্ঞানিক তন্ত্ব রয়েছে লক্ষ বোজন দূরে, মেয়েটার মনে যে অগ্নিকাও চলছে তার সঙ্গে কোনো যোগই নেই। অথচ তাকে যিরে একটা অলম্ভ ছবি বানিয়ে দিলে।

ক্ষিতীশ। স্থমার 'পরে সন্মাসীর মন এতই যদি নির্লিপ্ত তবে ৬কেই বেছে নিলে কেন।

বাশরি। ও যে আইডিয়ালিস্ট্ ! বাস্রে ! এতবড়ো ভয়ংকর জীব জগতে নেই। আফ্রিকার অসভ্য মারে মাহ্মকে নিজে খাবে বলে। এরা মারে তার চেয়ে আনেক বেশি সংখ্যায়। খায় না খিলে পেলেও। বলি দেয় সারে সারে, জেলিস্থার চেয়ে স্বনেশে।

ক্ষিতীশ। সন্ন্যাসীর 'পরে তোমার মনে মনে ডক্তি আছে বলেই তোমার ভাষা এত তীব।

বাশরি। যাকে-তাকে ভক্তি করতে না পেলে বাঁচে না যে-সব হ্যাংলা মেয়ে আমি তাদের দলে নই গো। রাজরানী যদি হতুম মেয়েদের চুলে দড়ি পাকিয়ে ওকে দিতুম ফাঁসি। কামিনীকাঞ্চন ছাঁয় না-যে তা নয়, কিছে তাকে দেয় ফেলে ওর কোন্-এক জগয়াথের রথের তলায়, বৃকের পাঁজর যায় ৪ ডিটেয়।

কিতীশ। ওর আইডিয়াটা কী জ্বানা চাই তো।

বাশরি। সে আছে বাওয়াম বাঁও জলের নীচে। তোমার এলাকার বাইরে, সেখানে তোমার মন্দাকিনী-পদ্মাবতীর ডুবসাঁতার চলে না। আভাস পেয়েছি কোন্ ডাকঘর-বিবর্জিত দেশে ও এক সংঘ বানিয়েছে, তরুণতাপসসংঘ, সেখানে নানা পরীক্ষার মাহ্য তৈরি হচ্ছে।

কিতীশ। কিন্তু, তরুণী ?

বাঁশরি। ওর মতে গৃহেই নারী, কিন্তু পথে নয়।

কিতীশ। তা হলে স্বমাকে কিনের প্রয়োজন।

বাঁশরি। অন্ন চাই-বে। মেয়েরা প্রহরণধারিণী না হোক বেড়িছাতা-ধারিণী তো বটে। রাজভাগুারের চাবিটা থাকবে ওরই হাতে। ঐ-যে ওরা বেরিয়ে আসছে, অফুষ্ঠান শেষ হল বুঝি।

## পুরন্দর ও অন্য সকলে বেরিয়ে এল ঘর থেকে

পুরন্দর। (সোমশংকর ও স্থ্যাকে পাশাশাশি দাঁড় করিয়ে) তোমাদের মিলনের শেষ কথাটা ঘরের দেয়ালের মধ্যে নয় বাইরে, বড়ো রাস্কার সামনে। স্থ্য

বংসে, যে সম্বন্ধ মৃক্তির দিকে নিয়ে চলে তাকেই শ্রন্ধা করি। য়া বেঁধে রাখে পত্তর মতো প্রকৃতির-গড়া প্রবৃত্তির বন্ধনে বা মাহ্ষের-গড়া দাসত্তের শৃন্ধলে ধিক্ তাকে।
পূক্ষ কর্ম করে, স্ত্রী শক্তি দেয়। মৃক্তির রথ কর্ম, মৃক্তির বাহন শক্তি। স্থ্যা, ধনে তোমার লোভ নেই, তাই ধনে তোমার অধিকার। তুমি সন্ধ্যাসীর শিক্তা, তাই রাজার গৃহিদীপদে তোমার পূর্ণতা।

( ডান হাতে দোমশংকরের ডান হাত ধরে )

তন্ত্রাৎ অমৃত্তির্চ বশোলভন্থ জিত্তা শত্রন্ ভূঙ্ক্<sub>ন</sub> রাজ্যং সমৃত্তম্ ।

ওঠো, তুমি যশোলাভ করে।। শক্রদের জয় করে!— যে রাজ্য অসীম সমৃদ্ধিবান তাকে ভোগ করো। বংস, আমার সঙ্গে আবৃত্তি করো প্রণামের মন্ত্র।

ভোমাকে নমস্বার সম্বৃথ থেকে, ভোমাকে নমস্বার পশ্চাৎ থেকে, হে দর্ব, ভোমাকে নমস্বার দর্ব দিক থেকে। অনস্তবীর্ধ তৃমি, অমিতবিক্রম তৃমি, ভোমাতেই দর্ব, তৃমিই দর্ব!

ক্ষণকালের জন্ম যবনিকা পড়ে তখনই উঠে গেল। তখন রাত্রি, আকাশে তারা দেখা যায়। সুষমা ও তার বন্ধু নন্দা।

স্বমা। এইবার সেই গানটা গা দেখি ভাই।

গান

नका ।

না চাহিলে যারে পাওয়া যায়,
তেরাগিলে আনে হাতে,
দিবসে সে-ধন হারারেছি আমি
পেয়েছি আঁধার রাতে।
না দেখিবে তারে পরশিবে না গো,
তারি পানে প্রাণ মেলে দিয়ে জাগো,
তারায় তারায় র'বে তারি বাশী,

কুম্মে ফুটিবে প্রাতে ।

তারি লাগি যত ফেলেছি অঞ্চল,
বীণাবাদিনীর শতদলদলে
করিছে সে টলমল।
মোর গানে গানে পলকে পলকে
ঝলসি উঠিছে ঝলকে ঝলকে,
শাস্ত হাসির কর্ম্ম আলোক
ভাতিছে নর্মপাতে ॥

## পুরন্দরের প্রবেশ

স্থমা। (ভূমিষ্ঠ প্রণাম করে) প্রভূ, ছুর্বল আমি। মনের গোপনে যদি পাপ পাকে ধুয়ে দাও, মুচ্ছে দাও। আসজি দূর হোক, জয়মুক্ত হোক ডোমার বাণী।

পুরন্দর। বংসে, নিজেকে নিন্দা কোরো না, অবিশাস কোরো না, নাস্মান-মবসাদয়েং। ভয় নেই, কোনো ভয় নেই। আন্ধ তোমার মধ্যে সত্যের আবির্ভাব হয়েছে মাধুর্যে, কাল সেই সত্য অনাবৃত করবে আপন জগব্জয়িনী বীরশক্তি।

স্বমা। আজ সন্ধ্যায় এইখানে তোমার প্রসন্ধৃষ্টির সামনে আমার নৃতন জীবন আরম্ভ হল। তোমারই পূধ হোক আমার পথ।

পুরন্দর। ভোমাদের কাছ থেকে দূরে যাবার সময় আসন্ন হয়েছে।

স্থমা। দয়া করো প্রভৃ, ত্যাগ কোরো না আমাকে। নিজের ভার আমি নিজে বহন করতে পারব না। তুমি চলে গেলে আমার সমস্ত শক্তি যাবে তোমারই সঙ্গে।

পুরন্দর। আমি দূরে গেলেই তোমার শক্তি তোমার মধ্যে ধ্রুবপ্রতিষ্টিত হবে।
আমি তোমার হৃদয়বার খুলে দিয়েছি নিব্দে স্থান নেব বলে নয়। যিনি আমার ব্রতপতি
তিনি সেধানে স্থান গ্রহণ কলেন। আমার দেবতা হোন তোমারই দেবতা, তৃঃধকে ভয়
নেই, আনন্দিত হও আত্মজয়ী আপনারই মধ্যে।

একটা কথা জিজ্ঞাসা করি, সোমশংকরের মহত্ব তুমি আপন অন্তরের থেকে চিনতে পেরেছ ?

স্থমা। পেরেছি।

পুরন্দর। সেই ত্র্গভ মহন্তকে তোমার ত্র্গভ সেবার দারা মৃল্যদান করে গৌরবান্বিত করবে, তার বীর্যকে সর্বোচ্চ সার্থকতার দিকে আনন্দে উন্মুখ রাধবে, এই নারীর কাজ; মনে রেখো, ডোমার দিকে তার্কিয়ে সে যেন নিজেকে প্রদ্ধা করতে পারে— এই কথাটি ভূলো না।

ख्रमा। क्थरना जुलद ना।

পুরন্দর। প্রাণকে <u>নারী পূর্ণতা দের, এইজন্তেই</u> নারী মৃত্যুকেও মহীরান করতে পারে, তোমার কাছে এই আমার শেষ কথা।

## দ্বিতীয় অঙ্ক

## প্রথম দৃখ্য

চৌরক্লি-অঞ্চলে বাঁশরিদের বাড়ি। ক্ষিতীশ ও বাঁশরি

ক্ষিতীশ। তোমার হিন্দুনানী শোফারটা ভোরবেলা মুহুমূহি বাজাতে লাগল গাড়ির ভেশু। চেনা আওয়াজ, ধড়ফড়িয়ে বিছানা থেকে উঠে পড়লুম।

वाभिति। ভোরবেলায় ? . অর্থাৎ ?

ক্ষিতীশ। অর্থাৎ আটটার কম হবে না।

বাশরি। অকালবোধন।

ক্ষিতীশ। তৃঃথ নেই, তবু জানতে চাই কারণটা। কোনো কারণ না থাকলেও নালিশ করব না।

বাঁশরি। বুঝিয়ে বলছি। লেখবার বেলার নলিনাক্ষের দল বলে যাদের দাগা দিয়েছ তাদের সামনে এলেই দেখি তোমার মন যায় এতটুকু হয়ে। মনে মনে টেচিয়ে নিজেকে বোঝাতে থাক— ওরা তো ডেকোরেটেড যুস্দ্। কিছ, সেই স্গতোন্তিতে সংকোচ চাপা পড়ে না। সাহিত্যিক আভিজাত্যবোধকে অন্তরের মধ্যে ফাঁপিয়ে ভোল তর্ নিজেকে ওদের সমান বহরে দাঁড় করাতে পার না। সেই চিডবিক্ষেপ থেকে বাঁচাবার জন্ম নলিনাক্ষ-দলের দিন আরম্ভ হবার পূর্বেই তোমাকে ডাকিয়েছি। সকালবেলায় অন্তত নটা পর্যন্ত আমাদের এখানে রাতের উত্তরাকাও। আপাতত এ বাড়িটা সাহারা মক্ষভূমির মতো নির্জন।

কিতীশ। ওয়েসিস দেখতে পাচ্ছি এই ঘরটার সীমানায়।

বাশরি। ওগো পথিক, ওয়েদিস নয়, ভালো করে যখন চিনবে তথন বুঝবে. মরীচিকা।

ক্ষিতীশ। আমার মাধার আরও উপমা আসছে বাঁশি, আজ তোমার সকাল-বেলাকার অসঞ্জিত রূপ দেখাছে যেন সকালবেলাকার অলস চাঁদের মড়ো। বাশরি। দোহাই ভোমার, গদগদ ভাবটা রেখে দিয়ো একলা-ঘরের বিজনবিরহের জন্ত। মৃথ দৃষ্টি ভোমাকে মানার না। কাজের জন্ত ভেকেছি, বাজে কথা স্ট্রিক্ট্ লি প্রোহিবিটেড।

ক্ষিতীশ। এর থেকে ভাষার রেলেটিভিটি প্রমাণ হয়। স্মামার পক্ষে যা মর্মান্তিক ক্ষমি তোমার পক্ষে তা কেঁটিয়ে-ফেলা বাজে।

বাঁশরি। আন্দ সকালে এই আমার শেষ অন্নরোধ, গাঁজিয়ে-ওঠা রসের ফেনা দিয়ে তাড়িখানা বানিয়ো না নিজের ব্যবহারটাকে। আর্টিস্টের দায়িত্ব তোমার।

কিতীশ। আচ্ছা, তবে মেনে নিলুম দায়িত্ব।

বালরি। সাহিত্যিক, হতাশ হয়ে পড়েছি তোমার অসাড়তা দেখে। নিজের চক্ষে দেখলে একটা আসর ট্যাজেডির সংকেত— আগুনের সাপ ফণা ধরেছে— এখনও চেতিয়ে উঠল না তোমার কলম, আমার তো কাল সারারাত্রি ঘুম হল না। এমন লেখা লেখবার শক্তি কেন আমাকে দিলেন না বিধাতা, যার অক্ষরে অক্ষরে ফেটে পড়ত রক্তবর্গ আগুনের ফোরারা। দেখতে পাছিছ আর্টিন্টের চোখে, বলতে পারছি নে আর্টিন্টের কঠে। ব্রহ্মা যদি বোবা হতেন তা হলে অফ্টে বিশ্বের ব্যধার মহাকাশের বুক যেত ফেটে।

ক্ষিতীশ। কে বলে তৃমি প্রকাশ করতে পার না বাঁশি, তৃমি নও আর্টিস্ট্ ! তৃমি যেন হীরেন্জোর হরির লুঠ দিচ্ছ। কথায় কথায় তোমার শক্তির প্রমাণ ছড়াছড়ি যায়, দেখে কর্ষা হয় মনে।

বাঁশরি। আমি যে মেরে, আমার প্রকাশ ব্যক্তিগত। বলবার লোককে প্রত্যক্ষ পেলে তবেই বলতে পারি। কেউ নেই তবু বলা— সেই বলা তো চিরকালের। আমাদের বলা নগদ বিদায়, হাতে হাতে, দিনে দিনে। ঘরে ঘরে ম্য়র্তে ম্য়ুর্তে লেগুলো ওঠে আর মেলায়।

ক্ষিতীশ। পুৰুষ আর্টিন্ট কৈ এবার মেরেছ ঠেলা, আচ্ছা বেশ, কাঞ্চ আরম্ভ হোক। দেদিন বলেছিলে একটা চিঠির কথা।

বাশরি। এই দেই চিঠি। সন্ত্যাসী বলছেন—প্রেমে মান্ত্রের মৃক্তি সর্বত্ত । কবিরা যাকে বলে ভালোবাসা সেইটাই বন্ধন। তাতে একজন মান্ত্রকেই আসজির নারা নিরে নিবিড় স্বাতন্ত্রো অভিকৃত করে। প্রাকৃতি রভিন মদ ঢেলে দেয় দেহের পাতে, তাতে বে মাংলামি তীর হয়ে ওঠে তাকে অপ্রমন্ত সভ্যবোধের চেয়ে বেশি সভ্য বলে ভূল হয়। খাঁচাকেও পাধি ভালোবাসে যদি তাকে আফিমের নেশার বশ করা যায়। সংসারের যত হুঃখ, যত বিরোধ, যত বিকৃতি সেই মায়া নিয়ে যাতে

শিকলকে করে লোভনীয়। কোন্টা সত্য কোন্টা মিখে চিনতে যদি চাও তবে বিচার করে দেখো কোন্টাতে ছাড়া দেয় আর কোন্টা রাখে বেংছ। প্রেমে মৃত্তি, ভালোরাদায় বন্ধন।

কিতীশ। ওনলেম চিঠি, তার পরে?

বাশরি। তার পরে তোমার মাধা। অর্থাৎ তোমার করনা। মনে মনে ওনতে পাছে না । নির্ত্তিক বলছেন, ভালোবাসা আমাকে নয়, অন্ত কাউকেও নয়। নির্বিশেষ প্রেম, নির্বিকার আনন্দ, নিরাসক্ত আত্মনিবেদন, এই হল দীক্ষামন্ত।

কিতীশ। তা হলে এর মধ্যে সোমশংকর আসে কোথা থেকে।

া বাশরি। প্রেমের সরকারী রান্তায়, যে প্রেমে সকলেরই সমান অধিকার খোলা হাওয়ার মতো। তুমি লেখকপ্রবর, তোমার সামনে সমস্তাটা এই যে, খোলা হাওয়ায় সোমশংকরের পেট ভরবে কি।

किछीन। की जानि। क्रनाय एका तथरक शास्त्र मृत्रभूतारात भाना।

বাশরি। কিন্তু, শুল্পে এসে কি ঠেকতে পারে কিছু। শেষ-মোকামে তো পৌছল গাড়ি, এ-পর্যন্ত রথ চালিয়ে এলেন সন্মানীসারথি। আড্ডা-বদলের সময় যথন একদিন আসবে তথন লাগাম পড়বে কার হাতে। সেই কথাটা বলো না রিয়লিন্ট্।

কিতীল। যাকে ওঁরা নাক সিটকে প্রকৃতি বলেন, সেই মায়াবিনীর হাতে। পাখা নেই অথচ আকালে উড়তে চায় যে ফুল জীবটা তাকে যিনি ধপ্ করে মাটিতে ফেলে চট্কা দেন ভাঙিয়ে, সঙ্গে সর্বাঞ্জে লাগিয়ে দেন ধুলো।

বাঁশরি। প্রকৃতির সেই বিদ্রপটাকেই বর্ণনা করতে হবে তোমাকে। ভবিতব্যের চেহারাটা জ্বোর কলমে দেখিয়ে দাও। বড়ো নিষ্ঠর। দীতা ভাবলেন, দেবচরিত্র রামচন্দ্র উদ্ধার করবেন রাবণের হাত থেকে; শেষকালে মানবপ্রকৃতি রামচন্দ্র চাইলেন তাঁকে আগুনে পোড়াতে। একেই বলে রিয়ালিজ্ম, নোঙরামিকে নয়। লেখে। লেখে। দেরি কোরো না, লেখো এমন ভাষায় যা হুৎপিশুের শিরাহেঁড়া ভাষা। পাঠকেরা চমকে উঠে দেখুক, এতদিন পরে বাংলার ছুর্বল সাহিত্যে এমন একটা লেখা ফেটে বেরোল যা ঝোড়ো মেঘের কুকভাঙা পূর্যান্ডের রাগী স্মালোর মতো।

ক্ষিতীশ। ইপ্, তোমার মনটা নেমেছে ভপ্ক্যানোর জঠরায়ির মধ্যে। একটা কথা বিজ্ঞাসা করি, ওদের অবস্থায় পড়লে কী করতে তুমি ।

বাশরি। সন্ন্যাসীর উপদেশ সোনার জলে বাঁধানো থাতার লিখে রাখভূম। ভার পরে প্রবৃত্তির জোর কলমে তার প্রত্যেক অক্সরের উপর দিতৃম কালির আঁচড় কেটে। প্রকৃতি জান্ন লাপার আপন মত্রে, সন্ন্যাসীও জান্ন করতেই চার উলটো মত্রে। ওর মধ্যে একটা মন্ত্র নিতৃম মাধায়, আর-একটা মন্ত্রে প্রতিদিন প্রতিবাদ করতুম হৃদয়ে।

ক্ষিতীশ। এথন কাব্দের কথা পাড়া যাক। ইতিহাসের গোড়ার দিকটায় ফাঁক রয়েছে। ওদের বিবাহসম্বন্ধ সন্মাসী ঘটাল কী উপায়ে।

বাঁশরি। প্রথমত সেনবংশ যে ক্তির, সেনানী শব্দ থেকে তার পদবার উদ্ভব, ওরা বে কোনো-এক প্রীস্ট-শতালীতে এসেছিল কোনো-এক দক্ষিণপ্রদেশ থেকে দিগ্বিজয়ীবাহিনীর পতাকা নিয়ে বাংলার কোনো-এক বিশেষ বিভাগে, সেইটে প্রমাণ করে লিখল এক সংস্কৃত পুঁথি। কাশীর দ্রাবিড়ী পণ্ডিত করলে তার সমর্থন। সন্মাসী বয়ং গেল সোমশংকরদের রাজ্যে। প্রজারা হাঁ করে রইল ওর চেহারা দেখে; কানাকানি করতে লাগল, কোনো একটা দেব-অংশের ঝালাই দিয়ে এর দেহখানা তৈরি। সভাপণ্ডিত মৃগ্ধ হল শৈবদর্শনব্যাখ্যায়। রাজাবাহাছ্রের মনটা সাদা, দেহটা জোরালো, তাতে লাগল কিছু সন্মাসীর মন্ত্র, কিছু লাগল প্রকৃতির মোহ। তার পরে এই যা দেখছ।

ক্ষিতীশ। হায় রে, সম্যাসী কি আমাদের মতো অভাজনদের হয়ে স্থূল প্রকৃতির তরফে ঘটকালি করেন না।

বাঁশরি। রাথো তোমার ছিবলেমি। ভুল করেছি তোমাকে নিয়ে। যে মাহ্নষ্থাটি লিখিয়ে তার সামনে যখন দেখা দিয়েছে স্প্রিকল্পনার এমন একটা জীবস্ত আদর্শ দব্দব্করছে যার নাড়ি, তার ম্থ দিয়ে কি বেরোয় থেলো কথা। কেমন করে জাগাব তোমাকে। আমি যে প্রত্যক্ষ দেখছি একটা মহারচনার পূর্বরাগ, গুনছি তার অন্তহীন নীরস কালা। দেখতে পাচ্ছ না অদৃট্রের একটা নিষ্ঠ্র ব্যক্ষ ? থাক্ গে, শেষ হল আমার কথা। তোমার থাবার পাঠিয়ে দিতে চললুম। প্রস্থানোভ্যম

ক্ষিতীশ। (ছুটে গিয়ে হাত চেপে ধরে) চাই নে ধাবার। যেয়ো না তুমি। বাশরি। (হাত ছিনিয়ে নিয়ে উচ্চহাক্তে) তোমার 'বেমানান' গল্পের নায়িকা পেরেছ আমাকে! আমি ভয়ংকর সত্যি।

## ড্রেসিং-গাউন-পরা সতীশের প্রবেশ

সতীশ। উচ্চহাসির আওরাজ ভনলুম যে।

বাশরি। উনি এতক্ষণ স্টেকের মুহুবাবুর নকল করছিলেন।

সতীশ। ক্ষিতীশবাবুর নকল আসে নাকি।

वानि । আদে বই কি, ওর লেখা পড়লেই টের পাওয়া যায়। তুমি এঁর কাছে একটু বোদো, আমি ওর জন্ত খাবার পাঠিয়ে নিইগে।

কিতীশ। দরকার নেই, কাব্দ আছে, দেরি করতে পারব না। প্রিস্থান

বাশরি। মনে থাকে থেন আজ বিকেলে সিনেমা— তোমারই 'প্রাবতী'।

কিতীশ। (নেপখ্য হতে) সময় হবে না।

বাশরি। হবেই সময়, অন্ত দিনের চেয়ে তু-ঘণ্টা আগে।

সতীশ। আচ্ছা বাঁশি, ঐ ক্ষিতীশের মধ্যে কি দেখতে পাও বলো তো।

বাশরি। বিধাতা ওকে যে পরীক্ষার কাগজটা দিয়েছিলেন, দেখতে পাই তার উত্তরটা। আর দেখি তারই মাঝখানে পরীক্ষকের একটা মন্ত কাটা দাগ।

मुजीन। धामन रक्तन-कदा किनिम निरंग कदार कि।

বাশরি। ডান হাত ধরে ওকে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ করে দেব।

সতীশ। তার পরে বাঁ হাত দিয়ে প্রাইজ দেবার গ্ল্যান আছে নাকি।

বাশরি। দিলে পরের ছেলের প্রতি নিষ্ঠরতা করা হবে।

সতীশ। ঘরের ছেলের প্রতিও। এ দিকে ও মহলের হাল থবরটা ওনেছ গু

বাশরি। ও মহলের খবর এ মহলে এসে পৌছয় না। হাওয়া বইছে উলটো দিকে।

সতীশ<sup>†</sup>। কথা ছিল স্থ্যার বিয়ে হবে মাদ খানেক বাদে, সম্প্রতি স্থির হয়েছে আদতে হপ্তায়।

वानित । र्वा मय এত क्रज्यात क्रिय मिल य ?

সতীশ। ওদের হৃৎপিও কেঁপে উঠেছে ফ্রন্তবেগে, হঠাং দেখেছে তোমাকে রণরনিনী বেশে। তোমার তীর ছোটার আগেই ছুটে বেরিয়ে পড়তে চায়— এইরকম আন্দান্ত।

বাঁশরি। আমার তীর ! আধমরা প্রাণীকে আমি ছুঁই নে। বনমালী, মোটর ভাকো। [বাঁশরির প্রস্থান

### শৈলর প্রবেশ

বয়স বাইশ কিন্ত দেখে মনে হয়, ষোল থেকে আঠারোর মধ্যে। তকু দেহ শ্যামবর্ণ, চোথের ভাব স্লিয়, মুখের ভাব মমতায় ভরা।

সতীশ। কী আশ্চর্য। ভোরের স্বপ্নে আজ ভোমাকেই দেখেছি, শৈল। তুমিও আমাকে দেখেছ নিশ্চয়। শৈল। না, দেখি নি তো।

সতীল। আ:, বানিরে বলো-না কেন। বড়ো নিষ্ঠুর তুমি। আমার দিনটা মধুর হরে উঠত তা হলে।

শৈল। তোমাদের ফরমাশে নিজেকে ম্বপ্ল করে বানাতে হবে! আমরা ধা, ৬ধৃ তাই নিমে তোমাদের মন খুশি হয় না কেন।

সতীশ। খুব হয়, এই-বে সাক্ষাৎ এসেছ এর চেয়ে আর কিসের দরকার।

শৈল। আমি এসেছি বাঁশরির কাছে।

সতীশ। ঐ দেখো, আবার একটা সত্য কথা। সহা বিদ্বানা থেকে উঠেই দু-দুটো থাটি সত্য কথা সহা করি এত মনের জোর নেই। ধর্মরাজ্ব মাপ করতেন তোমাকে যদি বলতে আমারই জন্ম এসেছ।

শৈল। ব্যারিস্টার মাত্র্য, তুমি বড্ড লিটরল। বাঁশরির কাছে আদতে চেয়েছি বলে ভোমার কাছে আদবার কথা মনে ছিল না এটা ধরে নিলে কেন।

সতীশ। থোঁটা দেবার জন্মে। বাঁশির সঙ্গে আছে কিছু? আমাদের লগ্ন স্থির করবার পরামর্শ ?

শৈল। না, কোনো কথা নেই। ওর জন্ম বড়ো মন ধারাপ হয়ে পাকে। মনের মধ্যে মরণবাণ বয়ে নিয়ে বেড়াচ্ছে অথচ কর্ল করবার মেয়ে নয়। ওর ব্যথায় হাত বলোতে গেলে ফোঁল করে ওঠে, সেটা য়েন সাপের মাধার মণি। তাই সময় পেলে কাছে এসে বিসি, যা তা বকে যাই। পরস্তদিন সকালে এসেছিল্ম ওয় ঘরে। পায়ের শব্দ পায় নি। ওর সামনে এক বাণ্ডিল চিঠি। ডেক্ষে ঝুঁকে পড়ছিল বসে, বেশ ব্রতে পায়ল্ম চোধ দিয়ে জল পড়ছে। য়ি জানত আমি দেখতে পেয়েছি তা হলে একটা কাণ্ড বাধত, বোধ হয় আমার সক্ষে ছাড়াছাড়ি হয়ে য়েত। আন্তে আল্ডে চলে গেল্ম। কিন্তু, সেই ছবি আমি ভুলতে পায়ি নে। বালি গেল কোথায়।

#### খানসামা চায়ের সরপ্রাম রেখে গেল

সভীল। বাঁলি এইমাত্র বেরিয়ে গেছে, ভাগ্যিস গেছে।

শৈল। ভারি স্বার্থপর তুমি।

সতীশ। অত্যন্ত। ও কী, উঠছ কেন। চা তৈরি ওঞ্চ করো।

শৈল। খেয়ে এসেছি।

সতীশ। তা হোক-না, আমি তো থাই নি। বসে খাওয়াও আমাকে। কবিরাজী মতে একলা চা খাওয়া নিষেধ, ওতে বায়ু প্রকৃপিত হয়ে ওঠে।

শৈল। মিখ্যে আবদার কর কেন।

28175

সতীশ। স্বযোগ পেলেই করি, তোমার মতো খাঁটি সভ্য আমার ধাতে নেই! ঢালোঁ চা, ও কী করলে, চারে আমি চিনি দিই নে তুমি জান।

শেল। ভূলে গিয়েছিল্ম।

সতীশ। আমি হলে কখনো ভূলতুম না।

শৈল। আমাকে স্বপ্ন দেখে অবধি তোমার মেন্সান্তের তো কোনো উন্নতি হয় নি। ঝগড়া করছ কেন।

সতীশ। কারণ মিষ্টি কথা পাড়লে তুমিই ঝগড়া বাধাতে। সীরিয়স হয়ে উঠতে। শৈল। আচ্ছা থামো, তোমার চা থাওয়া হল ?

मजीम। इलाई यवि ५५ छ। इला इय नि।

#### ভূত্যের প্রবেশ

ভূত্য। হরিশবাবু দলিলপত্ত নিয়ে এনেছেন। সভীশ। বলো ফুর্সভ নেই।

[ভূত্যের প্রস্থান

শৈল। ও কী ও, কাব্দ কামাই করবে !
সতীশ। করব, আমার খুশি।
শৈল। আমি যে দায়ী হব।
সতীশ। তাতে সন্দেহ নেই, বিনা কারণে কেউ কাব্দ কামাই করে না।
নেপণ্য থেকে। সতীশদা!
সতীশ। ঐ রে ! এল ওরা ! বাড়িতে নেই বলবার সময় দিলে না।

## সুধাংশুর সঙ্গে একদল লোকের প্রবেশ

व्यमक्रूरनेत नम, मकामरतमाय मूथ रमथम्म, छनरनत छेभव है। छित छम। यादन रक्टि।

স্থাংও। মিদ শৈল, ভীক তোমার আশ্রয় নিয়েছে, কিন্তু আৰু চাড়চি নে।

সতীশ। ভয় দেখাও কেন। চাও কী।

महीन। हारे मधीहाफ़ा झारवद हामा। अथम मिन (थरकरे वाकि।

সভীশ। কী। আমি তোমাদের দলে ! ভিগরস প্রোটেস্ট্ জ্ঞানাচ্ছি, বলবান অধীকৃতি।

नरत्रना मिला रमशेषा

সতীশ। আমার দলিল এই সামনে সশরীরে।

স্বধাংও। শৈলদেবী, এই বৃঝি। বে-আইনি প্রশ্রয় দেন পলাতকাকে।

र्मिन। किছू श्रेश्वय पिट्टे त्न, निन-नी जीननारमत मारि जामाय करत।

সতীশ। শৈল, যত তোমার সত্য আমার বেলায়। আর, এদের সামনে সত্যের অপলাশ— প্রভায় দেও না বলতে চাও।

र्मिषा की श्राम्य पिरम्हि।

সতীশ। এইমাত্র মাথার দিব্যি দিয়ে আমাকে চা থাওয়াতে বদ নি? শ্রীহৃত্তে অন্ত্রীপ রোগের পত্তন আরম্ভ, তবু আমাকে বলে সন্ধীছাড়া!

শচীন। লোকটা লোভ দেখিয়ে কথা বলছে। শৈলদেবী, যদি শক্ত হয়ে থাকতে পার তা হলে ওকে আমাদের লাইফ-মেম্বর করে নিই।

সতীশ। আচ্ছা, তবে বলি শোনো। চানা পাবা মাত্র যদি পাড়া ছেড়ে দেছি মার তা হলে এথনই বাকি-বকেয়া সব শোধ করে দিই।

শচীন। শুধু চাঁদা নয়। আমাদের ঘরে নেই চা ঢেলে দেবার লোক, যাদের ঘরে আছে দেথানে পালা করে চা থেতে বেরোই— ভার পরে কিছু ভিক্ষে নিয়ে যাই— আজ এসেছি বাঁশরিদেবীর করকমল লক্ষ্য করে।

সতীশ। সৌভাগ্যক্রমে সেই দেবী তার করকমলম্বন্ধ অমুপস্থিত। অতএব ঘড়ি ধরে ঠিক পাচ মিনিটের নোটিশ দিচ্ছি, বেরোও তোমরা— ভাগো।

শৈল। আহা, ও কী কথা। না খেয়ে যাবেন কেন। আমি বৃঝি পারি নে খাওয়াতে ? একটু বস্তুন, সব ঠিক করে দিছিছে।

[ শৈলের প্রস্থান

সতীশ। কিন্তু, ঐ যে ভিক্ষার কথাটা বললে, ভালো ঠেকল না। উদ্দেশুও ব্যুতে পারছি নে।

স্থাংশু। কিংথাবের দোকানে আমাদের সমবেত দেনা আছে, আজ সমবেত চেষ্টায় শোধ করতে হবে।

. সতীশ। কিংধাব ! ভাবী লক্ষীর আসন-রচনা ?

শচীন। ঠিক তাই।

সতীশ। আশ্চর্য দূরদর্শিতা—

শচীন। নাহে, অদ্বদর্শিতা প্রমাণ করে দেব অবিলখে।

#### শৈলের প্রবেশ

শৈল। সব প্রস্তুত, আহ্বন আপনারা।

# দিতীয় দৃগ্য

বারান্দায় সোমশংকর। গহনার বাক্স খুলে জন্তরি গহনা দেখাচ্ছে। কাপড়ের গাঁঠরি নিয়ে অপেক্ষা করছে কান্দ্রীরী দোকানদার।

বাঁশরি। কিছু বলবার আছে।

সোমশংকর জন্থরি ও কাশ্মীরীকে ইঞ্চিতে বিদায় করলে।

সোমশংকর। ভেবেছিলুম আজই বাব তোমার কাছে।

বাঁশরি। ও-সব কথা থাক্। ভয় নেই, কান্নাকাটি করতে আসি নি। তবু আর কিছু না হোক তোমার ভাবনা ভাববার অধিকার একদিন দিয়েছ আমাকে। তাই একটা কথা জিজ্ঞাসা করি— জান স্বয়া তোমাকে ভালোবাদে না?

সোমশংকর। জানি।

বাশরি। তাতে তোমার কিছুই যায় আদে না ?

সোমশংকর। কিছুই না।

বাশরি। তা হলে সংসার্যাত্রাটা কির্ক্ষ হবে।

সোমশংকর। সংসার্যাত্রার কথা ভাবছিই নে।

বাশরি। তবে কিসের কথা ভাবছ।

সোমশংকর। একমাত্র স্থমার কথা।

বাশরি। অর্থাৎ ভাবছ, তোমাকে ভালো না বেদেও কী করে স্থী হবে ঐ মেরে।
সোমশংকর। না, তা নর। স্থী হবার কথা স্বমা ভাবে না— ভালোবাসারও
দরকার নেই তার।

বাশরি। কিসের দরকার আছে তার, টাকার ?

সোমশংকর। ভোমার যোগ্য কথা হল না, বাঁশি।

বাশরি। আচ্ছা, ভূল করেছি। কিন্তু, প্রশ্নটার উত্তর বাকি। কিলের দরকার আচে স্থবমার।

সোমশংকর। ওর একটি ব্রত আছে। ওর জীবনে সমক্ত দরকার তাই নিয়ে, তাকে সাধ্যমত সার্থক করা আমারও ব্রত।

বাশরি। ওর ব্রত আগে, তারই পশ্চাতে তোমার— পুরুষের মতো শোনাচ্ছে না, এ কথা ক্ষত্রিয়ের মতো নরই। এতবড়ো পুরুষকে মন্ত্র পড়িয়েছে ঐ সন্ত্রাসী। বৃদ্ধিকে দিয়েছে ঘোলা করে, দৃষ্টিকে দিয়েছে চাপা। গুনলুম সব, ভালো হল। গেল আমার শ্রমা ভেতে, গেল আমার বন্ধন ছি'ড়ে। বয়ন্ধ শিশুকে মাহুষ করবার কাজ আমার নর, দে-কাজের ভার সম্পূর্ণ দিলেম ছেড়ে ঐ মেয়ের হাতে।

#### পুরন্দরের প্রবেশ

্ সোমশংকর প্রণাম করলে, অগ্নিশিখার মতো বাঁশরি উঠে দাঁড়াল তার সামনে।

वीमति। आक तांग कत्रत्वन नां ; देश्व धत्रत्वन, विष्टू श्रेष्ट कत्रव।

[ পুরন্দরের ইঞ্চিতে সোমশংকরের প্রস্থান

পুরন্দর। আচ্ছা, বলো তুমি।

বাঁশরি। জিজ্ঞাসা করি, সোমশংকরকে শ্রদ্ধা করেন আপনি ? ওকে থেলার পুতুল বলে মনে করেন না ?

भूतन्तर । विस्मय अका कति ।

বাঁশরি। তবে কেন এমন মেয়ের ভার দিচ্ছেন ওর হাতে যে ওকে ভালোবাসে না।

পুরন্দর। জান না এ অতি মহৎ ভার, একই কালে ক্ষত্রিয়ের পুরস্কার এবং পরীক্ষা। সোমশংকরই এই ভার গ্রহণ করবার যোগ্য।

বাঁশরি। যোগ্য বলেই ওর চিরন্ধীবনের হুখ নষ্ট করতে চান আপনি?

পুরন্দর। স্থাকে উপেক্ষা করতে পারে ঐ বীর মনের আনন্দে।

বাশরি। আপনি মানবপ্রকৃতিকে মানেন না?

পুরন্দর। মানবপ্রকৃতিকেই মানি, তার চেয়ে নীচের প্রকৃতিকে নয়।

वीनवि। এउই यनि इन, अदा विषय नारे कदछ ?

পুরন্দর। বতকে নিকামভাবে পোষণ করবে মেয়ে, বতকে নিকামভাবে প্রয়োগ করবে পুরুষ, এই কথা মনে করে ছটি মেয়ে-পুরুষ অনেকদিন খুঁজেছি। দৈবাৎ পেয়েছি।

वैश्वि । পूक्ष वर्णा वृद्धा भारत ना य, ভारानामा नहेरा इसन माश्वर रमनारना बाब ना ।

পুরন্দর। মেরে বলেই বুঝতে ইচ্ছা করছ না, ভালোবাসার মিলনে মোহ আছে, প্রেমের মিলনে মোহ নেই।

বাশরি। মোহ চাই, চাই সন্মাসী, মোহ নইলে পাই কিসের। তোমার মোহ তোমার বাত নিয়ে— সেই ব্যুতের টানে তুমি মাহবের মনগুলো নিয়ে কেটে ছিঁডে শোড়াতাড়া দিতে বসেছ— ব্যতেই পারছ না তারা সঞ্জীব পদার্থ, তোমার প্রানের মধ্যে ধাপ-ধাওয়াবার জন্ত তৈরি হয় নি। আমাদের মোহ স্থুন্দর, আর-ভরংকর তোমাদের মোহ।

পুরন্দর। মোহ নইলে সৃষ্টি হয় না, মোহ ভাঙলে প্রলয়, এ কথা মানতে রাজি আছি। কিছ, তুমিও এ কথা মনে রেখো, আমার সৃষ্টি তোমার সৃষ্টির চেয়ে অনেক উপরে। তাই আমি নির্মম হয়ে তোমার স্থা দেব ছারখার করে। আমিও চাইব না স্থা; যারা আসবে আমার কাছে স্থাবের দিক থেকে, মুখ দেব ফিরিয়ে। আমার ব্রভই আমার সৃষ্টি, তার যা প্রাপ্য তা তাকে দিতেই হবে। যতই কঠিন হোক।

বাঁশরি। সেইজন্তেই সজীব নয় তোমার আইডিয়া, সন্মাসী। তুমি জান মন্ত্র, জান না মান্ত্রহক। মান্ত্রহের মর্মগ্রন্থি টেনে ছিঁড়ে সেইথানে তোমার কেঠো আইডিয়ার ব্যাণ্ডেজ বেঁধে অসহ ব্যথার 'পরে মন্ত মন্ত বিশেষণ চাপা দিতে চাও। তাকে বল শাস্তি? টিঁকবে না ব্যাণ্ডেজ, ব্যথা যাবে থেকে। তোমরা সব অমান্ত্রহ, মান্ত্রহের বসতিতে এলে কী করতে। যাও-না তোমাদের গুহাগহ্বরে বদরিকাশ্রমে। সেথানে মনের সাধে নিজেদের শুকিয়ে পাথর করে ফেলো। আমরা সামান্ত মান্ত্রহ, সামাদের তৃষ্ণার জল মুথের থেকে কেড়ে নিয়ে মহন্ত্রমিতে ছড়িয়ে দিয়ে তাকে সাধনা বলে প্রচার করতে চাও কোন্ কর্মণায়। ব্যর্থজীবনের অভিশাপ লাগবে না তোমাকে? যা নিজে ভোগ করতে জান না তা ভোগ করতে দেবে না ক্ষ্ণিতকে?

#### সুষমার প্রবেশ

এই যে স্থমা, শোন্ বলি। মরিয়া হয়ে মেয়েরা চিতার আগুনে মরেছে অনেক, ভেবেছে তাতেই পরমার্থ। তেমনি করেই নিজের হাতে নিজের ভাগ্যে আগুন লাগিয়ে দিনে দিনে মরতে চাস জলে জলে? চাস নে তুই ভালোবাসা, কিছু যে-মেয়ে চায়, পাষাণ সে করে নি আপন নারীর প্রাণ, কেন কেড়ে নিতে এলি তার চিরজীবনের আনন্দ। এই আমি আজ বলে দিল্ম তোকে, ঘোড়ায় চড়িস, শিকার করিস, সম্যাসীর কাছে মন্ত্র নিস, তবু তুই পুরুষ নোস— আইডিয়ার সঙ্গে গাঁটছড়া বেঁধে তোর দিন কাটবে না গো, তোর রাত বিছিয়ে দেবে কাটার শয়ন।

#### সোমশংকরের প্রবেশ

লোমশংকর। বাঁশি, শাস্ত হও, চলো এখান থেকে। বাঁশরি। যাব না ভো কী। মনে কোরো না মরব বুক ফেটে। জীবন হবে চিরচিতানলের শ্বশান। কথনও এমন বিচলিত দশা হয় নি আমার। আজ কেন এল বস্তার মতো এই পাগলামি। লক্ষা। লক্ষা। লক্ষা। তোমাদের তিনজনের দামনে এই অপমান। থামো দোমশংকর, আমাকে দরা করতে এশো না। মৃছে ফেলব এই অপমান, কোনো চিহ্ন থাকবে না এর কাল। এই আমি বলে গেলুম।

[ বাঁশরি ও স্বমার প্রস্থান

পুরদার। সোমশংকর, একটা কথা জিজ্ঞাসা করি। সোমশংকর। বলুন।

পুরন্দর। যে-ব্রত তুমি স্বীকার করেছ তা সম্পূর্ণই তোমার আপন হয়েছে কি।
তার ক্রিয়া চলেছে তোমার প্রাণপ্রিয়ার সঙ্গে ?

সোমশংকর। কেন সন্দেহ বোধ করছেন।

পুরন্দর। আমার প্রতি ভক্তিতেই যদি এই সংকল্প গ্রহণ করে থাক তবে এখনই ফেলে দাও এই বোঝা।

সোমশংকর। এমন কথা কেন বলছেন আজ। আমার মধ্যে তুর্বলতার লক্ষণ কিছু দেখছেন কি।

পুরন্দর। মোহিনী শক্তি আছে আমার, এমন কথা কেউ কেউ বলে— গুনে লক্ষা পাই; জাত্ত্বর নই আমি।

সোমশংকর। আত্মার ক্রিয়াকে ধারা বিশ্বাস করে না তারা তাকে বলে জাত্র ক্রিয়া।

পুরন্দর । ব্রতের মাহাত্ম্য তার স্বাধীনতায়। যদি ভূলিয়ে থাকি তোমাকে,
সে-ভূল ভাঙতে হবে। গুরুবাক্য বিষ— সে-বাক্য যদি তোমার নিজের বাক্য না হয়।
সেন্মশংকর। সন্যাসী, যে-ব্রত নিয়েছি সে আজ আমার রক্তে বইছে তেজরুপে,
জলছে বুকের মধ্যে হোমায়ির মতো। মৃত্যুর মুখোম্বি দাঁড়িয়েছি, আজ আমার দিধা
কোধায়।

পুরন্দর। এই কথাই শুনতে চেয়েছিলুম তোমার মুখ থেকে। আর-একটি কথা বাকি আছে। কেউ কেউ প্রশ্ন করে, কেন স্থমার বিবাহ দিলুম তোমার সঙ্গে। তোমারই কাছ থেকে আমি তার উত্তর চাই।

সোমশংকর। এতদিনের তপশ্রার এই নারীর চিত্তকে তৃমি যজ্ঞের অগ্নিশিখার মতো উর্ধে জালিয়ে তুলেছ, সামারই 'পরে ভার দিলে এই অনির্বাণ অগ্নিকে চিরদিন রক্ষা করতে।

পুরন্দর। বংশ, যডদিন রক্ষা করবে তার ছারা তুমি আপনাকেই রক্ষা করতে

পারবে। ঐ তোমার মৃতিমান ধর্ম, রইল তোমার সঞ্চে— ধর্মো রক্ষতি রক্ষিতম্। আমার বন্ধন থেকে তৃমি মৃক্ত, সেই সঙ্গে শিহ্যের বন্ধন থেকে আমিও মৃক্তি পেলুম। তোমাদের বিবাহের পর আমাকে যেতে হবে দুরে— হয়তো কোনোদিন আমার আর দেখা পাবে না। আমার এই আলীবাদ রইল, জানধ আআনুনম্— আপনাকে পূর্ণ করে জানো।

[ পুরন্দরের প্রস্থান। সোমশংকর অনেককণ শ্বন্ধ হয়ে রইল সোমশংকর। ধরে ভোলা, সেই নতুন গানটা—

#### গান

ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেলে আগুন জালো।

একলা রাতের অন্ধকারে আমি চাই পথের আলো।

ছন্ভিতে হল রে কার আঘাত শুরু,
বুকের মধ্যে উঠল বেন্দে গুরু গুরু,
পালায় ছুটে স্বপ্তিরাতের স্বপ্লে-দেখা মন্দ ভালো।

নিরুদ্দেশের পথিক, আমায় ভাক দিলে কি—

দেখতে ভোমায় না ষদি পাই নাই-বা দেখি।
ভিতর খেকে ঘুটিয়ে দিলে চাওয়া পাওয়া,
ভাবনাতে মোর লাগিয়ে দিলে ঝড়ের হাওয়া,
বক্সশিখায় এক পলকে মিলিয়ে দিলে সাদা কালো।

নেপথ্য থেকে। যেতে পারি কি। দোমশংকর। এদো এসো।

#### তারকের প্রবেশ

তারক। রাজাবাহাত্র, আজকাল তোমার কাছে আগতে কিরকম ভর-ভর করে। সোমশংকর। কোনো কারণ তো দেখি নে।

তারক। কারণ নেই বলেই তো ভয় বেশি। আজ বাদে কাল বিয়ে কিছ মনে হচ্চে যেন বীপাশ্বরে চলেছ। ভয়ানক গান্ধীর্য।

লোমশংকর। বিশ্বেটা তো এক লোক থেকে অন্ত লোকে বাজাই বটে।

ভারক। সব বিষে তা নর রাজন্। নিজের কথা বলতে পারি। আমার বরষাক্রা হয়েছিল পটলভাঙা থেকে চোরবাগানে। মনের ভিতরটাও তার বেশি এগোয় নি। আমার স্ত্রীর নাম পূপা। রসিক্রক্ক তার কবিতার আমাকে খেতাব দিলে পূপাচোর। কবিতাটার হেডিং ছিল চোর-পঞ্চাশিকা। কবিকে প্রশ্ন করলেম, চোর-পঞ্চাশিকার একটা কবিতাই তো দেখছি, বাকি উনপঞ্চাশটা গেল কোধার। উত্তর পেলেম, তারা উনপঞ্চাশ প্রনক্ষণে ব্রের হৃদয়গহুরে বেড়াচ্ছে ঘুর্পাক দিয়ে।

সোমশংকর। এর থেকে প্রমাণ হয় আমার রসিকবন্ধু নেই, তাই গান্তীর্থ রয়েছে ঘনিয়ে।

তারক। আমাদের পাড়ার লক্ষীছাড়ার দল অশোক গুপ্তদের বাগানে দর্মা-ঘেরা একটা পোড়ো ফর্নরিতে ক্লাব করেছে। আপিদ থেকে ফিরে এনে দেইখানে সন্ধে-বেলায় বিষম হল্লা করতে থাকে। সান্ধনা দেবার জ্ञান্তে আমরা লক্ষ্মীমস্তরা ওদের নিমন্ত্রণ করছি। তোমাকে প্রিক্তাইড করতে হবে।

সোমশংকর। ওনেছি বৈকুঠনুঠন পাঁচালি লিখে ওরা আমাকে লন্ধীহারী দৈত্য বানিয়েছে।

তারক। সে কথা সত্যি। ওদের টেম্পেরেচর কমানো দরকার হয়েছে। সোমশংকর। বৈধ উপায়ে ওদের ঠাণ্ডা করতে রান্ধি আছি।

তারক। আমাদের কমলবিলাস সেনগুগুকে দিয়ে একটা নিমন্ত্রণপত্ত রচিয়ে নিয়ে এলুম।

সোমশংকর। পড়ে শোনাও।

তারক।
প্রভাপতি বাদের সাথে পাতিয়ে আছেন সধ্য,
আর বারা সব প্রজাপতির ভবিশ্বতের লক্ষ্য,
উদরসেবার উদার কেত্রে মিলুন উভয় পক্ষ,
রসনাতে রসিয়ে উঠুক নানা রসের ভক্ষ্য।
সত্যমূগে দেবদেবীদের ভেকেছিলেন দক্ষ,
আনাহত পড়ল এসে মেলাই যক্ষ রক্ষ,
আমরা সে-ভূল করব না তো, মোদের আরকক্ষ
ত্ই পক্ষেই অপক্ষপাত দেবে ক্ষ্মার মোক।
আক্ষও বারা বাধন-ছাড়া ফুলিয়ে বেড়ান বক্ষ
বিদায়কালে দেব তাঁদের আশিস্ লক্ষ লক,
তাঁদের ভাগ্যে অবিলম্বে জুটুন কারাধ্যক্ষ,
এর পরে আর মিল মেলে না— য র ল ব হ ক।

ঐ আসছে ওদের দল।

#### সুধাংশু শচীন প্রভৃতির প্রবেশ

সোমশংকর । কী উদ্দেশ্তে আগমন ।
স্থাংগু । গান শোনাব ।
সোমশংকর । তার পরে ?
স্থাংগু । তার পরে নোবৃদ্ রিভেঞ্, স্মহতী প্রতিহিংসা ।
সোমশংকর । ঐ মাহ্যটার কাঁধে ওটা কী । বোমা নয় ?
স্থাংগু । ক্রমশ প্রকাশ্ত । এখন গান ।
সোমশংকর । কার রচনা ।

শচীন। কপিরাইটের তর্ক আছে। বিষয় অন্থসারে কপিরাইট-স্বন্ধ আমাদেরই, বাক্যগুলি যার তাকে আমরা গণ্য করি নে।

গান

স্মামরা লক্ষীছাড়ার দল
ভবের পদ্মপত্তে জল
সদাই করছি টলোমল,
মোদের আসাযাওয়া শৃন্ত হাওয়া,
নাইকো ফলাফল।

নাহি জানি করণকারণ, নাহি জানি ধরনধারণ নাহি মানি শাসন বারণ গো— আমরা আপন রোথে মনের ঝোঁকে ছি'ড়েছি শিকল। লক্ষ্মী তোমার বাহনগুলি ধনে পুত্রে উঠুন ফুলি, লুঠুন তোমার চরলধূলি গো—

আমর। স্কল্পে কাথা কুলি ফিরব ধরাতল।
তোমার বন্দরেতে বাঁধাঘাটে বোঝাই-করা সোনার পাটে
স্থানেক রত্ন স্থানেক হাটে পো,

আমরা নোওরছেঁড়া ভাঙা তরী ভেসেছি কেবল। আমরা এবার খুঁলে দেখি অক্লেতে কুল মেলে কি,

দ্বীপ আছে কি ভবসাগরে—

यनि অধ না জোটে দেখব ভূবে কোৰায় রসাজল।

আমরা জুটে সারাবেলা করব হতভাগার মেলা,
গাব গান করব থেলা গো,
কঠে যদি স্থর না আদে করব কোলাহল।
সোমশংকর। এবার কিঞ্চিং কলাহারের আহোজন করি।
স্থগাংশু। আগে দেবী আস্থন ঘরে, তার পরে কল কামনা করব।
সোমশংকর। তৎপূর্বে—

স্থাংশু। তৎপূর্বে স্থমহতী প্রতিহিংসা। (গাঁঠরি থেকে কিংগাবের আসন বেরল) লক্ষীর সঙ্গে তাঁর ডক্তদের যোগ পাকবে এই আসনটিতে। তোমাদের ঘরের মাটি রইল তোমাদের, তার উপরে আসনটা রইল আমাদেরই। আর তাঁর কমলাসন, সে আছে আমাদের হৃদয়ের মধ্যে।

সোমশংকর। কী তোমাদের বলব। বলবার কথা আমি জানি নে।

# তৃতীয় অঙ্ক

### শেষ দৃশ্য

## বাঁশরিদের বাড়ি। সতীশ ডেস্কে বসে লিখছে সুষমার ছোটো বোন সুষীমার প্রবেশ

সতীশ। আমার সক্ষে বিয়ের সম্ম পাকা করতে এসেছিস? বরের মুখ-দেখা বৃঝি আব্দ?

স্বীমা। যাও!

সতীশ। যাও কী। বেশিদিনের কথা নয়, তোর বয়স যথন পাচ, মাকে জিজ্ঞাসা করিস, আমাকে বিয়ে করতে তোর কী জেদ ছিল। আমি তোকে সোনার বালা গড়িয়ে দিয়েছিলুম, সেটা ভেঙে ব্রোচ তৈরি হয়েছে।

স্বীমা। সতীশদা, কী বক্ছ তুমি।
সতীশ। আচ্ছা থাক্ তবে, কী জ্বন্তে এসেছিন।
স্বীমা। দিদির বিয়েতে প্রেক্তেন্ট্ দেব।
সতীশ। সে তো ভালো কথা। কী দিতে চাস।

স্বীমা। এই চামড়ার পদিটা।

मठीम। ভारमा बिनिम, जामात्रहे लां इरह ।

স্বীমা। আমি এসেছি বাশিদিদির কাছে।

সভীশ। ওধান থেকে কেউ তোকে পাঠিয়ে দিয়েছে ?

স্থীমা। না, লুকিয়ে এসেছি, কেউ জানে না। আমার এই থলির উপরে বাঁশিদিদিকে দিয়ে আঁকিয়ে নেব।

সতীশ: বাঁশিদিদি আঁকতে পারে কে বললে তোকে।

স্থীমা। শংকরদাদা। তাঁর কাছে একটা দিগারেট-কেস আছে দেটা বাঁশি-দিদির দেওরা। তার উপরে একজোড়া পায়রা এঁকেছেন নিজের হাতে। চমংকার !

সতীশ। আচ্ছা, তোর বাঁশিদিদিকে পাঠিয়ে দিচ্ছি।

প্রস্থান

#### বাঁশরির প্রবেশ

वामद्रि। की ऋषी।

স্থীমা। তোমাকে সতীশদাদা সব বলেছেন?

বাঁশরি। হাঁ বলেছেন। ছবি এঁকে দেব তোর থলির উপর ? কী ছবি আঁকব।

স্থবীমা। একজ্যোড়া পায়রা, ঠিক বেমন এঁকেছ শংকরদাদার সিগারেট-কেসের উপরে।

বাঁশরি। ঠিক তেমনি করেই দেব। কিন্তু কাউকে বলিস নে যে আমি একে দিয়েছি।

স্বীমা। কাউকে না।

বাশর। তোকেও একটা কাঞ্চ করতে হবে, নইলে আমি আঁকব না।

স্বীমা। বলোকী করতে হবে।

বাশরি। সেই দিগারেট-কেনটা আমাকে এনে দিতে হবে।

হ্বীমা। তাঁর বুকের পকেটে থাকে। কক্ষনো আমাকে দেবেন না।

বাশরি। আমার নাম করে বলিস দিতেই হবে।

स्योग। पूर्वि जाँदक निरम्ह जातात्र कितिय त्नरत की करत।

বাশরি। তোমার শংকরদাদাও দেওয়া জিনিল ফিরিয়ে নেন।

श्रीया। क्करनाना।

বাশরি। আচ্ছা, তাঁকে জিজানা করিন আমার নাম ক'রে।

श्रीया। आक्रा करत। आभि वारे, किन्दु जूटना ना आंगाद कथा।

বাশরি। তুইও ভূলিস না আমার কথা, আর নিয়ে বা এক বান্ধ চকোলেট, কাউকে বলিস নে আমি দিয়েছি।

স্বীমা। কেন।

বাশরি। মা জানতে পারলে রাগ করবেন।

স্বীমা। কেন।

বাঁশরি। যদি তোর অস্থ করে।

स्वीया। वनव नां, किन्न थ्वराज मित्र भरकदमामारकः ।

[ স্বীমার প্রস্থান

### একখানা খাতা হাতে নিয়ে বাঁশরি সোফায় হেলান দিয়ে বসল লীলার প্রবেশ

বাঁশরি। দেখ্ লীলা, মৃথ গন্তীর করে আসিস নে ভাই, তা হলে ঝগড়া হয়ে যাবে। মনে হচ্ছে সান্ধনা দেবার কুমতলব আছে, বাদল নামল বলে। তঃখ আমার সয়, সান্ধনা আমার সয় না, সে তোদের জানা। বসেছিলেম গ্রামোকোনে কমিক গান বাজাতে কিন্তু তার চেয়ে কমিক জিনিস নিয়ে পড়েছি।

मीमा। की याना **का** वानि।

বাঁশরি। ক্ষিতীশের এই গ্রেখানা।

नीना । (शाजांजा जूटन निरम्) 'जातनानान निनाम'— नामणा हनरव वाकारत।

বাশরি। বস্তুটাও। এ জিনিদের কাটতি আছে। পড়তে চাস ?

नीना । ना ভाই, नमग्र नार्ट, विरावाि नामावात बर्ज जांक भरज़रह ।

বাঁশরি। আমি কি দাজাতে পারতুম না।

লীলা। আমার চেয়ে অনেক ভালো পারতিন।

বাশরি। ভাকতে সাহস হল না। ভীক্ন ওরা।

দীলা। তা নয়, লজ্জা হল, কী বলে তোকে ডাকবে।

বাশরি। না ভেকেই কজা দিকে আমাকে। ভাবছে আমি অরজন ছেড়ে ঘরে দরজা দিয়ে কেঁদে মরছি। ওদের সঙ্গে বধন তোর দেখা হবে কথাপ্রসঙ্গে বলিস, 'বাশি বিছানায় ওবে কমিক গল্প পড়ছিল, পেট ফেটে যাচ্ছিল হেসে হেসে।' নিশ্চয় বলিস।

नीन। निक्त रनत, गद्धद विषयं की दन् प्रिथ।

বাশরি। হিচরের নাম স্থার চন্দ্রশেষর। নায়িকা পদ্ধা, ধনক্বেরের মন ভোলাতে লেগেছেন উঠেপড়ে। ওঠার চেয়ে পড়ার অংশটাই বেশি। সেন্ট্-জ্যান্টনির টেম্টেশন ছবি দেখেছিস তো? দিনের পর দিন ন্তন বেহায়াগিরি— ভোর খ্ব-ষে শুচিবাই তা নয়, তর্ কণে কণে গলার ঘাটে দৌড় মারতে চাইভিস। দিতীয় নম্বরের নায়িক। গলা ভেঙে মরছে পদ্ধক্তের ধারে দাঁড়িয়ে। অবশেষে একদিন পৌষ মাসের অর্ধরাতে বিড়কির ঘাটে— তুই ভাবছিস হতভাগিনী আত্মহত্যা করে বাঁচল—ক্তিশের কল্পনাকে অবিচার করিস নে— নায়িকা জলের মধ্যে এক পৈঠে পর্যন্ত নেবেছিল। ঠাণ্ডা জলে ছাঁকে করে উঠল গা-টা। ছুটল গরম বিছানা লক্ষ্য করে। এইখানটাতে সাইকলজির তর্ক এই, শীতে করল বলেই মরা মূলতুবি কিন্তা শীত করাতে আগুনের কথাটা মাথায় এল, অমনি ভাবল ওদের জালিয়ে মারবে বেঁচে থেকে।

লীলা। কিছুতে ব্রুতে পারি নে, এত লোক থাকতে ক্ষিতীশের উপর এত ভরসা রেখেছিদ কী করে।

বাঁশরি। অবিচার করিদ নে। ওর লেখবার শক্তি আছে। ও আমাদের ময়মনসিংহের বাগানের আম, ঞাত ভালো, কিন্তু হতই চেষ্টা করা গেল ভিতরে পোকা হতেই আছে। ঐ পোকা বাদ দিয়ে কাজে লাগানো হয়তো চলবে। ঐ বৃঝি আসছে। লীলা। আমি তবে চলদুম।

বাঁশরি। একেবারে যাস নে। সদ্ধেবেলাটা কোনোমতে কাটাতে হবে। কমিক গল্পটা তো শেষ হল।

লীলা। কমিক গল্পের এক্টিনি করতে হবে বৃঝি আমাকেই ? আচ্ছা, রইল্ম পাশের ঘরে।

#### ক্ষিতীশের প্রবেশ

কিজীশ। কেমন লাগল। মেলোড্রামার খাদ মেশাই নি সিকি ভোলাও। সেটিমেন্টালিটির তরল রুস চায় যে-সব খ্কিরা, তাদের পক্ষে নির্জ্ঞলা একাদশী। একেবারে নিষ্ঠুর সত্য।

বাশরি। কেমন লাগল বৃঝিয়ে দিচ্ছি (পাতাগুলি ছিঁড়ে ফেলল)।

ক্ষিতীশ। করলে কী। সর্বনাশ। এটা আমার সব লেখার সেরা, নই করে ক্ষেত্রে ?

বাঁশরি। দলিলটা নষ্ট করে ফেললেই সেরা জিনিসের বালাই থাকে না। ক্লভঞ্জ হোয়ো আমার 'পরে। কিতীশ। সাহিত্যে নিজে কিছু দেবার শক্তি নেই, অথচ সংকোচ নেই তাকে বঞ্চিত করতে। এর দাম দিতে হবে, কিছুতে চাড়ব না।

वानिति। की नाम छाई।

কিতীশ। তোমাকে।

বাঁশরি। ক্ষতিপূরণ এত সন্তায়, সাহস আছে নিতে?

কিতীশ। আছে।

বাশরি। সেটিমেন্ট এক ফোটাও মিলবে না।

কিতীশ। আশাও করি নে।

বাশরি। নির্জ্ঞলা একাদশী, নিষ্ঠুর সভ্য।

ক্ষিতীশ। রাজি আছি।

বাশরি। আছ রাজি? ব্রেহ্মেরে বলছ? এ কমিক নভেল নয়, ভূল করলে প্রফ-দেখা চলবে না, এডিশনও ফুরবে না মরার দিন পর্যন্ত।

ক্ষিতীশ। শিশু নই, এ কথা বৃঝি।

বাশরি। না মশায়, কিচ্ছু বোঝ না, ব্ঝতে হবে দিনে দিনে পলে পলে, ব্ঝতে হবে হাড়ে হাড়ে মজ্জায় মজ্জায়।

ক্ষিতীশ। সেই হবে আমার জীবনের সবচেয়ে বড়ো অভিজ্ঞতা।

বাশরি। তবে বলি শোনো। অবোধের 'পরে মেরেদের স্বাভাবিক ক্ষেত্র। তোমার উপর রূপা আছে আমার। তাই অবুঝের মতো নিজের সর্বনাশের ষে-প্রস্তাবটা করলে তাতে সমতি দিতে দয়া হচ্ছে।

कि जीन। मचि ना मित्न नांश्वाजिक निर्मयुक्त इत्त । नामत्न फेंग्रेट भावत ना ।

বাশরি। মেলোড্রামা?

ক্ষিতীশ। না মেলোভামা নয়।

বাশরি। ক্রমে মেলোড্রামা হয়ে উঠবে না?

্ ক্ষিতীশ। বদি হয় তবে সেই দিনগুলোকে ঐ থাতার পাতার মতো টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলো।

বাশরি। (উঠে দাঁড়িয়ে) আচ্ছা সমতি দিলেম। (কিতীশ ছুটে এল বাশরির দিকে) ঐ রে, শুরু হল। ভালো করে ভেবে দেখো, এখনো পিছোবার সময় আছে।

ক্ষিতীশ। (করজোড়ে) মাপ করো, ভয় হচ্ছে পাছে মত বদলার।

বাঁশরি। যথন বদলাবে তথন ভয় কোরো। অমন মুখের দিকে ভাকিয়ে থেকো

না। দেখতে থারাপ লাগে। যাও রেক্ষেণ্টি আফিসে। তিন-চার দিনের মধ্যে বিয়ে হওয়া চাই।

क्लिजीन। नाणित्नव त्ययान क्याटक आहेत्न यनि वाट्स ?

বাশরি। তা হলে বিয়েতেও বাধবে। দেরি করতে সাহস নেই।

কিতীশ। অমুষ্ঠান ?

বাঁশরি। হবে না অর্ফান, তোমার দেখছি কমিকের দিকে ঝোঁক আছে। এথনো বুঝলে না জিনিসটা সীরিয়াস।

কিতীশ ৷ কাউকে নিমন্ত্ৰণ ?

বাশরি। কাউকে না।

কিতীশ। কাউকেই না ?

বাঁশরি। আচ্ছা, দোমশংকরকে।

কিতীশ। কিরকম চিঠিটা লিখতে হবে তার একটা ধসড়া—

वागिति। थम् एका, निर्ध पिछि।

किजीम। बहरख ?

वाभिति। है।, बहरखहै।

কিতীশ। আজই ?

বাশরি। হাঁ, এখনই। (চিঠি লিখে) এই নাও, পড়ো।

কিতীশের পাঠ। এতন্ধারা সংবাদ দেওয়া বাইতেছে, শ্রীমতী বাঁশরি সরকারের সহিত শ্রীম্ক কিতীশচন্দ্র ভৌমিকের অবিলম্বে বিবাহ দ্বির হইয়াছে। তারিথ জানানো অনাবশ্রক— আপনার অভিনন্দন প্রার্থনীয়। পত্রহারা বিজ্ঞাপন হইল, ক্রটি মার্জনা করিবেন। ইতি—

বাশরি। এ চিঠি এখনি রাজার দারোয়ানের হাতে দিয়ে আসবে। দেরি কোরোনা।

[ কিতীশের প্রস্থান

লীলা, ওনে ষা খবরটা।

#### শীলার প্রবেশ

नीना। की थरद।

বাঁশরি। বাঁশরি সরকারের সজে কিতীশ ভৌমিকের বিবাহ পাকা হয়ে গেল।

দীলা। আ: কী বলিস তার ঠিকানা নেই।

বাঁশরি। এতদিন পরে একটা ঠিকানা হল।

লীলা। এটাবে আত্মহত্যা।

বাঁশরি। তার পরে পুনর্জন্মের প্রথম অধ্যায়।

শীশা। স্বচেয়ে তৃঃথ এই যে, যেটা ট্র্যাঞ্চেডি সেটাকে দেখাবে প্রহসন।

বাশরি। ট্র্যাক্তেডির লক্ষা ঘূচবে ঠাট্রার হাসিতে। অশ্রুপাতের চেয়ে অপৌরব নেই।

লীলা। আমাদের রাশিচক্র থেকে থকে পড়ল সবচেয়ে উচ্ছল তারাটি। যদি তার আলা নিভত শোক করতুম না। জ্বালা সে সলে করে নিয়েই চলল অন্ধকারের তলায়।

বাঁশরি। তা হোক, ডার্ক্ হীট, কালো আগুন, কারো চোখে পড়বে না। আমার জন্ম শোক করিদ নে, যে আমার সাধি হতে চলল শোচনীয় সে-ই। এ কী। শংকর আসচে। তুই যা ভাই একটু আড়ালে।

ি লীলার প্রস্থান

#### সোমশংকরের প্রবেশ

সোমশংকর। বাশি।

বাশরি। তুমি যে।

সোমশংকর। নিমন্ত্রণ করতে এসেছি। জানি অগুপক্ষ থেকে ডাকে নি তোমাকে। আমার পক্ষ থেকে কোনো সংকোচ নেই।

বাশরি। কেন সংকোচ নেই। ওদাসীগ্র ?

সোমশংকর। তোমার কাছ থেকে যা পেয়েছি আর আমি যা দিয়েছি তোমাকে, এ-বিবাহে তাকে স্পর্নমাত্র করতে পারবে না, এ তুমি নিশ্চয় জান।

বাশরি। তবে বিবাহ করতে যাচ্ছ কেন।

সোমশংকর। সে কথা ব্যতে যদি নাও পার, তবু দয়া কোরো আমাকে।

বাঁশরি। তবু বলো। বুঝতে চেষ্টা করি।

সোমশংকর। কঠিন ব্রত নিয়েছি, একদিন প্রকাশ হবে, আজ থাক্, ছুঃসাধ্য আমার সংকল্প, ক্তিয়ের যোগ্য। কোনো-এক সংকটের দিনে বুঝবে সে-ব্রত ভালোবাসার চেয়েও বড়ো। তাকে সম্পন্ন করতেই হবে প্রাণ দিয়েও।

বাশরি ৷ আমাকে সঙ্গে নিয়ে সম্পন্ন করতে পারতে না ? ২৪॥১৩ সোমশংকর। নিজেকে কখনো তৃমি ভূল বোঝাও না বাঁলি। তৃমি নিশ্চিত জান তোমার কাছে আমি তুর্বল। হয়তো একদিন তোমার ভালোবাসা জামাকে টলিয়ে দিত জামার ব্রত থেকে। যে-তুর্গমপথে স্বয়ার সঙ্গে সন্ধ্যাসী আমাকে বাজায় প্রবৃত্ত করেছেন সেধানে ভালোবাসার গতিবিধি বন্ধ।

বাশরি। সন্ন্যাসী হয়তো ঠিকই ব্ঝেছেন। তোমার চেরেও তোমার ব্রতকে আমি বড়ো করে দেখতে পারতুম না। হয়তো সেইখানেই বাধত সংঘাত। আদ শর্মন্ত তোমার ব্রতের সক্ষেই আমার শক্রতা। তবে এই শক্রর ফুর্মে কোন্ সাহসে তুমি এলে। একদিন যে-শক্তি আমার মধ্যে দেখেছিলে আব্দ কিছু কি তার অবশিষ্ট নেই। ভয় করবে না?

সোমশংকর। শক্তি একট্ও কমে নি, তবু ভয় করব না। বাঁশরি। যদি তেমন করে পিছু ভাকি এড়িরে যেতে পারবে ? সোমশংকর। কী জানি, না পারতেও পারি।

বাশরি। তবে?

সোমশংকর। তোমাকে বিশ্বাস করি। আমার সত্য কথনোই ভাঙা পড়বে না তোমার হাতে। সংকটের মুখে যাবার পথে আমাকে হেয় করতে পারবে না তুমি। নিশ্চিত জান, সত্যভশ্ব হলে আমি প্রাণ রাথব না। মরব তুষানলে পুড়ে।

বাশরি। শংকর, তুমি ক্ষত্তিয়ের মতোই ভালোবাসতে পার। তথু ভাব দিয়ে নয় বীর্ষ দিয়ে। সত্যি করে বলো, আঞ্চও কি আমাকে সেদিনের মতোই ততখানি ভালোবাস।

সোমশংকর। ততথানিই।

বাশরি। আর কিছুই চাই নে আমি। স্বমাকে নিয়ে পূর্ণ হোক তোমার এত, ভাকে ঈর্বা করব না।

সোমশংকর। একটা কথা বাকি আছে।

वाभित्र। की, वटना।

সোমশংকর। আমার ভালোবাসার কিছু চিহ্ন রেখে যাচ্ছি ভোমার কাছে, ফিরিয়ে দিতে পারবে না। (অসংকারের সেই খলি বের করলে)

বাঁশরি। ও কী, ওসব-যে তলিয়ে ছিল জলে।

সোমশংকর। ভূব দিয়ে আবার তুলে এনেছি।

বাঁশরি। মনে করেছিলুম আমার সব হারিয়েছে। কিরে শেয়ে অনেকথানি বেশি করে শেলুম। নিজের হাতে পরিয়ে লাও আমাকে। (লামশংকর গয়না পরিবে দিলে) শক্ত আমার প্রাণ। তোমার কাছেও কোনোদিন কেঁদেছি বলে মনে পড়ে না, আব্দ যদি কাঁদি কিছু মনে কোরো না। (হাতে মাধা রেখে কারা)

#### ভূত্যের প্রবেশ

ভূত্য। রাজাবাহাত্রের চিঠি। বাঁশরি। (দাঁড়িয়ে উঠে) শংকর, ও চিঠি আমাকে দাও। সোমশংকর। না পড়েই? বাঁশরি। হাঁ, না পড়েই।

সোমশংকর। তবে নাও। (বাঁশরি চিঠিটা ছিঁড়ে ফেলল) এখনো একটা কাজ বাকি আছে। এই সিগারেট-কেস চেয়ে পাঠিয়েছিলে। কেন, বুঝতে পারি নি।

বাঁশরি। আর-একবার তোমার ঐ পকেটে রাথব বলে, এ আমার দ্বিতীয়বারকার দান।

সোমশংকর। সন্মাদীবাবা আমাদের বাড়িতে আদবেন এখনই— বিদায় দাও, যাই তাঁর কাছে।

বাঁশরি। যাও, জয় হোক সন্ন্যাসীর।

ি শোমশংকরের প্রস্থান

#### লীলার প্রবেশ

नीना। की छाइ-

বাঁশরি। একটু বোসো। আর-একথানা চিঠি লেখা বাকি আছে, সেটা তাকে দিতে হবে তোরই হাত দিয়ে। (চিঠি লিখে লীলাকে দিলে) পড়ে দেখ্।

#### हींची

শ্রীমান কিতীশচন্দ্র ভৌমিক কল্যাণবরেষ্—

তোমার ভাগ্য ভালো, ফাঁড়া কেটে গেল, আমারও বিবাহের আসর আশহাটা সম্পূর্ণ লোপ করে দিলুম। 'ভালোবাসার নিলামে' সর্বোচ্চ দরই পেয়েছি, তোমার ডাক দে-পর্যন্ত পৌছত না। অন্তত্ম অন্ত-কোনো সান্ধনার স্থযোগ উপস্থিতমত যদি না জোটে তবে বই লেখো। আশা করি এবার সত্যের সঙ্গে তোমার পরিচয় হয়েছে। ভোমার এই লেখার বাঁশরির প্রতি দয়া করবার দরকার হবে না। আত্মহত্যায় এক পৈঠে পা বাড়িরেই সে ফিরে এসেছে। লীলা। (বাঁশরিকে জড়িয়ে ধরে) আঃ, বাঁচালি ভাই আমাদের স্বাইকে। স্ব্যার উপর এখন আর তোর রাগ নেই ?

বাশরি। কেন থাকবে। নে কি আমার চেয়ে জিতেছে। দীলা, দে ভাই সব দরজা খুলে সব আলোগুলো জালিয়ে— বাগান থেকে যতগুলো ফুল পাস নিয়ে আয় সংগ্রহ করে।

লীলার প্রস্থান

#### পুরন্দরের প্রবেশ

वाँ भति। এ की मन्नामी, जूमि य आमात घटत ?

भूतन्तर । চলে योष्टि मृत्त, श्याका जात तिथा शत ना।

বাঁশরি। যাবার বেলায় আমার কথা মনে পড়ল ?

পুরন্দর। তোমার কথা কথনোই ভূলি নি। ভোলবার মতো মেয়ে নও তুমি।
নিতাই এ কথা মনে রেখেছি তোমাকে চাই আমাদের কাজে— তুর্নভ তঃসাধ্য তুমি,
তাই তঃথ দিয়েছি।

বাশরি। পার নি তৃঃখ দিতে। মরা কঠিন নয়, পেয়েছি তার প্রথম শিক্ষা। কিন্তু তোমাকে একটা শেষকথা বলব সয়াসী, শোনো। স্বয়মাকে তৃমি ভালোবাস, স্বয়মা জানে সেই কথা। তোমার ভালোবাসার স্থতে গেঁথে ব্রতের হার পরেছে সে গলায়, তার আর ভাবনা কিসের। সত্য কি না বলো।

পুরন্দর। সত্য কি মিথ্যা সে-কথা বলে কোনো ফল নেই, তুইই সমান।

বাঁশরি। স্থ্যার ভাগ্য ভালো কিছু সোমশংকরকে কী তুমি দিলে।

পুরন্দর। সে পুরুষ, সে ক্ষত্রিয়, সে তপস্বী।

বাশরি। হোক পুরুষ, হোক ক্ষত্রিয়, তার তপস্থা অপূর্ণ থাকবে আমি না থাকলে, আবশ্রুক আচে আমাকে।

পুরন্দর। বঞ্চিত হবার হঃখই তাকে দেবে শক্তি।

বাশরি। কথনোই না, তাতেই পদু করবে তার ব্রত। যে পারে ঐ ক্ষত্রিয়কে শক্তি দিতে এমন কেবল একটি মেয়ে আছে এ-সংসারে।

शूत्रमतः कानिः।

वैभिति। त्म ऋष्यां नश्।

পুরন্দর। তাও জানি। কিন্তু ঐ বীরের শক্তি হরণ করতে পারে, এমনও একটি মাত্র মেরে আছে এ-সংসারে। বাঁশরি। আজ অভয় দিচ্ছে সে। আপন অন্তরের মধ্যে সে আপনি পেয়েছে দীক্ষা। তার বন্ধন ঘুচেছে, সে আর বাঁধবে না।

পুরন্দর। তবে আজ যাবার দিনে নিঃসংকোচে তারই হাতে রেখে গেলেম সোমশংকরের তুর্গম পথের পাথেয়।

বাঁশরি। এতদিন আমার যত প্রণাম বাকি ছিল সব একতা করে আজ এই দিলেম তোমার পায়ে।

পুরন্দর। আর আমি দিয়ে গেলেম তোমাকে একটি গান তোমার কঠে সেটিকে গ্রহণ করো।

#### গান

পিনাকেতে লাগে টংকার—
বহুদ্ধরার পঞ্জরতলে কম্পন জাগে শহার।
আকাশেতে ঘোরে ঘূর্ণী
স্বান্ধর বাধ চূর্ণি,
বক্ষভীষণ গর্জনরব প্রলয়ের জয়ভহার।
স্বর্গ উঠিছে ক্রন্দি,
স্বরপরিষদ বন্দী,
তিমিরগহন হঃসহ রাতে উঠে শৃত্মলঝংকার।
দানবদস্ত তর্ভি'
কল্ম উঠিল গর্জি,
লগুভণ্ড লুটিল ধুলায় অল্পভেদী অহংকার।

# উপন্যাস ও গল্প

# গল্পগুচ্ছ

# नन्न छ क्

# নামঞ্জুর গল্প

আমাদের আসর জমেছিল পোলিটিক্যাল লক্ষাকাণ্ডের পালায়। হাল আমলের উত্তরকাণ্ডে আমরা সম্পূর্ণ ছুটি পাই নি বটে, কিন্তু গলা ভেঙেছে; তা ছাড়া সেই অগ্নিলাহের থেলা বন্ধ।

বঙ্গভন্দের রক্ত্মিতে বিশ্রোহীর অভিনয় শুরু হল। স্বাই জানেন, এই নাট্যের পঞ্চম অক্রের দৃশু আলিপুর পেরিয়ে পৌছল আগুমানের সমূত্রকূলে। পারানির পাথেয় আমার যথেষ্ট ছিল, তবু গ্রহের গুণে এপারের হাজতেই আমার ভোগসমাপ্তি। সহযোগীদের মধ্যে ফাঁসিকাঠ পর্যন্ত যাদের সর্বোচ্চ প্রোমোশন হয়েছিল, তাদের প্রণাম করে আমি পশ্চিমের এক শহরের কোণে হোমিওপ্যাধি চিকিৎসায় প্রার জমিয়ে তুললেম।

তথনো আমার বাবা বেঁচে। তিনি ছিলেন বাংলাদেশের এক বড়ো মহকুমার সরকারি উকিল। উপাধি ছিল রায়বাহাত্র। তিনি বিশেষ-একটু ঘটা করেই আমার বাড়ি বন্ধ করে দিলেন। তাঁর হদরের সঙ্গে আমার যোগ বিচ্ছিন্ন হয়েছিল কি না অন্তর্যামী জানেন, কিন্ত হয়েছিল পকেটের সঙ্গে। মনি-অর্ডারের সম্পর্ক পর্যন্ত ছিল না। যথন আমি হাজতে তথনই মায়ের মৃত্যু হয়েছিল। আমার পাওনা শান্তিটা গেল তাঁর উপর দিয়েই।

আমার পিদি ব'লে যিনি পরিচিত, তিনি আমার শোপার্জিত কিছা আমার পৈতৃক, তা নিয়ে কারও কারও মনে সংশয় আছে। তার কারণ, আমি পশ্চিমে ধাবার পূর্বে তাঁর সঙ্গে আমার সম্বন্ধ সম্পূর্ণই অব্যক্ত ছিল। তিনি আমার কে, তা নিয়ে সন্দেহ থাকে তো থাক্, কিছ তাঁর স্নেহ না পেলে সেই আত্মীয়তার অরাজকতা-কালে আমাকে বিষম তৃঃথ পেতে হত। তিনি আজয় পশ্চিমেই কাটিয়েছেন; সেইখানেই বিবাহ, সেইখানেই বৈধব্য। সেইখানেই আমীর বিষয়স্পতি। বিধবা তাই নিয়েই বন্ধ ছিলেন।

ভার আরও একটি বন্ধন ছিল। বালিকা অমিরা। কভাটি স্বামীর বটে, স্ত্রীর নয়। তার মা ছিল দিনিমার এক যুবতী দানী, লাতিতে কাহার। স্বামীর মৃত্যুর পর মোন। '

এমন অবস্থায় তাঁর আর-একটি বন্ধন বাড়ল, সে হচ্ছে আমি স্বয়ং। যথন জেলথানার বাইরে আমার স্থান অত্যন্ত সংকীর্ণ তথন এই বিধবাই আমাকে তাঁর ঘরে এবং হৃদরে আশ্রয় দিলেন। তার পরে বারার দেহান্তে যথন জানা গেল, উইলে তিনি আমাকে বিষয় থেকে বঞ্চিত করেন নি, তথন স্বথে হৃংথে আমার পিসির চোথে জল পড়ল। ব্রুলেন, আমার পক্ষে তাঁর প্রয়োজন ঘুচল। তাই বলে স্বেহ তো ঘুচল না।

जिनि वललन, "वावा, त्यथात्ने थाक, जामात्र जामीवान त्रहेल।"

আমি বললেম, "সে তো থাকবেই, সেই সঙ্গে তোমাকেও থাকতে হবে, নইলে আমার চলবে না। হাজত থেকে বেরিয়ে যে-মাকে আর দেখতে পাই নি, তিনিই আমাকে পথ দেখিয়ে তোমার কাছে নিয়ে এসেছেন।"

পিসিমা তাঁর এতকালের পশ্চিমের ঘর-সংসার তুলে দিয়ে আমার সঙ্গে কলকাতায় চলে এলেন। আমি হেসে বললেম, "তোমার স্নেহগলার ধারাকে পশ্চিম থেকে পূর্বে বহন করে এনেছি, আমি কলির ভগীরথ।"

পিসিমা হাসলেন, আর চোথের জল মৃত্লেন। তাঁর মনের মধ্যে কিছু ছিধাও হল; বললেন, "অনেকদিন থেকে ইচ্ছে ছিল, মেয়েটার কোনো-একটা গতি করে শেষ বয়সে তীর্থ করে বেড়াব— কিন্তু বাবা, আজ যে তার উলটো পথে টেনে নিয়ে চললি।"

আমি বললুম, "পিদিমা, আমিই তোমার দচল তীর্থ। যে-কোনো ত্যাগের ক্ষেত্রেই তুমি আত্মদান কর-না কেন, সেইথানেই তোমার দেবতা আপনি এসে তা গ্রহণ করবেন। তোমার যে পুণ্য আত্মা।"

সবচেয়ে একটা মৃত্তি তাঁর মনে প্রবল হল। তাঁর আশকা ছিল, স্বভাবতই আমার প্রবৃত্তির ঝোঁকটা আতামান-মৃথো, অতএব কেউ আমাকে সামলাবার না থাকলে অবশেষে একদিন পুলিসের বাহবন্ধনে বন্ধ হবই। তাঁর মতলব ছিল, যে কোমল বাহবন্ধন তার চেয়ে অনেক বেশি কঠিন ও স্থায়ী, আমার জন্ম তারই ব্যবস্থা করে দিয়ে তবে তিনি তীর্থভ্রমণে বার হবেন। আমার বন্ধন নইলে তাঁর মৃত্তি নেই।

আমার চরিত্র সম্বন্ধে এইখানে ভূল হিসেব করেছিলেন। কৃষ্টিতে আমার বধ-বন্ধনের প্রহটি অস্তিমে আমাকে শক্নি-গৃধিনীর হাতে সঁপে দিতে নারাজ ছিলেন না, কিন্তু প্রজাপতির হাতে নৈব নৈব চ। ক্সাকর্তারা জাটি করেন নি, তাঁদের সংখ্যাও অজন্ম।' আমার পৈতৃক সম্পত্তির বিপুল সচ্চলতার কথা সকলেই জানত; অতএব, ইচ্ছা করলে সম্ভবপর খণ্ডরকে দেউলে করে দিয়ে কন্তার সদে সদে বিশ-পঁচিশ হাজার টাকা নহবতে সাহানা বাজিয়ে হাসতে হাসতে আদায় করতে পারতেম। করি নি। আমার ভাবী চরিতলেখক এ কথা যেন শরণ রাখেন যে, খদেশসেবার সংকল্পের কাছে এককালীন আমার এই বিশ-পঁচিশ হাজার টাকার ত্যাগ। জমা-ধরচের জন্মটা অদৃষ্ঠ কালিতে লেখা আছে বলে যেন আমার প্রশংসার হিসাব থেকে বাদ না পড়ে। পিতামহ ভীন্মের সঙ্গে আমার মহৎ চরিত্তের এইখানে মিল আছে।

পিদিমা শেষ পর্যন্ত আশা ছাড়েন নি। এমন সময়ে ভারতের পোলিটিক্যাল আকাশে আমাদের সেই ক্ষাত্রযুগের পরবর্তী যুগের হাওয়া বইল। পূর্বেই বলেছি, এখনকার পালায় আমরা প্রধান নায়ক নই, তবু ফুট্-লাইটের অনেক পিছনে মাঝে মাঝে নিজেজভাবে আমাদের আসা-যাওয়া চলছে। এত নিজেজ যে, পিদিমা আমার সম্বন্ধে নিশ্চিস্তই ছিলেন। আমার জত্যে কালীঘাটে স্বস্তুয়ন করবার ইচ্ছে এককালে তাঁর ছিল, কিন্তু ইদানিং আমার ভাগ্য-আকাশে লাল-পাগড়ির রক্তমেঘ একেবারে অদৃশ্য থাকাতে তাঁর আর থেয়াল রইল না। এইটেই ভূল করলেন।

সেদিন পুজার বাজারে ছিল থদরের পিকেটিং। নিতান্ত কেবল দর্শকের মতন গিয়েছিলেম— আমার উৎসাহের তাপমাত্রা ৯৮ অঙ্কেরও নীচে ছিল, নাড়িতে বেশি বেগ ছিল না। সেদিন যে আমার কোনো আশদ্ধার কারণ থাকতে পারে সে-থবর আমার কৃটির নক্ষত্র ছাড়া আর-সবার কাছে ছিল অগোচর। এমন সময় থদরপ্রচার-কারিণী কোনো বাঙালি মহিলাকে পুলিস-সার্জেট দিলে ধাক্রা। মুহুর্তের মধ্যেই আমার অহিংস অসহযোগের ভাবধানা প্রবল তৃঃসহযোগে পরিণত হল। স্কুরাং অনতিবিলম্বে থানায় হল আমার গতি। তার পরে যথানিয়মে হাজতের লালায়িত কবলের থেকে জেলথানার অদ্ধকার জঠরদেশে অবতরণ করা গেল। পিসিমাকে ব'লে গেলেম, ''এইবার কিছুকালের জন্তে তোমার মৃক্তি। আপাতত আমার উপযুক্ত অভিভাবকের অভাব রইল না, অতএব এই স্ব্যোগে তৃমি তীর্ষভ্রমণ করে নাওগে। অমিয়া থাকে কলেন্দের হুস্টেলে; বাড়িতেও দেথবার-শোনবার লোক আছে; অতএব, এখন তৃমি দেবসেবায় বোলো-আনা মন দিলে দেবমানব কারও কোনো আপত্তির কথা থাকবে না।"

জেলথানাকে জেলথানা বলেই গণ্য করে নিয়েছিলেম। সেথানে কোনোরকম দাবিদাওয়া আবদার উৎপাত করি নি। সেথানে হব, সম্মান, সেজিন্য, হছৎ ও হুখাতের অভাবে অত্যম্ভ বেশি বিশ্বিত হই নি। কঠোর নিয়মগুলোকে কঠোর-

ভাবেই মেনে নিয়েছিলেম। কোনোৱৰুম আপত্তি করাটাই লক্ষার বিষয় ব'লে মনে করতেম।

মেরাদ পুরো হবার কিছু পূর্বেই ছুটি পাওয়া গেল। চারি দিকে খুব হাততালি।
মনে হল বেন বাংলাদেশের হাওরায় বাজতে লাগল, 'এন্কোর! এক্দেলেন্ট্!'
মনটা খারাপ হল। ভাবলেম, যে ভূগল সেই কেবল ভূগল। আর, মিষ্টায়মিতরে জনাঃ,
রস পেলে দশে মিলে। সেও বেশিক্ষণ নয়; নাট্যমঞ্চের পর্না পড়ে বার, আলো নেভে,
তার পরে ভোলবার পালা। কেবল বেড়ি-হাতকড়ার দাগ যার হাড়ে গিয়ে লেগেছে
ভারই চিরদিন মনে খাকে।

শিদিমা এখনো তীর্থে। কোধার, তার ঠিকানাও জানি নে। ইতিমধ্যে পুজার সময় কাছে এল। একদিন দকালবেলার আমার সম্পাদক-বন্ধু এসে উপস্থিত। বললেন, "ওছে, পুজোর সংখ্যার জন্তে একটা লেখা চাই।"

জিজাসা করলেম, "কবিতা ?"

"আরে, না। তোমার জীবনরভাস্ত।"

"সে তো তোমার এক সংখ্যায় ধরবে না।"

"এক দংখ্যায় কেন। ক্রমে ক্রমে বেরোবে।"

"পতীর মৃতদেহ স্থদর্শনচক্রে টুকরো টুকরো করে ছড়ানো হয়েছিল। আমার জীবনচরিত দম্পাদকি চক্রে তেমনি টুকরো টুকরো করে দংখ্যার দংখ্যার ছড়িয়ে দেবে, এটা আমার পছন্দসই নয়। জীবনী যদি লিখি গোটা আকারে বের করে দেব।"

"না-হর তোমার জীবনের কোনো-একটা বিশেষ ঘটনা লিখে দাও-না।"

"তা তো হবেই। বেগুলো একেবারে মারাত্মক কথা তার ইতিহালের চিহ্ন বদল না করলে বিপদ আছে। আমি দেইরকম মরিয়াগোছের জিনিসই চাই। পেজ প্রতি ডোমাকে—"

<sup>&</sup>quot;की-व्रक्य घटना ।"

<sup>&#</sup>x27;'তোমার সব-চেয়ে কঠোর অভিজ্ঞতা, ধূব বাতে ঝাঁজ।"

<sup>&</sup>quot;की इत्व निर्ध।"

<sup>&</sup>quot;লোকে জানতে চায় হে।"

<sup>&</sup>quot;এত কোতৃহল ? আচ্ছা, বেশ, লিখব।"

<sup>&</sup>quot;মনে থাকে বেন সব-চেমে ষেটাতে তোমার কঠোর অভিজ্ঞতা।"

<sup>&</sup>quot;অর্থাৎ, সব-চেয়ে ষেটাতে হুঃথ পেয়েছি, লোকের তাতেই সব-চেয়ে মজা। আচ্ছা, বেশ। কিন্তু নামটামগুলো অনেকথানি বানাতে হবে।"

"আদে লেখাটা দেখো, তার পরে দরদন্তর হবে ।"

"কিন্তু, আর-কাউকে দিতে পারবে না বলে রাখছি। বিনি বত দর হাঁকুন, আমি তার উপরে—"

"আচ্ছা, আচ্ছা, সে হবে।"

শেষকালটা উঠে যাবার সময় বলে গেলেন, "তোমাদের ইনি— ব্রুতে পারছ ? নাম করব না— ঐ যে তোমাদের সাহিত্যধুরন্ধর— মন্ত লেখক ব'লে বড়াই ; কিন্তু, যা বল তোমার স্টাইলের কাছে তার স্টাইল যেন ডসনের বুট আর তালতলার চটি।"

ব্রলেম, আমাকে উপরে চড়িরে দেওয়াটা উপলক্ষমাত্র, তুলনায় ধ্রদ্ধরকে নাবিয়ে দেওয়াটাই লক্ষ্য ব

এই গেল আমার ভূমিকা। এইবার আমার কঠোর অভিজ্ঞতার কাহিনী।

'সদ্ধা' কাগজ যেদিন থেকে পড়তে শুরু, সেইদিন থেকেই আহারবিহার সহদ্ধে আমার কড়া ভাগ। সেটাকে জেল্যালার রিহার্দাল বলা হত। দেহের প্রতি অনাদরের অভ্যাস পালা হয়ে উঠল। তাই প্রথমবার যথন ঠেললে হাজতে, প্রাণপুরুষ বিচলিত হয় নি। তার পর বেরিয়ে এসে নিজের 'পরে কারও সেবাশুক্রযার হস্তক্ষেপমাল্র বরদান্ত করি নি। পিসিমা হংখবাধ করতেন। তাঁকে বলতেম, "পিসিমা, ক্ষেহের মধ্যে মৃক্তি, সেবার মধ্যে বদ্ধন। তা ছাড়া, একের শরীরে অন্ত শরীরধারীর আইন খাটানোকে বলে ভায়ার্কি, বৈরাজ্য— সেইটের বিরুদ্ধে আমাদের অসহযোগ।"

তিনি নিখাস ছেড়ে বলতেন, "আচ্ছা, বাবা, তোমাকে বিরক্ত করব না।" নির্বোধ, মনে মনে ভাবতেম বিপদ কাটল।

ভূলেছিলেম, স্নেহসেবার একটা প্রচ্ছর রূপ আছে। তার মায়া এড়ানো শক্ত।
অকিঞ্চন শিব যথন তাঁর ভিক্লের ঝুলি নিয়ে দারিত্যুগোরবে ময় তথন থবর পান না
যে, লক্ষ্মী কোন্-এক সময়ে সেটা নরম রেশম দিয়ে বুনে রেখেছেন, তার সোনার
স্থতোর দামে স্থনকলে বিকিয়ে যায়। বখন 'ভিক্লের অয় থাচ্ছি' বলে সদ্যাসী
নিশ্চিন্ত তথন জানেন না য়ে, অয়প্রা এমন মসলায় বানিয়েছেন য়ে, দেবরাজ প্রসাদ
পাবার জল্পে নন্দীর কানে কানে ফিসফিস করতে খাকেন। আয়ায় হল সেই দশা।
খয়নে বসনে অশনে পিসিমার সেবার হল্প গোপনে ইল্লজাল বিল্লার করতে লাগল,
সেটা দেশান্থবাধীর অন্তমনন্ধ চোখে পড়ল না। মনে মনে ঠিক দিয়ে বলে আছি,
তপত্যা আছে অক্ষা। চমক ভাঙল জেলখানায় গিয়ে। পিসিমা ও পুলিসের ব্যবস্থার

মধ্যে যে একটা ভেদ আছে, কোনো-রকম অবৈতবৃদ্ধি দারা তার সমন্বন্ধ করতে পারা গেল না। মনে মনে কেবলই গীতা আওড়াতে লাগলেম, নিজৈওণ্যো ভবার্ছ্ন। হায় রে তপস্বী, কথন যে পিদিমার নানা গুণ নানা উপকরণ-সংযোগে হৃদয়দেশ পেরিয়ে একেবারে পাক্যন্তে প্রবেশ করেছে, তা জানতেও পারি নি। জেলখানায় এসে সেই জারণাটাতে বিপাক ঘটতে লাগল।

ফল হল এই যে, বজ্ঞাখাত ছাড়া আর-কিছুতে যে-শরীর কাবৃ হত না সে পড়ল অক্স হয়ে। জেলের পেয়াদা যদি বা ছাড়লে জেলের রোগগুলোর মেয়াদ আর ফুরোতে চায় না। কখনো মাখা ধরে, হজম প্রায় হয় না, বিকেলবেলা জর হতে থাকে। ক্রমে যখন মালাচন্দন হাততালি ফিকে হয়ে এলেছে তখনো এ আপদগুলো টন্টনে হয়ে রইল।

মনে মনে ভাবি, পিদিমা তো তীর্থ করতে গেছেন, তাই বলে অমিয়াটার কি ধর্মজ্ঞান নেই। কিন্তু, দোষ দেব কাকে। ইতিপূর্বে অস্থাথ-বিস্থাথ আমার দেবা করবার জন্মে পিদিমা তাকে অনেকবার উৎসাহিত করেছেন— আমিই বাধা দিয়ে বলেছি, ভালো লাগে না।

পিসিমা বলেছেন, "অমিয়ার শিক্ষার স্বন্থেই বলছি, তোর আরামের ক্ষন্তে নয়।" অ'মি বলেছি, "হাসপাতালে নার্সিং করতে পাঠাও-না।"

পিদিমা রাগ করে আর জবাব করেন নি।

আজ শুরে শুরে মনে মনে ভাবছি, 'না-হর এক সময়ে বাধাই দিয়েছি, তাই বলে কি সেই বাধাই মানতে হবে। গুরুজনের আদেশের 'পরে এত নিষ্ঠা এই কলিয়ুগে!'

সাধারণত নিকট সংসারের ছোটোবড়ো অনেক ব্যাপারই দেশাত্মবোধীর চোথ এড়িয়ে যায়। কিন্তু, অহুথ করে পড়ে আছি বলে আজকাল দৃষ্টি হয়েছে প্রথম। লক্ষ্য করলেম, আমার অবর্তমানে অমিয়ারও দেশাত্মবোধ পূর্বের চেয়ে অনেক বেশি প্রবল হয়ে উঠেছে। ইতিপূর্বে আমার দৃষ্টান্ত ও শিক্ষায় তার এত অভাবনীয় উন্নতি হয় নি। আজ অসহযোগের অলহু আবেগে লে কলেজ-ত্যাগিনী; ভিড়ের মধ্যে দাঁড়িয়ে বক্তৃতা করতেও তার হুংকশ হয় না; অনাধাসদনের চাদার জন্তে অপরিচিত লোকের বাড়িতে গিয়েও দে মুলি ফিরিয়ে বেড়ায়। এও লক্ষ্য করে দেখলেম, অনিল তার এই কঠিন অধ্যবসায় দেখে তাকে দেবী ব'লে ভক্তি করে— ওর জন্মদিনে সেই ভাবেরই একটা ভাঙা ছন্দের জ্যোত্র সে লোনার কালিতে ছাপিয়ে ওকে উপহার দিয়েছিল।

স্পামাকেও ঐ ধরনের একটা-কিছু বানাতে হবে, নইলে অস্থবিধা হচ্ছে।
পিসিমার আমলে চাকরবাকরগুলো যথানিয়মে কাল্প করত; হাতের কাছে কাউকেনা-কাউকে পাওয়া বেত। এখন এক মাস জলের দরকার হলে আমার মেদিনীপুরবাসী
শ্রীমান ললধরের অক্সাৎ অভ্যাগমের প্রত্যাশায় চাতকের মতো তাকিয়ে থাকি;
সময় মিলিয়ে ওয়্ধ থাওয়া সহছে নিজের ভোলা মনের 'পরেই একমাত্র ভরসা।
আমার চিরদিনের নিয়মবিরুদ্ধ হলেও রোগশয়্যায় হাজিয়ে দেবার জ্ঞে অমিয়াকে
ফ্ই-একবার ডাকিয়ে এনেছি; কিন্তু দেখতে পাই, পায়ের শব্দ শুনলেই সে দরজার
দিকে চমকে তাকায়, কেবলই উস্থুস করতে থাকে। মনে দয়া হয়; বলি, "অমিয়া,
আজ্ব নিশ্বয় তোদের মাটিং আছে।"

অমিয়া বলে, "তা হোক-না দাদা, এবনো আর-কিছুক্ণ—" আমি বলি, "না, না, নে কি হয়। কর্তব্য সব আগে।"

কিন্তু প্রায়ই দেখতে পাই, কর্তব্যের অনেক আগেই অনিল এনে উপস্থিত হয়। তাতে অমিয়ার কর্তব্য-উৎসাহের পালে যেন দমকা হাওয়া লাগে, আমাকে বড়ো বেশি-কিছু বলতে হয় না।

७५ अनिम नम्, विद्यामम-वर्षक आदे अदनक छेरमारी यूवक आमाद वाफ़ित একতলায় বিকেলে চা এবং ইন্স্পিরেশন গ্রহণ করতে একত্র হয়। তারা সকলেই অমিয়াকে যুগলন্ধী বলে সম্ভাষণ করে। একরকম পদবী আছে, যেমন রায়বাহাছর, পাট-করা চাদরের মতো, যাকেই দেওয়া যায় নির্ভাবনায় কাঁথে ঝুলিয়ে বেড়াতে পারে। আর-একরকম পদবী আছে, যার ভাগ্যে জোটে সে বেচারা নিজেকে পদবীর সঙ্গে মাপসই করবার জন্মে অহরহ উৎকৃষ্টিত হরে থাকে। স্পষ্টই বুঝলেম, অমিয়ার সেই व्यवद्या। नर्वमारे व्यञ्जन्न विन छेरनार्थनीथ राय नां थाकरन जाक मानाय ना। খেতে ভতে তার সময় না-পাওয়াটা বিশেষ সমারোহ করেই ঘটে। এপাড়ায় ওপাড়ায় থবর পৌছয়। কেউ যথন বলে, এমন করলে শরীর টি কবে কী করে, দে একটুথানি হাদে- আন্তর্ধ সেই হাসি। ভক্তরা বলে 'আপনি একটু বিপ্রাম করুন গে, একরকম করে কাঞ্চটা দেরে নেব', সে তাতে কুন্ন হয়— ক্লান্তি থেকে বাঁচানোই কি বড়ো কথা। তু:থগোরব থেকে বঞ্চিত করা কি কম বিভ্রনা। তার ত্যাগ-খীকারের ফর্দের মধ্যে আমিও পড়ে গেছি। আমি যে তার এতবড়ো জেল-খাটা দাদা- উল্লাসকর কানাই বারীন উপেন্দ্র প্রভৃতির সদে এক জ্যোতিক্ষওলীতে যার স্থান, গীতার বিতীয় অধ্যায় পার হয়ে তার যে-দানা গীতার শেষ দিকের অধ্যায়ের मृत्थ अधानत श्राहरू, जारक अर्थाहिज পরিমাণে দেখবার দে সময় পায় না। এত

বড়ো তাঞ্জিকাইন । বেনিন কোনো কারণে তার বলের লোকের অভাব হরেছে সেদিন আমিও তার উৎসাহের মোঁভাত জোগাবার জন্তে বলেছি, 'অমিয়া, ব্যক্তিগত মাহাবের সলে সকর জোর জন্তে নর, ভোর জন্তে বর্তমান যুগ।' আমার কথাটা দে গভীরম্থে নীরবে মেনে নিয়েছে। জেলে বাওরার পর থেকে আমার হালি জন্তঃশীলা বইছে— বারা আমাকে কেনে না তারা বাইরে থেকে আমাকে পুব গভীর বলেই মনে করে।

বিছানার একলা পড়ে পড়ে কড়িকাঠের দিকে চেম্নে চেম্নে ভাবছি, বিমুখা বাদ্ধবা ষাতি। হঠাৎ মনে পড়ে পেল, সেদিন কোথা থেকে একটা স্বাঙ্কা কুকুর আমার বারান্দার কোণে আশ্রম খুঁজছিল। সায়ের রোঁওয়া উঠে গেছে, জীর্ণ চামড়ার তলায় করালের আব্রু নেই— আধমরা তার অবস্থা। অত্যন্ত মুণার দকে তাকে দুর-দুর করে তাড়িয়ে দিয়েছিলেম। আৰু ভাবছিলেম, এভটা বেশি ঝাঁকের দদে তাকে তাড়ালেম কেন। বেগামা কুকুর বলে নয়, ওর সর্বাকে মরণদশা দেখা দিয়েছে বলে। প্রাণের সংগীতসভায় ওর অক্তিছটা বেক্সরো, ওর স্পাণতা বেয়াদবি। ওর লকে নিজের তুলনা মনে এল। চারি দিকের চলমান প্রাণের ধারার মধ্যে আমার অস্বাস্থ্য একটা স্থাবর পদার্থ, স্রোতের বাধা। সে দাবি করে, 'শিয়রের কাছে চুপ करत वरन थारका ।' প্রাংশর नावि, 'मिरक विभिन्क करन इनका ।' রোগের বাঁধনে বে নিজে বন্ধ অরোগীকে সে বন্দী করতে চার— এটা একটা অপরাধ। অতএব, জীবলোকের উপর পব লাবি একেবারে পরিত্যাগ করব মনে করে গীত। খুলে বসলেম। প্রায় মথন হিতথী অবস্থার এনে পৌচেছি, মনটা রোগ-অরোগের স্বন্ধ ছাড়িয়ে গেছে. এমন সময় অন্তব করলেম, কে আমার পা ছুঁয়ে প্রদাম করলে। গীতা থেকে চোথ নামিরে দেখি, পিসিমার পোশ্রমগুলীভূক একটি মেয়ে। এপর্যস্ক দুরের থেকেই সাধারণভাবেই তাকে জানি : বিশেষভাবে তার পরিচয় জানি নে- তার নাম পর্যন্ত আমার অবিদিত। মাধায় ঘোমটা টেনে ধীরে ধীরে সে আমার পায়ে হাত বৃলিয়ে मिट्ड मागम।

তথন মনে পড়ল, মাথে মাথে সে আমার দরজার বাইরের কোণে ছায়ার মতো এমে বার বার ফিরে ফিরে গেছে। বোধ করি দাহদ করে ছরে চুকতে পারে নি। আমার অজ্ঞাতসারে আমার মাথা-ধরার, গায়ে-ব্যথার ইতির্ভান্ত দে আড়াল থেকে অনেকটা জেলে গিরেছে। আজ দে লক্ষ্যাভয় দ্ব করে বরের মধ্যে এনে প্রণাম করে বসলা আয়ি বে একদিন একজন মেরেকে অপমান থেকে বাঁচাবার জন্তে ছঃখ-লীকারের অধ্য নারীকে দিয়েছি, সে হয়ভো-বা দেশের সমস্ত মেয়ের হয়ে আমার পারের কাছে ভারই প্রাপ্তিমীকার করতে এলেছে। জেল থেকে বেরিক্সে অনেক সভার অনেক মার্লা পেরেছি, কিন্তু আৰু ঘরের কোণে এই-তে অধ্যাত হাতের মানটুক্ পেলেম এ আমার হৃদরে এনে বাজন। নিজেওণ্য হবার উমেদার এই জেল-খাটা প্লবের বহুকালের ওকনো চোধ ভিজে ওঠবার উপক্রম করতে। পূর্বেই বলেছি, সেবার আমার অজ্যেস নেই। কেউ পা চিপে বিতে এলে ভালোই লাগত না, ধনকে ভাড়িয়ে দিতেম। আৰু এই সেবা প্রভাগধান করার স্পর্বা মনেও উদ্ধর হল না।

খুলনা জেলার পিলিমার আদি খন্তরবাছি। লেখানকার প্রামসম্পর্কের ছটি-চারটি মেয়েকে পিসিমা আমিয়ে রেখেছেন। পিসিমার কাক্তমর্থ পূজা-অর্চনার তারা ছিল তাঁর সহকারিণী। তাঁর নানারকম ক্রিরাক্সে তাদের না হলে তাঁর চলত না। এ বাড়িতে আর দর্বত্তই অমিয়ার অধিকার ছিল, কেবল পুজোর ঘরে না। অমিয়া তার কারণ জানত না, জানবার চেষ্টাও করত না। পিলিমার মনে ছিল, জমিয়া ভালোরকম লেখাপড়া শিখে এমন মতে বিয়ে করবে বেখানে আচার-বিচারের বাঁখাবাঁধি নেই, আর দেববিক বেথান থেকে থাতির না পেয়ে শৃষ্ট হাতে ফিরে আসেন। এটা আক্ষেপের কথা। কিন্তু, এ ছাড়া ওর আর-কোনো গতি হতেই পারে না- বাপের পাতক থেকে মেরেকে সম্পূর্ণ বাঁচাবে কে। সেই স্কারণে অমিরাকে তিনি চিলেমির ঢালু ভট বেম্বে আধুনিক আচারহীনতার মধ্যে উত্তীর্ণ হতে বাধা দেন নি। ছেলেবেলা থেকে অকে আর ইংরেজিতে ক্লাসে সে হয়েছে ফার্ল্ট। বছরে বছরে মিশনারি हेकून व्यक्त क्रक् भेरत वनी जुनित्य हार्क्ट-भारहा करन शाहक नित्य धानहा । যে-বাবে দৈবাৎ পরীশায় বিতীয় হয়েছে দে-বাবে শোবার ঘরে দরজা বন্ধ করে কেঁদে চোথ ফুলিয়েছে; প্রায়োপবেশন করতে যার আর-কি। এমনি করে পরীকাদেবভার কাছে সিদ্ধির মানত করে সে তারই সাধনায় দীর্ঘকাল তন্ময় ছিল। অবশেষে অসহযোগের বোগিনীমত্তে দীক্ষিত হয়ে পরীক্ষাদেবীর বর্জন-সাধনাতেও সে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হল। পাশ-গ্রহণেও বেমন, পাশ-ছেমনেও তেমনি, কিছুতেই সে কারও চেমে পিছিয়ে থাকবার মেয়ে নয়। পড়ান্তনো করে তার বে খ্যাতি, পড়ান্তনো ছেড়ে তার চেয়ে খ্যাতি অনেক বেশি বেড়ে গেল। আৰু যে-সব প্রাইব্দ তার হাতের কাছে ফিরছে তারা চলে, তারা বঙ্গে, তারা কঞ্জসলিলে গলে, তারা কবিতাও লেখে।

বলা বাহুল্য, পিলিমার পাড়াগেঁরে শোক্ত মেরেগুলির 'পরে অমিয়ার একটুও শ্রদ্ধা ছিল না। আনাধানদনে রে-সমরে চাঁদার টাকার চেরে অনাধারই অভাব বেলি, সেই সমরে এই মেরেদের পেধানে পাঠাবার লভ্যে শিনিয়ার ফাছে অমিয়া অনেক আবেদন করেছে। পিনিয়া বলেছেম, "সে কী কথা— এরা ভো অনাধা নয়, আমি বেঁচে আছি কী করতে। অনাধ হোক, নমাধ হোক, নমাধ হোক, মেয়েরা চায় ঘর; লদকের মধ্যে

তাদের ছাপ মেরে বন্ধাবনী করে রাধা কেন। তোমার বদি এতই দরা থাকে তোমার ঘর নেই নাকি।"

বা হোক, মেয়েটি যখন মাথা হেঁট করে পায়ে হাত বুলিয়ে দিচ্ছে, আমি সংক্চিত অবচ বিগলিতচিত্তে একথানা খবরের কাগজ মুখের সামনে ধরে বিজ্ঞাপনের উপর চোধ বুলিয়ে যেতে লাগলেম। এমন সময় হঠাৎ অকালে অমিয়া ঘরের মধ্যে এসে উপস্থিত; নবয়ুগের উপযোগী ভাইফোঁটার একটা ন্তন ব্যাখ্যা সে লিখেছে। সেইটে ইংরেজিতেও সে প্রচার করতে চায়; আমার কাছে তারই সাহায্য আবশ্রক। এই লেখাটির ওরিজিয়াল আইডিয়াতে ভজ্জদল খুব বিচলিত— এই নিয়ে তারা একটা ধুমুধাম করবে বলে কোমর বেঁধেছে।

ঘরে চুকেই সেবানিযুক্ত মেয়েটিকে দেখেই অমিয়ার মুখের ভাব অত্যস্ত শক্ত হয়ে উঠল। তার দেশবিশ্রত দাদা যদি একটু ইশারামাত্র করত তা হলে তার সেবা করবার লোকের কি অভাব ছিল। এত মাহুষ থাকতে শেষকালে কি এই—

থাকতে পারলে না। বললে, "দাদা, হরিমতিকে কি তুমি-"

প্রশ্নটা শেষ করতে না দিয়ে ফ্স্ করে বলে ফেললেম, "পায়ে বড়ো ব্যধা করছিল।"
প্লিস-সার্জেণ্টের হাতে একটি মেয়ের অপমান বাঁচাতে গিরে জেলধানায়
গিয়েছিলেম। আজ এক মেয়ের আক্রোশ থেকে আর-এক মেয়েকে আচ্ছাদন করবার
জয়ে মিথ্যে কথা বলে ফেললেম। এবারেও শান্তি শুরু হল। অমিয়া আমার পায়ের
কাছে বসল। হরিমতি তাকে কৃষ্ঠিত মুহুক্ঠে কী একটা বললে, সে ঈষৎ মুথ বাঁকিয়ে
জবাবই করলে না। হরিমতি আন্তে আন্তে উঠে চলে গেল। তথন অমিয়া পড়ল
আমার পা নিয়ে। বিপদ ঘটল আমার। কেমন করে বলি দরকার নেই, আমার
ভালোই লাগে না'। এতদিন পর্যন্ত নিজের পায়ের সম্বন্ধে যে স্বায়ন্তশাসন সম্পূর্ণ বজায়
রেথেছিলেম, সে আর টে কৈ না বৃঝি!

ধৃড়্ফড়্করে উঠে বদে বললেম, "অমিয়া, দে তোর লেখাটা, ওটা তর্জমা করে ফেলি।"

"এখন থাক-না, দাদা। তোমার পা কামড়াচ্ছে, একটু টিপে দিই-না?"

"না, পা কেন কামড়াবে। হাঁ হাঁ, একটু কামড়াচ্ছে বটে। তা, দেখ্ অমি, তোর এই ভাইফোঁটার আইডিয়াটা ভারি চমংকার। কী করে তোর মাধার এল, তাই ভাবি। ঐ যে লিখেছিল বর্তমান মূলে ভাইয়ের ললাট অভি বিরাট, সমন্ত বাংলাদেশে বিস্তৃত, কোনো একটিমাত্র ঘরে তার স্থান হয় না— এটা খুব-একটা বড়ো কথা। দে, আমি লিখে ফেলি: With the advent of the present age, Brother's

brow, waiting for its auspicious anointment from the sisters of Bengal, has grown immensely beyond the narrowness of domestic privacy beyond the boundaries of the individual home। একটা আইডিয়ার মতো আইডিয়া পেলে কলম পাগল হয়ে ছোটে।"

অমিরার পা-টেপার ঝেঁকে একেবারে থেমে গেল। মাধাটা ধরে ছিল, লিখতে একটও গা লাগছিল না— তবু অ্যাম্পিরিনের বড়ি গিলে বলে গেলেম।

পরদিন তুপ্রবেশার আমার জলধর যথন দিবানিশ্রার রত, দেউড়িতে দরোয়ানিশ্র তুশদীদাসের রামায়ণ পড়হে, গলির মোড় থেকে ভালুকনাচওয়ালার ভূগভূগি শোনা যাছে, বিশ্রামহারা অমিয় যথন মৃগলন্ধীর কর্তব্যপালনে বেরিয়েছে, এমন সময় দরজার বাইরে নির্জন বারান্দায় একটি ভীক্ষ ছায়া দেখা দিলে। শেষকালে বিধা করতে করতে কথন হঠাৎ এক সময়ে সেই মেয়েটি একটা হাতপাথা নিয়ে আমার মাথার কাছে বসে বাতাস করতে লাগল। বোঝা গেল, কাল অমিয়ার ম্থের ভাবথানা দেখে পায়ে হাত দিতে আজ আর সাহস হল না। এতক্ষণে নববক্ষের ভাইফোটা-প্রচারের মীটিং বসেছে। অমিয়া ব্যক্ত থাকবে। তাই ভাবছিল্ম ভরসা করে বলে ফেলি, পায়ে বড়ো ব্যথা করছে। ভাগ্যে বলি নি।— মিথ্যে কথাটা মনের মধ্যে যথন ইতন্তত করছে ঠিক সেই সময়ে, অনাথাসদনের তৈমাসিক রিপোর্ট হাতে, অমিয়ার প্রবেশ। হিরমিতির পাথা-দোলনের মধ্যে হঠাৎ চমক লাগল; তার হুৎপিণ্ডের চাঞ্চল্য ও ম্থিশ্রীর বিবর্ণতা আন্দান্ধ করা শক্ত হল না। অনাথাসদনের এই সেক্রেটারির ভয়ে তার পাথার গতি খুব মৃত্ হয়ে এল।

অমিয়া বিছানার এক ধারে বসে খুব শক্ত হুরে বললে, "দেখো দাদা, আমাদের দেশে ঘরে ঘরে কত আশ্রহারা মেরে বড়ো বড়ো পরিবারে প্রতিপালিত হয়ে দিন কাটাচ্ছে, অথচ সে-সব ধনী ঘরে তাদের প্রয়োজন একটুও জরুরি নয়। গরিব মেয়ে, যারা থেটে থেতে বাধ্য, এরা তাদেরই অন্ধ-অর্জনে বাধা দেয় মাত্র। এরা যদি সাধারণের কাজে লাগে যেমন আমাদের অনাধাসদনের কাজ— তা হলে—"

ব্বলেম, আমাকে উপলক্ষ করে হরিমতির উপরে বক্তৃতার এই শিলার্ষ্টি। আমি বললেম, "অর্থাৎ, তুমি চলবে নিজের শথ-অন্থসারে, আর আশ্রয়হীনারা চলবে তোমার ছক্ম-অন্থসারে। তুমি হবে অনাধাসদনের সেক্টোরি, আর ওরা হবে অনাধাসদনের সেবাকারিণী। তার চেয়ে নিজেই লাগো সেবার কাজে; ব্রুতে পারবে, সে কাজ তোমার অসাধ্য। অনাধাদের অতিষ্ঠ করা সহজ, সেবা করা সহজ নয়। দাবি নিজের উপরে করো, অত্যের উপরে কোরো না।"

আমার কাল্লেমভাব, মাঝে মাঝে ভূলে যাই 'আকোধেন জয়েং কোধন্'। ফল হল এই বে অমিয়া পিসিমারই সদক্ষদের মধ্য খেকে আর-একটি মেয়েকে এনে হাজির করলে— তার নাম প্রসন্ধ। ভাকে আমার পায়ের কাছে বসিরে নিরে বললে, "দাদার পায়ে বরণা করে, তূমি পা টিশে দাও।" সে যথোচিত অধ্যবসায়ের সঙ্গে আমার পাটিশতে লাগল। এই হতভাগ্য দাদা এখন কোন্ মুখে বলে যে, তার পায়ে কোনোরকম বিকার হয় নি। কেমন করে জানায় বে, এমনতরো টেপাটেপি করে কেবলমাল্র তাকে অপদস্থ করা হছে। মনে মনে ব্রুলেম, রোগশহাার রোগীর আর স্থান হবে না। এর চেয়ে ভালো নববলের ভাইফোটা-সমিতির সভাপতি হওয়া। পাঝার হাওয়া আছে আছে খেমে পেল। হরিমতি কাই অহতের করলে, অস্তুটা তারই উদ্দেশে। এ হছে প্রসন্ধকে দিয়ে হরিমতিকে উৎখাত করা। কটকেনেব কটকম্। একটু পরে পাখাটা মাটিতে রেখে সে উঠে দাঁড়াল। আমার পায়ের কাছে মাথা ঠেকিয়ে প্রণাম করে আছে আছে তুই পায়ে হাত বুলিরে চলে গেল।

আবার আমাকে গীতা খুলতে হল। তকুও ক্লোকের ফাঁকে ফাঁকে দরজার ফাঁকের দিকে চেম্নে দেখি— কিন্তু সেই একটুখানি ছায়া আর-কোণাও দেখা গেল না। তার বদলে প্রসন্ধ প্রায়ই আনে, প্রসন্নের দৃষ্টাস্তে আরও ত্ই-চারিটি মেয়ে অমিয়ার দেশবিশ্রত দেশভক্ত দাদার দেবা করবার জক্ষে জড়ো হল। অমিয়া এমন ব্যবস্থা করে দিলে, যাতে পালা করে আমার নিত্যদেবা চলে। এদিকে শোনা গেল, হরিমতি একদিন কাউকে কিছু না বলে কলকাতা ছেড়ে তার পাড়াগাঁয়ের বাড়িতে চলে গেছে।

মালের বারোই তারিখে সম্পাদক-বন্ধু এদে বন্ধনে— "একি ব্যাপার। ঠাটা নাকি। এই কি ভোমার কঠোর অভিজ্ঞতা।"

- আমি হেদে বদলেম, "পুৰোৱ বাজাৱে চলবে না কি।"

"একেবারেই না। এটা তো অত্যন্তই হালকা-রকমের জিনিস।"

সম্পাদকের দোষ নেই। জেলবাসের পর থেকে আমার অঞ্চলন অন্তঃশীলা বইছে। শোকে বাইরে থেকে আমাকে খুব ছালকা-প্রকৃতির লোক মনে করে।

গন্ধটা আমাকে ক্ষেত্ৰ দিয়ে গেল। ঠিক সেই মুহুর্তে এল অনিল। বললে, "মুখে বলতে পারব না, এই চিঠিটা পদ্ধন।"

চিঠিতে অমিয়াকে, তার দেবীকে, বুগলন্ধীকে বিবাহ করবার ইচ্ছে জানিয়েছে; এ-কমাও বলেছে, অমিয়ার অসমতি নেই।

ज्यन अभियात अन्रवृक्षास जादक नगरक रुग। महस्य नगरकम ना ; किस

লানতেম, হীনবর্ণের 'পরে অনিল প্রকাপ্ করণা প্রকাশ করে বাকে। আমি তাকে বললেম, "পূর্বপূক্ষের কলম জন্মের বারাই খালিত হয়ে বার, এ তো তোমরা অমিরার লীবনেই স্পষ্ট দেখতে পাছে। সে পন্ধ, তাতে পক্ষের চিহ্ন নেই।"

নববৰে ভাইফোটার সভা তার পরে আর জমল না। কোটা ররেছে তৈরি, কপাল মেরেছে দৌড়। আর শুনেছি, অনিল কলকাতা ছেড়ে কৃমিলার বরাজ প্রচারের কী-একটা কাজ নিয়েছে।

অমিরা কলেকে ভরতি হবার উল্লোগে আছে। ইতিমধ্যে শিসিমা তীর্থ বৈকে কিরে আসার পর শুক্রবার সাত-পাক বেড়ি থেকে আমার পা হটো থালাস পেরেছে। অগ্রহারণ, ১৩৩২

## সংস্থার

চিত্রগুপ্ত এমন জনেক পাশের হিনাব বড়ো অক্সরে তাঁর থাতার জমা করেন যা থাকে পাপীর নিজের অগোচরে। তেমনি এমন পাপও ঘটে বাকে আমিই চিনি পাপ বলে, আর-কেউ না। বেটার কথা লিখতে বদেছি সেটা লেই জাতের। চিত্রগুপ্তের কাছে জবাবদিহি করবার পূর্বে আপে-ভাগে কর্ল করলে অপরাধের মাজাটা হাল্কা হবে।

ব্যাপারটা ঘটেছিল কাল শনিবার দিনে। সেদিন আমাদের শাড়ায় জৈনদের মহলে কী একটা পরব ছিল। আমার স্ত্রী কলিকাকে নিয়ে মোটরে করে বেরিয়েছিল্ম — চায়ের নিমন্ত্রণ ছিল বন্ধু নয়নমোহনের বাড়িতে।

দ্বীর কলিকা নামটি শশুর-দন্ত, আমি ওর জক্ত দায়ী নই। নামের উপযুক্ত তাঁর বভাব নয়, মতামত থুবই পরিস্ফুট। বড়োবাজারে বিলিতি কাপড়ের বিপক্ষে যথন পিকেট করতে বেরিয়েছিলেন, তথন দলের লোক ভক্তি করে তাঁর নাম দিয়েছিল ক্রমতা। আমার নাম গিরীক্র। দলের লোক আমাকে আমার পঞ্জীর পতি বলেই জানে, খনামের সার্থকতার প্রতি লক্ষ্য করে না। বিধাতার ক্লমায় পৈতৃক উপার্থনের ক্রেণ আমারও কিঞ্চিৎ সার্থকতা আছে। তার প্রতি দলের লোকের দৃষ্টি পড়ে চাঁদা-আদারের সমর।

স্ত্রীর সবে স্থামীর স্থভাবের অমিল থাকলেই মিল ভালো হয়, ওকনো মাটির সক্ষেত্রপথারার মতো। আমার প্রকৃতি অত্যন্ত টিলে, কিছুই বেশি করে চেশে ধরিনে। আমার স্ত্রীর প্রকৃতি অত্যন্ত আঁট, যা ধরেন তা কিছুতেই ছাড়েন না। আমাদের এই বৈষম্যের গুণেই সংসারে শান্তিরকা হয়।

কেবল একটা জায়গায় আমাদের মধ্যে বে-অসামগ্রন্থ ঘটেছে তার আর মিটমাট হতে পারল না। কলিকার বিখাস, আমি খদেশকে ভালোবাসি নে। নিজের বিখাসের উপর তাঁর বিখাস অটল— তাই আমার আন্তরিক দেশ-ভালোবাসার ষতই প্রমাণ দিয়েছি, তাঁদের নির্দিষ্ট বাহ্য লক্ষণের সকে মেলে না বলে কিছুতেই তাকে দেশ-ভালোবাসা বলে খীকার করাতে পারি নে।

ছেলেবেলা থেকে আমি গ্রন্থবিলাসী, নতুন বইয়ের ধবর পেলেই কিনে আনি ।
আমার শক্রবাও কর্ল করবে যে, সে বই পড়েও থাকি; বন্ধ্রা খ্বই জানেন যে, প'ড়ে
তা নিম্নে তর্ক-বিতর্ক করতেও ছাড়ি নে।— সেই আলোচনার চোটে বন্ধ্রা পাশ
কাটিয়ে চলাতে অবশেষে একটিমাত্র মাহ্মের এসে ঠেকেছে, বনবিহারী, যাকে নিমে
আমি রবিবারে আসর জমাই। আমি তার নাম দিয়েছি কোণবিহারী। ছাদে বসে
তার সলে আলাপ করতে করতে এক-একদিন রান্তির ছটো হয়ে যায়। আমরা যথন
এই নেশায় ভোর তথন আমাদের পক্ষে হৃদিন ছিল না। তথনকার প্লিস কারও
বাড়িতে গীতা দেখলেই সিডিশনের প্রমাণ পেত। তথনকার দেশভক্ত যদি দেখত
কারও ঘরে বিলিতি বইয়ের পাতা কাটা, তবে তাকে জানত দেশবিল্রোহী। আমাকে
ওরা শ্রামবর্ণের প্রলেপ দেওয়া শ্বেত-বৈণায়ন বলেই গণ্য করত। সরস্বতীর বর্ণ সাদা
বলেই সেদিন দেশভক্তদের কাছ থেকে তাঁর পূঞ্চা মেলা শক্ত হয়েছিল। যে-সরোবরে
তাঁর শ্বেতপদ্ম ফোটে সেই সরোবরের জলে দেশের কপাল-পোড়ানো আগুন নেবে না,
বরঞ্চ বাড়ে, এমনি একটা রব উঠেছিল।

সহধর্মিণীর সদৃদৃষ্টান্ত ও নিরস্তর তাগিদ সদ্বেও আমি বদ্দর পরি নে; তার কারণ এ নর বে, বদ্দরে কোনো দোব আছে বা গুণ নেই বা বেশভ্যায় আমি শৌথিন। একেবারে উলটো — স্থাদেশিক চালচলনের বিরুদ্ধে অনেক অপরাধ আমার আছে, কিন্তু পরিচ্ছরতা তার অন্তর্গত নয়। মবলা মোটা রকমের সাজ, আলুথালু রকমে ব্যবহার করাটাই আমার অভ্যাস। কলিকার ভাবান্তর ঘটবার পূর্ববর্তী যুগে চীনেবাজারের আগা-চওড়া জুতো পরত্ম, সে জুতোয় প্রতিদিন কালিমা-লেপন করিয়ে নিতে ভূলত্ম, মোজা পরতে আপদ বোধ হত, শার্ট না পরে পাঞ্জাবি পরতে আরাম পেত্ম, আর সেই পাঞ্জাবিতে দুটো-একটা বোতামের অভাব ঘটলেও থেয়াল করত্ম না— ইত্যাদি কারণে কলিকার সঙ্গে আমার সম্পূর্ণ বিচ্ছেদ হবার আশক্ষা ঘটেছিল।

সে বলত, "দেখো, ভোমার সলে কোথাও বেরতে আমার লক্ষা করে।" আমি বলত্ম, "আমার অহগত হবার দরকার নেই, আমাকে বাদ দিয়েই তুমি বেরিয়ো।"

আৰু যুগের পরিবর্তন হরেছে, আমার ভাগ্যের পরির্তন হর নি । আঞ্চও কলিকা বলে, 'তোমার দকে বেরতে আমার লক্ষা করে।' তথন কলিকা বে-দলে ছিল ভাদের উর্দি আমি ব্যবহার করি নি, আল বে-দলে ভিড়েছে তাদের উর্দিও গ্রহণ করতে পারল্ম না । আমাকে নিয়ে আমার স্ত্রীর লক্ষা সমানই রয়ে গেল । এটা আমারই বভাবের দোষ । যে-কোনো দলেরই হোক, ভেক ধারণ করতে আমার সংকোচ লাগে । কিছুতেই এটা কাটাতে পারল্ম না । অপর পক্ষে মতান্তর জিনিসটা কলিকা থতম করে মেনে নিতে পারে না । ঝরনার ধারা বেমন মোটা পাথরটাকে বারে বারে ঘূরে ফিরে তর্জন করে রুধা ঠেলা দিতেই থাকে, তেমনি ভিন্ন ক্ষচিকে চলতে কিরতে দিনে রাত্রে ঠেলা না দিয়ে কলিকা থাকতে পারে না ; পৃথক মত নামক পদার্থের সংক্ষাৰ্থীয়ে তোলে।

কাল চায়ের নিমন্ত্রণে যাবার পূর্বেই আমার নিষ্পদর বেশ নিয়ে একসহন্ত্র-একতম বার কলিকা যে আলোচনা উত্থাপিত করেছিল, তাতে তার কণ্ঠস্বরে মাধুর্যমাত্র ছিল না। বৃদ্ধির অভিমান থাকাতে বিনা তর্কে তার ভ্রত্মনা শিরোধার্য করে নিতে পারি নি— স্বভাবের প্রবর্তনায় মাহ্যকে এত ব্যর্প চেষ্টাতেও উৎসাহিত করে। তাই আমিও একসহন্ত্র-একতম বার কলিকাকে থোঁটা দিয়ে বলন্ম, "মেয়েরা বিধিদত্ত চোখটার উপর কালাপেড়ে মোটা ঘোমটা টেনে আচারের সলে আঁচলের গাঁট বেঁধে চলে। মননের চেয়ে মাননেই তাদের আরাম। জীবনের সকল ব্যবহারকেই ক্ষচি ও বৃদ্ধির স্বাধীন ক্ষেত্র থেকে সরিয়ে নিয়ে সংস্কারের জেনানায় পর্দানশীন করতে পারলে তারা বাঁচে। আমাদের এই আচারজীর্ণ দেশে খদর-পরাটা সেইরকম মালাতিলকধারী ধার্মিকতার মতোই একটা সংস্কারে পরিণত হতে চলেছে বলেই মেয়েদের ওতে এত আনক।"

কলিকা রেগে অন্থির হয়ে উঠল। তার আওয়াক্স শুনে পাশের ঘর থেকে দাসীটা মনে করলে, ভার্ষাক্স পুরো ওক্সনের গয়না দিতে কর্তা বৃথি ফাঁকি দিয়েছে। কলিকা বললে, "দেখো, থদর-পরার শুচিতা যেদিন গলাম্বানের মতোই দেশের লোকের সংস্কারে বাঁধা পড়ে যাবে সোদন দেশ বাঁচবে। বিচার যথন স্বভাবের সঙ্গে এক হয়ে যায় তথনি সেটা হয় আচার। চিস্কা যথন আকারে দৃঢ়বন্ধ হয় তথনি সেটা হয় সংস্কার; তথন মাসুষ চোথ বৃক্তে কাক্স করে যায়, চোথ থুলে বিধা করে না।"

এই কথাগুলো অধ্যাপক নয়নমোহনের আগুবাক্য, তার থেকে কোটেশনমার্ক। করে গিয়েছে, কলিকা ওগুলোকে নিজের স্বচিন্তিত বলেই জানে। 'বোষার শত্রু নেই' বে পুরুষ বলেছিল সে নিশ্নর ছিল অবিবাহিত। কোনো জবাব দিশুম না দেখে কলিকা বিশুণ ঝেঁকে উঠে বললে, "বর্ণভেল তৃমি মুখে অপ্রাজ্ কর অবচ কাজে ভার প্রতিকারের জন্ম কিছুই কর না। আমরা খনর পরে পরে কেই ভেলটার উপর অবও সাদা রঙ বিছিয়ে দিরেছি, আবরণভেদ তৃলে দিয়ে বর্ণভেদটার ছাল ছাড়িরে ফেলেছি।"

ৰলতে ৰাচ্ছিল্ম, বৰ্ণভেদকে মুখেই অগ্ৰাহ্ন করেছিল্ম বটে যথন থেকে মুসলমানের রালা মুরগির ঝোল প্রাহ্ন করেছিল্ম। সেটা কিন্তু মুখহ বাক্য নর, মুখহ কার্য— ভার পতিটা অন্তরের দিকে। কাপড় দিয়ে বর্গ-বৈষম্য ঢাকা দেওরাটা বাছিক; ওতে ঢাকা দেওরাই হয়, মুছে দেওরা হয় না।' তর্কটাকে প্রকাশ করে বলবার যোগ্য সাহস কিন্তু হল না। আমি ভীক পুক্ষমাহ্য মাত্র, চুপ করে রইল্ম। জানি আপসে আমরা ছ্লনে যে-সব তর্ক ভক্ষ করি কলিকা সেগুলিকে নিয়ে ধোবার বাড়ির কাপড়ের মডো আছড়িয়ে কচলিয়ে আনে তার বাহিরের বহুমহল থেকে। দর্শনের প্রফেসর নয়নমাহনের কাছ থেকে প্রতিবাদ সংগ্রহ করে তার দীপ্ত চক্ষ্ নীরব ভাষার আমাকে বলতে লাকে, "কেমন। জক্ষ।"

নরনের ওথানে নিমন্ত্রণ বাবার ইচ্ছা আমার একট্ও ছিল না। নিশ্চর জানি, হিন্দু-কাল্চারে সংস্কার ও স্বাধীন বৃদ্ধি, আচার ও বিচারের আপেন্দিক স্থানটা কী, এবং সেই আপেন্দিকতায় আমাদের দেশকে অন্থা সকল দেশের চেয়ে উৎকর্ষ কেন দিয়েছে, এই নিমে চারের টেবিলে তপ্ত চায়ের ঘোঁয়ার মতোই ক্ষম আলোচনায় বাতাস আর্দ্র ও আচ্ছর হ্বার আশু সন্তাবনা আছে। এদিকে সোনালি পর্বলেধায় মিকিত অথক্তিবপত্রবতী নবীন বহিগুলি সহা দোকান থেকে আমার তাকিয়ার পাশে প্রভীক্ষা করছে, শুভদৃষ্টিমাত্র হয়েছে, কিন্তু এবনো তাদের ব্রাউন মোড়কের অবশুঠনমোচন হয় নি; তাদের সম্বন্ধে আমার পূর্বরাগ প্রতি মৃথুর্তে অন্তরে প্রবন্ধ হয়েছে। তবু বেরোতে হল; কারণ প্রশ্ববতার ইচ্ছাবেগ প্রতিহত হলে সেটা তার বাক্যে ও অবাক্যে এমন সকল ঘূর্ণীরূপ ধারণ করে যেটা আমার পক্ষে স্বাস্থ্যকর নয়।

বাড়ি থেকে আর একট্টু বেরিয়েছি। যেখানে রান্তার খারে কলতলা পেরিয়ে খোলার চালের ধারে স্থানার হিন্দুস্থানী ময়য়ার লোকানে তেলে-তাজা নানা প্রকার অপথ্য স্পষ্ট হলেছ, তার সামনে এসে মেথি বিষম একটা হলা। আমাদের প্রতিবেশী মাড়োয়ারিয়া নানা বছমূল্য প্রভাগচার নিয়ে যাত্রা কয়ে সবে-মাত্র বেরিয়েছে। এমন সময় এই জায়গাটাতে এনে ঠেকে গেল। গুনতে পেলেম মার্-মার্ ধ্বনি। মনে ভাবন্ম, কোনো গাঁটকাটাকে শাসন চলছে।

মোটরের শিঙা ফুঁকতে ফুঁকতে উত্তেজিত জনতার কেন্দ্রের কাছে গিয়ে দেখি, আমাদের পাড়ার বুড়ো সরকারি মেশ্বর্টাকে বেদম মারছে। একটু আগেই রাজার কলতলার স্নান সেরে সাফ কাপড় পরে ডান হাতে এক বালতি জল ও বগলে ঝাঁটানিরে রাজা দিরে সে যাজিল। গারে চেক-কাটা মেরজাই, জাঁচড়ামো চুল ভিজে; বা হাত ধরে সঙ্গে চলেছিল আট-নর বছরের এক নাতি। কুজনকেই দেখতে স্থ্রী, স্ফাম দেহ। সেই ভিড়ে কারও সঙ্গে বা কিছুর সঙ্গে তাদের ঠেকাঠেকি হরে বাকবে। তার থেকে এই নিরস্তর মারের স্কি। নাতিটা কাদছে আর সকলকে অহনের করছে, "দাদাকে মেরো না।" বুড়োটা হাত জ্বোড় করে বলছে, "দেখতে পাই নি, ব্রুতে পারি নি, কন্থর মাফ করো।" অহিংসাত্রত পুণ্যাবীদের রাগ চড়ে উঠছে। বুড়োর জীত চোখ দিয়ে জল পড়ছে, দাড়ি দিয়ে রক্ত।

আমার আর সহ হয় না। ওদের সক্ষে কলহ করতে নামা আমার পক্ষে অসম্ভব। হির করলুম, মেথরকে আমার নিজের গাড়িতে তুলে নিয়ে দেখাব আমি ধার্মিকদের দলে নই।

চঞ্চলতা দেখে কলিকা আমার মনের ভাব ব্রুতে পারলে। জোর করে আমার হাত চেপে ধরে বললে, "করছ কী, ও বে মেধর।"

আমি বলনুম, "হোক-না মেধর, তাই বলে ওকে অক্সায় মারবে ?"

কলিকা বললে, "ওরই তো দোব। রাভার মাঝধান দিয়ে যায় কেন। পাশ কাটিয়ে গেলে কি ওর মানহানি হত।"

আমি বলনুম, "সে আমি বৃঝি নে, ওকে আমি গাড়িতে তুলে নেবই।"

কলিকা বললে, "তা হলে এখনি এখানে রাজায় নেমে যাব। মেধরকে গাড়িতে নিতে পারব না— হাড়িডোম হলেও ব্রুড়ুম, কিন্তু মেধর!"

আমি বললুম, "দেখছ-না, সান করে ধোপ-দেওরা কাপড় প্রেছে? এদের জনেকের চেরে ও পরিষ্কার।"

"তা হোক-না, ও যে মেধর।"

ं माकांत्रक रनाम, "भकांगीन, हांकिया हाम या ।"

আমারই হার হল। আমি কাপুরুষ। নয়নমোহন সমাজতত্বটিত গভীর যুক্তি বের করেছিল— সে আমার কানে পোঁছল না, তার জবাবও দিই নি।

बाजांब, ১ खार्छ, ১७७६

আষাচ, ১৩৩৫

## বলাই

মাহুষের জীবনটা পৃথিবীর নানা জীবের ইতিহাসের নানা পরিছেদের উপসংহারে, এমন একটা কথা আছে। লোকালয়ে মাহুষের মধ্যে আমরা নানা জীবজন্তর প্রছের পরিচয় পেরে থাকি, দে কথা জানা। বস্তুত আমরা মাহুষ বলি সেই পদার্থকে যেটা আমাদের ভিতরকার সব জীবজন্তকে মিলিয়ে এক করে নিয়েছে— আমাদের বাঘ্ণাক্ষকে এক খোঁয়াড়ে দিয়েছে পুরে, অহি-নক্লকে এক খাঁচায় ধরে বেখেছে। যেমন রাগিণী বলি তাকেই যা আপনার ভিতরকার সমৃদয় সা-রে-গা-মা-গুলোকে সংগীত করে তোলে, তার পর থেকে তাদের আর গোলমাল করবার সাধ্য খাকে না। কিন্তু, সংগীতের ভিতরে এক-একটি হুর অন্ত সকল হুরকে ছাড়িয়ে বিশেষ হয়ে ওঠি—কোনোটাতে মধ্যম, কোনোটাতে কোমলগান্ধার, কোনোটাতে পঞ্চম।

আমার ভাইপো বলাই— তার প্রকৃতিতে কেমন করে গাছপালার মূল স্বরগুলোই হয়েছে প্রবল। ছেলেবেলা থেকেই চুপচাপ চেয়ে চেয়ে দেখাই তার অভ্যাস, নড়ে-চড়ে বেড়ানো নয়। পুৰদিকের আকাশে কালো মেঘ ছরে তরে ছপ্তিত হয়ে দাঁড়ায়, ওর সমস্ত মনটাতে ভিক্তে হাওয়া যেন প্রাবণ-অরণ্যের গন্ধ নিয়ে ঘনিয়ে ওঠে; ঝমঝম করে বৃষ্টি পড়ে, ওর সমস্ত গা যেন শুনতে পায় সেই বৃষ্টির শব্দ। ছাদের উপর বিকেল-दिमाकात दाम्छत भट्ड प्यारम, भा थूल दिखांत्र ; ममख प्याकान थटक रयन की धक्छा সংগ্রহ করে নেয়। মাঘের শেষে আমের বোল ধরে, তার একটা নিবিড় আনন্দ ভেগে ওঠে ওর রক্তের মধ্যে, একটা কিনের অব্যক্ত শ্বতিতে; ফান্ধনে পুলিত শালবনের মতোই ওর অন্তর-প্রকৃতিটা চার দিকে বিভূত হয়ে ওঠে, ভরে ওঠে, তাতে এकটা घन बढ़ लारग। उथन ५ व अकला वरम वरम जानन मरन कथा कटेरा टेराव्ह করে, যা-কিছু গল্প শুনেছে সব নিয়ে জ্বোড়াতাড়া দিয়ে; অতি পুরানো বটের কোটরে বাসা বেঁধে আছে যে একজোড়া অতি পুরানো পাখি, বেক্সা বেক্সী, তাদের গর। ७३ जावा-जावा-काथ-त्मर्ल-मर्वमा-जाकित्य-थाका हिल्को त्वि कथा कहेत्ज भारत না। তাই ওকে মনে মনে অনেক বেশি ভাবতে হয়। ওকে একবার পাহাড়ে নিয়ে शिराहिन्य। आमारमद वाष्ट्रित भागत यन मनुष्य याम शाहार एव जान द्वर नीत পর্যন্ত নেবে গিয়েছে, সেইটে দেখে আর ওর মন ভারি খুলি হয়ে ৬ঠে। ঘাসের আত্তরণটা একটা স্থির পদার্থ তা ওর মনে হয় না; ওর বোধ হয়, যেন ওই ঘাসের পুঞ একটা গড়িয়ে-চলা খেলা, কেবলই গড়াচ্ছে; প্রায়ই তারই সেই ঢালু বেয়ে ও নিজেও

গড়াত— সমস্ত দেহ দিয়ে ঘাস হয়ে উঠত— গড়াতে গড়াতে ঘাসের আগায় ওর ঘাড়ের কাচে হুড়হুড়ি লাগত আর ও থিলখিল করে হেসে উঠত।

রাত্রে বৃষ্টির পরে প্রথম সকালে সামনের পাহাড়ের শিবর দিয়ে কাঁচা সোনারঙের রোদ্ভ্র দেবদারুবনের উপরে এসে পড়ে— ও কাউকে না বলে আছে আছে গিয়ে সেই দেবদারুবনের নিম্বন্ধ ছায়াতলে একলা অবাক হয়ে দাঁড়িয়ে থাকে, গা ছমছম করে— এই-সব প্রকাণ্ড গাছের ভিতরকার মাহ্বকে ও যেন দেখতে পায়। তারা কথা কয় না, কিছু সমস্কই যেন জানে। তারা-সব যেন অনেক কালের দাদামশায়, 'এক যে ছিল রাজা'দের আমলের।

ওর ভাবে-ভোলা চোধটা কেবল যে উপরের দিকেই তা নয়, অনেক সময় দেখেছি, ও আমার বাগানে বেড়াছে মাটির দিকে কী খুঁছে খুঁছে। নতুন অঙ্গরগুলো তাদের কোঁকড়ানো মাথাটুক্ নিয়ে আলোতে ফুটে উঠছে এই দেখতে তার ওংস্করের দীমানেই। প্রতিদিন ঝুঁকে পড়ে পড়ে তাদেরকে যেন জিজ্ঞাসা করে, 'তার পরে? তার পরে? তার ওর চির-অসমাপ্ত গল্প। সভ গজিয়ে-ওঠা কচি কচি পাতা, তাদের সঙ্গে ওর কী যে একটা বয়স্তভাব তাও কেমন করে প্রকাশ করবে। তারাও ওকে কী একটা প্রশ্ন জিজ্ঞাসা করবার জন্ত আঁকুপাকু করে। হয়তো বলে, 'তোমার নাম কী।' হয়তো বলে, 'তোমার মা কোথায় গেল।' বলাই মনে উত্তর করে, 'আমার মা তো নেই।'

কেউ গাছের ফুল ভোলে এইটে ওর বড়ো বাঞ্চে। আর-কারও কাছে ওর এই সংকোচের কোনো মানে নেই, এটাও সে ব্রেছে। এইজন্তে ব্যথাটা লুকোতে চেটা করে। ওর বরসের ছেলেগুলো গাছে টিল মেরে মেরে আমলকি পাড়ে, ও কিছু বলতে পারে না, দেখান থেকে মুখ ফিরিয়ে চলে যায়। ওর সলীরা ওকে খ্যাপাবার জন্তে বাগানের ভিতর দিয়ে চলতে চলতে ছড়ি দিয়ে তু পাশের গাছগুলোকে মারতে মারতে চলে, ফদ্ ক'রে বক্লগাছের একটা ডাল ভেঙে নেয়— ওর কাঁদতে লক্ষা করে পাছে সেটাকে কেউ পাগলামি মনে করে। ওর সব-চেয়ে বিপদের দিন, যেদিন ঘাসিয়াড়া ঘাস কাটতে আসে। কেননা, ঘাসের ভিতরে ভিতরে ও প্রত্যুহ দেখে দেখে বেড়িয়েছে— এতটুক্-টুক্ লতা, বেগনি হল্দে নামহারা ফুল, অতি ছোটো ছোটো; মাঝে মাঝে কলিকারি গাছ, তার নীল নীল ফুলের বুকের মাঝধানটিতে ছোট একটুখানি সোনার ফোঁটা; বেড়ার কাছে কাছে কোথাও-বা কালমেন্বের লতা, কোথাও-বা আনস্তম্ল; পাথিতে-খাওয়া নিমকলের বিচি পড়ে ছোটো ছোটো চারা বেরিয়েছে, কী ফুলর তার পাতা— সমস্তই নিষ্ঠ্ব নিড়নি দিয়ে দিয়ে নিড়েরে

ফেলা হয়। ভারা বাগানের শেখিন গাছ নয়, তাদের নাজিশ শোনবার কেউ নেই।

এক-একদিন ওর কাকিব কোলে এলে বলে তার গলা কড়িরে বলে, "ওই যাবিয়াড়াকে বলো-না, আমার ওই গাছগুলো যেন না কাটে।"

কাকি বলে, "বলাই, কী যে পাথলের মতো বকিস। ও যে সব জন্মল, শাফ না কয়লে চলবে ফেন।"

ৰদাই অনেকদিন থেকে ব্যুক্তে পেরেছিল, কতকগুলো ব্যথা আছে যা সম্পূর্ণ ওর একলারই— ওর চার দিকের লোকের মধ্যে তার কোনো সাড়া নেই।

এই ছেলের আসল বয়স সেই কোটি বংসর আগেকার দিনে, বেদিন সম্দ্রের গর্ড থেকে নকুন-ভাগা পদ্ধরের মধ্যে পৃথিবীর ভাবী অরণ্য আগনার জন্মের প্রথম কন্দন উঠিয়েছে— সেদিন পশু নেই, পাথি নেই, জীবনের কলরব নেই, চার দিকে পাশর আর পাক আর জল। কালের পথে সমস্ক জীবের অগ্রগামী গাছ, ফর্ষের দিকে জোড় হাত তুলে বলেছে, 'আমি থাকব, আমি বাঁচব, আমি চিরপথিক, স্বত্যুর পর মৃত্যুর মধ্য দিয়ে অন্তহীন প্রাণের বিকাশতীর্থে যাত্রা করব রোজে-বাদলে, দিনে-রাত্রে।' গাছের সেই রব আজও উঠছে বনে বনে, পর্বতে প্রাক্তরে, তাদেরই শাখায় পত্রে ধরণীর প্রাণ বলে বলে উঠছে, 'আমি থাকব, আমি থাকব।' বিশ্বপ্রাণের মৃক ধাত্রী এই গাছ নিরবিছিয় কাল ধরে ঘ্যুলোককে দোহন করে; পৃথিবীর অমুক্তভাণ্ডারের জক্তে প্রাণের কেন্দ্র, প্রাণের বান, প্রাণের লাবণ্য সঞ্চয় করে; আর উৎকঞ্জিত প্রাণের বানীকে অহনিশি আকান্দে উচ্চুদিত করে তোলে, 'আমি থাকব।' সেই বিশ্বপ্রাণের বানী কেমন-এক-রক্ষম করে আপনার রক্তের মধ্যে ভনতে পেরেছিল ওই বলাই। আমরা তাই নিয়ে শ্ব কেন্দেছিলুম।

একদিন সকালে একমনে ধবরের কাগল পড়ছি, বলাই আমাকে ব্যস্ত করে ধরে নিয়ে গেল বাগানে। এক জারগায় একটা চারা দেখিয়ে আমকে জিজ্ঞাসা করলে, "কাকা, এ গাছটা কী।"

দেখলুম একটা শিম্লগাছের ছারা বাগানের খোওরা-দেওরা রাভার মাঝধানেই উঠেছে।

হাদ দে, বলাই ভূল করেছিল আমাকে তেকে নিয়ে এলে। এতটুকু দ্বখন এর অন্ধ বেরিকেছিল, শিশুর প্রথম প্রলাপটুকুর মতো, তথনই এটা বলাইরের চোথে শড়েছে। তার পর থেকে বলাই প্রতিদিন নিজের হাছে একটু একটু জল দিয়েছে, সকালে বিকেলে ক্রমাণভাই ব্যথ্য হয়ে দেখেছে কতটুকু বাড়ল। শিমুলগাছ বাড়েও

ক্ষত, কিছ বলাইয়ের আগ্রহের সঙ্গে পালা বিজে পারে না। যথম হাত ছুরেক উচ্ হয়েছে তথন ওর পত্রসমৃদ্ধি দেখে ভাবলে এ একটা আশ্রের গাছ, শিশুর প্রথম বৃদ্ধির আভাস দেখবা মাল্র মা বেমন মনে করে আশ্রের শিশু। বলাই ভাবলে, আমার্কেও চমংকৃত করে দেবে।

আমি বলদুম, "মালীকে বলতে হবে, এটা উপড়ে কেলে দেবে।"

বলাই চমকে উঠল। এ কী দাৰুণ কথা। বললে, "না, কাকা, তোমার ছুটি পারে পভি. উপড়ে কেলো না।"

আমি বলনুম, "কী যে বলিস তার ঠিক নেই। একেবারে ব্লাক্ষার মাঝখানে উঠেছে। বড়ো হলে চার দিকে তুলো ছড়িরে অন্থির করে দেবে।"

আসার সক্ষে যথন পারলে না, এই মাতৃহীন শিশুটি গেল ভার কাকির কাছে। কোলে বসে তার গলা জড়িয়ে ধরে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে কাঁদতে বললে, "কাকি, তুমি কাকাকে বারণ করে দাও, গাছটা যেন না কাটেন।"

উপায়টা ঠিক ঠাওরেছিল। ওর কাকি আমাকে ডেকে বললে, "ওঙ্গো, শুনছ। আহা, ওর গাছটা রেখে দাও।"

রেখে দিলুম। গোড়ায় বলাই না যদি দেখাত তবে হয়তো ওটা আমার লক্ষ্যই হত না। কিন্তু, এখন রোজই চোথে পড়ে। বছরখানেকের মধ্যে পাছটা নির্পজ্জের মতো মস্ত বেড়ে উঠল। বলাইয়ের এমন হল, এই গাছটার 'পরেই জার সব-চেয়ে স্বেহ।

গাছটাকে প্রতিদিনই দেখাছে নিতান্ত নির্বোধের মতো। একটা অক্ষায়গায় এনে দাঁড়িয়ে কাউকে থাতির নেই, একেবারে থাড়া লম্বা হয়ে উঠছে। যে দেখে সেই ভাবে, এটা এথানে কী করতে। আরও ছ-চারবার এর মৃত্যুদণ্ডের প্রস্থাব করা গেল। বলাইকে লোভ দেখালুম, এর বদলে খুব ভালো কতকগুলো গোলাগের চারা আনিয়ে দেব।

বললেম, "নিতান্তই শিম্লগাছই যদি তোমার পছল, তবে আর-একটা চারা আনিয়ে বেড়ার ধারে পুঁতে দেব, হুলর দেখতে হবে।"

কিন্তু কাটবার কথা বললেই বলাই শাঁতকে ওঠে, আর ওর কারি বলে, "আহা, এমনিই কী ধারাপ দেখতে হয়েছে।"

আমার বউদিদির মৃত্যু হয়েছে যখন এই ছেলেটি তাঁর কোলে। বোধ করি সেই শোকে দাদার থেয়াল গেল, তিনি বিলেতে এঞ্জিনিয়ারিং শিখতে গেলেন। ছেলেটি আমার নিঃসম্ভান ঘরে কাকির কোলেই মাসুষ। বছর দশেক পরে দাদা বিদরে এসে বলাইকে বিলাতি কায়দার শিক্ষা দেবেন বলে প্রথমে নিরে গেলেন সিমলেম-- তার পরে বিলেত নিয়ে যাবার কথা।

काँमरा काँमरा कांकित कांन हाए बनारे हान रान, आमारात घर हन मुख !

তার পরে ছ বছর যায়। ইতিমধ্যে বলাইয়ের কাকি গোপনে চোথের জল মোছেন, আর বলাইয়ের শৃষ্য শোবার ঘরে গিয়ে তার ছেঁড়া একপাটি জুতো, তার রবারের ফাটা গোলা, আর জানোয়ারের গল্পপ্রালা ছবির বই নাড়েন-চাড়েন; এতদিনে এই-সব চিহ্নকে ছাড়িয়ে গিয়ে বলাই অনেক বড়ো হয়ে উঠেছে, এই কথা বলে বলে চিস্তা করেন।

কোনো এক সময়ে দেখলুম, লন্ধীছাড়া শিমূলগাছটার বড়ো বাড় বেড়েছে— এতদুর অসংগত হয়ে উঠেছে যে, আর প্রশ্রম দেওয়া চলে না। এক সময়ে দিলুম তাকে কেটে।

এমন সময়ে সিমলে থেকে বলাই তার কাকিকে এক চিঠি পাঠালে, "কাকি, আমার সেই নিমুলগাছের একটা ফোটোগ্রাফ পাঠিয়ে দাও।"

বিলেত যাবার পূর্বে একবার আমাদের কার্ছে আসবার কথা ছিল, সে আর হল না। তাই বলাই তার বন্ধুর ছবি নিয়ে যেতে চাইলে।

তার কাকি আমাকে ডেকে বললেন, "ওগো ওনছ, একজন ফোটোগ্রাফওয়ালা ডেকে আনো।"

बिखाना करत्य, "रकन।"

বলাইবের কাঁচা হাতের লেখা চিঠি আমাকে দেখতে দিলেন।

আমি বললেম, "সে গাছ তো কাটা হরে গেছে।"

বলাইরের কাকি ছ দিন আর প্রহণ করলেন না, আর অনেকদিন পর্যস্ত আমার সক্ষে প্রকৃতি কথাও কন নি। বলাইরের বাবা ওকে তাঁর কোল থেকে নিয়ে গেল, সে যেন ওঁর নাড়ি ছিঁড়ে; আর ওর কাকা তাঁর বলাইয়ের ভালোবাসার গাছটিকে চিরকালের মত্যে সরিয়ে দিলে, তাতেও ওঁর যেন সমস্ত সংসারকে বাজল, তাঁর ব্কের মধ্যে কত করে দিলে।

ঐ গাছ যে ছিল তাঁর বলাইয়ের প্রতিরূপ, তারই প্রাণের দোসর।

অগ্রহারণ, ১৩৩৫

## চিত্রকর

মরমনসিংহ ইকুল থেকে ম্যাট্রিক পাস করে আমাদের গোবিন্দ এল কলকাতার।
বিধবা মায়ের অল্প কিছু সমল ছিল। কিছু, সব-চেয়ে তার বড়ো সমল ছিল নিজের
অবিচলিত সংকল্পের মধ্যে। সে ঠিক করেছিল, 'পয়দা' করবই, সমন্ত জীবন উৎসর্গ
করে দিয়ে। সর্বদাই তার ভাষায় ধনকে সে উল্লেখ করত 'পয়দা' বলে। অর্থাৎ, তার
মনে খুব একটা দর্শন স্পর্শন দ্রাশের বোগ্য প্রত্যক্ষ পদার্থ ছিল; তার মধ্যে বড়োনামের
মোহ ছিল না; অত্যক্ষ সাধারণ পয়সা, হাটে হাটে হাতে হাতে খুরে ফ্রে ফরে যাওয়া,
মলিন হয়ে যাওয়া পয়সা, তাশ্রগন্ধী পয়সা, ক্বেরের আদিম স্বরূপ, য়া ক্রপোয় সোনায়
কাগজে দলিলে নানা মুর্তি পরিগ্রহ করে মায়্রের মনকে ঘুরিয়ে নিয়ে বেড়াচেছ।

নানা বাঁকা পথের ভিতর দিয়ে নানা পক্ষে আবিল হতে হতে আব্দ গোবিন্দ তার প্রসাপ্রবাহিণীর প্রশন্তধারার পাকা বাঁধানো ঘাটে এসে পোঁচেছে। গানিব্যাগ্ ওয়ালা বড়োসাহেব ম্যাক্ত্গালের বড়োবাব্র আসনে তার গ্রুব প্রতিষ্ঠা। স্বাই তাকে নাম দিরেছিল ম্যাক্ত্লাল।

গোবিন্দর পিতৃব্য ভাই মৃক্ন্দ যথন উকিল-লীলা সংবরণ করলেন তথন একটি বিধবা স্ত্রী, একটি চার বছরের ছেলে, কলকাতায় একটি বাড়ি, কিছু জমা টাকা রেখে তিনি গেলেন লোকান্তরে। সম্পত্তির সঙ্গে কিছু ঋণও ছিল, স্বতরাং তাঁর পরিবারের সম্মবস্ত্রের সংস্থান বিশেষ ব্যয়সংক্ষেপের উপর নির্ভর করত। এই কারণে তাঁর ছেলে চুনিলাল যে-সমস্ত উপকরণের মধ্যে মান্ত্র, প্রতিবেশীদের সঙ্গে তুলনায় সেগুলি খ্যাতিযোগ্য নয়।

মৃক্নদাদার উইল-অহসারে এই পরিবারের সম্পূর্ণ ভার পড়েছিল গোবিন্দর 'পরে। গোবিন্দ শিশুকাল থেকে প্রাতৃপুত্রের কানে মন্ত্র দিলে— 'পয়সা করো।'

ছেলেটির দীক্ষার পথে প্রধান বাধা দিলেন তাঁর মা সত্যবতী। স্পষ্ট কথায় তিনি কিছু বলেন নি, বাধাটা ছিল তাঁর ব্যবহারে। শিশুকাল থেকেই তাঁর বাতিক ছিল শিল্পকাজে। ফুল ফল পাতা নিয়ে, খাবারের জিনিস নিয়ে, কাগজ কেটে, কাপড় কেটে, মাটি দিয়ে, ময়দা দিয়ে, জামের রস ফলসার রস জ্বার রস শিউলি-বোঁটার রস দিয়ে, নানা অভ্তপূর্ব অনাবশুক জিনিস রচনায় তাঁর আগ্রহের অস্ত ছিল না। এতে তাঁকে ছংখও পেতে হয়েছে। কেননা, যা অদরকারি, বা অকারণ, তার বেগ আযাদের আক্মিক বল্লাধারার মতো— সচলতা অত্যস্ত বেশি কিছু দরকারি কাজের খেয়া বাইবার পক্ষে অচল। মাঝে মাঝে এমনও হয়েছে, জ্ঞাতিবাড়িতে

নিমন্ত্ৰণ, সভ্যবতী ভূলেই গেছেন, শোৱার মূরে দরজা বন্ধ, একভাল মাটি চটকে বেলা कांक्रिह । खांकिता वनाम, वास्त्रा प्रश्तकात । मास्त्रायकाक कवाव मिवात स्था नारे । এ-সব কাকেও ভালোমন্দর বে মৃশ্যবিচার চলে, সেটা বইপড়া বিভার যোগেই মৃকুন্দ জানতেন। আর্ট শস্কার মাহাছ্যে শরীর রোমাঞ্চিত হত। কিন্তু, তাঁর আপন গৃহিশীর হাতের কান্ডেও যে এই শ্বটার কোনো স্থান আছে এমন কথা মনে করতেই পারতেন না। এই মাহুবটির স্বভাবটিতে কোথাও কাঁটাথোঁচা ছিল না। তাঁর স্বী অনাবভাক বেয়ালে অথপা সময় নষ্ট করেন, এটা দেখে তাঁর হাদি পেত, দে হাদি ক্ষেত্রসে ভরা। এ নিয়ে সংসারের লোক কেউ যদি কটাক্ষ করত তিনি তথনই তার প্রতিবাদ করতেন। মুকুন্দর স্বভাবে অন্তত একটা আত্মবিরোধ ছিল— ওকালভির कारक हिरमन প্রবীণ, किन्दु घरत्र कारक विषयुत्दि हिम ना वनरमा इया। भारता छात्र कारबद मरश पिरम यरबहे वहेंछ, किन्न शास्त्र मरश आहेका পড़छ ना। स्महेंबन्न मनी हिल मुक ; अश्राठ लाकरमद 'भरत निरक्षत टेरफ हालावात करन कथरना म्मीताचा कर्रा भाराजन ना। स्नीवनसावार अन्याम हिन पूर मानामिश, निस्मत चार्थ या भारत नित्र भित्रक्रनत्तव 'भारत कारनामिन अयथा मावि करवन नि । भारताद्वव লোকে সভ্যবভীর কাজে শৈথিল্য নিয়ে কটাক্ষ করলে মুকুন্দ তথনই সেটা থামিয়ে দিতেন। মাঝে মাঝে আদালত থেকে কেরবার পথে রাধাবান্ধার থেকে কিছু রঙ, কিছু রভিন রেশম, রঙের পেনসিধ কিনে এনে সত্যবতীর অজ্ঞাতসারে তার শোবার খরে কাঠের সিদ্ধুকটার 'পরে সাঞ্জিয়ে রেখে আসতেন। কোনোদিন বা সত্যবতীর আঁকা একটা ছবি তুলে নিমে বলতেন, "বা, এ তো বড়ো স্থন্দর হয়েছে।" একদিন একটা মাঞ্বের ছবিকে উলটিয়ে ধরে তার পা ত্টোকে পাথির মুগু বলে স্থির করলেন; वनत्नन, "मजू, এটা किन्छ वाधिया वाथा ठाइ- नत्कत हिन वा हरग्रह ठम९कात!" मूक्न ठाँद श्रीव विवदवनां इंट्रियांश्यि क्या क्टर महन यस स्म-वमहेक् ११ए०न, ন্ত্রীও তাঁর স্বামীর চিত্রবিচার থেকে ভোগ করতেন সেই একই রস। সত্যবতী মনে নিশ্চিত জানতেন, বাংলাদেশের আর-কোনো পরিবারে তিনি এত ধৈর্য, এত প্রশ্নয় আশা করতে পারতেন না। শিল্পসাধনায় তাঁর এই ছর্নিবার উৎসাহকে কোনো ঘরে এত দরদের সদ্ধে পথ ছেড়ে দিত না। এইজন্মে যেদিন তাঁর স্বামী তাঁর কোনো রচনা নিয়ে অম্বৃত অত্যুক্তি করতেন সেদিন সত্যবতী যেন চোখের বল সামলাতে পারতেন না।

এমন মুর্গত সোভাগ্যকেও সত্যবতী একদিন হারালেন। মৃত্যুর পূর্বে তাঁর স্বামী একটা কথা স্পষ্ট ক'রে ব্ঝেছিলেন যে, তাঁর ঋণজড়িত সম্পত্তির ভার এমন কোনো পাকা লোকের হাতে দেওয়া দরকার বাঁর চালনার কোশলে ফুটো নৌকোও পার হয়ে ষাবে। এই উপলক্ষে সত্যবতী এবং তার ছেলেটি সম্পূর্ণভাবে গিয়ে পড়লেন গোবিন্দর হাতে। গোবিন্দ প্রথম দিন থেকেই জানিয়ে দিলেন, সর্বাগ্রে এবং সকলের উপরে পয়সা। গোবিন্দর এই উপদেশের মধ্যে এমন একটা স্থগভীর হীনতা ছিল বে, সত্যবতী লক্ষায় কৃষ্ঠিত হত।

তবু নানা আকারে আহারে-ব্যবহারে পয়সার সাধনা চলল। তা নিমে কথায় কথায় আলোচনা না করে তার উপরে বদি একটা আরু থাকত তা হলে ক্ষতি ছিল না। সত্যবতী মনে মনে জানতেন, এতে তাঁর ছেলের মহয়ত থবঁ করা হয়— কিছ সহু করা ছাড়া অক্ত উপার ছিল না; কেননা, বে-চিত্তভাব স্কুমার, যার মধ্যে একটি অসামান্ত মর্যানা আছে, সেই সব-চেরে অরক্ষিত; তাকে আঘাত করা, বিদ্রোপ করা, সাধারণ রুদ্বভাব মাহবের পক্ষে অত্যন্ত সহজ।

শিল্পচর্চার ক্ষন্তে কিছু কিছু উপকরণ আবশ্রক। এতকাল সত্যবতী তা না চাইতেই পেয়েছেন, সেজতে কোনোদিন তাঁকে কৃষ্ঠিত হতে হয় নি। সংসার্যাক্রার পক্ষে এই-সমস্ত অনাবশ্রক সামগ্রী, ব্যয়ের ফর্দে ধরে দিতে আজ বেন তাঁর মাধা কাটা যায়। তাই তিনি নিজের আহারের বরচ বাঁচিয়ে গোপনে শিল্পের সরঞ্জাম কিনিয়ে আনতেন। যা-কিছু কাজ করতেন সেও গোপনে দরজা বন্ধ করে। ত ৎসনার ভয়ে নয়, অরসিকের দৃষ্টিপাতের সংকোচে। আজ চুনি ছিল তাঁর শিল্পরচনার একমাত্র দর্শক ও বিচারকারী। এই কাজে কমে তার সহযোগিতাও ফুটে উঠল। তাকে লাগল বিষম নেশা। শিশুর এ অপরাধ ঢাকা পড়ে না, থাতার পাতাগুলো অতিক্রম করে দেয়ালের গায়ে পর্যস্থ প্রকাশ হতে থাকে। হাতে মুখে জামার হাতায় কলম্ব ধরা পড়ে। পয়সা-সাধনার বিক্লম্বে ইন্দ্রদেব শিশুর চিত্তকেও প্রশ্বে করতে ছাড়েন না। খুড়োর হাতে অনেক তৃংখ তাকে পেতে হল।

এক দিকে শাসন যতই বাড়তে চলল আর-এক দিকে মা তাকে ততই অপরাধে সহায়তা করতে লাগলেন। আপিদের বড়োসাহেব মাঝে মাঝে আপিদের বড়োবাবৃকে নিয়ে আপন কালে মফরলে যেতেন, সেই সময়ে মায়েতে ছেলেতে মিলে অবাধ আনন্দ। একেবারে ছেলেমাগুষির একশেষ! যে-সব জন্তুর মূর্তি হত বিধাতা এখনো তাদের সৃষ্টি করেন নি— বেড়ালের ছাঁচের সঙ্গে কুকুরের ছাঁচ যেত মিলে, এমন-কি মাছের সঙ্গে পাথির প্রভেদ ধরা কঠিন হত। এই-সমন্ত স্ষ্টিকার্য রক্ষা করবার উপায় ছিল না— বড়োবাবৃ ফিরে আসবার পূর্বেই এদের চিক্ন লোপ করতে হত। এই ছুজনের সৃষ্টিলীলায় ব্রহ্মা এবং ক্ষন্ত্রই ছিলেন, মাঝখানে বিষ্ণুর আগমন হল না।

শিল্পরচনাবায়ুর প্রকোপ সত্যবতীদের বংশে প্রবল ছিল। তারই প্রমাণস্থরণে

সভ্যবভীর চেয়ে বয়সে বড়ো তাঁরই এক ভাগ্নে রদ্ধলাল চিত্রবিভার হঠাৎ নামজাদা হয়ে উঠলেন। অর্থাৎ দেশের রসিক লোক তাঁর রচনার অন্তৃত্য নিয়ে খুব অট্টহাস্ট জয়ালে। তারা বে-রকম কয়না করে তার সঙ্গে তাঁর কয়নার মিল হয় না দেখে তাঁর গুণনার সম্বন্ধ তাদের প্রচণ্ড অবজ্ঞা হল। আশ্র্র এই বে, এই অবজ্ঞার জমিতেই বিয়োধ-বিদ্রাশের আবহাওয়ায় তাঁর খ্যাতি বেড়ে উঠতে লাগল; য়ায়া তাঁর বতই নকল করে তারাই উঠে পড়ে লাগল প্রমাণ করতে বে, লোকটা আর্টিন্ট হিসাবে ফাকি— এমন-কি, তার টেক্নিকে স্কল্টে গলদ। এই পরমনিন্দিত চিত্রকর একদিন আশিসের বড়োবাবুর অবর্তমানে এলেন তাঁর মামির বাড়িতে। ছারে থাকা মেরে মেরে ঘরে যখন প্রবেশলাভ করলেন দেখলেন, মেরেতে পা ফেলবার জো নেই। ব্যাপারখানা ধরা পড়ল। রক্ষলাল বললেন, "এতদিন পরে দেখা গেল, গুণীর প্রাণের ভিতর থেকে স্প্তিমূর্তি তাজা বেরিয়েছে, এর মধ্যে দাগা-বুলোনোর তো কোনো লক্ষণ নেই, বে-বিধাতা রূপ স্পত্তী করেন তাঁর বয়সের সঙ্গে ওর বয়সের মিল আছে। সব চবিগুলো বের করে আমাকে দেখাও।"

কোথা থেকে বের করবে। যে-গুণী রঙে রঙে ছায়ায় আলোয় আকাশে আকাশে চিত্র আঁকেন তিনি তাঁর ক্হেলিকা-মরীচিকাগুলি যেথানে অকাতরে সরিয়ে ফেলেন, এদের কীর্তিগুলোও সেইখানেই গেছে। রক্লাল মাথার দিব্যি দিয়ে তাঁর মামিকে বললেন, "এবার থেকে তোমরা যা-কিছু রচনা করবে আমি এনে সংগ্রহ করে নিয়ে ষাব।"

বড়োবাব্ এখনো আসেন নি। সকাল থেকে প্রাবণের ছায়ায় আকাশ ধ্যানময়, বৃষ্টি
পড়ছে; বেলা ঘড়ির কাঁটার কোন্ সংকেতের কাছে তার ঠিকানা নেই, তার খোঁল
করতেও মন যায় না। আল চুনিবাব্ নোকো-ভাসানোর ছবি আঁকতে লেগেছেন।
নদীর ঢেউগুলো মকরের পাল, হাঁ করে নোকোটাকে গিলতে চলেছে এমনিতরো
ভাব; আকাশের মেঘগুলোও যেন উপর থেকে চালর উড়িয়ে উৎসাই দিছের বলে বোধ
হচ্ছে— কিন্তু, মকরগুলো সর্বসাধারণের মকর নয়, আর মেঘগুলোকে 'ধ্মজ্যোতিঃসলিলমফতাং সমিবেশঃ' বললে অত্যুক্তি করা হবে। এ-কথাও সত্যের অহুরোধে বলা
উচিত যে, এইরকমের নোকো যদি গড়া হয় তা হলে ইন্মুরোরেল আশিস কিছুতেই
তার দায়িব নিতে রাজি হবে না। চলল রচনা, আকাশের চিত্রীও ষা-খুলি তাই
করছেন, আর ঘরের মধ্যে ওই মন্ত চোগু-মেলা ছেলেটিও তথৈবচ।

এদের খেয়াল ছিল না বে, দরজা খোলা। বড়োবাব্ এলেন। গর্জন করে উঠলেন, "কী হছে বে।"

ছেলেটার বৃক কেঁপে উঠল, মৃথ হল স্থাকাশে। স্পাই ব্যতে পারলেন, পরীক্ষার চুনিলালের ইতিহাসে তারিথ ভূল হচ্ছে তার কারণটা কোবায়। ইতিমধ্যে চুনিলাল ছবিটাকে তার জামার মধ্যে লুকোবার ব্যর্থ প্রয়াস করাতে অপরাধ আরও প্রকাশমান হয়ে উঠল। টেনে নিয়ে গোবিন্দ যা দেখলেন তাতে তিনি আরও অবাক— এটা ব্যাপারখানা কী। এর চেয়ে যে ইতিহাসের তারিথ ভূলও ভালো। ছবিটা কৃটিকৃটি করে ছিঁড়ে ফেললেন। চুনিলাল ফুঁপিয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদে উঠল।

সত্যবতী একাদশীর দিন প্রায় ঠাকুরঘরেই কাটাতেন। সেইখান থেকে ছেলের কালা শুনে ছুটে এলেন। ছবির ছিন্ন খণ্ডশুলো মেঝের উপর লুটোচ্ছে আর মেঝের উপর লুটোচ্ছে চুনিলাল। গোবিন্দ তথন ইতিহাসের তারিথ-ভূলের আদি কারণগুলো সংগ্রহ করছিলেন অপসারণের অভিপ্রায়ে।

সত্যবতী এতদিন কথনো গোবিন্দর কোনো ব্যবহারে কোনো কথা বলেন নি। এঁরই 'পরে তাঁর স্বামী নির্ভর স্থাপন করেছেন, এই স্মরণ করেই তিনি নিঃশব্দে সব সহ করেছেন। আন্ধ তিনি অশ্রতে আর্দ্র, ক্রোধে কম্পিত কঠে বললেন, "কেন তুমি চুনির ছবি ছিঁড়ে ফেললে।"

रगांतिन रमालन, "পড़ाखरना कराय ना ? आरथरत धत्र हरव की।"

সত্যবতী বললেন, "আখেরে ও যদি পথের ভিক্ষুক হয় সেও ভালো। কিন্তু, কোনোদিন তোমার মতো যেন না হয়। ভগবান ওকে যে-সম্পদ দিয়েছেন তারই গৌরব যেন তোমার পয়সার গর্বের চেয়ে বেশি হয়, এই ওর প্রতি আমার, মায়ের আশীর্বাদ।"

গোবিন্দ বললেন, "আমার দায়িত্ব আমি ছাড়তে পারব না, এ চলবে না কিছুতেই। আমি কালই ওকে বোর্ডিঙ-স্থুলে পাঠিয়ে দেব— নইলে তুমি ওর সর্বনাশ করবে।"

বড়োবাবু আপিদে গেলেন। ঘনবৃষ্টি নামল, রান্তা জলে ভেসে যাচেছ।

সত্যবতী চুনির হাত ধরে বললেন, "চল্, বাবা।"

চুনি বললে, "কোशात्र याद्य, मा।"

'"এথান থেকে বেরিয়ে যাই।"

রঙ্গলালের দরজায় একহাঁটু জল। সত্যবতী চুনিলালকে নিয়ে তার দরে চুকলেন; বললেন, "বাবা, তুমি নাও এর ভার। বাঁচাও একৈ পয়সার সাধনা থেকে।"

কার্তিক, ১৩৩৬

# চোরাই ধন

মহাকাব্যের যুগে স্থাকৈ পেতে হত পৌরুবের ক্লোরে; যে অধিকারী সেই লাভ করত রমণীরত্ব। আমি লাভ করেছি কাপুরুষতা দিয়ে, সে-কথা আমার স্ত্রীর জানতে বিলম্ব ঘটেছিল। কিন্তু, সাধনা করেছি বিবাহের পরে, যাকে ফাঁকি দিয়ে চুরি করে পেরেছি তার মূল্য দিয়েছি দিনে দিনে।

দাশত্যের ব্যব সাব্যস্ত করতে হয় প্রতিদিনই নতুন করে, অধিকাংশ পুরুষ ভূলে থাকে এই কথাটা। তারা গোড়াতেই কাস্টম্ হোনে মাল খালাস করে নিমেছে সমাজের ছাড়চিঠি দেখিয়ে, তার পর থেকে আছে বেপরোয়া। যেন পেয়েছে পাহারাওয়ালার সরকারি প্রতাপ, উপরওয়ালার দেওয়া তকমার জোরে; উদিটা খুলে নিলেই অতি অভাজন তারা।

বিবাহটা চিরকীবনের পালাগান; তার ধুয়ো একটামাত্র, কিছ সংগীতের বিছার প্রতিদিনের নব নব পর্যায়ে। এই কথাটা ভালোরকম করে ব্রেছি স্থনেতার কাছ থেকেই। ওর মধ্যে আছে ভালোবাসার এম্বর্গ, ফুরোতে চায় না তার সমারোহ; দেউড়িতে চার-প্রহর বাব্দে তার সাহানা রাগিণী। আপিস থেকে ফিরে এসে একদিন দেখি আমার ক্ষন্তে সান্ধানো আছে বরফ-দেওয়া ফল্সার শরবত, রঙ দেখেই মনটা চমকে ওঠে; তার পাশেই ছোটো ক্ষপোর থালায় গোড়ে মালা, ঘরে ঢোকবার আগেই গছ আসে এগিয়ে। আবার কোনোদিন দেখি আইসক্রিমের যন্ত্রে ক্ষমানো শাঁসে রসে মেশানো তালশাঁস এক-পেয়ালা, আর পিরিচে একটিমাত্র স্থম্থী। ব্যাপারটা শুনতে বেশি কিছু নয়, কিছ বোঝা যায়, দিনে দিনে নতুন করে সে অহতব করেছে আমার অন্ধিয়। এই পুরোনোকে নতুন করে অহতব করার শক্তি আর্টিন্টের। আর ইতরে ক্ষনাঃ প্রতিদিন চলে দপ্তরের দাগা ব্লিয়ে। ভালোবাসার প্রতিভা স্থনেতার নবনবোনেষশালিনী সেবা। আরু আমার মেয়ে অক্ষণার বয়স সতেরো, অর্থাৎ ঠিক বে-বয়সে বিয়ে হয়েছিল স্থনেতার। ওর নিক্ষের বয়স আটত্রিশ, কিছ সমত্বে করবর আহিক অর্টান।

স্থনেত্রা ভালোবাদে শান্তিপুরে সাদা শাড়ি কালো পাড়ওরালা। খদরপ্রচারকদের ধিকারকে বিনা প্রতিবাদে স্থীকার করে নিয়েছে; কিছুতেই স্থীকার করে নি খদরকে। ও বলে দিশি তাঁতির হাত, দিশি তাঁতির তাঁত, এই আমার আদরের। তারা শিল্পী, তাদেরই পছন্দে স্থতো, আমার পছন্দ সমস্ক কাপড়টা নিয়ে। আসল কথা, স্থনেত্রা

বোৰে হালকা সাদা রঙের শাড়িতে সকল রঙেরই ইশারা খাটে সহজে। ও সেই কাণড়ে নৃতনত্ব কোন নানা আভাসে, মনে হয় না সেকেছে। ও বোরে, আমার অবচেতন মনের দিগন্ত উত্তাসিত হয় ওর সাজে— আমি খুশি হই, জানি নে কেন খুশি হয়েছি।

প্রত্যেক মাহ্নেই আছে একজন আমি, সেই অপরিমের রহজ্যের অসীম মৃল্য জোগার ভালোবালার। অহংকারের মেকি পরদা তৃচ্ছ হরে বার এর কাছে। স্থনেত্রা আপন মনপ্রাধ্ থিয় এই পরম মৃল্য দিয়ে এসেছে আমাকে, আজ একুশ বছর ধরে। ওর গুলুলক্তে কৃত্বনিলুর মধ্যে প্রতিদিন লেখা হর অক্লান্ত বিশ্বরের বাণী। ওর নিথিল জগতের মর্মহান অধিকার করে আছি আমি, সেজত্বে আমাকে আর-কিছু হতে হয় নি সাধারণ জগতের বে-কেউ হওরা ছাড়া। সাধারণকেই অসাধারণ ক'বে আবিদার করে ভালোবাসা। শাস্তে বলে, আপনাকে জানো। আনন্দে আপনাকেই জানি, আর-একজন যথন প্রেমে জেনেছে আমার আপনকে।

Ş

বাবা ছিলেন কোনো নামজাদা ব্যাহ্বের অন্ততম অধিনায়ক, তারই একজন অংশিদার হলেম আমি। ষাকে বলে ঘুমিয়ে-পড়া অংশিদার একেবারেই তা নয়। আইপুঠে লাগাম দিয়ে জুতে দিলে আমাকে আপিসের কাজে। আমার শরীরমনের সঙ্গে এই কাজটা মানানসই নয়। ইচ্ছা ছিল, ফরেন্ট্ বিভাগে কোখাও পরিদর্শকের পদ দথল করে বিদি, খোলা হাওয়ায় দোড়খাপ করি, শিকারের শথ নিই মিটিয়ে। বাবা তাকালেন প্রতিপত্তির দিকে; বললেন, যে-কাজ পাচ্ছ দেটা সহজে জোটে না বাঙালির ভাগ্যে। হার মানতে হল। তা ছাড়া মনে হয়, পুরুষের প্রতিপত্তি জিনিসটা মেয়েদের কাছে দামী। স্থনেত্রার ভশ্লীপতি অধ্যাপক; ইন্দীরিএল সার্ভিস তার, সেটাতে ওদের মেয়েমহলের মাধা উপরে তুলে রাখে। যদি জংলি 'নিস্পেকেট্রর সাহেব' হয়ে সোলার ছাট পরে বাঘ-ভালুকের চামড়ায় মেঝে দিতুম ঢেকে, তাতে আমার দেহের গুরুষ ক্রিয়ে রাখত, সেই সঙ্গে ক্মাত আমার পদের গোরব আর-পাঁচজন পদস্থ প্রতিবেশীর তুলনায়। কী জানি, এই লাঘবতায় মেয়েদের আত্মাভিমান বৃষ্ণি কিছু ক্র্ম করে।

এ দিকে ডেক্সে-বাঁধা স্থাবরত্বের চাপে দেখতে দেখতে আমার বাঁবনের ধার আসছে ভোঁতা হয়ে। অন্ত-কোনো পুরুষ হলে সে কথাটা নিশ্চিত্ত মনে ভূলে গিয়ে পেটের পরিধিবিত্তারকে তুর্বিপাক বলে গণ্য করত না। আমি তা পারি নে। আমি

কানি, ক্ষেত্রা মুগ্ধ হয়েছিল শুধু আমার গুণে নয়, আমার দেহদোর্ছবে। বিধাতার বরচিত যে-বরমাল্য অবে নিয়ে একদিন তাকে বরণ করেছি নিশ্চিত তার প্রয়োজন আছে প্রতিদিনের অভ্যর্থনায়। আশ্চর্য এই যে, ক্ষনেত্রার যৌবন আজও রইল অক্ষ, দেখতে দেখতে আমিই চলেছি ভাঁটার মূখে— শুধু ব্যাহে জমছে টাকা।

আমাদের মিলনের প্রথম অভ্যুদয়কে আর-একবার প্রত্যক্ষ চোথের দামনে আনল আমার মেয়ে অরুণা। আমাদের জীবনের দেই উষারুশরাগ দেখু ক্রিছে ওদের তারুশাের নবপ্রভাতে। দেখে পুলকিত হয়ে ওঠে আমার সমস্ত মন ট্রাক্র দিকে চেয়ে দেখি, আমার সেদিনকার বয়স ওর দেহে আবির্ভৃত। যৌবনের সেহ ক্রিপ্রশন্তি, সেই অরুপ্রপ্রতা, আবার ক্ষণে ক্রণে প্রতিহত ত্রাশায় মানায়মান উৎসাহের উৎকর্চা। সেই দিন আমি যে-পথে চলতেম সেই পথ ওরও সামনে, তেমনি করেই অরুণার মারের মন বল করবার নানা উপলক্ষ ও স্পষ্টি করছে, কেবল য়থেই লক্ষ্যগােচর নই আমিই। অপর পক্ষে অরুণা জানে মনে মনে, তার বাবা বাঝে মেয়ের দরদ। এক-একদিন কী জানি কেন তুই চক্ষে অনৃত্য অঞ্জর করুণা নিয়ে চুপ করে এসে বদে আমার পায়ের কাছের মাড়ায়। ওর মা নিচুর হতে পারে, আমি পারি নে।

অন্ধার মনের কথা ওর মা যে বোঝে না তা নয়; কিছু তার বিশাস, এ সমস্তই 'প্রভাতে মেঘডম্বরম্', বেলা হলেই যাবে মিলিয়ে। ঐথানেই স্থনেত্রার সঙ্গে আমার মতের অনৈক্য। থিদে মিটতে না দিয়ে থিদে মেরে দেওয়া যায় না তা নয়, কিছু দিতীয়বার যথন পাত পড়বে তখন হাদয়ের রসনায় নবীন ভালোবাসার স্থাদ যাবে মরে। মধ্যাহে ভোরের স্থর লাগাতে গেলে আর লাগে না। অভিভাবক বলেন, বিবেচনা করবার বয়েদ হোক আগে, তার পরে ইত্যাদি। হায় রে, বিবেচনা করবার বয়েদ ভালোবাসার বয়েদের উলটোপিঠে।

করেকদিন আগেই এসেছিল 'ভরা বাদর মাহ ভাদর'। ঘনবর্ষণের আড়ালে কলকাতার ইটকাঠের বাড়িগুলো এল মোলায়েম হয়ে, শহরের প্রথর ম্থরতা অঞ্চলদদদ কণ্ঠস্বরের মতো হল বাঙ্গাক্ল। ওর মা জানত অরুণা আমার লাইত্রেরি-ঘরে পরীক্ষার পড়ায় প্রবৃত্ত। একখানা বই আনতে গিয়ে দেখি, মেঘাচ্ছয় দিনাস্তের সজল ছায়ায় জানলার সামনে সে চুপ করে বসে; তথনো চুল বাঁধে নি, পুবে হাওয়ায় বৃষ্টির ছাট এসে লাগছে তার এলোচুলে।

স্থনেত্রাকে কিছু বললেম না। তথনি শৈলেনকে লিখে দিলেম চায়ের নিমন্ত্রণ-চিঠি। পাঠিয়ে দিলেম আমার মোটরগাড়ি ওদের বাড়িতে। শৈলেন এল, তার ক্ষকশ্বাৎ আবির্ভাব স্থনেত্রার পছন্দ নয়, সেটা বোঝা কঠিন ছিল না। আমি শৈলেনকে বললেম, "গণিতে আমার বেটুকু দখল তাতে হাল আমলের ফিজিল্লের তল পাই নে, তাই তোমাকে ডেকে পাঠানো; কোয়ান্টম্ বিয়োরিটা যথাসাধ্য ব্ঝে নিতে চাই, আমার নেকেলে বিছোসাধ্যি অত্যন্ত বেশি অবর্থ হয়ে পড়েছে।"

বলা বাছল্য, বিভাচর্চা বেশিদ্র এগোয় নি। আমার নিশ্চিত বিশাস অরুণা তার বাবার চাতৃরী স্পষ্টই ধরেছে আর মনে মনে বলেছে, এমন আদর্শ বাবা অস্ত-কোনো পরিবারে আজ পর্যন্ত অবতীর্ণ হয় নি।

কোরান্টম্ বিরোরির ঠিক শুরুতেই বাজল টেলিফোনের ঘণ্টা— ধড়ফড়িয়ে উঠে বললেম, "জন্মরি কাজের ডাক। তোমরা এক কাজ করো, ততক্ষণ পার্লার টেনিস থেলো, ছুটি পেলেই আবার আসব ফিরে।"

টেলিফোনে আওয়াক এল, "হ্বালো, এটা কি বারোশো অমুক নম্বর।" আমি বললেম, "না, এখানকার নম্বর সাতশো অমুক।"

পরক্ষণেই নীচের ঘরে গিয়ে একখানা বাসি ধবরের কাগন্ধ তুলে নিয়ে পড়তে শুরু করলেম, অন্ধকার হয়ে এল, দিলেম বাতি জেলে।

স্থনেত্রা এল ঘরে। অত্যন্ত গন্তীর মুধ। আমি হেদে বললেম, "মিটিয়রলজিন্ট্ তোমার মুধ দেখলে ঝড়ের সিগনাল দিত।"

ঠাট্টায় যোগ না দিয়ে স্থনেত্রা বললে, "কেন তুমি শৈলেনকে অমন করে প্রশ্রেয় দাও বারে বারে।"

আমি বললেম, "প্রশ্রয় দেবার লোক অদৃত্তে আছে ওর অন্তরাত্মায়।"

"ওদের দেখাশোনাটা কিছুদিন বন্ধ রাথতে পারলে এই ছেলেমাসুষিটা কেটে যেত আপনা হতেই।"

"ছেলেমাছ্ষির ক্সাইগিরি করতে যাবই বা কেন। দিন যাবে, বয়স বাড়বে, এমন ছেলেমাছ্ষি আর তো ফিরে পাবে না কোনোকালে।"

"তুমি গ্রহনক্ষর মান না, আমি মানি। ওরা মিলতে পারে না।"

"গ্রহনক্ষর কোপায় কী ভাবে মিলেছে চোথে পড়ে না, কিন্তু ওরা ত্ত্বনে যে মিলেছে অন্তরে অন্তরে দেটা দেখা বাচ্ছে খুব স্পষ্ট করেই।"

"তৃমি ব্ৰবে না আমার কথা। যথনি আমরা জন্মাই তথনি আমাদের যথার্থ দোসর ঠিক হয়ে থাকে। মোহের ছলনায় আর-কাউকে যদি স্বীকার করে নিই তবে তাতেই ঘটে অজ্ঞাত অসতীয়। নানা ছঃখে বিপদে তার শান্ধি।"

"যথার্থ দোসর চিনব কী করে।"

"নক্ষত্তের স্বহুত্তে স্বাক্তর-করা দলিল আছে।"

O

#### আর লুকোনো চলল না।

আমার শশুর অঞ্চিতকুমার ভট্টাচার্য। বনেদি শশুত-বংশে তাঁর জন্ম। বাল্যকাল কেটেছে চতুশাসীর আবহাওরায়। পরে কলকাতায় এসে কলেকে নিয়েছেন এম. এ ডিগ্রি গণিতে। ফলিত জ্যোতিষে তাঁর যেমন বিখাদ ছিল তেমনি বৃংপতি। তাঁর বাবা ছিলেন পাকা নৈয়ারিক, ঈশ্বর তাঁর মতে অদিদ্ধ; আমার শশুরও দেবদেবী কিছুই মানতেন না তার প্রমাণ পেয়েছি। তাঁর সমন্ত বেকার বিশাদ ভিড় করে এসে পড়েছিল গ্রহনক্তের উপর, একরকম গোঁড়ামি বললেই হয়। এই ঘরে জ্পেছে খ্নেত্রা; বাল্যকাল থেকে তার চার দিকে গ্রহনক্ত্রের কড়া পাহারা।

আমি ছিল্ম অধ্যাপকের প্রিয় ছাত্র, স্থনেত্রাকেও তার পিতা দিতেন শিক্ষা।
পরম্পর মেলবার স্থোগ হয়েছিল বার বার। স্থোগটা ষে ব্যর্থ হয় নি সে-থবরটা
বেতার বিত্যুদ্বার্তায় আমার কাছে ব্যক্ত হয়েছে। আমার শাশুড়ির নাম বিভাবতী।
সাবেককালের আওতার মধ্যে তাঁর জয় বটে, কিছু স্বামীর সংসর্গে তাঁর মন ছিল
সংস্কারম্ক্ত, স্বছ্ছ। স্বামীর সঙ্গে প্রভেদ এই, গ্রহনক্ষত্র তিনি একেবারেই মানতেন
না, মানতেন আপন ইইদেবতাকে। এ নিয়ে স্বামী একদিন ঠাট্টা করাতে বলেছিলেন,
"ভয়ে ভয়ে তৃমি পেয়াদাগুলোর কাছে সেলাম ঠুকে বেড়াও, আমি মানি স্বয়ং
রাজাকে।"

স্বামী বললেন, "ঠকবে। রাজা থাকলেও যা না-থাকলেও তা, লাঠি ঘাড়ে নিশ্চিত আচে পেয়ালার দল।"

শান্তড়ি-ঠাকরন বললেন, "ঠকব দেও ভালো। তাই বলে দেউড়ির দরবারে গিয়ে নাগরা জুতোর কাছে মাধা হেঁট করতে পারব না।"

আমার শান্তড়ি আমাকে বড়ো স্নেহ করতেন। তাঁর কাছে আমার মনের কথা ছিল অবারিত। অবকাশ বুঝে একদিন তাঁকে বললেম, "মা, তোমার নেই ছেলে, আমার নেই মা। মেরে দিয়ে আমাকে দাও তোমার ছেলের জায়গাটি। তোমার সমতি পেলে তার পরে পারে ধরব অধ্যাপকের।"

তিনি বললেন, "অধ্যাপকের কথা পরে হবে বাছা, আগে তোমার ঠিকুজি এনে দাও আমার কাছে।"

দিলেম এনে। তিনি বললেন, "হবার নয়। অধ্যাপকের মত হবে না। অধ্যাপকের মেরেটিও তার বাপেরই শিক্সা।"

আমি জিজাসা করনুম, "মেরের মা ?"

বললেন, "আমার কথা বোলো না। স্থামি ভোমাকে জানি, আমার মেরের মনও জানি, তার বেশি জানবার জন্তে নক্তলোকে ছোটবার শথ নেই আমার।"

আমার মন উঠল বিজ্ঞাহী হয়ে। বললেম, "এমনতরো অবান্তব বাধা মানাই অন্তার। কিন্তু, যা অবান্তব তার গায়ে ঘা বসে না। তার সম্পে লড়াই করব কী দিয়ে।"

এ দিকে মেয়ের সম্বন্ধের কথা আসতে লাগল নানা দিক থেকে। গ্রহতারকার অসমতি নেই এমন প্রস্তাবিও ছিল তার মধ্যে। মেয়ে জিদ করে বলে বসল, সে চিরকাল কুমারী থাকবে, বিক্যার সাধনাতেই যাবে তার দিন।

বাপ মানে ব্যবেদন না, তাঁর মনে পড়ল লীলাবতীর কথা। মা ব্যবেদন, গোপনে জল পড়তে লাগল তাঁর চোথ দিয়ে। অবশেষে একদিন মা আমার হাতে একখানি কাগজ দিয়ে বললেন, "স্থনেত্রার ঠিক্জি। এই দেখিয়ে তোমার জন্মপত্রী সংশোধন করিয়ে নিয়ে এসো। আমার মেয়ের অকারণ ছঃখ সইতে পারব না।"

পরে কী হল বলতে হবে না। ঠিকুঞ্জির অঙ্কলাল থেকে হ্নেত্রাকে উদ্ধার করে আনলেম। চোখের জল মৃ্চতে মৃ্চতে মা বললেন, "পুণাকর্ম করেছ, বাছা।"

তার পরে গেছে একুশ বছর কেটে।

Я

হাওয়ার বেগ বাড়তে চলল, বৃষ্টির বিরাম নেই। স্থনেত্রাকে বললেম, "আলোটা লাগছে চোখে, নিবিয়ে দিই।" নিবিয়ে দিলেম।

বৃষ্টিধারার মধ্যে দিয়ে রাস্তার ল্যাম্পের ঝাপসা আভা এল অন্ধকার ঘরে। সোফার উপরে হুনেত্রাকে বসালেম আমার পাশে। বললেম, "হুনি, আমাকে তোমার ঘধার্থ দোসর বলে মান তুমি?"

"এ আবার কী প্রশ্ন হল তোমার। উত্তর দিতে হবে নাকি।"

"তোমার গ্রহতারা যদি না মানে ?"

"নিক্য মানে, আমি বুঝি জানি নে?"

"এতদিন তো একত্রে কাটল আমাদের, কোনো সংশয় কি কোনোদিন উঠেছে তোমার মনে।"

"অমন সব বাজে কথা জিজ্ঞাসা কর যদি রাগ করব।"

"স্থনি, ত্তুনে মিলে তৃঃধ পেয়েছি অনেকবার। আমালের প্রথম ছেলেটি মারা

গৈছে আট-মাসে। টাইফরেডে আমি যথন মরণাপন্ন, বাবার হল মৃত্যু। শেবে দেখি উইল জাল করে দাদা নিয়েছেন সমস্ত সম্পত্তি। আজ চাকরিই আমার একমাত্র ভরসা। তোমার মায়ের রেহ ছিল আমার জীবনের গ্রুবতারা। পুজাের ছুটিতে বাড়ি যাওরার পথে নোকোড়বি হয়ে স্বামীর সঙ্গে মারা গেলেন মেঘনা নদীর গর্ভে। দেখলেম, বিষরবৃদ্ধিহীন অধ্যাপক ঋণ রেখে গেছেন মোটা অল্বের; সেই ঋণ শীকার করে নিলেম। কেমন করে জানব, এই সমস্ত বিপত্তি ঘটায় নি আমারই তৃইগ্রহ? আগে ধাকতে যদি জানতে আমাকে তো বিয়ে করতে নাং"

স্থনেত্রা কোনো উত্তর না করে আমাকে জড়িরে ধরলে।

আমি বললেম, "সব দ্বঃও ত্র্লক্ষণের চেয়ে ভালোবাসাই যে বড়ো, আমাদের জীবনে তার কি প্রমাণ হয় নি।"

"निष्ठय, निष्ठय श्रदाह ।"

"মনে করো, বদি প্রাহের অন্থ্রাহে তোমার আগেই আমার মৃত্যু হয়, সেই ক্ষতি কি বেঁচে পাকতেই আমি পুরণ করতে পারি নি।"

"পাক্ পাক্, আর বলতে হবে না।"

"সাবিত্রীর কাছে সত্যবানের সঙ্গে একদিনের মিলনও যে চিরবিচ্ছেদের চেয়ে বড়ো ছিল, তিনি তো ভয় করেন নি মৃত্যুগ্রহকে।"

চুপ করে রইল হনেতা। আমি বললেম, "তোমার অরুণা ভালোবেদেছে লৈলেনকে, এইটুকু জানা যথেষ্ট; বাকি সমস্তই থাক্ অজানা, কী বল, হৃনি।"

স্থনেত্রা কোনো উত্তর করলে না।

"তোমাকে যথন প্রথম ভালোবেসেছিলুম, বাধা পেয়েছি। আমি সংসারে বিতীয়বার সেই নিষ্ঠ্র তৃঃথ আসতে দেব না কোনো গ্রহেরই মন্ত্রণায়। ওদের তৃষ্ণনের ঠিকুন্সির অন্ধ মিলিয়ে সংশন্ধ ঘটতে দেব না কিছুতেই।"

ঠিক দেই সময়েই সিঁড়িতে পায়ের শব্দ শোনা গেল। শৈলেন নেমে চলে যাছে। স্থানেতা ভাড়াভাড়ি উঠে গিয়ে বললে, "কী বাবা শৈলেন। এখুনি তুমি যাছ নাকি।"

লৈলেন ভয়ে ভয়েই বললে, "কিছু দেরি হয়েই গেছে, ঘড়ি ছিল না, ব্রতে পারি নি।"

স্থনেতা বললে, "না, কিছু দেরি হয় নি। আব্দ রাত্তে তোমাকে এধানেই থেয়ে যেতে হবে।"

একেই তো বলে প্রশ্রয়।

সেই রাজে আমার ঠিকুলি সংশোধনের সমস্ত বিবরণ হ্লেজাকে শোনালেম। সে বলে উঠল, "না বললেই ভালো করতে।"

"(क्न ।"

"এখন থেকে কেবলই ভয়ে ভয়ে থাকতে হবে।"

"কিসের ভয়। বৈধব্যযোগের ?"

অনেক কণ চূপ করে রইল হানি। তার পরে বললে, "না, করব না ভয়। আমি যদি তোমাকে ফেলে আগে চলে যাই তা হলে আমার মৃত্যু হবে বিগুণ মৃত্যু।"

কার্তিক, ১৩৪০

# প্রবন্ধ

# কালান্তর

# কালান্তর

### কালাস্তর

একদিন চণ্ডীমণ্ডপে আমাদের আথড়া বসত, আলাপ স্বমত পাড়াপড় শিদের স্কৃটিয়ে, আলোচনার বিষয় ছিল প্রামের সীমার মধ্যেই বন্ধ। পরস্পরকে নিয়ে রাপছেষে গল্পে-গুজবে তাসে-পাশায় এবং তার সঙ্গে ঘণ্টা-তিনচার পরিমাণে দিবানিস্তা মিশিয়ে দিনটা যেত কেটে। তার বাইরে মাঝে মাঝে চিত্তাফুশীলনার যে-আয়োজন হত সেছিল যাত্রা সংকীর্তন কথকতা রামারণপাঠ পাঁচালি কবিগান নিয়ে। তার বিষয়বন্ধ ছিল পুরাকাহিনীভাগ্তারে চিরসঞ্চিত। যে-ক্রগতের মধ্যে বাস সেটা সংকীর্ণ এবং অতি-পরিচিত। তার সমস্ত তথ্য এবং রসধারা বংশাফুক্রমে বংসরে বংসরে বার বার হয়েছে আবর্তিত অপরিবর্তিত চক্রপথে, সেইগুলিকে অবলম্বন করে আমাদের জীবন্যাত্রার সংস্কার নিবিড় হয়ে জমে উঠেছে, সেই-সকল কঠিন সংস্কারের ইটপাথর দিয়ে আমাদের বিশেষ সংসারের নির্মাণকার্য সমাধা হয়ে গিয়েছিল। এই সংসারের বাইরে মানব-ব্রন্ধাণ্ডের দিক্দিগস্তে বিরাট ইতিহাসের অভিব্যক্তি নিরস্তর চলেছে, তার ঘর্ণ্যমান নীহারিকা আন্যোপান্ত সনাতনপ্রধায় ও শান্ত্রবচনে চিরকালের মতো স্থাবর হয়ে ওঠে নি, তার মধ্যে এক অংশের সঙ্গে আর-এক অংশের যাতসংঘাতে নব নব সমস্তার সৃষ্টি হচ্ছে, ক্রমাগতই তাদের পরস্পরের সীমানার সংকোচন-প্রসারণে পরিবর্তিত হচ্ছে ইতিহাসের রূপ, এ আমাদের গোচর ছিল না।

বাইরে থেকে প্রথম বিশ্বন্ধ আঘাত লাগল মুসলমানের। কিন্তু সে-মুসলমানও প্রাচীন প্রাচ্য, সেও আধুনিক নয়। সেও আপন অতীত শতালীর মধ্যে বন্ধ। বাহুবলে সে রাজ্যসংঘটন করেছে কিন্তু তার চিত্তের স্বাষ্টবৈচিত্ত্য ছিল না। এইজ্বন্তে সে যথন আমাদের দিগন্তের মধ্যে স্থামী বাসস্থান বাঁধলে, তথন তার সঙ্গে আমাদের সংঘর্ষ ঘটতে লাগল— কিন্তু সে সংঘর্ষ বাহ্য, এক চিরপ্রথার সঙ্গে আর-এক চিরপ্রথার, এক বাঁধা মতের সঙ্গে আর-এক বাঁধা মতের। রাষ্ট্রপ্রণালীতে মুসলমানের প্রভাব প্রবেশ করেছে, চিত্তের মধ্যে তার ক্রিয়া সর্বতোভাবে প্রবল হয় নি, তারই প্রমাণ দেখি সাহিত্যে। তথনকার ভক্রসমান্ধে সর্বন্তই প্রচলিত ছিল পার্দি, তবু বাংলা কাব্যের প্রকৃতিতে এই পার্দি বিশ্বার স্থাকর পড়ে নি— একমান্ত্র ভারতচক্রের বিশ্বাহ্মন্দরে

মার্ক্তিত ভাষায় ও অথলিত ছন্দেযে নাগরিকতা প্রকাশ পেয়েছে তাতে গার্দি-পড়া স্মিতপরিহাসপটু বৈদধ্যের আভাস পাওয়া যায়। তথনকার বাংলা সাহিত্যের প্রধানত इहे जाग हिल, এक प्रकलकारा आंद्र-अक रिक्ष्यभावनी। प्रकलकारा गांख गांख মুদলমান রাজ্যশাদনের বিবরণ আছে কিন্তু তার বিষয়বস্তু কিন্তা মনভতে মুদলমান সাহিত্যের কোনো ছাপ দেখি নে, বৈষ্ণবগীতিকাব্যে তো কথাই নেই। অথচ বাংলা ভাষায় পার্সি শব্দ জমেছে বিশ্বর, তা ছাড়া সেদিন অস্তত শহরে রাজধানীতে পারসিক আদবকায়ণার যথেষ্ট প্রাহ্রভাব ছিল। তথনকার কালে হুই সনাতন বেড়া-দেওয়া সভ্যতা ভারতবর্ষে পাশাপাশি এসে দাঁড়িয়েছে, পরস্পরের প্রতি মুথ ফিরিয়ে। তাদের মধ্যে কিছুই ক্রিয়া-প্রতিক্রিয়া হয় নি তা নয় কিছু তা সামাস্ত। বাহুবলের ধারু। দেশের উপরে থুব জোরে দেশেছে, কিন্তু কোনো নতুন চিন্তারাজ্যে কোনো নতুন স্বাধীর উত্তমে তার মনকে চেতিয়ে তোলে নি। তা ছাড়া আরো একটা কথা আছে। বাহির থেকে মুসলমান হিন্দুস্থানে এসে স্থায়ী বাসা বেঁধেছে কিন্তু আমাদের দৃষ্টিকে বাহিরের দিকে প্রদারিত করে নি। তারা ঘরে এসে ঘর দখল করে বসল, বন্ধ করে मिला वाहित्त्रत मित्क मत्रका। मात्य मात्य त्रहे मत्रका-छाक्षाछाढि हलाहिन किन्ह এমন কিছু ঘটে নি যাতে বাহিরের বিশ্বে আমাদের পরিচয় বিস্তারিত হতে পারে। দেইজন্ত পল্লীর চণ্ডীমণ্ডপেই রয়ে গেল আমাদের প্রধান আসর।

তার পরে এল ইংরেজ কেবল মান্ত্যরূপে নয়, নব্য য়ুরোপের চিত্তপ্রতীকরপে।
মান্ত্যর জাড়ে স্থান, চিত্ত জোড়ে মনকে। আজ মুসলমানকে আমরা দেখি সংখ্যারূপে—
তারা সপ্রতি আমাদের রাঞ্জিক ব্যাপারে ঘটিয়েছে যোগ-বিয়োগের সমস্তা। অর্থাৎ
এই সংখ্যা আমাদের পক্ষে গুণের অন্ধ্যক না ক্ষে ভাগেরই অন্ধ্যল ক্ষছে। দেশে
এরা আছে অর্থচ রাষ্ট্রজাতিগত ঐক্যের হিসাবে এরা না থাকার চেয়েও দারুণতর,
তাই ভারতবর্ষের লোকসংখ্যাতালিকাই তার অতিবহুলত্ব নিয়ে স্ব-চেয়ে শোকাবহ
হয়ে উঠল।

ইংরেজের আগমন ভারতবর্ষের ইতিহাসে এক বিচিত্র ব্যাপার। মাথ্য হিসাবে তারা রইল মুসলমানদের চেয়েও আমাদের কাছ থেকে অনেক দূরে— কিন্ত যুরোপের চিত্তানৃতরূপে ইংরেজ এত ব্যাপক ও গভীর ভাবে আমাদের কাছে এসেছে যে আর-কোনো বিদেশী জাত কোনোদিন এমন করে আসতে পারে নি। যুরোপীয় চিত্তের জলমশক্তি আমাদের হাবর মনের উপর আঘাত করল, যেমন দূর আকাশ থেকে আঘাত করে বৃষ্টিধারা মাটির 'পরে; ভূমিতলের নিশ্চেট অন্তরের মধ্যে প্রবেশ ক'রে প্রাবেশ চেটা সঞ্চার করে দেয়, সেই চেটা বিচিত্তারূপে অন্থরিত বিকশিত হতে পাকে।

এই চেটা যে-ভৃথণ্ডে একেবারে না ঘটে সেটা মক্ষভূমি, তার যে একান্ত অনন্তমোগিতা সে তো মৃত্যুর ধর্ম। আমরা মুরোপের কার কাছ থেকে কী কডটুক্ পেয়েছি তাই অতি সন্ম বিচারে চুনে চুনে অনেক পরিমাণে কল্পনা ও কিছু পরিমাণে গবেষণা বিভার করে আঞ্চলাল কোনো কোনো সমালোচক আধুনিক লেখকের প্রতি কলম উত্যত করে নিপুণ ভলীতে থোঁটা দিয়ে থাকেন। একদা রেনেসাঁসের চিন্তবেগ ইটালি থেকে উবেল হরে সমস্ত মুরোপের মনে যখন প্রতিহত হয়েছিল তখন ইংলণ্ডের লাহিত্যপ্রটাদের মনে তার প্রভাব যে নানারূপে প্রকাশ পেয়েছে সেটা কিছুই আশ্চর্যের কথা নয়, না হলেই সেই দৈন্তকে বর্বরতা বলা যেত। সচল মনের প্রভাব সঞ্জীব মন না নিয়ে থাকতেই পারে না— এই দেওয়া-নেওয়ার প্রবাহ সেইখানেই নিয়ত চলেছে যেখানে চিন্ত বেঁচে আছে চিন্ত কেগে আছে।

বর্তমান যুগের চিত্তের জ্যোতি পশ্চিম দিগন্ত থেকে বিদ্ধুরিত হয়ে মানবইতিহাসের সমস্ত আকাশ জুড়ে উদ্ভাসিত, দেখা যাক তার স্বরূপটা কী। একটা প্রবল
উভ্যমের বেগে যুরোপের মন ছড়িয়ে পড়েছে সমস্ত পৃথিবীতে, শুধু তাই নয় সমস্ত
জগতে। যেখানেই সে পা বাড়িয়েছে সেইখানটাই সে অধিকার করেছে। কিসের
জ্যোরে। সত্যসন্ধানের সত্তায়। বৃদ্ধির আলস্তে, কল্পনার কৃহকে, আপাতপ্রতীর্মান
সাদৃশ্তে, প্রাচীন পাণ্ডিত্যের অন্ধ অন্থর্তনায় সে আপনাকে ভোলাতে চায় নি,
মাহ্রের স্বাভাবিক প্রবৃত্তি যা বিশাস ক'রে নিশ্চিম্ত থাকতে চায় তার প্রলোভনকেও সে
নির্মাভাবে দমন করেছে। নিজের সহজ্ব ইচ্ছার সঙ্গে সংগত করে সত্যকে সে যাচাই
করে নি। প্রতিদিন জয় করেছে সে জ্যানের জগৎকে, কেননা তার বৃদ্ধির সাধনা
বিশুদ্ধ, ব্যক্তিগত মোহ থেকে নির্মুক্ত।

ষদিও আমাদের চার দিকে আব্দও পঞ্জিকার প্রাচীর খোলা আলোর প্রতি সন্দেহ উত্তত করে আছে, তব্ তার মধ্যে ফাঁক করে যুরোপের চিত্ত আমাদের প্রাহণে প্রবেশ করেছে, আমাদের সামনে এনেছে জ্ঞানের বিশ্বরূপ, মাহুষের বৃদ্ধির এমন একটা সর্বব্যাপী ঔৎস্ক্র আমাদের কাছে প্রকাশ করেছে, যা অহৈতৃক আগ্রহে নিকটতম দ্রতম অণ্তম বৃহত্তম প্রয়োজনীয় অপ্রয়োজনীয় সমন্তকেই সন্ধান সমন্তকেই অধিকার করতে চায়; এইটে দেখিয়েছে যে, জ্ঞানের রাজ্যে কোথাও ফাঁক নেই, সকল তথ্যই পরস্পর অচ্ছেন্তস্ত্রে প্রথিত, চতুরানন বা পঞ্চাননের কোনো বিশেষ বাক্য বিশের ক্লেত্ম সান্ধীর বিশ্বন্ধে আপন অপ্রাক্তি প্রামাণিকতা দাবি করতে পারে না।

বিশ্বতত্ত্ব সহক্ষে বেমন, তেমনি চরিত্রনীতি সহক্ষেও। নতুন শাসনে বে-আইন এল তার মধ্যে একটি বাণী আছে, সে হচ্ছে এই বে, ব্যক্তিভেদে অপরাধের ভেদ ঘটে না। ব্রাহ্মণাই শৃদ্রকে বধ করুক বা শৃদ্রই ব্রাহ্মণকে বধ করুক, হত্যা অপরাধের পংক্তি একই, তার শাসনও সমান— কোনো মৃনিঞ্চির অনুশাসন স্থায়-অস্থায়ের কোনো বিশেষ দৃষ্টি প্রবর্তন করতে পারে না।

সমাজে উচিত-অঞ্চিতের ওক্সন, শ্রেণীগত অধিকারের বাটথারাযোগে আপদ
নিজ্য আদর্শের তারতম্য ঘটাতে পারবে না, এ কথাটা এখনো আমরা সর্বত্ত অন্তরে
অন্তরে মেনে নিতে পেরেছি তা নয়, তর্ আমাদের চিস্তায় ও ব্যবহারে অনেকথানি
বিপ্লব এনেছে সন্দেহ নেই। সমাজ যাদের অস্পৃত্তশ্রেণীতে গণ্য করেছে তাদেরও
আব্দ দেবালয়প্রবেশে বাধা দেওয়া উচিত নয়, এই আলোচনাটা তার প্রমাণ। যদিও
একদল লোক নিজ্যধর্মনীতির উপর ভর না দিয়ে এর অঞ্কুলে শাল্রের সমর্থন
আওড়াচ্ছেন, তর্ সেই আপ্রবাক্যের ওকালতিটাই সম্পূর্ণ জ্বোর পাছেছ না। আসল
এই কথাটাই দেশের সাধারণের মনে বাজছে যে, যেটা অস্তায় সেটা প্রথাগত, শাল্পগত
বা ব্যক্তিগত গায়ের জ্বোরে শ্রেয় হতে পারে না, শংকরাচার্ম-উপাধিধারীর স্বরচিত
মার্কা সত্বেও সে শ্রক্ষের নয়।

मूननमान-जामरनद वांश्नानाहिरछाद श्रिक कृष्टि कदरन रमथा याद्र य, ज्यार्थ অক্তায় করবার অধিকারই যে ঐশর্যের সক্ষণ এই বিখাসটা কলুবিত করেছে তথনকার দেবচরিত্র-কল্পনাকে। তথনকার দিনে যেমন অত্যাচারের দ্বারা প্রবল ব্যক্তি আপন শাসন পাকা করে তুলত, তেমনি করে অস্তায়ের বিভীষিকায় দেবদেবীর প্রতিপত্তি আমরা কল্পনা করেছি। সেই নিষ্ঠুর বলের হার-ব্রিভেই তাঁদের শ্রেষ্ঠতা-অশ্রেষ্ঠতার প্রমাণ হত। ধর্মের নিয়ম মেনে চলবে সাধারণ মানুষ সেই নিয়মকে লভ্যন করবার তুর্দাম অধিকার অসাধারণের। সন্ধিপত্তের শর্ড অনুসারে আপনাকে সংযত করা আবশ্রক সভারকা ও লোকস্থিতির থাতিরে, কিন্তু প্রতাশের অভিমান তাকে জ্ঞাপ অফ্ পেপারের মতো ছিন্ন করবার স্পর্ধা রাখে। নীতিবন্ধন-অস্থিফু অধর্মসাহনিকতার ওঁছতাকে একদিন ঈশরছের লক্ষণ বলে মাহুষ স্বীকার করেছে। তথনকার দিনে প্রচলিত 'मिल्लीचरता ता क्यामीचरता ता', এই क्थामात्र वर्ष এই यে, क्यामीचरतत অগদীশ্বরতা তাঁর অপ্রতিহত শক্তির প্রমাণে, ক্লারপরতার বিধানে নয়, সেই পছায় मित्रीयत्र क्रममीयत्त्र जूमा थाजित अधिकाती। ज्यन बाम्नगटक पटमट् जूटम्ब, তার দেবছে মহত্তের অপরিহার্য দায়িত্ব নেই, আছে অকারণ শ্রেষ্ঠতার নিরর্থক দাবি। এই অকারণ শ্রেষ্ঠতা ক্লায়-অক্লায়ের উপরে, তার প্রমাণ দেখি স্বৃতিশাল্পে, শূলের প্রতি অধর্মাচরণ করবার অব্যাহত অধিকারে। ইংরেজনাম্রাজ্য মোগলসাম্রাজ্যের চেয়েও প্রবল ও ব্যাপক সন্দেহ নেই, কিন্ধু এমন কথা কোনো মূড়ের মুখ দিয়ে বেরোড়ে পারে

না বে, উইলিউডনো বা জগদীখনো বা। তার কারণ আকাশ থেকে বোমাবর্থণ শত্রুপজী-বিধরণনের নির্মম শক্তির ছারা ঈশরছের আদর্শের তুল্যতা আজ কেউ পরিমাণ করে না। আজ আমরা মরতে মরতেও ইংরেজ-শাসনের বিচার করতে পারি স্থায়-অক্তায়ের আদর্শে, এ কথা মনে করি নে, কোনো দোহাই পেড়ে শক্তিমানকে অসংযত শক্তি সংহরণ করতে বলা অশক্তের পক্ষে স্পর্ধা। বস্তুত স্থায়-আদর্শের সর্বভূমিনতা খীকার করে এক জায়গায় ইংরেজরাজের প্রভূত শক্তি আপনাকে অশক্তের সমানভূমিতেই দাঁড় করিয়েছে।

যথন প্রথম ইংরেঞ্চি সাহিত্যের সঙ্গে আমাদের পরিচয় হল তথন শুধু যে তার থেকে আমরা অভিনব রস আহরণ করেছিলেম তা নয়, আমরা পেয়েছিলেম মাহুষের প্রতি माश्रर्यत पञ्चात्र मृत कदवात पाथार, अनरण পেয়िছिलम রাট্রনীতিতে মাস্থ্যের শৃষ্খল-মোচনের ঘোষণা, দেখেছিলেম বাণিজ্যে মাত্র্যকে পণ্যে পরিণত করার বিরুদ্ধে প্রয়াস। স্বীকার করতেই হবে আমাদের কাছে এই মনোভাবটা নৃতন। তৎপূর্বে আমরা মেনে নিমেছিলুম যে জন্মগত নিত্যবিধানে বা পূর্বজন্মার্জিত কর্মকলে বিশেষ জ্ঞাতের মাহ্য আপন অধিকারের থবঁতা আপন অসম্বান শিরোধার্য করে নিতে বাধ্য, তার হীনতার লাখনা কেবলমাত্র দৈবক্রমে যুচতে পারে জন্মপরিবর্তনে। আব্দও আমাদের দেশে শিক্ষিতমণ্ডলীর মধ্যে বছলোক রাষ্ট্রীয় অগোরব দূর করার জম্ভে আত্মচেষ্টা মানে, অথচ সমাজবিধির খারা অধঃকৃতদেরকে ধর্মের দোহাই দিয়ে নিশ্চেষ্ট হয়ে আত্মাবমাননা খীকার করতে বলে; এ কথা ভূলে যায় যে, ভাগ্যনির্দিষ্ট বিধানকে নির্বিরোধে মানবার মনোবৃত্তিই রাষ্ট্রিক পরাধীনতার শৃত্তাকে হাতে পায়ে এঁটে রাথবার কাষ্ণে সকলের চেম্বে প্রবলশক্তি। যুরোপের সংস্রব এক দিকে আমাদের সামনে এনেছে বিশ্বপ্রকৃতিতে কার্যকারণবিধির সার্বভৌমিকতা, আর-এক দিকে স্থায়-অস্থায়ের সেই বিশুদ্ধ আদর্শ যা কোনো শান্তবাক্যের নির্দেশে, কোনো চিরপ্রচলিত প্রথার সীমাবেইনে, কোনো বিশেষ শ্রেণীর বিশেষ বিধিতে খণ্ডিত হতে পারে না। আজ আমরা দকল চুর্বলতা সত্ত্বেও আমাদের রাষ্ট্রকাতিক অবস্থা পরিবর্তনের ব্যক্তে বে-কোনো চেষ্টা করছি, সে এই তত্ত্বের উপরে দাঁড়িয়ে, এবং যে-সকল দাবি আমরা কোনোদিন মোগলসম্রাটের কাছে উত্থাপন করবার কল্পনাও মনে আনতে পারি নি, তাই নিয়ে প্রবল রাজশাসনের সঙ্গে উচ্চকণ্ঠে বিরোধ বাধিরেছি এই তত্ত্বেই জোরে যে-তত্ত্ব কবিবাক্যে প্রকাশ পেয়েছে, "A man is a man for a' that".

আজ আমার বন্ধস সভর পেরিয়ে গেছে। বর্তমান যুগে— অর্থাৎ বাকে যুরোপীয়
মুশ বলতেই হবে, সেই যুগে যথন প্রথম প্রবেশ করলুম সমন্ত্রী তথন আঠারোশো

थुकोटबर मासामासि। এইটিকে ডিক্টোরীয় যুগ नाम निरम এখনকার যুবকের। হাসাহাসি করে থাকে। যুরোপের বে-অংশের সঙ্গে আমাদের প্রত্যক্ষ সম্বন্ধ, সেই ইংলও তখন ঐশর্যের ও রাষ্ট্রীয় প্রতাপের উচ্চতম শিখরে অধিষ্ঠিত। অনস্কলালে কোনো ছিন্ত দিয়ে তার অরভাণ্ডারে যে অলক্ষী প্রবেশ করতে পারে, এ কথা কেউ रामिन सत्ति करत नि । প্রাচীন ইতিহাসে যাই ঘটে থাকুক, আধুনিক ইতিহাসে যারা পাশ্চাত্য সভ্যতার কর্ণধার তাদের সোভাগ্য যে কোনোদিন পিছু হঠতে পারে, বাতাস বইতে পারে উলটো দিকে, তার কোনো আশহা ও লব্ধণ কোথাও ছিল না। রিফর্মেশন যুগে, ফ্রেঞ্চ রেভোল্যুশন যুগে যুরোপ যে-মতস্বাতন্ত্রের জন্তে, ব্যক্তি স্বাতন্ত্রের জন্তে লড়েছিল, সেদিন তার সেই আদর্শে বিশ্বাস কুগ্ন হয় নি। সেদিন व्यारमित्रकात युक्तत्रार्धे ভाইয়ে ভাইয়ে युक्त বেধেছিল দাসপ্রধার বিরুদ্ধে। ম্যাট্সিনি-গারিবালভির বাণীতে কীর্ভিতে দেই যুগ ছিল গোরবায়িত, দেদিন তুর্কির স্থলতানের অত্যাচারকে নিন্দিত করে মন্ত্রিত হয়েছিল গ্ল্যাডন্টোনের বছ্রন্থর। আমরা সেদিন ভারতের স্বাধীনতার প্রত্যাশা মনে স্পষ্টভাবে লালন করতে আরম্ভ করেছি। সেই প্রত্যাশার মধ্যে এক দিকে যেমন ছিল ইংরেজের প্রতি বিরুদ্ধতা, আর-এক দিকে ইংরেজ-চরিত্রের প্রতি অসাধারণ আস্থা। কেবলমাত্র মহয়ত্বের দোহাই দিয়ে ভারতের শাসন-কর্তত্বে ইংরেন্দের শরিক হতেও পারি এমন কথা মনে করা যে সম্ভব হয়েছিল, সেই জোর কোপা থেকে পেয়েছিলেম। কোন যুগ থেকে সহসা কোন যুগাস্তরে এসেছি। মাস্থবের मुना, माधरवर अंदकरा हो। এত जार्रा वर्षा इटर प्रथा निन कान निकार। ष्यक षामारमत निरमत भतिवादा क्षजित्तरम, भाषाय ममारम, मासूरयत वाकिगंज স্থাতন্ত্র বা সন্মানের দাবি, শ্রেণীনিবিচারে ভারসংগত ব্যবহারের সমান অধিকারতত্ত এখনো সম্পূর্ণরূপে আমাদের চরিত্রে প্রবেশ করতে পারে নি। তা হোক আচরণে পদে পদে প্রতিবাদসত্ত্বেও যুরোপের প্রভাব অল্লে আল্লে আমাদের মনে কারু করছে। বৈজ্ঞানিক বৃদ্ধিসম্বন্ধেও ঠিক সেই একই কথা। পাঠশালার পথ দিয়ে বিজ্ঞান এসেছে আমাদের খাবে, কিন্তু ঘরের মধ্যে পাঞ্চিপুঁখি এখনো তার সম্পূর্ণ দখল ছাড়ে নি। তবু যুরোপের বিভা প্রতিবাদের মধ্য দিয়েও আমাদের মনের মধ্যে সম্মান পাচ্চে।

তাই ভেবে দেখলে দেখা যাবে এই যুগ যুরোপের সক্ষে আমাদের গভীর সহযোগিতারই যুগ। বন্ধত ষেথানে তার সক্ষে আমাদের চিন্তের, আমাদের শিক্ষার অসহযোগ সেইখানেই আমাদের পরাভব। এই সহযোগ সহজ্ব হয়, য়িদ আমাদের শ্রুমায় আঘাত না লাগে। পূর্বেই বলেছি যুরোপের চরিত্রের প্রতি আহা নিরেই আমাদের নবযুগের আরম্ভ হয়েছিল, দেখেছিল্ম জ্ঞানের ক্ষেত্রে যুরোপ মান্নবের মোহমূক বৃদ্ধিকে শ্রদ্ধা করেছে এবং ব্যবহারের ক্ষেত্রে স্বীকার করেছে তার স্বার্থণত অধিকারকে। এতে করেই সকল প্রকার অভাবক্রটি সংস্কৃত আমাদের আত্মসমানের পথ খুলে গিয়েছে। এই আত্মসমানের গোরববোধেই আত্ম পর্যন্ত আমারা স্বজাতিস্বিদ্ধে তৃঃসাধ্যসাধনের আশা করিছি, এবং প্রবল পক্ষকে বিচার করতে সাহস করিছি সেই প্রবল পক্ষেরই বিচারের আদর্শ নিয়ে। বলতেই হবে এই চিত্তগত চরিত্রগত সহযোগ ছিল না আমাদের পূর্বতন রাজদরবারে। তখন কর্তৃপক্ষের সলে আমাদের সেই মূলগত দ্বত্ব ছিল যাতে করে আমরা আক্মিক গুভাদ্টক্রেমে শক্তিশালীর কাছে কদাচিৎ অন্তগ্রহ পেতেও পারত্ম, কিন্তু সে তারই নিজ গুণে, বলতে পারত্ম না যে, সর্বজনীন গ্রায়ধ্য অন্সারেই, মান্ত্র বলেই মান্ত্রের কাছে আন্তর্ভুল্যের দাবি আছে।

ইতিমধ্যে ইতিহাস এগিয়ে চলল। বছকালের স্থাং এশিরার দেখা দিল জাগরণের উত্তম। পাশ্চাত্যেরই সংঘাতে সংস্রবে জাপান অতি জারকালের মধ্যেই বিশ্বজাতি-সংঘের মধ্যে জ্বয় করে নিলে সন্মানের অধিকার। অর্থাৎ জাপান বর্তমান কালের মধ্যেই বর্তমান, অতীতে ছারাছের নয়, সে তা সম্যকরপে প্রমাণ করল। দেখতে পেলেম প্রাচ্য জাতিরা নবযুগের দিকে যাত্রা করেছে। অনেকদিন আশা করেছিলুম, বিশ্ব-ইতিহাসের সঙ্গে আমাদেরও সামঞ্চত্ত হবে, আমাদেরও রাষ্ট্রজাতিক রথ চলবে সামনের দিকে, এবং এও মনে ছিল যে এই চলার পথে টান দেবে স্বয়ং ইংরেজও। অনেকদিন তাকিয়ে থেকে অবশেষে দেখলুম চাকা বন্ধ। আজ ইংরেজ শাসনের প্রধান গর্ব 'ল' এবং 'অর্ডর', বিধি এবং ব্যবস্থা নিয়ে। এই স্বৃত্তং দেশে শিক্ষার বিধান, স্বাস্থ্যের বিধান অতি অকিঞ্চিৎকর, দেশের লোকের ঘারা নব নব পথে ধন উৎপাদনের হুযোগসাধন কিছুই নেই। অদ্র ভবিশ্বতে তার যে সম্ভাবনা আছে, তাও দেখতে পাই নে, কেননা দেশের সন্থল সমন্তই তলিয়ে গেল 'ল' এবং 'অর্ডরের' প্রকাণ্ড কবলের মধ্যে। মূরোপীয় নবযুগের শ্রেষ্ঠদানের থেকে ভারতবর্ষ বঞ্চিত হয়েছে মুরোপেরই সংশ্রবে। নবযুগের স্থ্যিগুলের মধ্যে কলঙ্কের মতো রয়ে গেল ভারতবর্ষ।

আজ ইংলগু ক্লান্স জার্মানি আমেরিকার কাছে ঋণী। ঋণের অন্ধ খ্ব মোটা। কিন্তু এর দ্বিগুণ মোটাও যদি হত, তবু সম্পূর্ণ শোধ করা অসাধ্য হত না, দেনদার দেশে যদি কেবলমাত্র 'ল' এবং 'অর্ডর' বজায় রেখে তাকে আর-সকল বিষয়ে বঞ্চিত রাখতে আপত্তি না থাকত। যদি তার অল্লসংস্থান রইত আধপেটা পরিমাণ, তার পানযোগ্য জলের বরাদ্দ হত সমন্ত দেশের তৃষ্ণার চেয়ে বছগুণ স্কল্লতর, যদি দেশে শতকরা পাঁচ-সাত জন মাহুষের মতো শিক্ষার ব্যবস্থা থাকলেও চলত, যদি চিরস্থায়ী রোগে প্রজ্ঞানাহুক্রমে দেশের হাড়ে হাড়ে ত্র্বলতা নিহিত করে দেওয়া সত্তেও নিশ্চেইপ্রায়

পাকত তার আরোগ্যবিধান। কিন্তু যেহেতু জীবনযাত্রার সভ্য আদর্শ বজায় রাধ্বার পকে এ-সকল অভাব একেবারেই মারাত্মক, এইজন্তে পাওনাদারকে এমন কথা বলতে ওনল্ম যে আমরা দেনাশোধ করব না। সভ্যতার দোহাই দিয়ে ভারতবর্ষ কি:এমন কথা বলতে পারে না যে, এই প্রাণ-দেউলে-করা তোমাদের হুর্ম্ ল্য শাসনতন্ত্রের এত অসহ দেনা আমরা বহন করতে পারব না যাতে বর্বরদশার জগদল পাথর চিরদিনের মতো দেশের বুকের উপর চেপে থাকে। বর্তমান মুগে মুরোপ যে-সভ্যতার আদর্শকে উদ্বাবিত করেছে মুরোপই কি অহন্তে তার দাবিকে ভূমগুলের পশ্চিম সীমানাতেই আবদ্ধ করে রাথবে। সর্বজনের সর্বকালের কাছে সেই সভ্যতার মহৎ দায়িত্ব কি মুরোপের নেই।

ক্রমে ক্রমে দেখা গেল যুরোপের বাইরে অনাত্মীয়মগুলে যুরোপীয় সভ্যতার মশালটি আলো দেখাবার জয়ে নয়, আগুন লাগাবার জন্তে। তাই একদিন কামানের গোলা আর আফিমের পিও একসলে বর্ষিত হল চীনের মর্মস্থানের উপর। ইতিহাদে আজ পর্যন্ত এমন সর্বনাশ আর কোনোদিন কোথাও হয় নি— এক হয়েছিল যুরোপীয় সভ্যন্তাতি যথন নবাবিষ্কৃত আমেরিকার অর্ণপিণ্ডের লোভে ছলে বলে সম্পূর্ণ বিধ্বস্ত করে দিয়েছে 'মায়া' জাতির অপূর্ব সভ্যতাকে। মধ্যযুগে অসভ্য তাতার विकिछ मिर्म नत्रमुर खुन कें के करत्र जूटन किन ; जात्र विमन। जनिकान नरत्र न्थ হয়েছে। সভ্য যুরোপ চীনের মতো এত বড়ো দেশকে জ্বোর করে যে বিষ গিলিয়েছে, তাতে চিরকালের মতো তার মজা কর্জরিত হয়ে গেল। একদিন তরুণ পারদিকের দল দীর্ঘকালের অসাড়তার জাল থেকে পারস্তকে উদ্ধার করবার জন্তে যথন প্রাণপণ করে দাঁড়িয়েছিল, তখন সভা মুরোপ কী রকম করে ছই হাতে তার টুটি চেপে ধরেছিল, সেই অমার্জনীয় শোকাবহ ব্যাপার জানা যায় পারত্তের তদানীস্কন পরাহত আমেরিকান রাজস্বসচিব ওস্টারের Strangling of Persia বইখানা পড়লে। ও দিকে আফ্রিকার কন্গো প্রদেশে মুরোপীয় শাসন যে কী রকম অকথ্য বিভীষিকায় পরিণত হয়েছিল সে দকলেরই জানা। আজও আমেরিকার যুক্তরাষ্ট্রে নিগ্রোজাতি সামাঞ্জিক অসমানে লাম্বিড, এবং সেই-জাতীয় কোনো হডভাগ্যকে যথন জীবিড অবস্থায় দাহ করা হয়, তথন খেতচমী নরনারীরা সেই পাশব দৃষ্ঠ উপভোগ করবার ব্বন্তে ভিড় করে আদে।

তার পরে মহাযুদ্ধ এনে অকমাৎ পাশ্চাত্য ইতিহাসের একটা পর্দা তুলে দিলে। বেন কোন্ মাতালের আব্দ্র গেল ঘুচে। এত মিধ্যা এত বীভংস হিংশ্রতা নিবিড় হয়ে বহু পূর্বকার অন্ধ যুগে ক্ষণকালের জয়েন্ত হয়তো মাঝে মাঝে উৎপাত করেছে, কিছ এমন ভীষণ উদপ্র মৃতিতে আপনাকে প্রকাশ করে নি। তারা আসত কালো আধির মতো ধুলায় আপনাকে আবৃত করে, কিন্তু এ জনেছে যেন অগ্নিগিরির আগ্নেয়ন্তাব, व्यवस्थ शाश्रद वाधाम्क छेरत छेव्हारत पिन पिनस्टक बाडिट्य जूरन, नव करत पिरव দুরদুরান্তের পৃথিবীর ভামলতাকে। তার পর থেকে দেখছি মুরোপের ভভবুদ্ধি ष्पांभनात 'भरत विश्वान हातिरश्राह, पास ता न्यां। करत कन्यांत्मत ष्पानर्भरक উপहान করতে উন্নত। আজ তার কজা গেছে ভেঙে; একদা ইংরেঞ্জের সংস্রবে আমরা যে-মুরোপকে জানতুম, কুৎসিতের সম্বন্ধে তার একটা সংকোচ ছিল, আজ দে লক্ষা দিচ্ছে দেই সংকোচকেই। আজকাল দেখছি আপনাকে ভত্ত প্রমাণ করবার জন্তে সভ্যতার দায়িত্ববাধ বাচ্ছে চলে। অমানবিক নিষ্ঠুরতা দেখা দিচ্ছে প্রকাশ্যে বুক ফুলিয়ে। সভ্য মুরোপের সর্নার-পোড়ো জাপানকে দেখলুম কোরিয়ায়, দেখলুম চীনে, তার নিষ্ঠ্র বলদৃপ্ত অধিকার-লঙ্খনকে নিন্দা করলে সে অট্টহাস্থে নজির বের করে মুরোপের ইতিহাস থেকে। আয়র্লণ্ডে রক্তপিদলের যে উন্নত্ত বর্বরতা দেখা গেল, অনতিপূর্বেও আমরা তা কোনোদিন কল্পনাও করতে পারতুম না। তার পরে চোথের সামনে দেখনুম জালিয়ানওয়ালাবাগের বিভীষিকা। ষে-যুরোপ একদিন তৎকালীন তুৰ্কিকে অমাত্মৰ বলে গঞ্জনা দিয়েছে তারই উন্মুক্ত প্রান্থণে প্রকাশ পেল ফ্যাসিন্ধমের নির্বিচার নিদারুণতা। একদিন জেনেছিলুম আত্মপ্রকাশের স্বাধীনতা যুরোপের একটা শ্রেষ্ঠ সাধনা, আজ দেখছি মুরোপে এবং আমেরিকায় সেই স্বাধীনতার কণ্ঠরোধ প্রতিদিন প্রবল হয়ে উঠছে। ব্যক্তিগত শ্রেয়োবৃদ্ধিকে শ্রদ্ধা করবার কথা অল্পবয়নে আমরা মুরোপের বেদী থেকে গুনতে পেতৃম, আজ দেখানে যারা খুন্টের উপদেশকে সত্য বলে বিশ্বাস করে, যারা শত্রুকেও হিংসা করা মনে করে অধর্ম, তাদের কী দশা ঘটে তার একটা দৃষ্টাস্ত থেকে কিয়দংশ উদ্ধত করে দিচ্ছি।

যুদ্ধবিরোধী ফরাসী যুবক রেনে রেইম লিখছেন:

So after the war I was sent to Guiana. Condemned to fifteen years' penal servitude I have drained to the dregs the cup of bitterness' but the term of penal servitude being completed, there remains always the accessory punishment—banishment for life. One arrives in Guiana sound in health, young, vigorous, one leaves (if one leaves), weakly, old, ill... One arrives in Guiana honest— a few months later one is corrupted... They (the transportees) are an easy prey to all the maladies of this land—fever, dysentry, tuberculosis and most terrible of all, leprosy.

भानिकिनान यज्ञालमात्र माल इंगिनि य बीभास्त्रवारमत विथान करत्राह. तम कीत्रकम प्रःमह नत्रकवाम, म कथा मकरमत्रहे जाना चारह। मुद्रांभीम मांडावा चारमाक যে-সব দেশ উজ্জ্বতম করে জালিয়েছে, তাদের মধ্যে প্রধান স্থান নিতে পারে জর্মনি। কিছু আজু সেধানে সভ্যতার সকল আদর্শ টুকরো টুকরো করে দিয়ে এমন অক্সাং, এত সহজে উন্মন্ত দানবিকতা সমস্ত দেশকে অধিকার করে নিলে. এও তো অসম্ভব হল না। যুদ্ধপরবর্তীকালীন মুরোপের বর্বর নির্দয়তা যথন আজ এমন নির্লজভাবে চার দিকে উদ্ঘাটিত হতে থাকল তখন এই কথাই বার বার মনে আদে, কোথায় রইল মাহুষের সেই দরবার ষেধানে মাহুষের শেব আপিল পৌচবে আজ। মহুশুদ্ধের 'পরে বিশাস কি ভাঙতে হবে-- বর্বরতা দিয়েই কি চিব্নকাল ঠেকাতে হবে বর্বরতা। কিছ দেই নৈরাশ্যের মধ্যেই এই কথাও মনে আসে যে, তুর্গতি যতই উদ্ধতভাবে ভরংকর হয়ে উঠুক, তবু তাকে মাধা তুলে বিচার করতে পারি, ঘোষণা করতে পারি, তুমি অশ্রদ্ধের, অভিসম্পাত দিয়ে বলতে পারি "বিনিপাত", বলবার জল্পে পণ করতে পারে প্রাণ এমন লোকও হৃদিনের মধ্যে দেখা দেয়, এই তো সকল হু:থের, সকল ভয়ের উপরের কথা। আন্ধ পেয়াদার পীড়নে হাড় গু'ড়িয়ে যেতে পারে, তবুও তো আগেকার মতো হাতজ্ঞোড় করে বলতে পারি নে, দিল্লীখরো বা জগদীখরো বা, বলতে পারি নে, ভেন্দীয়ান যে তার কিছুই দোবের নয়। বরঞ্চ মুক্তকণ্ঠে বলতে পারি, তারই দায়িত্ব বড়ো, তারই আদর্শে তারই অপরাধ সকলের চেয়ে নিশনীয়। যে হু:খী, যে অবমানিত, সে যেদিন স্থায়ের দোহাইকে অত্যাচারের সিংহগর্জনের উপরে তুলে আত্মবিশ্বত প্রবলকে ধিকার দেবার ভরসা ও অধিকার সম্পূর্ণ হারাবে, সেই দিনই বুঝব এই যুগ আপন শ্রেষ্ঠনপাদে শেষকড়া-পর্যন্ত দেউলে হল। তার পরে আফুক কল্লান্ত।

>080

# বিবেচনা ও অবিবেচনা

বাংলা দেশে একদিন খদেশপ্রেমের বান ডাকিল; আমাদের প্রাণের ধারা হঠাৎ অসম্ভব রকম ফ্লিয়া উঠিয়া পাড়ি ছাপাইয়া পড়ে আর কি। সেই বেগটা যে সত্য তাহার প্রমাণ এই যে, তাহার চাঞ্চল্যে কেবল আমাদের কাগজের নৌকাগুলাকে দোলা দেয় নাই, কেবল সভাতলেই করতালির তুফান উঠিয়া সমস্ভ চুকিয়া গেল না।

সেদিন সমাজ্ঞটাও যেন আগাগোড়া নড়িয়া উঠিল এমনতরো বোধ হইয়াছিল। এক মৃহতেই তাঁতের কাজে আজপের ছেলেদের বাধা ছুটিয়া গেল; ভল্লসম্ভান কাপড়ের মোট বহিয়া রান্তায় বাহির হইয়া পড়িল, এমন-কি, হিন্দুম্পলমানে একতে বিসিয়া আহার করার আরোজনটাও হয়-হয় করিতে লাগিল।

তর্ক করিয়া এসব হয় নাই— কেহ বিধান লইবার জন্ত অধ্যাপকণাড়ায় যাতায়াত করে নাই। প্রাণ জাগিলেই কাহারও পরামর্শ না লইয়া আপনি সে চলিতে প্রবৃত্ত হয়; তথন সে চলার পথের সমস্ত বাধাগুলাকে কোলের কাছে টানিয়া লইয়া তাহাতে গজীরভাবে সিঁত্র চল্দন মাখাইতে বসে না, কিছা তাহাকে লইয়া বসিয়া বসিয়া হিনপুণ তত্ত্ব বা হ্লচাক কবিত্বের হক্ষ বৃনানি বিছার করিতেও তাহার প্রবৃত্তি হয় না। যেমনি চলিতে যায় অমনি সে আপনিই বৃত্তিতে পারে কোন্গুলা লইয়া তাহার চলিবে না; তথন যাহা গায়ে ঠেকে তাহাকেই সমস্ত গা দিয়া সে ঠেলা দিতে গুরু করে। সেই সাবেক পাধরগুলা যথন ঠেলার চোটে টলিতে থাকে তথন বোঝা যায় প্রাণ জাগিয়াছে বটে, ইহা মায়া নহে কপ্র নহে।

সেই বস্তার বেগ কমিয়া আসিয়াছে। সমাজের মধ্যে যে চলার ঝোক আসিয়াছিল সেটা কাটিয়া গিয়া আজু আবার বাঁধি বোলের বেড়া বাঁধিবার দিন আসিয়াছে।

আন্ধ আবার সমান্ধকে বাহবা দিবার পালা আরম্ভ হইল। জগতের মধ্যে কেবলমাত্র ভারতেরই জলবাতাসে এমন একটি অস্কৃত জাছ আছে যে এখানে রীতি আপনিই নীতিকে বরণ করিয়া লয়, আচারের পক্ষে বিচারের কোনো প্রয়োজনই হয় না। আমাদের কিছুই বানাইবার দরকার নাই কেবল মানিয়া গেলেই চলে, এই বলিয়া নিজেকে অভিনন্দন করিতে বিস্যাহি।

যে-লোক কান্তের উৎসাহে আছে, ন্তবের উৎসাহে তাহার প্রয়োজনই থাকে না।
ইহার প্রমাণ দেখো, আমরাও পশ্চিম সম্প্রপারে গিয়া সেধানকার মাহ্মদের মুথের
উপর বলিয়া আসিয়াছি, "তোমরা মরিতে বসিয়াছ। আত্মা বলিয়া পদার্থকে কেবলই
বন্ধচাপা দিয়া তাহার দম বন্ধ করিবার জাে করিয়াছ— তোমরা স্থুলের উপাসক।"
এ-সব কঠোর কথা শুনিয়া তাহারা তাে মারমূর্তি ধরে নাই। বরঞ্চ ভালােমাহ্মেরে
মতাে মানিয়া লইয়াছে; মনে মনে বলিয়াছে, 'হবেও বা। আমাদের বয়স আরু,
আমরা কাজ ব্বি— ইহারা অত্যন্ত প্রাচীন, অতএব কাজ কামাই করা সহন্ধে ইহারা
বে তত্ত্বকথাগুলা বলে নিশ্বয় সেগুলা ইহারা আমাদের চেয়ে ভালােই বাঝে।' এই
বলিয়া ইহারা আমাদিগকে দক্ষিণা দিয়া খুশি করিয়া বিদায় করিয়াছে এবং তাহার
পরে আন্তিন গুটাইয়া যেমন কাজ করিতেছিল তেমনিই কাজ করিতে লাগিয়াছে।

কেন্না, হাজারই ইহাদিগকে নিন্দা করি আর ভয় দেখাই ইহারা যে চলিতেছে; ইহারা যে প্রাণবান তাহার প্রমাণ যে ইহাদের নিজেরই মধ্যে। মরার বাড়া গালি নাই, এ কথা ইহাদের পক্ষে থাটে না। ইহারা জানে মরার বাড়াও গালি আছে— বাঁচিয়া মরা। ইহাদের জীবনযাত্তায় সংকটের সীয়া নাই, সমস্তার গ্রন্থিও বিশ্বর কিন্তু সকলের উপরে ইহাদিগকে ভরসা দিতেছে ইহাদের প্রাণ। এইজন্ত ইহারা নিন্দা অনায়াসে সহিতে পারে এবং নৈরাস্তের কথাটাকে লইয়া ক্ষণকালের জন্ত থেলা করে মাত্র, তাহাতে তাহাদের প্রাণের বেগে আর একট্ট উত্তেজনার সঞ্চার করে।

আমরাও তেমনি নিন্দা দহঙ্গে সহিতে পারিতাম যদি প্রাদমে কাজের পথে চলিতাম। কারণ তাহা হইলে আপনিই ব্রিতে পারিতাম প্রাদের গতিতে সমস্ত মানিকে ভাসাইয়া লইয়া যায়। পছ যথন অচল হইয়া থাকে তথন সেটা নিন্দিত, কিছু জোয়ারেয় গলাকে পছিল বলিয়া দোষ দিলেও যাহায়া মান করে তাহাদের তাহাতে বাধা হয় না।

এইজন্ম, নিষ্কর্মণ্য যে তাহারই অহোরাত্র স্তবের দরকার হয়। যে ধনীর কীর্তিও নাই, হাতে কোনো কর্মও নাই, চাটুকারের প্রয়োজন সব-চেয়ে তাহারই অধিক, নহিলে সে আপনার জড়জের বোঝা বহিবে কেমন ক্রিয়া। তাহাকে পরামর্শ দেওয়া উচিত যে, তোমার এই বনেদি স্থাবরত্ব গোরব করিবার জিনিস নয়, যেমন করিয়া পার একটা কর্মে লাগিয়া যাও। কিন্তু এ স্থলে পরামর্শনাতার কাজটা নিরাপদ নহে, বাব্র পারিষদবর্গ তখনই হাঁ হাঁ করিয়া আদিবে। স্থতরাং বকশিসের প্রত্যাশা থাকিলে বলিতে হয়, "হজ্ব, আপনি যে সনাতন তাকিয়া ঠেসান দিয়া বিসিয়াছেন উহার তুলার স্থপ জগতে অতুল, অতএব বংশের গোরব যদি রাখিতে চান তোনভিবেন না।"

আমাদের সমাজে যে পরিমাণে কর্ম বন্ধ হইয়া আসিয়াছে সেই পরিমাণে বাহবার ঘটা বাড়িয়া উঠিয়াছে। চলিতে গেলেই দেখি সকল বিষয়েই পদে পদে কেবলই বাধে। এমন স্থলে হয় বলিতে হয়, থাঁচাটাকে ভাঙো, কারণ ওটা আমাদের ঈশরদন্ত পাথাছটাকে অসাড় করিয়া দিল; নয় বলিতে হয়, ঈশরদন্ত পাথার চেয়ে থাঁচার লোহার শলাগুলো পবিত্র, কারণ, পাথা তো আজ উঠিতেছে আবার কাল পড়িতেছে কিন্তু লোহার শলাগুলো চিরকাল স্থির আছে। বিধাতার স্পষ্ট পাথা নৃতন, আর কামারের স্পষ্ট থাঁচা সনাতন; অতএব ঐ থাঁচার সীমাটুক্র মধ্যে যতটুকু পাথাঝাপট সম্ভব সেইটুক্ই বিধি, তাহাই ধর্ম, আর তাহার বাহিরে অনম্ভ আকাশ-ভর। নিষেধ। থাঁচার মধ্যে যদি নিতান্তই থাকিতে হয় তবে থাঁচার ছব করিলে নিশ্বরই মন ঠাগুল পাকে।

্ৰামাদের সামাঞ্জিক কামারে যে-শলাটি যেমন করিয়া বানাইয়াছে শিশুকাল হুইতে

তাহারই তবের বুলি পড়িয়া পড়িয়া আমরা অন্ত সকল গান ভূলিয়াছি, কেননা অশুধা করিলে বিপদের অন্ত নাই। আমাদের এধানে সকল দিকেই ঐ কামারেরই হইল জয়, আর সব-চেয়ে বিড়ম্বিত হইলেন বিধাতা, বিনি আমাদিগকে কর্মশক্তি দিয়াছেন, যিনি মাহুষ বলিয়া আমাদিগকে বৃদ্ধি দিয়া গৌরবাহিত করিয়াছেন।

বাঁহারা বলিতেছেন বেখানে যাহা আছে সমস্তই বজার থাক্, তাঁহারা সকলেই আমাদের প্রণম্য— কারণ, তাঁহাদের বয়স অক্সই হউক আর বেশিই হউক তাঁহারা সকলেই প্রবীণ। সংসারে তাঁহাদের প্রয়োজন আমরা অন্বীকার করি না। পৃথিবীতে এমন সমাজ নাই বেখানে তাঁহারা দও ধরিয়া বসিয়া নাই। কিন্তু বিধাতার বরে বে-সমাজ বাঁচিরা থাকিবে সে-সমাজে তাঁহাদের দওই চরম বলিয়া যান পায় না।

সেদিন একটি ক্ক্রছানাকে দেখা গেল, মাটির উপর দিয়া একটি কীট চলিতেছে দেখিয়া তাহার ভারি কোঁত্হল। সে তাহাকে ভাঁকিতে ভাঁকিতে তাহার অন্পর্মণ করিয়া চলিল। যেমনি পোকাটা একটু ধড়ফড় করিয়া উঠিতেছে অমনি ক্ক্রশাবক চমকিয়া পিছাইয়া আদিতেছে।

দেখা গেল তাহার মধ্যে নিষেধ এবং তাগিদ ছটা জিনিসই আছে। প্রাণের শাভাবিক প্রবৃত্তি এই যে, সমন্তকেই সে পরথ করিয়া দেখে। নৃতন নৃতন অভিজ্ঞতার পথ ধরিয়া সে আপনার অধিকার বিন্তার করিয়া চলিতে চায়। প্রাণ হঃসাহসিক—বিপদের ঠোকর থাইলেও সে আপনার জয়য়য়াত্রার পথ হইতে সম্পূর্ণ নিরন্ত হইতে চায় না। কিন্তু তাহার মধ্যে একটি প্রবীশও আছে, বাধার বিকট চেহারা দেখিবা মাত্রই সে বলে, কাজ কী। বহু পুরাতন মুগ হইতে পুরুষায়ক্রমে য়ত-কিছু বিপদের তাড়না আপনার ভয়ের সংবাদ রাথিয়া গিয়াছে তাহাকে পুঁথির আকারে বাঁধাইয়া রাথিয়া একটি বৃদ্ধ তাহারই থবরদারি করিতেছে। নবীন প্রাণ এবং প্রবীণ ভয়, জীবের মধ্যে উভয়েই কাল করিতেছে। ভয় বলিতেছে, 'রোসো রোসো', প্রাণ বলিতেছে, 'দেখাই যাক না'।

অতএব এই প্রবীণতার বিরুদ্ধে আমরা আপত্তি করিবার কে। আপত্তি করিও না। তাঁহার বৈঠকে তিনি গদিয়ান হইরা থাকিবেন, দেখান হইতে তাঁহাকে আমরা নজ্যি বিসতে বলি এমন বেন্দাদৰ আমরা নই। কিছু প্রাণের রাজ্যে তাঁহাকেই একেশ্বর করিবার যখন ষড়বন্ধ হয় তখনই বিস্রোহের ধ্বজা তুলিয়া বাহির হইবার দিন আদে। তুর্ভাবনা এবং নির্ভাবনা উভয়কেই আমরা খাতির করিয়া চলিতে রাজি আছি।

श्रीतित त्रांकाधिकाद्य धरे फेंडरवरे निविक परि किन्न फेंडरवर पर्म य म्यान

উড়িতে উড়িতে আকাশ হইতে পড়িয়া চুরমার হইরা মরিতেছে তাহাদের মধ্যে সেই হরন্ত অবিবেচনা কাজ করিতেছে। এমনি করিরাই একদিন বাহারা সমূল পার হইবার সাধনা করিতে করিতে হাজার হাজার জলে ভূবিয়া মরিয়াছে সেই অবিবেচনাই তাহাদিগকে তাড়া করিয়াছিল। সেই হুধর্ব অবিবেচনার উত্তেজনাতেই আজও মাহ্র্ম ভূবারদৈত্যের পাহারা এড়াইয়া কথনো উত্তর্মেক কথনো দক্ষিণমেকতে কেবলমাত্র দিখিলয় করিবার জন্তঃ ছুটিয়া চলিয়াছে। এমনি করিয়া মাহারা নিভাভ লক্ষীছাড়া তাহারাই লক্ষীকে হুর্গম অভঃপুর হইতে হরণ করিয়া আনিয়াছে।

এই তুঃসাহসিকের দল নিজের সমাজের মধ্যেও যে লন্ধীছেলে হইরা ঠাণ্ডা হইরা বিসিয়া আছে তাহা নহে। যাহা আছে তাহাই যে চূড়ান্ত এ কথা কোনোমতেই তাহাদের মন মানিতে চায় না। বিজ্ঞ মাহ্ম্যদের নিয়ত ধমকানি খাইয়াও এই অলান্তের দল জীব বেড়া ভাত্তিয়া পুরাতন বেড়া সরাইয়া কত উৎপাত করিতেছে তাহার ঠিকানা নাই। প্রাণের চাঞ্চল্য তাহাদের শ্বভাবতই প্রবল বলিয়াই, তাহাদের সাহেশের অন্ত নাই বলিয়াই, সেই বিপুল বেগেতেই তাহারা সমন্ত সীমাকে কেবলই ধান্ধা মারিয়া বেড়ায়। ইহা তাহাদের শ্বভাব। এমনি করিয়াই আবিষ্কৃত হইয়া পড়ে যেখানে সীমা দেখা যাইতেছিল বন্ধতই সেখানে সীমা নাই। ইহারা তৃঃথ পায়, তৃঃথ দেয়, মাহ্মকে অন্থির করিয়া তোলে এবং মরিবার বেলায় ইহারাই মরে। কিন্তু বাঁচিবার পথ ইহারাই বাহির করিয়া দেয়।

আমাদের দেশে সেই জন্মলন্ধীছাড়া কি নাই। নিশ্চরই আছে। কারণ তাহারাই যে প্রাণের স্বাভাবিক স্কান্ট, প্রাণ যে আপনার গরজেই তাহাদিগকে জন্ম দেয়। কিন্তু পৃথিবীতে যে-কোনো শক্তিই মাস্থ্যকে সম্পূর্ণ, আপনার তাঁবেদার করিতে চায় সে প্রাণের লীলাকেই সব-চেন্নে ভয় করে— সেই কারণেই আমাদের সমাজ ঐ-সকল প্রাণবছল ছরন্ত ছেলেকে শিশুকাল হইতে নানাপ্রকার শাসনে এমনই ঠাণ্ডা করিতে চায় যাহাতে তাহাদের ভালোমান্থিরি দেখিলে একেবারে চোথ জুড়াইয়া যায়। মানা, মানা, মানা; গুইতে বসিতে কেবলই তাহাদিগকে মানা মানিয়া চলিতে হইবে। যাহার কোনো কারণ নাই যুক্তি নাই তাহাকে মানাই যাহাদের নিয়ত অভ্যাস, মানিয়া চলা তাহাদের এমনি আশ্চর্য ছরন্ত হইয়া উঠে বে, বেখানে কাহাকেও মানিবার নাই সেখানে তাহারা চলিতেই পারে না। এইপ্রকার হতবৃদ্ধি হতোভ্যম মান্থ্যকে আপন ভর্জনিসংক্তেে ওঠ্বোস্ করানো সহল। আমাদের সমাজ সমাজের মান্থ্যগুলাকে লইরা এই প্রকারের একটা প্রকাণ্ড পুতুলবাজির কারখানা খ্লিয়াছে। তারে তারে জাগালমন্তক কেমন করিয়া বাঁধিয়াছে, কী আশ্চর্য তাহার কৌশল। ইহাকে বাহবা

দিতে হয় বটে। বিধাতাকে এমন সম্প্রতে হার মানানো, প্রাণীকে এমন কলের পুতুল করিয়া তোলা জগতে আর-কোধায় ঘটিয়াছে।

তবু হাজার হইলেও যাহাদের মধ্যে প্রাণের প্রাচুর্ব আছে তাহাদিগকে সকল দিক হইতে চাপিরা পিষিরাও তাহাদের তেজ একেবারে নই করা ষার না। এইজন্ত আর-কোনো কাজ না পাইরা সেই উত্তম সেই তেজ তাহারা সমাজের বেড়ি গড়িবার জন্তই প্রবলবেশে খাটাইতে থাকে। বভাবের বিক্কতি না ঘটলে যাহারা সর্বাথ্যে চলার পথে ছুটিত তাহারাই পথের মধ্যে প্রাচীর তুলিবার জন্ত সব-চেরে উৎসাহের সজে লাগিয়া থাকে। কাজ করিবার জন্তই তাহাদের জন্ম, কিন্তু কাজের ক্ষেত্র বন্ধ বলিয়া কাজ বন্ধ করিবার কাজেই তাহারা কোমর বাধিয়া উঠিয়া পড়িয়া লাগে।

ইহারা ক্সীস্থত কর্ণের মতো। পাগুবের দলে কর্ণের যথার্থ স্থান ছিল কিস্ক সেথানে অদৃষ্টক্রমে কোনো অধিকার না পাওয়াতে পাগুবদিগকে উচ্ছেদ করাই তাঁহার জীবনের ত্রত হইয়া উঠিয়াছিল। আমরা ঘাঁহাদের কথা বলিতেছি তাঁহারা অভাবতই চলিছ্, কিস্ক এ দেশে জন্মিয়া সে কথাটা তাঁহারা একেবারেই ভূলিয়া বসিয়াছেন— এইজন্ত ঘাঁহারা ঠিক তাঁহাদের একদলের লোক, তাঁহাদের সঙ্গেই অহরহ হাতাহাতি করিতে পারিলে ইহারা আর-কিছু চান না।

এই শ্রেণীর লোক আজকাল অনেক দেখা যায়। ইহারা তাল ঠুকিয়া বলেন, "খাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় রে," আক্ষেপ করিয়া বলেন, আমাদের প্রভূদের মানা আছে বলিয়াই আমরা পৌক্ষ দেখাইতে পারি না। অথচ সমাজের চোথে ঠুলি দিয়া তাহাকে সক্ষ মোটা হাজার বাঁধনে বাঁধিয়া মানার প্রকাণ্ড ঘানিতে জুড়িয়া একই চক্রপথে ঘ্রাইবার সব-চেয়ে বড়ো ওন্তান ইহারাই। বলেন, এ ঘানি সনাতন, ইহার পবিত্র শিশ্ব তৈলে প্রকৃপিত বায়ু একেবারে শাস্ত হইয়া যায়। ইহারা প্রচণ্ড তেজের সক্ষেই দেশের তেজ নির্ভির জন্মই লাগিয়াছেন; সমাজের মধ্যে কোধাও কিছু ব্যক্ততার লক্ষণ না দেখা দেয় সেজন্ম ইহারা ভয়ংকর ব্যক্ত।

কিন্ত পারিয়া উঠিবেন না। অন্থিরতার বিশ্বদ্ধে যে চাঞ্চ্যা ইহাদিগকে এমন অন্থির করিয়া তুলিয়াছে সেটা দেশের নাড়ীতে প্রবেশ করিয়াছে তাহার প্রমাণ তাঁহারা নিজেই। সকালবেলায় জাগিয়া উঠিয়া যদি কেহ কেহ ঘরে আলো আসিতেছে বলিয়া বিরক্ত হইয়া তুড়দাড় শব্দে ঘরের দরজাজানালাগুলো বন্ধ করিয়া দিতে চায় তবে নিশ্চম আবো অনেক লোক জাগিবে যাহায়া দয়জা খুলিয়া দিবার জন্ম উৎস্ক হইয়া উঠিবে। জাগরণের দিনে তৃই দলই জাগে এইটেই আমাদের সকলের চেয়ে আশার কথা।

বাহারা দেশকে ঠাণ্ডা করিয়া রাথিরাছিলেন তাঁহারা অনেকদিন একাধিপত্য করিয়াছেন। তাঁহাদের সেই একেশ্বর রাজন্বের কীর্তিগুলি চারি দিকেই দেখা যাইতেছে; তাহা লইয়া আলোচনা করিতে গেলেই রাগারাগি হইবার সম্ভাবনা আছে। কিছু দেশের নবযৌবনকে তাঁহারা আর নির্বাসিত করিয়া রাথিতে পারিবেন না। তাঁহারা চণ্ডীমণ্ডপে বসিয়া থাকুন, আর বাকি স্বাই পথে ঘাটে বাহির হইয়া পদ্ধুক। সেথানে তারুণ্যের জয় হউক। তাহার পায়ের তলায় জলল মরিয়া যাক, কাটা দলিয়া যাক, পথ খোলসা হোক, তাহার অবিবেচনার উদ্ধৃত বেগে অসাধ্যসাধন হইতে থাক্।

চলার পদ্ধতির মধ্যে অবিবেচনার বেগও দরকার, বিবেচনার সংযমও আবশুক; কিন্তু অবিবেচনার বেগও বন্ধ করিব আবার বিবেচনা করিতেও অধিকার দিব না—মাগ্রহকে বলিব, তুমি শক্তিও চালাইয়ো না, বৃদ্ধিও চালাইয়ো না, তুমি কেবলমাত্র ঘানি চালাও, এ বিধান কথনোই চিরদিন চলিবে না। যে-পথে চলাফেরা বন্ধ, সে-পথে ঘাস জন্মায় এবং ঘাসের মধ্যে নানা রঙের ফুলও ফোটে। সে ঘাস সে ফুল স্থানর এ কথা কেহই অস্বীকার করিবে না কিন্তু পথের সৌন্দর্য ঘাসেও নহে ফুলেও নহে, তাহা বাধাহীন বিচ্ছেদহীন বিস্তারে; তাহা ভ্রমরগুলনে নহে কিন্তু পথিকদলের অক্লান্ত পদধ্যনিতেই রমণীয়।

2023

## লোক্হিত

লোকসাধারণ বলিয়া একটা পদার্থ আমাদের দেশে আছে এটা আমরা কিছুদিন হইতে আন্দান্ত করিতেছি এবং এই লোকসাধারণের জন্ত কিছু করা উচিত হঠাৎ এই ভাবনা আমাদের মাধার চাপিয়াছে। য়াদৃশী ভাবনা যস্ত সিদ্ধির্ভবতি তাদৃশী। এই কারণে, ভাবনার জন্তই ভাবনা হয়।

আমরা পরের উপকার করিব মনে করিলেই উপকার করিতে পারি না। উপকার করিবার অধিকার থাকা চাই। যে বড়ো সে ছোটোর অপকার অতি সহজে করিতে পারে কিন্ত ছোটোর উপকার করিতে হইলে কেবল বড়ো হইলে চলিবে না, ছোটো হইতে হইবে, ছোটোর সমান হইতে হইবে। মাছ্মম কোনোদিন কোনো ষথার্থ হিতকে ভিকারণে গ্রহণ করিবে না, ঋণরণেও না, কেবলমাত্র প্রাণ্য বলিয়াই গ্রহণ করিতে পারিবে। কিছ আমরা লোকহিতের জন্ম যখন মাতি তথন অনেক স্থলে সেই মন্ততার মূলে একটি আত্মাভিমানের মদ থাকে। আমরা লোকসাধারণের চেয়ে সকল বিষয়ে বড়ো এই কথাটাই রাজকীয় চালে সস্তোগ করিবার উপায় উহাদের হিত করিবার আয়োজন। এমন স্থলে উহাদেরও অহিত করি, নিজেদেরও হিত করি না।

হিত করিবার একটিমাত্র ঈশ্বরদন্ত অধিকার আছে, সেটি প্রীতি। প্রীতির দানে কোনো অপমান নাই কিন্তু হিতৈবিতার দানে মাহ্ন্য অপমানিত হয়। মাহ্ন্যকে সকলের চেয়ে নত করিবার উপায় তাহার হিত করা অথচ তাহাকে প্রীতি না-করা।

এ কথা অনেক সময়েই শোনা যায় যে, মাহ্য স্বভাবতই অক্কৃতজ্ঞ— যাহার কাছে সে ঋণী তাহাকে পরিহার করিবার জন্ত তাহার চেষ্টা। মহাজনো যেন গতঃ স পদ্বাঃ— এ উপদেশ পারতপক্ষে কেহ মানে না। তাহার মহাজনটি যে-রাস্তা দিয়া চলে মাহ্য সে-রাস্তায় চলা একেবারে ছাড়িয়া দেয়।

ইহার কারণ এ নয় য়ে, স্বভাবতই মায়্রের মনটা বিক্বত। ইহার কারণ এই য়ে,
মহাজনকে স্থান দিতে হয়। সে-স্থান আসলকে ছাড়াইয়া য়ায়। হিতৈষী য়ে স্থানট
আদায় করে সেটি মায়্রের আত্মসন্মান; সেটিও লইবে আবার ক্বতজ্ঞতাও দাবি
করিবে সে য়ে শাইলকের বাড়া হইল।

সেইজন্ত, লোকহিত করায় লোকের বিপদ আছে সে কথা ভূলিলে চলিবে না। লোকের সঙ্গে আপনাকে পৃথক রাথিয়া যদি তাহার হিত করিতে যাই তবে সেই উপদ্রব লোকে সন্থ না করিলেই তাহাদের হিত হইবে।

অক্সদিন হইল এ সম্বন্ধে আমাদের একটা শিক্ষা হইয়া গেছে। যে কারণেই হউক যেদিন স্বদেশী নিমকের প্রতি হঠাৎ আমাদের অত্যস্ত একটা টান হইয়াছিল সেদিন আমরা দেশের মৃসলমানদের কিছু অস্বাভাবিক উচ্চস্বরেই আত্মীয় বলিয়া ভাই বলিয়া ভাকাডাকি শুক্ষ করিয়াছিলাম।

সেই স্নেহের ভাকে যখন তাহারা অশ্রণদগদ কণ্ঠে সাড়া দিল না তখন আমরা তাহাদের উপর ভারি রাগ করিয়াছিলাম। ভাবিয়াছিলাম এটা নিতান্তই ওদের শরতানি। একদিনের জন্তও ভাবি নাই আমাদের ভাকের মধ্যে গরজ ছিল কিন্তু সভ্য ছিল না। মান্ত্রের সব্দে মান্ত্রের যে একটা সাধারণ সামাজিকতা আছে, যে সামাজিকতার টানে আমরা সহল প্রীতির বলে মান্ত্র্যকে ঘরে ভাকিয়া আনি, তাহার সক্ষে বিরা থাই, যদি-বা তাহার সঙ্গে আমাদের পার্থক্য থাকে সেটাকে অত্যক্ত স্পষ্ট করিয়া দেখিতে দিই না— সেই নিতান্ত সাধারণ সামাজিকতার ক্ষেত্রে যাহাকে আমরা ভাই বলিয়া আপন বলিয়া মানিতে না পারি— দারে পড়িয়া রায়ীয় ক্ষেত্রে ভাই বলিয়া

ষখোচিত সভৰ্ষতার সহিত তাহাকে বৃকে টানিবার নাট্যভন্ধী করিলে সেটা ক্থনোই সমল হইতে পারে না।

এক মান্তবের দক্ষে আর-এক মান্তবের, এক দম্প্রদায়ের দক্ষে আর-এক দম্প্রদায়ের তা পার্থক্য থাকেই, কিন্তু সাধারণ সামাজিকতার কাজই এই— সেই পার্থক্যটাকে রুচ্ডাবে প্রত্যক্ষণোচর না করা। ধনী-দরিকে পার্থক্য আছে, কিন্তু দরিদ্র তাহার ঘরে আসিলে ধনী যদি সেই পার্থক্যটাকে চাপা না দিয়া সেইটেকেই অত্যুগ্র করিয়া তোলে তবে আর যাই হউক দায়ে ঠেকিলে সেই দরিদ্রের ব্কের উপর ঝাঁপাইয়া পড়িয়া অশ্রবর্ষণ করিতে যাওয়া ধনীর পক্ষে না হয় সত্য, না হয় শোভন।

হিন্দুস্গলমানের পার্থক্টাকে আমাদের সমাজে আমরা এতই ক্লীভাবে বেআজ করিয়া রাখিয়াছি বে, কিছুকাল পূর্বে খদেশী অভিযানের দিনে একজন হিন্দু অদেশী-প্রচারক এক মাল জল থাইবেন বলিয়া তাঁহার মুসলমান সহযোগীকে দাওয়া হইতে নামিয়া যাইতে বলিতে কিছুমাত্র সংকোচ বোধ করেন নাই। কাজের ক্ষেত্রে প্রতিযোগিতার বলে মাহ্র্য মাহ্র্যকে ঠেলিয়া রাথে, অপমানও করে— তাহাতে বিশেষ ক্ষতি হয় না। কৃষ্টির সময়ে কৃষ্টিগিরদের গায়ে পরস্পরের পা ঠেকে তাহার হিসাব কেহ জমাইয়া রাথে না, কিন্তু সামাজিকতার হুলে কথায় কথায় কাহারও গায়ে পা ঠেকাইতে থাকিলে তাহা ভোলা শক্ত হয়। আমরা বিহ্যালয়ে ও আপিলে প্রতিযোগিতার ভিডে মুসলমানকে জারের সঙ্গে ঠেলা দিয়াছি; সেটা সম্পূর্ণ প্রীতিকর নহে তাহা মানি; তবু সেখানকার ঠেলাঠেলিটা গায়ে লাগিতে পারে, হৃদয়ে লাগে না। কিন্তু সমাজের অপমানটা গায়ে লাগে না, হৃদয়ে লাগে। কারণ, সমাজের উদ্দেশ্যই এই যে, পরস্পরের পার্থক্যের উপর হুশোভন সামঞ্জন্তের আন্তরণ বিছাইয়া দেওয়া।

বঙ্গবিচ্ছেদ-ব্যাপারটা আমাদের অন্নপ্তে হাত দেয় নাই, আমাদের হ্রদয়ে আঘাত করিয়াছিল। সেই হৃদয়টা ষ্ডদ্র পর্যন্ত অখণ্ড ততদ্র পর্যন্ত তাহার বেদনা অপরিচ্ছিন্ন বাংলার মুসলমান বে এই বেদনায় আমাদের সঙ্গে এক হয় নাই তাহার কারণ তাহাদের সঙ্গে আমরা কোনোদিন হৃদয়কে এক হইতে দিই নাই।

সংশ্বত ভাষার একটা কথা আছে, ববে যথন আগুন লাগিয়াছে তথন কৃপ খুঁড়িতে যাওৱার আরোজন বৃথা। বলবিচ্ছেদের দিনে হঠাৎ যথন মুসলমানকে আমাদের দলে টানিবার প্রয়োজন হইল তথন আমরা সেই কৃপ-খননেরও চেষ্টা করি নাই— আমরা মনে করিয়াছিলাম, মাটির উপরে ঘটি ঠুকিলেই জল আপনি উঠিবে। জল যখন উঠিল না কেবল খুলাই উড়িল তথন আমাদের বিশ্বরের দীমাপরিদীমা রহিল না। আজ

পর্বস্থ সেই কৃপধননের কথা ভূলিয়া আছি। আরও বার বার মাটিতে ঘটি ঠুকিতে হইবে, সেই সঙ্গে দে ঘট আপনার কণালে ঠুকিব।

লোকসাধারণের সহজেও আমাদের ভত্রসম্প্রদায়ের ঠিক ঐ অবস্থা। তাহাদিগকে সর্বপ্রকারে অপমানিত করা আমাদের চিরদিনের অভ্যাস। যদি নিজেদের হৃদয়ের দিকে তাকাই তবে এ কথা স্থীকার করিতেই হইবে বে, ভারতবর্ষকে আমরা ভত্রলোকের ভারতবর্ষ বলিয়াই জানি। বাংলাদেশে নিয়শ্রেণীর মধ্যে মুসলমানদের সংখ্যা যে বাড়িয়া গিয়াছে তাহার একমাত্র কারণ হিন্দু ভত্রসমাজ এই শ্রেণীয়দিগকে হৃদয়ের সহিত আপন বলিয়া টানিয়া রাথে নাই।

আমাদের দেই মনের ভাবের কোনো পরিবর্তন হইল না অথচ এই শ্রেণীর হিত-সাধনের কথা আমরা ক্ষিয়া আলোচনা করিতে আরম্ভ করিরাছি। তাই এ কথা শ্ররণ করিবার সময় আদিয়াছে বে, আমরা যাহাদিগকে দূরে রাখিয়া অপমান করি তাহাদের মঙ্গলসাধনের সমারোহ করিয়া সেই অপমানের মাতা বাড়াইয়া কোনো ফল নাই।

একদিন যথন আমরা দেশহিতের ধবজা সইয়া বাহির হইয়াছিলাম তথন তাহার
মধ্যে দেশের অংশটা প্রায় কিছুই ছিল না, হিতের অভিমানটাই বড়ো ছিল। দেদিন
আমরা মুরোপের নকলে দেশহিত শুক্ষ করিয়াছিলাম, অস্করের একান্ত তাগিদে নয়।
আজও আমরা লোকহিতের জভ যে উৎস্কক হইয়া উঠিয়াছি তাহার মধ্যে অনেকটা
নকল আছে। সম্প্রতি মুরোপে লোকসাধারণ সেখানকার রাষ্ট্রীয় রক্জুমিতে প্রধাননামকের সাজে দেখা দিয়াছে। আমরা দর্শকরূপে এত দূরে আছি যে, আমরা তাহার
হাত-পা নাড়া যতটা দেখি তাহার বাণীটা সে পরিমাণে শুনিতে পাই না। এইজভাই
নকল করিবার সময় ঐ অক্সভালীটাই আমাদের একমাত্র, সম্বল হইয়া উঠে।

কিছ সেধানে কাণ্ডটা কী হইতেছে সেটা জানা চাই।

যুরোপে বাহারা একদিন বিশিষ্টসাধারণ বলিয়া গণ্য হইভ তাহারা দেখানকার ক্ষত্রিয় ছিল। তখন কাটাকাটি মারামারির অন্ত ছিল না। তখন বুরোপের প্রবণ বহিঃশক্র ছিল মৃসলমান; আর ভিতরে ছোটো ছোটো রাজ্যগুলা পরস্পরের গায়ের উপর পড়িয়া কেবলই মাধা ঠোকাঠুকি করিত। তখন ছঃসাহসিকের দল চারি দিকে আপনার ভাগ্য পরীক্ষা করিয়া বেড়াইত— কোপাও শান্তি ছিল না।

সে সময়ে সেখানকার ক্ষত্রিরেরাই ছিল দেশের রক্ষক। তথন তাহাদের প্রাধান্ত স্বাজাবিক ছিল। তথন লোকসাধারণের সঙ্গে তাহাদের বে সম্বন্ধ ছিল সেটা ক্লতিম নহে। তাহারা ছিল রক্ষাকর্তা এবং শাসনকর্তা। লোকসাধারণে ভাহাদিগকে স্বভাবতই আপনাদের উপরিবর্তী বলিয়া মানিয়া লইত। তাহার পরে ক্রমে অবস্থার পরিবর্তন হইয়াছে। এখন মুরোপে রাজ্ঞার জারগাটা রাইতন্ত্র দথল করিতেছে, এখন লড়াইয়ের চেয়ে নীতিকৌশল প্রধান হইয়া উঠিয়াছে। মুদ্ধের আয়োজন পূর্বের চেয়ে বাড়িয়াছে বই কমে নাই কিন্তু এখন যোজার চেয়ে মুদ্ধবিভা বড়ো; এখন বীর্ষের আসনে বিজ্ঞানের অভিষেক হইয়াছে। কাজেই মুরোপে সাবেককালের ক্ষত্রিয়বংশীয়েরা এবং সেই সকল ক্ষত্রিয়-উপাধিধারীয়া যদিও এখনো আপনাদের আভিজাত্যের গৌরব করিয়া থাকে তবুলোকসাধারণের সঙ্গে তাহাদের স্বাভাবিক সম্বন্ধ ঘুচিয়া গেছে। তাই রাষ্ট্রচালনার কালে তাহাদের আধিপত্য কমিয়া আসিলেও সেটাকে জাগাইয়া তুলিবার জাের তাহাদের নাই।

া শক্তির ধারাটা এখন ক্ষত্রিয়কে ছাড়িয়া বৈশ্রের কূলে বহিতেছে। লোকসাধারণের কাঁথের উপরে তাহারা চাপিয়া বসিয়াছে। মাহুষকে সইয়া তাহারা আপনার ব্যবসায়ের যন্ত্র বানাইতেছে। মাহুষের পেটের জ্ঞালাই তাহাদের কলের স্টীম উৎপন্ন করে।

পূর্বকালের ক্ষত্রিরনায়কের সব্দে মাহ্যবের যে-সম্বন্ধ ছিল সেটা ছিল মানবসম্বন্ধ। তঃখ কট্ট অত্যাচার যতই থাক, তবু পরস্পারের মধ্যে হৃদয়ের আদানপ্রদানের পথ ছিল। এখন বৈশ্য মহাজনদের সব্দে মাহ্যবের সম্বন্ধ যান্ত্রিক। কর্মপ্রণালী নামক প্রকাণ্ড একটা জাতা মাহ্যবের আর-সমন্তই গুঁড়া করিয়া দিয়া কেবল মজুরটুকুমাত্র বাকি রাখিবার চেটা করিতেছে।

ধনের ধর্মই অসাম্য। জ্ঞান ধর্ম কলাসৌন্দর্য পাঁচজনের দক্ষে ভাগ করিলে বাড়ে বই কমে না, কিন্তু ধন জিনিসটাকে পাঁচজনের কাছ হইতে শোষণ করিয়া সইয়া পাঁচজনের হাত হইতে তাহাকে রক্ষা না করিলে সে টে কে না। এইজ্ঞা ধনকামী নিজের গরকে দারিত্যে স্পষ্ট করিয়া থাকে।

তাই ধনের বৈষম্য লইয়া যখন সমাজে পার্থক্য ঘটে তথন ধনীর দল দেই পার্থক্যকে সম্লে ঘুচাইতে ইচ্ছা করে না, অথচ সেই পার্থক্যটা যখন বিপদজনক হইয়া উঠে তখন বিপদটাকে কোনোমতে ঠেকো দিয়া ঠেকাইয়া রাখিতে চায়।

তাই ও দেশে শ্রমজীবীর দল যতই গুমরিয়া গুমরিয়া উঠিতেছে ততই তাহাদিগকে ক্ষার অন্ন না দিয়া ঘূম-পাড়াইবার গান গাওয়া হইতেছে; তাহাদিগকে জন্মন্ধ এটা-ওটা দিয়া কোনোমতে ভূলাইয়া রাখিবার চেটা। কেহ বলে উহাদের বাসা একটু ভালো করিয়া দাও, কেহ বলে যাহাতে উহারা হু চামচ ক্ষপ খাইয়া কাজে যাইতে পারে তাহার বন্দোবত্ত করো, কেহ-বা তাহাদের বাড়িতে গিয়া মিইমুথে কুশল জিক্ষাসা করে, শীতের দিনে কেহ-বা আপন উদ্ভ গরম কাপড়টা তাহাদিগকে পাঠাইয়া দেয়।

থামনি করিয়া ধনের প্রকাণ্ড জালের মধ্যে আটকা পড়িরা লোকসাধারণ ছটকট করিয়া উঠিয়াছে। ধনের চাপটা যদি এত জোরের সঙ্গে তাছাদের উপর না পড়িত তবে তাছারা জমাট বাঁধিত না— এবং তাছারা যে, কেছ-বা কিছু তাছা কাছারও ধবরে আসিত না। এখন ওদেশে লোকসাধারণ কেবল সেলস্-রিপোর্টের তালিকাভ্জে নহে; সে একটা শক্তি। সে আর ভিক্ষা করে না, দাবি করে। এইজন্ম তাছার কথা দেশের লোকে আর ভূলিতে পারিতেছে না; সকলকে সে বিষম ভাবাইয়া তুলিয়াছে।

এই লইয়া পশ্চিমদেশে নিয়ত যে-সব আলোচনা চলিতেছে আমরা তাহাদের কাগজে পত্তে তাহা সর্বদাই পড়িতে পাই। ইহাতে হঠাৎ এক-এক্বার আমাদের ধর্মবৃদ্ধি চমক ধাইয়া উঠে। বলে, তবে তো আমাদেরও ঠিক এই রকম আলোচনা কর্তব্য।

ভূলিয়া যাই ওদেশে কেবলমাত্র আলোচনার নেশায় আলোচনা নহে, তাহা নিতাস্কই প্রাণের দায়ে। এই আলোচনার পশ্চাতে নানা বোঝাপড়া, নানা উপায়-অবেষণ আছে। কারণ সেধানে শক্তির সঙ্গে শক্তির লড়াই চলিতেছে— যাহারা অক্ষমকে অঞ্গ্রহ করিয়া চিত্তবিনোদন ও অবকাশযাপন করিতে চায় এ তাহাদের সেই বিলাসকলা নহে।

আমাদের দেশে লোকসাধারণ এখনো নিজেকে লোক বলিয়া জানে না, সেইজ্জ্ঞ জানান দিতেও পারে না। আমরা তাহাদিগকে ইংরেজি বই পড়িয়া জানিব এবং অন্থগ্রহ করিয়া জানিব, সে জানায় তাহারা কোনো জোর পায় না, ফলও পায় না। তাহাদের নিজের অভাব ও বেদনা তাহাদের নিজের কাছে বিচ্ছিন্ন ও ব্যক্তিগত। তাহাদের একলার হুঃখ যে একটি বিরাট হুঃখের অন্তর্গত এইটি জানিতে পারিলে তবে তাহাদের তুঃখ সমস্ত সমাজের পক্ষে একটি সমস্তা হইয়া দাঁড়াইত। তথন সমাজ, দয়া করিয়া নহে, নিজের গরজে সেই সমস্তার মীমাংসায় লাগিয়া ঘাইত। পরের ভাবনা ভাবা তখনই সত্য হয়, পর যখন আমাদিগকে ভাবাইয়া তোলে। অনুগ্রহ করিয়া ভাবিতে গেলে কথায় কথায় অন্তমনন্ধ হইতে হয় এবং ভাবনাটা নিজের দিকেই বেশি করিয়া ঝোঁকে।

দাহিত্য সহক্ষেও এই কথা খাটে। আমরা যদি আপনার উচ্চতার অভিমানে পুলকিত হইয়া মনে করি যে, ঐ-সব সাধারণ লোকদের জন্ত আমরা লোকসাহিত্য স্পষ্ট করিব তবে এমন জিনিসের আমদানি করিব যাহাকে বিদায় করিবার জন্ত দেশে ভাঙা কুলা তুর্মৃল্য হইয়। উঠিবে। ইহা আমাদের ক্ষমতায় নাই। আমরা বেমন শন্ত মাগুৰের ছইয়া থাইতে পারি না. তেমনি আমরা শ্বন্ত মাগুৰের হইয়া বাঁচিতে পারি না। সাহিত্য জীবনের বাভাবিক প্রকাশ, তাহা তো প্রয়োজনের প্রকাশ নহে। চিরদিনই লোকসাহিত্য লোক আপনি স্বান্ত করিয়া আসিয়াছে। দয়ালু বাবৃদের উপর বরাত দিয়া সে আমাদের কলেজের দোতলার ঘরের দিকে হাঁ করিয়া তাকাইয়া বসিরা নাই। সকল সাহিত্যেরই যেমন এই লোকসাহিত্যেরও সেই দশা অর্থাৎ ইহাতে ভালো মন্দ মাঝারি সকল জাতেরই জিনিস আছে। ইহার বাহা ভালো তাহা অপরুপ ভালো— লগতের কোনো রসিকসভায় তাহার কিছুমাত্র লক্ষা পাইবার কারণ নাই। শত্রুর দয়ার তাগিদে আমাদের কলেজের কোনো ডিগ্রিধারীকেই লোকসাহিত্যের মুক্ষবিয়ানা করা সাঞ্জিবে না। স্বয়ং বিধাতাও অহগ্রহের জোরে জগৎ স্বন্তি করিতে পারেন না. তিনি অহেতুক আনন্দের লোরেই এই বাহা কিছু রচিয়াছেন। যেথানেই হেতু আসিয়া মুক্ষবি হইয়া বদে সেইখানেই স্বন্তি মাটি হয়। এবং যেথানেই অর্থ্রহ আসিয়া স্ক্রবি হইয়া বদে সেইখানেই স্বন্তি মাটি হয়। এবং যেথানেই অর্থ্রহ আসিয়া সকলের চেয়ে বড়ো আসনটা লয় সেইখান হইতেই কল্যাণ বিদায় গ্রহণ করে।

আমাদের ভদ্রদমান্ধ আরামে আছে কেননা আমাদের লোকসাধারণ নিজেকে বোঝে নাই। এইজপ্তই জমিদার তাহাদিগকে মারিতেছে, মহাজন তাহাদিগকে ধরিতেছে, মনিব তাহাদিগকে গালি দিতেছে, পুলিস তাহাদিগকে শুবিতেছে, গুলস তাহাদের গাঁট কাটিতেছে, গুলস তাহাদের মাথায় হাত বুলাইতেছে, মোক্তার তাহাদের গাঁট কাটিতেছে, আর তাহারা কেবল সেই অদৃষ্টের নামে নালিশ করিতেছে যাহার নামে সমন-জারি করিবার জো নাই। আমরা বড়োজোর ধর্মের দোহাই দিয়া জমিদারকে বলি তোমার কর্তব্য করো, মহাজনকে বলি তোমার হৃদ কমাও, পুলিসকে বলি তুমি অস্তায় করিয়ো না— এমন করিয়া নিতান্ত তুর্বলভাবে কতদিন কতদিক ঠেকাইব। চালুনিতে করিয়া জল আনাইব আর বাহককে বলিব যতটা পারো তোমার হাত দিয়া ছিন্তু সামলাও— দে হয় না; তাহাতে কোনো এক সময়ে এক মুহুর্তের কাজ চলে কিন্তু চিরকালের এ ব্যবস্থা নয়। সমাজে দ্যার চেয়ে দায়ের জোর বেশি।

অতএব দব-প্রথমে দরকার, লোকেরা আপনাদের পরস্পরের মধ্যে যাহাতে একটা যোগ দেখিতে পার। অর্থাৎ তাহাদের পরস্পরের মধ্যে একটা রাজা থাকা চাই। দেটা যদি রাজ্পথ না হয় তো অন্তত গলিরাতা হওয়া চাই।

লেখাপড়া শেখাই এই রাস্তা। যদি বলি ক্ষানশিক্ষা, তাহা হইলে তর্ক উঠিবে,
আমাদের চাষাভূষারা যাত্রার দল ও কথকঠাকুরের ক্লপায় ক্ষানশিক্ষায় সকল দেশের
অঞ্জগণ্য। যদি বলি উচ্চশিক্ষা, তাহা হইলে ভদ্রসমাজে খুব একটা উচ্চছাক্ত উঠিবে—
সেটাও সহিতে পারিভায় যদি আন্ত এই প্রস্তাবটার কোনো উপযোগিতা থাকিত।

আমি কিছু সব-চেয়ে কম করিয়াই বলিতেছি, কেবলমাত্র লিখিতে পড়িতে শেখা।
তাহা কিছু লাভ নহে তাহা কেবলমাত্র রাত্তা— সেও পাড়াগাঁরের মেটে রাজা।
আপাতত এই যথেষ্ট, কেননা এই রাত্তাটা না হইলেই মাহ্নয় আপনার কোণে আপনি
বন্ধ হইয়া থাকে। তখন তাহাকে যাত্রা-কথকতার যোগে সাংখ্য যোগ বেদান্ত পুরাণ
ইতিহাস সমন্তই শুনাইয়া যাইতে পার, তাহার আভিনায় হরিনামসংকীর্তনেরও ধুম
পড়িতে পারে কিছু এ কথা তাহার স্পষ্ট বৃঝিবার উপায় থাকে না যে, সে একা নহে,
তাহার যোগ কেবলমাত্র অধ্যাত্যযোগ নহে, একটা বৃহৎ লৌকিক যোগ।

দূরের সংক্র নিকটের, অন্থপন্থিতের সংক্র উপন্থিতের সম্বন্ধপর্থটা সমন্ত দেশের মধ্যে অবাধে বিস্তীর্ণ হইলে তবেই তো দেশের অন্তবশক্তিটা ব্যাপ্ত হইয়া উঠিবে। মনের চলাচল বতথানি, মান্তব ততথানি বড়ো। মান্তবকে শক্তি দিতে হইলে মান্তবকে বিস্তৃত করা চাই।

তাই আমি এই বলি, লিখিতে পড়িতে শিখিয়া মান্ত্ৰ কী শিখিবে ও কতখানি শিখিবে দেটা পরের কথা, কিন্তু দে বে অন্তের কথা আপনি শুনিবে ও আপনার কথা অন্তকে শোনাইবে, এমনি করিয়া দে যে আপনার মধ্যে বৃহৎ মান্ত্ৰকে ও বৃহৎ মান্ত্ৰের মধ্যে আপনাকে পাইবে, তাহার চেতনার অধিকার যে চারি দিকে প্রশস্ত হইয়া যাইবে এইটেই গোড়াকার কথা।

যুরোপে লোকসাধারণ আব্দ যে এক হইয়া উঠিবার শক্তি পাইয়াছে তাহার কারণ এ নয় যে তাহারা দকলেই পরম পণ্ডিত হইয়া উঠিয়াছে। হয়তো আমাদের দেশাভিমানীরা প্রমাণ করিয়া দিতে পারেন যে পরাবিক্তা বলিতে যাহা বুঝায় তাহা আমাদের দেশের সাধারণ লোকে তাহাদের চেয়ে বেশি বোঝে, কিন্তু ইহাতে কোনো দন্দেহ নাই যে যুরোপের সাধারণ লোকে লিথিতে পড়িতে শিথিয়া পরস্পারের কাছে পৌছিবার উপায় পাইয়াছে, হদয়ে হদয়ে গতিবিধির একটা মন্ত বাধা দূর হইয়া গেছে। এ কথা নিশ্চিত সত্য যে, যুরোপে লোকশিক্ষা আপাতত অগভীর হইলেও তাহা যদি ব্যাপ্ত না হইত তবে আব্দ দেখানে লোকসাধারণ নামক যে সত্তা আপনার শক্তির গৌরবে লাগিয়া উঠিয়া আপন প্রাপ্য দাবি করিতেছে তাহাকে দেখা যাইত না। তাহা হইলে যে গরিব সে ক্ষণে ক্ষণে ধনীর প্রসাদ পাইয়া ক্ষতার্থ হইত, যে ভূত্য দে মনিবের পায়ের কাছে মাখা রাধিয়া পড়িয়া থাকিত এবং যে মন্ত্রে দে মহাজনের লাভের উচ্ছিট্টকণামাত্র ধাইয়া ক্ষ্যাদগ্ধ পেটের একটা কোণমাত্র ভরাইত।

লোকহিতৈষীরা বলিবেন, আমরা তো সেই কান্সেই লাগিরাছি— আমরা তো নাইট স্থল খুলিরাছি। কিন্তু ডিক্লার বারা কেহ কথনো সমৃতি লাভ করিতে পারে না। আমরা ভদ্রলোকেরা যে শিকা লাভ করিতেছি দেটাতে আমাদের অধিকার আছে বলিরা আমরা অভিমান করি— দেটা আমাদিগকে দান করা অন্থ্যহ করা নর, কিন্তু দেটা হইতে বঞ্চিত করা আমাদের প্রতি অক্তার করা। এইজন্ম আমাদের প্রতি অক্তার করা। এইজন্ম আমাদের শিকাব্যবস্থার কোনো থবঁতা ঘটিলে আমরা উত্তেজিত হইরা উঠি। আমরা মাধা ত্লির। শিকা দাবি করি। সেই দাবি ঠিক গায়ের জোরের নহে, তাহা ধর্মের জোরের। কিন্তু লোকসাধারণেরও সেই জোরের দাবি আছে; যতদিন তাহাদের শেকার ব্যবস্থানা হইতেছে ততদিন তাহাদের প্রতি অক্তার জমা হইরা উঠিতেছে এবং সেই অক্তারের কল আমরা প্রত্যেকে ভোগ করিতেছি এ কথা যতক্রণ পর্যন্ত আমরা স্বীকার না করিব ততক্রণ দ্যা করিয়া তাহাদের জন্ম এক-আধটা নাইট স্কুল খুলিরা কিছুই হইবে না। সকলের গোড়ায় দরকার লোকসাধারণকে লোক বলিয়া নিশ্চিতরূপে গণ্য করা।

কিন্তু সমস্তাটা এই যে, দয়া করিয়া গণ্য করাটা টে কে না। তাহারা শক্তি লাভ করিয়া যেদিন গণ্য করাইবে দেইদিনই সমস্তার মীমাংসা হইবে। দেই শক্তি যে তাহাদের নাই তাহার কারণ তাহারা অজ্ঞতার দ্বারা বিচ্ছিন্ন। রাষ্ট্রব্যবস্থা যদি তাহাদের মনের রাস্তা তাহাদের যোগের রাস্তা খুলিয়া না দেয় তবে দয়ালু লোকের নাইট স্কুল খোলা অশ্রবর্ধণ করিয়া অগ্রিদাহ নিবারণের চেটার মতো হইবে। কারণ, এই লিখিতে পড়িতে শেখা তথনই যথার্থ ভাবে কান্তে লাগিবে যথন তাহা দেশের মধ্যে সর্বব্যাপী হইবে। সোনার আঙটি কড়ে আঙ্লের মাপে হইলেও চলে কিন্তু একটা কাপড় দেই মাপের হইলে তাহা ঠাট্টার পক্ষেও নেহাৎ ছোটো হয়— দেহটাকে এক-আবরণে আর্ত্র করিতে পারিলেই তবে তাহা কান্তে দেখে। সামান্ত লিখিতে পড়িতে শেখা ত্ইচারন্ধনের মধ্যে বন্ধ হইলে তাহা দামী জিনিস হয় না, কিন্তু সাধারণের মধ্যে বা্ধ হইলে তাহা দেশের লক্ষ্মা রক্ষা করিতে পারে।

পূর্বেই বলিয়াছি শক্তির দক্ষে শক্তির বোঝাপড়া হইলে তবেই সেটা সত্যকার কারবার হয়। এই সত্যকার কারবারে উভর পক্ষেরই মঙ্গল। য়ুরোপে শ্রমজীবীরা ষেমনি বলির্চ হইয়াছে অমনি সেধানকার বণিকরা জবাবদিহির দায়ে পড়িয়াছে। ইহাতেই ছই পক্ষের সম্বন্ধ সত্য হইয়া উঠিবে— অর্ধাৎ মেটা বরাবর সহিবে সেইটেই দাড়াইয়া ঘাইবে, সেইটেই উভয়েরই পক্ষে কল্যাণের। স্ত্রীলোককে সাধনী রাখিবার জন্ম পূক্রব সমন্ত সামাজিক শক্তিকে তাহার বিক্লমে খাড়া করিয়া রাখিয়াছে— তাই স্থীলোকের কাছে পূক্রবের কোনো জবাবদিহি নাই— ইহাতেই স্ত্রীলোকের সহিত সম্বন্ধ পূক্রব সম্পূর্ণ কাপুক্রব হইয়া দাঁড়াইয়াছে; স্ত্রীলোকের চেয়ে ইহাতে পূক্রবের ক্ষতি

আনেক বেশি। কারণ তুর্বলের সলে ব্যবহার করার মতো এমন তুর্গতিকর আর-কিছুই নাই। আমাদের সমাজ লোকসাধারণকে যে শক্তিহীন করিয়া রাখিয়াছে এইখানেই সে নিজের শক্তিকে অপহরণ করিতেছে। পরের অল্প কাড়িয়া লইলে নিজের অল্প নির্ভিয়ে উচ্চুম্খল হইয়া উঠে— এইখানেই মাহুষের পতন।

আমাদের দেশের জনসাধারণ আজ জমিদারের, মহাজনের, রাজপুরুষের, মোটের উপর সমস্ত ভদ্রসাধারণের দয়ার অপেকা রাখিতেছে, ইহাতে তাহারা ভদ্রসাধারণেকে নামাইয়া দিয়াছে। আমরা ভৃত্যকে অনায়াসে মারিতে পারি, প্রজাকে অনায়াসে অতিষ্ঠ করিতে পারি, গরিব মূর্থকে অনায়াসে ঠকাইতে পারি; নিয়তনদের সহিত জায়ব্যবহার করা, মানহীনদের সহিত শিষ্টাচার করা নিতান্তই আমাদের ইচ্ছার পরে নির্ভর করে, অপর পক্ষের শক্তির 'পরে নহে, এই নিরস্তর সংকট হইতে নিজেদের বাচাইবার জন্মই আমাদের দরকার হইয়াছে নিয়শ্রেণীয়দের শক্তিশালী করা। সেই শক্তি দিতে গেলেই তাহাদের হাতে এমন একটি উপায় দিতে হইবে য়াহাতে ক্রমে তাহারা পরস্পর স্থিলিত হইতে পারে— সেই উপায়টিই তাহাদের সকলকেই লিখিতে প্রতিত শেখানো।

2052

## नंज़ारदात मृन

অগ্রহায়ণের সব্জপত্তে সম্পাদক বর্তমান যুদ্ধ সম্বন্ধে যে কয়টি কথা বলিয়াছেন তাহা পাকা কথা, স্থতরাং তাহাতে শাসও আছে রসও আছে। ইহার উপরে আর-বেশি কিছু বলিবার দরকার নাই— সেই ভরসাতেই লিখিতে বদিলাম।

সম্পাদক বেশ করিয়া বুঝাইয়া দিয়াছেন, এবারকার যে লড়াই তাহা সৈনিকে বণিকে লড়াই, করিয়ে বৈশ্রে। পৃথিবীতে চিরকালই পুণাজীবীর 'পরে অস্ত্রধারীর একটা স্বাভাবিক অবজ্ঞা আছে— বৈশ্রের কর্তৃত্ব ক্ষত্রিয় সহিতে পারে না। তাই জর্মনি আপন ক্ষত্রতেব্বের দর্পে ভারি একটা অবজ্ঞার সহিত এই লড়াই করিতে লাগিয়াছে।

যুরোপে যে চার বর্ণ আছে তার মধ্যে ব্রাহ্মণটি তাঁর যঞ্জন যাজন ছাড়িয়া দিয়া প্রায় সরিয়া পড়িয়াছেন। যে থৃস্টসংঘ বর্তমান যুরোপের শিশু বয়সে উঁচু চৌকিতে বসিয়া বেত হাতে গুরুমহাশয়গিরি করিয়াছে আজ সে তার বয়ঃপ্রাপ্ত শিশ্রের দেউড়ির কাছে বসিয়া থাকে— সাবেক কালের খাতিরে কিছু তার বরাদ্দ বাঁধা আছে কিছু তার সেই

চৌকিও নাই, তার সেই বেতগাছটাও নাই। এখন তাহাকে এই শিশুটির মন জোগাইরা চলিতে হয়। তাই যুদ্ধে বিপ্রহে, পরজাতির সহিত ব্যবহারে, যুরোপ ষত-কিছু অস্তার করিয়াছে খৃস্টসংঘ তাহাতে আপত্তি করে নাই বরঞ্চ ধর্মকথার ফোড়ঙ দিয়া তাহাকে উপাদের করিয়া তুলিয়াছে।

এ দিকে ক্ষত্রিয়ের তলোয়ার প্রায় বেবাক গলাইয়া ফেলিয়া লাঙলের ফলা তৈরি হইল। তাই ক্ষত্রিয়ের দল বেকার বসিয়া বৃধা গোঁফে চাড়া দিতেছে। তাহার। শেঠজির মালখানার হারে দরোয়ানগিরি করিতেছে মাত্র। বৈশুই সব-চেয়ে মাধা ত্লিয়া উঠিল।

এখন সেই ক্ষত্রিয়ে বৈশ্রে "অন্থ যুদ্ধ অরা ময়া"। বাপর মুগে আমাদের হলধর বলরামদাদা কুমক্ষেত্রের যুদ্ধে যোগ দেন নাই। কলিযুগে তাঁর পরিপূর্ণ মদের তাঁড়টিতে হাত পড়িবা মাত্র তিনি হংকার দিয়া ছুটিয়াছেন। এবারকার কুমক্ষেত্রযুদ্ধের প্রধান সর্দার রুম্ফ নহেন, বলরাম। রক্তপাতে তাঁর ম্বচি নাই— রক্ষতফেনোচ্ছল মদের ঢোঁক গিলিয়া এতকাল ধরিয়া তাঁর নেশা কেবলই চড়িয়া উঠিতেছিল; এবারকার এই আচম্কা উৎপাতে সেই নেশা কিছু ছুটিতে পারে কিন্তু আবার সময়কালে বিগুণ বেগে মৌতাত জমিবে সে আশহা আছে।

ইহার পরে আর-একটা লড়াই সামনে রহিল, সে বৈশ্যে শৃদ্রে মহাজনে মজুরে—
কিছুদিন হইতে তার আয়োজন চলিতেছে। সেইটে চুকিলেই বর্তমান মহুর পালা
শেষ হইয়া নৃতন মন্বন্ধর পড়িবে।

বণিকে দৈনিকে লড়াই তো বাধিল কিন্তু এই লড়াইয়ের মূল কোধায় সেটা জিজ্ঞাসা করিবার বিষয়। সাবেক-কালের ইতিহাসে দেখা যায় যারা কারবারী তারা রাজশক্তির আশ্রয় পাইয়াছে, কথনো-বা প্রশ্রয় পাইয়াছে, কথনো-বা অত্যাচার ও অপমান সহিয়াছে কিন্তু লড়াইয়ের আসরে তাহাদিগকে নামিতে হয় নাই। সেকালে ধন এবং মান স্বতম্ব ছিল, কান্দেই ব্যবসায়ীকৈ তথন কেহ খাতির করিত না বরঞ্জ অবঞ্চাই করিত।

কেননা জিনিদ লইয়া মান্তবের মূল্য নতে, মান্তব লইয়াই মান্তবের মূল্য। তাই যে কালে ক্ষত্রিরেরা ছিল গণপতি এবং বৈক্ষেরা ছিল ধনপতি তথন তাহাদের মধ্যে ৰূপড়া ছিল না।

তথন বগড়া ছিল বান্ধণ-ক্ষতিয়ে। কেননা তথন বান্ধণ তো কেবলমাত্র বন্ধন-বান্ধন অধ্যয়ন-অধ্যাপন লইয়া ছিল না— মাছবের উপর প্রভূত্ব বিভার করিয়াছিল। তাই ক্ষত্রির-প্রভূ ও বান্ধণ-প্রভূতে সর্বদাই ঠেলাঠেলি চলিত; বশিষ্ঠে বিখামিত্রে আপদ করিয়া থাকা শক্ত। র্রোপেও রাজায় পোগে বাঁও-ক্যাক্ষির অস্ত ছিলুনা।

কারবার জ্বিনিসটা দেনাপাওনার জ্বিনিস; তাহাতে ক্রেতা বিক্রেতা উভয়েরই উভয়ের মন রাধিবার গরন্ধ আছে। প্রভূষ জ্বিনিসটা ঠিক তার উলটা, তাহাতে গরন্ধ কেবল এক পক্ষের। তাহাতে এক পক্ষ বোঝা হইয়া চাপিয়া বসে অন্ত পক্ষই তাহাবহন করে।

প্রভূষ জিনিসটা একটা ভার, মাহুষের সহজ চলাচলের সম্বন্ধের মধ্যে একটা বাধা।
এইজন্ত প্রভূষই যত-কিছু বড়ো বড়ো লড়াইয়ের মূল। বোঝা নামাইয়া ফেলিতে
যদি না পারি অস্তত বোঝা সরাইতে না পারিলে বাঁচি না। পালকির বেহারা তাই
বার বার কাঁধ বদল করে। মাহুষের সমাজকেও এই প্রভূষের বোঝা লইয়া বার বার
কাঁধ বদল করিতে হয়— কেননা তাহা তাহাকে বাহির হইতে চাপ দেয়। বোঝা
অচল হইয়া থাকিতে চায় বলিয়াই মাহুষের প্রাণশক্তি তাহাকে সচল করিয়া তোলে।
এইজন্তই লক্ষী চঞ্চলা। লক্ষী যদি অচঞ্চল হইতেন তবে মাহুষ বাঁচিত না।

ইতিপূর্বে মাহবের উপর প্রভূষচেষ্টা ব্রাহ্মণক্ষত্রিয়ের মধ্যেই বন্ধ ছিল— এই কারণে তথনকার যতকিছু শস্ত্রের ও শাস্ত্রের লড়াই তাহাদিগকে লইয়া। কারবারীরা হাটে মাঠে গোঠে ঘাটে ফিরিয়া বেড়াইত, লড়াইয়ের ধার ধারিত না।

সম্প্রতি পৃথিবীতে বৈশ্বরাজক যুগের পত্তন হইয়াছে। বাণিজ্ঞা এখন আর নিছক বাণিজ্ঞা নহে, সাম্রাজ্যের সঙ্গে একদিন তার গান্ধর্ব বিবাহ ঘটিয়া গেছে।

একসময়ে জিনিসই ছিল বৈশ্বের সম্পত্তি, এখন মাতুষ তার সম্পত্তি হইয়াছে। এ সম্বন্ধে সাবেককালের সঙ্গে এখনকার কালের তফাত কী তাহা বুঝিয়া দেখা যাক। সে আমলে যেখানে রাজন্ব রাজাও সেইখানেই— ক্লমাধরচ সব একজায়গাতেই।

কিন্ত এখন বাণিজ্যপ্রবাহের মতো রাজত্বপ্রবাহেরও দিনরাত আমদানি রফতানি চলিতেছে। ইহাতে পৃথিবীর ইতিহাসে সম্পূর্ণ একটা নৃতন কাও ঘটিতেছে— তাহা এক দেশের উপর আর-এক দেশের রাজত্ব এবং সেই ছই দেশ সমূল্তের ছই পারে।

এত বড়ো বিপুল প্রভূষ স্বগতে আর-কথনো ছিল না। যুরোপের সেই প্রভূত্বের ক্ষেত্র এশিয়া ও আফ্রিকা।

এখন মৃশকিল হইয়াছে কর্মনির। তার ঘুম ভাঙিতে বিলম্ব ইইয়াছিল। সে ভোজের শেববেলায় হাঁপাইতে হাঁপাইতে আসিয়া উপন্থিত। কুধা মথেই, মাছেরও গন্ধ পাইতেছে অথচ কাঁটা ছাড়া আর বড়ো কিছু বাকি নাই। এখন রাগে তার শরীর গণ্যণ্ করিতেছে। সে বলিতেছে আমার জন্ম বদি পাত পাড়া না হইয়া থাকে আমি নিমন্ত্রণপত্তের অপেকা করিব না। আমি গায়ের জোরে যার পাই তার পাত কাড়িয়া লইব।

একসময় ছিল যথন কাড়িয়া-কুড়িয়া লইবার বেলায় ধর্মের দোছাই পাড়িবার কোনো দরকার ছিল না। এখন তার দরকার হইয়াছে। জর্মনির নীতিপ্রচারক পণ্ডিতেরা বলিতেছেন, যারা ছুর্বল, ধর্মের দোহাই তাদেরই দরকার; যারা প্রবল, তাদের ধর্মের প্রয়োজন নাই, নিজের গায়ের জোরই মধেষ্ট।

আজ ক্ষিত জর্মনির বৃদ্ধি এই যে, প্রভু এবং দাস এই ত্বই জাতের মাহ্রম আছে। প্রভু সমস্ত আপনার জন্ম লইবে, দাস সমস্তই প্রভুর জন্ম জোগাইবে— যার জোর আছে সে রণ হাঁকাইবে, যার জোর নাই সে পথ করিয়া দিবে।

য়ুরোপের বাহিরে যথন এই নীতির প্রচার হয় তথন য়ুরোপ ইহার কটুত্ব বৃঝিতে পারে নাই।

আঞ্চ তাহা নিজের গায়ে বাজিতেছে। কিন্তু জর্মন-পণ্ডিত যে তত্ত্ব আঞ্চ প্রচার করিতেছে এবং বে তত্ত্ব আন্দ মদের মতো জর্মনিকে অক্সায় যুদ্ধে মাতাল করিয়া তুলিল সে তত্ত্বের উৎপত্তি তো জর্মন-পণ্ডিতের মগজের মধ্যে নহে, বর্তমান যুরোপীয় সভ্যতার ইতিহাসের মধ্যে।

5025

## ছোটো ও বড়ো

যে সময়ে দেশের লোক তৃষিত চাতকের মতো উৎকটিত, যে সময়ে রাষ্ট্রীয় আবহাওয়ার পর্ববেক্ষকের। থবর দিলেন যে, হোমঞ্চলের প্রবল মৈস্থম-হাওয়া আরব-সম্ভ্র পাড়ি দিয়াছে, মুখলধারে বৃষ্টি নামিল বলিয়া; ঠিক সেই সময়েই মুখলধারে নামিল বেহার অঞ্চল মুস্লমানের প্রতি হিন্দুদের একটা হালামা।

অন্ত দেশেও সাম্প্রদায়িক ঈর্বাবেষ লইয়া মাঝে মাঝে তুম্ল বন্ধের কথা গুনি।
আমাদের দেশে যে বিরোধ বাধে সে ধর্ম লইয়া, যদিচ আমরা মুখে সর্বদাই বড়াই
করিয়া থাকি যে, ধর্মবিষয়ে হিন্দুর উদারতার তুলনা লগতে কোথাও নাই।
বর্তমানকালে পশ্চিম মহাদেশের উত্তরপশ্চিম অঞ্চলে যে বিরোধ বাধে তাহা অর্থ
লইয়া। সেধানে থনির প্রমিকেরা, সেধানে ডক ও রেলোয়ের কর্মিকেরা মাঝে মাঝে
ছলমুল বাধাইয়া তোলে; তাহা লইয়া আইন করিতে হয়, ফৌজ ভাকিতে হয়, আইন

বন্ধ করিতে হয়, রক্তারক্তি কাগু ঘটে। দে-দেশে এইরপ বিরোধের সময় দুই পক্ষ থাকে। এক পক্ষ উৎপাত করে, আরেক পক্ষ উৎপাত নিবারণের উপায় চিন্তা করে। ব্যক্তির কোনো তৃতীয় পক্ষ সেখানে বাহির হইতে ছয়ো দেয় না। কিন্তু আমাদের হুংখের বাসরঘরে শুধু যে বর ও কনের হৈতেতত্ত্ব তাহা নহে, তৃতীয় একটি কুট্ছিনী আছেন, অট্টাক্ত এবং কানমলার কাজে তিনি প্রস্তুত।

रेश्नए अव नमम हिन, यथन अक मिरक जात्र बाहुबद्धी भाका रहेमा छेठिएजरह थमन नमरबर्रे প্রটেস্ট্রান্ট্ ও রোমানক্যাথলিকদের মধ্যে इन চলিডেছিল। সেই ছন্দে ছই সম্প্রদায় যে পরস্পরের প্রতি বরাবর স্থবিচার করিয়াছে তাহা নহে। এমন-কি বছকাল পর্যন্ত ক্যাথলিকরা বছ অধিকার হইতে বঞ্চিত হইয়াই কাটাইয়াছে। আম্বও কোনো বিশেষ একটি সাম্প্রদায়িক চার্চের ব্যয়ভার ইংলণ্ডের সমস্ভ লোককে বহন করিতে হইতেছে, সে-দেশের অন্ত সম্প্রদায়গুলির প্রতি ইহা অন্তায়। অশাস্থি ও অদাম্যের এই বাহ্নিক ও মানসিক কারণগুলি আন্ত ইংলতে নিরুপত্রব হইয়া উঠিয়াছে কেন। ষেহেতু সেখানে সমন্ত দেশের লোকে মিলিয়া একটি আপন শাসনতম্ব পাইয়াছে। এই শাসনভার বদি সম্পূর্ণ বিদেশীর 'পরে থাকিত তবে যেখানে জোড়া মেলে নাই সেখানে ক্রমাগত ঠোকাঠুকি বাধিয়া বিচ্ছেদ স্থায়ী হইত। একদিন ব্রিটিশ পলিটিক্সে স্কটলও ও ইংলওের বিরোধ কম তীব্র ছিল না। কেননা উভয় জাতির মধ্যে ভাষা ভাব রুচি প্রথা ও ঐতিহাসিক শ্বতিধারার সত্যকারই পার্থক্য ছিল। খন্দের ভিতর দিয়াই খন্দ ক্রমে ঘূচিয়াছে। এই খন্দ ঘূচিবার প্রধান কারণ এই যে, ইংরেজ ও স্কচ উভয়েই একটা শাসনতন্ত্র পাইয়াছে যাহা উভয়েরই স্বাধিকারে; যাহাতে সম্পদে ও বিপদে উভয়েরই শক্তি সমান কাল করিতেছে। ইহার ফল হইয়াছে এই यে, আৰু ইংলতে इंटिन চার্চে ও ইংলিন চার্চে প্রভেদ থাকিলেও, রোমান-कार्थितिक श्रुटिन्गारिक वर्रिका परित्र परित्र अपना परित्र अपना प्रकार সাধনের যোগে তাহাদের মিলন ঘটিয়াছে। ইহাদের মাথার উপর একটি তৃতীয় পক যদি সম্পূৰ্ণ স্বতম্ব থাকিয়া আপন ইচ্ছামত ইহাদিগকে চালনা করিত, তাহা হইলে কোনো কালেই কি ইহাদের জোড় মিলিত। আর্রলভের দক্তে আল পর্যন্ত ভালো कतिया त्याष्ट्र त्याल नारे त्वन । अत्नकतिन भर्वस्तरे आवर्गाखेत मत्व रेश्नाखेत त्राष्ट्रीय অধিকারের সাম্য ছিল না বলিয়া।

-এ কথা মানিতেই হইবে আমাদের দেশে ধর্ম লইয়া হিন্দুম্সলমানের মধ্যে একটা কঠিন বিক্ষতা আছে। বেখানে সত্যভ্রতা সেইখানেই অপরাধ, যেখানে অপরাধ সেইখানেই শান্তি। ধর্ম ধনি অন্তরের জিনিস না হইয়া শাল্তমত ও বাছ আচারকেই

ম্ব্য করিয়া ভোলে তবে নেই ধর্ম যত বড়ো অলান্তির কারণ হয়, এমন আর-কিছুই
না। এই 'ডগমা' অর্থাং শাল্পমতকে বাহির হইতে পালন-করা লইয়া যুরোশের
ইতিহাস কতবার রক্তে লাল হইয়াছে। অহিংসাকে য়দি ধর্ম বলো, তবে সেটাকে
কর্মকেত্রে হঃসাধ্য বলিয়া ব্যবহারে না মানিতে পারি, কিছ বিশুদ্ধ আইডিয়ালের
ক্ষেত্রে তাহাকে খীকার করিয়া ক্রেম দে দিকে অগ্রসর হওয়া অসম্ভব নহে। কিছ
বিশেব শাল্পমতের অস্থাননে বিশেব করিয়া যদি কেবল বিশেব পশুহত্যা না করাকেই
ধর্ম বলা য়ায় এবং সেইটে জাের করিয়া যদি অন্ত ধর্মমতের মাম্প্রকেও মানাইতে চেটা
কয়া হয়, তবে মান্থবের সক্ষে মান্থবের বিরোধ কোনাকালেই মিটিতে পারে না।
নিজে ধর্মের নামে পশুহত্যা করিবে অথচ অন্তে ধর্মের নামে পশুহত্যা করিলেই
নরহত্যার আয়ায়ালন করিতে থাকিব, ইহাকে অত্যাচার ছাড়া আর-কোনো নাম
দেওয়া যায় না। আয়াদের আশা এই যে, চিরদিন আমাদের ধর্ম আচারপ্রধান
হইয়া থাকিবে না। আরো-একটি আশা আছে, একদিন হিন্দু ও ম্ললমানের মধ্যে
দেশহিতসাধনের একই রায়ীয় আইডিয়াল যদি আমাদের রাষ্ট্রভন্তে বান্তব হইয়া উঠে
তবে সেই অস্তরের যোগে বাহিরের সমন্ত পার্থক্য তুচ্ছ হইয়া যাইবে।

অন্ধানি হইল, রেলগাড়িতে আমার এক ইংরেজ সলী জুটিরাছিল। তিনি বেহার অঞ্চলের হালামার প্রসক্তে গল্প করিলেন— সাহাবাদে কিলা কোনো একটা জারগার ইংরেজ কাপ্তেন সেখানকার এক জমিলারকে বিদ্ধা করিয়া বলিরাছিলেন, "তোমার রায়তদের তোমরা তো ঠেকাইতে পারিলে না। তোমরাই আবার হোমকল চাও!" জমিলার কী জবাব করিলেন শুনি নাই। সম্ভবত তিনি লখা সেলাম করিয়া বলিরাছিলেন, "না সাহেব, আমরা হোমকল চাই না, আমরা অবোগ্য অধম। আপাতত আমার রায়তদের তুমি ঠেকাও।" বেচারা জানিতেন হোমকল তথন সম্ত্রপারের স্বপ্ললাকে, কাপ্তেন ঠিক সম্থেই, আর হালামাটা কাথের উপর চড়িয়া বিস্যাতে।

আমি বলিলাম, "হিন্মুস্লমানের এই দাকাটা হোমকলের অধীনে তো ঘটে নাই।
নিরম্র অমিদারটি অকমতার অপবাদে বোধ করি একবার সেনাপতি-সাহেবের ফোজের
দিকে নীরবে ভাকাইরাছিলেন। উপার রহিল একজনের হাতে আর প্রতিকার করিবে
আর-একজনে, এমনতরো শ্রমবিভাগের কথা আমরা কোঝাও শুনি নাই।
বাংলাদেশেও ঠিক খদেশী উন্তেজনার সময়, শুরু আমালপুরের মত্তো মক্ষলে নয়,
একেবারে কলিকাভার বড়োবাজারে হিন্দের প্রতি মুদলমান্তের উপত্রব প্রচণ্ড
ইইরাছিল—সেটা তো শাসনের কলক, শুরু শাসিতের নয়। এইরুপ কাণ্ড বসি

দদাসর্বদা নিজামের হাইস্রাবাদে বা জয়পুর বরোদা মৈশুরে ঘটিতে থাকিত তবে দেনাশতি-সাহেবের জবাব খুঁ জিয়ার জয় আমাদের ভাবিতে হইত।"

आयारित नानिनिहाँ य धेरे। कर्जुरखत नावित्र आयारित हार्छ, नारे, कर्छ। বাহির হইতে আমাদিগকে বক্ষা করিবার ভার দাইয়াছে। ইহাতে আমরা ক্রমশই অন্তরের মধ্যে নি:সহায় ও নি:সম্বল হইতেছি; নেজক্ত উল্টিয়া কর্তারাই আমাদিগকে व्यवख्या कतिरम छात्र छात्र व्यामता स्वताव मिट्टे ना वर्डि, किन्ह मरन मरन रव-छात्रा श्रादान করি তাহা সাধু নহে। কর্তৃত্ব যদি থাকিত তবে তাহাকে বন্ধায় রাখিতে ও সার্থক ক্রিতে হিন্দু মুসলমান উভরেরই সমান গরজ ধাকিত, সমস্ত উচ্ছ অলভার দায়িত্ব मकरम मिनिया चाछि मार्रशास्त रहन कदिए हरेंछ। এमनि कदिया छपु चाच नरह চিরদিনের মতো ভারতবর্ষের পোলিটিকাল আশ্রয় নিব্দের ভিত্তিতে পাকা হইত। কিন্তু এমন যদি হয় বে, একদিন ভারত-ইতিহাসের পরিচ্ছেদ-পরিবর্তনকালে প্রস্থানের বেলায় ইংরেজ তার স্থশাসনের ভগ্নাবশেষের উপর রাথিয়া গেল আতানির্ভরে অনভ্যন্ত, আত্মরক্ষায় অক্ষম, আত্মকল্যাণসাধনে অসিত্ধ, আত্মশক্তিতে নইবিশাস বহুকোট नत्रनात्रीटक— दाशिया राम अपन क्लाब विधारन श्रीकिटनमी नव छेश्वरम स्नाश्रक, नव শিক্ষায় অপরিমিত শক্তিশালী, তবে আমাদের সেই চিরদৈন্তপীড়িত অস্তহীন হুর্ভাগ্যের अन्न काशांक आभवा नामी कविव। आव यनि कक्षनाहे कवा याम य. मानत्वन পরিবর্তনশীল ইতিহাসের মাঝখানে একমাত্র ভারতে ইংরেজসাম্রাজ্যের ইতিহাসই ঞ্জব হইয়া অনস্ক ভবিষ্ণুংকে সদর্পে অধিকার করিয়া থাকিবে, তবে এই কি আমাদের ममार्टित मिथन रय, ভারতের অধিবাসীরা ছিল্লবিচ্ছিল হইয়া থাকিবে, তাহাদের भवन्भदवव याक्षा मिलाव क्लानिकर्मवहत्तव कात्ना खांग शांकित्व ना : **विविधितव** মতোই তাহাদের আশা কুন্ত, তাহাদের শক্তি অবক্তম, তাহাদের কেতা সংকীর্ণ তাহাদের ভবিশ্রৎ পরের ইচ্ছার পাষাণ-প্রাচীরে পরিবেষ্টিত ?

এ পর্যন্ত ইংরেজের রাজত্বে আমরা এক-শাসন পাইয়াছি কিন্তু এক-দায়িত্ব পাই নাই। তাই আমাদের ঐক্য বাহিরের। এ ঐক্যে আমরা মিলি না, পালে পালে সাজানো থাকি, বাহিরে বা ভিতরে একটু থাকা পাইলেই ঠোকাঠুকি বাধিয়া য়ায়। এ ঐক্য জড় অকর্মক, ইহা সজীব সক্র্মক নয়। ইহা খুমন্ত মাহুবের এক মাটিতে শুইয়া থাকিবার ঐক্য, ইহা সজাগ মাহুবের এক পথে চলিবার ঐক্য নহে। ইহাতে আমাদের গৌরব করিবার কিছু নাই; স্কুতরাং ইহা আনন্দ করিবার নহে; ইহাতে কেবল শুতি করিতে পারি, নতি করিতে পারি, উন্ধৃতি করিতে পারি না।

একদিন আমাদের দেশে যে সমাজ ছিল তাহা সাধারণের প্রতি আমাদের দায়িত্তের

আদর্শকে সচেট রাখিরাছিল। সেই দারিছের ক্ষেত্র ছিল সংকীর্ণ, তথন আমাদের জন্মগ্রামকেই আমরা জন্মভূমি বলিয়া জানিতাম। তা হউক, সেই ছোটো সীমার মধ্যে ধনীর দারিছ ছিল তার ধন লইয়া, জ্ঞানীর দারিছ ছিল তার জ্ঞান লইয়া। যার যা শক্তি ছিল তার উপরে চারি দিকের দাবি ছিল। সচেট জীবনের এই যে নানা দিকে বিভার, ইহাতেই মাহুষের যথার্থ আনন্দ ও গৌরব।

আমাদের সেই দায়িত্ব সমাজ হইতে বাহিরে সরিয়া গেছে। একমাত্র সরকারবাহাত্বাই আমাদের বিচার করেন, রক্ষা করেন, পাহারা দেন, চিকিৎসার ব্যবস্থা
করেন, শান্তি দেন, সমান দেন, সমাজে কোন্টা হিন্দু কোন্টা অহিন্দু আদালত হইতে
তার বিধান দেন, মদের ভাঁটির বন্দোবন্ধ করেন এবং গ্রামের লোককে বাঘে ধরিয়া
থাইতে থাকিলে জেলার ম্যাজিস্টেটকে স্বান্ধবে শিকার করিবার হ্রযোগ দিয়া
থাকেন। হতরাং এখন আমাদের সমাজ আমাদের উপর বে-পরিমাণে ভার
চাপাইয়াছে সে-পরিমাণে ভার বহিতেছে না। ত্রাহ্মণ এখনো দক্ষিণা আদায় করেন
কিন্ধ শিক্ষা দেন না, ভূষামী থাজনা শুষিয়া লন কিন্ধ তাঁর কোনো দায় নাই, ভত্তসম্প্রান্য জনসাধারণের কাছ হইতে সম্মান লন কিন্ধ জনসাধারণকে আশ্রয় দেন না।
ক্রিয়াকর্মে থরচপত্র বাড়িয়াছে বই কমে নাই, অথচ সেই বিপুল অর্থব্যয়ে সমাজব্যবস্থাকে ধারণ ও পোষণের জন্ত নয়, তাহা রীতিরক্ষা ও সমারোহ করিবার জন্ত।
ইহাতে দেশের ধনীদরিত্র সকলেই পীড়া বোধ করে। এ দিকে দলাদলি, জাতে
ঠেলাঠেলি, পুঁথির বিধান বেচাকেনা প্রভৃতি সমস্ত উৎপীড়নই আছে। যে-গাভীর
বাঁধা খোরাক জ্যোগাইতেছি সে ত্বধ দেওয়া প্রায় বন্ধ করিল, কিন্ধ বাঁকা শিঙ্কের গুঁতা
মারাটা ভার কমে নাই।

যে-ব্যবস্থা সমাজের ভিতরে ছিল সেটা বাহিরে আদিয়া পড়াতে স্ব্যবস্থা হইল কি
না সেটা লইয়া তর্ক নয়। মাত্রম যদি কতকগুলা পাধরের টুকরা হইত তবে তাহাকে
কেমন করিয়া শৃন্ধলাবদ্ধরূপে সাজাইয়া কাজে লাগানো যায় সেইটেই সব-চেয়ে বড়ো
কথা হইত। কিন্তু মাত্রম যে মাত্রম। তাকে বাঁচিতে হইবে, বাড়িতে হইবে, চলিতে
হইবে। তাই এ কথাটা মানিতেই হইবে যে, দেশের সম্বন্ধে দেশের লোকের চেটাকে
নিক্লম্ব করিয়া যে নিরানন্দের জড়ভার দেশের বুকে চাশিয়া বসিতেছে সেটা শুধু যে
নিক্লম্ব করিয়া যে নিরানন্দের জড়ভার দেশের বুকে চাশিয়া বসিতেছে সেটা শুধু যে
নিক্লম্ব তাহা নহে, সেটা রাট্রনীতিহিসাবে নিন্দনীয়। আমরা যে-অধিকার চাহিতেছি
তাহা ঔষত্য করিবার রা প্রভুত্ব করিবার অধিকার নহে; আমরা সকল ক্ষ্যাভূরকে
ঠেকাইয়া জগৎসংসারটাকে একলা ছহিয়া লইবার জন্ম লছা লাঠি কাঁধে লইতে চাই
না; যুক্ষে নরছাত সম্বন্ধে বিশ্বের সকলের চেয়ে বড়ো শক্তি, বড়ো উন্তোগ ও বড়ো

উৎসাহ রাখি বলিয়া শয়তানকে লজা দিবার তুরাকাক্ষা আমাদের নাই; নিরীহ হিন্ বলিয়া প্রবল পশ্চিম আমাদের উপরে যে-শ্লেষ প্রয়োগ করে তাহাকেই তিলক করিয়া আমাদের ললাটকৈ আমরা লাঞ্চিত রাখিব; আধ্যাত্মিক বলিরা আমাদের আধুনিক শাসনক্তারা আমাদের 'পরে যে কটাক্ষবর্ষণ করিয়াছেন তারই শরশয্যায় শেষ পর্যন্ত শয়ান থাকিতে আমরা হঃখ বোধ করিব না— আমরা কেবলমাত্র আপন দেশের সেবা করিবার, তার দায়িত্তগ্রহণ করিবার স্বাভাবিক অধিকার চাই। এই অধিকার হইতে এট হইয়া আশাহীন অকর্মণ্যতার হঃথ ভিতরে ভিতরে অসম্ব হইয়াছে। এইজ্ঞই দপ্রতি জনদেবার জন্ত আমাদের যুবকদের মধ্যে একটা প্রবল আগ্রহ দেখিতে পাই। নিরাপদ শান্তির আওতায় মাহ্য বাঁচে না। কেননা ষেটা মাহুবের অন্তর্তম আবেগ তাহা বাড়িয়া চলিবার আবেগ। মহৎ লক্ষ্যের প্রতি আত্মোৎসর্গ করিয়া দুঃখ শ্বীকার করাই সেই বাড়িয়া চলিবার গতি। সকল বড়ো জাতির ইতিহাসেই এই গতির ত্রনিবার আবেগ ব্যর্থতা ও সার্থক্যের উপলবন্ধুর পথে গন্ধিয়া ফেনাইয়া, বাধা ভাঙিয়া চুরিয়া, ঝরিয়া পড়িতেছে। ইতিহাসের সেই মহৎ দুরু আমাদের মতো পোলিটিকাল পঙ্গুদের কাছ হইতেও আড়াল করিয়া রাখা অসম্ভব। এইজন্ম যে-সব যুবকের প্রকৃতিতে প্রাণের স্বাভাবিক উত্তেজনা আছে, মহতের উপদেশ ও ইতিহানের শিক্ষা হইতে প্রেরণা লাভ করা দক্তেও নিশ্চেষ্ট হইয়া থাকা তাদের কাছে যে মৃত্যুর চেয়ে দারুণতর, সে কথা আত্মহত্যাকালে শচীক্র দাসগুপ্তের মর্মান্তিক বেদনার পত্রথানি পড়িলেই বুঝা যাইবে। কিন্তু কেবল কণে কণে বস্তাছভিকের নৈমিন্তিক উপলক্ষে অন্তর্গ দু সমন্ত ভভচেই। নির্মৃক্ত হইতে পারে না। দেশব্যাপী নিত্যকর্মের মধ্যেই মাপ্লবের বিচিত্রশক্তি বিচিত্রভাবে সফল হয়। নতুবা তার অধিকাংশই বন্ধ হইয়া আন্তরিক নৈরাশ্তের উত্তাপে বিষ্ণুত হইতে থাকে। এই বিকার হইতে দেশে নানা গোপন উপত্রবের সৃষ্টি। এইজন্ত দেখা বায় দেশের ধর্মবৃদ্ধি ও ওভচেষ্টার প্রতিই কর্তপক্ষের সন্দেহ স্থতীব। যে-লোক স্বার্থপর বেইমান, যে-উদাসীন নিশ্চেষ্ট. বর্তমানের গুপ্ত ব্যবস্থায় তারই জীবন্যাত্রা দকলের চেয়ে নিরাপদ, তারই উন্নতি ও পুরস্কারের পথে সকলের চেয়ে বাধা আর। নিঃস্বার্থ পরহিতৈষিতার জবাবদিহি ভয়ংকর इडेबाह्य। त्कनना मिन्दियंत कार्ह्य এडे श्रास्त्र छेखत रमध्या कठिन रय, यहर অধ্যবসায়ে তোমার দরকার কী। তুমি খাইয়া-দাইয়া বিয়া-খাওয়া করিয়া আপিদে जानामाल पुतिशा त्यांने वा नक याहिनां यथन चक्तान निम कांनेहिल भाव, जधन খরের খাইয়া বনের মোৰ তাড়াইতে বাও কেন। বস্তুত কর্তৃপক্ষ জানেন, এই আলো এবং ঐ ধোঁয়া একই কারণ হইতে উঠিতেছে। দে কারণটা, নিজ্জিয়তার অবসাদ

হইতে দেশের শুন্তবৃদ্ধির মৃক্ত হইবার চেটা। যুক্তিশাল্লে বলে, পর্বতো বহিনান্
বৃদ্ধাং। শুপ্তচরের যুক্তি বলে, পর্বতো ধ্মবান্ বহে:। কিন্তু বাই বলুক আর
বাই করুক, মাটির তলায় ঐ যে দারুল ক্ষ্তকপথ খোলা হইল, যেখানে আলো নাই,
শব্দ নাই, বিচার নাই, নিকৃতির কোনো বৈধ উপায় নাই, এইটেই কি ক্মপথ হইল।
দেশের ব্যাকৃল চেটাকে বিনা বাছনিতে একদমে কবরক্ত করিলে তার প্রেতের
উৎপাতকে কি কোনোদিন শান্ত করিতে পারিবে। ক্ষ্ধার ছটফটানিকে বাহির
হইতে কানমলা দিয়া ঠাগু করিয়া চিরছ্জিককে ভল্ল আকার দান করাই যে যথার্থ
ভল্জনীতি এমন কথা তো বলিতে পারিই না, তাহা যে বিজ্ঞনীতি তাহাও বলা যায় না।

এই-রক্ম চোরা-উৎপাতের সময় সমূদ্রের ওপার হইতে থবর আসিল আমাদিগকে मान कतियात क्रम वाधीन मामत्नत अको। थमजा छिति इटेएउछ । मत्न जितिमाम . क्रुंगक वृक्षिम्नाह्म त्य, ७५ ममत्मद्र विखीरिकांत्र अनान्ति मृत हम मा, माकिलाज्ञ । দরকার। দেশ আমার দেশ, সে তো কেবল এখানে জরিয়াছি বলিয়াই নয়, এ দেশের ইতিহাসস্টে-ব্যাপারে আমার তপস্তার উপরে সমন্ত দেশের দাবি আছে বলিয়াই এ দেশ আমার দেশ, এই গভীর মহরবোধ যদি দেশের লোক অহভব করিবার উৎসাহ পায় তবেই এ দেশে ইংরেজরাজত্বের ইতিহাস পৌরবাধিত হইবে। কালক্রমে বাহিরে সে ইতিহাসের অবসান ঘটিলেও অন্তরে তাহার মহিমা শ্বরণীয় হইয়া থাকিবে। তা ছাড়া নিরতিশর হুর্বলেরও প্রতিকৃষতা নৌকার ক্ষুদ্রতম ছিদ্রের মতো। শান্তির শমর নিরম্ভর বাল গেঁচিয়া দেই ফাটা নৌকা বাওয়া যায়, কিন্তু তুফানের সময় যথন সকল হাতই দাঁড়ে হালে পালে আটক থাকে তথন তলার অতিতৃচ্ছ ফাটলগুলিই मूनकिल वाधाय। त्रांग कतिया जात्र उपदि भूलिएमद दिश्वलानन वा नन्-दिश्वलानन লাঠি ঠুকিলে ফাটল কেবল বাড়িতেই থাকে। ফাঁকগুলিকে বুজাইবার জন্ত সময়-মত সামার খরচ করিলে কালক্রমে অসামার থরচ বাঁচে। এই কথা বে ইংলণ্ডের মনীধী রাষ্ট্রনৈতিকেরা বৃঝিতেছেন না তাহা আমি মনে করি না। বৃঝিতেছেন বলিয়াই হোমকলের কথাটা উঠিয়াছে।

কিন্ত রিপু অদ্ধ ; দে উপস্থিত কালকেই বড়ো করিয়া দেখে, অনাগতকে উপেক্ষা করে। ধর্মের দোহাইকে সে তুর্বলতা এবং শৌধিন ভাবুকতা বলিয়া অবজ্ঞা করে। অভাবনীয় প্রত্যোশার আনন্দে উৎকৃত্ত হইয়া ইংরেজের এই রিপুর কথাটাকে ভারতবর্ষ সামান্ত বলিয়া জ্ঞান করিয়াছিল। যে সমস্ত ইংরেজ এ দেশে রাজসেরেভার আমলা বা পশ্যজীবী, তাহারা ভারতবর্ষের অভ্যন্ত বেশি নিকটে আছে। এই নিকটের দৃশ্তের মধ্যে তাদেরই প্রতাপ, তাদেরই ধনসঞ্চয় সবচেয়ে সমূক্ত, আর ভারতবর্ষের

বিশ কোটি মাত্ৰ তাদের সমন্ত ক্ষত্ঃধ কইবা ছারার মতো ক্ষপট অবাত্তব ও মান।
এই কাছের ওজনে, এই উপস্থিত কালের মাণে ভারতবর্ধের রাণি ইছাদের কাছে
তৃচ্ছ। তাই বে-কোনো বরলাভের প্রভাবে ভারতবর্ধ কিছুমাত্র আত্মশক্তি লাভ করিবে তাহা কীৰ হইরা, বতিত হইরা, রক্তশৃত্ত হইরা আমাদের কাছে পৌছিবে অথবা অর্থপথে অপ্যাত্মত্যুতে মরিয়া ভারতভাগ্যের মক্ষপথকে ব্যর্থ সাধুসংকল্পের ক্ষালে আকীর্ণ করিবে।

এই বাধা দিবার শক্তি বারা বহন করিতেছে অব্যাহত প্রতাপের মদের নেশার তারা মাতোরারা, কঠিন স্বাক্ষাত্যভিমানের শুরস্ফিত আবরণে তাহাদের মন ভারতবর্ধের মাহ্য-সংস্পর্ন হইতে বিচ্ছিন্ন। ভারতবর্ধ ইহাদের কাছে একটা অতি প্রকাণ্ড সরকারী বা সঞ্জলাগরী আপিস। এ দিকে ইংলণ্ডের যে-ইংরেজ আমাদের ভাগ্যনায়ক তার রক্তের সঙ্গে ইহাদের রক্তের মিল, তার হাতের উপরে ইহাদের হাত, তার কানের কাছে ইহাদের মৃথ, তার মন্ত্রণাগৃহে ইহাদের আসন, তার পোলিটিকাল নাট্যশালার নেপথ্যবিধান-গৃহে ইহাদের গতিবিধি। ভারতবর্ধ হইতে নিরন্তর প্রবাহিত হইতে হইতে ইংলণ্ডের ইংরেজ-সমাজের পরতে পরতে ইহারা মিশিয়াছে; সেথানকার ইংরেজের মনতত্বকে ইহারা গড়িয়া তুলিতেছে। ইহারা নিজের পরকেশের শপথ করে, অভিক্রতার দোহাই পাড়ে এবং 'আমরাই ভারতসাম্রাক্ষ্যের দিথরচ্ডাকে অপরিমিত উচ্চ করিয়া তুলিয়াছি' এই বলিয়া ইহারা অপরিমিত প্রভার দাবি করে। এই অল্রভেদী অভিমানের ছায়ান্তরালে আমাদের ভাষা, আমাদের আশা, আমাদের অভিন্ন কোণায়। ইহাকে উত্তীর্শ হইয়া, আপিসের প্রাচীর ডিঙাইয়া, বিশ কোটি ভারতবাসীকে মান্ত্র্য বলিয়া দেখিতে পার এমন অসাধারণ দৃষ্টিশক্তি কার কাছে প্রত্যাশা করিব।

যে দ্রবর্তী ইংরেজ মুরোপীয় আবহাওয়ার মধ্যে আছে বলিয়াই অন্ধ্যার্থের কৃহক কাটাইয়া ভারতবর্ষকে উদার দৃষ্টিতে দেখিতে পায়, ইহারা তাহাদিগকে জানায় য়ে, নীচের আকাশের ধুলানিবিড় বাতাদের মধ্য দিয়া দেখাই বাতবকে দেখা, উপরের ক্ষম্ভ আকাশ হইতে দেখাই বন্ধতয়বিক্ষ। ভারতশাসনে দ্রের ইংরেজের হস্তক্ষেপ করাকে ইহারা স্পর্থিত অপরাধ বলিয়া গণ্য করে। ভারতবাসীকে এই কথাটা মনে রাখিতে হইবে, ইংরেজ বলিয়া য়ে-একটি মহৎ জাতি আছে প্রকৃতপক্ষে সেই বে ভারতশাসন করিতেছে তাহা নহে; ভারত-দফতরধানার বহুকালক্ষমাণ্ড সংখ্যারের অ্যানিডে কাঁচাবরস হইতে জীর্ণ হইয়া বে-একটি আমলা-সম্প্রদায় আমাদের পক্ষে কৃত্রিম মাছ্য হইয়া আছে আমরা ভাহারই প্রজা। বে-মানুষ্ তার সমন্ত মনপ্রাণক্ষরে লাইয়া মানুষ,

त्म नम्, (व-माष्ट्रव त्करमभाख विरम्ध श्रामाज्यन भारभ माष्ट्रस-- तम्हे त्ला कृखिम माष्ट्रसः। কোটোগ্রাম্বের ক্যামেরাকে ক্লব্রিম চোথ বলিতে পারি। এই ক্যামেরা খুব স্পষ্ট ক্রিয়া দেখে কিন্তু সম্পূর্ণ করিয়া দেখে না, তাহা চলতিকে দেখে না, বাহাকে দেখা বায় ना छाहाटक एएटर ना। এইखन्न वना यात्र य, क्यारमदा प्रक हहेबा एएटर। मधीव চোধের পিছনে সমগ্র মাহুর আছে বলিয়া তাহার দেখা কোনো আংশিক প্রয়োজনের পক্ষে যত অসম্পূর্ণ হোক মান্থবের সঙ্গে মাথ্যবের সম্পূর্ণ ব্যবহারক্ষেত্রে তাহাই সম্পূর্ণতর। বিধাতার কাছে আমরা কুতজ্ঞ যে তিনি চোখের বদলে আমাদিগকে ক্যামেরা দেন नारे। किन्न राय ভारजभागतन जिनि व की मिलान। य वर्षा-रेशतक खाला-जाना মাতৃষ, আমাদের ভাগ্যে দে থাকে সমূদ্রের ওপারে, আর এপারে পাড়ি দিতেই প্রয়োজনের কাঁচিকলের মধ্যে আপনার বারো-আনা ছাঁটিয়া দে এতটুকু ছোটো হইয়া বাহির হইয়া আদে। সেই এডটুকুর পরিমাণ কেবল সেইটুকু যাতে, বাড়তির ভাগ किছूहे नाहे, अर्थाए माग्रस्क त्यां याम ग्रह मावना, त्यां जात कमनीया ७ नमनीया. জীবনের স্বাভাবিক নিয়মে যাহা নিজেও বাড়িতে থাকে অন্তক্তে বাড়াইতে থাকে দে ममखरे कि वाम পড़िन। এই ছোটোখাটো ছাটাছোটা ইংরেজ কোনোমতেই বুঝিতে পারে না এমন অভ্যস্ত দামী ও নিথু ত ক্যামেরা পাইয়াও সন্ধীব চোথের চাহনির ক্ষয় ভিতরে-ভিতরে আমাদের এত তৃষ্ণা কেন। বোঝে না তার কারণ, কলে ছাঁট পড়িবার সময় ইহাদের কল্পনার্ত্তিটা যে বাদ পড়িয়াছে। ইংলত্তের সরকারী অনাথ-षाद्धारा याता थारक जारनत मन रकन भानाई-भानाई এवर প্রাণ কেন তাহি-তাহি করে। কেননা ঐ ওআর্ক-হাউস সম্পূর্ণ ঘরও নয়, সম্পূর্ণ বাহিরও নয়। উহা আত্মীয়তাও দেয় না, মুক্তিও দেয় না। উহা কড়ায় গণ্ডায় হিসাব করিয়া কেবলমাত্র আশ্রয় দেয়। আশ্রয়টা অত্যন্ত দরকারী বটে, কিন্তু মাত্র্য যেহেতু মাত্র্য সেইঞ্জ সে ना । निहाल तम जनमानिक द्य, खिरिश-खर्याम य्यालिया का मानाहरक किहा करत । অনাথ-আশ্রমের কড়া কার্যাধ্যক্ষ এই অক্কডজ্ঞতার বিশ্বিত ও ক্রদ্ধ হয় এবং কেবল তার ক্রোধের খারাই তৃ:থকে দমন করিবার বস্তু দে দওধারণ করে। কেননা, এই কার্যাধ্যক পুরা মাহার নয়, ইহার পুরা দৃষ্টি নাই, এই ছোটো মাহার মনে করে হুর্জাগা ব্যক্তি কেবলমাত্র আপ্রয়ের শান্তিটুকুর জন্ত মৃক্তির অসীম আশায় ব্যাকুল আপন আত্মাকে চির্দিনের মতোই বশিকের যরে বাঁধা রাখিতে পারে।

বড়ো-ইংরেজ অব্যবহিতভাবে ভারতবর্ষকে স্পর্শ করে না— সে মাঝখানে রাথিয়াছে ছোটো-ইংরেজকে। এইজস্ত বড়ো-ইংরেজ আমাদের কাছে সাহিত্য ইতিহাসের ইংরেজি পুঁথিতে, এবং ভারতবর্ষ বড়ো ইংরেজের কাছে আপিসের দক্ষতরে এবং জমাধরচের পাকাথাতায়। অর্থাৎ ভারতবর্ষ তার কাছে তুপাকার স্ট্যাটিনিজের সমষ্টি। সেই স্ট্যাটিনিজের দেখা যায় কত আমদানি কত রপ্তানি; কত আর কত ব্যব; কত জরিল কত মহিল; শান্তিরক্ষার জন্ত কত পুলিস, শান্তি দিবার জন্ত কত জেলথানা। রেলের লাইন কত দীর্ঘ, কলেজের ইমারত ক্রয়তলা উচ্চ। কিন্তু স্পষ্ট তো তথু নীলাকাশ-জোড়া অন্তের তালিকা নয়। সেই অন্তমালার চেয়ে অনেক বেশির হিসাবটা ভারত-আপিসের কোনো ডিপার্টমেন্ট্ দিয়া কোনো মানবজীবের কাছে গিয়া পৌছার না।

এ কথা বিশাস করিতে যত বাধাই পাক্ তবু আমাদের দেশের লোকের ইহা নিশ্চর লানিতে হইবে যে, বড়ো-ইংরেজ বলিয়া একটা বড়ো জাতি সত্যই ভূগোলের এক জারগায় আছে। প্রবলের প্রতি ত্র্বল যে অবিচার করে তাহাতে তার ত্র্বলতারই পরিচয় হয়— সেই দীনতা হইতে মুক্ত থাকিলেই আমাদের গৌরব। এ কথা শপথ করিয়া বলা যায় যে, এই রড়ো-ইংরেজ সর্বাংশেই মাহ্রেরে মতো। ইহাও নিশ্চিত যে, জগতের সকল বড়ো জাতিই যে-ধর্মের বলে বড়ো হইয়াছে ইংরেজও সেই বলেই বড়ো; অত্যক্ত রাগ করিয়াও এ কথা বলা চলিবে না যে, সে কেবল তলোয়ারের ডগায় ভর করিয়া উচু হইয়াছে কিংবা টাকার থলির উপরে চড়িয়া। কোনো জাতিই টাকা করিতে কিংবা লড়াই করিতে পারে বলিয়াই ইতিহাসে গৌরব লাভ করিয়াছে এ কথা আশ্রেরে। মহায়তে বড়ো না হইয়াও কোনো জাতি বড়ো হইয়াছে এ কথাটাকে বিনা সাক্ষ্যপ্রমাণে গোড়াতেই ডিসমিস করা যাইতে পারে। ভ্রায়, সত্য এবং স্বাধীনতার প্রতি শ্রন্ধা এই ইংরেজজাতির অন্তরের আদর্শ। সেই আদর্শ ইহাদের সাহিত্যে ও ইতিহাসে নানা আকারে ও অধ্যবসায়ে প্রকাশ পাইয়াছে এবং আজিকার মহায়ুজেও সেই আদর্শ নানা ছলনা ও প্রতিবাদ সত্বেও তাহাদিগকে শক্তিদান করিতেছে।

এই বড়ো-ইংরেজ স্থির নাই, দে অগ্রাসর হইয়া চলিয়াছে। ইতিহাসের মধ্য দিয়া তার জীবনের পরিবর্তন ও প্রাসার ঘটিতেছে। দে কেবল তার রাষ্ট্র ও বাণিজ্য লইয়া নয়, তার শিল্প সাহিত্য দর্শন বিজ্ঞান ধর্ম ও সমাজ লইয়া পূর্ণপ্রবাহে চলিয়াছে। দে ফলনধর্মী; মুরোপীয় সভ্যতার বিরাট বজ্ঞে সে একজন প্রধান হোতা। বর্তমান যুদ্ধের মহৎ শিক্ষা তার চিত্তকে প্রতিমৃহুতে আন্দোলিত করিতেছে। মৃত্যুর উদার বৈরাগ্যআলোকে সে মাহুষের ইতিহাসকে নৃতন করিয়া পড়িবার স্ক্ষোগ পাইল। সে দেখিল অপমানিত মহান্তত্বের প্রতিকৃলে বাজাত্যের আত্মাভিমানকে একান্ত করিয়া তুলিবার স্কনিবার্থ হুর্বোগটা কী.। সে আজ নিজের গোচরে বা মগোচরে প্রত্যাহ বৃষিতেছে

বে, বজাতির বিনি দেবতা সর্বজাতির দেবতাই তিনি, এইক্ষন্ত তাঁহার প্রায় নরবলি আনিলে একদিন কলে তাঁব প্রলয়দ্ধ ধারণ করেন। আজ বদি দে না-ও বৃবিয়া থাকে, একদিন দে বৃবিবেই যে, হাওয়া যেখানেই পাতলা, বড়ের কেন্দ্রই দে জায়গাটায়—
কেননা চারি দিকের মোটা হাওয়া সেই কাঁক দখল করিতেই কাঁকিয়া পড়ে। তেমনি
পৃথিবীর যে-সব দেশ তুর্বল, সবলের ঘন্দের কারণ সেধানেই; লোভের ক্ষেত্র সেখানেই;
মাহার সেধানে আপন মহংক্ষরণে বিরাজ করে না; মাহার প্রত্যহই সেধানে অসতর্ক
হইয়া আপন মহয়জকে শিধিল করিয়া বর্জন করিতে থাকে। শয়তান সেধানে আসন
কৃতিয়া ভগবানকে তুর্বল বলিয়া বিজ্ঞাপ করে। বড়ো-ইংরেজ এ কথা বৃবিবেই যে,
বালির উপর বাড়ি করা চলে না, একের শক্তিহীনতার উপরে অপরের শক্তির ভিত্তি
কথনই পালা হইতে পারে না।

किन्छ ह्यारि।-देश्टबस अधानत इट्डा हत्न ना। य-एम्परक रन निम्हन किन्ना বাঁধিয়াছে, শতাব্দীর পর শতাব্দী সেই দেশের সক্ষে সে আপনি বাঁধা। তার জীবনের এক পিঠে আপিস, আরেক পিঠে আমোদ। যে-পিঠে আপিস সে-পিঠে সে ভারতের वहरकां मिश्रा विश्वास वार्षिटका बाक्षर अव वा विषय वा मानार अव जनां मिश्रा व्यान करत. ष्यात य-निर्देठ ष्यारमान मि-निर्देठी ठाँरनत भक्ताकित्कत मर्स्छा, वश्मरतत भन्न वश्मत সম্পূর্ণ অদৃষ্ঠ। তবু কেবলমাত্র কালের অঙ্গাত হিসাব করিয়া ইহারা অভিঞ্কতার দাবি করে। ভারত-অধিকারের গোড়ার ইহারা কম্বনের কাম্বে রত ছিল, কিন্ত ভাষার পর বছদীর্ঘকাল ইছারা পাকা সাম্রাজ্য ও পাকা বাণিজ্যকে প্রধানত পাহারা দিতেতে ও ভোগ করিতেতে। নিরম্ভর কটিনের ঘানি টানিয়া ইহারা বিষয়ীলোকদের পাকা প্রকৃতি পাইয়াছে, দেই প্রকৃতি কঠিন অসাড়তাকেই বল বলিয়া থাকে। তারা মনে করে তাদের আপিসটা স্থনিরমে চলিতেছে এইটেই বিশ্বের সব-চেয়ে বড়ো ঘটনা। কিন্তু আপিদের জালনার বাহিরে রান্তার ধূলার উপর দিয়া বিখদেবতা তাঁর রথযাতায় অতিদীনকেও যে নিজের সারখ্যেই চালাইতেছেন এই চালনাকে তারা অল্রদ্ধা করে। অক্ষমের সঙ্গে নিয়ত কারবার করিয়া এ কথা তারা ধ্রুব বলিয়া ধরিয়া লইয়াছে. যেমন তারা বর্তমানের মালিক তেমনি তারা ভবিষ্যতের নিমন্তা। আমরা এধানে আসিয়াছি এই কথা বলিয়াই ভারা চুপ করে না, আমরা এখানে বাকিবই এই কথা বলিয়া ভারা স্পর্ধা করে।

জতএব ওরে মরীচিকালুদ্ধ ছর্ভাগা, বড়ো-ইংরেজের কাছ ছইতে জাহাজ বোঝাই করিয়া বর আসিতেছে কেবল এই আশাটাকে বুকে করিয়াই পশ্চিমের ঘাটের দিকে জতবেশি কলরব করিতে করিতে ছুটিরো না। এই আশহাটাকেও মনে রাখিয়ো বে, ভারতসাগরের তলায় তলায় ছোটো-ইংরেজের 'মাইন' সার বাঁধিয়া আছে। এটা অসম্বন নয় যে তোমার ভাগ্যে জাহাজের যে ভাঙা কাঠ আছে সেটা স্বাধীনশাসনের অস্ত্যেষ্টিসংকারের কাজে লাগিতে পারে। তার পরে লোনা জলে পেট ভরাইরা ডাঙার উঠিতে পারিলেই আমাদের অনুষ্টের কাছে ফুক্ত পাকিব।

দেখিতে পাই, বড়ো-ইংরেজের দাক্ষিণ্যকেই চরম সম্পদ গণ্য করিয়া আমাদের লোকে চড়া চড়া কথার ছোটো-ইংরেজের মুখের উপর জবাব দিতে গুরু করিয়াছেন। ছোটো-ইংরেজের ফোর যে কতটা থেয়াল করিতেছেন না। ভূলিয়াছেন, মাঝখানের প্রোহিতের মামূলি বরাদের পাওনা উপরের দেবতার বরকে বিকাইয়া দিতে পারে। এই মধ্যবর্তীর জোর কতটা এবং ইহাদের মেজাজটা কী ধরনের সে কি বারে বারে দেখি নাই। ছোটো-ইংরেজের জোর কত সেটা যে কেবল আমরা লর্ড রিপনের এবং কিছু পরিমাণে লর্ড হার্ডিঞ্জের আমলে দেখিলাম তাহা নহে, আর-একদিন লর্ড ক্যানিং এবং লর্ড বেল্টিকের আমলেও দেখা গেছে।

তাই দেশের লোককে বার বার বলি, "কিসের জােরে স্পর্ধা কর। গামের জাের ? তাহা তােমার নাই। কণ্ঠের জাের ? তােমার যেমনি অহংকার থাক্ সেও তােমার নাই। মুক্লির জাের? সেও তাে দেখি না। যদি ধর্মের জাের থাকে তবে তারই প্রতি সম্পূর্ণ ভরসা রাখাে। থেচ্ছাপূর্বক ত্ঃখ পাইবার মহৎ অধিকার হইতে কেহ তােমাকে বঞ্চিত করিতে পারিবে না। সত্যের জন্ত, লাাব্যারের জন্ত, লাাকশ্রেরের জন্ত আাপনাকে উৎসর্গ করিবার গােরব ত্র্গম পথের প্রাক্তে তােমার জন্ত অপেকা করিতেছে। বর যদি পাই তবে অস্কর্থামীর কাছ হইতে পাইব।"

দেখ নাই কি, বরদানের সংকল্প-ব্যাপারে ভারত-গবর্মেণ্টের উচ্চতম বিভাগের যোগ আছে গুনিয়া এ-দেশী ইংরেজের সংবাদপত্র অইহান্তে প্রশ্ন করিতেছে, "ভারত-সচিবদের সাম্বিকার ঘটিল নাকি। এমন কী উৎপাতের কারণ ঘটিরাছে যে বক্তপাত-ডিপার্টিমেণ্ট্ হইতে হঠাৎ বৃষ্টিপাতের আয়োজন হইতেছে।" অথচ আমাদের ইন্থুলের কচি ছেলেগুলোকে পর্যন্ত ধরিয়া যখন দলে দলে আইনহীন রসাতলের নিরালোক ধামে পাঠানো হয় তথন ইহারাই বলেন, "উৎপাত এত গুরুতর যে, ইংরেজ-সাম্রাজ্যের আইন হার মানিল, মগের মৃদ্ধুকের বেআইনের আমদানি করিতে হইল।" অর্থাৎ মারিবার বেলায় যে আভক্ষী সত্যা, মলম দিবার বেলাতেই সেটা সত্যা নয়। কেননা মারিতে থরচ নাই, মলম লাগাইতে থরচা আছে। কিছু তাও বলি, মারিবার ধরচার বিল কালে মলমের থরচার চেয়ে বড়ো হইয়া উঠিতে পারে। তোমরা জোরের সলে ঠিক করিয়া আছু যে, ভারতের যে-ইতিহাস ভারতবাসীকে লইয়া, সেটা সামনের দিকে

বহিতেছে না; তাহা ঘূর্ণির মতো একটা প্রবল কেন্দ্রের চারি দিকে ঘূরিতে ঘূরিতে তলার মূখেই ঝুঁকিতেছে। এমন সময় আসিস হইতে বাহির হইবার কালে হঠাৎ একদিন দেখিতে পাও স্রোতটা তোমাদের নক্শার রেখা ছাড়াইয়া কিছুদ্র আগাইয়া গেছে। তখন রাগিয়া গর্জাইতে গর্জাইতে বল, পাধর দিয়া বাঁধো উন্কো, বাঁধ দিয়া উহাকে ঘেরো। প্রবাহ তখন পথ না পাইয়া উপরের দিক হইতে নীচের দিকে তলাইতে থাকে— সেই চোরা-প্রবাহকে ঠেকাইতে গিয়া সমন্ত দেশের বক্ষ দীর্ণ বিদীর্ণ করিতে থাক।

षामात्र मत्न এই ছোটো-ইংরেন্সের যে-একটা বিরোধ ঘটিয়াছিল সে কথা বলি। বিনাবিচারে শতশত লোককে বন্দী করার বিরুদ্ধে কিছুদিন আগে একথানি ছোটো চিঠি লিথিয়াছিলাম। ইহাতে ভারতজীবী কোনো ইংরেজি কাগন্ধ আমাকে মিথাক ও extremist বলিয়াছিল। ইহারা ভারতশাসনের তক্মাহীন সচিব, স্বতরাং আমাদিগকে সত্য করিয়া স্থানা ইহাদের পক্ষে অনাবশুক, অতএব আমি ইহাদিগকে ক্ষমা করিব। এমন-কি, আমাদের দেশের লোক, যারা বলেন আমার পছেও অর্থ নাই, গতেও বস্তু নাই, তাঁদের মধ্যেও যে গুই-একজন ঘটনাক্রমে আমার লেখা পড়িয়াছেন আৰু পৰ্যন্ত আমি অতিশয়-পছার বিক্লকে লিখিয়া আসিতেছি। আমি এই কথাই বলিয়া আদিতেছি যে, অস্তায় করিয়া যে ফল পাওয়া যায় তাহাতে কথনোই শেষ পর্যন্ত ফলের माम পোষায় না, অন্তায়ের অণ্টাই ভয়ংকর ভারী হইয়া উঠে। সে যাই হোক, দিশি वा विभिन्ति (य-कार्ता) कामिए उट्टे काक-ना आभार निष्मार नाम कार्य कार्ता माधनारक আমি ভয় করিব না। আমার যেটা বলিবার কথা দে এই যে, অতিশয়-পছা বলিতে আমরা এই বৃঝি, যে-পছা না ভন্ত, না বৈধ, না প্রকাশ্ত ; অর্থাৎ সহজ পথে ফলের আশা ত্যাগ করিয়া অপথে বিপথে চলাকেই 'একটিমিজম' বলে। এই পথটা যে নিরতিশয় গৃহিত সে কথা আমি জোরের সঙ্গেই নিজের লোককে বলিয়াছি, সেইজন্মই আমি জোরের সঙ্গেই বলিবার অধিকার রাখি যে, 'একট্রিমিজ্ম' গবর্মেন্টের নীতিতেও ষ্পরাধ। আইনের রান্তা বাঁধা রান্তা বলিয়া মাঝে মাঝে তাহাতে গম্যস্থানে পৌচিতে খুর পড়ে বটে, কিন্তু ডাই বলিয়া বেলজিয়মের বুকের উপর দিয়া সোজা হাটিয়া রাজা সংক্ষেপ করার মতো 'একক্টিমিজ্ম' কাহাকেও শোভা পায় না।

ইংরেজিতে যাকে 'শর্টকাট্' বলে আদিমকালের ইতিহাসে তাহা চলিত ছিল। "লে আও, উদ্কো শির লে আও" এই প্রণালীতে গ্রন্থি খুলিবার বিরক্তি বাঁচিয়া যাইত, এক কোপে গ্রন্থি কাটা পড়িত। যুরোপের অহংকার এই যে, সে আবিদ্ধার

করিয়াছে এই সহল প্রশালীতে গ্রন্থি কাটা পড়ে বটে কিন্তু মালের গুরুতর লোকসান ঘটে। সভ্যতার একটা দায়িত্ব আছে, সকল সংকটেই সে দায়িত্ব তাহাকে রক্ষা করিতে হইবে। শান্তি দেওয়ার মধ্যে একটা দায়ণতা অনিবার্ধ বলিয়াই শান্তিটাকে স্থায়বিচার-প্রশালীর ফিলটারের মধ্য দিয়া ব্যক্তিগত রাগবেষ- ও পক্ষপাত- পরিশৃষ্ঠ করিয়া সভ্যসমাজ তবে তাহাকে গ্রহণ করিতে পারে। তাহা না হইলেই লাঠিয়ালের লাঠি এবং শাসনকর্তার স্থায়দণ্ডের মধ্যে প্রভেদ বিদৃশ্ধ হইতে থাকে।

বীকার করি, কাজ কঠিন হইয়াছে। বাংলাদেশের একদল বালক ও যুবক বদেশের সচ্ছে বদেশীর সত্য যোগসাধনের বাধা-অতিক্রমের যে পথ অবলম্বন করিয়াছে তাহার জন্ত আমরা লজ্জিত আছি। আরো লজ্জিত এইজন্ত যে, দেশের প্রতি কর্তব্যনীতির সচ্ছে ধর্মনীতির বিচ্ছেদসাধন করায় অকর্তব্য নাই এ কথা আমরা পশ্চিমের কাছ হইতেই শিথিয়াছি। পলিটিক্সের গুপ্ত ও প্রকাশ্ত মিপ্যা এবং পলিটিক্সের গুপ্ত ও প্রকাশ্ত দক্ষার্ত্তি পশ্চিম সোনার সহিত খাদ মিশানোর মতো মনে করেন, মনে করেন ওটুকু না থাকিলে সোনা শক্ত হয় না। আমরাও শিথিয়াছি যে, মাহ্রের পরমার্থকে দেশের স্বার্থের উপরে বসাইয়া ধর্ম লইয়া টিক্টিক করিতে থাকা মৃচতা, ত্র্বলতা, ইহা সেন্টিমেন্টালিজ্ম— বর্বরতাকে দিয়াই সভ্যতাকে এবং অধর্মকে দিয়াই ধর্মকে মজবৃত করা চাই। এমনি করিয়া আমরা যে কেবল অধর্মকে বরণ করিয়া লইয়াছি তাহা নহে, আমাদের গুরুমশারদের যেখানে বীভংসতা, সেই বীভংসতার কাছে মাধা হেঁট করিয়াছি। নিজের মনের জোরে ধর্মের জোরে গুরুমশায়ের উপরে দাঁড়াইয়াও এ কথা বলিবার তেক্ক ও প্রতিভা আমাদের আফ্ব নাই যে,

অধর্মেনৈধতে তাবং ততো ভদ্রাণি পশ্রতি, ততঃ সপত্মান করতি সমূলস্থ বিনন্ধতি।

অর্থাৎ অধর্মের দারা মাহ্র বাজিয়া উঠে, অধর্ম হইতে সে আপন কল্যাণ দেখে, অধর্মের দারা সে শক্রদিগকেও জয় করে, কিন্তু একেবারে মূল হইতে বিনাশ পায়। তাই বলিতেছি, গুরুমশায়দের কাছে আমাদের ধর্মবৃদ্ধিরও যে এত-বড়ো পরাভব হইয়াছে ইহাতেই আমাদের দকলের চেয়ে বড়ো লক্ষা। বড়ো আশা করিয়াছিলাম, দেশে যথন দেশভক্তির আলোক জ্ঞালিয়া উঠিল তখন আমাদের প্রকৃতির মধ্যে যাহা দকলের চেয়ে মহৎ তাহাই উচ্ছল হইয়া প্রকাশ পাইবে; আমাদের য়াহা মৃগসঞ্চিত অপরাধ তাহা আপন অন্ধকার কোণ ছাড়িয়া পালাইয়া ঘাইবে; তৃঃসহ নৈরাশ্রের পারাণন্তর বিদীর্ণ করিয়া অক্ষয় আশার উৎস উৎসারিত হইয়া উঠিবে এবং তৃরহ নিরশায়তাকেও উপেকা করিয়া অপরাহত ধর্ষ এক-এক পা করিয়া আপনার রাজপণ

নির্মাণ করিবে ; নিষ্ঠুর আচারের ভারে এ দেশে মামুষকে মামুষ যে অবনভ অপমানিত ক্ষিয়া ব্লাপিয়াছে অক্সম্ভিম প্রীতির আনন্দময় শক্তির বারা সেই ভারকে দূর করিয়া সমস্ত দেশের লোক একসবে মাধা তুলিয়া দাঁড়াইব। কিন্তু আমাদের ভাগ্যে এ কী হইল! দেশভক্তির আলোক জলিল, কিন্তু সেই আলোতে এ কোন দুৱা দেখা যায়— এই চুরি ডাকাতি গুগুহত্যা? দেবতা যধন প্রকাশিত হইয়াছেন তখন পাপের অর্থ্য লইয়া তাঁহার পূজা? যে-দৈল্প যে-জড়তায় এতকাল আমরা পোলিটিকাল ডিকা-বৃত্তিকেই সম্পদ্লাভের সত্পায় বলিয়া কেবল রাজদরবারে দরখান্ত লিখিরা হাত পাকাইয়া আসিয়াছি, দেশগ্রীতির নববসক্তেও সেই দৈয়া সেই জড়তা সেই আত্ম-অবিশ্বাস পোলিটিকাল চৌর্যবৃত্তিকেই রাতারাতি ধনী হইবার একমাত্র পথ মনে করিয়া मम्ब दिन्द कि कनिक कि विद्याल मा। এই চোরের পথ আর বীরের পথ কোনো চৌমাখায় একত আসিয়া মিলিবে না। মুরোপীয় সভ্যতায় এই ছুই পথের সন্মিলন ঘটিয়াছে বলিয়া আমরা ভ্রম করি, কিন্তু বিধাতার দরবারে এখনো পথের বিচার শেষ इय नार्टे त्न कथा भरन दाथिए इरेट्ट ; याद वाक कन्नां हरे या उदम नां ध कथा ममच পृथियी यपि मात्न छत् छात्रछदर्व स्थन ना मात्न विधाछात्र कारह এই वत्र श्रार्थना করি, তার পর পোলিটিকাল মুক্তি যদি পাই তো ভালো, যদি না পাই তবে তার চেয়ে वर्णा मुक्कित्र भथरक कमुविज भनिष्ठित्त्रत आवर्षमा मित्रा वाधाश्रच कत्रिव मा।

কিন্তু একটা কথা ভূলিলে চলিবে না যে, দেশভক্তির আলোকে বাংলাদেশে কেবল যে চোরভাকাতকে দেখিলাম তাহা নহে, বীরকেও দেখিয়াছি। মহৎ আত্মতাগের দৈবীশক্তি আজ আমাদের যুবকদের মধ্যে যেমন সম্ভ্রুল করিয়া দেখিয়াছি এমন কোনোদিন দেখি নাই। ইহারা ক্ষুদ্র বিষয়বৃদ্ধিকে জলাঞ্জলি দিয়া প্রবল নিষ্ঠার সঙ্গে দেশের সেবার জন্ত সমস্ত জীবন উৎসর্গ করিতে প্রস্তুত হইয়াছে। এই পথের প্রান্তে কেবল যে গবর্মেন্টের চাকরি বা রাজসন্মানের আশা নাই তাহা নহে, ঘরের বিজ্ঞ অভিভাবকদের সঙ্গেও বিরোধে এ রান্তা কন্টকিত। আজ সহসা ইহাই দেখিয়া পুলকিত হইয়াছি যে বাংলাদেশে এই ধনমানহীন সংকটময় দুর্গমপথে তরুল পথিকের অভাব নাই। উপরের দিক হইতে ভাক আসিল, আমাদের যুবকেরা লাড়া দিতে দেরি করিল না; তারা মহৎ ত্যাপের উচ্চ শিখরে নিজের ধর্মবৃদ্ধির সম্বল্মাত্র লইয়া পথ কাটিতে কাটিতে চলিবার জন্ত দলে দলে প্রস্তুত হইতেছে। ইহারা কংগ্রেসের দর্মান্তশন্ত বিছাইয়া আপন পথ স্থগম করিতে চায় নাই, ছোটো-ইংরেজ ইহাদের ওভ সংকল্পকে ঠিকমত বৃনিবে কিলা হাত তুলিয়া আশীর্বাদ করিবে এ দ্বাশাও ইহারা মনে রাখে নাই। জন্ত গৌভাগ্যবান দেশে, ধেখানে জনদেবার ও দেশসেবার বিচিত্র

পৰ প্ৰশক্ত হইয়া দিকে দিকে চলিয়া গেছে, বেধানে গুড ইচ্ছা এবং গুড ইচ্ছার ক্ষেত্র এই ছইরের মধ্যে পরিপূর্ণ যোগ আছে, সেইখানে এই রক্মের দুচ্নংকর আছা-विमर्कननीन विषयपृष्ठिशैन क्यमाथायन हिलाबाई दमरनत मकरनत करस वराजा मन्नम । আত্মঘাতী শচীত্রের অন্থিমের চিঠি পড়িলে বোঝা বার বে. এ-ছেলেকে বে-ইংরেজ শাব্দা দিয়াছে সেই ইংরেক্ষের দেশে এ যদি ক্ষত্নিত তবে গৌরবে বাঁচিতে এবং ভতোধিক গৌরবে মরিতে পারিত। স্মাদিমকালের বা এখনকার কালের বে-কোনো রাজা বা রাজার আমলা এই শ্রেণীর জীবনবান ছেলেদের শাসন করিয়া দলন করিয়া দেশকে একপ্রান্ত হইতে আর-একপ্রান্ত পর্যন্ত অসাড় করিয়া দিতে পারে। ইহাই मरुज, किन्छ देश ভल नम्न, ध्वर आमता अनिमाहि देश क्रिक देशन नरह। याता নিরপরাধ অবচ মহৎ, অধবা মহৎ উৎসাহের ক্ষণিক বিকারে বারা পথ ভূল করিয়াছে, যারা উপরে চড়িতে গিরা নীচে পড়িরাছে এবং অভয় পাইলেই যারা দে পথ হইতে ফিরিয়া একদিন জীবনকে সার্থক করিতে পারিত, এমন-সকল ছেলেকে সলেহমাত্তের 'পরে নির্ভর করিয়া চিরন্সীবনের মতো পদু করিয়া দেওয়ার মতো মানবন্দীবনের এমন নির্মম অপব্যয় আর-কিছুই হইতে পারে না। দেশের সমস্ত বালক ও যুবককে আজ পুলিদের গুপ্তদলনের হাতে নির্বিচারে ছাড়িয়া দেওয়া— এ কেমনতরো রাষ্ট্রনীতি। এ-যে পাপকে হীনতাকে রাজপেয়াদার তকমা পরাইয়া দেওয়া। এ যেন রাতত্বপুরে কাঁচা ফসলের থেতে মহিষের পাল ছাড়িয়া দেওয়া। যার খেত সে কপাল চাপড়াইয়া হায় हांग्र कतिया मत्त्र, जांत्र यांत्र महिय तम तुक मूलाहेश तल- तन हहेबाहि, धकीं। আগাচাও আর বাকি নাই।

আর-একটা সর্বনাশ এই বে, পৃলিস একবার যে-চারায় অল্পাত্রও দাঁত বসাইয়াছে সে-চারায় কোনোকালে ফুলও ফোটে না, ফলও ধরে না। উহার লালায় বিষ আছে। আমি একটি ছেলেকে নিজে জানি, তার বেমন বৃদ্ধি, তেমনি বিছা, তেমনি চরিত্র; পুলিসের হাত হইতে সে বিক্ষত হইয়া বাহির হইল বটে, কিছু আজ সে তরুণ বয়সে উয়াদ হইয়া বহরমপুর পাগলা-গারদে জীবন কাটাইতেছে। আমি জোর করিয়া বলিতে পারি তার কাছে বিভিন্নাজের একচুলমাত্র আশহার কারণ ছিল না, অবচ তার কাছ বেকে আমাদের দেশ বিশ্বর আশা করিতে পারিত। পুলিসের মারের তোকধাই নাই, তার স্পর্শই সাংঘাতিক। কিছুকাল পূর্বে শান্তিনিকেতনের ছেলেরা বীরভূমের জেলাভুলে পরীকা দিতে গেলে পুলিসের লোক আর-কিছুই না করিয়া কেবলমাত্র তাহাদের নাম টুকিয়া লইত। আর-বেশি কিছু করিবার দরকার নাই; উহাদের নিশ্বাস লাগিলেই কাচা প্রাণর জন্ব গুকাইতে শুক করে। উহাদের খাতা

বে গুপ্ত খাতা, উহাদের চাল যে গুপ্ত চাল। সাপে-খাওরা ফল যেমন কেই খায় না, আজকের দিনে তেমনি পুলিসে-ছোঁওরা মান্ত্যকে কেই কোনো ব্যবহারে লাগায় না। এমন-কি, যে মরিরা-মান্ত্যকে বৃদ্ধ কগ্ণ দরিক্র ক্লী ক্চরিত্র কেইই পিছু হঠাইতে পারে না, বাংলাদেশের সেই ক্লাদায়িক বাপও তার কাছে ঘটক পাঠাইতে ভর করে। সে দোকান করিতে গোলে তার দোকান চলে না, সে ভিক্ষা চাহিলে তাহাকে দরা করিতে পারি কিছু দান করিতে বিপদ গনি। দেশের কোনো হিতকর্মে তাহাকে লাগাইলে সে কর্ম নই হইবে।

যে অধ্যক্ষদের 'পরে এই বিভীষিকা-বিভাগের ভার তাঁরা তো রক্তমাংদের মাছব; তাঁরা তো রাগবেষবিবর্জিত মহাপুরুষ নন। রাগ বা আতত্তের সময় আমরাও ষেমন আর প্রমাণেই ছায়াকে বস্তু বলিয়া ঠাহর করি, তাঁরাও ঠিক তাই করেন। সকল মাথ্যকে সন্দেহ করাটাই যখন তাদের ব্যবসায় হয় তথন সকল মাত্রকে অবিশাস করাটাই তাঁদের শ্বভাব হইয়া ওঠে। সংশয়ের সামাস্ত আভাসমাত্রকেই চূড়াস্ত করিয়া নিরাপদকে পাকা করিতে তাঁদের খভাবতই প্রবৃত্তি হয়— কেননা, উপরে তাঁদের দায়িত্ব অল্প, চারি পাশের লোক ভয়ে নিন্তন্ধ, আর পিছনে ভারতের ইংরেজ হয় উদাসীন নয় উৎসাহদাতা। যেথানে স্বাভাবিক দরদ নাই অথচ ক্রোধ আছে এবং শক্তিও অব্যাহত, যে সামধর্ম রক্ষিত হইতেছে এ কথা কি আমাদের ছোটো-ইংরেজও সত্যই বিশ্বাস করেন। আমি শপথ করিয়া বলিতে পারি, তিনি বিশ্বাস করেন না, কিন্তু তার বিশ্বাস এই যে, কাজ উদ্ধার হইতেছে। কারণ দেখিয়াছি, জর্মানিও এই বিশ্বাসের জ্বোরে ইন্টারস্তাশনাল আইনকে এবং দয়াধর্মকে অগ্রাহ্ম করিয়া যুদ্ধ জিতিবার নিয়মকে সহজ করিয়াছে। তার কারণ, হর্ভাগ্যক্রমে কর্মানিতে আব্দ বড়ো-কর্মানের চেয়ে ছোটো-জর্মানের প্রভাব বড়ো হইয়াছে, যে-জর্মান কাঞ্চ করিবার যন্ত্র এবং যুদ্ধ করিবার কায়দামাত্র। আবার বলি, "শির লে আও" বলিতে পারিলে রাজকার্য উদ্ধার হইতে পারে যে-রাজকার্য উপস্থিতের, কিন্তু রাজনীতির অধঃপতন ঘটে যে-রাজনীতি চিরদিনের। এই রাজনীতির জন্ম ইংলণ্ডের ইতিহাসে ইংরেজ লড়াই করিয়াছে, এই वाक्नीिजर वाकिচादिक क्रमित প্রতি মহৎ घुनाव क्रमीश हैश्दाक युवक महन महन যুদ্ধকেতে প্রাণ দিতে ছটিয়াছে ৷

বিশ্বমানবের ইতিহাসকে অথগু করিরা দেখিবার অধ্যাত্মদৃষ্টি যাহাতে শান্তি-নিকেতন-আশ্রমের বালকদের পক্ষে তুর্বল বা কলুষিত না হর আমি এই সক্ষ্য দৃঢ় করিয়া রাখিরাছি। তাই এই আশ্রমের শুক্তকার্বে ইংরেক্স সাধকেরও জীবন উপহার नावि कत्रिए जामि क्षिण हरे नारे। भत्रममण्डात जामि कारना वरणा नारमत माहारे मिया येखिल कविरल हारे नारे, हेहार् मामाव धर्मनीलिस्क निज्ञात ইংরেজ ও এ-দেশী শিশুগণ চুর্বলের ধর্মনীতি ও মুমূর্বুর লাশ্বনা বলিয়া অবকা করিতে পারেন। আমাদের অবস্থা অস্বাভাবিক: আমাদের বর্তমানের কেত্র ও ভবিস্থতের আশা চারি দিকে দংকীর্ণ; আমাদের অন্তর্নিহিত মানসিক শক্তিবিকাশের উৎসাহ শীণ ও হবোগ বাধাগ্রন্থ; বড়ো বড়ো উদ্ধত পদমান ও দায়িত্বের নিয়তলের আওতায় क्रम ७ वर्ष रहेशा स्नामता त्य-स्मा क्याहिया शांकि कशरखत हाटि खात श्रास्त्र पृष्ट, তার দাম বংকিঞ্চিং; অথচ সেই ধর্বতাটাই আমাদের চিরস্বভাব এই অপবাদ দিয়া দেই আওতাটাকে চিরনিবিড করিয়া রাখা আমাদের মতো গুলের পকে কল্যাণকর विषया (मर्ग विराम हाराया हिन्दिक । धेर व्यवश्चात्र स-व्यवमान व्याप्त काहारक দেশের লোকের মন অন্তরে অন্তরে গুরুভারাক্রান্ত হইরা উঠে। এই কারণেই ভরবেষ-বিবর্জিত আধ্যাত্মিক মৃক্তিদাধনের উপদেশ এনদেশে আজকাল শ্রদ্ধা পায় না। তবু আমার বিখাস, এই সকল বাধার সঙ্গে লড়াই করিয়াও আমাদের আশ্রমের উদ্দেশ্ত সম্পূর্ণ ব্যর্থ হয় নাই। কেননা বাধা ত্বরহ হইলেও পরমার্থের সভাটিকে মাহুষের দামনে উপস্থিত করিলে দে তাকে একেবারে অশ্রদ্ধা করিতে পারে না- এমন-কি, আমাদের দেশের অত্যন্ত আধুনিক ছেলের পক্ষেও তাহা কঠিন হয়। আমাদের এই স্বভাবসম্বন্ধে পাঞ্চাবের লাটের সঙ্গেও আমার মতের মিল আছে। কিন্তু এক-এক-সময়ে এমন তুর্যোগ আদে যখন এই বাঙালির ছেলের মতো অত্যম্ভ ভালোমাহুষের কাছেও উচ্চতম দত্যের কথা অবজ্ঞাভান্সন হইয়া উঠে। কেননা রিপুর সংঘাতে রিপু জাগে, তথন প্রমন্ততার উপরে কল্যাণকে স্বীকার করা তঃসাধ্য হয়। আমাদের আশ্রমে ঘুটি ছোটো ছেলে আছে। তাদের অভিভাবকদের অবস্থা বেশ ভালোই हिल। वत्रावत जाता अवात्म थाकिवात वत्र खांगारेशाहा। किहूकाल रहेल जात्मत পরিবারের তিনজন পুরুষের একসঙ্গে অন্তরায়ণ হইয়াছে। এখন আশ্রমবালের খরচ জোগানো ছেলে হুটির পক্ষে অসম্ভব, আশ্রমে তাদের শিক্ষা ও আহারাদির ভার এখন चाल्रेमरक्टे नटेर७ ट्टेन। এই ছেলে कृष्टि रूपन य निस्त्र भ्रांनि विट्रिएह छ। नर् তাদের মায়ের বে ফু:খ কত তা তারা জানে। যে ব্যথায় অভাবে ও নিরানন্দে তাদের ঘর ভরিয়া উঠিয়াছে তা তাদের অগোচর নাই। বাপকে ম্যালেরিয়ার ধরিয়াছে, মা ব্যাকৃল হইয়া চেষ্টা করিতেছেন যাতে তাঁকে স্বাস্থ্যকর স্বায়গার কনী রাখা হয়, এই-সমস্ত চুল্চিস্তার দৃঃখ এই শিশু চুটিকেও পীড়া দিতেছে। এ সমস্কে ছেলে ঘুটির মুখে একটি শব্দ নাই, আমরাও কিছু বলি না- কিছু এই ছেলেরা বধন সামনে থাকে তখন

বৈবের কথা, প্রেমের কথা, নিত্যধর্মের প্রতি নিষ্ঠার কথা, সর্বমানবের ভগবানের প্রতি বিখাসের কথা বলিতে আমার কুঠা বোধ হয়, তখন সেই-সকল লোকের বিজ্ঞপহাস্তকৃটিল মুখ আমার মনে পড়ে থারা পাঞ্চাবের লাটের মতোই সান্তিকতার অতিশৈত্যকে
পরিহাস করেন। এমনি করিয়া রিপুর সহিত রিপুর চকমকি ঠোকায় আগুন
অলিতেছে; এমনি করিয়া বাংলাদেশের প্রদেশে প্রদেশে হংখে আতত্তে মাহ্হ
বাহিরের থেদকে অন্তরের নিত্যভাগুরের সঞ্চিত করিতেছে। শাসনকর্তার অনুত্র মেঘের
ভিতর হইতে হঠাৎ সংগারের মায়খানে বে-বোমাগুলা আসিয়া পড়িতেছে তাহাতে
মরিতেছে বিত্তর অনাথা রমণী এবং অসহার শিশু। ইহাদিগকে কি non-combatants বলিবে না।

যদি জিজাসা কর এই ছুষ্ট সমস্তার মূল কোথায়, তবে বলিতেই হইবে স্বাধীন শাসনের অভাবে। ইংরেজের কাছে আমরা বড়োই পর, এমন-কি চীন-জাপানের সক্ষেও তাঁরা আমাদের চেয়ে অনেক বেশি আন্তরিক সামীপ্য অহুভব করেন এ কথা ভাঁদের কোনো কোনো বিঘান অমণকারী লিখিয়াছেন। তার পরে আমাদের আধ্যান্মিকতা আছে, শুনিতেছি তাঁদের সে বাগাই নাই— এত বড়ো মূলগত প্রভেদ মাহুবে মাহুবে আর-কিছু হইতেই পারে না। তার পরে তাঁরা আমাদের ভাষা জানেন না, আমাদের সঙ্গ রাখেন না। ষেখানে এত দূরত, এত কম জানা, সেখানে সতর্ক সন্দিশ্বতা একমাত্র পলিদি হইতে বাধ্য। সেধানে দেশের যে-সব লোক স্বার্থপর ও চতুর, যারা অবৈতনিক গুপ্তচরবৃত্তি করাই উন্নতির উপায় বলিয়া জানে, তাদের বিষাক্ত প্রভাব শাসনতম্নের ছিন্তে ছিল্লে প্রবেশ করিয়া তাহাকে মিথ্যায় এবং মিথ্যার চেয়ে ভয়ংকর অর্থসত্যে ভরিয়া রাখে। যারা স্বার্থের চেয়ে আত্মসন্মানকে বড়ো জানে, যারা নিজের উন্নতির চেয়ে দেশের মকলকে শ্রেয় বলিয়া জানে, তারা যতক্ষণ না পুলিসের প্রাদে পড়ে ততক্ষণ এই শাসনব্যবস্থা হইতে বধাসম্ভব দূরে ধাকে। এই निश्च भा ििभिन्ना हना धवर हिभ हिन वना, धेरे मिनना बाए बाए हा छा धन धवर ঝোপে ঝাড়ে ঘোরা-- আর-কিছু নয়, এই যে অবিরত পুলিসের সঞ্চ করা-- এই কল্বিত হাওয়ার মধ্যে যে-শাসনকর্তা বাস করেন তাঁর মনের সন্দেহ কাজে নিদারুল হইয়া উঠিতে কোনো স্বাভাবিক বাধা পায় না। কেননা, তাঁদের কাছে আমরা একটা অবচ্ছিত্র সন্তা, আমরা কেবলয়াত্র শাসিত সম্প্রদায়। সেইম্বন্ত আমাদের ঘরে বর্থন মা কাঁদিতেছে, জী আত্মহত্যা করিতেছে, শিশুদের শিক্ষা বন্ধ; বর্থন ভাগাহীন দেশের বহু তুঃবের সংচেষ্টাগুলি সি. আই. ডি-র বাঁকা ইশারামাত্রে চারি দিকে ভাঙিয়া ভাঙিয়া পড়িতেছে; তথন অপরণক্ষের কোনো মাহুবের জিনারের কুধা বা নিশীধনিপ্রার ব্যাঘাত ঘটে না এবং ব্রিজ-ধেলাতেও উৎসাহ অক্ষ থাকে। ইহা দোষারোপ করিয়া বলিতেছি না, ইহা স্বাভাবিক। এই-সব মাছ্মই বেখানে বোলো-আনা মাহ্ম, সেখানে আশিসের ওকনো পার্চমেন্টের নীচে হইতে তাদের হাদ্মটা সম্ভবত বাহির হইয়া থাকে। ব্যুরোক্রেসি বলিতে সর্বত্রই সেই কর্তাদের বোঝায় ধারা বিধাতার হাই মহন্তলোক লইয়া কারবার করে না, যায়া নিজের বিধানরচিত একটা ছব্রিম জগতে প্রভূত্তলাল বিভার করে। স্বাধীনদেশে এই ব্যুরোক্রেসি সর্বপ্রধান নয়, এইজন্ত মাহ্মই ইহাদের ফাঁকের মধ্য দিয়া বাড়িয়া উঠিতে পারে। অধীনদেশে এই ব্যুরোক্রেসি কোবাও একট্ও ফাঁক রাখিতে চায় না। আময়া য়খন খোলা আকাশে মাথা তুলিবার জন্ত ফাঁকের দরবার করি, তখন ইহাদের ছোটোবড়ো শাখাপ্রশাখা সমুদ্রের এপারে-ওপারে এমনি প্রচণ্ড বেগে আন্দোলিত হইতে থাকে যে তখন আময়া ব্যতিব্যন্ত হইয়া ভাবি— ফাঁকে কাজ নাই, এখন ঐ ডালের ঝাপটা খাইয়া ভাঙিয়া না পড়িতে হয়। তর্ শেষ কথাটা বলিয়া রাখি; কোনো অস্বাভাবিকতাকে কেবলমাত্র গায়ের জোরে অত্যন্ত বলবান জাতিও শেষ পর্যন্ত সঙ্চিনের আগায় সিধা রাখিতে পারে না। ভার বাড়িয়া ওঠে, হাত ক্লান্ত হয় এবং বিশ্বপৃথিবীর বিপুল ভারাকর্ষণ স্বভাবের অসামঞ্চল্যকে ধূলিসাৎ করিয়া দেয়।

ষাভাবিকতাটা কী। না, শাসনপ্রণালী ষেমনি হোক আর যারই হোক দেশের লোকের সঙ্গে দেশের শাসনতন্ত্রের দায়িছের যোগ থাকা, দেশের শাসনতন্ত্রের প্রতি দেশের লোকের মমন্ব থাকা। সেই শাসন নিরবচ্ছিন্ন বাহিরের জিনিস হইলে তার প্রতি প্রজার উদাসীয় বিভ্যন্তার পরিণত হইবেই হইবে। আবার সেই বিভ্যনাকে বারা বাহিরের দিক হইতেই দমন করিতে থাকেন তাঁরা বিভ্যনাকে বিবেষে পাকাইয়া ভোলেন। এমনি করিয়া সমস্তা কেবলই জটিলতর হইতে থাকে।

বর্তমান যুগদত্যের দৃত হইয়া ইংরেজ এ-দেশে আসিয়াছেন। যে-কালের বাহা সব-চেয়ে বড়ো বিশ্বদশ্পদ তাহা নানা আকারে নানা উপায়ে দেশে দেশে ছড়াইয়া পড়িবেই। যারা সেই দশ্পদের বাহন, তাঁরা যদি লোভের বশ হইয়া রুপণতা করেন, তবে তাঁরা ধর্মের অভিপ্রায়কে অনর্থক বাধা দিয়া হৃঃথ সৃষ্টি করিবেন, কিন্তু তাঁরা যে-আগুন বহন করিতেছেন তাকে চাপা দিয়া রাখিতে পারিবেন না। যাহা দিবার তাহা তাঁহাদিগকে দিতেই হইবে, কেননা এ দানে তাঁহারা উপলক্ষ, এ দান এখনকার মুপের দান। কিন্তু অলাভাবিকতা হইতেছে এই যে, তাঁদের ঐতিহাসিক ক্রমণক্ষের দিকে তাঁরা যে-সত্যকে বিকীর্ণ করিতেছেন, তাঁদের ঐতিহাসিক ক্রমণক্ষের দিকে তাঁরাই সেতাকে শাসনের অন্ধ্বারে আছেয় করিতেছেন। কিন্তু নিজের প্রকৃতির এক

অংশকে তাঁৱা আরেক অংশ দিয়া কিছুতেই প্রবঞ্চিত করিতে পারিবেন না। बर्फा-इरद्रक्करक क्वार्टी-इरद्रक्क विवित्त नार्थिव वैश्व निवा क्रिकाइवाब क्रिक्ष कवित्त ছঃখ-দুৰ্গতি ৰাড়াইতে পাকিবেন। ঐতিহাসিক খেলায় হাতের কাগজ দেখাইয়া খেলা হয় না। তার পরিণাম সমত্ত হিসাবের বিহুদ্ধে হঠাৎ দেখা দিয়া চমক লাগায়। এই জয় মোটের উপর এই তত্তা বলা বার যে, কোনো অস্বাভাবিকতাকে দীর্ঘকাল প্রস্রয় দিতে দিতে ধ্বন মনে এই বিশাস দৃঢ় হয় যে আমার তৈরি নিয়মই নিয়ম, তখনই ইতিহাস হঠাৎ একটা সামান্ত ঠোকর খাইয়া উদটাইয়া পড়ে। শত বৎসর ধরিয়া মাত্রৰ মাত্রবের কাছে আছে অথচ তার সকে মানবসম্বন্ধ নাই; তাকে শাসন করিতেছে অথচ তাকে কোনোমতেই আত্মীয় করিতেছে না; পূর্বধরণীর প্রাচীর ভাঙিয়া পশ্চিম একেবারে তার গোলাবাড়ির ভিতরে আদিয়া পড়িল অবচ এ মন্ত্র ছাড়িল না যে, 'never the twain shall meet'; এত-বড়ো অস্বাভাবিকতার চঃখকর বোঝা বিশে কখনোই অটল হইয়া থাকিতে পারে না। যদি ইহার কোনো স্বাভাবিক প্রতিকার না থাকে তবে একটা ঐতিহাসিক ট্যান্সেডির পঞ্চমান্ধে ইছার যবনিকা পতন হইবে। ভারতবর্ষে चामारमंत्र दर्गिकित रव मर्याचिक द्वेतास्क्रिफ, जात्रथ रंजा भाना जरनक वृत्र धतिया अमनि করিয়া রচিত হইয়াছিল। আমরাও মামুষকে কাছাকাছি রাথিয়াও দুরে ঠেকাইবার विखादिक आदासन कविशाहि; य-अधिकांद्रक मकलाद क्रिया मुनावान विनशा निष्क গ্রাহণ করিলাম, অন্তকে কেবলই তাহা হইতে বঞ্চিত করিয়া রাথিয়াচি: আমরাও 'স্বধর্ম' विनया अकृषा वाषा नाम निया माध्यवत अवमानना कृतिया निजाधर्मक शीकिक করিয়াছি। শাস্ত্রবিধির অতি কঠিন বাঁধন দিয়াও এই অস্বাভাবিকতাকে, এই অপবিত্র দেবদ্রোহকে আমরা নিজের ইতিহাদের অন্তব্দুল করিয়া তুলিতে পারি নাই। মনে क्रियाहिनाम, आमारमत यन এইখানেই, किन्ह এইখানেই আমাদের সকলের চেয়ে দুর্বলতা। এইখানেই শতাব্দীর পর শতাব্দী আমরা প্রতি পদে কেবল আপনাকে মারিতে মারিতে মরিয়াছি।

বর্তমানের চেহারা বেমনি হোক, তবু এই আশা এই বিশাস মনে দৃঢ় করিরাছি যে, পশ্চিম পূর্বের সহিত মিলিবে। কিন্তু এইখানে আমাদেরও কর্তব্য আছে। আমরা বিদি ছোটো হইরা ভয় পাই তবে ইংরেজও ছোটো হইরা ভয় দেখাইবে। ছোটোইংরেজের সমস্ত জোর আমাদের ছোটো শক্তির উপরে। পৃথিবীর সেই ভাবী য়ুগ আসিরাছে, অস্তের বিরুদ্ধে নিরুদ্ধকে দাঁড়াইতে হইবে। দেদিন, যে মারিতে পারিবে ভার জিত হইবে। দেদিন হঃও দেয় যে-মান্ত্র ভার পরাভব হইবে, হঃও পার বে-মান্ত্র তারই শেষ গৌরব। সেদিন মাংসপেনীর

দহিত আত্মার শক্তির সংগ্রাম হইরা মান্ত্র জানাইয়া দিবে বে দে পশু নয়, প্রাকৃতিক নির্বাচনের নিয়ম দে অতিক্রম করিরাছে। এই মহন্ত প্রমাণ করিবার ভার আমাদের উপর আছে। পূর্ব-পশ্চিমের যদি মিলন বটে তবে একটা মহৎ আইডিয়ালের উপর হইবে। তাহা নিছক অন্থাহের উপরে হইবে না। এবং কামান বন্দুক এবং রণতরীর উপরও হইবে না। ছংগকে আমাদের সহায় করিতে হইবে, মৃত্যুক্তে আমাদের সহায় করিতে হইবে, অত্যুক্তর আমাদের সহায় করিতে হইবে। আমরা যদি শক্তি না পাই তবে অপক্তের সহিত শক্তের মিলন সম্পূর্ণ হইতে গারিবে না। একতরকা আধিপত্যের যোগ যোগই নহে। আমাদিগকে নিজের শক্তিতেই পরের শক্তির দলে দদ্দি করিতে হইবে। সেই শক্তি ধার-করা শক্তি, ডিক্লা-করা শক্তি না হউক। তাহা সত্যের জন্ত, জ্যায়ের জন্ত হংগ সহিবার অপরিসীম শক্তি হউক। জগতে কাহারও সাধ্য নাই, ছংথের শক্তিকে ত্যাগের শক্তিকে ধর্মের শক্তিকে বলির পশ্তর মতো শিকল দিয়া বাধিয়া রাবিতে পারে। তাহা হারিয়া জেতে, তাহা মরিয়া অমর হয়, এবং মাংসপেশী আপন জয়ন্তম্ভ নির্মাণ করিতে গিয়া হঠাৎ দেখিতে পায় সে পক্ষাঘাতে অচল হইয়াছে।

3958

## বাতায়নিকের পত্র

এক দিকে আমাদের বিশ্বন্ধগৎ, আর একদিকে আমাদের কর্মসংসার। সংসারটাকে
নিয়ে আমাদের যত ভাবনা, জগৎটাকে নিয়ে আমাদের কোনো দার নেই। এইজন্তে
জগতের সঙ্গে আমাদের অহেতুক আত্মীয়তার সম্মটাকে যতটা পারি আড়াল করে
রাধতে হয়, নইলে সংসারের ভাগে মনোযোগের কমতি প'ড়ে কাজের ক্ষতি হয়।
ভাই আমাদের আপিস থেকে বিশ্বকে বারোমাস ঠেকিয়ে রাধতে রাধতে এমনি হয় বে
দরকার পড়লেও আর তার উদ্দেশ পাওয়া যায় না।

দরকার পড়েও। কেননা বিশ্বটা সত্য। সত্যের সঙ্গে কাজের সন্থন নাও যদি থাকে তবু অন্ত সন্থন আহেই। সেই সম্বন্ধকে অন্তমনত্ব হয়ে অধীকার করলেও তাকে উড়িয়ে দেওরা যায় না। অবশেষে কর্মে ক্লান্তি আসে, দিনের আলো মান হয়, সংসারের বন্ধ আয়তনের মধ্যে শুমট অসম্ভ হয়ে উঠতে থাকে। তথন মন তার হিসাবের পাকা থাতা বন্ধ করে বলে ওঠে, বিশকে আমার চাই, নইলে আয় বাচি নে।

কিছ নিকটের সব দরজাগুলোর তালায় মরচে পড়ে গেছে, চাবি আর খোলে না। রেলভাড়া করে দ্বে বেতে হয়। আণিসের ছাদটার উপরেই এবং ভার আলেপাশেই বে-আকাশ নীল, বে-ধরণী ভামল, বে-জলের ধারা মুধরিত, তাকেই দেখবার জন্তে ছুটে বেতে হয় এটোয়া কাটোয়া ছোটোনাগপুরে।

এত কথা হঠাৎ আমার মনে উদর হল কেন বলি। তোমরা সবাই জানো, পুরাকালে একসমরে আমি সম্পূর্ণ বেকার ছিল্ম। জর্থাৎ আমার প্রধান সম্বন্ধ ছিল বিশ্বজগতের সজে। তার পরে কিছুকাল থেকে সেই আমার প্রথমবরসের সমস্ব অক্কতকর্মের বকেয়া শোধে লেগে গিয়েছিল্ম। জর্থাৎ এখনকার প্রধান সম্বন্ধ হল সংসারের সজে। অথচ তখনকার সজে এখনকার দিনের বে এতবড়ো একটা বিচ্ছেদ ঘটেছে, কাজ করতে করতে তা ভূলে গিয়েছিল্ম। এই ভোলবার ক্ষমতাই হচ্ছে মনের বিশেষ ক্ষমতা। সে হনোকোয় পা দেয় না; সে যখন একটা নোকোয় থাকে তখন অস্ত নৌকোটাকে পিছনে বেধে রাখে।

এমন সময় আমার শরীর অস্ত্রন্থ হল। সংসারের কাছ থেকে কিছুদিনের মতো ছুটি মিলল। দোতলা ঘরের পূব দিকের প্রাক্তে খোলা জানলার ধারে একটা লম্বা কেদারায় ঠেদ দিয়ে বদা গেল। ছটো দিন না-বেতেই দেখা গেল অনেক দ্বে এদে পড়েছি, রেলভাড়া দিয়েও এতদুরে আসা যায় না।

যথন আমেরিকায় যাই, জাপানে যাই, ভ্রমণের কথায় ভরে ভরে ভোমাদের চিঠি
লিখে পাঠাই। পথ-থরচাটার সমান ওজনের গৌরব তাদের দিতে হয়। কিন্ত এই
যে আমার নিথরচার যাত্রা কাজের পার থেকে অকাজের পারে, তারও ভ্রমণর্ত্তান্ত
লেখা চলে— মাঝে মাঝে লিখব। মৃশকিল এই যে, কাজের মধ্যে মধ্যে অবকাশ মেলে
কিন্তু পুরো অবকাশের মধ্যে অবকাশ বড়ো তুর্নভ। আরো একটা কথা এই যে,
আমার এই নিধরচার ভ্রমণর্ত্তান্ত বিনা-কড়ি দামের উপযুক্ত নেহাত হালকা হওরা
উচিত— লেখনীর পক্ষে সেই হালকা চাল ইচ্ছা করলেই হয় না; কারণ লেখনী
বভাবতই গজেক্রগামিনী।

জগৎটাকে কেন্সে অভ্যাসের বেড়ার পারে ঠেলে রেপে অবশেষে ক্রমে আমার ধারণা হয়েছিল আমি থুব কান্সের লোক। এই ধারণাটা জন্মালেই মনে হর আমি অভ্যন্ত দরকারী; আমাকে না হলে চলে না। মাছবকে বিনা মাইনের খাটিয়ে নেবার অন্তে প্রকৃতির হাতে বে-সমন্ত উপায় আছে এই অহংকারটা সকলের সেরা। টাকা নিয়ে বারা কান্ত করে তারা সেই টাকার পরিমাণেই কান্ত করে, সেটা একটা বাধা পরিমাণ; কান্তেই তাদের ছুটি মেলে— বরাদ ছুটির বেশি কান্ত করাকে তারা

লোকসান বলে গণ্য করে। কিন্তু অহ্ধকারের তাগিলে যারা কান্স করে তালের আর ছুটি নেই; লোকসানকেও তারা লোকসান জ্ঞান করে না।

আমাকে নইলে চলে না, এই কথা মনে করে এতদিন ভারি ব্যম্ভ হয়ে কাল করা গেছে, চোধের পলক ফেলতে সাহস হয় নি। ভাক্তার বলেছে, "এইধানেই বাস করো, একটু থামো।" আমি বলেছি, "আমি থামলে চলে কই।" ঠিক এমন সময়ে চাকা ভেঙে আমার রথ এই জানলাটার সামনে এসে থামল। এথানে দাঁড়িয়ে অনেকদিন পরে ঐ মহাকাশের দিকে তাকালুম। সেথানে দেখি মহাকালের রথবাত্রায় লক্ষ লক্ষ অধিচক্র খুরতে খ্রতে চলেছে; না উড়ছে খুলো, না উঠছে শল, না পথের গায়ে একটুও চিহু পড়ছে। ঐ রথের চলার সলে বাধা হয়ে বিশের সমস্ভ চলা অহরহ চলেছে। এক মৃহর্তে আমার ফেন চটক ভেঙে গেল। মনে হল স্পষ্ট দেখতে পেলুম, আমাকে না হলেও চলে। কালের ঐ নিঃশন্ধ রথচক্র কারো অভাবে, কারো শৈথিল্যে, কোথাও এক তিল বা এক পল বেধে যাবে এমন লক্ষণ তো দেখি নে। 'আমি-নইলেচলে-না'র দেশ থেকে 'আমি-নইলে-চলে'র দেশে ধাঁ করে এনে পৌচেছি কেবলমাত্র ঐ ভেস্কের থেকে এই জানলার ধারটুকুতে এসে।

কিন্ত কথাটাকে এত সহজে মেনে নিতে পারব না। মূখে যদি বা মানি, মন মানে না। আমি থাকলেও যা আমি গেলেও তা, এইটেই যদি সত্য হবে তবে আমার অহংকার এক মূহুর্তের জন্তেও বিশ্বে কোথাও স্থান পেলে কী করে। তার টি কৈ থাকবার জাের কিনের উপরে। দেশকাল জুড়ে আমােজনের তাে অন্ত নেই, তবু এত ঐশর্থের মধ্যে আমাকে কেউ বর্থান্ত করতে পারলে না। আমাকে না হলে চলে না তার প্রত্যক্ষ প্রমাণ এই বে, আমি আছি।

আমি যে আছি সেই থাকার মৃল্যই হচ্ছে অহংকার। এই মৃল্য যতক্ষণ নিজের মধ্যে পাচ্ছি ততক্ষণ নিজেকে টি কিরে রাখবার সমস্ত দার সমস্ত হংখ অনবরত বহন করে চলেছি। সেইজন্ত বৌদ্ধরা বলেছে, এই অহংকারটাকে বিসর্জন করলেই টি কৈ থাকার মৃল মেরে দেওরা হয়, কেননা তখন আর টি কৈ থাকার মজুরি পোবার না।

বাই হোক এই মূল্য তো কোনো-একটা ভাণ্ডার থেকে জোগানো হয়েছে। অর্থাৎ আমি থাকি এবই গরজ কোনো-এক জায়গায় আছে; সেই গরজ অনুসারেই আমাকে মূল্য দেওরা হয়েছে। আমি থাকি এই ইচ্ছার আনুচর্য সমস্থ বিশ্ব করছে, বিশের সমস্ত অপুগরমাধু। সেই পরম-ইচ্ছার সৌরবই আমার সহংকারে বিকশিত। সেই ইচ্ছার গৌরবেই এই অভিকৃত আমি বিশের কিছুর চেয়েই পরিমাণ ও মূল্যে কম নই।

**धरे हेम्हारक माश्य हुए तकम जारन स्मार्थहा। रक्छ नरनाह्न ध इरम्ह मिछिमरा**प्रत

ধেয়াল, কেউ বলেছে এ হচ্ছে আনন্দময়ের আনন্দ। আর বারা বলেছে, এ হচ্ছে মারা, ক্রথাং বা নেই তারই থাকা, তানের কথা ছেড়ে দিলুম।

আমার থাকাটা শক্তির প্রকাশ, না, প্রীতির প্রকাশ, এইটে বে-বেমন মনে করে সে সেইভাবে জীবনের লক্ষাকে স্থির করে। শক্তিতে আমাদের বে-মূল্য দের তার এক চেহারা, আর প্রীতিতে আমাদের বে-মূল্য দেয় তার চেহারা সম্পূর্ণ আলাদা। শক্তির জগতে আমার অহংকারের বে দিকে গতি, প্রীতির জগতে আমার অহংকারের গতি ঠিক তার উল্টো দিকে।

শক্তিকে মাপা যায়; তার সংখ্যা, তার ওজন, তার বেগ সমন্তেরই আরতন গণিতের আছের মধ্যে ধরা পড়ে। তাই যারা শক্তিকেই চরম বলে জ্বানে তারা আরতনে বড়ো হতে চার। টাকার সংখ্যা, লোকের সংখ্যা, উপকরণের সংখ্যা, সমস্তকেই তারা কেবল বহুঞ্জিত করতে থাকে।

এইজন্তেই সিদ্ধিলাভের কামনায় এরা অন্তের অর্ধ, অন্তের প্রাণ, অন্তের অধিকারকে বলি দেয়। শক্তিপূঞ্চার প্রধান অঙ্গ বলিদান। সেই বলির রক্তে পৃথিবী ভেনে যাছে।

বস্তুত্ত্বের প্রধান লক্ষণই হচ্ছে তার বাষ্ণ্প্রকাশের পরিমাণ্যতা— অর্থাৎ তার সসীমতা। মাছবের ইতিহাসে যত-কিছু দেওরানি এবং ফোজদারি মামলা তার অধিকাংশই এই সীমানার চৌহন্দি নিয়ে। পরিমাণের দিকে নিজের সীমানা অত্যস্ত বাড়াতে গেলেই পরিমাণের দিকে অস্তের সীমানা কাড়তে হয়। অতএব শক্তির অংকার বেহেতু আয়তন বিভারেরই অহংকার, সেইজন্তে এই দিকে দাঁড়িয়ে খ্ব লখা দ্রবীন কবলেও লড়াইরের রক্তসমূত্র পেরিয়ে শান্তির কৃল কোথাও দেখতে পাওয়া ষায় না।

কিন্তু এই বে বন্ধতান্ত্ৰিক বিশ্ব, এই বে শক্তির ক্ষেত্র, এর আয়তনের অহগুলো বোগ দিতে দিতে হঠাৎ এক জায়গায় দেখি তেরিজটা একটানা বেড়ে চলবার দিকেই ছুটছে না। বেড়ে চলবার তত্ত্বের মধ্যে হঠাৎ উচোট খেয়ে দেখা যায় স্থ্যার তত্ত্ব পথ আগলে। দেখি কেবলই গতি নর, যতিও আছে। ছন্দের এই অযোঘ নিয়মকে শক্তি যখন অন্ধ অহংকারে অতিক্রম করতে যায় তখনি তার আত্মঘাত ঘটে। মান্থবের ইতিহাসে এইরক্ম বার বার দেখা যাচ্ছে। সেইজন্তে মান্থব বলেছে, অতি দর্শে হতা লক্ষা। সেইজন্তে ব্যাবিলনের অত্যুক্ত সৌধচূড়ার পতনবার্তা এখনো মান্থব

তবেই দেবছি, শক্তিতব, যার বাছপ্রকাশ আরতনে, সেটাই চরমতত্ব এবং

পরমত ব নর। বিশের তাল-মেলাবার বেলার আপনাকে তার থামিরে দিতে হর। সেই সংবমের সিংহ্রারই হচ্ছে কল্যাণের সিংহ্রার। এই কল্যাণের মৃল্য আয়তন নিয়ে নয়, বছলতা নিয়ে নয়। যে এঁকে অস্তরে জেনেছে, সে ছিল্ল ক্যায় লক্ষা পায় না, সে রাজমুক্ট ধুলোয় লুটিয়ে দিয়ে পথে বেরিয়ে পড়তে পারে। :

শক্তিতত্ব থেকে স্থ্যাতত্বে এনে পৌছিরেই ব্যুতে পারি, ভূল জারগায় এতদিন এত নৈবেছ জ্গিয়েছি। বলির পশুর রক্তে যে-শক্তি ফুলে উঠল নে কেবল ফেটে মরবার জন্তেই। তার পিছনে যতই সৈন্ত যতই কামান লাগাই না কেন, রপতরীর পরিধি যতই বৃদ্ধির দিকে নিয়ে চলি, লুঠের ভাগকে যতই বিপুল করে তুলতে থাকি, অঙ্কের জোরে মিধ্যাকে সত্য করা যাবে না, শেষকালে ঐ অতিবড়ো অঙ্কেরই চাপে নিজের বন্তার নীচে নিজে গুড়িয়ে মরতে হবে।

যাজ্ঞবদ্ধ্য যথন জিনিসপত্র বৃথিয়ে অথিয়ে দিয়ে এই আছ-ক্ষার রাজ্যে মৈত্রেয়ীকে
প্রতিষ্ঠিত করে বিদার নিচ্ছিলেন, তথনই মৈত্রেয়ী বলেছিলেন, যেনাহং নামৃতা ভাাম্
কিমহং তেন ক্র্যাম্! বছ, বছ, বছ, দব বছকে জুড়ে জুড়েও, অঙ্কের পর আছ, যোগ
করে করেও তবু তো অমৃতে গিয়ে পৌছনো যায় না। শব্দকে কেবলই অত্যন্ত বাড়িয়ে
দিয়ে এবং চড়িয়ে দিয়ৈ যে-জিনিসটা পাওয়া যায় সেটা হল ছংকার আর শব্দকে ক্রম
দিয়ে লয় দিয়ে সংযত সম্পূর্ণতা দান করলে যে-জিনিসটা পাওয়া যায় সেইটেই হল
সংগীত; ঐ ছংকারটা হল শক্তি, এর পরিমাণ পাওয়া যায়, আর সংগীতটা হল অমৃত,
হাতে বহরে ওকে কোথাও মাপবার জ্ঞা নেই।

এই অমৃতের ক্ষেত্রে মাগুবের অহংকারের স্রোত নিজের উল্টো দিকে, উৎসর্জনের দিকে। মাগুব আপনার দিকে কেবলই সমন্তকে টানতে টানতে প্রকাণ্ডতা লাভ করে, কিন্তু আপনাকে সমন্তর দিকে উৎসর্গ করতে করতে সে সামঞ্জন্ত লাভ করে। এই সামঞ্জন্তেই শান্তি। কোনো বাছব্যবন্থাকে বিন্তীর্ণতর করার ছারা শক্তিমানের সক্ষেশক্তিমানকে জ্বোড়া দিয়ে পুঞ্জীভূত করার ছারা, কথনোই সেই শান্তি পাওরা বাবে না বে-শান্তি সত্যে প্রতিষ্ঠিত, বে-শান্তি অলোভে, বে-শান্তি সংব্যে, বে-শান্তি ক্ষমায়।

প্রশ্ন তুলেছিলুম— আমার সন্তার পরমমূল্যটি কোন্ সত্যের মধ্যে। শক্তিময়ের শক্তিতে, না, আনন্দময়ের আনন্দে ?

শক্তিকেই যদি সেই সত্য বলে বরণ করি তা হলে বিরোধকেও চরম ও চিরন্তন বলে মানতেই হবে। মুরোপের অনেক আধুনিক লেখক সেই কথাই স্পর্ধাপূর্বক প্রচার করছেন। তাঁরা বলছেন, শান্তির ধর্ম, প্রেমের ধর্ম, মূর্বলের আত্মরক্ষা করবার কৃত্রিম দুর্গ; বিশের বিধান এই মূর্গকে থাতির করে না; শেষ পর্যন্ত শক্তিরই জয় হয়—

অতএব ভীক ধর্মভাব্কের দল মাকে অধর্ম বলে নিজা করে, সেই অধর্মই কৃতার্থতার দিকে মান্তবকে নিয়ে যায়।

অক্সংল সে কথা সম্পূর্ণ অস্থীকার করে না; সমন্ত মেনে নিরেই তারা বলে:
অধর্মেণৈধতে তাবং ততো ভদ্রাণি শশুতি,
ততঃ সপত্মান স্বয়তি সমূলন্ত বিমশ্রতি।

ঐশর্থপর্বেও মাহ্বের মন বাহিরের দিকে বিক্ষিপ্ত হয়, আবার দারিল্যের তৃঃধে ও অপমানেও মাহ্বের সমন্ত লোদৃশ প্রবৃত্তি বাইরের দিকে ঝুঁকে পড়ে। এই তৃই অবস্থাতেই মাহ্ব সকল দেবতার উপরে সেই শক্তিকে আসন দিতে লক্ষিত হয় না—বে কুর শক্তির দক্ষিণহত্তে অস্তায়ের এবং বামহত্তে ছলনার অস্ত্র। প্রতাপস্থ্যামন্ত মুরোপের পলিটিয় এই শক্তিপ্রা। এইজন্ত সেখানকার ডিপ্লোমেসি কেবলই প্রকাশতাকে এড়িয়ে চলতে চায়; অর্থাৎ সেখানে শক্তি যে-মুর্তি ধারণ করেছে সে সম্পূর্ণ উললমূর্তি নয়; কিন্তু তার লেলিহান রসনার উলক্তা কোথাও ঢাকা নেই। ঐ দেখো পীন্-কন্ফারেন্সের সভাক্ষেত্রে তা লক্লক্ করছে।

অপরপক্ষে একদা আমাদের দেশে রাষ্ট্রীয় উচ্চ্ শুলতার সময় ভীত পীড়িত প্রকা আপন কবিদের মুখ দিরে শক্তিরই স্তবগান করিয়েছে। কবিকঁছণচণ্ডী, অগ্নদামলল, মনসার ভাসান, প্রকৃতপক্ষে অধর্মেরই জয়গান। সেই কাব্যে অভায়কারিণী চলনাময়ী নিষ্ঠ্র শক্তির হাতে শিব পরাভূত। অথচ অঙ্কুত ব্যাপার এই যে, এই পরাভব-গানকেই মন্দ্রগান নাম দেওয়া হল।

আজকের দিনেও দেখি আমাদের দেশে সেই হাওয়া উঠেছে। আমরা ধর্মের নাম করেই একদল লোক বলছি, ধর্মজীকতাও ভীকতা; বলছি, ধারা বীর, অস্তায় তাদের পক্ষে অস্তায় নয়। তাই দেখি সাংসারিকতার ধারা ক্ষতার্থ এবং সাংসারিকতার ধারা অক্কতার্থ, তৃইয়েরই হুর এক স্বায়গায় এসে মেলে। ধর্মকে উভয়েই বাধা বলে জানে— সেই বাধা গায়ের জােরে অতিক্রম করতে চায়। কিন্তু গায়ের জােরই পৃথিবীতে সবচেরে বড়ো লাের নয়।

এই বড়ো গৃঃসময়ে কামনা করি শক্তির বীভৎসতাকে কিছুতে আমরা ভরও করব না, ডক্তিও করব না— তাকে উপেক্ষা করব, অবজ্ঞা করব। সেই মহয়দ্বের অভিমান আমাদের হোক, বে-অভিমানে মাহব এই বুল বল্পজগতের প্রবল প্রকাশুতার মাঝখানে দাঁড়িয়ে মাথা তুলে বলতে পারে, আমার সম্পদ এখানে নয়; বলতে পারে, শৃত্ধলে আমি বন্দী হই নে, আঘাতে আমি আহত হই নে, মৃত্যুতে আমি মরি নে; বলতে পারে, বেনাহং নাম্ভঃ তাম্ কিমহং তেন ক্র্যাম্। আমাদের পিতামহেরা বলে গেছেন,

এতদমূতমভারং শাস্ত উপাসীত— মিনি অমৃত, মিনি অভয় তাঁকে উপাসনা করে শাস্ত হও। তাঁদের উপদেশকে আমরা মাথায় লই, এবং মৃত্যু ও সকল ভয়ের অতীত বে-শাস্তি সেই শাস্তিতে প্রতিষ্ঠালাভ করি।

.3

কারো উঠোন চবে দেওরা আমাদের ভাষার চূড়ান্ত শান্তি বলে গণ্য। কেননা উঠোনে মাহ্য সেই বৃহৎ সম্পদকে আপন করেছে, যেটাকে বলে ফাঁক। বাহিরে এই ফাঁক চুর্লভ নয়, কিন্তু সেই বাহিরের জিনিসকে ভিতরের করে আপনার করে না তুললে তাকে পেরেও না পাওয়া হয়। উঠোনে ফাঁকটাকে মাহ্য নিজের ঘরের জিনিস করে তোলে; ঐথানে স্র্রের আলো তার ঘরের আপনার আলো হয়ে দেথা দেয়, ঐথানে তার ঘরের ছেলে আকাশের চাঁদকে হাততালি দিয়ে ভাকে। কাজেই উঠোনকেও যদি বেকার না রেখে তাকে ফসলের খেত বানিয়ে তোলা যায়. তা হলে যে-বিশ্ব মাহ্যবের আপন ঘরের বিশ্ব, তারই বাসা ভেত্তে দেওয়া হয়।

সত্যকার ধনী ও দরিজের মধ্যে প্রভেদ এই যে, ধনী এই ফাঁকটাকে বড়ো করে রাখতে পারে। যে-সমন্ত জিনিসপত্র দিয়ে ধনী আপনার ঘর বোঝাই করে তার দাম খুব বেশি, কিন্ধু যে-ফাঁকটা দিয়ে তার আঙিনা হয় প্রশন্ত, তার বাগান হয় বিস্তীর্ণ সেইটেই হচ্ছে সবচেয়ে দামী। সদাগরের দোকানঘর জিনিসপত্রে ঠাসা; সেখানে ফাঁক রাখবার শক্তি তার নেই। দোকানে সদাগর ক্লপণ, সেখানে লক্ষপতি হয়েও সে দরিস্তা। কিন্ধু সেই সদাগরের বাসের বাড়িতে ঘরগুলো লম্বায় চওড়ায় উচ্তে সকল দিকেই প্রয়োজনকে ধিকার করে ফাঁকটাকেই বেশি আদর দিয়েছে, আর বাগানের তো কথাই নেই। এইখানেই সদাগর ধনী।

শুধু কেবল জারগার ফাঁকা নর, সমরের ফাঁকাও বহুমূল্য। ধনী তার অনেক টাকা দিয়ে এই অবকাশ কিনতে পায়। তার ঐশর্ষের প্রধান লক্ষণ এই বে, লখা লখা সময় সে ফেলে রাখতে পারে। হঠাৎ কেউ তার সমরের উঠোন চয়তে পারে না।

আরেকটা ফাঁকা, বেটা দবচেয়ে দামী, দে হচ্ছে মনের ফাঁকা। ধা-কিছু নিয়ে মন চিন্তা করতে বাধ্য হয়, কিছুতেই ছাড় পায় না, তাকেই বলে ছন্টিন্তা। পরিবের চিন্তা, হতভাগার চিন্তা মনকে একেবারে আঁকড়ে থাকে, অলথগাছের লিকড়ওলো ভাঙা মনিরকে বে-রকম আঁকড়ে ধরে। হঃখ জিনিসটা আমাদের চৈতন্তের ফাঁক ব্জিরে দেয়। শরীরের হুছ অবস্থা তাকেই বলে বেটা হচ্ছে শারীরচৈতন্তের ফাঁকা মধ্বান। কিন্তু হোক দেখি বা পায়ের কড়ে আঙুলের গাঁটের প্রান্তে বাভের বেদনা,

স্মানি শারীরটৈতজ্ঞের ফাঁক বৃদ্ধে বায়, সমস্ত চৈতক্ত ব্যধার ভরে ওঠে। মন বে ফাঁকা চায়, ছংখে সেই ফাঁকা পায় না।

স্থানের ফাঁকা না পেলে যেমন ভালো করে বাঁচা যায় না, তেমনি সময়ের ফাঁকা, চিন্তার ফাঁকা না পেলে মন বড়ো করে ভাবতে পারে না; সত্য তার কাছে ছোটো হরে যায়। সেই ছোটো-সত্য মিটমিটে আলোর মতো ভরকে প্রশ্রয় দের, দৃষ্টিকে প্রভারণা করে এবং মাহুষের ব্যবহারের ক্ষেত্রকে সংকীর্ণ করে রাখে।

আত্মকের দিনে ভারতবাদী হয়ে নিজের সকলের চেরে বড়ো দৌর্ভাগ্য অহভব করছি এই জানলার কাছটাতে এদে। আমাদের ভাগ্যে জানলার ফাঁক গেছে বুজে; জীবনের এ-কোণে ও-কোণে একটু আধটু বা ছুটির পোড়ো জারগা ছিল তা কাঁটাগাছে ভরে গেল।

প্রাচীন ভারতে একটা জ্বিনিস প্রচুর ছিল, সেটাকে আমরা খুব মহামূল্য বলেই জ্বানি, সে হচ্ছে সত্যকে খুব বড়ো করে ধ্যান করবার এবং উপলব্ধি করবার মতো মনের উদার অবকাশ। ভারতবর্ষ একদিন হৃথ এবং ছঃখ, লাভ এবং অলাভের উপরকার সবচেয়ে বড়ো ফাঁকায় দাঁড়িয়ে সেই সত্যকেই হৃষ্পট করে দেখছিল, যং লক্ষা চাপরং লাভং মহাতে নাধিকং ততঃ।

কিন্তু আঞ্চকের দিনে ভারতবর্ষের সেই ধ্যানের বড়ো অবকাশটি নই হল। আঞ্চকের দিনে ভারতবাদীর আর ছুটি নেই; তার মনের অস্তরতম ছুটির উৎসটি শুকিয়ে শুকিয়ে মরে গেল, বেদনায় তার সমস্ত চৈতন্তকে আচ্ছন্ন করে দিয়েছে।

তাই আন্ধ যথনই এই বাতায়নে এসে বসেছি, অমনি দেখি আমাদের আভিনা থেকে উঠছে ত্বঁলের কালা; সেই ত্বঁলের কালায় আমাদের উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিম, সমন্ত অবকাশ একেবারে পরিপূর্ণ। আন্ধকের দিনে ত্বঁল যত ভয়ংকর ত্বঁল, স্থাতের ইতিহাসে এমন আর-কোনো দিনই ছিল না।

বিজ্ঞানের কৃপায় বাহুবল আন্ধ নিদারুণ তুর্জয়। পালোয়ান আন্ধ প্রল ছল আকাশ সর্বত্রই সিংহনাদে তাল ঠুকে বেড়াচ্ছে। আকাশ একদিন মাহুবের হিংসাকে আপন সীমানায় চুকতে দেয় নি। মাহুবের কুরতা আন্ধ সেই শৃক্তকেও অধিকার করেছে। সমুদ্রের তলা থেকে আরম্ভ করে বায়ুমগুলের প্রান্ত পর্যন্ত সব জায়গাতেই বিদীর্গহাদয়ের রক্ত বয়ে চলল।

এমন অবস্থার, যখন সবলের সঙ্গে তুর্বলের বৈষম্য এত অত্যম্ভ বেশি, তখনও বলি দেখা যার এতবড়ো বলবানেরও ভীক্ষতা বুচল না, তা হলে সেই ভীক্ষতার কারণটা ভালো করে ভেবে দেখতে হবে। ভেবে দেখা দরকার এইজন্তে বে, মুরোপে আজকের বে-শান্তিস্থাপনের চেটা হচ্ছে সেই শান্তি টে কসই হবে কি না সেটা বিচার করতে হলে এই সমস্ত বলিষ্ঠদের মনতত্ত্ব বুঝে দেখা চাই।

যুদ্ধ যথন প্রবেশ বেগে চলছিল, যখন হারের আশহা জিতের আশার চেয়ে কম ছিল না, তথন সেই বিধাপ্রায় অবস্থায় সন্ধির শর্ভভক্ষ, অস্ত্রাদিপ্রয়োগে বিধিবিক্ষতা, নিরস্ত্র শক্রদের প্রতি বায়ুরথ থেকে অস্তর্বণ প্রভৃতি কাওকে এ-পক্ষ 'ক্রাইম' অর্থাৎ অপরাধ বলে অভিবোগ করেছিলেন। মাহ্মর 'ক্রাইম' কথন করে ? রখন সে ধর্মের গরজের চেয়ে আর-কোনো একটা গরজকে প্রবেল বলে মনে করে। যুদ্ধে জয়লাভের গরজটাকেই জর্মনি স্তায়াচরণের গরজের চেয়ে আন্ত গুরুতর বোধ করেছিল। এ-পক্ষ যথন সেজস্তে আঘাত পাচ্চিলেন তথন বলছিলেন, জর্মনির পক্ষে কাজটা একেবারেই ভালো হচ্ছে না; হোক-না যুদ্ধ, তাই বলে কি আইন নেই ধর্ম নেই। আর যথন বিজিতপ্রদেশে কর্মনি লঘুপাপে গুরুপেও দিতে দয়াবোধ করে নি তথন আন্ত প্রয়োজনের দিক থেকে জর্মনির পক্ষে তার কারণ নিশ্চরই ছিল। কিন্তু এ-পক্ষে বলেছিল, আন্ত প্রয়োজনসাধনাটাই কি মাহ্যের চর্ম মহন্তুত্ব। সভ্যতার কি একটা দায়্বিত্ব নেই। সেই দায়িত্বক্ষার চেয়ে যারা উপস্থিত কাজ্ব-উদ্ধারকেই বড়ো মনে করে তারা কি সভ্যসমাজে স্থান পেতে পারে।

ধর্মের দিক থেকে এ-সকল কথার একেবারে জবাব নেই। শুনে আমাদের মনে হয়েছিল বুজের অগ্নিতে এবার বুঝি কলিষ্গের সমস্ত পাপ দগ্ধ হরে গেল, এতদিন পরে মাহবের দশা ফিরবে, কেননা তার মন ফিরছে। মন না ফিরলে কেবলমাত্র অবস্থা বা ব্যবস্থা পরিবর্তনে কথনোই কোনো ফল পাওয়া যায় না।

কিন্তু আমাদের তথন হিদাবে একটা ভূল হয়েছিল। আমাদের দেশে শাশান-বৈরাগ্যকে লোকে সন্দেহের চক্ষে দেখে। তার কারণ, প্রিয়জনের আশু মৃত্যুতে মন যখন ত্বল তথনকার বৈরাগ্যে বিশাস নেই, সবল মনের বৈরাগ্যই বৈরাগ্য। তেমনি যুদ্দেশের অনিশ্যুতায় মন যখন ত্বল তথনকার ধর্মবাক্যকে ষোলো-আনা বিশাস করা যায় না।

যুদ্ধে এ-পক্ষের জিত হল। এখন কী করলে পৃথিবীতে শাস্তির ভিত পাকা হয় তাই নিয়ে পঞ্চায়েত বলে গেছে। কথা-কাটাকাটি, প্রস্তাব-চালাচালি, রাজ্য-ভাগাভাগি চলছে। এই কারখানাদর খেকে কী আকার এবং কী শক্তি নিয়ে কোন্ যন্ত্র বেরবে তা ঠিক বুঝতে পাছছি নে।

আর-কিছু না বুঝি একটা কথা ক্রমেই স্পষ্ট হরে আসছে; এত আগুনেও কলিফুসের অস্তোষ্টিসংকার হল না, মন বদল হয় নি। কলিফুসের সেই সিংহাসনটা আৰু কোন্ধানে। লোভের উপরে। শেতে চাই, রাখতে চাই, কোনোমতেই কোথাও একটুও কিছু ছাড়তে চাই নে। সেইজন্তেই অভিবড়ো বলিচের ভয়, কী আনি যদি দৈবাৎ এখন বা স্থল্য কালেও একটুখানি লোকসান হয়। বেখানে লোকসান কোনোমতেই সইবে না, সেখানে আইনের লোহাই, ধর্মের দোহাই মিখ্যে। সেখানে অক্তায়কে কর্তব্য বলে আশনাকে ভোলাতে একটুও সময় লাগে না; সেখানে দোবের বিচার দোবের পরিমাণের দিক থেকে নয়, আইনের দিক থেকে নয়, নিজের লোভের দিক থেকে।

এই ভয়ংকর লোভের দিনে সবলকে সবল ধখন ভয় করতে থাকে, তখন উচ্চতানের ধর্মের দোহাই দিরে রফারফির কথা হতে থাকে, তখন আইনের মধ্যে কোনো ছিন্ত্র কোনো জারগার যাতে একটুও না থাকতে পারে সেই চেষ্টা হয়। কিছু তুর্বলকে যখন সেই সময়েই সেই লোভেরই তাড়ায় সবল এতটুকু পরিমাণেও ভয় করে, তখন শাসনের উত্তেজনা কোনো দোহাই মানতে চায় না, তখন আইনের মধ্যে বড়ো বড়ো ছিল্র খনন করা হয়।

প্রবাসর ভয়ে এবং হুর্বলের ভয়ে য়য়্ব একটা তফাত আছে। ছুর্বল ভয় পায় সে বাধা পাবে, আর প্রবল ভয় পায় সে বাধা পাবে। সকলেই জানেন কিছুকাল থেকে পাশ্চাত্য দেশে Yellow Peril বা পীতসংকট নাম নিয়ে একটা আতয় দেখা দিয়েছে। এই আতয়ের মূল কথাটা এই য়ে, প্রবলের লোভ সন্দেহ করছে পাছে আর কোথাও থেকে সেই লোভ কোনো-একদিন প্রবল বাধা পায়। বাধা পাবার সম্ভাবনা কিসে। যদি আর-কোনো জাতি এই প্রবলদেরই মতো সকল বিষয়ে বডো হয়ে ওঠে। তাদের মতো বড়ো হওয়া একটা সংকট— এইটে নিবারণ করবার অস্তে অস্তদের চেপে ছোটো করে রাধা দরকার। সমন্ত পাশ্চাত্য জগৎ আজ এই নীতি নিয়ে বাকি জগতের সক্ষে কারবার কয়ছে। এই নীতিতে নিয়ন্তর মে-ভয় জাগিয়ে রাখে তাতে শান্তি টিকতে পারে না।

অগৰিখ্যাত ফরাসী লেখক আনাতোল ক্র'াস লিখছেন:

It does not, however, appear at first sight that the Yellow Peril at which European economists are terrified is to be compared to the White Peril suspended over Asia. The Chinese do not send to Paris, Berlin, and St. Petersburg missionaries to teach Christians the Fung-Chui, and sow disorder in European affairs. A Chinese expenditionary force did not land in Quiberon Bay to demand of the Government of the Bepublic extra-territoriality, i.e., the right of trying by a tribunal

of mandarins cases pending between Chinese and Europeans. Admiral Togo did not come and bombard Brest Roads with a dozen battleships, for the purpose of improving Japanese trade in France... He did not burn Verseilles in the name of a higher civilisation. The army of the Great Asiatic Powers did not carry away to Tokio and Peking the Louvre paintings and the sliver service of the Elyssee

No indeed! Monsieur Edmond Thery himself admits that the yellow men are not sufficiently civilised to imitate the whites so faithfully. Nor does he foresee that they will ever rise to so high a moral culture. How could it be possible for them to possess our virtues? They are not Christians. But men entitled to speak consider that the Yellow Peril is none the less to be dreaded for all that it is economic. Japan and China organised by Japan, threaten us in all the markets of Europe, with a competition frightful, monstrous, enormous, and deformed, the mere idea of which causes the hair of the economists to stand on end.

অর্থাৎ লোভ কোথাও বাধা পেতে চায় না। সেইজন্তে যে নীচে আছে তাকে চির-কালই নীচে চেপে রাখতে চায়, এবং যে প্রবল হয়ে ওঠবার লক্ষণ দেখাছে তাকে অকল্যাণ বলেই গণ্য করে।

যতক্ষণ এই লোভ আছে ততক্ষণ জগতে শাস্তি আনে পীস্-কন্ফারেকের এমন সাধ্য নেই। কলে অনেক জিনিস তৈরি হচ্ছে কিন্তু কলে-তৈরি শাস্তিকে বিশাস করি নে। কর্মিক ধনিকদের মধ্যে যে অশাস্তি তারও কারণ লোভ, একরাজ্য-অন্তরাজ্যের মধ্যে যে-অশাস্তি তারও কারণ লোভ, আবার রাজা ও প্রজার মধ্যে যে-অশাস্তি তারও কারণ লোভ। তাই শেষকালে দাঁড়ায় এই, লোভে পাপ, পাশে মৃত্যু।

এমন অবস্থায় দবলপক্ষীয়েরা যখন আপোবনিপান্তির যোগে শান্তিকামনা করে তথন তারা নিজেদের পারে পাকাবাঁধ বেঁধে এবং অস্তদের পারে পাকাথাদ কেটে লোভের স্রোতটাকে নিজেদের দিক থেকে অস্ত দিকে সরিয়ে দেয়। বস্কুদ্ধরাকে এমন জায়গায় পরস্পর বধরা করে নিতে চায় যে-জায়গাটা যথেষ্ট নরম, অনায়াসেই যেখানে দাঁত বসে, এবং ছিঁড়তে গিয়ে নথে যদি আঘাত লাগে, নথ তার শোধ তুলতে পারে। কিছু জোর করে বলা যায় এমন ভাবে চিরদিন চলবে না; ভাগ সমান হবে না, লোভের ক্ষ্মা সব জায়গায় সমান করে ভরবে না, পাপের ছিত্র নানা জায়গায় থেকে যাবে; হঠাৎ একদিন ভরাতুবি হবে।

বিধাতা আমাদের একটা দিকে নিশ্চিত্ত করেছেন, ঐ বলের দিকটার আমাদের রাজা একেবারে শেষ ফাঁকটুকু পর্বন্ত বন্ধ, বে-আশা রাজা না পেলেও উড়ে চলে সেই আশারও জানা কাটা পড়েছে। আমাদের জন্তে কেবল একটা বড়ো পথ আছে, সেহছে হঃখের উপরে ঘাবার পথ। রিপু আমাদের বাইরে থেকে আঘাত দিছে দিক, তাকে আমরা অন্তরে আশ্রম দেব না। বারা মারে তাদের চেয়ে আমরা বখন বড়ো হতে পারব তখন আমাদের মার-খাওয়া ধন্ত হবে। সেই বড়ো হবার পথ না লড়াই করা, না দরখান্ত লেখা।

## অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা ধ্রুবম্ অধ্রুবেশ্বিহ ন প্রার্থয়ন্তে।

9

অন্তের দলে কথা কওয়া এবং অন্তের দলে চিঠি লেখার ব্যবস্থা আছে সংদার জুড়ে। আর নিজের দলে? সেটা কেবল এই বাতায়নটুকুতে। কিন্তু নিজের মধ্যে কার সঙ্গে কে কথা কয়।

একটা উপমা দেওয়া যাক। মাটির ব্যালের থানিকটা ক্ষা হয়ে মেঘ হয়ে আকাশে উড়ে যায়। সেথান থেকে সেই নির্মল দ্রন্থের সংগীত এবং উদার বেগ নিয়ে ধারায় ধারায় পুনর্বার সে মাটির ব্যালিয়ে আসতে থাকে।

এই জলেরই মতো মান্নবের মনের একটা ভাগ সংসারের উর্ধে আকাশের দিকে উড়ে যায়, সেই আকাশচারী মনটা মাঝে মাঝে আবার যদি এই ভূচর মনের সঙ্গে মিলতে পারে তবে তাতেই পূর্ণতা ঘটে।

কিন্তু এমন-সকল মন্ধ্রপ্রদেশ আছে যেখানে প্রায় সমন্ত বংসর ধরেই অনাবৃষ্টি।
বালা হয়ে যা উপরে চলে গেল বর্ষণ হয়ে তা আর ধরায় নেমে আসে না। নীচের
মনের সক্ষে উপরের মনের আর মিলন হয় না। সেধানে খাল-কাটা জলে কাজ চলে
যায়, কিন্তু সেধানে আকাশের সজে মাটির শুভসংগ্যমের সংগীত এবং শুভ্জনি
কোধায়। সেধানে বর্ষণমুধ্রিত রসের উৎসব হল না। সেধানে মনের মধ্যে চিরবিরহের একটা শুক্তা রয়ে সেল।

এ তো গেল অনাবৃষ্টির কথা। এ ছাড়া মাঝে মাঝে কাদাবৃষ্টি রক্তবৃষ্টি প্রভৃতি নানা উৎপাতের কথা শোনা যায়। আকাশের বিশুক্তা যথন চলে যায়, বাতাস যথন পৃথিবীর নানা আবর্জনায় পূর্ণ হয়ে থাকে তথনই এইসব কাও ঘটে। তথন আকাশের বানীও নির্মল হয়ে পৃথিবীকে পবিত্র করে না। পৃথিবীরই পাপ পৃথিবীতে কিরে আসতে থাকে।

আজকের দিনে সেই হুর্বোগ ঘটেছে। পৃথিবীর পাশের ধূলিতে আকাশের বর্ষণও আবিল হয়ে নামছে। নির্মল ধারায় পুণ্যস্থানের জ্ঞান্তে অনেক দিনের যে-প্রতীক্ষা তাও আজ বারে বারে বার্ধ হল। মনের মধ্যে কাদা লাগছে এবং রক্তের চিহ্ন এসে পড়ছে; বার বার কত আর মুছব।

রক্তকলন্ধিত পৃথিবী থেকে ঐ যে আজ একটা শান্তির দরবার উঠেছে, উর্ধ আকাশের নির্মল নিঃশব্দতা তার বেম্বরকে ধুয়ে দিতে পারছে না।

শান্তি? শান্তির দরবার সত্য সত্যই কে করতে পারে। ত্যাগের জন্তে যে প্রস্তুত। ভোগেরই জন্তে, লাভেরই জন্তে যাদের দশ আঙ্ল অন্ধগর সাপের দশটা লেজের মতো কিলবিল করছে তারা শান্তি চায় বটে কিন্তু সে ফাঁকি দিয়ে; দাম দিয়ে নয়। যে-শান্তিতে পৃথিবীর সমন্ত ক্ষীরদর বাটি চেটে নিরাপদে খাওয়া যেতে পারে সেই শান্তি।

ত্রাগ্যক্রমে পৃথিবীর এই ক্ষীরসরের বড়ো বড়ো ভাশুগুলো প্রায় আছে ত্র্বলদের জিমায়। এইজন্ম বে-ত্যাগন্দীলতায় সত্যকার শাস্তি সেই ত্যাগের ইচ্ছা প্রবলদের মনে কিছুতেই সহজ হতে পারছে না। যেখানে শক্ত পাহারা সেখানে লোভ দমন করতে বেশি চেষ্টা করতে হয় না। সেখানে মাহুষ সংযত হয় এবং নিজেকে খ্ব ভালো ছেলে বলেই মনে করে। কিছু আলগা পাহারা যেখানে, সেখানে ভয়ও থাকে না, লক্ষাও চলে যায়। এমন-সব জায়গা আছে যেখানে ভালো ছেলে বলে নিজের পরিচয় দিলে লাভ আছে; কিছু ত্র্বলের সঙ্গে যেখানে কারবার সেখানে বেচারা প্রবলপক্ষের ভালো হওয়া সম্পূর্ণ নিঃমার্থ বলেই যে কত কঠিন তার দৃষ্টান্তের অভাব নেই। বিখ্যাত ফরাসীলেখক আনাতোল ক্রাসের লেখা থেকে একটা জায়গা উদ্ধৃত করি। তিনি চীনদেশের সঙ্গে যুরোপের সম্বন্ধ আলোচনা উপলক্ষে লিথছেন:

In our own times, the Christian acquired the habit of sending jointly or separately into that vast Empire, whenever order was disturbed, soldiers who restored it by means of theft, rape, pillage, murder, and incendiarism, and of proceeding at short intervals with the pacific penetration of the country with rifles and guns. The poorly armed Chinese either defend themselves badly or not at all, and so they are massacred with delightful facility... In 1901, order having been disturbed at Peking, the troops of the five Great Powers, under the command of a German Field-Marshal, restored it by the customary

means. Having in this fashion covered themselves with military glory, the five Powers signed one of the innumerable treaties by which they guarantee the integrity of the vary Ohina whose provinces they divide among themselves.

পীকিনে যে ভাঙচ্ব, নৃটপাট ও উৎপাত হয়েছিল মাগ্যের হুঃখ এবং অপমানের পক্ষে সে বড়ো কম নয়, কিন্তু সে সম্বন্ধে লক্ষা-পাওয়া এবং লক্ষা-দেওৱার পরিমাণ আধুনিক যুরোপীয় যুদ্ধটিত আলোচনার তুলনায় কতই অনুপরিমাণমাত্র তা সকলেই জানেন। এর থেকে ক্পান্ট দেখা যায় ভালো হওয়ার যে কঠিন আদর্শ মাহ্যের মহগ্রন্থকে উর্ধে ধারণ করে রাথে হুর্বলের সংসর্গে সেইটে নেমে যায়। মাহ্য নিজের অগোচরে নিজের সঙ্গে একটা সদ্ধিপত্র লেখাপড়া করে নেয়— বলে, ভালোমন্দর বিচার নিয়ে নিজের সঙ্গে নিজের যে-একটা নিরস্তর লড়াই চলছে অমুক-অমুক চৌহন্দির মধ্যে সেটাকে যথেই পরিমাণ টিল দেওয়া যেতে পারে। ভারতবর্ষে আমরাও এ কাল করেছি, শৃত্তকে ব্রাহ্মণ এত হুর্বল করেছিল যে তার সম্বন্ধে ব্রাহ্মণের না ছিল লক্ষ্যা না ছিল ভয়। আমাদের সংহিতাগুলি আলোচনা করলে এ কথা ধরা পড়বে। দেশ জুড়ে আজ তার যে ফল ফলেছে তা বোঝবার শক্তি পর্যন্ত চলে গেছে, হুর্গতি এত গভীর!

বে তুর্বল, সবলের পক্ষে দে তেমনি ভরংকর, হাতির পক্ষে যেমন চোরাবালি।
এই বালি বাধা দিতে পারে না বলেই সম্মুখের দিকে অগ্রসর করে না, কেবলই নীচের
দিকে টেনে নেয়। শক্তির আয়তন যত প্রকাণ্ড, তার ভার যতই বেশি, তার প্রতি
অশক্তির নীচের দিকের টান ততই ভরংকর। যে-মাটি বাধা দেয় না, তাকে পদাঘাত
যত জোরেই করবে, পদের পক্ষে ততই বিপদ ঘটবে।

বে-জারগার হাওয়া হালকা সেই জারগাই হচ্ছে ঝড়ের কেন্দ্র। এইজন্তে মুরোপের বড়ো বড়ো ঝড়ের আসল জন্মখান এশিয়া আক্রিকা। ঐথানে বাধা কম, ঐথানে স্থায়পরতার মুরোপীয় আদর্শ থাড়া রাথবার প্রেরণা তুর্বল। এবং আশ্বর্ধ এই যে, সেই স্থায়পরতার আদর্শ যে নেমে চলেছে বলদর্পে মাহ্র্ম সেটা ব্যুক্তেই পারে না। এইটেই হচ্ছে চুর্গতির পরাক্ষি।

এই অসাড়তা, এই অন্ধৃতা এতন্ত্র পর্যন্ত যায় যে, এক-একসময়ে তার কাও দেখে বড়ো ছংখেও হাসি আসে। মুরোপের স্থাড়িখানা থেকে পোলিটিকাল মদ খেরে মাডাল হয়েছে এমন একদল মুবক আমাদের দেশে আছে। তারা নিজেদের মধ্যে খুনোখুনি করে। তাই দেখে অনেকবার এই কথাই ডেবেছি, মাছুবের খুদেশী পাপের তো অভাব নেই, এর উপরে যারা বিদেশী পাপের আমদানি করছে ভারা আমাদের

কল্বের ভার আরো তুর্বহ করে তুলছে। এমন সময়ে আমাদের বাংলাদেশের ভূতপূর্ব শাসনকর্তা এই সমন্ত পোলিটিক্যাল হত্যাকাণ্ড উপলব্ধ করে বলে বসলেন, খুন করা সহকে বাংলাদেশের ধর্মবৃদ্ধি রুরোপের থেকে একেবারে স্বভন্তঃ; ভিনি বলেন, বাঙালি জানে, খুন করা আর-কিছুই নয়, মাছ্যকে এক লোক থেকে আরেক লোকে চালান করে দেওবা মাত্র।' যে-পাশ্চাত্যদের কাছে বাঙালি ছাত্র এই সমন্ত অপকর্ম শিথেছে অবশেষে তাঁদেরই কাছ থেকে এই বিচার! শলিটিক্সের হাটে তাঁরা মাছ্যের প্রাণ যে কী রকম ভরংকর সন্তা করে তুলেছেন, সেটা বোধ হয় অভ্যাসবশত নিজে তেমন করে দেখেন না বাইরের লোকে যেমন দেখতে পায়। এইসব পলিটিক্স-বিলাসীদের কি কোনো বিশেষ মনন্তব্ধ নেই। তাঁদের সেই মনন্তব্ধে শিক্ষাটাই আজ্ব সমন্ত পৃথিবীময় খুন ছড়িয়ে চলেছে, এ কথা তাঁরাও ভূললেন?

ওরা আমাদের থেকে আলাদা, একেবারে ভিতরের দিক থেকে আলাদা, এই কথা যারা বলে তারা এরা-ওরার সম্বন্ধকে গোড়া ঘেঁবে কল্মিত করে। এদের সম্বন্ধে যে-নিয়ম ওদের সম্বন্ধ সে-নিয়ম চলতেই পারে না বলে তারা নিজের ধর্মবৃদ্ধিকে ঠাগুা রাথে; অক্তায়ের মধ্যে নিষ্ট্রতার মধ্যে বত্টুকু চক্ষুলক্ষা এবং অক্ষন্তি আছে সেটুকু তারা মেরে রাথতে চায়। মতদিন ধরে প্রাচ্যদের সম্বন্ধ হয়েছে ততদিন থেকেই এইসব বৃলির উৎপত্তি। গায়ের জায়ে যাদের প্রতি অক্তায় করা সহজ, তাদের সম্বন্ধ অক্তায় করতে পাছে মনের জায়েও কোথাও বাধে সেইজন্তে এরা সে রাজাটুকুও সাফ রাথতে চায়।

আমি পূর্বেই বলেছি, তুর্বলের সঙ্গে ব্যবহারে আমাদের বিচারবৃদ্ধি নই হয়,
নিজেদের এক আদর্শে বিচার করি, অন্তদের জন্ত আদর্শে। নিজেদের ছাত্রেরা যথন
গোলমাল করে তথন সেটাকে স্নেহপূর্বক বলি যৌবনোচিত চাঞ্চল্য, অন্তদের ছাত্ররাও
যথন মাঝে অন্থির হয়ে ওঠে সেটাকে চোখ রাভিয়ে বলি নটামি।
পরজাতিবিজ্ঞের লেশমাত্র লক্ষণে ভয়ংকর রাগ হয় যথন সেটা দেখি ছ্র্বলের তরকে,
আর নিজের তরফে তার সাতগুণ বেশি থাকলেও তার এতরক্ষের সংগত কারণ
পাওয়া যায় যে, সেটার প্রতি স্নেহই জন্মায়। আবার আনাতোল ক্র'সের ছারম্ম
হচ্ছি। তার কারণ, চিত্ত তাঁর স্বচ্ছ, কল্পনা তাঁর দীপ্তিমান, এবং যেটা অসংগত সেটা

১ ১৯১২ খৃক্টান্দে বৃটিশ খাপে প্রতি লক্ষ লোকে '১৯ অংশ লোকের খুনের অভিযোগে বিচার হরেছিল। ১৯১১ খৃক্টান্দে বাংলা দেশে প্রতি লক্ষ লোকে '০৮ অংশ লোকের খুনের চার্জে বিচার হরেছিল। হাতের কাছে কই বা ধাকাতে সম্পূর্ণ ভালিকা দিতে পারলাম না।

তাঁৰ কৌজুকদৃষ্টিতে মুহূতে ধরা পড়ে; পররাজ্যশাসনের বালাই তাঁর কোনোদিন ঘটে নি। চীনেদের কথাই চলচে:

They are polite and ceremonious, but are reproached with cherishing feeble sentiments of affections for Europeans. The grievances we have against them are greatly of the order of those which Mr. Du Chaillu cherished towards his Gorilla. Mr. Du Chaillu, while in a forest, brought down with his rifle the mother of a Gorilla. In its death the brute was still pressing its young to its bosom. He tore it from its embrace, and dragged it with him in a cage across Africa, for the purpose of selling it in Europe. Now, the young animal gave him just cause for complaint. It was unsociable, and actually starved itself to death. "I was powerlass," says Mr Du Chaillu, "to correct its evil nature."

তাই বলছি, সবলের সব-চেয়ে বড়ো বিপদ হচ্ছে ত্র্বলের কাছে। ত্র্বল তার ধর্মবৃদ্ধি এমন করে অপহরণ করে যে, সবল তা দেখতেই পায় না, বৃষ্ণতেই পারে না। আন্ধকের দিনে এই বিপদটাই পৃথিবীতে সব-চেয়ে বেড়ে উঠছে। কেননা হঠাৎ বাছবলের অতিরৃদ্ধি ঘটেছে। ত্র্বলকে শাসন করা ক্রমেই নিরতিশয় অবাধ হয়ে আসছে। এই শাসন বৈজ্ঞানিক প্রণালীতে এতই আটঘাট-বাধা যে, এর জালে যে-বেচারা পড়েছে কোণাও কোনোকালে এতটুকু ফার্ফ দিয়ে একটুখানি বেরবার তার আশা নেই। তবুও কিছুতেই আশ মিটছে না, কেননা লোভ যে ভীরু, সে অতিবড়ো শক্তিমানকেও নিশ্চিম্ক হতে দেয় না। শক্তিমান তাই বসে বসে এই ঠাওরাছে যে, শাসনের ইক্ত্র্কলে এমনি কযে পাচি দিতে হবে যে, নালিশ জানাতে মাহুষের সাহস হবে না, সাক্ষ্য দিতে ভয় পাবে, ঘরের কোণেও চেঁচিয়ে কাদলে অপরাধ হবে। কিছু শাসনকে এত বেশি সহজ করে ফেলে যারা সেই শাসনের ভার নিছে, নিজের মহয়ত্বের তহবিল ভেঙে এই অতিসহজ শাসনের মূল্য তাদের জোগাতে হবে। প্রতিদিন এই যে তহবিল ভেঙে চলা এর ফলটা প্রতিদিন নানা আকারে নিজের ঘরেই দেখা দেবে। এখনো দেখা দিছে কিছু তার হিসাব কেউ মিলিয়ে দেখছে না।

এই তো প্রবলপক সহছে বক্তব্য। আমাদের পক্ষে এসব কথা বেশি করে আলোচনা করতে বড়ো লজা বোধ হয়, কেননা বাইরে থেকে এর আকারটা উপদেশের মতো, কিছু এর ভিতরের চেহারাটা মার থেয়ে কামারই রূপান্তর। এক দিকে ভয় আরেক দিকে কামা, ত্র্বলের এইটেই হচ্ছে সকলের চেয়ে বড়ো লজা। প্রবলের সঙ্গে লড়াই করবার শক্তি আমাদের নেই কিছু নিজের সঙ্গে লড়াই আমাদের

করতেই হবে। আর যাই করি, ভর আমরা করব না, এবং কথা বলা যদি বন্ধ করে দের তবে সমূত্রের এ-পার থেকে ও-পার পর্যন্ত নাকি স্বরে কালা আমরা তুলব না।

ত্থখের আঞ্চন বখন অলে তখন কেবল তার তাপেই অলে মরব আর তার আলোটা কোনো কাজেই লাগাব না এটা হলেই সব-চেরে বড়ো লোকসান। সেই আলোটাতে মোহ-আধার ঘুচুক, একবার ভালো করে চেরে দেখো। নিজের মনকে একবার জিজ্ঞাসা করো, ঐ বীভৎস শক্তিমান মাহ্যটাকে বত বড়ো দেখাছে সে কি সভ্যই তত বড়ো। বাইরে থেকে সে ভাঙচুর করতে পারে কিন্তু ভিতর থেকে মাহ্যের জীবনের সম্পদ লেশমাত্র যোগ করে দিয়ে যাবার সাধ্য ওর আছে? ও সন্ধি করতে পারে কিন্তু শান্তি দিতে পারে কি। ও অভিভূত করতে পারে কিন্তু শক্তি দান করতে পারে কি। আজ প্রায় হ হাজার বছর আলে সামান্ত একদল জাল-জীবীর অখ্যাত এক গুরুকে প্রবল রোম সামাজ্যের একজন শাসনকর্তা চোরের সজে সমান দগুকাঠে বিঁধে মেরেছিল। সেদিন সেই শাসনকর্তার ভোজের অয়ে কোনো ব্যঞ্জনের জাটি হয় নি এবং সে আপন রাজপালক্ষে আরামেই ঘুমতে গিয়েছিল। সেদিন বাইরে থেকে বড়ো দেথিয়েছিল কাকে। আর আজ ? সেদিন সেই মশানে রেদনা এবং মৃত্যু এবং ভয়, আর রাজপ্রাসাদে ভোগ এবং সমারোহ। আর আজ ? আমরা কার কাছে মাথা নত করব। কম্মৈ দেবায় হবিয়া বিধেম।

8

বাংলার মন্দলকাব্যগুলির বিষয়টা হচ্চে, এক দেবতাকে তার সিংহাসন থেকে খেদিয়ে দিয়ে আরেক দেবতার অভ্যুদয়। সহজেই এই কথা মনে হয় যে, ছই দেবতার মধ্যে যদি কিছু নিয়ে প্রতিযোগিতা থাকে তা হলে সেটা ধর্মনীতিগত আদর্শেরই তারতম্য নিয়ে। যদি মাছবের ধর্মবৃদ্ধিকে নৃতন দেবতা পুরাতন দেবতার চেয়ে বেশি ছিম্মি দিতে পারেন তা হলেই তাঁকে বরণ করবার সংগত কারণ পাওয়া যায়।

কিন্ত এখানে দেখি একেবারেই উদ্টো। এককালে পুরুষদেবতা বিনি ছিলেন তাঁর বিশেষ কোনো উপত্রব ছিল না। খামকা মেরেদেবতা জোর করে এলে বায়না ধরলেন, আমার পুলো চাই। অর্থাৎ বে-জায়গায় আমার দখল নেই, সে-জায়গা আমি দখল করবই। তোমার দলিল কী। পারের জোর। কী উপারে দখল করবে। যে উপারেই হোক। তার পরে বে-সকল উপায় দেখা গেল মাছ্যের সব্জিতে তাকে সত্পায় বলে না। কিন্তু পরিণামে এই-সকল উপায়েরই জয় হল। ছলনা, অস্তায়

এবং নিষ্ঠ্যতা কেবল যে মন্দির দখল করল তা নর, কবিদের দিয়ে মন্দিরা বাজিরে চামর ছলিয়ে আপন জয়গান গাইরে নিলে। লক্ষিত কবিরা কৈফিয়ত দেবার ছলে মাথা চুলকিয়ে বললেন, কী করব, আমার উপর খপ্তে আদেশ হয়েছে। এই খপ্প একদিন আমাদের সমস্ত দেশের উপর ভর করেছিল।

সেদিনকার ইতিহাস স্পষ্ট নয়। ইতিহাসের যে-একটা আবছায়া দেখতে পাছিছ সেটা এই রকম— বাংলা সাহিত্য যথন তার অব্যক্ত কারণ-সমূদ্রের ভিতর থেকে প্রবাল-বীপের মতো প্রথম মাথা তুলে দেখা দিলে তথন বৌদ্ধর্ম জীর্ণ হয়ে বিদীর্ণ হয়ে টুকরো টুকরো হয়ে নানাপ্রকার বিহ্নতিতে পরিণত হছে। বপ্রে যেমন এক থেকে আর হয়, তেমনি করেই বৃদ্ধ তথন শিব হয়ে গাঁড়িয়েছিলেন। শিব ত্যাগী, শিব ভিক্ত, শিব বেদবিক্ষম, শিব সর্বসাধারণের। বৈদিক দক্ষের সঙ্গে এই শিবের বিরোধের কথা কবিক্ষম এবং অয়দামক্লের গোড়াতেই প্রকাশিত আছে। শিবও দেখি বৃদ্ধের মতো নির্বাণমুক্তির পক্ষে; প্রলয়েই তাঁর আনন্দ।

কিন্ত এই শান্তির দেবতা, ত্যাগের দেবতা টিকল না। মুরোপেও আধুনিক শক্তিপ্রক বলছেন, যিশুর মতো অমন গরিবের দেবতা, নিরীহ দেবতা, অমন নেহাৎ ফিকে রক্তের দেবতা নিয়ে আমাদের চলবে না। আমাদের এমন দেবতা চাই জার করে যে কেড়ে নিতে পারে, যেমন করে হোক যে নিজেকে জাহির করতে গিয়ে না মানে বাধা, না পায় ব্যথা, না করে লজ্জা। কিন্ত মুরোপে এই-যে বুলি উঠেছে সেকাদের পান-সভার বুলি। যারা জিতেছে, যারা লুটেছে, পৃথিবীটাকে টুকরো টুকরো করে যারা ভাদের মদের চাট বানিয়ে থাছেছ।

আমাদের দেশের মকলগানের আসরেও ঐ বৃলিই উঠেছিল। কিন্ধ এ বৃলি
কোন্ধান থেকে উঠল। যাদের অন্ন নেই, বন্ধ নেই, আত্রর নেই, সম্মান নেই সেই
হতভাগাদের স্বপ্রের থেকে। তারা ক্প্প দেখল। কথন। যথন—

নারায়ণ, পরাশর, এড়াইল দামোদর, উপনীত ক্চট্যানগরে। তৈল বিনা কৈলুঁ স্নান, করিলুঁ উদক্পান, শিশু কাঁদে ওদনের তরে। আশ্রম পৃথরি-আড়া, নৈরেছ শালুক পোড়া, পূজা কৈছ ক্মৃদ প্রস্তনে। ক্ধান্তর পরিশ্রমে, নিজা বাই সেই ধামে, চণ্ডী দেখা দিলেন স্থানে। সেদিনকার শক্তির স্বপ্ন স্থায়াত্র, দে স্থের মূল ক্ষা ভর পরিশ্রমের মধ্যে।

শোলা গেছে ইতিহাসের গান অমিত্রাক্ষরে হয় না, এর চরণে-চরণে মিল। সেই পাঁচশো বছর পূর্বের এক চরণের সক্ষে আন্ধ পাঁচশো বছর পরের এক চরণের চমৎকার মিল শোলা যাচ্ছে না কি। মুরোপের শক্তিপুন্ধক আন্ধ বুক ফুলিয়ে বড়ো সমারোহেই শক্তির পূলো করছেন; মনে তাঁর ঘই চক্ষ্ ক্ষবাক্ষণের মতো টক্টক করছে; খাড়া শাণিত; বলির পশু বূপে বাঁধা। তাঁরা কেউ কেউ বলছেন, আমরা যিশুকে মানি নে, আবার কেউ কেউ ভারতচন্দ্রের মতো গোঁকামিলন দিয়ে বলছেন, যিশুর সঙ্গে শক্তির সক্ষে ভেদ করে দেওয়া ঠিক নয়, অর্ধনারীশ্বর মূর্ভিতে ঘুন্ধনকেই সমান মানবার মন্ত্র্যাহে। অর্থাৎ, একদল মদ থাচ্ছেন রাজাসনে বসে, আরেক দল পূল্পিটে চড়ে।

আর আমরাও বলছি, শিবকে মানব না। শিবকে মানা কাপুরুষতা। আমরা চণ্ডীর মলল গাইতে বদেছি। কিন্তু দে মললগান স্বপ্লব্ধ। ক্থা-ভয়-পরিশ্রমের স্বপ্ন। জয়ীর চণ্ডীপুর্লায় আর পরাজিতের চণ্ডীগানে এই তফাত।

অব্যেতেই যে আমাদের চণ্ডীগানের আদি এবং স্বপ্নেতেই যে তার অস্কু তার প্রমাণ কী। ঐ দেখো-না ব্যাধের দশা, তার স্বী ফুল্লরার বারমালা একবার শোনো; কিন্তু হল কী। হঠাৎ খামপেরালী শক্তি বিনা কারণে তাকে এমন-একটা আঙটি দিলেন যে, ঘরে আর টাকা ধরে না। কলিলরান্তের সলে এই সামাল ব্যাধ যখন লড়াই করল, তখন খামকা স্বরং হন্তমান এসে তার পক্ষ নিয়ে কলিলের সৈলকে কিলিয়ে লাখিয়ে একাকার করে দিলে। একেই বলে শক্তির স্বপ্ন, ক্ষ্ধা এবং ভয়ের বরপুত্র। হঠাৎ একটা কিছু হবে। তাই সেই অতি-অঙ্গুত হঠাতের আশায় আমরা দলে দলে উচ্চৈঃস্বরে মা মা করে চণ্ডীগান করতে লেগে গেছি। সেই চণ্ডী লায় অলায় মানে না, স্থবিধার খাতিরে সভ্যমিখ্যায় সে ভেদ করে না, সে যেন-ভেন প্রকারে ছোটোকে বড়ো, দরিল্লকে ধনী, অশক্তকে শক্তিমান করে দেয়। তার জন্তে যোগ্য হবার দরকার নেই, অস্করের দারিল্র্য দ্ব করবার প্ররোজন হবে না, যেখানে যা যেমনভাবে আছে আলক্ষভরে সেখানে তাকে তেমনি ভাবেই রাখা চলবে। কেবল করকোড়ে তারস্বরে বলতে হবে— মা মা মা!

যথন মোগলপাঠানের বস্তা দেশের উপর ভেঙে পড়ল, তথন সংসারের বে-বাফ্রপ মাহ্য প্রবল করে দেখতে পেলে সেটা শক্তিরই রুপ। সেথানে ধর্মের হিসাব পাওয়া যায় না, দেখানে শিবের পরিচয় আচ্ছয় হয়ে যায়। মাহ্য যদি তথনো সমস্ত তৃঃথ এবং পরাভবের মাঝখানে দাঁড়িয়ে বলতে পারে, আমি সব সন্ত্ করব তব্ও কিছুতেই একে দেবতা বলে মানতে পারব না, তা হলেই মাহুষের ক্রিত হয়। চাঁদসদাগর কিংবা ধনপতির বিজাহের মধ্যে কিছুদ্র পর্যন্ত মাহুবের সেই পরিচর পাওরা গিরেছিল। মারের পর মার থেরেছে কিন্ত ভক্তিকে ঠিক জারগা থেকে নড়তে দের নি। মিথ্যা এবং অস্তার চার দিক বেকে তাদের আক্রমণ করলে; চণ্ডী বললেন, ভরে অভিভূত করে, ছঃখে জর্জর করে, কতিতে ছুর্বল করে, মারের চোটে মেকদণ্ড ভেঙে দিরে তোমাদের কাছ থেকে জার করে আমার পূজা আদায় করবই। নইলে পূনইলে আমার প্রেন্টিজ যায়। ধর্মের প্রেন্টিজের জন্তে চণ্ডীর থেয়াল নেই, তাঁর প্রেন্টিজ হচ্ছে ক্মতার প্রেন্টিজ। অতএব মারের পর মার, মারের পর মার।

অবশেষে তৃংধের যথন চ্ড়াস্ত হল, তথন শিবকে সরিয়ে রেখে শক্তির কাছে আধমরা সদাগর মাধা হেঁট করলে। শক্তি তাদের এতদিন যে এত তৃংধ দিরেছিল সে তৃংখে তেমন অপমান নেই যেমন অপমান শেষকালে এই মাধা হেঁট করে। যে-আত্মা অভয়, যে-আত্মা অমর, সে আপন প্রতিষ্ঠা থেকে নেমে এসে ভয়কে মৃত্যুকে দেবতা বলে, আপনার চেয়ে বড়ো বলে মানলে। এইখানেই শক্তির সকলের চেয়ে বীভৎস পরিচয় পাওয়া গেল।

আমরা আন্ধ মুরোপের দেবতাকে স্বপ্নে পুজো করতে বসেছি, এইটেতেই মুরোপের কাছে আমাদের সব-চেয়ে পরাভব হয়েছে। যদি সে আমাদের আঘাত করতে চায় করক, আমরা দছ করব, কিছু তাই বলে পুজো করব? সে চলবে না; কেননা পুজো করতে হবে ধর্মরান্ধকে। সে দুঃধ দেবে, দিকগে। কিছু হারিয়ে দেবে? কিছুতে না। মরার বাড়া পাল নেই; কিছু মরেও অমর হওয়া যায় এই কথা যদি কিছুতে ভূলিয়ে দেয় তা হলে তার চেয়ে সর্বনেশে মৃত্যু আর নেই।

মহাস্তং বিভূম্ আত্মানং মত্বা ধীরো ন শোচতি।

ń

মাহবের ইতিহাসের বব আব্দ যত বড়ো ধাকা থেরেছে এমন আর কোনোদিনই থায় নি। তার কারণ আধুনিক ইতিহাসের রবটা কলের গাড়ি, বছ কৌশলে ওর লোহার রাতা বাঁধা, আর এক-একটা এঞ্জিনের পিছনে গাড়ির শ্রেণী প্রকাণ্ড লম্বা হয়ে বাঁধা পড়েছে। তার পরে ওর পথ চলেছে ব্রুগৎ ব্রুড়ে, নানা আয়পায় নানা পথে ফাটাকাটি। কাব্রেই কলে কলে যদি একবার সংঘাত বাধল, যদি পরস্পরকে বাঁচিয়ে চলতে না পারল, তা হলে সেই হুর্ঘোগে ভাঙচুরের পরিমাণ অতি ভয়ানক হয়ে ওঠে, এবং পৃথিবীর একপ্রান্থ থেকে আর-একপ্রান্থ পর্যন্থর করে কাঁপতে থাকে।

**এই करनद गा**फ़ित नरपां अवादत प्र श्वन शाकाय परिष्ठ, की मान की मध्यादी

নাভানাৰুদ হয়ে গেল। তাই চারি দিকে প্রশ্ন উঠেছে, এ কী হল, কেমন করে হল, কী করলে ভবিশ্বতে এমন মার না হতে পারে।

মাহবের ইতিহাসে এই প্রশ্ন এবং বিচার যখন উঠে পড়েছে তখন আমাদেরও কি ভাবতে হবে না। তখন ওধুই কি পরের নামে নালিশ করব। নিজের দায়িখের কথা শুরুণ করব না?

আমি পূর্বেও আভাস দিয়েছি এখনও বলছি তুর্বলের দায়িত্ব বড়ো ভয়ানক। বাতালে বেখানে যা-কিছু ব্যাধির বীক্ত ভাসছে তুর্বল তাকেই আতিথ্য দান করে তাকে নিক্ষের জীবন দিয়ে জিইবে রাখে। ভীক্ষ কেবল ভয়ের কারণকে বাড়িয়ে চলে, অবনত কেবল অপমানকে সৃষ্টি করে।

চোখে বেখানে আমরা দেখতে পাই নে সেথানে আমাদের ব্যথা পৌছয় না;
মাটির উপর যে-সব পোকামাকড় আছে তাদের আমরা অবাধে মাড়িয়ে চলি কিছ
বিদি সামনে একটা পাধি এসে পড়ে তার উপরে পা ফেলডে সহজে পারি নে। পাথির
সন্থাছে যে-বিচার করি পিঁপড়ের সম্বাদ্ধে সে-বিচার করি নে।

অতএব মাহ্যবের প্রধান কর্তব্য তাকে এমনটি হতে হবে যাতে তাকে মাহ্যব বলে মাহ্যব বলে মাহ্যব প্রথতে পাওয়া যায়। এ কর্তব্য কেবল তার নিজের স্থবিধের জন্তে নয়, পরের দায়িছের জন্তেও। মাহ্য মাহ্যকে মাড়িয়ে যাবে, এটা, যে-লোক মাড়ায় এবং যাকে মাড়ানো হয় কারো পক্ষে কল্যাণের নয়। আপনাকে যে থর্ব করে দে যে কেবল নিজেকেই কমিয়ে রাথে তা নয় মোটের উপর সমন্ত মাহ্যবের মূল্য সে হাস করে। কেননা, যেথানেই আময়া মাহ্যবেক বড়ো দেখি সেথানেই আপনাকে বড়ো বলে চিনতে পারি— এই পরিচয় যত সত্য হয় নিজেকে বড়ো রাথবার চেষ্টা মাহ্যবের পক্ষে ভত সহজ হয়।

প্রত্যেক মান্থবের বে-দেশে মৃল্য আছে সমস্ব জাতি সে-দেশে আপনিই বড়ো হয়।
সেধানে মান্থব বড়ো করে বাঁচবার জ্বন্তে নিজের চেটা পূর্ণমাত্রায় প্রয়োগ করে, এবং
বাধা পেলে শেষ পর্যন্ত লড়াই করতে থাকে। সে মান্থব যারই সামনে আন্থক, তার
চোধে সে পড়বেই, কাজেই ব্যবহারের বেলায় তার সঙ্গে ভেবে চিন্তে ব্যবহার করতেই
হবে। তাকে বিচার করবার সময় কেবলমাত্র বিচারকের নিজের বিচারবৃদ্ধির উপরেই
বে ভরসা তা নয়, বথোচিত বিচার পাবার দাবি তার নিজের মধ্যেই অত্যন্ত প্রত্যক্ষ।

অতএব বে-জাতি উন্নতির পথে বেড়ে চলেছে তার একটা লক্ষণ এই যে, ক্রমশই সে-জাতির প্রত্যেক বিভাগের এবং প্রত্যেক ব্যক্তির অকিঞ্ছিৎকরতা চলে যাচছে। বধাসম্ভব তাদের সকলেই মহস্কান্তের পুরো গৌরব দাবি করবার অধিকার পাচেছ। এইজন্তেই দেখানে মাহ্য ভাবছে, কী করলে দেখানকার প্রত্যেকেই ভন্ত বাসায় বাস করবে, ভন্তোচিত শিক্ষা পাবে, ভালো ধাবে, ভালো পরবে, রোগের হাত থেকে বাঁচবে, এবং মধেষ্ট অবকাশ ও স্বাভন্তা লাভ করবে।

কিন্তু আমাদের দেশে কী হয়েছে। আমরা বিশেষ শিকা দীকা ও ব্যবস্থার বারা সমাজের অধিকাংশ লোককেই থাটো করে রেখেছি। তারা যে থাটো এটা কোনো তর্ক বা বিচারের উপরে নির্ভর করে না, এটাকে বিধিমতে সংস্থারগত করে তুলেছি। এমনি হয়েছে যে, যাকে ছোটো করেছি সে নিজে হাত জোড় করে বলছে আমি ছোটো। সমাজে তাদের অধিকারকে বড়োর সমত্ল্য করতে চেষ্টা করেল তারাই স্বচেয়ে বেশি আপত্তি করে।

এমনি করে অপমানকে স্বীকার করে নেবার শিক্ষা ও অভ্যাস সমাজের স্তরে স্থরে নানা আকারে বিধিবন্ধ হয়ে আছে। যারা নীচে পড়ে আছে সংখ্যায় তারাই বেশি, তাদের জীবনযাত্রার আদর্শ সকল বিষয়েই হীন হলেও উপরের লোককে সেটা বাজে না। বরঞ্চ তাদের চালচলন যদি উপরের আদর্শ অবলম্বন করতে যায় তা হলে সেটাতে বিরক্তি বোধ হয়।

তার পরে এইদব চির-অপমানে-দীক্ষিত মাগুষগুলো যথন মানবসভায় শ্বভাবতই স্বোরগলায় সম্মান দাবি করতে না পারে, যথন তারা এত সংকৃচিত হয়ে থাকে যে বিদেশী উদ্ধৃতভাবে তাদের অবজ্ঞা করতে অস্তরে বাহিরে বাধা বোধ না করে, তথন সেটাকে কি আমাদের নিম্পেরই কৃতকর্ম বলে গ্রহণ করব না।

আমরা নিঞ্চের। সমাজে যে-অস্তায়কে আটেঘাটে বিধিবিধানে বেঁধে চিরস্থায়ী করে রেখেছি সেই অস্তায় যথন পলিটিক্সের ক্ষেত্রে অস্তের হাত দিয়ে আমাদের উপর ফিরে আসে তথন সেটা সম্বন্ধে সর্বতোভাবে আপত্তি করবার জ্বোর আমাদের কোথায়।

জোর করি সেই বিদেশীরই ধর্মবৃদ্ধির দোহাই দিয়ে। সে দোহাইয়ে কি লক্ষা বেড়ে ওঠে না। এ কথা বলতে কি মাথা হেঁট হয়ে বায় না যে, সমাজে আমাদের আদর্শকে আমরা ছোটো করে রাথব, আর পলিটিক্সে তোমাদের আদর্শকে তোমরা উচু করে রাথব।? আমরা দাসত্বের সমন্ত বিধি সমাজের মধ্যে বিচিত্র আকারে প্রবল করে রাথব আর তোমরা তোমাদের উপার্বের দারা প্রভূত্বের সমান অধিকার আমাদের হাতে নিজে তুলে দেবে? যেখানে আমাদের এলেকা সেখানে ধর্মের নামে আমরা অতি কঠোর ক্লপণতা করব, কিন্তু যেখানে তোমাদের এলেকা সেখানে সেই ধর্মের দোহাই দিয়ে অপ্রয়েপ্ত বদাস্ভতার জন্তে তোমাদের কাছে দ্ববার

করতে থাকব এমন কথা বলি কোন্ মুখে। আর বলি আমাদের দরবার মঞ্র হ্র: । বলি আমরা আমাদের দেশের লোককে প্রত্যহ অপমান করতে কৃষ্ঠিত না হই, অথচ বিদেশের লোক এনে আশন ধর্মবৃদ্ধিতে সেই অপমানিতদের সমানিত করে তা হলে ভিতরে বাহিরেই কি আমাদের পরাভব সম্পূর্ণ হয় না।

আজকের দিনে যে কারণে হোক ছঃখ এবং অপমানের বেদনা নিরতিশয় প্রবল হয়ে উঠেছে; এই উপলক্ষে আমাদের মনে একটা কথা আশা করবার আছে, সেটা হছে এই যে, ধর্মবৃদ্ধিতে ষথন অঞ্চপক্ষের পরাভব হছে তথন সেইখানে আমরা এদের উপরে উঠব। তা হলে এদের হাতের আঘাতে আমাদের গৌরব হানি করবে না বরং বাড়াবে। কিন্তু সেখানেও কি আমরা বলব, ধর্মবৃদ্ধিতে তোমরা আমাদের চেয়ে বড়ো হয়ে থাকো; নিজেদের সম্বদ্ধ আমরা যে-রকম ব্যবহার করবার আশা করি নে আমাদের সম্বদ্ধে তোমরা সেই রকম ব্যবহারই করো? অর্থাও চিরদিনই নিজের ব্যবস্থার আমরা নিজেদের থাটো করে রাখি, আর চিরদিনই তোমরা নিজ্পণে আমাদের বড়ো করে তোলো। সমস্ত বরাতই অক্টের উপরে, আর নিজের উপরে একট্ও নয়? এত অশ্রদ্ধা নিজেকে, আর এতই শ্রদ্ধা অন্তবে? বাছবলগত অধ্যতার চেয়ে এই ধর্মবৃদ্ধিগত অধ্যতা কি আব্যে বেশি নিজ্ঞ নয়।

অল্পকাল হল একটা আলোচনা আমি স্বকর্ণে গুনেছি, তার সিদ্ধান্ত এই বে, পরস্পরের মধ্যে পাকা দেওয়ালের ব্যবধান থাকা সন্ত্বেও এক চালের নীচে হিন্দুম্লমান আহার করতে পারবে না, এমন-কি সেই আহারে হিন্দুম্লমানের নিষিদ্ধ কোনো আহার্থ যদি নাও থাকে। যারা এ কথা বলতে কিছুমাত্র সংকোচ বোধ করেন না, হিন্দুম্লমানের বিরোধের সময় তাঁরাই সন্দেহ করেন যে বিদেশী কর্তৃপক্ষেরা এই বিরোধ ঘটাবার মূলে। এই সন্দেহ ধর্থন করেন তথন ধর্মবিচারে তাঁরা বিদেশীকে দগুনীয় মনে করেন। এর একমাত্র কারণ ধর্মের দাবি নিজের উপরে তাঁদের যতটা, বিদেশীর উপরে তার চেয়ে অনেক বেশি। স্থদেশে মাহ্রে মাহ্র্যে ব্যবধানকে আমরা ছংসহরূপে পাকা করে রাথব সেইটেই ধর্ম, কিছু বিদেশী সেই ব্যবধানকে কোনো কারণেই কোনো মতেই নিজের ব্যবহারে লাগালে সেটা অধর্ম। আত্মপক্ষে ত্র্বলতাকে স্ক্রী করব ধর্মের নামে, বিক্লছপক্ষে সেই ত্র্বলতাকে ব্যবহার করলেই সেটাকে অস্তায় বলব।

ষদি জিজ্ঞাসা করা যার, পাকা দেওয়ালের অপর পারে বেথানে মুসলমান থাছে দেওয়ালের এপারে সেখানে হিন্দু কেন থেতে পারে না, তা হলে এ প্রশ্নের উত্তর দেওয়াই আবশ্যক হবে না। হিন্দুর পক্ষে এ প্রান্নে বৃদ্ধি খাটানো নিষেধ এবং সেই নিষেধটা বৃদ্ধিমান জীবের পক্ষে কত অদ্ভূত ও লক্ষাকর তা মনে উদয় হ্বার শক্তি পর্বন্ধ চলে গেছে। সমাজের বিধানে নিজের বারো আনা ব্যবহারের কোনোপ্রকার সংগত কারণ নির্দেশ করতে আমরা বাধ্য নই; যেমন বাধ্য নয় গাছপালা কীটপতজ্ব প্রপক্ষী। পলিটিক্সে বিদেশীর সজে কারবারে আমরা প্রশ্ন জিজ্ঞাসা করতে শিবেছি—দে-ক্ষেত্রে সকল রকম বিধিবিধানের একটা বৃদ্ধিগত জ্বাবদিহি আছে বলে মানতে আভ্যাস করছি; কিন্তু সমাজে পরস্পরের সজে ব্যবহার, যার উপরে পরস্পরের গুরুত্ব স্থাত্বংব গুভাণ্ড প্রত্যাহ নির্ভির করে সে সম্বন্ধে বৃদ্ধির কোনো কৈফিয়ৎ নেওরা চলে এ কথা আমরা ভাবতেও একেবারে ভূলে গেছি।

এমনি করে বে-দেশে ধর্মবৃদ্ধিতে এবং কর্মবৃদ্ধিতে মাহ্র্য নিব্দেকে দাসাহ্রদাস করে রেথেছে, সে-দেশে কর্তৃত্বের অধিকার চাইবার সত্যকার ক্রোর মাহ্র্যের নিব্দের মধ্যে থাকতেই পারে না। সে-দেশে এই সকল অধিকারের জ্ঞান্তে পরের বদান্ততার উপরে নির্ভর করতে হয়।

কিছ আমি পূর্বেই বলেছি মাছ্য যেখানে নিজেকে নিজে অত্যন্ত ছোটো এবং অপমানিত করে রাখে দেখানে তার কোনো দাবি বভাবত কারো মনে গিয়ে পৌছয় ना। म्हेक्ट जात्मत्र मान य-मक्न अवानत्र वावहात्र हान महे अवनामत्र अिंहिन হুৰ্গতি ঘটতে থাকে। মাহুষের দক্ষে আচরণের আদর্শ তাদের না নেমে গিয়ে থাকতে পারে না। ক্রমশই তাদের পক্ষে অক্তায়, উন্ধত্য এবং নিষ্ঠরতা স্বাভাবিক হয়ে উঠতে খাকে। নিম্পের ইচ্ছাকে অন্তের প্রতি প্রয়োগ করা তাদের পক্ষে একাস্ক সহক হওয়াতেই মানবম্বাধীনতার প্রতি শ্রদ্ধা নিব্দের অগোচরেই তাদের মনে শিথিল হয়ে আদে। ক্ষতা যতই অবাধ হয় ক্ষমতা ততই মানুষকে নীচের দিকে নিয়ে যায়। এইক্সে ক্ষমতাকে যথোচিত পরিমাণে বাধা দেবার শক্তি যার মধ্যে নেই তার চুর্বলতা সমস্ত মান্তবেরই শত্রু। আমাদের সমাজ মান্তবের ভিতর থেকে সেই বাধা দুর করবার একটা অতি ভরংকর এবং অতি প্রকাণ্ড যন্ত্র। এই যন্ত্র এক দিকে বিধান-অক্ষোহিণী দিয়ে আমাদের চার দিকে বেড়ে ধরেছে, আর-এক দিকে, বে-বৃদ্ধি বে-যুক্তি দ্বারা আমরা এর সঙ্গে লড়াই করে মৃক্তিলাভ করতে পারতুম, সেই বৃদ্ধিকে সেই যুক্তিকে একেবারে নির্মান করে কেটে দিয়েছে। তার পরে অন্ত দিকে অতি লঘু ফটির জল্ভে অতি গুরুদণ্ড। থাওয়া শোওয়া ওঠা বসার তুচ্ছতম খলন সহছে শান্তি অতি কঠোর। এক দিকে মূঢ়তার ভারে অন্ত দিকে ভরের শাসনে মান্তবকে অভিভূত করে জীবনবাঞ্জার অতি কুন্ত খুঁটিনাটি সহক্ষেও তার বাভিক্ষচি ও বাধীনতাকে বিনুগ্ধ করে দেওবা হয়েছে। তার भरत ? जात्र भरत किया, किया ना मिन्ना काता। धरे किया यि विक महत्त्वहे

মেলে, জার এই কারা যদি অতি সহজেই থামে, তা হলে দকল প্রকার যারের চেয়ে অপমানের চেয়ে দে আয়াদের বড়ো তুর্গতির কারণ হবে। নিজেকে আমরা নিজে ছোটো করে রাখব, আর অস্তে আমাদের বড়ো অধিকার দিয়ে প্রস্তার দেবে এই অভিশাপ বিধাতা আমাদের দেবেন না বলেই আমাদের এত ভূথের পর ভূথ।

জাহাজের খোলের ভিতরটার যখন জল বোজাই হয়েছে তখনই জাহাজের বাইরেকার জলের মার সাংঘাতিক হয়ে ওঠে। ভিতরকার জলটা তেমন দৃশ্রমান নয়, তার চালচলন তেমন প্রচণ্ড নয়, সে মারে ভারের বারা, আঘাতের বারা নয়, এইজয়ে বাইরের চেউয়ের চড়-চাপড়ের উপরেই দোবারোপ করে তৃথি লাভ করা য়েতে পারে; কিছে হয় য়য়তে হবে নয় একদিন এই স্বর্দ্ধি মাথায় আসবে য়ে আসল ময়ণ ঐ ভিতরকার জলের ময়ে, ওটাকে য়ত শীত্র পারা য়য় সেঁচে ফেলতেই হবে। কাজটা য়দি য়ঃসায়্য়ও হয় তব্ এ কথা মনে রাথা চাই য়ে, সয়য় সেঁচে ফেলা সহজ নয়, তার চেয়ে সহজ, খোলের জল সেঁচে ফেলা। এ কথা মনে রাখতে হবে, বাইরে বাধাবিয় বিক্লয়তা চিরদিনই থাকবে, থাকলে ভালো বই মল নয়— কিছে অস্তরে বাধা থাকলেই বাইরের বাধা ভয়ংকর হয়ে ওঠে। এইজয়ে ভিক্লার দিকে না তাকিয়ে সাধনার দিকে তাকাতে হবে, তাতে অপমানও যাবে, ফলও পাব।

e क्षिप्रं ५७२७

## শক্তিপূজা

'বাতারনিকের পত্তে' আমি শক্তিপূঞ্জার যে আলোচনা করেছি সে সম্বন্ধ সাময়িকপত্তে একাধিক লোকে প্রতিবাদ লিখেছেন।

আমাদের দেশে শিব এবং শক্তির শ্বরূপ সম্বন্ধে হুটি ধারা দেখতে পাই। তার মধ্যে একটিকে শান্তিক এবং আর-একটিকে গৌকিক বলা যেতে পারে। শান্ত্রিক শিব যতী. বৈরাগী। লৌকিক শিব উন্মন্ত উদ্ধন্ধল। বাংলা মন্দলকাব্যে এই লৌকিক শিবেরই বর্ণনা দেখতে পাই। এমন-কি, রাজসভার কবি ভারতচন্দ্রের অন্নদামকলে শিবের যে চরিত্র বর্ণিত সে আর্বসমাজসন্মত নয়।

শক্তির যে শান্ত্রিক ও দার্শনিক ব্যাখ্যা দেওয়া যায় আমি তা দ্বীকার করে নিচ্ছি। কিন্তু বাংলা মঙ্গলকাব্যে শক্তির যে শুরুশ বর্ণিত হয়েছে সে লৌকিক, এবং তার ভাব অক্তর্মণ। সংসারে যারা পীড়িত, যারা পরাজিত, অধচ এই পীড়া ও পরাজ্যের যারা কোনো ধর্ষসংগত কারণ দেখতে পাচ্ছে না, তারা ক্ষেচ্ছাচারিণী নিষ্ঠুর শক্তির অস্তায় ক্রোধকেই সকল ছঃথের কারণ বলে ধরে নিয়েছে এবং সেই ঈর্বাপরারণা শক্তিকে ভবের দারা পূজার দারা শাস্ত করবার আশাই এই-সকল মঞ্চলকাব্যের প্রেরণা।

প্রচণ্ড দেবতার যথেচ্ছাচারের বিভীষিকা মানবন্দাতির প্রথম পূজার মূলে দেখতে পাওয়া বায়। তার কারণ মানুষ তথনো বিশের মূলে বিশ্বনিয়মকে দেখতে পায় নি এবং তথন সে সর্বদাই ভরবিপদের ধারা বেষ্টিত। তথন শক্তিমানের আক্ষিক প্রথমলাভ সর্বদাই চোথে পড়ছে, এবং আক্ষিকতারই প্রভাব মানবসমান্তে স্বচেয়ে উগ্রভাবে দুশুমান।

যে-সময়ে কবিক্রণ-চণ্ডী অন্ধদামকল লিখিত হয়েছে সে-সময়ে মাহুবের আকস্মিক উথানপতন বিস্মাকররপে প্রকাশিত হত। তথন চার দিকেই শক্তির সঙ্গে শক্তির সংখাত চলছে, এবং কার ভাগ্যে কোন্দিন যে কী আছে তা কেউ বলতে পারছে না। যে-ব্যক্তি শক্তিমানকে ঠিক্মত ত্তব করতে জ্ঞানে, যে-ব্যক্তি সত্য মিখ্যা স্থায় অস্থায় বিচার করে না, তার সমুদ্দিলাভের দৃষ্টান্ত তথন সর্বত্র প্রত্যক্ষ। চণ্ডীশক্তিকে প্রসন্ন করে তাকে নিজের ব্যক্তিগত ইইলাভের অহুক্ল করা তথন অন্ধত একপ্রেশীর ধর্মদাধনার প্রধান অল ছিল, তথনকার ধনীমানীরাই বিশেষত এই প্রেণীভুক্ত ছিল, কেননা তথনকার শক্তির ঝড় তাদের উচ্চচ্ডার উপরেই বিশেষ করে আঘাত করত।

শাস্ত্রে দেবতার যে-ম্বরূপ বর্ণিত হয়েছে সেইটেই যে আদিম এবং লৌকিকটাই যে আধুনিক এ কথা বিশিষ্ট প্রমাণ ব্যতীত মানা বায় না। আমার বিশাস, অনার্যদের দেবতাকে একদিন আর্যভাবের ঘারা শোধন করে স্বীকার করে নেবার সময় ভারতবর্ষে উপস্থিত হয়েছিল। সেই সময়ে যে-সব দেবতা ভারতবর্ষের সাধুসমাজে প্রবেশ করেছিল তাদের চরিত্রে অসংগতি একেবারে দূর হতে পারে নি, তাদের মধ্যে আজও আর্য অনার্য ছই ধারা মিশ্রিত হয়ে আছে এবং লৌকিক ব্যবহারে সেই অনার্যধারারই প্রবলতা অধিক।

থুন্টধর্মের বিকাশেও আমরা এই জিনিসটি দেখতে পাই। য়িছদির জিহোবা এককালে মৃথ্যত য়িছদিজাতিরই পক্ষপাতী দেবতা ছিলেন। তিনি কী রকম নিষ্ঠ্র ঈর্বাপরায়ণ ও বলিপ্রিয় দেবতা ছিলেন তা ওন্ড টেন্টামেন্ট্ পড়লেই বোঝা যায়। সেই দেবতা ক্রমশ রিছদি সাধুঝবিদের বাণীতে এবং অবশেষে বিশুথুন্টের উপদেশে সর্বমানবের প্রেমের দেবতা হয়ে প্রকাশ পেরেছেন। কিছু তার মধ্যে আঞ্চও যে ছুই বিক্রকার ক্ষড়িরে আছে তা লোকিক ব্যবহারে স্পাই দেখতে পাই। আঞ্চও তিনি মুদ্ধের দেবতা, ভাগাভাগির দেবতা, সাম্প্রদায়িক দেবতা। অথ্স্টানের প্রতি খৃস্টানের অবজ্ঞা ও অবিচার তাঁর নামের ক্লোরে যত সঞ্জীব হয়ে আছে এমন আর-কিছুতে নয়।

আমাদের দেশে সাধারণত শাক্তধর্মসাধনা এবং বৈক্ষবধর্মসাধনার মধ্যে ছুই বতন্ত্রভাব প্রাধান্ত লাভ করেছে। এক সাধনার পশুবলি এবং মাংসভোক্ষন, অন্ত সাধনার অহিংসা ও নিরামিষ আহার— এটা নিতান্ত নিরর্থক নয়। বিশেষ শাল্পে এই পশু এবং অপরাপর মকারের যে ব্যাখ্যাই থাক্ সাধারণ ব্যবহারে তা প্রচলিত নেই। এইজন্তেই 'শক্তি' শক্ষের সাধারণ বে-অর্থ, যে-অর্থ নানা চিহ্নে, অহুঠানে ও ভাবে শক্তিপূক্ষার মধ্যে ওতপ্রোত এবং বাংলাদেশের মক্ষলকাব্যে যে-অর্থ প্রচারিত হরেছে আমি সেই অর্থ ই আমার রচনায় গ্রহণ করেছি।

একটি কথা মনে রাধতে হবে, দহায় উপাক্ত দেবতা শক্তি, ঠপীর উপাক্ত দেবতা শক্তি, কাপালিকের উপাশু দেবতা শক্তি। আরো একটি ভাববার কথা আছে, পণ্ডবলি বা নিজের রক্তপাত, এমন-কি, নরবলি স্বীকার করে মানত দেবার প্রথা শক্তিপূজায় প্রচলিত। মিথ্যা মামলায় জয় থেকে শুরু করে জ্ঞাতিশক্তর বিনাশ কামনা পর্যন্ত সকল প্রকার প্রার্থনাই শক্তিপুঞ্জায় স্থান পায়। এক দিকে দেবচরিত্তের হিংশ্রতা, जभत्र मित्क माष्ट्रस्वद धर्मविठावरीन कनकामना এই ছইয়ের যোগ यে-পূঞ্জার আছে, তার চেয়ে বড়ো শক্তিপূজার কথা কোনো বিশেষ শাস্ত্রে নিগৃঢ় আছে কি না সেটা আমার আলোচ্য ছিল না। শক্তিপূজার যে-অর্থ লৌকিক বিশ্বাসের সঙ্গে জড়িত, সে-অর্থকে অসংগত বলা যায় না; কারণ লোকপ্রচলিত কাহিনী এবং রূপকচিছে সেই वर्ष हे श्रेयम धरः में पर पर्वत मकम पार्ट में मिक्स कारह— वर्णाय অসত্য সে পূজায় লক্ষিত নয়, লোভ তার লক্ষ্য এবং হিংসা তার পূজোপচার। এই লোভ মন্দ নর, ভালোই, হিংস্রশক্তি মহয়ত্বের পক্ষে অত্যাবশ্রক- এমন সকল তর্ক শক্তিপুত্রক মুরোপে স্পর্ধার সত্তে চলছে, মুরোপের ছাত্ররূপে আমাদের মধ্যেও চলছে— লোকের মনে শক্তিপূজার সঙ্গে একটি উলঙ্গ নিদারুপতার ভাব, নিজের উদ্দেশুসাধনের অন্ত বলপূর্বক ঘ্রবলকে বলি দেবার ভাব সংগত হয়ে আছে— 'বাতায়নিকের পত্তে' আমি তারই উল্লেখ করেছি।

কিন্তু তবু এ কথা স্বীকার করা উচিত যে, কোনো ধর্মসাধনার উচ্চ অর্থ যদি দেশের কোনো বিশেষ শাস্ত্র বা সাধকের মধ্যে কথিত বা জীবিত থাকে তবে তাকে সন্মান করা কর্তব্য। এমন-কি, ভূরিপরিমিত প্রচলিত ব্যবহারের চেয়েও তাকে বড়ো বলে জানা চাই। ধর্মকে পরিমাণের ছারা বিচার না করে তার উৎকর্ষের ছারা বিচার করাই শ্রেম।—

সল্পাস্থ ধর্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ।

2026

## সত্যের আহ্বান

পরাসক্ত কীট বা জন্ধ পরের রস রক্ত শোষণ করে বাঁচে; খাছকে নিজের শক্তিতে
নিজ দেহের উপকরণে পরিণত করবার দেহযার তাদের বিকল হয়ে যায়; এমনি করে
শক্তিকে অলস করবার পাপে প্রাণিলোকে এই-সকল জীবের অধঃপতন ঘটে।
মাহযের ইতিহাসেও এই কথা খাটে। কিন্তু পরাসক্ত মাহ্য বলতে কেবল যে পরের
প্রতি জড়ভাবে আসক্ত মাহ্যকেই বোঝায় তা নয়। চিরদিন যা চলে আসছে তার
সঙ্গে যে আপনাকে জুড়ে রেখে দেয়, প্রচলিতের স্রোতের টানে যে হালছাড়া ভাবে
আত্মসমর্পণ করে, সেও পরাসক্ত। কেননা বাহির আমাদের অন্তরের পক্ষে পর, সে
যখন কেবল অভ্যাসের তাগিদে আমাদের চালিয়ে নিয়ে যায় তখন আমাদের পরাসক্ত
অন্তরে নিক্তম হয়ে ওঠে এবং মাহ্যের পরে অসাধ্যসাধন করবার যে-ভার আছে সে
সিদ্ধ হয় না।

এই হিসাবে জন্তরা এ জগতে পরাসক্ত। তারা প্রচলিতের ধারায় গা-ভাসান দিয়ে চলে। তারা প্রাকৃতিক নির্বাচনের শাসনে বাঁচে মরে, এগোয় বা পিছোয়। এই-জন্তেই তাদের অন্তঃকরণটা বাড়তে পারল না, বেঁটে হয়ে রইল। লক্ষ লক্ষ বৎসর ধরে মৌমাছি যে-চাক তৈরি করে আসছে সেই চাক তৈরি করার একটানা ঝোঁক কিছুতেই সে কাটিয়ে বেরতে পারছে না। এতে করে তাদের চাক নির্পুত-মতো তৈরি হচ্ছে, কিন্তু তাদের অন্তঃকরণ এই চিরাভ্যাসের গণ্ডীর মধ্যে বন্ধ হয়ে আছে, সে আপনাকে নানা দিকে মেলে দিতে পারছে না। এই-সকল জীবের সন্বন্ধে প্রকৃতির যেন সাহসের অভাব দেখতে পাই। সে এদের নিজের আঁচলে ঢেকে চালায়, পাছে নিজে চলতে গেলে বিপদ বাধিয়ে বসে— এই ভয়ে এদের অন্তরের চলংশক্তিকে ছেঁটে রেখে দিয়েছে।

কিছ স্টেকভার জীবরচনা-পরীক্ষার মাহ্যের সহকে হঠাৎ খুব একটা সাহস দেখতে পাওরা যায়। তিনি তার অন্তঃকরণটাকে বাধা দিলেন না। বাহিরে প্রাণীটিকে সর্বপ্রকারে বিবল্প নিরশ্ব তুর্বল করে এর অন্তঃকরণকে ছেড়ে দেওরা হল। এই মৃক্তি পাওয়ার আনন্দে সে বলে উঠল— আমি অসাধ্য সাধন করব। অর্থাৎ যা চিরদিন হয়ে আসছে তাই যে চিরদিন হতে থাকবে সে আমি সইব না, বা হর না তাও হবে। সেইজন্তে মাথ্য তার প্রথম যুগে যথন চার দিকে অভিকায় জন্তদের বিকট নথদন্তের মাঝখানে পড়ে গেল, তখন সে হরিপের মতো পালাতে চাইল না, কছপের মতো লুকোতে চাইল না, দে অসাধ্য সাধন করলে— চকমকি পাধর কেটে কেটে ভীষণতর নধদন্তের সৃষ্টি করলে। যেহেতৃ জন্তদের নধদন্ত তাদের বাহিরের দান এইজন্তে প্রাক্ষতিক নির্বাচনের 'পরেই এই নথদন্তের পরিবর্তন বা উন্নতি নির্ভন্ন করে। কিন্তু মাহবের নথদন্ত তার অন্ত:করণের সৃষ্টি; এইজন্মে সেই পাণরের বর্শাক্ষলকের 'পরেই সে ভর করে বইল না, তার সমস্ত হাতিয়ার পাথরের কোঠা থেকে লোহার কোঠায় এনে পৌছল। এতে প্রমাণ হয় মাহুষের সম্ভঃকরণ সন্ধান করছে; যা তার চারি দিকে আছে তাতেই দে আসক্ত হয়ে নেই, যা তার হাতের কাছে নেই তাকে হাতের তলায় আনছে। পাণর আছে তার দামনে, তাতে দে সম্ভই নয়; লোহা আছে মাটির নীচে, দেখানে গিয়ে দে ধাকা দেয়, পাধরকে ঘষে-মে**ল্লে** তার খেকে হাতিয়ার তৈরি করা শহল ; কিন্তু তাতেও তার মন উঠল না, লোহাকে আগুনে গলিয়ে হাতৃড়িতে পিটিয়ে ছাঁচে ঢালাই করে যা সবচেয়ে বাধা দেয় তাকেই আপনার সবচেয়ে অহুগত করে তুললে। মাহবের অন্তঃকরণের ধর্মই হচ্ছে এই, আপনাকে খাটিয়ে কেবল যে তার সমলতা তা নয়, তার আনন্দ; সে কেবলই উপরিতল থেকে গভীরতলে পৌছতে চায়, প্রত্যক্ষ থেকে অপ্রত্যক্ষে, সহজ থেকে কঠিনে, পরাসন্তি থেকে আত্মকর্তৃত্বে, প্রবৃত্তির তাড়না থেকে বিচারের ব্যবস্থায়। এমনি করে দে জয়ী হয়েছে। কিন্তু কোনো এক मन याय्व यमि तरम, 'এই পाश्रत्वत कमा व्यायात्मत वाभ-भिजायस्त्र कमा, এ ছाড़ा व्याव ষা-কিছু করতে যাব তাতে আমাদের জাত নষ্ট হবে', তা হলে একেবারে তাদের মহয়ত্বের মূলে ঘা লাগে; তা হলে বাকে তারা জাতরক্ষা বলে তা হতে পারে, কিছ তাদের স্বচেয়ে যে বড়ো জাত মহয়জাত সেইখানে তাদের কৌলীয় মারা যায়। व्यक्ति यात्रा तिहे भाषदात कनात तिनि धार्माय नि माञ्च जात्मत काल्ज किलाह, তারা বনে জনলে লুকিয়ে লুকিয়ে বেড়ায়। তারা বহিরবন্ধার কাছে পরাসক্ত, তারা প্রচলিতের জিন-লাগামের টানে চোধে ঠুলি লাগিয়ে চলে; তারা অস্তরের স্বরাজ পায় নি, বাহিরের ম্বরাঙ্গের অধিকার থেকে তাই তারা ভ্রষ্ট। এ কথা তারা জানেই না ষে, মাহৰকে আপনার শক্তিতে অসাধ্যসাধন করতে হবে; যা হয়েছে তার মধ্যে দে বন্ধ शांकरन ना, या इस नि जांत्र मिरक रम धार्मारन ; जाम र्रेटक तूक कृतिरास नस,

অন্তঃকরবের সাধনার বলে, আত্মশক্তির উদ্বোধনে।

जाब जिन दरमत हरह राम, यथन 'माधना' कागरक जामि निधिहिन्म. ' जथन ' আমার দেশের লোককে এই কথাই বলবার চেষ্টা করেছি। তথন ইংরেজি-শেখা ভারতবর্ব পরের কান্তে অধিকার-ভিকার কাজে বিষম বাস্ত চিল। তথন বারে বারে আমি কেবল একটি কথা বোঝাবার প্রয়াস পেমেছি যে মাত্রকে অধিকার চেয়ে নিতে হবে না, অধিকার স্বষ্ট করতে হবে। কেননা যাহব প্রধানত অন্তরের জীব, অন্তরেই म कर्छा ; वाहिरतत नाएं जल्लरत लाकमान प्रति । आमि वरनिहानम, अधिकांत्र-বঞ্চিত হ্বার হঃথভার আমাদের পক্ষে তেমন বৌঝা নয় যেমন বোঝা আমাদের মাধার উপরে 'আবেদন আর নিবেদনের থালা'। তার পরে বখন আমার হাতে 'বঞ্চদর্শন' अरमिक्षि उथन वक्षविভाग्नित हूर्ति-मानात्मात मुख्य मध्य वाश्नात्म उखना। মনের ক্লোডে বাঙালি দেদিন ম্যাঞ্চেন্টরের কাপড় বর্জন করে বোছাই মিলের সদাগরদের লোভটাকে বৈদেশিক ডিগ্রিতে বাড়িয়ে তুলেছিল। যেহেতু ইংরেজ সরকারের 'পরে অভিমান ছিল এই বল্পবর্জনের মূলে, সেইজন্তে সেই দিন এই কথা বলতে হয়েছিল 'এহ বাছ'। এর প্রত্যক্ষ লক্ষ্য ইংরেজ, ভারতবাসী উপলক্ষ, এর মুখ্য উত্তেজনা দেশের লোকের প্রতি প্রেম নয়, বিদেশী লোকের প্রতি ক্রোধ। সেদিন দেশের লোককে এই কথা বলে সাবধান করবার দরকার ছিল যে, ভারতে ইংরেজ যে আছে এটা বাইরের ঘটনা, দেশ যে আছে এটাই আমাদের ভিতরের কথা। এই ভিতরের কথাটাই হচ্ছে চিরসভা, আর বাইরের ব্যাপারটা মারা। মায়াকে ততকণ অত্যম্ভ বড়ো দেখায় যতক্ষণ রাগেই হোক বা অনুরাগেই হোক বাইরের দিক থেকে তার প্রতি সমস্ত মনপ্রাণ দিয়ে তাকিয়ে থাকি। তেড়ে গিয়ে তার পারে দাঁত বদিয়ে দেওয়া দেও একটা তীব্ৰ আদস্কি, আৱ ভক্তিতে তার পা জড়িয়ে ধরা দেও जर्भवह- जादक हाहे. तन वनात्मध जाद शारन जामारनद ममछ हानय बच्छवर्ग हरव अर्छ, जांद्र हांहे बनाल ला कथारे तहे। यादा स्निनिमही जांकात्वाद यरजा. বাইৰের দিক থেকে কলের গাড়ি চালিয়েও তাকে অতিক্রম করতে পারি নে, তাকে জন দিয়ে ধুয়ে কেলতে চাইলে নাত সমুদ্র তেরো নদী ওকিয়ে বাবে। সভা আলোর মতো, তার শিখাটা অলবামাত্র দেখা যায় মায়া নেই। এইজভেই শাস্ত্রে বলেছেন: বর্মপ্যত ধর্মত আয়তে মহতো ভরাং। ভর হচ্ছে মনের নাত্তিকভা,

১৩০০, ১৩০১ সালের সাধনার অকাশিত রাষ্ট্রবৈতিক অবভাবনী । রবীল্ল-রচনাবনী দশ্য ০৩৩

এইবা ।

 বল্লপন্-সম্পাদনার কাল ১৩০৮-১২।

তাকে না'এর দিক থেকে নিকেন্দ্র বাষ না, উপস্থিতমত তার একটা কারণ গেলেও রক্তবীজের মতো আরেকটা কারণরলৈ নে জন্ম নের। ধর্ম হচ্ছে সত্য, সে মনের মাজিকতা, তার অল্পমাত্র আনির্জাবে হাঁ প্রকাশু না'কে একেবারে মূলে গিরে অভিত্ত করে। ভারতে ইংরেজের আবির্জাব নামক ব্যাপারটি বহুরুপী; আজ সেইংরেজের মৃতিতে, কাল সে অন্ত বিদেশীর মৃতিতে প্রবং তার পরদিন সে নিজের দেশী লোকের মৃতিতে নিদারুল হয়ে দেখা দেবে। এই পরভন্ধতাকে ধর্ম্বাণ হাতে বাইরে থেকে তাড়া করলে সে আপনার ধোলশ বদলাতে বদলাতে আমাদের হয়রাম করে তুলবে। কিন্তু আমার দেশ আছে এইটি হল সত্যে, এইটিকে পাওরার মারা বাহিরের মারা আপনি নিরস্ত হয়।

আমার দেশ আছে এই আন্তিকতার একটি সাধনা আছে। দেশে কয়এইণ করেছি বলেই দেশ আমার, এ হচ্ছে সেই-সব প্রাণীর কথা যারা বিশের বাছব্যাপার সহকে পরাসক্ত। কিন্তু বেহেতু মাহ্যের যথার্থ হরুপ হচ্ছে তার আত্মশক্তিসম্পর অন্তরপ্রকৃতিতে, এইজন্ত যে দেশকে মাহ্য আপনার জ্ঞানে বৃদ্ধিতে প্রেমে কর্মে স্থাই করে তোলে সেই দেশই তার হদেশ। ১৯০৫ গুল্টাবে আমি বাঙালিকে ডেকে এই কথা বলেছিলেম বে, আত্মশক্তির ধারা ভিতরের দিক থেকে দেশকে স্থাই করো, কারণ স্থাইর বারাই উপলব্ধি সত্য হয়। বিশ্বকর্মা আপন স্থাইতে আপনাকেই লাভ করেন। দেশকে পাওয়ার মানে হচ্ছে দেশের মধ্যে আপনার আত্মাকেই ব্যাপক করে উপলব্ধি করা। আপনার চিন্তার ধারা, কর্মের ধারা, দেবার ধারা, দেশকে যথন নিজে গড়ে তুলতে থাকি তথনই আত্মাকে দেশের মধ্যে সত্য করে দেখতে পাই। মাহ্যের দেশ মাহ্যের চিত্তের স্থাই, এইজন্তেই দেশের মধ্যে মাহ্যের আত্মার ব্যান্তি, আত্মার প্রকাশ।

যে দেশে জন্মছি কী উপায়ে সেই দেশকে সম্পূৰ্ণ আমার আপন করে তুলতে হবে বছকাল পূর্বে 'বদেশী সমান্ধ' নামক প্রবন্ধে তার বিস্তারিত আলোচনা করেছি। দেই আলোচনাতে যে-কোনো ক্রাট বাক্ক এই কথাটি ক্লোরের সক্ষে বলা হয়েছে যে, দেশকে জয় করে নিতে হবে পরের হাত থেকে নয় নিজের নৈছম্য-বেকে, ওদাসীস্থ থেকে। দেশের যে-কোনো উরতি সাধনের ক্রেটি যে উপলক্ষে আমরা ইংরেজ

<sup>🍅 &#</sup>x27;আন্মশক্তি' ক্রছের প্রকাশ 🗸 ১৩১২ আদিন। রবীন্দ্র-রচনাবলীর তৃতীর ধও ব্রটব্য।

৪ রবীজ্ঞ-রচনার্ট্যার জ্ঞার ধর জন্তবা।

রাজ্বসরকারের হারস্থ হরেছি সেই উপলক্ষেন্দামাদের নৈছম্যকে নিবিড়তর করে তুলেছি মাত্র। কারণ, ইংরেজ-রাজসরকারের কীর্তি আমাদের কীর্তি নয়, এইজন্ত বাহিরের দিক থেকে সেই কীর্তিতে আমাদের বতই উপকার হোক, ভিতরের দিক থেকে তার হারা আমাদের দেশকে আমরা হারাই, অর্থাৎ আত্মার মূল্যে সকলতা পাই। যাজ্ঞবন্ধ্য বলেছেন: ন বা অরে পুত্রন্ত কামায় পুত্র: প্রিয়ো ভবতি, আত্মনম্ভ কামায় পুত্র: প্রিয়ো ভবতি, আত্মনম্ভ কামায় পুত্র: প্রিয়ো ভবতি। দেশ সহক্ষেও এই কথা থাটে। দেশ আমারই আত্মা, এইজন্তই দেশ আমার প্রিয়— এ কথা যথন জানি তথন দেশের স্থিকার্যে পরের মুখাপেকা করা সন্থই হয় না।

व्यामि मिन एम्परक एव कथा वनवाद हाडी करति हिनुम एम विराध-किছू नजून कथा নয় এবং তার মধ্যে এমন-কিছু ছিল না যাতে স্বদেশহিতৈধীর কানে সেটা কটু শোনায়। কিছ আর-কারো মনে না থাকতে পারে, আমার স্পট্ট মনে আছে যে, भामात्र এই-मकन कथात्र एएटनत लाक विषम क्रूब इत्य উঠেছिन। यात्रा करेखावा-<sup>3</sup>ব্যবসায়ী সাহিত্যিক গুণ্ডা আমি তাদের কথা বলছি নে, কিন্তু গণ্যমান্ত এবং শিষ্টশাস্ত 'ব্যক্তিরাও আমার দহত্তে ধৈর্য রক্ষা করতে পারেন নি। এর চুটি মাত্র কারণ; প্রথম— ক্রোধ, বিতীয়— লোভ। ক্রোধের তৃপ্তিসাধন হচ্ছে এক রক্ষের ভোগস্থ ; **मिनि এই ভোগস্থবের মাৎলামিতে আমাদের বাধা অতি অল্পই ছিল— আমরা** मत्नद जानत्म कानज शूजित्य त्वजािक, नित्के कर्वाह, यात्रा जामात्मत्र नत्व क्रमहिन না তাদের পথে কাঁটা দিচ্ছি এবং ভাষায় আমাদের কোনো আব্রু রাথছি নে। এই স্কল অমিতাচারের কিছুকাল পরে একজন জাপানি আমাকে একদিন বলেছিলেন, "তোমরা নিঃশব্দে দৃঢ় এবং গৃঢ় ধৈর্মের দলে কাম্ম করতে পার না কেন। কেবলই শক্তির বাব্দে খরচ করা তো উদ্দেশ্যশাধনের সহপায় নয়।" তার জবাবে সেই जाशानित्क जामात रमण्ड श्राहिम रय, "উप्तिशामाध्या कथाणेश यथन जामाप्तत মনে উচ্ছল থাকে তখন মাহুষ স্থাবতই আত্মগংযম করে নিজের সকল শক্তিকেই সেই দিকে নিযুক্ত করে। কিন্তু ক্রোধের তৃপ্তিসাধন যথন মন্ততার সপ্তকে সপ্তকে উদ্দেশ্রসাধনকৈ চ্রাড়িয়ে উঠতে থাকে তথন শক্তিকে থরচ করে দেউলে হতে আমাদের वाथा शांदक ना।" यांहे देशक रनिम्न किंक ख नमस्य वांदानि किंहूकारनत करन क्लांभज़िश्चेत्र स्थराजार वित्नय वित्र शाक्तिम नी ममक्षेट्रे रयन अकृषा चान्धर्य ऋरश्चत মতো বোধ হচ্ছিল, দেই সময়ে তাকে অন্ত প্ৰের কথা বলতে গিয়ে আমি তার ক্রোধের ভাজন হয়েছিলেম। তা ছাড়া আরও একটি কলা ছিল, সে হচ্ছে লোভ। ইতিহাদে দকল ভাতি হুৰ্গম পথ দিয়ে হুৰ্লভ জ্বিনিদ পেয়েছে, ক্লামরা ভার চেয়ে

শবেক সন্থায় পাব— হাত-জোড়-করা ডিকের বারা নয়, চোথ-য়ায়ানো ডিকের বারা পাব, এই ফলির আনন্দে সেদিন দেশ মেতেছিল। ইংরেজ দোকানদার যাকে বলে reduced price sale, সেদিন যেন ডাগ্যের হাটে বায়ালির কপালে পোলিটিকাল মালের সেইরকম সন্তা দামের মৌক্তম পড়েছিল। যার সম্বল কম, সন্থার নাম শোনবামাত্র সে এত বেশি খুশি হয়ে ওঠে বে, মালটা যে কী আর তার কী অবস্থা তার খোঁজ রাখে না, আর যে ব্যক্তি সন্দেহ প্রকাশ করে তাকে তেড়ে মারতে যায়। মোটকথা সেদিনও আমাদের লক্ষ্য ছিল, ধ্যান ছিল, ঐ বাইরের মায়াটা নিয়ে। তাই তথনকার কালের একজন নেতা বলেছিলেন, আমার এক হাত ইংরেজ সরকারের টুটিতে, আর-এক হাত তার পায়ে। অর্থাৎ কোনো হাতই বাকি ছিল না দেশের জন্ম। তৎকালে এবং তার পরবর্তী কালে এই বিধা হয়তো অনেকের একেবারে ঘুচে গেছে, এক দলের তুই হাতই হয়তো উঠেছে সরকারের টুটিতে আর-এক দলের তুই হাতই হয়তো নেমেছে সরকারের পায়ে, কিন্তু মায়া থেকে মুজিলাধনের পক্ষে তুইই হচ্ছে বাইরের পথ। হয় ইংরেজ সরকারের দক্ষিণে নয় ইংরেজ সরকারের বামে পোড়া মন ঘুরে বেড়াছে, তার হাঁই বল আর নাঁই বল তুইই হচ্ছে ইংরেজকে নিয়ে।

দেদিন চারি দিক থেকে বাংলাদেশের ছদয়াবেগের উপরেই কেবল তাগিদ এসেছে।
কিন্তু শুধু হাদয়াবেগ আগুনের মতো জালানি বশুকে ধরচ করে, চাই করে ফেলে—
দে তো স্বাষ্ট করে না। মাহুবের অন্তঃকরণ ধৈর্বের দলে, নৈপুণ্যের সলে, দূরদৃষ্টির
সলে এই আগুনে কঠিন উপাদানকে গলিয়ে আপনার প্রয়োজনের সামগ্রীকে গড়ে
তুলতে থাকে। দেশের সেই অন্তঃকরণকে সেদিন জাগানো হল না, সেইজন্তে এতবড়ো
একটা হাদয়াবেগ থেকে কোনো একটা স্বায়ী ব্যবস্থা গড়ে উঠতে পারল না।

এমনটা যে হল তার কারণ বাইরে নেই, তার কারণ আছে আমাদের নিজেরই ভিতরে। অনেক দিন থেকেই আমাদের ধর্মে কর্মে এক দিকে আছে হৃদয়াবেগ, আরেক দিকে আছে অভ্যন্ত আচার। আমাদের অন্তঃকরণ অনেক দিন থেকে কোনো কাজ করে নি; তাকে ভয়ে ভয়ে চেপে রাধা হয়েছে। এইজন্তে যথন আমাদের কাছ থেকে কোনো কাজ আদায় করার দরকার পড়ে তখন ভাড়াভাড়ি হৃদয়াবেগের উপর বরাত দিতে হয় এবং নানারকম জাত্মন্ত আউড়িয়ে মনকে মৃথ্ব করবার প্রয়োজন ঘটে। অর্থাৎ সমস্ত দেশ ছুড়ে এমন একটা অবস্থা উৎপাদন করা হয় যেটা অস্তঃকরণের কাজ করার পক্ষে বিষম প্রতিকৃত্য।

প্রস্কাংকরণের অভ্তায় যে ক্ষতি সে ক্ষতিকে কোনো কিছুতেই পূরণ করা যায় না।

কোনোমতে যথন পূরণ করতে চাই তথন মোহকে সহায় করতে ইচ্ছা হয়, তথন অকমের লোভ আলাদিনের প্রবীপের গুল্প গুনলেই একেবারে লাফিরে ওঠে। এ কথা সকলকেই একবাকের খীকার করতে হবে বে, আলাদিনের প্রদীপের মতো এমন আকর্য স্থবিধার জিনিস আর নেই, কেবল ওর একটি মাত্র অস্থবিধা এই বে. ও জিনিস কোথাও পাওয়া বার না। কিন্তু পাওয়া বে বার না এ কথা ধ্ব জোরের সজে সে মার্ম্ম কিছুতেই বলতে পারে না বার লোভ বেশি অথচ বার সামর্থ্য কম। এইজন্তে তার উত্তম তথনি পুরোদ্দম জেগে ওঠে বখন তাকে কেউ আলাদিনের প্রদীপের আখাস দিয়ে থাকে। সেই আখাসকে হরণ করতে গেলে সে এমনি চিৎকার করতে থাকে বেন তার সর্বশান্ত কর। হল।

त्मरे वक्विভारणत **উ**एडक्नांत मिरन अक्मल यूवक त्राह्नेविश्नरतत्र बात्रा स्मरण यूगास्त মানবার উদ্যোগ করেছিলেন। আর যাই হোক, এই প্রলয়ন্ততাশনে তাঁরা নিজেকে चाइिंछ मिराइडिरम्न, এरेक्ट्य छाँदा क्वम प्रामास्त्र स्तर्भ क्न मुक्स स्तर्भ है সকলেরই নমন্ত। তাঁদের নিক্ষলভাও আত্মার দীপ্তিতে সমুজ্জল। তাঁরা পরমত্যাগে भवमदः एवं पाक अविषे कथा व्यवे क्या कि कि कि तार क्या कि विषय क बाह्रेविद्यात्वत्र ट्रिहो कत्रा १४ इहर् अभार्थ ह्या- भरथत्र ट्रिह अभर्थ मात्भ ह्यारि, কিন্তু সেটাকে অত্নসরণ করতে গেলে লক্ষ্যে পৌছনো বায় না, মাঝের থেকে भा भुटोटक काँगेय काँगेय किमिनिक्स करा रह। य-क्रिनिस्मत या नाम छा भूदता ना बिर्फ भावरण नाम रका बावरे खिनिमं रखारि ना। मिनिकांव स्मर्ट वृःमारुमिक যুৰকেরা ভেবেছিলেন সমস্ত দেশের হরে তাঁরা কয়জন আত্মোৎসর্গ দারা রাষ্ট্রবিপ্লব ঘটাবেন : তাঁদের পক্ষে এটা সর্বনাশ, কিন্তু দেশের পক্ষে এটা সন্তা। সমন্ত দেশের অন্তঃকরণ থেকে সমস্ত দেশের উদ্ধার কেশে ওঠে, তার কোনো একটা অংশ থেকে নয়। রেলবানে কার্স্ট্রান গাড়ির মূল্য এবং সোর্চ্ব যেমনি থাকু, সে তার নিজের সঙ্গে বংঘুক্ত থার্ড ক্লাস গাড়িকে কোনোমতেই এগিয়ে বেতে পারে না। আমার মনে হয় তাঁত্ৰা আৰু বুঝেছেন, সমগ্ৰ দেশ বলে একটি জিনিস সমস্ত দেশের লোকের স্বাষ্ট : এই স্বাস্ট তার সমত হদমবুতি বুদ্ধিবৃতি ইচ্ছাশক্তির প্রকাশে। এ হচ্ছে যোগলন ধন, অর্থাৎ বে যোগের বারা মাহুবের দক্ল বুত্তি আপন স্কান্টর মধ্যে দংহত হয়ে ক্ষপলাভ করে। পোলিটিকাল যোগ বা ইকনমিক যোগ পূর্ণ যোগ নয়, সর্বশক্তির बाग हाई। यह परनद इंजिहान यथन नका करत पाथि उथन शामिकिन ঘোড়াটাকে সকলের আগে দেখি, মনে মনে ঠিক করি ঐ চতুস্পটারই টানে সম্ভ জাত এগিরে চলেছে। তখন হিসাব করে দেখি নে, এর পিছনে দেশ ব'লে বে গাড়িটা

আছে দেটা চলবার যোগ্য গাড়ি, তার এক চাকার দকে আরেক চাকার দামঞ্জ লাছে, তার এক অংশের সবে আবেক অংশের ভালোবকম ক্লোড় মেলানো মাছে। এই গাড়িট তৈরি করে তুলতে ওধু মাগুন এবং হাতুড়ি-করাত এবং কলকলা লেগেছে का नव, अत यर्पा व्यत्नक विरानव व्यात्नक लारकत व्यात्नक किन्ना व्यत्नक नाधना व्यत्नक ত্যাগ আছে। আহে। এমন দেশ আমহা দেখেছি, সে বাহত স্বাধীন, কিছ পোলি-টিকাল বাহনটি যথন তাকে টানতে থাকে তথন তার ঝড্রড় খড়্খড় শব্দে পাড়ার चूम क्रूटि यात्र, बांकानित्र टाटि मध्यादित त्रक भिर्ट विन धतरक थारक, १४ ठनरक চলতে দশবার করে দে ভেঙে ভেঙে পড়ে, দড়ি-দড়া দিয়ে তাকে বাঁধতে বাঁধতে দিন কাবার হয়ে যায়। তরু ভালো হোক আর মন্দ হোক, জু আলগা হোক আর চাকা বাকা হোক, এ গাড়িও গাড়ি, কিন্তু যে জিনিসটা ঘরে বাইরে সাত টুকরো হয়ে আছে, যার মধ্যে সমগ্রতা কেবল যে নেই তা নম, যা বিক্লভায় ভরা, তাকে উপস্থিভমভ ক্রোধ হোক বা লোভ হোক কোনো-একটা প্রবৃত্তির বাছবন্ধনে বেঁধে হেঁই হেঁই শব্দে টান দিলে किकूकरभेत अस्त्र जारक निर्माता याय- किन्न अस्क कि एमनरमयकात त्रथयांका वरम। এই প্রবৃত্তির বন্ধন এবং টান কি টে ক্সই জিনিদ। অতএব ঘোড়াটাকে আছাবলে রেখে আপাতত এই গড়াপেটার কাজটাই কি স্বচেয়ে দরকার নয়। যমের ফাঁসি-বিভাগের সিংহ্রার থেকে বাংলাদেশের যে-সব ষ্বক ঘরে ফিরে এসেছেন জাঁদের लिशे পড़ে कथा छत्न आमात मत्न इत्र छाँता এই कथाई ভावह्न । छाँदा वलह्न, मकरनंद्र जारंग ज्यायास्त्र त्यांगमाधन ठारे, त्यांच मयख हिजदु जिब मिलन ७ পরিপূর্ণতা -সাধনের যোগ। বাইরের দ্বিক থেকে কোনো অন্ধ বাধ্যতা দ্বারা এ হতেই পারে না, ভিতরের দিক থেকে জ্ঞানালোকিত চিত্তে আত্মোপলবি দারাই এ সম্ভব। যা-কিছুতে সমন্ত দেশের অন্তঃকরণ উদ্বোধিত হয় না, অভিভূত হয়, এ কান্ধের পক্ষে তা অস্তরায়।

নিজের স্থিশক্তির ছার। দেশকে নিজের করে তোলবার যে আহ্বান সে খুব একটা বড়ো আহ্বান। সে কোনো-একটা বাহ্ম জয়ঠানের জয়ে তাগিদ দেওরা নয়। কারণ, পূর্বেই বলেছি মায়্ম তো মৌমাছির মতো কেবল একই মাপে মৌচাক গড়ে না, মাকড়সার মতো নিরস্তর একই প্যাটার্নে জাল বোনে না। তার সকলের চেয়ে বড়ো শক্তি হচ্ছে তার জয়ঃকরণে— সেই অস্তঃকরণের কাছে তার পূরো দাবি, জড় অভ্যাসপরতার কাছে নয়। দদি কোনো লোভে পড়ে তাকে আজ্ব বলি, তুমি চিন্তা কোরো না, কর্ম করো, তা হলে যে যোহে আমাদের দেশ মরেছে সেই মোহকে প্রশ্নয় দেওয়া হবে। এতকাল ধরে আমরা অম্পাসনের কাছে, প্রথার কাছে মানবমনের সর্বোচ

অধিকার অর্ধাৎ বিচারের অধিকার বিকিয়ে দিয়ে নিশ্চিন্ত হয়ে অলস হয়ে বসে আছি। বলেছি, আমরা সম্প্রশারে যাব না, কেননা মহতে তার নিষেধ ; ম্সলমানের পাশে বসে বাব না, কেননা শাস্ত্র তার বিরোধী। অর্ধাৎ যে প্রশালীতে চললে মাহ্রযের মন বলে জিনিসের কোনোই দরকার হয় না, যা কেবলমাত্র চিন্তাহীন অভ্যাসনিষ্ঠতার কাজ, আমাদের সংসার্যাত্রার পনেরো-আনা কাজই সেই প্রণালীতে চালিত। য়ে মাহ্রষ সকল বিষয়েই দাসের প্রতি নির্ভর করে চলে তার য়ে-রকম পর্তা, যারা বাহ্য আচারের ঘারাই নিয়ত চালিত তাদেরও সেই-রকম। কেননা পূর্বেই বলেছি অন্তরের মাহ্র্যই প্রভু, সে য়থন একাল্পভাবে বাহ্য প্রধার পরাসক্ত জীব হয়ে ওঠে তথন তার হুর্গতির সীমা থাকে না। আচারে চালিত মাহ্র্যই কলের পূতৃল, বাধ্যতার চরম সাধনায় সে উত্তীর্ণ হয়েছে। পরতন্ত্রতার কারখানাঘরে সে তৈরি ; এইজন্তে এক চালকের হাতে থেকে তাকে নমর্পণ করতে হয়। পদার্থবিত্যায় মাকে ইনর্শিয়া বলে, য়ে মাহ্র্যই একাল্ড সাধনাকে পবিত্রতা বলে অভিমান করে তার স্থাবরতাও য়েমন জল্মতাও তেমন, উভরেই তার নিজের কর্ত্ত্র নেই। অন্তঃকরণের য়ে জড়ফ্ সর্বপ্রকার দাসম্বের কারণ, তার থেকে মৃত্তি দেবার উপায় চোখে-ঠুলি-দেওয়া বাধ্যতাও নয়, কলের পুতৃলের মতো বাহারহুটানও নয়।

বঙ্গবিভাগের আন্দোলনের পরে এবার দেশে যে আন্দোলন উপস্থিত হয়েছে তার পরিমাণ আরও অনেক বড়ো; সমস্ত ভারতবর্ষ ফুড়ে তার প্রভাব। বছদিন ধরে আমাদের পোলিটিকাল নেতারা ইংরেজি-পড়া দলের বাইরে ফিরে তাকান নি, কেননা তাঁদের দেশ ছিল ইংরেজি-ইতিহাস পড়া একটা পুঁথিগত দেশ। সে দেশ ইংরেজি ভাষার বাপারচিত একটা মরীচিকা, তাতে বার্ক্ মাড্সৌন ম্যাট্সীনি গারিবাল্ডির অপ্পষ্ট মুর্তি ভেসে বেড়াত। তার মধ্যে প্রকৃত আত্মত্যাগ বা দেশের মান্ত্যের প্রতি যথার্থ দরদ দেখা যায় নি। এমন সময় মহাত্মা গান্ধি এসে দাঁড়ালেন ভারতের বছকোটি গরিবের বারে— তাদেরই আপন বেশে, এবং তাদের সক্ষে কথা কইলেন তাদের আপন ভাষায়। এ একটা সত্যকার জিনিস, এর মধ্যে পুঁথির কোনো নন্ধির নেই। এইজন্তেই তাঁকে যে মহাত্মা নাম দেওয়া হয়েছে এ তাঁর সত্য নাম। কেননা, ভারতের এত মান্ত্যক আপনার আত্মীয় করে আর কে দেখেছে। আত্মার মধ্যে যে শক্তির ভাণ্ডার আছে তা থুলে বায় সত্যের স্পর্শমাত্রে। সত্যকার প্রেম ভারতবাসীর বছদিনের ক্ষত্মারে যে মৃহত্তে এসে দাঁড়াল অমনি তা খুলে গেল। কারো মনে আর কার্পণ্য রইল না, অর্বাৎ সত্যের স্পর্শে সত্য জ্বেগে উঠল। চাতৃরি বায়া যে রাইনীতি চালিত হয় দে নীতি বন্ধ্যা, অনেক দিন থেকে এই শিক্ষার আমাদের দরকার ছিল। সত্যের যে

কী শক্তি, মহাত্মার কল্যাণে আব্দু তা আমরা প্রত্যক্ষ দেখেছি; কিন্তু চাতুরী হচ্ছে ভীক্ষ ও তুর্বলের সহন্ধ ধর্ম, সেটাকে ছিন্ন করতে হলে তার চামড়া কেটে ছিন্ন করতে হয়। সেইজন্তে আব্দুকের দিনেও দেশের অনেক বিজ্ঞ লোকেই মহাত্মার চেটাকেও নিজেদের পোলিটিকাল ক্রোখেলার একটা গোপন চালেরই সামিল করে নিতে চান। মিখ্যায় জীর্ণ তাঁদের মন এই কথাটা কিছুতেই ব্রুতে পারে না বে, প্রেমের হারা দেশের হৃদয়ে এই বে প্রেম উদ্বেলিত হয়েছে এটা একটা অবান্তর বিষয় নয়— এইটেই মৃক্তি, এইটেই দেশের আপনাকে পাওয়া— ইংরেজ দেশে আছে কি নেই এর মধ্যে সে কথার কোনো জায়গাই নেই। এই প্রেম হল স্বপ্রকাশ, এই হচ্ছে ই।— কোনো না'এর সঙ্গে এ তর্ক করতে যার না, কেননা তর্ক করবার দরকারই থাকে না।

প্রেমের ডাকে ভারতবর্ষের হৃদয়ের এই-যে আশ্চর্য উদ্বোধন, এর কিছু হুর ममूज्ञभारत आयात कारन शिरा शीटाहिल। उथन राष्ट्रा आनरम धरे कथा आयात मत्न इराहिल त्य, এইবার এই উদ্বোধনের দরবারে আমাদের সকলেরই ভাক পড়বে, ভারতবাসীর চিত্তে শক্তির যে বিচিত্ত রূপ প্রচ্ছন্ন আছে সমস্তই প্রকাশিত হবে। কারণ, আমি একেই আমার দেশের মুক্তি বলি— প্রকাশই হচ্ছে মুক্তি। ভারতবর্ষে একদিন বৃদ্ধদেব সর্বভূতের প্রতি মৈত্রীমন্ত্র নিব্দের সত্যসাধনার ভিতর দিয়ে প্রকাশ করেছিলেন; তার ফল হয়েছিল এই যে, সেই সভ্যের প্রেরণায় ভারতের মহন্ত্র निम्नकनाय विख्वात्न अंचर्य পরিব্যক্ত হয়ে উঠেছিল। রাষ্ট্রশাসনের দিক থেকে সেদিনও ভারত বাবে বারে এক হবার ক্ষণিক প্রয়াসের পর বারে বারে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছিল, কিন্তু তার চিত্ত হৃপ্তি থেকে— অপ্রকাশ থেকে মৃক্তিলাভ করেছিল। এই মুক্তির জোর এত যে, সে আপনাকে দেশের কোনো ক্ষুদ্র সীমায় বন্ধ করে রাখতে পারে নি- সমুক্রমক্ষপারেও যে দূরদেশকে দে স্পর্ণ করেছে তারই চিভের এখর্ষকে উদ্যাটন করেছে। আজকের দিনের কোনো বর্ণিক কোনো সৈনিক এ কাজ করতে পারে নি; তারা পৃথিবীকে ষেথানেই স্পর্শ করেছে সেইখানেই বিরোধ পীড়া এবং অপমান জাগিয়েছে, সেইখানেই বিশ্বপ্রকৃতির শ্রী নষ্ট করে দিয়েছে। কেন। কেননা. লোভ সত্য নয়, প্রেমই সত্য। এইজন্ত প্রেম যথন মৃক্তি দেয় সে একেবারে ভিতরের দিক থেকে। কিন্তু লোভ যথন স্বাতন্ত্রের ক্রন্তে চেষ্টা করে তথন দে ক্র্বর্দন্তির দ্বারা निक्यत উष्म्य नाथन कत्रा अधित हत्य अर्थ । वक्षविकारगत मितन এইটে आमता লক্ষ্য করেছি— সেদিন গরিবদের আমরা ত্যাগত্বঃথ শীকার করতে বাধ্য করেছি প্রেমের ছারা নয়, বাইরে থেকে নানাপ্রকারে চাপ দিয়ে। তার কারণ, লোভ অল্প

गमरबद्ध मरभा अकृषि विराग्य मश्कीर्ग क्षणणाट्य क्रिके करतः; स्थायत्र स क्षण स्म अक्षित्व नव, व्यक्षणित्वत्र क्षण्य नव, स्म करणद मार्थक्या व्यापनाद मरभारे ।

অতদিন পরে আমার দেশে সেই আনন্দরর মৃক্তির হাওরা বইছে এইটেই আমি কল্পনা করে এনেছিলুম। এসে একটা জিনিস দেখে আমি হতাশ হয়েছি। বেধছি, দেশের মনের উপর বিষম একটা চাপ। বাইরে থেকে কিসের একটা তাড়নার সবাইকে এক কথা বলাতে এক কাল করাতে ভয়ংকর তাগিদ দিয়েছে।

আমি ষধন প্রশ্ন করতে যাই, বিচার করতে যাই, আমার হিতৈয়ীরা ব্যাকৃল হয়ে আমার মুধ চাপা দিয়ে বলেন, আব্দ তুমি কিছু বোলো না। দেশের হাওয়ায় আব্দ প্রবল একটা উৎপীড়ন আছে— দে লাঠি-সড়কির উৎপীড়ন নয়, তার চেয়ে ভয়ংকর সে অলক্ষ্য উৎপীড়ন। বর্তমান প্রচেটা সম্বন্ধে থাদের মনে কিছুমাত্র সংশয় আছে, তাঁরা সেই সংশয় অতি ভয়ে ভয়ের অতি সাবধানে প্রকাশ করলেও পরম্হুর্তেই তার বিশ্বত্বে একটা শাসন ভিতরে ভিতরে উত্যত হয়ে ওঠে। কোনো একটি ধবরের কাগতে একদিন কাগড় পোড়ানো সম্বন্ধে অতি মুহুমন্দ মধুর কঠে একট্বধানি আপত্তির আভাসমাত্র প্রকাশ পেয়েছিল; সম্পাদক বলেন, তার পরদিনই পাঠকমওলীর চাঞ্চল্য তাঁকে চঞ্চল করে তুললে। যে আগুনে কাগড় পুড়েছে সেই আগুনে তাঁর কাগজ পুড়তে কতক্ষণ। দেখতে পাক্তি এক পক্ষের লোক অত্যন্ত ব্যন্ত, আরেক পক্ষের লোক অত্যন্ত গ্রন্ত। কথা উঠেছে সমন্ত দেশের বৃদ্ধিকে চাপা দিতে হবে, বিভাকেও। কেবল বাধ্যতাকে আঁকড়ে ধরে থাকতে হবে। কার কাছে বাধ্যতা। মন্ত্রের কাছে, অন্ধবিশাসের কাছে।

কেন বাধ্যতা। আবার সেই রিপুর কথা এসে পড়ে, সেই লোভ। অতি সম্বর
অতি ত্র্লভ ধন অতি সন্তার পাবার একটা আখাস দেশের সামনে জাগছে। এ যেন
সন্ন্যাসীর মন্ত্রশক্তিতে সোনা ফলাবার আখাস। এই আখাসের প্রলোভনে মান্ত্রহ
নিজের বিচারবৃদ্ধি অনায়াসে জলাঞ্জনি দিতে পারে এবং অন্ত বারা জলাঞ্জনি দিতে
রাজি হয় না তাদের 'পরে বিষম কুল্ক হয়ে ওঠে। বাহিরের স্বাভন্ত্রের নামে মান্ত্রের
অস্তরের স্বাভন্ত্যকে এইরূপে বিল্প্ত করা সহক হয়। সকলের চেয়ে আক্ষেপের বিষম
এই যে, সকলেই যে এই আখালে সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করে তা নয়, কিন্তু ভারা বলে,
এই প্রলোভনে দেশের একদল লোককে দিয়ে একটা বিশেষ উদ্দেশ্ত সাধন করিয়ে
নেওরা বেতে পারে। "সভ্যমের জন্ত্রতে নানৃত্র্যু এটা বে ভারতের কথা সে ভারভ
এক্রের মতে স্বরাজ পেতেই পারে না। আরো মুশ্রিল এই বে, বে লাভের ছাবি করা
হচ্ছে ভার একটা নাম দেওরা হঙ্গেছে, কিন্তু সংজ্ঞা রেওয়া হয় নি। ভ্রের কারণ্ডা

অস্পষ্ট হলে সে বেমন অতি ভঞ্চকর হয়ে ওঠে, লোভের বিষয়টা অস্পষ্ট হলে ভারও প্রবলতা বেডে যার--- কেননা তার মধ্যে কলনার কোনো বাধা থাকে না এবং প্রত্যেক लारकरे जारक मन्पूर्व निरम्बद मरनद मराजा करत बरफ निराज भारत। विकामा बादा ভাবে চেপে ধরতে পেলে সে এক আড়াল থেকে আরেক আড়ালে অতি সহজেই গা ঢাকা দেয়। এমনি করে এক দিকে লোভের শক্ষাটাকে জনিদিইভার বারা অত্যন্ত বড়ো করে ভোলা হয়েছে, অভূদিকে তার প্রাপ্তির সাধনাকে সময়ে এবং উপায়ে षाजास माकीर्वजादव निर्मिष्टे कदा माध्या हरम्रहा अमनजादव माकित मनक মোহাবিট করে তার পরে যখন তাকে বলা হয়, তোমার বৃদ্ধিবিদ্যা প্রশ্ববিচার সমস্ত দাও ছাই করে, কেবল থাক্ ভোমার বাধ্যতা, তথন দে রাজি হতে বিলম্ব করে না। কিছ কোনো একটা বাছামুষ্ঠানের ধারা অদূরবর্তী কোনো একটা বিশেষ মাদের বিশেষ তারিখে স্বরাক্ত লাভ হবে এ কথা বধন অতি সহজেই দেশের অধিকাংশ লোক বিনা তর্কে স্বীকার করে নিলে এবং গদা হাতে সকল তর্ক নিরম্ভ করতে প্রবৃত্ত হল, অর্থাৎ নিজের বৃদ্ধির স্বাধীনতা বিসর্জন দিলে এবং অস্টের বৃদ্ধির স্বাধীনতা হরণ করতে উন্নত হল, তখন সেটাই কি একটা বিষম ভাবনার কথা হল না। এই ভূতকেই क्षाज़ावात्र करन कि जामता अवात्र (थांक कित ना। किन्त बक्षः जुउरे यमि अवा रहा एमधा एमस जा इटलाई टा विभएमस आंत्र शीमा बहेन ना।

মহাত্মা তাঁর সভ্যপ্রেমের দারা ভারতের হাদর ক্ষয় করেছেন, সেখানে আমরা সকলেই তাঁর কাছে হার মানি। এই সত্যের শক্তিকে আমরা প্রভাক করল্ম এক্ষন্ত আক্ষ আমরা কুভার্থ। চিরন্তন সভ্যকে আমরা প্<sup>\*</sup>থিতে পড়ি, কথার বলি, যেক্ষণে তাকে আমরা সামনে দেখি সে আমাদের প্ণ্যক্ষণ। বছদিনে অকমাৎ আমাদের এই স্থোগ ঘটে। কন্ত্রেস আমরা প্রতিদিন সভতে পারি, প্রতিদিন ভাততে পারি, ভারতের প্রদেশে প্রদেশে ইংরেজিভাষায় গোলিটিকাল বক্তৃতা দিয়ে বেড়ানোও আমাদের সম্পূর্ণ সাধ্যায়ত্ত, কিন্তু সভ্যপ্রেমের বে সোনার কাঠিতে শত বৎসরের স্থপ্ত। চিত্ত ক্ষেণে ওঠে সে তো আমাদের পাড়ার স্থাকরার দোকানে গড়াতে পারি নে। বার হাতে এই তুর্গভ ক্ষিনিস দেখনুম তাঁকে আমরা প্রণাম করি।

কিছ সভ্যকে প্রভাক করা সন্থেও সহভ্যের প্রতি আমাদের নিষ্ঠা বিদি দৃঢ় না হয় তা হলে ফল হল কী। প্রেমের সভ্যকে প্রেমের দিকে যেমন মানি, বৃদ্ধির সভ্যকে বৃদ্ধির দিকে তেমনি আমাদের মানতে হবে। কন্থেস প্রভৃতি কোনোরক্ম বাছাস্থ্রানে দেশের ছান্য জাগে নি, মহৎ জন্তরের জক্তরিম প্রেমের স্পর্শে জাগল। আছরিক সভ্যের এই প্রভাব বধন আমরা আজ এমন স্পষ্ট দেখতে পাছি তথন

স্বরাব্দশান্তের বেলাতেই কি সেই সত্যকে আর আমরা বিশ্বাস করব না। উদ্বোধনের পালার বাকে মানলুম, অমুষ্ঠানের পালায় তাকে বিসর্জন দিয়ে বসব ?

মনে করো আমি বীণার ওন্তাদ খুঁজছি। পূর্বে পশ্চিমে আমি নানা লোককে পরীকা করে দেখলুম কিন্তু হৃদয়ের তৃথি হল না। তারা শব্দ করে খুব, তারা কৌশল জানে বিশ্বর, তারা রোজগার করে বথেই, কিন্তু তাদের বাহাচ্রিতে মনে প্রশংসা জাগে, প্রেম জাগে না। অবশেষে হঠাৎ একজনকে খুঁজে পাওয়া গেল তিনি তাঁর তারে ছটি-চারটি মীড় লাগাবামাত্র অন্তরের আনন্দ-উৎসের মূথে এতদিন যে পাথর চাপা ছিল त्में। यन এक मृश्र्र्ड राम गरम। यह काइन की। यह अञ्चासत मान व जाननमारी শক্তি আছে দে একটি দত্যকার জিনিস, সে আপন আনন্দশিখা থেকে অতি সহজেই श्वमरम श्वमरम जाननानिशास्क जानिएम छाटन । जामि तृत्य निन्म, छाटक अखाम तरन মানলুম। তার পর আমার দরকার হল একটি বীণা তৈরি করানো। কিন্তু এই বীণা তৈরির বিষ্যায় যে সভ্যের দরকার সে আরেক জাতের সত্য। তার মধ্যে অনেক চিন্তা. অনেক শিক্ষা, অনেক বস্তুতত্ব, অনেক মাপজোধ, অনেক অধ্যবসায়। সেধানে ष्मामात्र अष्ठाम यमि ष्मामात्र मतिस ष्यवसात्र श्रीठ मश्रा करत्र हर्छा । वरमन "वावा, বীণা তৈরি করাতে বিশ্বর আয়োজনের দরকার, সে তুমি পেরে উঠবে না, তুমি বরঞ্চ এই কাঠির গামে একটা তার বেঁধে ঝংকার দাও; তা হলে অমুক মানের অমুক তারিধে এই কাঠিই বীণা হয়ে বাজতে থাকবে", তবে দে কথা থাটবে না। আসলে আমার গুৰুর উচিত নর আমার অক্ষমতার প্রতি দয়া করা। এ কথা তাঁর বলাই চাই, "এ-সব बिनिम मरक्राप এবং मखाय मात्रा याय ना।" তिनिहे তো आभारत क्लाहे त्यिरा प्तर्यन रय, वीशांत्र अकृष्टि यां जात्र नय, अत्र উপকরণ विश्वत, अत्र त्रहनावनी एन्द्र, নিয়মে একটুমাত্র ফটি হলে বেম্বর বাজবে, অতএব জ্ঞানের তত্তকে ও নিয়মকে বিচারপূর্বক সমত্ত্ব পালন করতে হবে। দেশের হৃদয়ের গভীরতা থেকে সাড়া বের করা এই হল ওম্বাদন্ধির বীণা বাজানো- এই বিছায় প্রেম যে কত বড়ো সত্য জিনিস সেই কথাটা আমরা মহাত্মাজির কাছ থেকে বিশুদ্ধ করে শিথে নিতে বসেছি. এ সম্বন্ধে, তাঁর প্রতি আমাদের শ্রদ্ধা অকুল থাক। কিন্তু বরাজ গড়ে তোলবার তত্ত্ব বছবিস্তত, তার প্রণালী হঃসাধ্য এবং কালসাধ্য; তাতে বেমন আকাজ্ঞা এবং জনরাবেগ তেমনি তথ্যাহুসদ্ধান এবং বিচারবৃদ্ধি চাই। তাতে যারা অর্থশাস্ত্রবিৎ তাঁদের ভাবতে হবে, ষত্মতত্ত্বিৎ তাঁদের থাটতে হবে, শিক্ষাতত্ত্বিৎ রাষ্ট্রতত্ত্বিৎ সকলকেই ধ্যানে এবং কর্মে লাগতে হবে। অর্থাৎ দেশের অন্তঃকরণকৈ সকল দিক থেকে পূর্ণ উন্তমে জাগতে হবে। ভাতে দেশের লোকের জিঞ্জাসাবৃতি যেন সর্বদা নির্মল ও নির্ভিভূত থাকে, কোনো

গৃচ বা প্রকাশ্য শাসনের হারা সকলের বৃদ্ধিকে যেন ভীন্ধ এবং নিশ্চেট করে তোলা না হয়। এই যে দেশের বিচিত্র শক্তিকে তলব দেওয়া এবং তাকে নিজের নিজের কাজে লাগানো, এ পারে কে। সকল তাকে তো দেশ সাড়া দেয় না, পূর্বে তো বারম্বার তার পরীকা হয়ে গেছে। দেশের সকল শক্তিকে দেশের স্টেকার্যে আজ পর্যন্ত করতে পারে নি বলেই তো এতদিন আমাদের সময় বয়ে গেল। তাই এতকাল অপেক্ষা করে আছি, দেশের লোককে ভাক দেবার হার সত্য অধিকার আছে তিনিই সকলকে সকলের আত্মশক্তিতে নিযুক্ত করে দেবেন। একদিন ভারতের তপোবনে আমাদের দীক্ষাগুরু তাঁর সত্যজ্ঞানের অধিকারে দেশের সমস্ত বন্ধচারীদের তেকে বলেছিলেন—

ষথাপঃ প্রবতায়ন্তি যথা মাসা অহর্জরম্।
এবং মাং এন্ধচারিশো ধাতরায়ন্ত সর্বতঃ স্বাহা ॥

क्रमम्क्रम रयमन निम्नर्गर्म भमन करत. माममक्रम रयमन मःवर्भरतत्र पिरक धाविछ হয়, তেমনি সকল দিক থেকে ব্রহ্মচারিগণ আমার নিকটে আহ্বন, স্বাহা। দেদিনকার দেই সত্যদীকার ফল আজও <del>জ</del>গতে অমর হয়ে আছে এবং তার আহ্বান এবনও বিশের কানে বাজে। আজ আমাদের কর্মগুরু তেমনি করেই দেশের সমস্ত কর্ম-শক্তিকে কেন আহ্বান করবেন না, কেন বলবেন না, আয়ন্ত সর্বতঃ স্বাহা— তারা সকল দিক থেকে আফুক। দেশের সকল শক্তির জাগরণেই দেশের জাগরণ, এবং সেই সর্বতোভাবে জাগরণেই মৃক্তি। মহাত্মান্তির কণ্ঠে বিধাতা ডাকবার শক্তি দিয়েছেন, কেননা তাঁর মধ্যে সত্য আছে, অতএব এই তো ছিল আমাদের ওভ অবসর। কিছ তিনি তাক দিলেন একটিমাত্র সংকীর্ণ ক্ষেত্রে। তিনি বললেন, কেবলমাত্র সকলে মিলে হতো কাটো, কাপড় বোনো। এই ডাক কি সেই "আয়ন্ত সর্বতঃ স্বাহা"। এই ভাক কি নবযুগের মহাস্পষ্টির ভাক। বিশ্বপ্রকৃতি যথন মৌমাছিকে মৌচাকের সংকীৰ্ণ জীবনযাত্ৰায় ডাক দিলেন তখন লক্ষ লক্ষ মৌমাছি সেই আহ্বানে কৰ্মের श्विभात क्या निस्मृतक क्रीव करत मिला; जाननारक थर्व कतात्र बाता এই-य जात्मत আত্মত্যাগ এতে তারা মুক্তির উল্টো পথে গেল। যে দেশের অধিকাংশ লোক কোনো প্রলোভনে বা অহশাসনে অন্ধভাবে নিজের শক্তির স্নীবন্ধ সাধন করতে কৃষ্ঠিত হয় না, তাদের বন্দিদশা যে তাদের নিজের অন্তরের মধ্যেই। চরকা কাটা এক দিকে অত্যন্ত সহজ, সেইজ্যেই সকল মাছবের পক্ষে তা শক্ত। সহজের ডাক মাহুবের নয়, সহজের ভাক মৌমাছির। মাহুবের কাছে তার চূড়াস্ত শক্তির দাবি করলে তবেই সে আছ্ম-প্রকাশের ঐশর্ষ উদ্ঘাটিত করতে পারে। স্পার্টা বিশেষ লক্ষ্যের দিকে তাকিয়ে মাহুষের

শক্তিকে সংকীর্ণ করে তাকে বল দেবার চেটা করেছিল, স্পার্টার জয় হয় নি; এথেকার দার নাহবের দকল শক্তিকে উল্পুক্ত করে তাকে পূর্ণতা দিতে চেয়েছিল, এথেকোর দার হয়েছে; তার দেই জয়পতাকা আজও মানবসভাতার শিথরচ্ডায় উড়ছে। য়ুরোপে সৈনিকাবাসে কারখানামরে মানবশক্তির ক্লীবজ্লাখন করছে না কি— লোভের বশে উদ্দেশ্তনাখনের থাতিরে মাহযের মহয়স্বকে সংকীর্ণ করে ছেঁটে দিছে না কি। আর এইলজেই কি য়ুরোপীয় সমাজে আজ নিরানন্দ ঘনীড়্ত হয়ে উঠছে না। বড়ো কলের ঘারাও মাহমকে ছোটো করা যায়, ছোটো কলের ঘারাও করা বায়। এঞ্জিনের ঘারাও করা যায়, চরকার ঘারাও। চরকা যেখানে হাভাবিক সেখানে সে কোনো উপত্রব করে না, বরঞ্চ উপকার করে— মানবমনের বৈচিত্র্যবশতই চরকা ষেখানে স্বাভাবিক নয় সেখানে চরকার স্বতা কাটার চেয়ে মন কাটা যায় অনেকথানি। মন জিনিসটা স্থতার চেয়ে কম মুল্যবান নয়।

একটি কথা উঠেছে এই যে, ভারতে শতকরা আশিক্ষন লোক চাই করে এবং তারা বছরে ছয় মাদ বেকার থাকে, তাদের স্থতা কাটতে উৎদাহিত করবার জন্তে কিছুকাল দকল ভদ্রলোকেরই চরকা ধরা দরকার। প্রথম আবস্তুক হচ্ছে বথোচিত উপায়ে তথ্যাস্থসদান দারা এই কথাটি প্রতিপন্ন করা। অর্থাৎ কী পরিমাণ চাষা কতদিন পরিমাণ বেকার থাকে। যখন চাই বদ্ধ তথন চাইারা কোনো উপায়ে যে পরিমাণ জীবিকা অর্জন করে হ্যভাকাটার দ্বারা তার চেয়ে বেশি অর্জন করের কিনা। চাই ব্যতিরেকে জীবিকার একটিমাত্র উপায়ের দ্বারা দমন্ত ক্ষাণকে বদ্ধ করা দেশের কল্যাণের পকে উচিত কি না দে সম্বন্ধে দল্লেই আছে। কিন্তু মৃল কথা এই যে, কারো মুখের কথায় কোনো অন্থমানমান্তের উপার নির্ভর করে আমরা দর্শক্ষনীন কোনো পদ্ম অবলহন করতে পারব না, আমরা বিশ্বাসযোগ্য প্রণালীতে ভখ্যাহ্সদ্ধান দাবি করি। তার পরে উপায়ের যথাযোগ্যতা স্থদ্ধে বিচার করা সম্বন্ধন

আমাকে কেউ কেউ বলেছেন, দেশের চিত্তশক্তিকে আমরা তো চিরদিনের কছে।
সংকীর্ণ করতে চাই নে, কেবল অভি অক্লকালের কছে। কেনই-বা অক্লকালের কছে।
বেহেতু এই অক্লকালের মধ্যে এই উপায়ে আমরা হরাক পাব ? তার যুক্তি কোখার।
হরাক তো কেবল নিক্ষের কাশ্য নিজে কোগানো নয়। বরাক তো একমাত্র
আয়াদের বল্লহুলতার উপর প্রতিষ্ঠিত নয়। তার ববার্ধ ভিত্তি আমাদের মনের
উপর, নেই মন তার বহুধাশক্তির হারা এবং সেই আক্লশক্তির উপর আহা হারা,
হরাক ক্ষেত্র করতে থাকে। এই বরাকক্ষে কোনো দেশেই তো শেষ হর নি— সক্ল

দেশেই কোনো-না-কোনো অংশে লোভ বা মোহের প্ররোচনায় বন্ধনদশা থেকে গেছে। কিছ সেই বছনদশার কারণ মাছবের চিত্তে। সে-সকল দেশে নিরম্ভর এই চিত্তের উপর দাবি করা হচ্ছে। আমাদের দেশেও দেই চিডের বিকাশের উপরেই স্বরাজ দাঁড়াতে পারবে। তার জন্তে কোনো বাছ ক্রিয়া বাহ্য क्ल নর, জান বিজ্ঞান চাই। দেশের চিত্তপ্রতিষ্ঠিত এই হরাজকে অন্ধকাল করেকদিন চরকা কেটে আহরা পাব, এর যুক্তি কোথায়। যুক্তির পরিবর্তে উক্তি তো কোনোমতেই চলবে না। মাহবের मृत्थं रिष यामता रिपरवाणी अनरक यात्रक कत्रि का रहन यामारमञ्ज रिपर्न, रव राजान রকমের মারাত্মক উপদর্গ আছে এই দৈববাণী যে তারই মধ্যে অভতম এবং প্রবলতম हरत छेर्रद । এकवात यनि मिथा यात्र त्य, देनववाणी हाड़ा ज्यात-विहूर छेरे जामामित দেশ নড়ে না, তা হলে আন্ত প্রয়োজনের পরজে সকালে সন্ধ্যায় দৈববাণী বানাতে হবে, অন্ত সকল রকম বাণীই নিরম্ভ হয়ে যাবে। যেথানে যুক্তির অধিকার দেখানে উক্তি দিয়ে যাদের ভোলাতে হবে, তাদের পক্ষে, যেখানে আত্মার অধিকার সেখানে কোনো-না-কোনো কর্তার আসন পড়বেই। তারা ধরাঞ্জের গোড়া কেটে বলে আছে, यांगांत्र कन टारन काता कन इरव ना। এ क्या मान्छि, यामारमंद्र तरक रेनववामी, रेनव धेयध, वाश्ववााभारत रेनविक्या, এ-मरवत প्रधाव थ्वहे विनि कि সেইজন্মেই আমাদের দেশে স্বরাজের ডিতপত্তন করতে হলে দৈববাণীর আসনে বিশেষ করে বৃদ্ধির বাণীকে পাকা করে বসাতে হবে। কেননা, আমার পূর্বের প্রবন্ধে বলেছি, দৈব শ্বরং আধিভৌতিক রাজ্যে বৃদ্ধির রাজ্যাভিষেক করেছেন। তাই আজ বাইরের বিষে তারাই স্বরাজ পাবে এবং তাকে রক্ষা করতে পারবে যারা আত্মবৃদ্ধির জোরে আত্মকর্তৃদ্বের গৌরব উপলব্ধি করতে পারে— বারা সেই গৌরবকে কোনো লোভে কোনো মোহে পরের পদানত করতে চায় না। এই-বে আৰু বন্ধাভাবে কজাকাতরা মাতৃভূমির প্রাক্তে রাশীকৃত করে কাপড় পোড়ানো চলছে, কোন বাণীতে দেশের কাছে আৰু তার তাগিদ আসছে। সে কি ঐ দৈবৰাণীতে নয়। কাপড় ব্যবহার বা বর্জন ব্যাপারে অর্থশান্তিকতত্ত্বের ঘনিষ্ঠ যোগ আছে. ্ঞ-সম্বন্ধে সেই তত্ত্বের ভাষাতেই কেশের সঙ্গে কথা কইতে হবে; বৃদ্ধির ভাষা মাল্ল कता यति वद्यमिन त्थरक त्वरनात्र जान्त्राज्ञीत्रक द्य, जरव जात्र-मव ह्वराष्ट्र मिरत के चनछारमत्र मरक्टे नड़ार्ट क्रांट क्रांट क्रां रक्तना व्हे चनछामहे चामारमत्र भरक গোড়ায় গলদ, original sin । সেই গলদটারই খাড়িরে দেই গলদকেই প্রস্রায় দিবে আজ ঘোষণা করা হয়েছে, বিদেশী কাপড় অপৰিত্ত অভতব ভাকে হয় করে।। অর্থণাক্তকে বহিত্বত করে তার কাষণার ধর্মণাক্তকে জোর করে টেনে আনা হল।

অপবিত্র কথাটা ধর্মশাল্পের কথা-- অর্থের নির্মের উপরের কথা। মিথ্যাকে বর্জন করতে হবে কেন, মিথ্যা অপবিত্ত কেন, তার হারা আমাদের প্রয়োজন সিদ্ধ হয় না বা নষ্ট হয় বলেই বে তা নয়। হোক বা না হোক, তার ছারা আমাদের আত্মা মলিন হয়! অতএব এ-কেত্রে অর্থশান্ত বা রাষ্ট্রশান্তের কথা খাটে না, এখানে ধর্মশান্তেরই वांगी क्षेत्रम । किन्नु कार्या कांगड़ भन्ना वा ना-भन्नान मर्था यिन कार्या जून शास्त्र তবে সেটা অর্থতত্ত্বের বা স্বাস্থ্যতত্ত্বের বা সৌন্দর্থতত্ত্বের ভূল- এটা ধর্মতত্ত্বের ভূল নয়। এর উত্তরে কেউ কেউ বলেন, যে ভূলে দেহমনের হু:খ আনয়ন করে সেইটেই অধর্ম। আমি তার উত্তরে এই বলি, ভূলমাত্রেই হু:খ আছে--- জিয়োমেট্র ভূলে রাভা ধারাপ हम, छिछ रीका हम, माँदका निर्भार ध्यम भन्न घटि रम, छात्र छेभन्न दिनभाषि हनरन ভয়ংকর ছর্ঘটনা অবশ্রস্তাবী। কিন্তু এই ভূলের সংশোধন ধর্মশান্ত্রের মতে হয় না। অর্থাৎ ছেলেরা যে থাতায় জিয়োমেট্রির ভূল করে, অপবিত্র বলে সেই থাতা নষ্ট করে এ ভূলের সংশোধন হয় না, জিয়োমেট রই সত্য নিয়মে সেই থাতাকে সংশোধন করতে হবে। কিন্তু মান্টারমশায়ের মনে এ কথা উঠতে পারে যে, ভূলের থাতাকে অপবিত্র यिम ना विन, जो हरन धन्ना जनरक जुन वरन गेगा कन्नर ना। जा यिम नजा हम, তা হলে অন্ত-দৰ কাঞ্চ ছেড়ে দক্ষপ্ৰকার উপায়ে এই চিত্তগত দোষকে দংশোধন করতে হবে, তবেই এ ছেলেরা মাত্র্য হতে পারবে। কাপড় পোড়ানোর ছক্ম আজ আমাদের 'পরে এসেছে। সেই ছকুমকে ছকুম বলে আমি মানতে পারব না, তার প্রথম কারণ হচ্ছে এই যে, চোধ বুজে ছকুম মানার বিষম বিপত্তি থেকে দেশকে উদ্ধার করবার জন্তে আমাদের লভতে হবে— এক হকুম থেকে আরেক হকুমে তাকে ঘুরিয়ে ছক্ম-সমূত্রের সাতঘাটে তাকে জল থাইয়ে মারতে পারব না। বিতীয় কথা হচ্ছে এই যে, যে কাপড় পোড়ানোর আয়োজন চলছে সে আমার কাপড় নয়, বন্ধত দেশবাসীদের মধ্যে যাদের আজ কাপড় নেই এ কাপড় তাদেরই, ও কাপড় আমি পোড়াবার কে। যদি তারা বলে 'পোড়াও' তা হলে অন্তত আত্মঘাতীর 'পরেই আত্মহত্যার ভার দেওয়া হয়, তাকে বধ করবার ভার আমাদের উপর পড়ে না। যে মাহ্র ত্যাগ করছে তার অনেক কাপড় আছে আর যাকে জোর করে ত্যাগড়ঃধ ভোগ করাচ্ছি কাপড়ের অভাবে দে ঘরের বার হতে পারছে না। এমনতরো জবর্ণন্ডির প্রায়শ্চিত্তে পাপক্ষালন হয় না। বার বার বলেছি আবার বলব, বাছ্ ফলের লোভে আমরা মনকে খোয়াতে পারব না। যে কলের দৌরাছ্যো সমভ পৃথিবী পীড়িত মহাত্মান্তি সেই কলের দলে লড়াই করতে চান, এখানে আমরা তাঁর দলে। किছ व बाह्म महम् महम् अहवाधाजा आमारमह त्रामह नक्न देन अ अभगात्मह मृत्म,

তাকে সহায় করে এ লড়াই করতে পারব না। কেননা তারই সব্দে আমাদের প্রধান লড়াই, তাকে তাড়াতে পারলে তবেই আমরা অস্তরে বাহিরে বরাজ পাব।

কাপড় পোড়াতে আমি রাজি আছি, কিছু কোনো উক্তির তাড়নায় নয়। বিশেষজ্ঞ ব্যক্তিরা যথেষ্ট সময় নিয়ে যথোচিত উপায়ে প্রমাণ সংগ্রহ কক্ষন এবং স্বযুক্তি ছারা আমাদের বৃঝিয়ে দিন য়ে, কাপড়-পরা সহছে আমাদের দেশ অর্থ নৈতিক ষে অপরাধ করেছে অর্থ নৈতিক কোন্ ব্যবস্থার ছারা তার প্রতিকার হতে পারে। বিনা প্রমাণে বিনা যুক্তিতে কেমন করে নিশ্চিত বলব য়ে, বিশেষ একটা কাপড় পরে আমরা আর্থিক য়ে অপরাধ করেছি কাপড়টাকে পুড়িয়ে সেই অপরাধের মৃলটাকে আরও বিভারিত করে দিছি নে, ম্যাঞ্চেন্টারের ফাস তাতে পরিণামে ও পরিমাণে আরও কঠিন হয়ে উঠবে না? এ তর্ক আমি বিশেষজ্ঞভাবে উথাপিত করছি নে, কেননা আমি বিশেষজ্ঞ নই, আমি জিক্তান্থভাবেই করছি। বিশেষজ্ঞ যা বলেন তাই য়ে বেদবাক্য আমি তা বলি নে। কিছু স্ববিধা এই য়ে, বেদবাক্যের ছন্দে তাঁরা কথা বলেন না। প্রকাশ্ত সভার তাঁরা আমাদের বৃদ্ধিকে আহ্বান করেন।

একটি कथा आभारमत्र मरन ভাববার দিন এসেছে, সে হচ্ছে এই— ভারতের আজকের এই উদ্বোধন সমস্ত পৃথিবীর উদ্বোধনের অস। একটি মহাযুদ্ধের তুর্যধানিতে আব্দ যুগারন্তের বার খুলেছে। মহাভারতে পড়েছি, আত্মপ্রকাশের পূর্ববর্তী কাল राष्ट्र पद्धां जरात्मत्र काम । किছूकाम थ्याक भृषिरीए माध्य य भवन्मत्र की तकम ঘনিষ্ঠ হয়ে এসেছে সে কথাটা স্পষ্ট হওয়া সত্ত্বেও অক্সাত ছিল। অর্থাৎ ঘটনাটা বাইরে हिन, जामार्तित मरन श्रादन करत नि । युष्कत जाघार अक मृहूर्ल ममन्त शृथिवीत माश्य यथन विव्रणिक रहा केंक्रण कथन धरे कथांगे चात्र मुक्कात्ना बरेण ना। र्कार এক দিনে আধুনিক সভ্যতা অর্থাৎ পাশ্চাত্য সভ্যতার ভিত কেঁপে উঠন। বোঝা দেল এই কেঁপে ওঠার কারণটা স্থানিক নয় এবং ক্ষণিক নয়— এর কারণ সমস্ত পৃথিবী कृष्ड । माश्रवत मरक माश्रवत य मन्न धक महाराम रश्यक चात-धक महाराम नाश्र, তার মধ্যে সত্যের সামগ্রস্থ বতক্ষণ না ঘটবে ততক্ষণ এই কারণের নিবৃত্তি হবে না। এখন থেকে যে-কোনো জাত নিজের দেশকে একান্ত স্বতন্ত্র করে দেখবে বর্তমান যুগের সঙ্গে তার বিরোধ ঘটবে, সে কিছুতেই শান্তি পাবে না। এখন থেকে প্রত্যেক দেশকে নিজের জন্তে যে চিন্তা করতে হবে তার সে চিন্তার ক্ষেত্র হবে জগৎজোড়া। চিন্তের এই বিশম্থী বুত্তির চর্চা করাই বর্তমান যুগের শিক্ষার সাধনা। কিছুদিন থেকে আমরা দেখতে পাচ্ছি. ভারতরাষ্ট্রশাসনে একটা মূলনীতির পরিবর্তন হচ্ছে। এই পরিবর্তনের মূলে আছে ভারতরাষ্ট্রসমস্তাকে বিশ্বসমস্তার অন্তর্গত করে দেখবার চেষ্টা। युक जामारमञ्ज मरनत नामरन त्थरक अकरो भर्मा हि ए मिरवरह मा विरयत वार्थ नव जा যে আমাদের নিজের স্বার্থের বিরোধী এই কথাকে মাত্রুষ, পুঁ ধির পাভায় নয়, ব্যবহারের কেৰে আৰু দেখতে পাছে ; এবং দে বুঝছে, বেখানে অক্তায় আছে দেখানে বাহ অধিকার থাকলেও সত্য অধিকার থাকে না। বাছ অধিকারকে থর্ব করেও যদি সত্য অধিকার পাওয়া ধায় তবে সেটাতে লাভ ছাড়া লোকসান নেই। মানুষের মধ্যে এই-যে একটা বৃদ্ধির বিরাট পরিবর্তন ঘটছে, তার চিত্ত সংকীর্ণ থেকে ভূমার দিকে যাচ্ছে, তারই হাত এই ভারতরাষ্ট্রনীতি-পরিবর্তনের মধ্যে কান্ধ করতে আরম্ভ করেছে। এর मर्था यरथेहे जमम्भूर्गका ७ প्रकृत वाथा जाहि— वार्थवृद्धि एकवृद्धित्व शरम शरम আক্রমণ করবেই; তাই বলে এ কথা মনে করা অন্তার যে, এই শুভবৃদ্ধিই সম্পূর্ণ কপটতা এবং স্বার্থবৃদ্ধিই সম্পূর্ণ অরুত্রিম। আমার এই বাট বংসরের অভিজ্ঞতায় একটি কথা ব্দেনেছি ষে, কপটতার মতো হঃসাধ্য অতএব হুর্লভ জ্বিনিস আর নেই। খাঁটি কপট মানুষ হচ্ছে কণজনা লোক, অতি অক্সাৎ তার আবির্ভাব ঘটে। আসল কথা, সকল মান্তবের মধ্যেই কমবেশি পরিমাণে চারিত্র্যের ছৈধ আছে। আমাদের বৃদ্ধির মধ্যে मिलिक्द य कम भाजा जाएज इरे विद्याधी भर्मार्थरक ध्वादना कठिन वर्णरे जालाइ সঙ্গে যথন মন্দকে দেখি তথন তাড়াতাড়ি ঠিক করে নিই, এর মধ্যে ভালোটাই চাতৃরী। আজকের দিনে পৃথিবীতে সর্বজনীন যে-সকল প্রচেষ্টা চলছে তার মধ্যে পদে পদে মাহুষের এই চারিজ্যের ধৈধ দেখা যাবে। সে অবস্থায় তাকে যদি তার অতীত-যুগের দিক থেকে বিচার করি তা হলে তার স্বার্থবৃদ্ধিকে মনে করব খাঁটি, কারণ, তার অতীতের নীতি ছিল ভেদবৃদ্ধির নীতি। কিন্তু তাকে যদি আমাদের আগামীকালের দিক থেকে বিচার করি তা হলে বুঝন গুভবুদ্দিটাই থাঁটি। কেননা ভাবী যুগের একটা প্রেরণা এসেছে মানুষকে সংযুক্ত করবার জন্তে। যে বৃদ্ধি সকলকে সংযুক্ত করে সেই হচ্ছে গুডবৃদ্ধি। এই-বে দীগ অফ নেশন্দ -প্রতিষ্ঠা বা ভারতশাসনসংস্কার, এ-সব হচ্ছে ভাবী যুগ সম্বন্ধে পশ্চিমদেশের বাণী। এ বাণী সভ্যকে যদি-বা সম্পূর্ণ প্রকাশ না করে, এর চেষ্টা হচ্ছে সেই সত্যের অভিমূথে।

আজ এই বিশ্বচিত্ত-উদ্বোধনের প্রভাতে আমাদের দেশে জাতীয় কোনো প্রচেষ্টার মধ্যে যদি বিশ্বের সর্বজনীন কোনো বাণী না থাকে তা হলে তাতে আমাদের দীনতা প্রকাশ করবে। আমি বলছি নে, আমাদের আগু প্রয়োজনের বা-কিছু কাজ আছে তা আমরা ছেড়ে দেব। সকালবেলার পাখি যখন জাগে তখন কেবলমাত্র আহারঅবেষণে তার সমক্ত জাগরণ নিযুক্ত থাকে না, আকাশের আহ্বানে তার হই অক্লান্ত
পাখা সায় দেয় এবং আলোকের আনন্দে তার কঠে গান জেগে ওঠে। জাজ

সর্বমানবের হিন্ত আমাদের চিত্তে তার তাক পাঠিরেছে; আমাদের চিত আমাদের ভাষায় তার দাড়া দিক-কেননা ডাকের যোগ্য দাড়া দেওয়ার কমতাই হচ্ছে প্রাণশক্তির লক্ষণ। একদা যথন পরমুখাপেকী পলিটিক্সে সংসক্ত ছিলুম, তথন আমরা কেবলই পরের অপরাধের তালিকা আউড়ে পরকে তার কর্তব্যক্রটি শ্বরণ করিয়েছি— षाष यथन षामदा পद्रभदायगंजा थएक षामारमंद्र भनिष्टिक्न्र हिन्न कदरण हारे. আব্দও সেই পরের অপরাধ ব্রপের হারাই আমাদের বর্জননীতির পোষণপালন করতে চাচ্ছি। তাতে উত্তরোত্তর আমাদের যে মনোভাব প্রবল হয়ে উঠছে সে আমাদের চিতের আকাশে রক্তবর্ণ ধুলো উড়িয়ে বৃহৎ ঞ্চগৎ থেকে আমাদের চিস্তাকে আবৃত করে রাখছে। প্রবৃত্তির ক্রত চরিতার্থতার দিকে আমাদের উত্তেজনা দে কেবলই বাড়িয়ে তুলছে। সমস্ত বিশের সক্তে যোগযুক্ত ভারতের বিরাট রূপ চোখে না পড়াতে আমাদের কর্মে ও চিস্তায় ভারতের যে পরিচয় আমরা দিতে প্রবৃত্ত হয়েছি দে অতি ছোটো, তার দীপ্তি নেই; দে আমাদের ব্যবসারবৃদ্ধিকেই প্রধান করে তুলছে। এই বৃদ্ধি কথনো কোনো বড়ো জিনিসকে স্থাষ্ট করে নি। আজ পশ্চিম দেশে এই ব্যবসায়বৃদ্ধিকে অতিক্রম করে ওভবৃদ্ধি জাগিয়ে তোলবার জন্তে একটা আকাজ্জা এবং উত্তম দেখা দিয়েছে। দেখানে কত लाक प्रत्येष्ठि यात्रा এই मश्कद्भरक मत्नत्र मरश्च नित्र आस मह्यामी। अर्थार यात्रा স্বান্ধাত্যের বাঁধন কেটে এক্যের সাধনায় ঘরছাড়া হয়ে বেরিয়েছে, যারা নিজের অস্করে মাহুষের ভিতরকার অধৈতকে দেখেছে। সেইসব সম্যাসীকে ইংরেন্সের মধ্যে অনেক দেখেছি; তাঁরা তাঁদের স্বজাতির আত্মন্তরিতা থেকে চুর্বলকে রক্ষা করবার সাধনায় স্বন্ধাতির কাচ থেকে আঘাত ও অপমান স্বীকার করতে কৃতিত হন নি। সেই রকম সম্যাসী দেখেছি ফ্রান্সে. যেমন রোম্যা রলাঁ— তিনি তাঁর দেশের লোকের বারা বর্দ্ধিত। সেই রক্ষ সন্ন্যাসী আমি মুরোপের অপেকারুত অথ্যাত দেশের প্রান্তে দেখেছি। দেখেছি মুরোপের কত ছাত্রের মধ্যে; পর্বমানবের ঐক্যসাধনায় তাদের মুথচ্ছবি দীপ্যমান। তারা ভাবী যুগের মহিমায় বর্তমান যুগের সমস্ত আঘাত থৈবের সঙ্গে বছন করতে চার, সমত অপমান বীর্ষের সঙ্গে ক্ষমা করতে চায়। আর আমরাই কি কেবল যেমন "পঞ্চক্ডাং স্মরেমিত্যং" তেমনি করে আজ এই গুভদিনের প্রভাতে কেবল পরের অপরাধ শ্বরণ করব, এবং আমাদের স্বাতীয় স্পষ্টকার্য একটা কলহের উপর প্রতিষ্ঠিত করতে থাকব। আমরা কি এই প্রভাতে দেই ওভবদ্ধিদাতাকে न्प्रदर्ग करूर मा- य अकः, यिनि अक ; व्यवर्गः, यिनि दर्गष्टीन, गाँत मरश्र मामा कारणा নেই; বহুধাশক্তিযোগাৎ বর্ণাননেকান নিহিতার্থো দধাতি, যিনি বহুধাশক্তির যোগে

খনেক বর্ণের লোকের জন্ত তাদের অন্তর্নিহিত প্রয়োজন বিধান করেছেন; আর তাঁরই কাছে কি প্রার্থনা করব না, স নো বৃদ্যা ওভয়া সংযুনক্ত্র্, তিনি আমাদের সকলকে ওভবৃদ্ধি বারা সংযুক্ত কলন।

4506

## मघण

যে ছাত্রেরা বিশ্ববিষ্ঠালয়ের প্রবেশিকা পরীক্ষায় বদে, তাদের সংখ্যা দশ-বিশ হাজার হয়ে থাকে, কিন্তু তাদের সকলেরই পক্ষে একই প্রশ্ন, এক কালিতে একই অক্ষরে ছাপানো। সেই একই প্রশ্নের একই সত্য উত্তর দিতে পারলে তবে ছাত্রেরা বিশ্ববিষ্ঠালয়ে উত্তীর্ণ হয়ে পদবী পায়। এইজন্তে পার্যবর্তী পরীক্ষার্থীর কাছ থেকে উত্তর চুরি করেও কাজ চলে। কিন্তু বিধাতার পরীক্ষার নিয়ম এত সহজ নয়। এক-এক জাতির কাছে তিনি এক-একটি হতত্র সমস্যা পাঠিয়েছেন। সেই সমস্যার সত্য মীমাংসা তারা নিজে উদ্ভাবন করলে তবেই তারা তাঁর বিশ্ববিষ্ঠালয়ে স্থান পাবে ও মান পাবে। ভারতকেও তিনি একটি বিশেষ সমস্যা দিয়েছেন, যতদিন না তার সত্য মীমাংসা হবে ততদিন ভারতের তৃঃখ কিছুতেই শাস্ত হবে না। আমরা চাতুরী খাটিয়ে য়ুরোপের পরীক্ষাপত্র থেকে উত্তর চুরি করছি। একদিন বোকার মতো করছিলুম মাছি-মারা নকল, আজকে বুদ্ধিমানের মতো করছি ভাষার কিছু বদল ঘটিয়ে। পরীক্ষক বারে বারে তার পাশে নীল পেনসিল দিয়ে যে গোল গোল চিছ্ কটিছেন তার সব-কটাকেও একত্র যোগ করতে গেলে বিয়োগান্ত হয়ে ওঠে।

বায়্মগুলে ঝড় জিনিসটাকে আমরা ত্র্যোগ বলেই জানি। সে যেন রাগী আকাশটার কিল চড় লাথি ঘূরোর আকারে আসতে থাকে। এই প্রহারটা তো হল একটা লক্ষণ। কিসের লক্ষণ। আসল কথা, যে বায়্ত্তরগুলো পাশাপাশি আছে, যে প্রতিবেশীদের মধ্যে মিল থাকা উচিত ছিল, তাদের মধ্যে ভেদ ঘটেছে। এক অংশের বড়ো বেশি লোঘব হয়েছে। এ তো সফ্ হয় না, তাই ইক্রদেবের বক্ষ গড়্গড় করে ওঠে, প্রনদেবের ভেঁপু ছ-ছ করে ছংকার দিতে থাকে। যতক্ষণ প্রতিবেশীদের মধ্যে সাম্যসাধন না হয়, হাওয়ায় হাওয়ায় পংক্তিভেদ ঘূচে না যায়, ততক্ষণ শান্তি হয় না, ততক্ষণ দেবতার রাগ মেটে না। যাদের মধ্যে পরক্ষার মিলে চলবার সম্বন্ধ তাদের মধ্যে ভেদ ঘটলেই তুমূলকাণ্ড

বেধে যায়। তথন ঐ-যে অরণ্যটার গান্তীর্ধ নট হরে যায়, ঐ-যে সমূল্রটা পাগলামি করতে থাকে, তাদের দোষ দিয়ে বা তাদের কাছে শান্তিশতক আউড়িয়ে কোনো কল নেই। কান পেতে তনে নাও, স্বর্গে মর্ত্যে এই রব উঠল, "ভেদ ঘটেছে, ভেদ ঘটেছে।"

এই হাওয়ার মধ্যে যে কথা, মাহুবের মধ্যেও তাই। বাইরে থেকে যারা কাছাকাছি ভিতরের থেকে তাদের যদি ভেদ ঘটল, তা হলে ঐ ভেদটাই হল মূল বিপদ।
যতকণ সেটা আছে ততকণ ইন্দ্রদেবের বছকে, উনপঞ্চাশ পবনের চপেটাঘাতকে, বৈধ
বা অবৈধ আন্দোলনের ঘারা দমন করবার চেষ্টা করে ঝড়ের আন্দোলন কিছুতেই
থামানো যায় না।

আমরা यथन বলি স্বাধীনতা চাই তথন কী চাই, সেটা ভেবে দেখা চাই। মাহুষ কোনো সম্বন্ধ নেই, কারো কাছে কোনো দায়িত্ব নেই, কারো প্রতি কোনো নির্ভর নেই, দেখানে তার স্বাতন্ত্রে লেশমাত্র হস্তক্ষেপ করবার কোনো মাগ্রই নেই। কিছ मारूष এ चाथीनजा क्वल य हाय ना छ। नय, श्राल विषम इःथ वाध कवा। রবিন্সন্ ক্রুসো তার স্বনহীন দ্বীপে যতথন একেবারে একলা ছিল ততথন সে একেবারে স্বাধীন ছিল। বখনই ফ্রাইডে এল তখনই তার সেই একান্ত স্বাধীনতা চলে গেল। তথন ক্রাইডের সঙ্গে তার একটা পরস্পর-সম্বন্ধ বেধে গেল। সম্বন্ধ মাত্রেই অধীনতা। এমন-কি, প্রভূত্ত্যের সম্বন্ধে প্রভূও ভূত্যের অধীন। কিন্ধু রবিন্দন্ ক্রুগো ক্রাইডের সঙ্গে পরস্পর-দায়িত্বে জড়িত হয়েও নিজের স্বাধীনতার ক্ষতিজ্ঞনিত দুঃখ কেন বোধ করে নি। কেননা, তাদের সম্বন্ধের মধ্যে ভেদের বাধা ছিল না। সম্বন্ধের মধ্যে ভেদ আসে কোথায়। যেখানে অবিশ্বাস আসে, ভয় আসে, যেখানে উভয়ে উভয়কে ঠকিয়ে জিততে চার, ষেখানে উভয়ের সঙ্গে উভয়ের ব্যবহারে সহজ্ঞভাব থাকে না। ক্রাইডে যদি হিংস্র বর্বর অবিধাসী হত তা হলে তার সম্বন্ধে রবিন্দন্ কুসোর স্বাধীনতা नष्टे इंछ। यात्र मत्क आयात्र महस्कत्र भूगीला निर्दे, व्यर्धार यात्र श्रील वासि छेनामीन, দে আমাকে টেনে রাখে না, কিন্তু তাই বলেই যে তারই সম্পর্কে আমি স্বাধীনতার যথার্থ আনন্দ ভোগ করি তা নয়। যার দক্ষে আমার সম্বন্ধের পূর্ণতা, যে আমার পরম বন্ধু, স্থতরাং যে আমাকে বাঁধে, আমার চিত্ত তারই সম্বন্ধের মধ্যে খাধীনতা পায়. কোনো বাধা পায় না। যে স্বাধীনতা সম্বন্ধীনতায় সেটা নেভিস্চক, সেই শুক্তামূলক বাধীনতার মাহ্ধকে পীড়া দেয়। এর কারণ হচ্ছে, অসমক মাহ্ধ সত্য নয়, অক্টের সঙ্গেল সকলের সংকে সম্বন্ধের ভিতর দিয়েই সে নিজের সত্যতা উপলব্ধি

করে। এই সত্যতা-উপলব্ধির বাধার অর্থাৎ সহদ্ধের ভেদে, অসম্পূর্ণতায়, বিশ্বতিতেই তার স্বাধীনতার বাধা। কেননা, ইতিস্চক স্বাধীনতাই মাহুবের যথার্থ স্বাধীনতা। माश्रत्वत गोर्डरहात मरशा वो जास्कात मरशा विश्रव वोर्ध कथन, नो, यथन शत्रकारत्व महक महस्क्र विभव्य घटि। यथन ভाইদের মধ্যে সন্দেহ বা देश वा लाভ প্রবেশ ক'রে তাদের সম্বন্ধকে পীড়িত করতে <del>থাকে—</del> তখন তারা পরস্পরের মধ্যে বাধা পায়. কেবলই ঠোকর থেয়ে থেয়ে পড়ে, তাদের জীবনযাত্রার প্রবাহ পদে পদে প্রতিহত হয়ে কারণ সম্বন্ধভেদেই অশাস্তি, সেই অশাস্তিতেই স্বাধীনতার ক্ষতি। আমাদের ধর্মসাধনাতেও কোন্ মুক্তিকে মুক্তি বলে। যে মুক্তিতে অহংকার দূর করে দিয়ে বিশের দকে চিত্তের পূর্ণ যোগ সাধন করে। তার কারণ, বিশের দকে যোগেই মান্ন্য সত্য- এইজন্তে সেই সত্যের মধ্যেই মান্ত্র মধার্থ স্বাধীনতা পায়। আমরা একান্ত স্বাধীনতার শূন্ততাকে চাই নে, আমরা ভেদ ঘুচিয়ে দিয়ে সম্বন্ধের পরিপূর্ণতাকে চাই, তাকেই বলি মুক্তি। যথন দেশের স্বাধীনতা চাই, তথন নেতিস্ফুচক স্বাধীনতা চাই নে, তথন দেশের সকল লোকের সকে সম্বন্ধকে ষ্থাসম্ভব সভ্য বাধামূক্ত করতে চাই। সেটা হয় ভেদের কারণ দূর করে দিয়ে, কিন্তু সে কারণ ভিতরেও থাকতে পারে, বাইরেও থাকতে পারে। আমরা পশ্চিমের ইতিহাসে পড়েছি, সেধানকার লোকেরা স্বাধীনতা চাই বলে প্রায় মাঝে মাঝে কোলাহল তুলেছে। আমরাও সেই কোলা-হলের অফুকরণ করি, আমরাও বলি আমরা স্বাধীনতা চাই। আমাদের এই কথাটি ম্পষ্ট করে ব্যুতে হবে যে, মুরোপ যখন বলেছে স্বাধীনতা চাই তখন বিশেষ অবস্থায় বিশেষ কারণে তার সমাজদেহের মধ্যে ভেদের হৃঃথ ঘটেছিল— সমাঞ্চবর্তী লোকদের মধ্যে কোনো-না-কোনো বিষয়ে কোনো-না-কোনো আকারে সম্বন্ধের বিচ্ছেদ বা বিক্লতি ঘটেছিল, সেইটেকে দূর করার ধারাই তারা মৃক্তি পেয়েছে। আমরাও যথন विन चारीनजा ठारे जथन ভावरा रूप कान् एकिंग आमारमत वृःथ-अकन्यारमत কারণ--- নইলে স্বাধীনতা শস্কটা কেবল ইতিহাসের বুলি-দ্ধণে ব্যবহার করে কোনো ফল হবে না। যারা ভেদকে নিজেদের মধ্যে ইচ্ছা করে পোষণ করে তারা খাধীনতা চায় এ কথার কোনো অর্থই নেই। সে কেমন হয়, না, মেজবউ বলছেন যে তিনি স্বামীর মুখ দেখতে চান না, সম্ভানদের দূরে রাখতে চান, প্রতিবেশীদের সঙ্গে মেলামেশা করতে চান না, কিছু বড়োবউয়ের হাত থেকে ঘরকরনা নিজের হাতে কেড়ে নিতে চান।

যুরোপের কোনো কোনো দেশে দেখেছি রাষ্ট্রবিপ্লব ঘ'টে তার থেকে রাষ্ট্রব্যবন্ধার উদ্ভাবন হয়েছে। গোড়াকার কথাটা এই যে, তালের মধ্যে শাসিত ও শাসয়িতা এই ত্ই দলের মধ্যে ভেদ ঘটেছিল। সে ভেদ জাতিগত ভেদ নয়, শ্রেণীগত ভেদ। সেখানে এক দিকে রাজা ও রাজপুরুষ, অন্ত দিকে প্রজা, যদিচ একই জাতের মাহ্ম তর্তাদের মধ্যে অধিকারের ভেদ অত্যক্ত বেশি হরে উঠেছিল। এইজন্তে তাদের বিপ্লবের একটি মাত্র কাজ ছিল, এই শ্রেণীগত ভেদটাকে রাষ্ট্রনৈতিক শেলাইয়ের কলে বেশ পাকারকম শেলাই করে ঘৃচিয়ে দেওয়া। আজ আবার সেখানে দেখছি, আর-একটা বিপ্লবের হাওয়া বইছে। থোঁজ করতে গিয়ে দেখা যায়, সেখানে বাণিজ্যক্ষেত্রে যায়া টাকা খাটাছে, আর যায়া মজ্র খাটছে, তাদের মধ্যে অধিকারের ভেদ অত্যক্ত বেশি। এই ভেদে পীড়া ঘটায়, সেই পীড়ায় বিপ্লব। ধনীরা জীত হয়ে উঠে কর্মারা যাতে ভালো বাসস্থান পায়, যাতে তাদের ছেলেপুলেরা লেখাপড়া শিখতে পারে, যাতে তারা সকল বিষয়ে কতকটা পরিমাণে আরামে থাকে, দয়া করে মাঝে মাঝে সে চেটা করে, কিন্তু তবু ভেদ যে রয়ে গেল। ধনীর অন্বগ্রহের ছিটেফোটায় সেই ভেদ তো ঘোচে না, তাই আপদও মিটতে চায় না।

বহুকাল হল ইংলগু থেকে একদল ইংরেজ আমেরিকায় গিয়ে বসতি করে। ইংলগ্রের ইংরেজ সম্প্রপার থেকে আমেরিকার ইংরেজের উপর শাসন বিস্তার করে-ছিল; এই শাসনের বারা সম্প্রের ভূই পারের ভেদ মেটে নি। এ ক্ষেত্রে নাড়ির টানের চেয়ে দড়ির টানটাই প্রবল হওয়াতে বন্ধন জ্বোর করে ছিঁড়ে কেলতে হয়েছিল। অথচ এখানে ভূই পক্ষই সহোদর ভাই।

একদিন ইটালিতে অশ্বিয়ান ছিল রাষ্ট্রের মুড়োয়, আর ইটালিয়ান ছিল ল্যাজায়।
অথচ ল্যাজায় মুড়োয় প্রাণের যোগ ছিল না। এই প্রাণহীন বন্ধন ভেদকেই তৃঃসহরূপে
প্রকাশ করেছিল। ইটালি তার থেকে মুক্তিলাভ করে সমস্তার সমাধান করেছে।

তা হলে দেখা যাচ্ছে ভেদের দৃঃখ থেকে ভেদের অকল্যাণ খেকে মৃক্তিই হচ্ছে মৃক্তি। এমন-কি, আমাদের দেশের ধর্মসাধনার মৃল কথাটা হচ্ছে ঐ— তাতে বলে, ভেদবৃদ্ধিতেই অসত্য, সেই ভেদবৃদ্ধি ঘূচিয়ে দিলেই সত্যের মধ্যে আমাদের পরিত্রাণ।

কিন্তু পূর্বেই বলেছি বিধাতার পরীক্ষাশালায় সব পরীক্ষাণীর একই প্রশ্ন নর। ভেদ এক রকম নয়। এক পায়ে বড়ম আর-এক পায়ে বটু, সে এক রকমের ভেদ; এক পা বড়ো আর-এক পা ছোটো, সে আর-এক রকমের ভেদ; পায়ের হাড় ভেঙে গিয়ে পায়ের এক অংশের সলে অন্ত অংশের বিচ্ছেন, সে অন্ত রকমের ভেদ; এই সব রকম ভেদই স্বাধীনশক্তিযোগে চলাফেরা করায় বাধা দেয়। কিন্তু ভিন্ন ভিন্ন ভেদের প্রতিকার ভিন্ন রকমের। ধড়ম-পায়ের কাছ থেকে তার প্রশ্নের উত্তর চুরি করে নিয়ে ভাঙা-পা নিজের বলে চালাতে গেলে তার বিপদ আরো বাড়িয়ে তুলতে পারে।

ঐ-বে পূর্বেই বলেছি একদা ইংরেজ-জাতের মধ্যে ভেদের যে ছিন্নতা ছিল সেটাকে একটা রাষ্ট্রনৈতিক শেলাইয়ের কল দিয়ে তারা পাকা করে জুড়েছে। কিন্তু যেখানে কাপড়টা তৈরিই হয় নি, হতোগুলো কতক আলাদা হয়ে কতক জটা পাকিয়ে পড়ে আছে, সেধানে রাষ্ট্রনৈতিক শেলাইয়ের কলের কথা ভাবাই চলে না, সেধানে আরো গোড়ার যেতে হয়, সেধানে সমাজনৈতিক তাঁতে চড়িয়ে বছ হতোকে এক অথগু কাপড়ে পরিণত কয়া চাই। তাতে বিলম্ব হবে, কিন্তু শেলাইয়ের কলে কিছুতেই বিলম্ব সারা যায় না।

শিবঠাকুরের তিনটি বধু সমব্দে ছড়ার বলছে:

এক কন্তে বাঁথেন বাড়েন, এক কন্তে থান, এক কন্তে না পেয়ে বাপের বাড়ি যান।

তিন কল্পেরই আহারের সমান প্রয়োজন ছিল— কিন্তু বিতীয় কল্পেট যে সহজ্ব উপায়ে আহার করেছিলেন, বিশেষ কারণে হতীয় কল্পের দেটা আয়ন্তাধীন ছিল না; অতএব উদর এবং আহারসমস্থার প্রণ তিনি অপেকারুত বিলম্বিত উপায়ে করতে বাধ্য হয়েছিলেন— বাপের বাড়ি ছুটেছিলেন। প্রথম কল্পের ক্ধানিবৃত্তি সম্বন্ধে পুরাবৃত্তের বিবরণটি অস্পিই। আমার বিশাস, তিনি আয়োজন মাত্র করেছিলেন, আর মধ্যমাটি তার ফলভোগ করে পরিতৃপ্ত হয়েছেন। ইতিহাসে এ-রকম দুটান্ত বিরল নয়।

আমাদের এই জন্মভূমিটি শিবঠাকুরের মধ্যমা প্রেরসী নন, সে কথা ধরে নেওয়া থেতে পারে। বছ শতাব্দী ধরে বার বার তার পরিচয় পাওয়া গেল। কাজেই লক্ষ্যসিদ্ধি সম্বন্ধে মধ্যমার পর্বাটি তাঁর পথ হতেই পারে না। হয় তিনি রাঁধেন নি অবচ ভোজের দাবি করেছেন, শেষে শিবঠাকুরের ধমক থেয়ে সনাতন বাপের বাড়ির দিকে চলতে চলতে বেলা বইয়ে দিয়েছেন— নয়তো রেঁধেছেন, বেড়েছেন, কিছু থাবার বেলায় দেখেছেন জার-একজন পাত শৃষ্ট করে দিয়েছে। অতএব তাঁর পক্ষে সমস্তা হচ্ছে, যে কারণে এমনটা ঘটে আর যে কারণে তিনি কথায় কথায় শিবঠাকুরকে চটিয়ে ভোলেন সেটা সর্বাত্রে দূর করে দেওয়া; আবদার করে বললেই হবে না যে, মেজবউ যেমন করে থাছেছ আমিও ঠিক তেমনি করে থাব।

আমরা সর্বদাই বলে থাকি, বিদেশী আমাদের রাজা এই ছংখ যুচলেই আমাদের সব ছংখ যুচবে। বিদেশী রাজা আমি পছন্দ করি নে। পেট-জোড়া পিলেও আমার পছন্দসই নয়। কিছু অনেকদিন থেকে দেখছি পিলেটি আমার সম্বতির অপেকা না করে আপনি এসে পেট জুড়ে বসেছে। বছষত্বে অস্করের প্রকোঠে তাকে পালন কর্নেণ্ড বিপদ, আবার রাগের মাধায় যুবি মেরে তাকে কাটিরে দিলেও সাংঘাতিক হ্রে ওঠে। বাঁরা অভিজ্ঞ তাঁরা বলেন, তোমাদের আশে-পাশে চার দিকেই ম্যালেরিয়ালিনী ভোবা, সেইগুলো ভরাট না করলে তোমার পিলের ভরাট ছুটবে না। মুশকিলের ব্যাপার এই বে, পিলের উপরেই আমাদের বত রাগ, ভোবার উপরে নয়। আমরা বলি, আমাদের সনাতন ভোবা, ওগুলি বদি লুগু হয় তা হলে ভূতকালের পবিত্র পদচিহ্নের গভীরতাই লোপ পাবে। সেই গভীরতা বর্তমানের অবিরল অশ্রধারার কানায় পূর্ণ হয় হোক কিন্তু আমাদের লোকালয় চিরদিন বেন ভোবায় ভোবায় শতধা হয়ে থাকে।

পাঠকেরা অধৈর্য হয়ে বলবেন, আর ভূমিকা নয়, এখন আমাদের বিশেষ সমস্ভাটা की तरमहे स्थला। तमरू भरकाठ हरम्ह ; कांत्रम, कथांठी खळान्छ तिनि महम्र । छत्न সবাই অপ্রদা করে বলবেন, ও তো সবাই জানে। এইজন্তেই রোগের পরিচয় সম্বদ্ধে **जिल्लाइवाद् अनियां** ना वरण यपि हेन्नभूनिया वरणन, जा हरण भरन हय जाँक स्थारण টोका कि (मध्या खाला-जाना मार्थक इन। जामन कथा, जामना এक नहे, जामात्मत निस्कारत माथा ज्लात अस नहे। अथरमहे नामि जिल्लाहे— ज्लाहे दः थ, अंदि भाषा म राज वित्तनीत मत्करे रहाक आत चतनीत मत्करे रहाक। ममाक्षीतक अकी रहन-বিহীন বৃহৎ দেহের মতো ব্যবহার করতে পারি কখন। যথন তার সমন্ত অঞ্চঞ্জাতাৰের মধ্যে বোধশক্তি ও কর্মশক্তির প্রাণগত যোগ থাকে; যখন তার পা কান্ধ করলে হাত তার ফল পায়, হাত কান্স করলে পা তার ফল পায়। কল্পনা করা যাক, স্ষ্টিকর্ডার স্প্র-ছাড়া ভূলে দেহের আক্বতিধারী এমন একটা অপদার্থ তৈরি হয়েছে যার প্রত্যেক বিভাগের চার দিকে নিষেধের বেড়া : যার ডান-চোথে বা-চোথে, ডান-হাতে বা-হাতে ভাস্থর ভাত্রবৌয়ের সম্পর্ক : যার পারের শিরার রক্ত বুকের কাছে উঠতে গেলেই দাবডানি থেয়ে ফিরে যায়; যার তর্জনীটা কড়ে-আঙুলের সঙ্গে এক পংক্তিতে কাল করতে গেলে প্রায়শ্চিত্তের দায়িক হয়; যার পায়ে তেল-মালিশের দরকার হলে ডান হাত হরতাল করে বদে। এই অত্যন্ত নড়বড়ে পদার্থটা অক্ত পাড়ার দেহটার মতো স্থযোগ স্থবিধা ভোগ করতে পায় না। সে দেখে, অন্ত দেহটা জুতো জামা প'রে লাঠি ছাতা নিয়ে পথে অপথে বুক ফুলিয়ে বেড়ায়। তথন সে ডাবে বে, এ দেহটার মতো জুতো জামা লাঠি ছাত। স্টুলেই আমার দব হু:ধ ঘূচবে। কিছু স্টিক্ডার ভূলের 'পরে নিজের ভূল ষোগ করে দিয়ে সংশোধন চলে না। ছুতো পেলেও তার ছুতো খনে পড়বে, চাতি পেলেও তার ছাতি হাওয়ায় দেবে উড়িয়ে, আর মনের মতো লাঠি যদি সে কোনোমতে জোগাড় করতে পারে অন্ত পাড়ার দেহটি সে লাঠি ছিনিয়ে নিয়ে তার নড়বড়ে জীব-লীলার প্রহসনটাকে হয়তো ট্র্যান্সেডিতে সমাপ্ত করে দিতে পারে। এখানে জুতো

জামা ছাতি লাঠির অভাবটাই সমস্তা নয়, প্রাণপত এক্যের অভাবটাই সমস্তা। কিছ বিধাতার উক্ত দেহরুপী বিজ্ঞপটি হয়তো বলে থাকে যে, অন্ধপ্রত্যন্তের অনৈক্যের কথাটা এখন চাপা থাক্, আপাতত সবার আগে যদি কোনো গতিকে একটা জামা জোগাড় করে নিয়ে সর্বান্ধ ঢাকতে পারি তা হলে সেই জামাটার এক্যে অন্ধ্রত্যন্তের ঐক্য জাপনা-আপনি ঘটে উঠবে। আপনিই ঘটবে এ কথা বলা হচ্ছে নিজেকে ফাঁকি দেওরা। এই ফাঁকি সর্বনেশে; কেননা, নিজক্বত ফাঁকিকে মাহুব ভালোবাসে, তাকে যাচাই করে দেখতেই প্রবৃত্তি হয় না।

यदन चारह, चायात वत्रम यथन जह हिल उथन म्हा विद्यारी शक्नत मरश একটা তর্ক প্রায় শোনা যেত, আমরা কি নেশন না নেশন নই। কথাটা সম্পূর্ণ বুঝতুম তা বলতে পারি নে, কিন্তু আমরা নেশন নই এ কথা যে মাত্র্য বলত রাজা হলে তাকে জেলে দিতুম, সমাজপতি হলে তার ধোবা নাপিত বন্ধ করতুম। তার প্রতি অহিংম্রভাব রক্ষা করা আমার পক্ষে কঠিন হত। তথন এ সম্বন্ধে একটা বাঁধা তর্ক এই ছিল বে, স্থইজবুল্যাণ্ডে তিন ভিন্ন জাত পাশাপাশি রয়েছে তবুও তো তারা এক নেশন, তবে আর কী। গুনে ভাবতুম, যাক, ভয় নেই। কিন্তু মূখে ভয় নেই বললেও আসলে ভয় ঘোচে কই। ফাঁসির আসামীকে তার মোক্তার বখন বলেছিল 'ভয় কী, হুগা বলে ঝুলে পড়ো' তথন সে সান্থনা পায় নি; কেননা হুগা বলতে সে রাজি কিন্তু ঐ ঝুলে পড়াটাতেই আপতি। স্থইজর্ল্যাতের লোকেরাও নেশন আর আমরাও নেশন, এ কথা কেবল তর্কে সাব্যন্ত করে সান্তনাটা কী— ফলের বেলায় দেখি, আমরা ঝুলে পড়েছি আর তারা মাটির উপর থাড়া দাঁড়িয়ে আছে। রাধিকা চালুনিতে করে জল এনে কলকভঞ্জন করেছিলেন। যে হতভাগিনী নারী রাধিকা নয় তারও চালুনিটা আছে, কিছ তার কলছভঞ্জন হয় না, উন্টোই হয়। মৃলে যে প্রভেদ থাকাতে ফলের এই প্রভেদ, সেই কথাটাই ভাববার কথা। স্বইন্দর্ল্যাণ্ডে ভেদ বতগুলোই থাক্, ভেদবৃদ্ধি তো নেই। সেখানে পরস্পরের মধ্যে রক্তবিমিশ্রণে কোনো বাধা নেই ধর্মে বা আচারে বা সংস্থারে। এখানে সে বাধা এত প্রচণ্ড বে, অসবর্ণ বিবাহের আইনগত বিশ্ব দূর করবার প্রস্তাব হবা মাত্র হিন্দুসমাঞ্পতি উদ্বেশে ঘর্মান্ত-কলেবর হয়ে হরতাল করবার ভয় দেখিয়েছিলেন। সকলের চেয়ে গভীর আত্মীয়ভার ধারা নাড়িতে বয়, মূথের কথায় বয় না। য়ারা নিজেদের এক মহাজাত বলে কল্পনা করেন তাঁদের মধ্যে সেই নাড়ির মিলনের পথ ধর্মের শাসনে চিরদিনের জন্তে विन अवक्ष्य थारक, जा इरन जाँरमद मिनन कथरनाई खालाद मिनन हरद ना, इछदार नकरन अक रूप्य थान रमध्या **डाँरमंत्र नरक नरक रू**ड भावर ना । डाँरमंत्र श्रान स्व

এক প্রাণ নর। আমার কোনো বন্ধু ভারতের প্রত্যন্তবিভাগে ছিলেন। দেখানে পাঠান দহ্যরা মাঝে মাঝে হিন্দু লোকালয়ে চড়াও হরে স্থীহরণ করে থাকে। একবার এইরকম ঘটনায় আমার বন্ধু কোনো স্থানীয় হিন্দুকে জিজ্ঞাসা করেছিলেন, সমাজের উপর এমন অত্যাচার তোমরা সহু করো কেন। সে নিভান্ধ উপেক্ষার সঙ্গে বললে, উরো তো বেনিয়াকী লড়্কী। 'বেনিয়াকী লড়্কী' হিন্দু আর বে-ব্যক্তি তার হরণ ব্যাপারে উদাসীন সেও হিন্দু, উভয়ের মধ্যে শাহ্রগত যোগ থাকতে পারে কিন্ধু প্রাণগত বোগ নেই। সেইজন্তে একের আঘাত অল্পের মর্মে গিয়ে বাজে না। জাতীয় ঐক্যের আদিম অর্থ হচ্ছে জন্মগত ঐক্য, তার চরম অর্থও তাই।

যেটা অবান্তব, কোনোমতেই তার উপরে কোনো বড়ো সিদ্ধির পতন করা যায় ना । मारुष यथन मारा भएए जथन जाभनारक जाभनि काँकि मिरा जाभनात काह থেকে কাজ উদ্ধার করবার চেষ্টা করে থাকে। বিভ্রান্ত হয়ে মনে করে, নিজেকে বাম হাতে ফাঁকি দিয়ে ভান হাতে লাভ করা যেতেও পারে। আমাদের রাষ্ট্রীয় ঐক্যসাধনার মূলে একটা মন্ত জাতীয় অবাস্তবতা আছে সে কথা আমরা ভিতরে ভিতরে সবাই জানি, সেইজন্তে সে দিকটাকে আমরা অগোচরে রেখে তার উপরে স্বান্ধাত্যের যে জয়ন্তম্ভ গড়ে তুলতে চাই তার মালমসলাটাকেই খুব প্রচুর করে গোচর করতে ইচ্ছা করি। কাঁচা ভিতকে মালমদলার বাছল্য দিয়ে উপস্থিতমত চাপা দিলেই দে তো পাকা হয়ে ওঠে না। বরঞ্চ একদিন সেই বাছলােরই গুরুভারে ভিতের চুর্বল্তা ভীষণরূপে সপ্রমাণ হয়ে পড়ে। থেলাফতের ঠেকো-দেওয়া সন্ধিবন্ধনের পর আক্ষকের मित्न हिन् मूनलमात्नत विरताथ जात अवि जिब्बल मुद्दोस्छ। मृतल जून थांकरल कार्ता উপায়েই यूर्ण मश्रमाधन श्रुक भारत ना। ध-मन कथा छन्। प्रदेश श्रुक कछ कछ বলে ওঠেন, আমাদের চার দিকে যে বিদেশী তৃতীয় পক্ষ শত্রুরূপে আচে সেই चामारमत्र मरक्षा राज्य परिष्ठ, जाज्याव राज्य चामारमत्र नम्, राज्य जान्हे- हेजिनुर्द আমরা হিন্দু মুসলমান পাশাপালি নির্বিরোধেই ছিলুম, কিন্তু, ইত্যাদি ইত্যাদি।— শাস্ত্রে বলে, কলি শনি ব্যাধি মাহুষের ছিত্র খোঁজে। পাপের ছিত্র পেলেই তারা ভিতরে প্রবেশ করে সর্বনাশের পালা আরম্ভ করে দেয়। বিপদটা বাইরের, আর পাপটা আমার, এই কারণে বিপদের প্রতি ক্রোধ ও পাপের প্রতি মমতা করাই হচ্ছে সকল বিপদের সেরা।

জাহাজের খোলের মধ্যে ফাটল ছিল, বতদিন ঝড় তুকান ছিল না ততদিন সে জাহাজ থেয়া দিয়েছে। মাঝে মাঝে লোনা জল সেঁচতেও হয়েছিল, কিছ লে তু:এটা মনে রাধবার মতো নয়। যেদিন তুফান উঠল সেদিন থোলের ফাটল বেড়ে বেড়ে লাহাজ-ভূবি আসল হয়েছে। কাপ্তেন যদি বলে, যত দোষ ঐ তুফানের, অতএব সকলে মিলে ঐ তুকানটাকে উচ্চৈ: ছরে গাল পাড়ি, আর আমার ফাটলটি বেমন ছিল তেমনই থাৰ, তা হলে ঐ কাপ্তেনের মতো নেতাটি পারে নিয়ে বাবে না, তলায় নিয়ে বাবে। তৃতীয় পক্ষ বদি আমাদের শক্ষপক্ষই হয় তা হলে এই কথাটা মনে রাখতে হবে, তারা তৃষ্টানরণে আমাদের ফাটল যেরামতের কাজে লাগতে আদে নি। তারা ভরংকর বেশে চোধে আঙুল দিয়ে দেবিয়ে দেবে কোন্খানে আমাদের তলা কাঁচা। হুর্বলাত্মাকে বাস্তবের কথাটা তারা ডাইনে বাঁয়ে চাপড় মেরে মেরে শারণ করিয়ে দেবে। বুঝিয়ে দেবে ডাইনের দক্ষে বাঁয়ের যার মিল নেই রসাতলের রান্তা ছাড়া আর সব রান্তাই তার পক্ষে বন্ধ। এক কথায় তারা শিরিষের আঠার চেউ নয়, তারা লবণায়। যতক্ষণ তাদের উপর রাগারাগি করে বৃথা মেজাজ খারাপ ও সময় নষ্ট করছি ততক্ষণ যথাসর্বস্থ দিয়ে ফাটল বন্ধ করার কাজে লাগলে পরিত্রাণের আশা থাকে। বিধাতা যদি আমাদের সঙ্গে কৌতুক করতে চান, বর্তমান তৃতীয় পক্ষের তৃফানটাকে আপাতত দমিয়ে দিতেও পারেন, किन्न प्रकारनत मण्पूर्व वः नामा करत ममुखरक एकावा वानिएय म्हरवन आमारमत মতো ধর্মপ্রাণ হিন্দুরও এতবড়ো আবদার তিনি ভনবেন না। অতএব কাপ্টেনদের কাছে দোহাই পাড়ছি, যেন তাঁরা কঠখরে ঝড়ের গর্জনের দঙ্গে পাল্লা দিতে গিয়ে ফাটল-মেরামতের কথাটা একেবারে চাপা না দেন।

কাপ্তেনরা বলেন, সে দিকে যে আমাদের লক্ষ্ম আছে তার একটা প্রমাণ দেখো যে, যদিও আমরা সনাতনপদী তবু আমরা স্পর্শদোষ সম্বন্ধে দেশের লোকের সংস্কার দূর করতে চাই। আমি বলি, এহ বাহু। স্পর্শদোষ তো আমাদের ভেদবৃদ্ধির একটিমাত্র বাহু লক্ষ্ম। যে সনাতন ভেদবৃদ্ধির বনস্পতি আমাদের পথরোধ করে দাঁড়িয়ে আছে তার থেকে একটি কাঠি ভেঙে নিলেই তো পথ খোলসা হবে না।

আমি পূর্বে অক্সত্র বলেছি, ধর্ম যাদের পূথক করে তাদের মেলবার দরজায় ভিতর দিক থেকে আগল দেওরা। কথাটা পরিছার করে বলবার চেটা করি। সকলেই বলে থাকে, ধর্ম শব্দের মূল অর্থ হচ্ছে যা আমাদের ধারণ করে। অর্থাৎ, আমাদের বে-সকল আশ্রর ক্রব তারা হচ্ছে ধর্মের অধিকারভূক্ত। তাদের সহদ্ধে তর্ক নেই। এই সকল আশ্ররের কোনো পরিবর্তন ঘটে না। এদের সক্ষে ব্যবহারে যদি চক্ষলতা করি, কথায় কথায় যদি মত বদল ও পথ বদল করতে থাকি, তা হলে বাঁচি নে।

কিছ সংসারের এমন একটা বিভাগ আছে যেখানে পরিবর্তন চলছে, যেখানে আকস্মিকের আনাগোনার অন্ধ নেই; সেখানে নৃতন নৃতন অবস্থার সহজে নৃতন করে বারে বারে আপোব-নিশ্তি না করলে আমরা বাঁচি নে। এই নিতাপরিবর্তনের

কেত্রে জনকে অজ্ববের জারগার, অজবকে জবের জারগায় বসাতে গেলে বিশদ चंग्रेटवरे। य माण्यि मास्य शाह निक्फ हानिएय माँ पारक निकरण्य भक्त राष्ट्र अन भाषि प्र जातना, किन्ह जारे वतन जानभाना धरनारक भाषित्र मरधा भूँ रू रमना কল্যাণকর নর। পৃথিবী নিত্য আমাকে ধারণ করে; পৃথিবী ধর্মের মতো ধ্রুব হলেই षामात्र भक्क ভाला, जात्र नफ़हफ़ इटलं शाकलाहे मर्वनाम। षामात्र गाफ़िहाछ षामारक धारण करत ; मार्च धारण व्याभारतीरक यनि अन करत जुनि जा हरन गाफ़ि षामात्र भटक भृषिरी इत्त ना, भिँक्त इत्त । ष्यत्श तृत्य षामात्क भूत्राता गाष्ट्रि বেচতে হয় বা মেরামত করতে হয়, নতুন গাড়ি কিনতে হয় বা ভাড়া করতে হয়, কথনো বা গাড়িতে চুকতে হয়, কথনো বা গাড়ি থেকে বেরোতে হয়, আর গাড়িটা কাৎ হবার ভাব দেখালে তার থেকে লাফিয়ে পড়বার পূর্বে বিধান নেবার জ্ঞে ভাটপাড়ায় সইস পাঠাতে হয় না। ধর্ম যথন বলে 'মুসলমানের সঙ্গে মৈত্রী করো' তথন কোনো তর্ক না করেই কথাটাকে মাধায় করে নেব। ধর্মের এ কথাটা আমার কাছে মহা-সমূত্রের মতোই নিত্য। কিন্তু ধর্ম যখন বলে 'মুসলমানের হোঁওয়া অন্ধ গ্রহণ করবে না' তথন আমাকে প্রশ্ন করতেই হবে; কেন করব না। এ কথাটা আমার কাছে ঘড়ার জলের মতো অনিত্য, তাকে রাখব কি ফেলব সেটার বিচার যুক্তির বারা। যদি বল এসব কথা স্বাধীনবিচারের অতীত, তা হলে শান্তের সমস্ত বিধানের সামনে দাঁড়িয়েই বলতে হবে, বিচারের যোগ্য বিষয়কে যারা নির্বিচারে গ্রহণ করে তাদের প্রতি সেই দেবতার ধিকার আছে ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ— যিনি আমাদের বৃদ্ধির্তি প্রেরণ করেন। তারা পাণ্ডাকে দেবতার চেয়ে বেশি ভয় ও প্রদা করে, এমনি করে তারা দেবপূজার অপমান করতে কৃত্তিত হয় না।

সংসারের যে ক্ষেত্রটা বৃদ্ধির ক্ষেত্র সেধানে বৃদ্ধির যোগেই মাগ্র্যের সজে মাগ্র্যের সত্যমিলন সম্ভবপর। সেধানে অবৃদ্ধির উৎপাত বিষম বাধা। সে যেন মাগ্র্যের বাদার মধ্যে ভৃতৃড়ে কাণ্ড। কেন, কী বৃত্তাস্ত্র, ব'লে ভৃতের কোনো জবাবদিহি নেই। ভৃত বাদা তৈরি করে না, বাদা ভাড়া দেয় না, বাদা ছেড়েও যার না। এতবড়ো জ্বোর তার কিসের। না, সে বান্তব নয়, অপচ আমার ভীক্ষ মন তাকে বান্তব বলে মেনে নিয়েছে। প্রকৃত বান্তব যে বান্তবের নিয়মে সংযত; যদি বা সে বাড়ি-ভাড়া নাও কর্ল করে, অক্তত সরকারি ট্যাক্সো দিয়ে থাকে। অবান্তবকে বান্তব বলে মানলে তাকে জ্বানের কোনো নিয়মে পাওয়া যায় না। সেইজন্তে কেবল বৃক্ তৃর্তৃত্ব করে, গা ছম্ছম্ করে, আর বিনা বিচারে মেনেই চলি। যদি কেউ প্রশ্ন করে 'কেন', জবাব দিতে পারি নে, কেবল পিঠের দিকে বৃড়ো-আঙ্ লটা দেখিয়ে দিয়ে বলি, ঐ যে। তার পরেও যদি

বলে 'কই ষে', তাকে নাছিক বলে তাড়া করে যাই। মনে ডাবি, গোঁয়ারটা বিশদ ঘটালে বৃঝি— ভূতকে অবিখাস করলে যদি সে ঘাড় মটকে দেয়। তবুও যদি প্রশ্ন ওঠে 'কেন' তা হলে উত্তরে বলি, 'আর বেখানেই কেন খাটাও এখানে কেন খাটাতে এলো না বাপু, মানে মানে বিদায় হও— মরবার পরে তোমাকে পোড়াবে কে দে ভাবনাটা ভেবে রেখে দিয়ো।'

চিত্তরাজ্যে যেখানে বৃদ্ধিকে মানি সেখানে আমার হ্বরাজ; সেখানে আমি নিজেকে মানি, অবচ সেই মানার মধ্যে সর্বদেশের ও চিরকালের মানবচিত্তকে মানা আছে। অবৃদ্ধিকে থেখানে মানি সেখানে এমন একটা স্প্রেছাড়া শাসনকে মানি যা না আমার না সর্বমানবের। স্থতরাং সে একটা কারাগার, সেখানে কেবল আমার মতো হাত-পা-বাঁধা এক কারায় অবক্ষম অকালজরাগ্রন্তদের সঙ্গেই আমার মিল আছে, বাইরের কোটি কোটি হাধীন লোকদের সঙ্গে কোনো মিল নেই। বৃহত্তের সঙ্গে এই ভেদ থাকাটাই হচ্ছে বন্ধন। কেননা পূর্বেই বলেছি, ভেদটাই সকল দিক বেকে আমাদের মূল বিপদ ও চরম অমলল। অবৃদ্ধি হচ্ছে ভেদবৃদ্ধি, কেননা চিত্তরাজ্যে সে আমাদের সকল মানবের থেকে পৃথক করে দের, আমরা একটা অভুতের থাঁচায় বসে কয়েকটা শেখানো বৃলি আরুত্তি করে দিন কাটাই।

জীবনষাত্রায় পদে পদেই অবৃদ্ধিকে মানা যাদের চিরকালের অভ্যাস, চিত্রগুপ্তের কোনো একটা হিসাবের ভূলে হঠাৎ তারা স্বরাজ্বের স্থর্গ গেলেও তাদের টেকি-লীলার শাস্তি হবে না, স্বতরাং পরপদপীড়নের তালে তালে তারা মাথা কুটে মরবে, কেবল মাঝে মাঝে পদযুগলের পরিবর্তন হবে এইমাত্র প্রভেদ।

যন্ত্রচালিত বড়ো বড়ো কারথানায় মাহ্যকে পীড়িত ক'রে যন্ত্রবং করে ব'লে আমরা আজকাল সর্বদাই তাকে কটুক্তি করে থাকি। এই উপায়ে পশ্চিমের সভ্যতাকে গাল পাড়ছি জেনে মনে বিশেষ সান্ত্রনা পাই। কারথানায় মাহ্যের এমন পঙ্গুতা কেন ঘটে; যেহেতু সেখানে তার বৃদ্ধিকে ইচ্ছাকে কর্মকে একটা বিশেষ সংকীর্ণ ছাঁচে ঢালা হয়, তার পূর্ণ বিকাশ হতে পারে না। কিন্তু লোহা দিয়ে গড়া কলের কারথানাই একমাত্র কারথানা নর। বিচারহীন বিধান লোহার চেয়ে শক্ত, কলের চেয়ে সংকীর্ণ। যে বিপুল ব্যবস্থাতত্র অতি নির্ভূষ শাসনের বিভীষিকা সর্বদা উত্তত রেথে বহু যুগ ধরে বহু কোটি নরনারীকে যুক্তিহীন ও যুক্তিবিক্ষ আচারের পুনরাবৃত্তি করতে নিয়ত প্রবৃত্ত রেথেছে সেই দেশজোড়া মাহ্যব-পেরা জাঁতাকল কি কল হিসাবে কারও চেয়ে থাটো। বৃদ্ধির স্থাধীনতাকে অপ্রকা করে এতবড়ো স্থ্যম্পূর্ণ স্থবিত্তীর্ণ চিত্তশৃন্ত বক্ত্রকঠোর বিধিনিষেধের কারথানা মান্ত্র্যের রাজ্যে আর কোনোদিন আর কোথাও উন্থাবিত হয়েছে বলে আমি

ভো জানি নে। চটকল থেকে যে পাটের বন্ধা তৈরি হয়ে বেরোয় জড়ভাবে বোঝা গ্রহণ করবার জন্তেই তার ব্যবহার। মানুষ-পেষা কল থেকে ছাঁটাকাটা যেসব জভি-ভালোমান্ত্রৰ পদার্থের উৎপত্তি হয় তারাও কেবল বাহিরের বোঝা বইতেই আছে। একটা বোঝা থালাল হতেই আর-একটা বোঝা তাদের অধিকার করে বলে।

প্রাচীন ভারত একদিন যথন বিধাতার কাছে বর চেয়েছিলেন তথন বলেছিলেন—
স নো বৃদ্ধা গুভয়া সংযুক্ত, য একঃ অবর্ণঃ— যিনি এক, যিনি বর্ণভেদের অতীত,
তিনি আমাদের গুভবৃদ্ধি দারা সংযুক্ত কলন। তথন ভারত ঐক্য চেয়েছিলেন, কিছ
পোলিটিকাল বা সামাজিক কলে-গড়া ঐক্যের বিড়ম্বনা চান নি। বৃদ্ধা গুভয়া,
গুভবৃদ্ধির দারাই মিলতে চেয়েছিলেন— অদ্ধ বগুতার লম্বা শিকলের দারা নয়, বিচারহীন
বিধানের কঠিন কানমলার দারা নয়।

সংসারে আকস্মিকের সঙ্গে মামুষকে সর্বদাই নতুন করে বোঝাপড়া করভেই হয়। আমাদের বৃদ্ধিবৃত্তির দেই কাঞ্চটাই থুব বড়ো কান্ত। আমরা বিশ্বস্থাতে দেখতে পাই. আকস্মিক— বিজ্ঞানে যাকে variation বলে— আচমকা এলে পড়ে। প্রথমটা সে থাকে একঘরে, কিন্তু বিশ্বনিয়ম বিশ্বছন্দের সঙ্গে মিলিয়ে তাকে সবার করে নেন। অর্থচ সে এক নৃতন বৈচিত্ত্যের প্রবর্তন করে। মাহুষের ব্যক্তিগত জীবনে, মাহুষের সমাজে, আকৃষ্মিক প্রায়ই অনাষ্ট্রত এসে পড়ে। তার সঙ্গে যেরকম ব্যবহার করলে এই নৃতন আগদ্ভকটি চার দিকের সঙ্গে স্থসংগত হয়, অর্থাৎ আমাদের বৃদ্ধিকে ফচিকে চারিত্রকে, আমাদের কাণ্ডজ্ঞানকে, পীড়িত অবমানিত না করে, সতর্ক বৃদ্ধি দারাতেই সেটা সাধন করতে হয়। মনে করা যাক, একদা এক ফকির বিশেষ প্রয়োজনে রাম্ভার भायथात भूषि भूँ एक छात्र हागमधात्म दौर्य हाउँ कद्रास्त शिराहितम । हार्षित कास সারা হল, চাগলটারও একটা চরম সক্ষতি হয়ে গেল। উচিত ছিল, এই আকম্মিক খুটিটাকে সর্বকালীনের থাতিরে রাজার মাঝখান থেকে উদ্ধার করা। কিন্তু উদ্ধার করবে কে। অবৃদ্ধি করে না, কেননা তার কাজ হচ্ছে যা আছে তাকেই চোথ বৃদ্ধে শীকার করা; বৃদ্ধিই করে, যা নৃতন এসেছে তার সম্বন্ধে সে বিচারপূর্বক নৃতন ব্যবস্থা করতে পারে। যে দেশে যা আছে তাকেই খীকার করা— যা ছিল তাকেই পুন: পুন: আবৃত্তি করা সনাতন পদ্ধতি, সে দেশে খুঁটিটা শত শত বৎসর ধরে রান্ডার মাঝধানেই রয়ে গেল। অবশেষে একদিন থামকা কোণা থেকে একজন ভক্তিগদ্গদ মাহুষ এসে তার গামে একটু সিঁহুর লেপে তার উপর একটা মন্দির তুলে বসল। তার পর থেকে বছর বছর পঞ্জিকাতে ঘোষণা দেখা গেল, গুরুপক্ষের কার্ডিকসপ্তমীতে যে ব্যক্তি খুটীখরীকে এক সের ছাগত্য ও তিন তোলা রজত দিয়ে পূজা দেয় তার সেই পূজা

ত্তিকোটিক্লম্করেং। এমনি করে অবৃদ্ধির রাজত্বে আকৃত্মিক খুঁটি সমন্তই সনাতন হরে ওঠে, লোকচলাচলের রাতায় চলার চেয়ে বাঁধা পড়ে থাকাটা সহল হরে ওঠে। বাঁরা নিষ্ঠাবান তাঁরা বলেন, আমরা বিধাতার বিশেষ স্বাষ্ট, অন্ত কোনো জাতের সজে আমাদের মেলে না, অতএব রাতা বদ্ধ হলেও আমাদের চলে কিন্তু খুঁটি না থাকলে আমাদের ধর্ম থাকে না। যারা খুঁটীস্বরীকে মানেও না, এমন-কি যারা বিদেশী ভাবুক, তারাও বলে, আহা, একেই তো বলে আধ্যাত্মিকতা— নিজের জীবনযাত্তার সমন্ত স্বযোগ-স্থবিধাই এরা মাটি করতে রাজি, কিন্তু মাটি থেকে একটা খুঁটি এক ইঞ্চি পরিমাণও ওপ্ডাতে চায় না। সেই সকে এও বলে, আমাদের বিশেষত্ব অন্ত রকমের, অতএব আমরা এদের অক্তরণ করতে চাই নে, কিন্তু এরা যেন হাজার খুঁটিতে ধর্মের বেড়াজালে এইরকম বাঁধা হয়ে অত্যন্ত শান্ত সমাহিত হয়ে পড়ে থাকে— কারণ, এটি দ্ব থেকে দেখতে বড়ো স্কর্মা।

সৌন্দর্য নিয়ে তর্ক করতে চাই নে। সেটা ক্ষচির কথা। যেমন ধর্মের নিজের অধিকারে ধর্ম বড়ো, তেমনি স্থন্দরের নিজের অধিকারে স্থন্দর বড়ো। আমার মতো অর্বাচীনেরা বৃদ্ধির অধিকারের দিক থেকে প্রশ্ন করবে, এমনতরো খুঁটি-ক্ষটকিত পথ দিয়ে কথনো স্বাতন্ত্রাসিদ্ধির রথ কি এগোতে পারে। বৃদ্ধির অভিমানে বৃক বেঁধে নব্যতন্ত্রী প্রশ্ন করে বটে, কিন্তু রাত্রে আর ঘূম হয় না। যেহেতৃ গৃহিণীরা স্বস্তায়নের আয়োজন করে বলেন, 'ছেলে-পুলে নিয়ে ঘর, কী জানি কোন্ খুঁটি কোন্ দিন বা দৃষ্টি দেয়। তোমরা চুপ করে থাকো-না। কলিকালে খুঁটি নাড়া দেবার মতো ডানপিটে ছেলের তো অভাব নেই।' তনে আমাদের মতো নিছক আধুনিকদেরও বৃক্ ধৃক্ধৃক্ করতে থাকে, কেননা রক্তের ভিতর থেকে সংস্কারটাকে তো ছেঁকে ফেলতে পারি নে। কাজেই পরের দিন ভোরবেলাতেই এক সেরের বেশি ছাগভ্য় তিন তোলার বেশি রক্তত থরচ করে হাঁফ ছেড়ে বাঁচি।

এই তো গেল আমাদের সবচেরে প্রধান সমস্তা। যে বৃদ্ধির রান্তার কর্মের রান্তার মাথ্য পরস্পরে মিলে সমৃদ্ধির পথে চলতে পারে সেইখানে খুঁটি গেড়ে থাকার সমস্তা; বাদের মধ্যে সর্বদা আনাগোনার পথ সকল রক্মে থোলসা রাখতে হবে তাদের মধ্যে অসংখ্য খুঁটির বেড়া তুলে পরস্পরের ভেদকে বহুধা ও স্থারী করে তোলার সমস্তা; বৃদ্ধির যোগে যেখানে সকলের সন্ধে যুক্ত হতে হবে, অবৃদ্ধির অচল বাধার সেখানে সকলের সলে চিরবিচ্ছিন্ন হবার সমস্তা; খুঁটিরাপিণী ভেদবৃদ্ধির কাছে ভক্তিভরে বিচার-বিবেককে বলিদান করবার সমস্তা! ভাবৃক লোকে এই সমস্তার সামনে দাঁড়িয়ে ছলছল নেত্রে বলেন, আহা, এখানে ভক্তিটাই হল বড়ো কথা এবং স্কল্মর কথা. খুঁটিটা

তো উপলক্ষ্য। আমাদের মতো আধুনিকেরা বলে, এখানে বৃদ্ধিটাই হল বড়ো কথা, স্থান কথা, পুঁটিটাও জল্লাল, ভক্তিটাও জল্লাল। কিন্তু আহা, গৃহিণী যখন অভড-আশহার করজোড়ে গলবন্দ্র হয়ে দেবতার কাছে নিজের ভান হাত বাঁধা রেখে আসেন তার কী অনির্বচনীয় মাধুর্য। আধুনিক বলে, যেখানে ভান হাত উৎসর্গ করা সার্থক, যেখানে ভাতে নেই অন্ধতা, যেখানে তাতে আছে সাহস, সেধানেই তার মাধুর্য; কিন্তু যেখানে অভড-আশহা মৃচ্তা-রূপে দীনতা-রূপে তার কুন্দ্রী কবলে সেই মাধুর্বকে গিলে থাছে ক্ষরের সেধানে পরান্ত— কল্যাণ সেধানে পরাহত।

আমাদের আর-একটি প্রধান সমস্থা হিন্দু মুসলমান সমস্থা। এই সমস্থার সমাধান এত তঃসাধ্য তার কারণ তুই পক্ষই মুখ্যত আপন আপন ধর্মের ঘারাই অচলভাবে আপনাদের সীমানির্দেশ করেছে। সেই ধর্মই তাদের মানববিশ্বকে সাদা কালো ছক কেটে তুই স্কল্পই ভাগে বিভক্ত করেছে— আত্ম ও পর। সংসারে সর্বত্রই আত্মপরের মধ্যে কিছু পরিমাণে যাভাবিক ভেদ আছে। সেই ভেদের পরিমাণটা অভিমাত্র হলেই তাতে অকল্যাণ হয়। বৃশ্ম্যান-জাতীয় লোক পরকে দেখবা মাত্র তাকে নির্বিশেষে বিষবাণ দিয়ে মারে। তার ফল হচ্ছে, পরের সলে সত্য মিলনে মাহুবের যে মহুগ্রত্ব পরিক্ষুট হয় বৃশ্ম্যানের তা হতে পারে নি, সে চূড়ান্ত বর্বরতার মধ্যে আবদ্ধ হয়ে আছে। এই ভেদের মাত্রা যে জাতির মধ্যে অন্তরের দিক থেকে যতই কমে এসেছে সেই জাতি ততই উচ্চশ্রেণীর মহুগ্রত্বে উত্বর্গ হতে পেরেছে। সে জাতি সকলের সঙ্গে যোগে চিন্তার কর্মের চরিত্রের উত্বর্গ সাধন করতে পেরেছে।

হিন্দু নিজেকে ধর্মপ্রাণ বলে পরিচয় দেয়, মুসলমানও তাই দেয়। অর্থাৎ ধর্মের বাহিরে উভয়েরই জীবনের অতি অক্স অংশই অবশিষ্ট থাকে। এই কারণে এরা নিজ নিজ ধর্ম ছারাই পরস্পরকে ও জগতের অভ্য সকলকে যথাসম্ভব দূরে ঠেকিয়ে রাখে। এই-যে দূরত্বের ভেদ এরা নিজেদের চারি দিকে অত্যম্ভ মজবুৎ করে গোঁথে রেথেছে, এতে করে সকল মাম্বের সঙ্গে সত্যায়োগে মন্ত্রজ্বের যে প্রসার হয় তা এদের মধ্যে বাধাপ্রস্ত হয়েছে। ধর্মগত ভেদবৃদ্ধি সত্যের অসীম স্বরূপ থেকে এদের সংকীর্ণভাবে বিচ্ছিয় করে রেখেছে। এইজভ্যেই মাম্বের সঙ্গে ব্যবহারে নিত্যসত্যের চেয়ে বাজ্বিধান ক্লুত্রিশ্রথা এদের মধ্যে এত প্রবল হয়ে উঠেছে।

পূর্বেই বলেছি, মানবজগৎ এই ছুই সম্প্রদায়ের ধর্মের ধারাই আত্ম ও পর এই ছুই ভাগে অতিমাত্রায় বিভক্ত হয়েছে। সেই পর চিরকালই পর হয়ে থাক্ হিন্দুর এই ব্যবস্থা; সেই পর, সেই ক্লেছ বা অস্ত্যুজ কোনো ফাঁকে তার ঘরের মধ্যে এসে চুকে না পড়ে এই তার ইচ্ছা। মুসলমানের তরকে ঠিক এর উল্টো। ধর্মগণ্ডীর বহির্বর্তী পরকে পে খ্ব তীব্রভাবেই পর বজে জানে; কিন্তু সেই শরকে, সেই কাফেরকে বরাবরকার মতো ঘরে টেনে এনে আটক করতে পারলেই দে খুলি। এবের শাস্ত্রে কোনো একটা খুঁটে-বের-করা শ্লোফ কী বলে দেটা কাজের কথা নর, কিন্তু লোক-ব্যবহারে এনের এক পক্ষ শত বৎসর ধরে ধর্মকে আপন তুর্গম হুর্গ করে শরকে মুক্রে ঠেকিয়ে আত্মগত হয়ে আছে, আর অপর পক্ষ ধর্মকে আপন ব্যহ বানিয়ে শরকে আক্রমণ করে তাকে ছিনিয়ে এনেছে। এতে করে এদের মনঃপ্রকৃতি তৃইরকম হাঁদের ভেদবৃদ্ধিতে একেবারে পাকা হরে গেছে। বিধির বিধানে এমন হুই দল ভারতবর্ষে পালাপাশি দাঁভিরে প্রধান স্থান অধিকার করে নিয়েছে— আত্মীয়তার দিক বেকে মুনলমান হিনুকে চার না, তাকে কাফের বলে ঠেকিয়ে রাখে।

একটা জারপার দুই পক্ষ কলে কলে মেলবার চেষ্টা করে, সে হচ্ছে তৃতীয় পক্ষের বিদৰে। निवर्शक्तत्र इড়ाটা यमि আজ मन्तुर्ग পাওয়া যেত তা হলে দেখা যেত, ঐ ৰে প্ৰথমা কন্তাটি বাঁধেন বাড়েন অথচ থেতে পান না, আর দেই যে তৃতীয়া কন্তাটি ना त्थरत्र वात्पत्र वाष्ट्रि बान, व्यवह पेखरत्रत्र मार्था वक्ठी निक्क हिम- त्न इत्ह्र के मधामा ক্সাটির বিরুদ্ধে। কিন্তু বেদিন মধ্যমা কন্তা বাপের বাডি চলে যেত সেদিন অবশিষ্ট ছুই সভিন এই ছুই শোলিটিকাল allyদের মধ্যে চুলোচুলি বেধে উঠত। পদায় ৰভের সময়ে দেখেছি কাক ফিঙে উভয়েই চরের মাটির উপর চঞ্চু আটকাবার চেটায় একেবারে গায়ে গায়ে হয়ে পাথা ঝট্পট্ করেছে। তাদের এই সাযুদ্ধ্য দেখে তাড়াতাড়ি মুগ্ধ হবার দরকার নেই। ঝড়ের সময় যতকণ এদের সন্ধি স্থায়ী হয়েছে তার চেয়ে वक्लीर्वकान अवा भवन्भवरक र्काक्व स्मारव अस्माह । वाश्मारमान चरमणी-व्याप्नामान হিন্দুর সলে ম্সলমান মেলে নি। কেননা, বাংলার অথও অলকে ব্যল করার ছঃখটা जारनव कारह राखर हिल ना। आक अनरकात-आस्नामरन हिमूत मरल मूनलमान বোপ দিয়েছে, তার কারণ কম-নামাজ্যের অথও অন্ধক ব্যক্ষীকরণের চংগটা তানের কাছে বাতব। এমনতরো মিলনের উপলক্ষ্টা কথনোই চিরস্থায়ী হতে পারে না। আমরা সত্যতঃ মিলি নি; আমরা একদল পূর্বমূথ হয়ে, অস্তদল পশ্চিমমূথ হয়ে কিছুক্ষণ পাশাপাশি পাথা ঝাপটেছি। আজ সেই পাথার ঝাপট বন্ধ হল, এখন উভয় শক্ষের हकू धक बाहि कामर्फ मा खरक नजन्मरत्रत्र अिम्रस मरवरंग विकिश्व शरह । ৰাষ্ট্ৰনৈতিক অধিনেতারা চিভা করছেন, আবার কী দিয়ে এদের চৰুত্টোকে ভূলিয়ে রাধা বায়। আদল ভূলটা রয়েছে অন্থিতে মক্ষাতে, তাকে ভোলাবার চেটা করে ভাঙা যাবে না। কমল চাপা দিয়ে যে মনে ভাবে বরস্টাকে গরম করে ভোলা গেল, সে একদিন দেবতে পায় ভাতে করে তার শৈত্যটাকে স্থায়ী করা গেছে।

হিশ্তে মৃদলমানে কেবল যে এই ধর্মসত ভেদ তা নয়, তালের উভরের মধ্যে একটা দামাজিক শক্তির অসমককতা ঘটেছে। মুসলমানের ধর্মসমাজের চিরাগত নিয়মের জোরেই তার আপনার মধ্যে একটা নিবিড় ঐক্য জমে উঠেছে, আর হিন্দুর ধর্মসমাজের স্নাত্ন অমুশাসনের প্রভাবেই তার আপনার মধ্যে একটা প্রবল অনৈক্য ব্যাপ্ত হয়ে পড়েছে। এর ফল এই যে, কোনো বিশেষ প্রয়োজন না ধাকলেও হিন্দু নিজেকেই मार्दि, चाद প্রয়োজন থাকলেও हिन्सू चल्लक मान्नर्छ शास्त्र ना। चात्र मूनलमान क्लामा विराप প্रয়োজন ना घটकाও निष्मारक मृह्छारत बच्चा करत, जात्र প্রয়োজন ঘটলে অক্তকে বেদম মার দিতে পারে। তার কারণ এ নয়, মুদলমানের গায়ে জোর আছে, হিন্দুর নেই; তার আসল কারণ, তাদের সমাজের জোর আছে, হিন্দুর নেই। এক দল আভ্যন্তরিক বলে বলী, জার-এক দল আভ্যন্তরিক হুর্বলভার নির্জীব। এবের মধ্যে সমকক্ষভাবে আপোষ ঘটবে কী করে। অত্যন্ত চুর্যোগের মুখে ক্ষণকালের জন্তে তা সম্ভব, কিন্তু বেদিন অধিকারের ভাগ-বাটোয়ারার সময় উপস্থিত হয় দেদিন সিংহের ভাগটা বিসদৃশরকম বড়ো হয়ে ওঠে, তার কারণটা তার থাবার মধ্যে। গত মুরোপীয় মুদ্ধে যথন সমস্ত ইংরেজ জাতের মুখলী পাংশুবর্ণ হয়ে উঠেছিল, তথন আমাদের মতো ক্ষীণপ্রাণ জাতকেও তারা আদর করে সহায়তার জন্তে ভেকেছিল। শুধু তাই নয়, ঘোর বিষয়ী লোকেরও যেমন শ্রশানবৈরাগ্যে কিছুক্ষণের জন্মে নিকাম বিশ্বপ্রেম জন্মার, তেমনি যুদ্ধশেষের কয়েক দণ্ড পরেও রক্ত-আহতি-যজ্ঞে তাদের সহযোগী ভারতীয়দের প্রতি তাদের মনে দাক্ষিণ্যেরও সঞ্চার হয়েছিল। মুদ্ধের शक्कां के अन नवस श्रम, बाद जाद श्रदा श्रम मिन कानियान-वार्श मानवनीना, बाद তার পরে এল কেনিয়ায় সাম্রাজ্যের সিংহদ্বারে ভারতীয়দের জ্বন্তে অর্ধচন্দ্রের ব্যবস্থা। রাগ করি বটে, কিন্তু সত্য সমকক না হয়ে উঠলে সমককের ব্যবহার পাওয়া যায় না ৷ এই কারণেই মহাত্মান্তি খুব একটা ঠেলা দিয়ে প্রজাপকের শক্তিটাকে রাজপকের অত্বভবযোগ্য করে তোলবার চেষ্টা করেছেন। উভয় পক্ষের মধ্যে আপোষনিপত্তিই তাঁর লক্ষ্য ছিল। এই আপোষনিষ্পত্তি সবল-তুর্বলের একান্ত ভেদ থাকলে হতেই পারে না। আমরা যদি ধর্মবলে রাজার সিংহাসনে ভূমিকপ ঘটাতে পারতুম, তা হলে রাজার বাহবন একটা ভালোরকম রদা করবার জন্তে আপনিই আমানের ডাক পাড়ত। ভারতবর্ষে হিন্দুতে মুসলমানে প্রতিনিয়তই পরম্পার রফানিম্পান্তির কারণ ঘটবে। অসমকৃষ্ণতা থাকলে সে নিষ্পত্তি নিয়তই বিপত্তির আকার ধারণ করবে। ঝরনার জল পানের অধিকার নিয়ে একদা বাঘ ও মেষের মধ্যে একটা আপোষের কন্দারেন্স্

বসেছিল। ঈশপের কথামালায় তার ইতিহাস আছে। উপসংহারে প্রবিশতর চতুপানটি তর্কের বিষয়টাকে কিরকম অত্যন্ত সরল করে এনেছিল সে কথা সকলেরই জানা আছে। ভারতবর্ষের কল্যাণ যদি চাই তা হলে হিন্দু-মুসলমানে কেবল বে মিলিত হতে হবে তা নয়, সমকক্ষ হতে হবে। সেই সমকক্ষতা তাল-ঠোকা পালোয়ানির ব্যক্তিগত সমকক্ষতা নয়, উভয়পক্ষের সামাজিক শক্তির সমকক্ষতা।

মালাবারে মোপলাতে-হিন্দুতে যে কুৎসিত কাও ঘটেছিল সেটা ঘটেছিল থিলাফংসংক্রে হিন্দু-মূসলমানের সন্ধির ভরা জোয়ারের মুখেই। যে ছই পক্ষে বিরোধ তারা
স্থানিবলাল থেকেই ধর্মের ব্যবহারকে নিত্যধর্মনীতির বিরুদ্ধে প্রয়োগ করে এসেছে।
নপুন্তি রান্ধানের ধর্ম মূসলমানকে ঘুণা করেছে, মোপলা মূসলমানের ধর্ম নখুন্তি রান্ধাকে
অবজ্ঞা করেছে। আজ এই ছই পক্ষের কন্ত্রেসমঞ্চ-ঘটিত ল্রাভ্ডাবের জীর্ণ মসলার
হারা তাড়াতাড়ি অল্প কয়েক দিনের মধ্যে খুব মজবুৎ কয়ে পোলিটকাল সেতৃ বানাবার
চেন্তা বুণা। অপচ আমরা বারবারই বলে আসন্ধি, আমাদের সনাতন ধর্ম যেমন আছে
তেমনিই থাক্, আমরা অবাত্তবকে দিয়েই বান্ধব ফল লাভ করব, তার পরে ফললাভ
হলে আপনিই সমস্ত গলদ সংশোধন হয়ে যাবে। বাজিমাৎ কয়ে দিয়ে তার পরে
চালের কথা ভাবব; আগে স্বরাট হব, তার পরে মানুষ হব।

মালাবার-উৎপাত সহকে এই তো গেল প্রথম কথা। তার পরে বিতীয় কথা হচ্ছে হিন্-ম্পলমানের অসমকক্ষতা। ডাক্তার মৃঞ্জে এই উপদ্রবের বিবরণ আলোচনা করে দক্ষিণের হিন্দুসমাঞ্জ্ঞ শঙ্কাচার্যের কাছে একটি রিপোর্ট্ পাঠিয়েছেন; তাতে বলেছেন:

The Hindus of Malabar are generally speaking mild and dooile and have come to entertain such a mortal fear of the Moplas that the moment any such trouble arises, the only way of escape the Hindus can think of, is to run for life leaving their children and womenfolk behind, to take care of themselves as best as they could, thinking perhaps honestly that if the Moplas attack them without any previous molestation, God, the Almighty and the Omniscient, is there to teach them a lesson and even to take a revenge on their behalf.

ভাক্তার মুঞ্জের এ কথাটির মানে হচ্ছে এই যে, হিন্দু ঐহিককে ঐহিকের নিয়মে ব্যবহার করতে অভ্যাস করে নি, সে নিত্যে অনিত্যে থিচুড়ি পাকিয়ে বৃদ্ধিটাকে দিয়েছে জলে। বৃদ্ধির জায়গায় বিধি, এবং আত্মশক্তির জায়গায় ভগবানকে দাঁড় করিয়ে দিয়ে এরা আত্মাবমাননায় বয়ং ভগবানের অবমাননা করে বলেই ছঃথ পায়, সে কথা মনের জড়ছবশতই বোঝে না।

ভাক্তার মৃধ্রের বিপোর্টের আর-একটা অংশে তিনি বলছেন, জাট শো বংসর আগে মালাবারের হিন্দুরাজা রাজ্ঞ্ঞ্যাদের পরামর্শে তাঁর রাজ্যে আরবদের বাসন্থানের জন্তে বিশেষভাবে স্থবিধা করে দিয়েছিলেন। এমন-কি হিন্দুদের মৃসলমান করবার কাজে তিনি আরবদের এতদুর প্রশ্রের দিয়েছিলেন ষে, তাঁর আইন-মতে প্রত্যেক জেলেপরিবার থেকে একজন হিন্দুকে মৃসলমান হতেই হত। এর প্রধান কারণ, ধর্মপ্রাণ রাজ্য ও তাঁর মন্ত্রীরা সম্ভ্রযাত্রা ধর্মবিরুদ্ধ বলেই মেনে নিয়েছিলেন; তাই মালাবারের সম্ভ্রতীরবর্তী রাজ্যরক্ষার ভার সেই সকল মৃসলমানের হাতেই ছিল, সম্ভ্রযাত্রার বৈধতা সম্ভ্রের বান্যার বৃদ্ধিকে মানত, মহুকে মানত না। বৃদ্ধিকে না মেনে অবৃদ্ধিকে মানাই যাদের ধর্ম রাজাসনে বনেও তারা স্বাধীন হয় না। তারা কর্মের মধ্যাঙ্কালকেও স্থির নিশীথরাত্রি বানিয়ে তোলে। এই জন্তেই তাদের

ঠিক ত্প্প'র বেলা ভূতে মারে ঢেলা।

মালাবারের রাজা একদা নিজে রাজার ম্থোষ-মাত্র প'রে অব্দিকে রাজাসন ছেড়ে দিয়েছিলেন। সেই অবৃদ্ধি মালাবারের হিন্দৃসিংহাসনে এখনো রাজা আছে। তাই হিন্দৃ এখনো মার খায় আর উপরের দিকে তাকিয়ে বলে, ভগবান আছেন। সমস্ত ভারতবর্ষ জুড়ে আমরা অবৃদ্ধিকে রাজা করে দিয়ে তার কাছে হাত জোড় করে আছি। সেই অবৃদ্ধির রাজস্বকে— সেই বিধাতার বিধিবিক্ষম্ব ভয়ংকর ফাঁকটাকে কখনো পাঠান, কখনো মোগল, কখনো ইংরেজ এসে পূর্ণ করে বসছে। বাইরে থেকে এদের মারটাকেই দেখতে পাচ্ছি, কিন্তু এরা হল উপলক্ষ্য। এরা এক-একটা ঢেলামাত্র, এরা ভূত নয়। আমরা মধ্যাহ্নকালের আলোতেও বৃদ্ধির চোথ বৃদ্ধিয়ে দিয়ে অবৃদ্ধির ভূতকে ডেকে এনেছি, সমস্ত তারই কর্ম। তাই ঠিক তৃপ্প'র বেলায় যথন জাগ্রত বিশ্বসংসার চিন্তা করছে, কাজ করছে, তখন পিছন দিক থেকে কেবল আমাদেরই পিঠের উপর—

ঠিক তৃপ্প'র বেলা ভূতে মারে ঢেলা।

আমাদের লড়াই ভূতের দক্ষে, আমাদের লড়াই অবৃদ্ধির দক্ষে, আমাদের লড়াই অবান্ধবের দক্ষে। সেই আমাদের চারি দিকে ভেদ এনেছে, সেই আমাদের কাঁধের উপর পরবশতাকে চড়িয়ে দিয়েছে— দেই আমাদের এতদূর অন্ধ করে দিয়েছে যে যখন চীৎকারশব্দে ঢেলাকে গাল পেড়ে গলা ভাঙছি তথন সেই ভূতটাকে পরমান্ধীয় পরমারাধ্য বলে তাকেই আমাদের সমন্ত বান্ধভিটে দেবত করে ছেড়ে দিয়েছি। ঢেলার দিকে তাকালে আমাদের পরিত্রাণের আশা থাকে না; কেননা জগতে ঢেলা অসংখ্য,

তেলা পথে ঘাটে, তেলা একটা কুরোলে হাজারটা আসে— কিন্তু ভূত একটা। সেই ভূতটাকে ঝেড়ে ফেলতে পারলে তেলাগুলো পায়ে পড়ে খাকে, গায়ে পড়ে না। ভারত-বর্ষের সেই পুরাতন প্রার্থনাকে আজ আবার সমন্ত প্রাণমন দিয়ে উচ্চারণ করবার সময় এসেছে, শুধু কণ্ঠ দিয়ে নয়, চিন্তা দিয়ে, কর্ম দিয়ে, শ্রহা দিয়ে, পরস্পরের প্রতি ব্যবহার দিয়ে: য এক: অবর্গ:, যিনি এক এবং সকল বর্ণভেদের অতীত, স নো বৃদ্যা শুভয়া সংযুক্ত, তিনিই আমাদের শুভবৃদ্ধি দিয়ে পরস্পর সংযুক্ত কর্মন।

1000

## সমাধান

সমস্থার দিকে কেউ যদি অঙ্গুলি নির্দেশ করে অমনি দেশের রুতী অরুতী সকলে সেই ব্যক্তিকেই সমাধানের জন্ত দায়িক করে জবাব চেয়ে বদে। তারা বলে, আমরা তো একটা তবু যা হোক কিছু সমাধানে লেপেছি, তুমিও এমনি একটা সমাধান থাড়া করো, দেখা যাক ভোমারই বা কত বড়ো যোগ্যতা।

আমি জানি, কোনো ঔষধসত্তে এক বিলাতি ভাজার ছিলেন। তাঁর কাছে এক বৃদ্ধ এনে কঙ্কণ খবে যেমনি বলেছে 'জ্বর' অমনি তিনি বাস্ত হয়ে তথনি তাকে একটা অত্যম্ভ তিতো জরত্ব রস গিলিয়ে দিলেন, সে লোকটা হাঁপিয়ে উঠল কিছু আপত্তি করবার সময় মাত্র পেল না। সেই সংকটের সময়ে আমি যদি ভাজারকে বাধা দিয়ে বলতুম, জর ওর নয়, জর ওর মেয়ের, তা হলে কি ভাজার রেগে আমাকে বলতে পারতেন যে, তবে তুমিই চিকিৎসা করোনা: আমি তো তব্ যা হয় একটা-কোনো ওমুধ যাকে হয় একজনকে থাইরেছি, তুমি তো কেবল ফাঁকা সমালোচনাই করলে। আমার এইটুকু মাত্র বলবার কথা যে, আসল সমস্তাটা হচ্ছে, বাপের জর নয়, মেয়ের জর, অতএব বাপকে ওমুধ থাওয়ালে এ সমস্তার সমাধান হবে না।

কিন্তু বর্তমান ক্ষেত্রে স্থবিধার কথাটা এই যে, আমি যেটাকে সম্ভা বলে নির্ণয় করছি, সে আপন সমাধানের ইদিত আপনিই প্রকাশ করছে। অবৃদ্ধির প্রভাবে আমরা পরস্পরবিচ্ছিল— শুধু বিচ্ছিল্ল নই, পরস্পরের প্রতি বিক্লম ; অবৃদ্ধির প্রভাবে বাতব জগৎকে বাত্তবভাবে প্রহণ করতে পারি নে বলেই জীবনযাত্রায় আমরা প্রতিনিয়ত পরাহত ; অবৃদ্ধির প্রভাবে স্ববৃদ্ধির প্রতি আছা হারিয়ে আন্তরিক শাধীনতার উৎসমুখে আমরা দেশজোড়া পরবশতাত্র পাণার চাপিলে বসেছি। এইটেই যখন আমাদের সম্ভা তথন এর সমাধান শিক্ষা ছাড়া আর কিছুই হতে পারে না।

वाक्यकान वामका धरे धक्छ। वृति श्रद्धि, व्यव यथन वाक्षन त्नरगर्छ उथन निक्-দীকা সব ফেলে ক্লেখে দৰ্বাত্তে আগুন নেবাতে কোমর বেঁধে দীড়ানো চাই, অভএৰ সকলকেই চরকায় ব্রতো কাটতে হবে। আগুন লাগলে ক্ষাপ্তন নেবানো চাই এ কণাটা चायांव मह्जा माल्रस्य कार्ह्स पूर्वाथ नया ध्व महश् कुक्क वाशांव इत्छ कार्मी আঞ্জন সেইটে স্থির করা, তার পরে স্থির করতে হবে কোন্টা জল। ছাইটাকেই আমরা বদি আঞ্চন বলি তা হলে ত্রিশ কোটি ভাঙাকুলো লাগিমেও দে আগুন নেবাডে শারব না। নিজের চরকার হতো, নিজের তাঁতের কাপড় আমরা যে ব্যবহার করতে পারছি নে সেটা আঞ্চন নয়, সেটা ছাইয়ের একটা অংশ অর্থাৎ আগুনের চরম ফল। নিজের জাঁত চালাতে থাকলেও এ আগুন জনতে থাকবে। বিদেশী আমাদের বাজা এটাও আগুন নয়, এটা ছাই; বিদেশীকে বিদায় করলেও আগুন জলবে— এমন-कि चरमनी दावा रूटा इश्वेषरूटन निवृष्ठि रूटव ना। असन नम् त्य, र्हा पाछन लाराह, रठा९ निविद्य स्मान । शामात्र वहत्वत्र ऐश्वकाम त्य आश्वन तम्मेटात्क राष्ट्र মানে জালাচ্ছে, আজ বহন্তে হতো কেটে কাপড় বুনলেই সে আগুন ছ দিনে বশ মানবে এ কথা মেনে নিতে পারি নে। আত্র হুশো-বছর আগে চরকা চলেছিল, ডাঁতও বন্ধ হয় নি, সেই সলে আগুনও দাউ-দাউ করে অসচিল। সেই আগুনের আসানি-কাঠটা হচ্ছে ধর্মে কর্মে অবৃদ্ধির অন্ধতা।

যেথানে বর্বর অবস্থার মাথ্য ছাড়া-ছাড়া হয়ে থাকে সেখানে বনে জগলে ফলমূল থেয়ে চলে, কিন্তু যেখানে বহু লোকের সমাবেশে সভ্যতার বিচিত্র উত্থম প্রকাশ পেতে চায় সেখানে ব্যাপক ক্ষেত্র জুড়ে বেশ ভালোরকম করে চায় করা অত্যাবত্যক হয়ে ওঠে। সকল বড়ো সভ্যতারই অরক্ষপের আশ্রয় হছে ক্লমিক্ষত্র। কিন্তু সভ্যতার একটা বৃদ্ধিরূপ আছে, সে তো অরের চেয়ে বড়ো বই ছোটো ময়। ব্যাপকভাবে সর্বনাধারণের মনের ক্ষেত্র কর্ষণ করে বিচিত্র ও বিস্তীর্ণ -ভাবে বৃদ্ধিকে ফলিয়ে ভূলতে পারলে তবেই সে সভ্যতা মনথী হয়। কিন্তু যেখানে অধিকাণে লোক মূচতার আরিই হয়ে অরুপ্রার্হিত স্পৎকারের নামা বিদ্বীবিকার সর্বরা তার হয়ে গুল্ধ-পুরোহিত স্পৎকারের দরক্ষায় অহরহ ছুটোছুটি করে মরছে সেখানে এমন কোনো সর্বক্ষাম স্বাধীনতামূলক রাপ্তিক বা সামাজিক ব্যবস্থাতন্ত্র ঘটতেই পারে না যার সাহায্যে অধিকাণ্য মাত্র মিক্রের অধিকাণ্য লায্য প্রাপ্য পেতে পারে। আক্রালকার দিনে আমরা সেই রাষ্ট্রনীভিকেই ক্রের বলি যায় ভিতর দিয়ে সর্বজনের স্বাধীন বৃদ্ধি স্বাধীন শক্তি নিজেকে প্রকাশ করবার উপায় পার। কোনো দেশেই আজ পর্যন্ত ভার সম্পূর্ণ আদর্শ দেখি নি। কিন্তু আধৃনিক মুরোপে আরেরিকায় এই আদর্শের অভিমূধ্য প্রয়ান দেখতে পাই। এই আধুনিক মুরোপে আরেরিকায় এই আদর্শের অভিমূধ্য প্রয়ান দেখতে পাই। এই

প্রয়াস কথন থেকে পাশ্চাড্য দেশে বললাভ করেছে। যথন থেকে সেখানে জ্ঞান ও मिक - नाधनात्र देवळानिक मृष्टि वहनभित्रमाण नर्वनाथात्रणत्र मध्या वार्थ इत्याह । यथन থেকে দংসারযাত্রার ক্ষেত্রে মাহুষ নিজের বৃদ্ধিকে স্বীকার করতে সাহস করেছে। তখন থেকেই জনসাধারণ রাজা গুরু জড়প্রথা ও অন্ধনংকারগত শান্তবিধির বিষম চাপ কাটিয়ে উঠে মৃক্তির সর্বপ্রকার বাধা আপন বৃদ্ধির যোগে দুর করতে চেষ্টা করেছে। আছ বাধ্যতা বারা চালিত হ্বার চিরাভ্যাস নিয়ে মুক্তির বিপুল দায়িত্ব কোনো জাতি কথনো ভালো করে বুঝতেই পারবে না, বহন করা তো দূরের কথা। হঠাৎ এক সময়ে যাঁকে তারা অলোকিক শক্তিসম্পন্ন বলে বিশাস করে তাঁর বাণীকে দৈববাণী বলে জেনে তারা ক্ষণকালের জন্মে একটা দুঃসাধ্য সাধনও করতে পারে, অর্থাৎ যে আত্মশক্তি তাদের নিজের মধ্যে থাকা উচিত ছিল সেইটাকে বাইরে কোথাও খাড়া করে কোনো-এক সময়ে কোনো-একটা কান্ধ তারা মরিয়া হয়ে চালিয়ে निष्ठ भारत । निष्ठा वावशास्त्रत अस्य य आधन जामावात कामणे जाएन निष्मत বুদ্ধির হাতেই থাকা উচিত ছিল কোনো একদিন সেই কান্সটা কোনো অগ্নিগিরির আক্ষিক উচ্ছাদের সহায়তায় তারা সাধন করে নিতে পারে। কিন্তু কচিৎ-বিশ্চুরিত অগ্নিপিরির উপরেই যাদের ঘরের আলো জালাবার ভার, নিজেদের বৃদ্ধিশক্তির উপর নয়, মুক্তির নিত্যোৎসবে তাদের প্রদীপ জ্বলবে না এ বিষয়ে সন্দেহমাত্র নেই। অতএব যে শিক্ষার চর্চায় তারা আগুন নিব্দে জালাতে পারে, নিব্দে জালানো অসাধ্য নয় এই ভরসা লাভ করতে পারে, সেই শিক্ষা পাওয়াই ঘরের অন্ধকার দূর হওয়ার একমাত্র সহপায়।

এমন লোককে জানা আছে যে মাহ্য জন্ম-বেকার, মজ্জাগত অবসাদে কাজে তার গা লাগে না। পৈতৃক সম্পত্তি তার পক্ষে পরম বিপত্তি, তাও প্রার উজাড় হয়ে এল। অর্থ না হলে তার চলে না, কিন্ধ উপার্জনের ঘারা অর্থসঞ্চয়ের পথ এত দীর্ঘ, এত বন্ধুর যে, সে পথের সামনে বসে বসে পথটাকে ব্রন্থ করবার দৈব উপায়-চিন্তায় আধ-বোজা চোথে সর্বদা নিযুক্ত; তাতে কেবল তার চিন্তাই বেড়ে চলেছে, পথ কমছে না। এমন সময় সা্যাসী এসে বললে, তিন মাসের মধ্যেই সহজ উপায়ে তোমাকে লক্ষপতি করে দিতে পারি। এক মৃহর্তে তার জড়তা ছুটে গেল। সেই তিনটে মাস সন্যাসীর কথামত সে হৃঃসাধ্য সাধন করতে লাগল। এই জড়পদার্থের মধ্যে সহসা এতটা প্রচুর উত্তম দেখে সকলেই সন্যাসীর অলোকিক শক্তিতে বিশ্বিত হয়ে গেল। কেউ বৃশ্বলে না. এটা সন্যাসীর শক্তির লক্ষণ নয়, ঐ মাহ্যযটারই অশক্তির লক্ষণ। আত্মশক্তির পথে চলতে যে বৃদ্ধি যে অধ্যবসায়ের প্রয়োজন, যে মাহ্যযের তা নেই তাকে অলোকিক-

শক্তি-পথের আভাস দেবা মাত্রই সে তার জড়শব্যা থেকে লাফ দিয়ে ওঠে। তা না হলে আমাদের দেশে এত তাগাতাবিজ বিক্রি হবে কেন। বারা রোগ তাপ বিপদ আপদ থেকে রক্ষা পাবার বৃদ্ধিসংগত উপায়ের 'পরে মানসিক জড়ছ-বশত আহা রাথে না, তাগাতাবিজ বন্তায়ন তন্ত্র মন্ত্র মানতে তারা প্রভূত ত্যাগ এবং অজন্ত্র সময় ও চেষ্টা ব্যয় করতে কৃষ্টিত হয় না। একথা ভূলে যায় যে, এই তাগাতাবিজ-এন্ডদেরই রোগতাপ-বিপদ-আপদের অবসান দেবতা বা অপদেবতা কারো ক্লপাতেই ঘটে না, এই তাগাতাবিজ-গ্রন্ডদেরই হরে অকল্যাণের উৎস শতধারায় চিরদিন উৎসারিত।

যে দেশে বসস্তরোগের কারণটা লোকে বৃদ্ধির ছারা জেনেছে এবং সে কারণটা বৃদ্ধির ছারা নিবারণ করেছে সে দেশে বসস্ত মারীক্ষপ ত্যাগ করে দৌড় মেরেছে। আর যে দেশের মান্ত্র মা-শীতলাকে বসস্তের কারণ বলে চোথ বৃজ্ঞে ঠিক করে বসে থাকে সে দেশে মা-শীতলাও থেকে যান, বসস্তও যাবার নাম করে না। সেখানে মা-শীতলা হচ্ছেন মানসিক পরবশতার একটি প্রতীক, বৃদ্ধির গুরাঞ্চ্যুতির কদর্য লক্ষণ।

আমার কথার একটা মন্ত জবাব আছে। সে হচ্ছে এই যে, দেশের এক দল লোক তো বিছালিকা করেছে। তারা তো পরীকা পাস করবার বেলায় জাগতিক নিয়মের নিত্যতা অমোঘতা সম্বন্ধে ব্যাকরণবিশুদ্ধ ইংরেজি ভাষায় সাক্ষ্য দিয়ে ডিগ্রি নিয়ে আসে। কিন্তু আমাদের দেশে এই ডিগ্রিধারীদেরই ব্যবহারে কি আত্মবৃদ্ধির 'পরে, বিশ্ববিধির 'পরে বিশ্বাস সপ্রমাণ হচ্ছে? তারাও কি বৃদ্ধির অন্ধতায় সংসারে সকল রক্মেরই দৈন্ত বিস্তার করে না।

স্বীকার করতেই হয়, তাদের অনেকের মধ্যেই বৃদ্ধিমৃক্তির জোর বড়ো বেশি দেখতে পাই নে; তারাও উচ্ছৃ অলভাবে যা-তা মেনে নিতে প্রস্তত ; অন্ধভক্তিতে অভুত পথে অকন্মাৎ চালিত হতে তারা উন্মৃথ হয়ে আছে ; আধিজোতিক ব্যাপারের আধিদৈবিক ব্যাখ্যা করতে তাদের কিছুমাত্র সংকোচ নেই; তারাও নিজের বৃদ্ধিবিচারের দায়িত্ব পরের হাতে সমর্পন করতে লক্ষা বোধ করে না, আরাম বোধ করে।

তার একটা প্রধান কারণ এই যে, মৃচতার বিপুল ভারাকর্ষণ জিনিসটা ভয়ংকর প্রবল। নিজের সতর্ক বৃদ্ধিকে সর্বদা জাগ্রত রাধতে সচেষ্ট শক্তির প্রয়োজন হয়। যে সমাজ দৈব গুরু ও অপ্রায়ত প্রভাবের 'পরে আছাবান নয়, যে সমাজ বৃদ্ধিকে বিশাস করতে শিখেছে, সে সমাজ পরম্পারের উৎসাহে ও সহায়তায় মাছ্যের মনের শক্তি সহজেই নিরলস থাকে। আমাদের দেশে শিক্ষাপ্রশালীর দোধে একে তো শিক্ষা অগভীর হয়, তার উপরে সেই শিক্ষার ব্যাপ্তি নিরতিশয় সংকীণ। এইজয়ে সর্বজনের

সমিলিত মনের শক্তি আমাদের মনকে অগ্রাসরতার দিকে, আত্মশক্তির বিকে উত্থ করে বাধতে পারে না। সে সহকেই অলস হয়ে পড়ে এবং প্রচলিত বিখাস ও চিরাগত প্রখার হাতে পা তেলে দিয়ে ছুটি পায়। তার পরে অশিকিতদের সকে আমাদের প্রভেদ ঘটে এই যে, তারা আপন অন্ধবিশাসে বিনা বিধায় সহজ বুম ঘুমোয়, আমরা নিজেকে ভূলিয়ে আফিডের ঘুম ঘুমোই; আমরা কৃতর্ক করে লক্ষা নিবারণ করতে চেষ্টা করি, জড়তা বা ভীকত্ব-বশত যে কাজ করি তার একটা অনিপূণ বা অনিপূণ বাাখ্যা বানিয়ে দিয়ে সেটাকে পর্বের বিষয় করে দাঁড় করাতে চাই। কিন্তু ওকালতির জোরে তুর্গতিকে চাপা বেওয়া যায় না।

দেশকে মৃক্তি দিতে গেলে দেশকে শিক্ষা দিতে হবে, এ কথাটা হঠাৎ এত অতিরিক্ত মন্ত বলে ঠেকে যে একে আমাদের সমস্তার সমাধান বলে মেনে নিতে মন রাজি হয় না।

দেশের মৃক্তি কান্সটা খুব বড়ো অথচ তার উপায়টা খুব ছোটো হবে, এ কথা প্রত্যাশা করার ভিতরেই একটা গলদ আছে। এই প্রত্যাশার মধ্যেই রয়ে গেছে ফাঁকির 'পরে বিশাস— বাস্তবের 'পরে নয়, নিন্দের শক্তির 'পরে নয়।

5000

## শুদ্রধর্ম

মাহ্ন্য জীবিকার জন্তে নিজের খ্যোগমত নানা কাজ করে থাকে। সাধারণত সেই কাজের সলে ধর্মের যোগ নেই, স্মর্থাৎ তার কর্তব্যকে প্রয়োজনের চেরে বেশি মূল্য দেওয়া হয় না।

ভারতবর্ষে একদিন জীবিকাকে ধর্মের সঙ্গে মুক্ত করা হয়েছিল। তাতে মাছ্যকে শাস্ত করে। আপনার জীবিকার ক্ষেত্রকে তার সমন্ত সংকীর্ণতা সমেত মাহ্ন্য সহক্ষে গ্রহণ করতে পারে।

জীবিকানিবাঁচন সম্বন্ধে ইচ্ছার দিকে যাদের কোনো বাধা নেই, অধিকাংশ স্থলে ভাগ্যে তাদের বাধা দের। যে মাহুব রাজমন্ত্রী হবার স্থপ্ত দেখে কাজের বেলায় তাকে রাজার ফরাসের কাজ করতে হয়। এমন অবস্থায় কাজের ভিতরে স্থিতরে তার বিজ্ঞাহ থামতে চায় না।

মৃশকিল এই বে, রাজসংসারে ফরাসের কাজের প্রয়োজন আছে, কিন্তু রাজমন্ত্রীর পদেরই সন্থান। এমন-কি, বে স্কলে তার পদই আছে, কর্ম নেই, সেধানেও লে ডার খেতাৰ নিবে মানের দাবি করে। ফরাস এ দিকে থেটে খেটে হয়রান হর জার মনে মনে ভাবে, তার প্রতি দৈবের অবিচার। পেটের দায়ে অগত্যা দীনতা স্বীকার করে, কিছু কোভ মেটে না।

ইচ্ছার বাধীনতার অপক্ষে ভাগ্যও যদি যোগ দিত, সব ফরাসই যদি রাজমন্ত্রী হয়ে উঠত, তা হলে মন্ত্রণার কাজ যে ভালো চলত তা নয়, ফরাসের কাজও একেবারেই বন্ধ হয়ে যেত।

দেখা বাচ্ছে, ফরানের কাঞ্জ অত্যাবশুক, অথচ ফরানের পক্ষে তা অসম্ভোষজনক।
এমন অবস্থান্ন বাধ্য হয়ে কাঞ্জ করা অপমানকর।

ভারতবর্ধ এই সমস্থার মীমাংসা করেছিল বৃত্তিভেদকে পুরুষাহক্রমে পাকা করে দিয়ে। রাজশাসনে যদি পাকা করা হত তা হলে তার মধ্যে দাসত্বের অবমাননা শাকত এবং ভিতরে ভিতরে বিদ্রোহের চেটা ক্রখনোই থামত না। পাকা হল ধর্মের শাসনে। বলা হল, এক-একটা জাতির এক-একটা কাল্ল তার ধর্মেরই অক্ষ।

ধর্ম আমাদের কাছে ত্যাগ দাবি করে। সেই ত্যাগে আমাদের দৈন্ত নয়, আমাদের গৌরব। ধর্ম আমাদের দেশে ব্রাহ্মণ শুদ্র সকলকেই কিছু না কিছু ত্যাগের পরামর্শ দিয়েছে। ব্রাহ্মণকেও অনেক ভোগ বিলাস ও প্রলোভন পরিত্যাগ করবার উপদেশ দেওয়া হয়েছিল। কিছা, তার সঙ্গে ব্রাহ্মণ প্রচুর সম্মান পেয়েছিল। না পেলে সমাজে সে নিজের কাল্ল করতেই পারত না। শুলুও য়পেই ত্যাগ স্বীকার করেছে, কিছা সমাদর পায় নি। তবুও, সে কিছু পাক আর না পাক, ধর্মের খাতিরে হীনতা স্বীকার করার মধ্যেও তার একটা আত্মপ্রসাদ আছে।

বস্তুত জীবিকানির্বাহকে ধর্মের শ্রেণীতে ভূক্ত করা তথনি চলে যথন নিজের প্রেরোজনের উপরেও সমাজের প্রয়োজন লক্ষ্য থাকে। প্রাহ্মণ ভাতে-ভাত থেয়ে বাহ্ম দৈশু স্বীকার করে নিমে সমাজের আধ্যান্মিক আদর্শকে সমাজের মধ্যে বিশুদ্ধ যদি রাখে তবে তার দ্বারা তার জীবিকানির্বাহ হলেও সেটা জীবিকানির্বাহের চেয়ে বড়ো, সেটা ধর্ম। চাদী দিলি চাব না করে তবে এক দিনও সমাজ টেঁকে না। অতএব চাদী আপন জীবিকাকে যদি ধর্ম বলে স্বীকার করে তবে কণাটাকে মিধ্যা বলা যায় না। আবচ এমন মিধ্যা সান্ধনা তাকে কেউ দেয় নি যে, চায় করার কাজ ব্রাহ্মণের কাজের সমান সমান। যেসব কাজে মান্ধ্রের উচ্চতর বৃত্তি থাটে, মানবসমাজে কভাবতই তার সন্ধান শারীরিক কাজের চেয়ে বেশি, এ কলা স্কুল্পন্ট।

বে দেশে জীবিকা-অর্জনকে ধর্মকর্মের সামিল করে দেখে না লে দেশেও নিম্নশ্রেণীর কাল্প বন্ধ হলে সমাজের সর্বনাশ ঘটে। অন্তথ্যন সেথানেও অধিকাংশ লোককেই সেই কাজ করতেই হবে। স্থোগের সংকীর্ণতাবশত সে-রক্ম কাজ করবার লোকের অভাব ঘটে না, তাই সমাজ টি কে আছে। আজকাল মাঝে-মাঝে যখন সেখানকার শ্রমজীবীরা সমাজের সেই গরজের কথাটা মাথা নাড়া দিয়ে সমাজের নিজ্মা বা পরাসক্ত বা বৃদ্ধিজীবীদের জানান দের তখন সমাজে একটা ভূমিকম্প উপস্থিত হয়। তখন কোথাও বা কড়া রাজশাসন, কোথাও বা তাদের আর্জি-মঙ্রির ছারা সমাজ-রক্ষার চেটা হয়।

আমাদের দেশে বৃত্তিভেদকে ধর্মশাসনের অস্তর্গত করে দেওয়াতে এরকম অসস্তোষ ও বিপ্লবচেষ্টার গোড়া নষ্ট করে দেওয়া হয়েছে। কিন্তু এতে করে জাতিগত কর্মধারা-গুলির উৎকর্ষ সাধন হয়েছে কি না ভেবে দেখবার বিষয়।

যে-সকল কাজ বাহ্য অভ্যাসের নয়, যা বৃদ্ধিমূলক বিশেষ ক্ষমতার দ্বারাই সাধিত হতে পারে, তা ব্যক্তিগত না হয়ে বংশগত হতেই পারে না। যদি তাকে বংশে আবদ্ধ कता दय जा दल करमरे जात खान मरत निरम वाहरतत ठीविवाहे वर्षा दरम ५८ । ব্রাহ্মণের যে সাধনা আন্তরিক তার জন্মে ব্যক্তিগত শক্তি ও সাধনার দরকার, যেটা কেবলমাত্র আমুষ্ঠানিক দেটা সহজ। আমুষ্ঠানিক আচার বংশামূক্রমে চলতে চলতে তার অভ্যাসটা পাকা ও দম্ভটা প্রবল হতে পারে, কিন্তু তার আসল জিনিসটি মরে এক সময়ে আর্যন্তিজনের পক্ষে সত্য পদার্থ ছিল— তার শিক্ষা, দীক্ষা, ব্রহ্মচর্য, গুরুগৃহবাস, সমন্তই তথনকার কালের ভারতবর্ষীয় আর্থনের মধ্যে প্রচলিত শ্রেষ্ঠ আনর্শগুলিকে প্রহণ করবার পক্ষে উপযোগী ছিল। কিন্তু যে-সকল উচ্চ আদর্শ আধ্যাত্মিক, যার জন্মে নিয়তজ্ঞাগরুক চিৎশক্তির দরকার, সে তো মৃত পদার্থের মতো কঠিন আচারের পৈতৃক সিদ্ধুকের মধ্যে বন্ধ করে রাখবার নয়। সেইজন্মেই স্বভাবতই উপনয়নপ্রথা এখন প্রহুমন হয়ে দাঁড়িয়েছে। তার কারণ, উপনয়ন যে আদর্শের বাহন ও চিহ্ন সেই আদর্শই সেছে সরে। ক্ষাত্রেরও সেই দশা; কোথায় বে নে, তাকে খুঁজে পাওয়া শক্ত। যারা ক্ষত্রিয়বর্ণ বলে পরিচিত, জাতকর্ম বিবাহ প্রভৃতি অমুষ্ঠানের সময়েই তারা ক্ষত্রিয়ের কতকগুলি পুরাতন আচার পালন করে মাত্র।

এ দিকে শাল্পে বলছেন: স্বধর্মে নিধনং শ্রেমঃ পরধর্মো ভয়াবহঃ। এ কথাটার প্রচলিত অর্থ এই দাঁড়িয়েছে বে, যে বর্ণের শাল্পবিহিত যে ধর্ম তাকে তাই পালন করতে হবে। এ কথা বললেই তার তাৎপর্য এই দাঁড়ায় যে, ধর্ম-অহশাসনের যে অংশটুকু অক্কভাবে পালন করা চলে তাই প্রাণপণে পালন করতে হবে, তার কোনো প্রয়োজন থাক্ আর নাই থাক্, তাতে অকারণে মাহবের বাধীনতার থর্বতা ঘটে ঘটুক, তার ক্ষতি হয় হোক। আদ্ধ আচারের অত্যাচার অত্যস্ত বেশি, তার কাছে ভালোমন্দর আন্তরিক মৃল্যবোধ নেই। তাই যে শুচিবায়গ্রন্থ মেয়ে কথায় কথায় আন করতে ছোটে সে নিজের চেয়ে অনেক ভালো লোককে বাহুশুচিতার ওজনে ম্বণাভাজন মনে করতে দিখা বোধ করে না। বস্তুত তার পক্ষে আস্তরিক সাধনার কঠিনতর প্রয়াস অনাবশুক। এইজন্মে অহংকার ও অন্তের প্রতি অবজ্ঞায় তার চিত্তের অশুচিতা ঘটে। এই কারণে আধুনিক কালে যারা বৃদ্ধিবিচার জলাঞ্চলি দিয়ে সমাজকর্তাদের মতে স্থর্ম পালন করে তাদের উদ্ধৃত্য এতই তৃঃসহ, অথচ এত নির্ম্বক।

অপচ জাতিগত স্বর্ধ পালন করা খুবই সহজ যেথানে সেই স্বধর্মের মধ্যে চিন্তর্ন্তির স্থান নেই। বংশারুক্রমে হাঁড়ি তৈরি করা, বা ঘানির থেকে তেল বের করা, বা উচ্চতর বর্ণের দাশুরুন্তি করা কঠিন নয়— বরং তাতে মন যতই মরে যায় কাজ ততই সহজ হয়ে আদে। এই-সকল হাতের কাজেরও নৃতনতর উৎকর্ষ সাধন করতে গেলে চিন্ত চাই। বংশায়ক্রমে স্বধর্ম পালন করতে গিয়ে তার উপযুক্ত চিন্তও বাকি থাকে না, মার্থ্য কেবল যন্ত্র হয়ে একই কর্মের পুনরার্ত্তি করতে থাকে। যাই হোক, আজ ভারতে বিশুক্তভাবে স্বধর্মে টিঁকে আছে কেবল শ্রেরা। শূরুত্বে তাদের অসম্ভোষ নেই। এইজন্তেই ভারতবর্ষের-নিমকে-জীর্ব দেশে-ফেরা ইংরেজ-গৃহিণীর মুখে অনেকবার গুনেছি, স্বদেশে এসে ভারতবর্ষের চাকরের অভাব তারা বড়ো বেশি অফুভব করে। ধর্মশাসনে পুরুষায়ক্রমে যাদের চাকর বানিয়েছে তাদের মতো চাকর পৃথিবীতে কোথায় পাওয়া যাবে। লাথিঝাটা-বর্ষণের মধ্যেও তারা স্বধর্মকলা করতে কৃতিত হয় না। তারা তো কোনোকালে সম্মানের দাবি করে নি, পায়ও নি, তারা কেবল শূর্দ্ধর্ম অত্যন্ত বিশুক্কভাবে রক্ষা করেই নিজেকে ফুতার্থ মনে করেছে। আজ যদি তারা বিদেশী শিক্ষায় মাঝে মাঝে আজ্মবিশ্বত হয় তবে সমাজপতি তাদের স্পর্ধা সমুক্র আনেকাশ প্রকাশ করে।

শ্বধর্মরত শৃত্রের সংখ্যাই ভারতবর্ষে সবচেয়ে বেশি, তাই এক দিক থেকে দেখতে গেলে ভারতবর্ষ শৃত্রধর্মেই দেশ। তার নানা প্রমাণ ইতিহাসে পাওয়া গেছে। এই অতি প্রকাণ্ড শৃত্রধর্মের জড়ছের ভারাকর্ষণে ভারতের সমস্ত হিন্দুসম্প্রদায়ের মাধা হোঁট হয়ে আছে। বৃদ্ধিসাধ্য জ্ঞানসাধ্য চারিক্রশক্তিসাধ্য যে-কোনো মহাসম্পদ্লাভের সাধনা আমরা আজ্ঞ করতে চাই তা এই প্রবল শৃত্রম্বভার ঠেলে তবে করতে হবে— তার পরে সেই সম্পদকে রক্ষা করবার ভারও এই অসীম অন্ধ্রভার হাতে সমর্পণ করা ছাড়া আর উপায় নেই। এই কথাই আমাদের ভাববার কথা।

এই শ্রেপ্তথান ভারতবর্ষের সবচেয়ে বড়ো তুর্গতির যে ছবি দেখতে পাই সেই পরম আক্ষেপের কথাটা বলতে বদেচি।

শ্রেষ্থন ব্যানের পথে হংকভের বন্দরে আমাদের জাহান্স লাগল, দেখনুষ দেখানে ঘাটে একজন পাঞ্চাবি পাহারাওরালা অতি তুচ্ছ কারণে একজন চৈনিকের বেশী ধরে তাকে লাখি মারলে। আমার মাথা হেঁট হয়ে কোল। নিজের দেশে রাজভৃত্যের-লাখন-ধারী কর্তৃক স্বদেশীর এরকম অত্যাচার-হুর্গতি অনেক দেখেছি, দূর সমূপ্রতীরে সিয়েও তাই দেখলুম। দেশে বিদেশে এরা শৃপ্রধর্মপালন করছে। চীনকে অপমানিত করবার ভার প্রভূর হয়ে এরা গ্রহণ করেছে, সে সম্বন্ধে এরা কোনো বিচার করতেই চার না; কেননা এরা শৃপ্রধর্মের হাওয়ার মাছব। নিমকের সহজ দাবি ঘতদ্র পৌছার এরা সহজেই তাকে বছ দূরে লক্ষন করে যায়; তাতে আনন্দ পায়, গর্ব বোধ করে।

চীনের কাছ থেকে ইংরেজ বথন হংকও কেড়ে নিতে গিয়েছিল তথন এরাই চীনকে মেরেছে। চীনের বৃকে এদেরই আল্লের চিহ্ন অনেক আছে— সেই চীনের বৃকে যে চীন আপন হৃদয়ের মধ্যে ভারতবর্ষের বৃদ্ধদেবের পদচিহ্ন ধারণ করেছিল, সেই ইৎসিং হিউয়েন্সাঙের চীন।

यानविद्यत याकार्य याक बुरक्त कार्मा याय हात मिरक घनिए धराइ । এ দিকে প্যাসিফিকের তীরে ইংরেজের তীক্ষ্ণক্ষু ধরনধরদারুণ শ্রেনতরণীর নীড় বাঁধা হচ্ছে। পশ্চিম মহাদেশে দিকে দিকে রব উঠেছে যে, এসিয়ার অল্পশালায় শক্তিশেল তৈরি চলছে, যুরোপের মর্মের প্রতি তার লক। রক্তমোক্ষণকান্ত পীড়িত এণিয়াও কণে কণে অস্থিরতার লকণ দেখাছে। পূর্বমহাদেশের পূর্বতম প্রান্তে জাপান জেগেছে, চীনও তার দেওয়ালের চার দিকে সিঁধ কাটার শব্দে জাগবার উপক্রম করছে। হয়তো একদিন এই বিরাটকায় জাতি তার বন্ধন ছিন্ন করে উঠে দাঁড়াতে চেষ্টা করবে, হয়তো একদিন তার আফিমে আবিষ্ট দেহ বছকালের বিষ ঝেড়ে ফেলে আপনার শক্তি উপলব্ধি করতে পারবে। চীনের থলিঝুলি যারা ফুটো করতে লেগেছিল তারা চীনের এই চৈতন্তলাভকে যুরোপের বিরুদ্ধে অপরাধ বলেই গণ্য করবে। তথন এসিয়ার মধ্যে এই শূদ্র ভারতবর্ষের কী কাজ। তখন সে যুরোপের কামারশালার তৈরি লোহার শিকল কাঁথে করে নির্বিচারে ভার প্রাচীন বন্ধুকে বাঁধতে যাবে। সে মারবে, লে মন্থবে। কেন মারবে, কেন মরবে, এ কথা প্রশ্ন করতে তার ধর্মে নিষেধ। দে বলবে: ছধর্মে হননং শ্রের:, হধর্মে নিধনং শ্রের:। ইংরেজ-সাম্রাচন্ত্রর কোবাও সে সন্মান চায়ও না পায়ও না— ইংরেজের হয়ে দে কুলিগিরির বোঝা বয়ে মরে, যে বোঝার মধ্যে তার অর্থ নেই. পরমার্থ নেই ; ইংরেজের হরে পরকে সে তেড়ে মারতে যায়, যে পর ভার

শক্ত নয়; কান্ধ দিব হবা মাত্র আবার তাড়া থেয়ে তোষাধানার মধ্যে ঢোকে। শৃত্রের এই তো বছ যুগের দীকা। তার কান্ধে বার্থিও নেই, দম্মানও নেই, আছে কেবল 'ব্র্যমে নিধনং শ্রেরঃ' এই বাণী। নিধনের অভাব হচ্ছে না; কিন্তু তার চেয়েও মান্ন্র্যের বড়ো তুর্গতি আছে যখন দে পরের স্থার্থের বাহন হয়ে পরের সর্বনাশ করাকেই অনায়াদে কর্তব্য বলে মনে করে। অভ্যাব এতে আক্রর্যের কথা নেই বে, যদি দৈবক্রমে কোনোদিন বিটানিয়া ভারতবর্ষকে হারায় তা হলে নিশাদ কেলে বলবে: I miss my best servant.

2005

#### রহত্তর ভারত

বৃহত্তর ভারত পরিবদ্ -কর্তৃক অহুষ্টিত বিদায়সম্বর্ধনা উপলক্ষে

যবদীপ যাবার পূর্বাহ্নে যে অভিনন্দন আপনারা আমাকে দিলেন তাতে আমার মনে বল সঞ্চার করবে। আমরা চার দিকের দাবির হারা আমাদের প্রাণশক্তি আবিষ্কার করি। যার যা দেবার তা বাইরের নেবার ইচ্ছা থেকে আমরা দিতে সক্ষম হই। দাবির আকর্ষণ যদি থাকে তবে আপনি সহজ হয়ে যায় দেওয়ার পথ।

বাইরে ষেথানে দাবি সত্য হয় অন্তরে সেথানেই দানের শক্তি উদ্বোধিত হয়ে ওঠে।
দানের সামগ্রী আমাদের থাকলেও আমরা দিতে পারি নে সমাদ্রে যক্তকণ প্রত্যাশা না
দজীব হয়ে ওঠে। আন্ধ একটা আকাজ্জা আমাদের মধ্যে জেগেছে যে আকাজ্জা
ভারতের বাইরেও ভারতকে বড়ো করে সন্ধান করতে চার। দেই আকাজ্জাই
বৃহত্তর ভারতের প্রতিষ্ঠানটির মধ্যে রূপ গ্রহণ করেছে। দেই আকাজ্জাই আপন
প্রত্যাশা নিয়ে আমাকে অভিনন্দন করছে। এই প্রত্যাশা আমার চেষ্টাকে সার্থক

বর্বরজাতীর মাহুবের প্রধান লক্ষণ এই যে, তার আছাবোধ দংকীর্ণসীমাবদ্ধ। তার চৈতন্তের আলো উপস্থিত কাল ও বর্তমান অবস্থার ঘেরটুক্কেই আলোকিত করে রাখে বলে দে আপনাকে তার চেয়ে বড়ো ক্লেছে জানে না। প্রইজন্তেই জানে কর্মে দুর্বল। সংস্কৃত স্লোকে বলে: যাদৃশী ভাবনা ক্স সিদ্ধির্ভবতি তাদৃশী। জর্মাৎ, ভাবনাই হচ্ছে সাধনার স্পষ্টশক্তির মূলে। নিজের দরকার দেশ সম্বদ্ধে বড়ো ক্রে ভাবনা করবার দরকার আছে, নইলে কর্মে জােহ্ম লা এবং অতি ক্ষীণ আশা ও অতি ক্রে সিদ্ধি নিয়ে অকৃতার্থ হতে হয়। নিজের কাচ্ছে নিজের পরিচয়টাকে

বড়ো করবার চেষ্টাই সভ্যঞ্জাতির ইতিহাসগত চেষ্টা। নিজের পরিচয়কে সংকীর্ণ দেশকালের ভূমিকা থেকে মুক্তিদানই হচ্ছে এই চেষ্টার লক্ষ্য।

ষধন বালক ছিল্ম ঘরের কোণের বাতায়নে বসে দেশের প্রাক্তিক রুপকে অতি ছোটো পরিধির মধ্যেই দেখেছি। বাইরের দিক থেকে দেশের এমন কোনো মূর্তি দেখি নি যার মধ্যে দেশের ব্যাপক আবির্ভাব আছে। বিদেশী বণিকের হাতে গড়া কলকাতা শহরের মধ্যে ভারতের এমন কোনো পরিচয় পাওয়া যায় না যা হুগভীর ও ফ্দ্রবিভৃত। সেই শিশুকালে কোণের মধ্যে অত্যন্ত বেশি অবরুদ্ধ ছিলাম বলেই ভারতবর্ষের রুহৎ স্বরূপ চোথে দেখবার ইচ্ছা অত্যন্ত প্রবল হয়েছিল।

এমন সময়ে আমার আট-নয় বছর বয়সে গঙ্গাতীরের এক বাগানে কিছু কালের জন্তে বাস করতে গিয়েছিলাম। গঙীর আনন্দ পেলাম। গঙ্গানদী ভারতের একটি বৃহৎ পরিচয়কে বহন করে। ভারতের বহু দেশ বহু কাল ও বহু চিত্তের ঐক্যধারা তার স্রোতের মধ্যে বহুমান। এই নদীর মধ্যে ভারতের একটি পরিচয়বাণী আছে। হিমান্তির স্বন্ধ থেকে পূর্বসমূদ্র পর্যন্ত লম্বমান এই গঙ্গানদী। সে যেন ভারতের যক্তোপবীতের মতো, ভারতের বহুকালক্রমাগত জ্ঞানধর্মতপ্রার শ্বতিযোগস্ত ।

তার পর আর কয়েক বৎসর পরেই পিতা আমাকে সঙ্গে করে হিমালয় পর্বতে
নিয়ে যান। আমার পিতাকে এই প্রথম নিকটে দেখেছি, আর হিমালয় পর্বতকে।
উভয়ের মধ্যেই ভাবের মিল ছিল। হিমালয় এমন একটি চিরক্তন রূপ যা সমগ্র ভারতের, যা এক দিকে তুর্গম আর-এক দিকে সর্বজনীন। আমার পিতার মধ্যেও ভারতের সেই বিদ্যা— চিক্তায় প্রকায় কর্মে প্রতাহ প্রাণময় হয়ে দেখা যাচ্ছিল, যা সর্ব-কালীন, যার মধ্যে প্রাদেশিকতার কার্পণ্যমাত্র নেই।

তার পর আল্প বয়েদে ভারতবর্ষের ইতিহাস পড়তে শুরু করলাম। তথন আলেকস্থান্দার থেকে আরম্ভ করে ক্লাইডের আমল পর্যন্ত রাষ্ট্রীয় প্রতিদ্বন্ধিতায় ভারতবর্ষ
বারবার কিরকম পরান্ত অপমানিত হয়ে এসেছে এই কাহিনীই দিন ক্ষণ তারিথ ও
নামমালা -সমেত প্রত্যন্ত কণ্ঠস্থ করেছি। এই অগৌরবের ইতিহাসমক্ষতে রাজপুতদের
বীর্ষকাহিনীর ওয়েসিস থেকে য়েটুকু ফলল সংগ্রহ করা সম্ভব তাই নিয়ে স্বন্ধাতির
মন্থ্য-পরিচয়ের দার্কণ ক্ষ্মা মেটাবার চেষ্ট্রা করা হত। সকলেই জানেন, সে সময়্বকার
বাংলা কার্য নাটক উপজাস কিরকম হঃসহ ব্যপ্রতায় টডের রাজস্থান দোহন করতে
বসেছিল। এর থেকে স্পষ্ট বোঝা যায়, দেশের মধ্যে আমাদের পরিচয়-কামনা কিরকম
উপবাসী হয়ে ছিল। দেশ বলতে কেবল তো মাটির দেশ নয়, সে যে মানবচরিজের
দেশ। দেশের বাছ্ প্রকৃতি আমাদের দেহটা গড়ে বটে, কিন্তু আমাদের মানবচরিজের

দেশ ধেকেই প্রেরণা পেরে আমাদের চরিত্র গড়ে ওঠে। সেই দেশটাকে যদি আমরা দীন বলে জানি তা হলে বিদেশী বীরজাতির ইতিহাস পড়ে আমাদের দীনতাকে তাড়াবার শক্তি অন্তরের মধ্যে পাই নে।

ঘরের কোণে আবদ্ধ থেকে ভারতের দৃশুরূপটাকে বড়ো করে দেখবার পিণাসা যেমন মনের মধ্যে প্রবল হয়েছিল, তেমনি তথনকার পাঠ্য ভারত-ইতিহাসের অগোরব-অধ্যারের অন্ধনার কোণের মধ্যে বনে বসে ভারতের চারিত্রিক মহিমার বৃহৎ পরিচয় পাবার জন্ত মনের মধ্যে একটা ক্ষার পীড়ন ছিল। বস্তুত এই অসহ ক্ষাই আমাদের মনকে তথন নানা হাস্তুকর অত্যুক্তি ও অবাস্থবতা নিরে তৃথির স্বপুম্লক উপকরণ-রচনার প্রবৃত্ত করেছিল। আজও সেদিন যে একেবারে চলে গেছে তা বলতে পারিনে।

যে তারার আলো নিবে গেছে নিজের মধ্যেই সে সংকৃচিত। নিজের মধ্যে একান্ত বন্ধ পাকবার বাধ্যতাকেই বলে দৈয়ে। এই দৈয়ের গাওর মধ্যেও তার প্রতিম্হর্ত-গত কাল্ত হয়তো কিছু আছে, কিন্ত উদার নক্ষত্রমগুলীর সভায় তার সম্মানের স্থান নেই। সে অজ্ঞাত, অখ্যাত, পরিচয়হীন। এই অপরিচয়ের অবমাননাই কারাবাসের মতো। এর থেকে উদ্ধার পাওয়া যায় আলোকের দ্বারা। অর্থাৎ, এমন কোনো প্রকাশের দ্বারা যাতে করে বিশের সঙ্গে তাকে যোগমুক্ত করে, এমন সত্যের দ্বারা যা নিবিকার আদরণীয়।

আমাদের শাস্ত্রে বারবার বলেছে, যিনি নিজের মধ্যে সর্বভূতকে এবং সর্বভূতের মধ্যে নিজেকে জানেন তিনিই সত্যকে জানেন। অর্থাৎ, অহংসীমার মধ্যে আত্মার নিজক অবস্থা আত্মার সত্য অবস্থা নয়। ব্যক্তিগত মাস্থবের জীবনের সাধনায় এ যেমন একটা বড়ো কথা, নেশুনের ঐতিহাসিক সাধনাতেও সেইরকম। কোনো মহাজাতি কী করে আপনাকে বিশ্বের কাছে পরিচিত করতে পারে এই তপস্থাই তার তপস্থা। যে পারলে না বিধাতা তাকে বর্জন করলেন। মানবসভ্যতার স্বষ্টিকার্ধে তার স্থান হল না। রামচন্দ্র যথন সেতৃবন্ধন করেছিলেন তথন কাঠবেড়ালিরও স্থান হয়েছিল সেই কাজে। সে তথন তথু গাছের কোটরে নিজের বাছাবেশে না থেকে আপনার ক্ষুন্ত শক্তি নিয়েই তুই তটভূমির বিজ্ঞেদসমূদ্রের মধ্যে সেতৃবন্ধনের কাজে যোগ দিয়েছিল। নীতাকে রাবশের হাত থেকে উন্ধার ক্রাই পৃথিবীতে সকল মহৎ সাধনার ক্ষুন্ত । সেই নীতাই ধর্ম; সেই নীতা জ্বান, স্বাস্থ্য, সমৃদ্ধি; সেই নীতা ক্ষুন্তরী; সেই নীতা সর্বমানবের কল্যানী। নিজের কোটরের মধ্যে প্রমুন্ত থান্তসঞ্গরের ঐশ্বর্ধ নিয়ে এই কাঠবেড়ালির সার্থকতা ছিল না, কিন্তু নীতা-

উদারের মহৎ কাজে দে যে নিজেকে নিবেদন করেছিল এইজন্তেই মানবদৈবতা তার পিঠে আশীর্বাদরেখা চিহ্নিত করেছিলেন। প্রত্যেক মহাজাতির পিঠে আমরা সেই চিহ্ন দেখতে চাই, সেই চিহ্নের দারাই সে আপদ কোটরকোণের অভীত নিত্যলোকে স্থান লাভ করে।

ভারতবর্ধের যে বাণী আমরা পাই সে বাণী যে শুধু উপনিবদের প্লোকের মধ্যে নিবদ্ধ তা নয়। ভারতবর্ধ বিশের নিকট বে মহন্তম বাণী প্রচার করেছে তা ত্যাগের বারা, তৃংথের বারা, মৈত্রীর বারা, আন্থার বারা; সৈত্য দিয়ে, অন্ধ দিরে, পীড়ন লুঠন দিয়ে নয়। গৌরবের সন্ধে দক্ষ্যবৃত্তির কাহিনীকে বড়ো বড়ো অক্ষরে আপন ইতিহাসের পৃষ্ঠার সে অভিত করে নি।

আমাদের দেশেও দিগ্বিজ্ঞরের পতাকা হাতে পরজাতির দেশ জয় করবার কীর্তি হয়তো সেকালে অনেকে লাভ করে থাকবেন, কিন্তু ভারতবর্ধ অক্ত দেশের মতো ঐতিহাসিক জপমালায় ভক্তির সঙ্গে তাঁদের নাম শ্বরণ করে না। বীর্থবান দক্ষ্যদের নাম ভারতবর্ধের পুরাণে খ্যাত হয় নি।

অহংকেই যে মাহ্য পরম ও চরম সত্য বলে জানে সেই বিনাশ পার; সকল তৃঃথ সকল পাপের মূল এই অহমিকার। বিশ্বের প্রতি মৈত্রীভাবনাতেই এই অহংভাব লৃপ্ত হয়, এই সত্যটি আত্মার আলোক। এই আলোকদীপ্তি ভারতবর্ষ নিজের মধ্যে বন্ধ রাথতে পারে নি। এই আলোকের আভাতেই ভারত আপন ভৃথগুনীমার বাইরে আপনাকে প্রকাশ করেছিল। স্বতরাং এইটিই হচ্ছে ভারতের সত্য পরিচয়। এই পরিচয়ের আলোকেই যদি নিজের পরিচয়কে উজ্জ্বল করতে পারি তা হলেই আমরা ধন্ত। আমরা যে ভারতবর্ষে জন্মলাভ করেছি সে এই মৃক্তিমন্ত্রের ভারতবর্ষে, সে এই তপরীর ভারতবর্ষে। এই কথাটি যদি ধন্ব করে মনে রাথতে পারি তা হলে আমাদের সকল কর্ম বিশুদ্ধ হবে, তা হলে আমরা নিজেকে বিশেষ করে ভারতবাদী বলতে পারব, দেজক্ত আমাদের নতুম করে ধ্বজা নির্মাণ করতে হবে না।

কুধা হলেই মাত্রৰ অন্নের ক্বপ্ন দেখে। আজকাল আমাদের দেশে পোলিটিকাল আঅপরিচয়ের ক্ষাটাই নামা কারণে সবচেয়ে প্রবল হয়ে উঠেছে। এইজন্তে নিরন্তর তারই ভোজটাই বথ্নে দেখছি। তার চেয়ে বড়ো কথাগুলিকেও অপ্রাসন্ধিক বলে উপেকা করবার তর্জন আজকাল প্রায় শোনা যায়।

কিন্ত এই শোলিটিকাল আত্মপরিচয়ের ধার। খুঁজতে গিয়ে বিদেশী ইতিহাসে গিয়ে পোঁছতে হয়। সেই ব্যথ্যভার তাড়নায় আপনাকে বপ্লে-গড়া আট্নিমি, স্বপ্লে-গড়া গারিবাল্ডি, কান্ধনিক ওয়াশিংটন বলে ভাবনা কন্নতে হয়। অর্থতন্ত্রেও তাই; এথানে আমাদের কারো কারো করনা বল্লেভিজ্ম কারো সিপ্তিক্যালিজ্ম কারো বা সোস্তালিজ্ম্'এর গোলকধাঁধার ঘূরে বেড়াছে। এ-সমন্তই মরীচিকার মতো, ভারতবর্বের চিরকালীন জমির উপরে নেই— আমাদের ছুর্ভাগ্যতাপদ্ধ হাল আমলের ভ্যার্ড দৃষ্টির উপরে স্বপ্ন রচনা করছে। এই স্বপ্ন-সিনেমার কোণে কোণে মাঝে মাঝে 'Made in Europe'এর মার্কা ঝলক মেরে এর কার্থানাঘ্রের বৃত্তান্তটি জানিয়ে দিয়ে বাছে।

অঞ্চানা পথে অবাভবের পিছনে আমরা যেখানে ঘূরে বেড়াচ্ছি সেথানে অভিতৃতিবিহনপতার মধ্যে আমাদের নিজের পরিচয় নেই। অবচ, পূর্বেই বলেছি, নিজের ব্যক্তিস্থরপের সত্য পরিচরের ভিত্তির উপরেই আমরা সিন্ধিকে গড়ে তুলতে পারি। পলিটিক্ন্-ইকনমিক্ন্'এর বাইরেও আমাদের গৌরবলোক আছে, এ কথা যদি আমরা জানি তবে সেইখানেই আমাদের ভবিশ্বংকে আমরা সত্যে প্রতিষ্ঠিত করতে পারব। বিশ্বাসহীনের মতো নিজের সত্যে অপ্রজা করে হাওয়ায় আকাশক্ষ্ম চাষ করবার চেষ্টা করলে ফল পাব না।

ভারতবর্ধ যে কোন্থানে সত্য, নিজের লোহার সিদ্ধুকের মধ্যে তার দলিল সেরেথে যার নি। ভারতবর্ধ যা দিতে পেরেছে তার বারাই তার প্রকাশ। নিজের মধ্যে সম্পূর্ণ যা তার কুলোর নি তাতেই তার পরিচয়। অন্তকে সত্য করে দিতে পারার মূলেই হচ্ছে অন্তকে আপন করে উপলব্ধি। আপন সীমার বাধা যে ভাঙতে পেরেছে বাইরের তুর্গম ভোগোলিক বাধাও সে লভ্যন করতে পেরেছে। এইজন্তেই ভারতবর্ধের সত্যের ঐশ্বর্ধকে জানতে হলে সম্প্রপারে ভারতবর্ধের অ্বদ্র দানের ক্ষেত্রে বেতে হয়। আজ ভারতবর্ধের ভিতরে বসে ধূলিকল্বিত হাওয়ার ভিতর দিয়ে ভারতবর্ধকে যা দেখি তার চেয়ে স্পষ্ট ও উজ্জ্বল করে ভারতবর্ধের নিত্যকালের স্কপ্র দেখতে পাব ভারতবর্ধের বাইরে থেকে।

চীনে গেলাম, দেখলাম জাত হিসাবে তারা আমাদের থেকে সম্পূর্ণ আলাদা।
মাকে চোখে ভাষার ব্যবহারে তাদের সঙ্গে আমাদের কোনো মিলই নেই। কিছ
তাদের সঙ্গে এমন একটি গভীর আত্মীয়তার বোগ অহভব করা গেল যা ভারতবর্ষীর
অনেকের সঙ্গে করা কঠিন হরে উঠেছে। এই যোগ রাজশক্তির হারা হাপন করা
হয় নি, এই বোগ উক্তত তরবারির জোরেও নয়, এই যোগ কাউকে তৃঃথ দিয়ে নয়—
নিজে তৃঃধরীকার করে। অত্যন্ত পরের মধ্যেও যে সত্যের বলে অত্যন্ত আত্মীয়তা
শীকার করা সম্ভব হয় সেই সত্যের জোরেই চীনের সঙ্গে সত্য ভারতের চিরকালের
বোগবন্ধন বাধা হয়েছে। এই সত্যের কথা বিদেশী পলিটিক্সের ইতিহাসে ভান

পার নি বলে আমরা একে অস্তরের সজে বিশ্বাস করি নে। কিছু একে বিশ্বাস করবার প্রমাণ ভারতের বাইরে ক্লুর দেশে আঞ্চও রয়ে সেছে।

জাপানে প্রতিদিনের ব্যবহারে জাপানির হুগভীর ধৈর্ঘ, আত্মসংঘম, তার রসবোধের বিচিত্র পরিচরে বথন বিশ্বিত হতেছিলাম তথন এ কথা কতবার গুনেছি যে, এই-সকল গুণের প্রেরণা অনেকথানি বৌদ্ধর্যের বোগে ভারতবর্ধ থেকে এসেছে। সেই মূল প্রেরণা স্বয়ং ভারতবর্ধ থেকে আজ লুপ্তপ্রায় হল। সত্যের যে বল্লা একদিন ভারতবর্ধের হুই কুল উপ্চিরে দেশে দেশে বয়ে গিয়েছিল ভারতবর্ধের প্রবাহিনীতে আজ তা তলায় নেমে আসছে, কিন্তু তার জলসঞ্চর আজও দ্রের নানা জলাশরে গভীর হয়ে আছে। এই কারণেই সেই-সকল জায়গা আধুনিক ভারতবাসীর পক্ষে তীর্থস্থান। কেননা ভারতবর্ধের প্রব পরিচয় সেইসব জায়গাতেই।

মধ্যবৃগে মৃসলমান রাজশক্তির সঙ্গে হিন্দুদের ধর্মবিরোধ ঘটেছিল। সেইসময় ধারাবাহিকভাবে সাধুসাধকদের জন্ম হয়েছিল। তাঁদের মধ্যে অনেকে মৃসলমান ছিলেন, থারা আত্মীয়তার সত্যের দ্বারা ধর্মবিরোধের মধ্যে সেতুবন্ধন করতে বদেছিলেন। তাঁরা পোলিটিশান ছিলেন না, প্রয়োজনমূলক পোলিটিকাল ঐক্যকে তাঁরা সত্য বলে কল্পনাও করেন নি। তাঁরা একেবারে সেই গোড়ায় গিয়েছিলেন যেখানে সকল মাহুবের মিলনের প্রতিষ্ঠা প্রব। অর্থাৎ, তাঁরা ভারতের সেই মন্ত্রই গ্রহণ করেছিলেন যাতে আছে, যারা সকলকে আপনার মধ্যে এক করে দেখে তারাই সত্য দেখে। তথনকার দিনের অনেক যোদ্ধা অনেক লড়াই করেছেন, বিদেশী-ছাঁচে-ঢালা ইতিহাদে তাঁদেরই নাম ও কীর্তি লিখিত হয়েছে। সে-সব যোদ্ধারা আব্দ তাঁদের ক্রত কীর্তিভন্তের ভালেষ ধূলিভূপের মধ্যে মিলিয়ে আছেন। কিন্তু আব্দেও ভারতের প্রাণম্যোতের মধ্যে সেই-সকল সাধকের অমরবাণী-ধারা প্রবাহিত আছে; সেখান থেকে আমাদের প্রাণ্ডন প্রথমির প্রেরণা যদি আমরা নিতে পারি তা হলে তারই জোরে আমাদের রাষ্ট্রনীতি অর্থনীতি কর্মনীতি সবই বল পেরে উঠতে পারে।

সত্যবাণী যথন আমাদের প্রাণকে গভীর ভাবে উদ্বোধিত করে তথন সেই প্রাণ সকল দিকেই নিজের প্রকাশকে সার্থক করে। তথন সেই প্রাণ ক্ষির উছমে পূর্ণ হয়ে ওঠে। চিত্তের উপর সভ্যের সংঘাতের প্রমাণ হচ্ছে এই স্কটশক্তির সচেইতা।

বৌদ্ধর্ম সম্যাসীর ধর্ম। কিন্তু তা সরেও বধন দেখি তারই প্রবর্তনার গুহাগহ্মরে চৈত্যবিহারে বিপুলশক্তিসাধ্য শিক্ষকলা অপর্বাপ্ত প্রকাশ পেরে গেছে তথন বৃশ্বতে পারি, বৌদ্ধর্ম মাহবের অন্তরতম মনে এমন একটি সত্যবোধ জাগিরেছে বা তার সমন্ত প্রকৃতিকে সকল করেছে, বা তার ক্ষাবকে পদু করে নি। ভারতের বাহিরে ভারতবর্ষ বেধানে তার মৈত্রীর সোনার কাঠি দিয়ে স্পর্শ করেছে সেধানেই শিল্পকার কী প্রভৃত ও প্রমাশ্র্য বিকাশ হয়েছে। শিল্পস্টিমহিমায় সে-সকল দেশ মহিমান্বিত হয়ে উঠেছে।

আবচ দেখানকার লোকের সমজাতীয়দের দেখো, দেখবে তারা নরঘাতক, তারা নিয়সম্পদ্হীন। এমন-সকল নিরালোক চিত্তে আলো জাললে দয়াধর্ম ত্যাগধর্ম মৈত্রী-ধর্মের মহতী বাণীর বারা। দেখানকার লোকে সামান্ত বেশভ্যা-ভাষার পরিবর্তনের বারা বাতত্র্য পেরেছে তা নয়; স্বাষ্ট করবার মপ্ত শক্তি তাদের মধ্যে জাগুত হয়েছে—দে কী পরমাভ্ত স্বাষ্ট। এই-সকল বীপেরই আশে পাশে আরও তো অনেক বীপ আছে, দেখানে আমরা 'বরবৃদর' দেখি নে কেন, সে-সব জায়গায় 'আছরবট'এর সমত্ল্য বা সমজাতীর কিছু নেই কেন। সত্ত্যের জাগরণমন্ত্র যে দেখানে পৌছায় নি। মার্হকে অঞ্করণে প্রবৃত্ত করার মধ্যে গৌরব নেই, কিছু মাহুষের মৃপ্ত শক্তিকে মৃক্তিদান করার মতো এতবড়ো গৌরবের কথা আর কি কিছু আছে।

লোকে যথন দরিত হয় তথন বাইরের দিকে গৌরব খুঁজে বেড়ায়। তথন কথা বলে গৌরব করতে চার, তথন পুঁথি থেকে শ্লোক খুঁটে খুঁটে গৌরবের মালমসলা ভরত্বপ থেকে সঞ্চয় করতে খাকে। এমনি করে সত্যকে ব্যবহার থেকে দূরে রেখে যদি গলার জারে পুরাতন গৌরবের বড়াই করতে বসি তবে আমাদের ধিক। অহংকার করবার জপ্তে সত্যের ব্যবহার সত্যের অবমাননা। আমার মনের একাস্ত প্রার্থনা এই যে, সত্যবাণীকে কাঁধে ঝুলিয়ে জয়্যাক করে তাকে যেন বাজিয়ে না বেড়াই, বাইরের লোককে চমক লাগাবার জন্তে যেন তাকে অলংকার মাত্র না করি, যেন নিজেরই একাস্ত আন্তরিক প্রয়োজনের জন্তেই তার সন্ধান ও সাধনা করতে পারি।

জাভার ধধন বাব তথন মনকে অহংকারমৃক্ত করে সত্যের অমৃতমন্ত্রের ক্রিয়াটি দেখে বেন নম্র হতে পারি। সেই মৈত্রীর মহামন্ত্রটি নিজের মধ্যেই পাওয়া চাই, তা হলেই আমার চিত্তে বেধানে অরণ্য সেধানে মন্দির উঠবে, বেধানে মক্রুমি সেধানে সৌন্দর্মের রসর্ষ্টি হবে, জীবনের তপক্তা ক্রয়মুক্ত হয়ে সার্থক হয়ে উঠবে।

## **হিন্দুমুসলমান**

শ্ৰীযুক্ত কালিদাস নাগকে লিখিত

শান্তিনিকেতন

কল্যাণীয়েষু

ঘোর বাদল নেমেছে। তাই আমার মনটা মানব-ইতিহাসের শতাবীচিহ্নিত বেড়ার ডিতর থেকে ছুটে বেরিয়ে গেছে। আকাশরকভূমিতে জল-বাতাদের মাতনের যুগযুগান্তরবাহিত শ্বতিম্পল্ন আব্দ আমার শিরায় শিরায় মেঘমলারের মীড় লাগিয়েছে। আমার কর্তব্যবৃদ্ধি কোথায় ভেসে গেল, সম্প্রতি আমি আমার সামনেকার के मात्रवसी नामजान-मह्याहाजित्यत मत्न ভिए शिहि। क्षानतात्मा अत्मत्र दन বনেদি বংশ, ওরা কোন আদিকালের রোদ্রবৃষ্টির উত্তরাধিকার পুরোপুরি ভোগ করে চলেছে। ওরা মাফুষের মতো আধুনিক নয়, সেইজ্বক্তে ওরা চিরনবীন। মানবন্ধাতির মধ্যে কেবল কবিরাই সভ্যতার অপব্যয়ের চোটে তাদের আদিকালের উদ্ভরাধিকার একেবারে ফুঁকে দিয়ে বদে নি। তাই তরুলতার আভিজাত্য কবিদের নিতান্ত মাহয वर्ण व्यवका करत ना। এই बर्स्स वर्ष वर्ष वर्षात्र ममग्र व्यामार्क अमन करत्र छेउना करत राम, आमारक नकल मामिष्यकान तथरक विवागि करत श्राराव रथलाघरत छाकरछ थारक— जामारमत मर्सत्र मर्स्य य एड्लमाञ्च जारह, रा इराइ जामारमत नवरहरत প্রাচীন পূর্বন্ধ, সেই আমার কর্মশালাটি দথল করে বসে। সেইজন্তেই বর্ষা পড়ে অবধি আমি হাওয়ার সবে বৃষ্টির সবে গাছপালার সবে প্রতিযোগিতা করতে বসে শেছি, কাজকর্ম ছেড়ে গান তৈরি করছি— সেই হতে মাহবের মধ্যে আমি সবচেয়ে কম মাত্রৰ হয়েছি— আমার মন ঘাদের মতো কাঁপছে, পাতার মতো ঝিলমিল করছে। কালিদাস এই উপলক্ষেই বলেছিলেন: মেঘালোকে ভবতি স্থবিনোংপাভ্যথাবৃত্তিচেত:। অন্তথাবৃত্তি হচ্ছে মানববৃত্তির গণ্ডির বাইরের বৃত্তি। এই বৃত্তি আমাদের দেই समुद्रकारण निरम् याप्र वथन श्रारंगद्र रथना जनहरू, मत्नद्र मान्छेद्रि एक इद नि-- जास যেখানে ইন্থূলের মোটা খাম উঠেছে দেখানে যথন ঘাসের ফুলে ফুলে প্রজাপতি উডে উড়ে বেড়াচ্ছে। যাই হোক, এই সময়টাতে ঘনমেঘে মধ্যাক ছায়াবৃত, মাঠে মাঠে বাদল-হাওয়া ভেঁপু বাজিয়ে চলেছে, আর ছোটো ছোটো চঞ্চল জলধারা ইম্মলছাড়া ছাত্রীদের অকারণ হাসির মতো চার দিকে থিল্থিল করছে। আজ ৭ই আষাঢ় কুঞা একাদলী তিথি, আৰু অধুবাচী আরম্ভ হল। নামটা দার্থক হয়েছে, দমন্ত প্রকৃতি আৰু জলের ভাষায় মুখর হয়ে উঠল। ঘনমেঘের চক্রাতপের ছায়ায় আজ অমুবাচীর গীতিকবিতার আসর বসেছে— তৃণসভার গারেনের দল বিশ্বিরাও নিমন্ত্রণ শেরেছে, আর তার সচ্চে যোগ দিরেছে মন্তনার্রী। এ আসরে আমার আসন পড়েনি বে তা যনেও কোরো না। মেঘের ডাকের জবাব না দিরে চুপ করে যাব, আমি এখন পাত্র নই। মেঘের পর মেঘের মতো আমারও গান চলেছে দিনের পর দিন; তার কোনো গুরুত্ব নেই. কোনো উদ্দেশ্ত নেই, মেঘ যেমন 'ব্যক্তোতিঃসলিলমক্ষতাং সন্নিপাতঃ' সেও তেমনি নির্থক উপাদানে তৈরি। ঠিক যখন আমার জানলার ধারে বসে গুঞ্নধ্বনিতে গান ধরেছি—

# আজ নবীন যেখের হ্বর লেগেছে আমার মনে, আমার ডাবনা যত উতল হল অকারণে

ঠিক এমনসময় সমুদ্রপার হতে ভোমার প্রশ্ন এল, ভারতবর্ষে হিন্দু-মুসলমান-সমস্থার সমাধান কী। হঠাৎ মনে পড়ে গেল, মানবসংসারে আমার কাল আছে— ওধু মেঘমল্লারে মেঘের ভাকের জবাব দিয়ে চলবে না, মানব-ইতিহাসের যে-সমস্ত মেঘমল্র প্রশাবলী আছে তারও উত্তর ভাবতে হবে। তাই অধ্বাচীর আসর পরিত্যাগ করে বেরিয়ে আসতে হল।

পৃথিবীতে হুটি ধর্মসম্প্রদার আছে অন্ত সমস্ত ধর্মতের সঙ্গে বাদের বিরুক্ষতা অত্যুগ্র — সে হচ্ছে খুন্টান আর ম্নলমান-ধর্ম। তারা নিজের ধর্মকে পালন করেই সন্তই নর, অন্ত ধর্মকে সংহার করতে উত্যত। এইজন্তে তাদের ধর্ম গ্রহণ করা ছাড়া তাদের সঙ্গে মেলবার অন্ত কোনো উপায় নেই। খুন্টানধর্মাবলম্বীদের সম্বন্ধ একটি স্থবিধার কথা এই বে, তারা আধুনিক মৃগের বাহন; তাহের মন মধ্যর্গের গণ্ডির মধ্যে আবদ্ধ নর। ধর্মত একান্তভাবে তাদের সমন্ত জীবনকে পরিবেষ্টিত করে নেই। এইজন্তে আপরধর্মাবলম্বীদেরকে তারা ধর্মের বেড়ার ছারা সম্পূর্ণ কাধা দের না। যুরোপীয় আর খুন্টান এই হুটো শব্ধ একার্থক নয়। 'যুরোপীয় বৌদ্ধ' বা 'যুরোপীয় মুসলমান' শব্দের মধ্যে স্বতোবিক্ষতা নেই। কিন্ত ধর্মের নামে যে জাতির নামকরণ ধর্মতেই তাদের মুখ্য পরিচর। 'মুসলমান বৌদ্ধ' বা 'মুসলমান খুন্টান' শব্দ বতই অসম্ভব। অপর পক্ষে হিন্দুজাতিও এক হিসাবে মুসলমানদেরই মতো। অর্থাৎ, তারা ধর্মের প্রাক্ষারে সম্পূর্ণ পরিবেষ্টিত। বাছ প্রডেরটা হচ্ছে এই বে, অন্ত ধর্মের বিক্ষতা তাদের পক্ষে সকর্মক নয়— অহিন্দু সমন্ত ধর্মের সক্ষে ভানের মতা-তে-operation। হিন্দুর মর্ম মুখ্যভাবে স্বন্ধত ও জাচারমূলক হওরাতে তার বেড়া আরও করিন। বুসলমানধর্ম

খীকার করে মুসলমানের সঙ্গে সমানভাবে মেলা বার, হিন্দুর সে পর্বও অভিশয় मरकीर्। भाशास्त्र रावशास्त्र मूमनमान चनत्र मन्ध्रनायस्क निरंदिधत्र बात्रा क्षणाचान करत ना, हिन्दू रमथात्मध मधर्क। जारे थिनास्थ উপनत्क मुमनमान नित्कत ममिला এবং অন্তঞ্জ হিনুকে যত কাছে টেনেছে হিন্দু মুসলমানকে তত কাছে টানতে পারে নি। আচার হচ্ছে মাহুষের সঙ্গে মাহুষের সহছের সেতু, সেইখানেই পদে পদে হিন্দু নিজের বেড়া তুলে রেথেছে। আমি ধবন প্রথম আমার জমিদারি কাজে প্রবৃত হয়েছিলুম उथन (मर्थिहिनुम, कोहांत्रिए मूमनमान क्षेक्नांत्क वमराज मिराज हरन कांकिरमत এক প্রাপ্ত তুলে দিয়ে সেইখানে তাকে স্থান দেওয়া হত। অন্ত-আচার-অবলঘীদের অন্তটি বলে গণ্য করার মতো মাহুবের দকে মাহুবের মিলনের এমন ভীষণ বাধা আর কিছু নেই। ভারতবর্বের এমনি কপাল যে, এখানে হিন্দু-মুসলমানের মতো দুই জাত একতা হয়েছে; ধর্মতে হিন্দুর বাধা প্রবল নয়, আচারে প্রবল; আচারে মুসলমানের वांधा क्षेत्रन नय, धर्ममत्त्व क्षेत्रन । अक शत्क्षत्र त्य मित्क बाद त्थाना, व्यम्न शत्क्रद त्म मित्क স্বার ক্লম। এরা কী করে মিলবে। এক সময়ে ভারতবর্ষে গ্রীক পারসিক শক নানা জাতির অবাধ সমাগম ও দক্ষিলন ছিল। কিন্তু মনে রেখো, সে 'হিন্দু'-যুগের পূर्वरठी कारन। हिन्तूग्र हरक अक्छ। প্রতিক্রিয়ার য্গ— এই ঘূপে রান্ধণ্যধর্মকে महिष्टेजार भाका करत भीषा श्राहिन। पूर्वज्या जाहारतत श्राकांत्र प्राकांत्र प्राकांत्र क्चांदाक करत्र राजाना रराहिन। धक्ठा कथा मरन हिन ना, राजाना शानवान জিনিসকে একেবারে আটঘাট বন্ধ করে সামলাতে গেলে তাকে মেরে ফেলা হয়। যাই হোক, মোট কথা হচ্ছে, বিশেষ এক সময়ে বৌদ্ধগুগের পরে রাজপুত প্রভৃতি বিদেশীয় জাতিকে দলে টেনে বিশেষ অধ্যবসায়ে নিজেদেরকে পরকীয় সংস্রব ও প্রভাব থেকে সম্পূর্ণ রক্ষা করবার জন্তেই আধুনিক হিন্দুধর্মকে ভারতবাসী প্রকাণ্ড একটা বেড়ার মতো করেই গড়ে তুলেছিল— এর প্রকৃতিই হচ্ছে নিষেধ এবং প্রত্যাধ্যান। সকল-প্রকার মিলনের পক্ষে এমন স্থনিপুণ কৌশলে রচিত বাধা জগতে আর কোথাও স্বষ্ট হয় নি । এই বাধা কেবল হিন্দু-মুনলমানে তা নয়। তোমার স্মামার মতো মাঞ্ব যারা আচারে স্বাধীনতা রক্ষা করতে চাই, আমরাও পুথক, বাধাগ্রন্ত। সমস্তা তো এই, কিন্তু সমাধান কোৰায়। মনের পরিবর্তনে, মুগের পরিবর্তনে। মুরোপ সভ্যসাধনা ও জ্ঞানের ব্যাপ্তির ভিতর দিয়ে যেমন করে মধ্যযুগের ভিতর দিয়ে আধুনিক যুগে अरम शीरहरह हिन्दर मुमनमानरक्थ एकमनि मिछत्र बाह्रेद बाजा कत्राक हरत। ধর্মকে কররের মতো তৈরি করে তারই মধ্যে সমগ্র জাতিকে ভূতকালের মধ্যে সর্বভোভাবে নিহিত করে রাখনে উন্নতির পথে চলবার উপায় নেই, কারও সঞ্ কারও মেলবার উপার নেই। আমাদের মানসপ্রকৃতির মধ্যে যে অবরোধ রয়েছে তাকে ঘোচাতে না পারলে আমরা কোনোরকমের স্বাধীনতাই পাব না। শিক্ষার ছারা, সাধনার ছারা সেই মূলের পরিবর্তন ঘটাতে ছবে— ডানার চেয়ে থাঁচা বড়ো এই সংস্কারটাকেই বদলে ফেলতে হবে— তার পরে আমাদের কল্যাণ হতে পারবে। হিন্দু-মূসলমানের মিলন রুগপরিবর্তনের অপেক্ষায় আছে। কিছু এ কথা ওনে ভর পাবার কারণ নেই; কারণ অন্ত দেশে মাহ্য সাধনার ছারা মুগপরিবর্তন ঘটিয়েছে, গুটির যুগ থেকে ডানা-মেলার যুগে বেরিয়ে এসেছে। আমরাও মানিদিক অবরোধ কেটে বেরিয়ে আসব; যদি না আদি তবে, নাতঃপদ্ধা বিছতে অয়নার। ইতি ৭ই আয়াঢ়, ১৩২৯

### নারী

মাহুষের স্পষ্টতে নারী পুরাতনী। নরসমাজে নারীশস্কিকে বলা যেতে পারে আছাশক্তি। এই সেই শক্তি যা জীবলোকে প্রাণকে বহন করে, প্রাণকে পোষণ করে।

পৃথিবীকে জীবের বাসযোগ্য করবার জন্তে অনেক যুগ গেছে ঢালাই-পেটাই করা
মিল্লির কাজে। সেটা আধথানা শেব হতে না-হতেই প্রকৃতি গুরু করলেন জীবকৃষ্টি,
পৃথিবীতে এল বেদনা। প্রাণসাধনার সেই আদিম বেদনা প্রকৃতি দিয়েছেন নারীর
রক্তে, নারীর হদয়ে। জীবপালনের সমন্ত প্রবৃত্তিজ্ঞাল প্রবল করে জড়িত করেছেন
নারীর দেহমনের তন্ততে তন্ততে। এই প্রবৃত্তি শভাবতই চিত্তবৃত্তির চেয়ে হদয়বৃত্তিতেই স্থান পেয়েছে গভীর ও প্রশন্ত ভাবে। এই সেই প্রবৃত্তি নারীর মধ্যে ষা
বন্ধনালাল গাঁথছে নিজেকে ও অন্তকে ধরে রাধবার জল্তে প্রেমে, শ্লেহে, সকর্ষণ ধৈর্মে।
মানবসংসারকে গড়ে ভোলবার, বেঁধে রাধবার এই আদিম বাধুনি। এই সেই সংসার
যা সকল সমাজের সকল সভ্যতার মূলভিত্তি। সংসারের এই গোড়াকার বাধন না
থাকলে মাহ্ম ছড়িরে পড়ত আকারপ্রকারহীন বান্দের মতো; সংহত হয়ে কোথাও
মিলনকেন্দ্র স্থাপন করতে পারত না। সমাজবন্ধনের এই প্রথম কাজটি মেয়েদের।

প্রকৃতির সমন্ত সৃষ্টিপ্রক্রিয়া গভীর গোপন, তার স্বতঃপ্রবর্তনা বিধাবিহীন। সেই
আদিপ্রাণের সহজ প্রবর্তনা নারীর স্বভাবের মধ্যে। সেইজ্বন্থ নারীর স্বভাবকে মান্ত্র্ রহস্তময় আখ্যা দিয়েছে। তাই অনেক সময়ে স্বক্সাৎ নারীর জীবনে যে সংবেগের উল্কাস দেখতে পাওরা বার তা তর্কের অভীত— তা প্রয়োজন-স্কুসারে বিধিপূর্বক খনন করা জ্লাশরের মতো নর, তা উৎসের মতো বার কারণ জাপন জহৈতুক রহজে নিহিত।

প্রেমের রহন্ত, ম্বেহের রহন্ত অতি প্রাচীন এবং হুর্গম। সে আপন সার্থকভার অন্তে তর্কের অপেকা রাথে না। বেখানে তার সমস্তা সেখানে তার জত সমাধান চাই। তাই গৃহে নারী ষেমনি প্রবেশ করেছে কোপা থেকে অবতীর্ণ হল গৃহিণী, শিশু বেমনি কোলে এল মা তথনই প্রস্তত। জীবরাজ্যে পরিণত বৃদ্ধি এসেছে মনেক পরে। সে আপন জায়গা খুঁজে পায় সন্ধান ক'রে, যুদ্ধ ক'রে। বিধা মিটিয়ে চলতে ভার সময় বায়। এই দ্বিধার সলে কঠিন বন্দেই সে সবলতা ও সফলতা লাভ করে। এই দ্বিধাতরকের ওঠাপড়ায় শতাব্দীর পর শতাব্দী চলে যায়, সাংঘাতিক ভ্রম ক্রমে উঠে বার বার মান্তবের ইতিহাসকে দেয় বিপর্যন্ত করে। পুরুষের সৃষ্টি বিনাশের মধ্যে তলিয়ে যায়, নৃতন করে বাঁধতে হয় তার কীর্তির ভূমিকা। পালটিয়ে পালটিয়ে পরীক্ষায় পুরুষের কর্ম কেবলই দেহপরিবর্তন করে। অভিজ্ঞতার এই নিতাপরিক্রমণে যদি তাকে অগ্রসর করে তবে সে বেঁচে যায়, যদি ক্রটিসংশোধনের অবকাশ না পায় তবে জীবন-বাহনের ফাটল বড়ো হয়ে উঠতে উঠতে তাকে টানে বিলুপ্তির কবলের মধ্যে। পুরুষের রচিত সভ্যতার আদিকাল থেকে এইরকম ভাঙা-গড়া চলছে। ইতিমধ্যে, নারীর মধ্যে প্রের্মী, নারীর মধ্যে জননী প্রকৃতির দোতো স্থিরপ্রতিষ্ঠিত হয়ে আপন কাজ करत घटनाइ। अवर প্রবল আবেগের সংঘর্ষে আপন সংসারের ক্লেছে মাঝে মাঝে অগ্নিকাও করেও আসছে। সেই প্রলয়াবেগ যেন বিশ্বপ্রকৃতির প্রলয়লীলারই মতো, ঝড়ের মতো, দাবদাহের মতো- আক্সিক, আত্মঘাতী।

পুৰুষ তার আপন জগতে বারে বারে নৃতন আগদ্ধক। আজ পর্যন্ত কতবার সে গড়ে তুলেছে আপন বিধিবিধান। বিধাতা তাকে তার জীবনের পথ বাধিয়ে দেন নি; কত দেশে কত কালে তাকে আপন পথ বানিয়ে নিতে হল। এক কালের পথ বিপথ হয়ে উঠল আর-এক কালে, উলটিয়ে গেল তার ইতিহাস, করলে সে অন্তর্ধান।

নব নব সভ্যতার উলটপালটের ভিতর দিয়ে নারীর জীবনের মূলধারা চলেছে এক প্রশেষ্ট পথে। প্রকৃতি তাকে বে হাদয়সম্পদ দিয়েছেন নিত্যকৌতৃহলপ্রবণ বৃদ্ধির হাতে তাকে নৃতন নৃতন অধ্যবসায়ে পর্য করতে দেওয়া হয় নি । নারী পুরাতনী ।

পূক্ষকে নানা ছারে নানা আপিসে উমেদারিতে ঘোরার। অধিকাংশ পূক্ষই জীবিকার জন্তে এমন কাজ মানতে বাধ্য হয় বার প্রতি তার ইচ্ছার তার ক্ষমতার সহজ সম্বতি নেই। কঠিন পরিশ্রমে নানা কাজের শিক্ষা তার করা চাই— ভাতে বারো-আনা পূক্ষই ববোচিত সক্ষতা পার না। কিছু গৃহিণীরূপে ক্মনীরূপে

মেরেকের বে কাব্দ সে ভার আপন কাব্দ, সে ভার বভাবসংগত।

নানা বিশ্ব কাটিয়ে অবস্থার প্রতিক্লতাকে বীর্যের বারা নিজের অন্থাত করে পূরুষ
মহন্ত লাভ করে। সেই অসাধারণ সার্থকতায় উদ্ভীর্ণ পূরুষের সংখ্যা আয়। কিন্ত
স্থাবার রসধারার আপন সংসারকে শক্তশালা করে তুলেছে এমন মেয়েকে প্রায় দেখা
যায় ঘরে ঘরে। প্রকৃতির কাছ থেকে তারা পেয়েছে অশিক্ষিতপট্ন, মাধুর্যের ঐশর্য
তাদের সহজে লাভ করা। যে মেয়ের বভাবের মধ্যে ত্রভাগ্যক্রমে সেই সহজ রসটি
না ধাকে, কোনো শিক্ষায়, কোনো কৃত্রিম উপায়ে সংসারক্ষেত্রে সে সার্থকতা পায় না।

বে সম্বল অনায়ালে পাওয়া যায় তার বিপদ আছে। বিপদের এক কারণ আন্তর পক্ষে তা লোভনীয়। সহজ-ঐশর্ষবান দেশকে বলবান নিজের একান্ত প্রোজনে আত্মনাৎ করে রাখতে চায়। অন্তর্বর দেশের পক্ষে স্বাধীন থাকা সহজ্ঞ। বে পাথির জানা স্থান ও কঠন্বর মধ্র তাকে খাঁচায় বন্দী করে মান্ত্য গর্ব অন্তব করে; তার সৌন্দর্য সমন্ত অরণ্যভূমির, এ কথা সম্পতিলোল্পরা ভূলে যায়। মেয়েদের হদয়মাধুর্য ও সেবানৈপুণ্যকে পুরুষ স্থাবিকাল আপন ব্যক্তিগত অধিকারের মধ্যে কড়া পাহারায় বেড়া দিয়ে রেথেছে। মেয়েদের নিজের স্বভাবেই বাঁধন-মানা প্রবণতা আছে, সেইজন্তে এটা সর্বত্রই এত সহজ্ঞ হয়েছে।

বস্তুত জীবপালনের কাজটাই ব্যক্তিগত। সেটা নৈর্যক্তিক তত্ত্বের কোঠার পড়ে না, সেই কারণে তার আনন্দ বৃহৎ তত্ত্বের আনন্দ নয়; এমন-কি মেয়েদের নৈপুণ্য যদিও বহন করেছে রস, কিন্তু স্ক্টের কাজে আজও যথেষ্ট সার্থক হয় নি।

তার বৃদ্ধি, তার সংস্কার, তার আচরণ নির্দিষ্ট সীমাবদ্ধতার দ্বারা বহু যুগ থেকে প্রভাবান্বিত। তার শিক্ষা, তার বিশ্বাস বাহিরের বৃহৎ অভিজ্ঞতার মধ্যে সত্যতা লাভ করবার সম্পূর্ণ হ্বযোগ পায় নি। এইজন্তে নির্বিচারে সকল অপদেবতাকেই সে অমূলক ভয় ও অযোগ্য ভক্তির অর্ঘ্য দিয়ে আসছে। সমস্ত দেশ জুড়ে যদি দেখতে পাই, তবে দেখা যাবে এই মোহমুগ্ধতার ক্ষতি কত সর্বনেশে, এর বিপুল ভার বহন করে উন্নতির হুর্গম পথে এগিয়ে চলা কত হঃসাধ্য। আবিলবৃদ্ধি মূচমতি পুরুষ দেশে বে কম আছে তা নয়, তারা শিশুকাল থেকে মেয়ের হাতে গড়া এবং তারাই মেয়েদের প্রতি সবচেয়ে অত্যাচারী। দেশে এই যে-সব আবিল মনের কেন্দ্রগুলি দেখতে দেখতে চারি দিকে গড়ে উঠছে, মেয়েদের অন্ধ বিচারবৃদ্ধির উপরেই তাদের প্রধান নির্ভর। চিত্তের বন্দী-শালা এমনি করে দেশে ব্যাপ্ত হয়ে পড়ছে, এবং প্রতিদিন তার ভিত্তি হয়ে উঠছে দৃঢ়।

এ দিকে প্রায় পৃথিবীর সকল দেশেই মেয়েরা আপন ব্যক্তিগত সংসারের গণ্ডি পেরিয়ে আসছে। আধুনিক এসিরাতেও তার ক্রমণ দেখতে পাই। তার প্রধান কারণ সর্বত্তই সীমানা-ভাঙার যুগ এসে পড়েছে। বে-সকল দেশ আপন আপন ভোগোলিক ও রাষ্ট্রিক প্রাচীরের মধ্যে একান্ত বন্ধ ছিল তাদের সেই বেড়া আব্দ আর তাদের তেমন করে থিরে রাখতে পারে না— তারা পরস্পর পরস্পরের কাছে প্রকাশিত হয়ে পড়েছে। স্বতই অভিজ্ঞতার ক্ষেত্র প্রশন্ত হয়েছে, দৃষ্টিসীমা চিরাভ্যম্ভ দিগন্ত পেরিয়ে গেছে। বাহিরের সব্দে সংঘাতে অবস্থার পরিবর্তন ঘটছে, নৃতন নৃতন প্রয়োজনের সব্দে আচার-বিচারের পরিবর্তন অনিবার্থ হয়ে পড়ছে।

আমাদের বাল্যকালে ঘরের বাইরে বাতায়াতের আবশুকে মেয়েদের ছিল পালকির মুগ। মানী ঘরে সেই পালকির উপরে পড়ত ঘটাটোপ। বেথুন স্থূলে যে মেয়েরা সর্বপ্রথমে ভর্তি হয়েছিলেন তার মধ্যে অগ্রণী ছিলেন আমার বড়দিদি। তিনি দ্বার-থোলা পালকিতে ইস্কুলে যেতেন, সেদিনকার সদ্বান্তবংশের আদর্শকে সেটা অল্প পীড়া দেয় নি। সেই একবল্পের দিনে সেমিজ পরাটা নির্নজ্ঞতার লক্ষণ ছিল। শালীনতার প্রচলিত রীতি রক্ষা করে রেলগাড়িতে যাতায়াত করা সহজ্ঞ ব্যাপার ছিল না।

আৰু সেই ঢাকা পালকির যুগ বহু দ্রে চলে গেছে। মৃত্পদে যায় নি, জ্রুতপদেই গেছে। বাইরের পরিবর্তনের সঙ্গে সজে এ পরিবর্তন আপনিই ঘটেছে— এ নিয়ে কাউকে সভাসমিতি করতে হয় নি। মেয়েদের বিবাহের বয়স দেখতে দেখতে এগিয়ে গেল, সেও হয়েছে সহজে। প্রাকৃতিক কারণে নদীতে জলধারার পরিমাণ যদি বেডে যায় তবে তার তটভূমির সীমা আপনিই হটে যেতে থাকে। মেয়েদের জীবনে আজ সকল দিক থেকেই স্বতই তার তটের সীমা দূরে চলে যাছে। নদী উঠছে মহানদী হয়ে।

এই-ষে বাহিরের দিকে ব্যবহারের পরিবর্তন এ তো বাইরেই থেকে যার না।
অন্তরপ্রকৃতির মধ্যেও এর কাজ চলতে থাকে। মেয়েদের বে মনোভাব বন্ধ সংসারের
উপযোগী মৃক্ত সংসারে সে তো অচল হয়ে থাকতে পারে না। আপনিই জীবনের
প্রশস্ত ভূমিকায় দাঁড়িয়ে তার মন বড়ো করে চিল্তা করতে, বিচার করতে আরম্ভ করে।
তার পূর্বতন সংস্কারগুলিকে ষাচাই করার কাজ আপনিই ভক্ত হতে থাকে। এই
অবস্থায় সে নানারকম ভূল করতে পারে, কিন্ধ বাধায় ঠেকতে ঠেকতে সে ভূল উত্তীর্ণ
হতে হবে। সংকীর্ণ সীমায় পূর্বে মন যেরকম করে বিচার করতে অভ্যন্ত ছিল সে
অভ্যাস আঁকড়ে থাকলে চারি দিকের সঙ্গে পদে পদে অসামঞ্জ আনতে থাকবে। এই
অভ্যাস-পরিবর্তনে তৃঃথ আছে, বিশদও আছে, কিন্ধ সেই ভয় করে আধুনিক কালের
লোতকে পিছনের দিকে ফিরিয়ে দেওয়া যায় না।

গৃহস্থালির ছোটো পরিধির মধ্যে মেরেদের জীবন ধধন জাবন্ধ ছিল তখন মেরেলি

মনের খাভাবিক প্রবৃত্তিগুলি নিয়ে সহজেই তাদের কাঞ্চ চলে ষেত। এজন্তে তাদের বিশেষ শিক্ষার দরকার ছিল না বলেই একদিন স্ত্রীশিক্ষা নিয়ে এতই বিশ্বজ্ঞতা এবং প্রহুমনের স্বান্ট হয়েছে। তথন পুরুষেরা নিজে যে-সব সংস্থারকে উপেক্ষা করত, যে-সব মত বিশ্বাস করত না, যে-সকল আচরণ পালন করত না, মেয়েদের বেলায় সেগুলিকে সমত্বে প্রশ্রম দিয়েছে। তার মূলে তাদের সেই মনোবৃত্তি ছিল যে মনোবৃত্তি একেশ্বর শাসনকর্তাদের। তারা জানে, অজ্ঞানের অন্ধ সংস্কারের আবহাওয়ার যথেছেশাসনের স্বযোগ রচনা করে; মহুরোচিত স্বাধিকার বিসর্জন দিয়েও স্পৃত্তিতে থাকবার পক্ষে এই মৃথ্য অবস্থাই অহুকূল অবস্থা। আমাদের দেশের অনেক পৃক্ষের মনে আজও এই ভাব আছে। কিন্তু কালের সক্ষে সংগ্রামে তাদের হার মানতেই হবে।

কালের প্রভাবে মেয়েদের জীবনের ক্ষেত্র এই-যে শ্বডই প্রসারিত হয়ে চলেছে, এই-যে মৃক্রসংসারের জগতে মেয়েরা আপনিই এসে পড়ছে, এতে করে আত্মরকা এবং আত্মসম্মানের জন্তে তাদের বিশেষ করে বৃদ্ধির চর্চা, বিভার চর্চা, একান্ত আবশুক হয়ে উঠল। তাই দেখতে দেখতে এর বাধা দূর হয়ে চলেছে। নিরক্ষরতার লক্ষা আজ ভর্তমেয়েদের পক্ষে সকলের চেয়ে বড়ো লক্ষা, পূর্বকালে মেয়েদের ছাতা জুতো ব্যবহারের যে লক্ষা ছিল এ তার চেয়ে বেশি, বাট্না-বাটা কোটনা-কোটা সম্বদ্ধে অনৈপুণ্যের অথ্যাতি তার কাছে কিছুই নয়। অর্থাৎ, গার্হস্থা বাজার-দরেই মেয়েদের দর, এমন কথা আজকের দিনে বিয়ের বাজারেও বোলো-আনা থাটছে না। যে বিভার মৃল্য সার্বভৌমিক, যা আশু প্রয়োজনের একান্তিক দাবি ছাড়িয়ে চলে যায়, আজ পাত্রীর মহার্যতা-যাচাইয়ের জন্তে অনেক পরিমাণে সেই বিভার সন্ধান নেওয়া হয়।

এই প্রণালীতেই আমাদের দেশের আধুনিক মেরেদের মন ঘরের সমাজ ছাড়িরে প্রতিদিন বিশ্বসমাজে উত্তীর্ণ হচ্ছে।

প্রথম যুগে একদিন পৃথিবী আপন তপ্ত নিখাসের ক্রাশায় অবগুঠিত ছিল, তথন বিরাট আকাশের গ্রহমন্তলীর মধ্যে আপন হান সে উপলব্ধি করতেই পারে নি। অবশেষে একদিন তার মধ্যে স্থকিরণ প্রবেশের পথ পেল। তথনই সেই মৃক্তিতে আরম্ভ হল পৃথিবীর গৌরবের রুগ। তেমনিই একদিন আর্দ্র হদয়ালুতার ঘন বাল্পাবরণ আমাদের মেরেদের চিন্তকে অত্যক্ত কাছের সংসারে আবিষ্ট করে রেখেছিল। আজ্ব তা ভেদ করে সেই আলোকরিয় প্রবেশ করছে যা মৃক্ত আকাশের, যা সর্বলোকের। বছ দিনের বে-সব সংস্কার্জড়িমাজালে তাদের চিন্ত আবন্ধ বিজ্ঞাতি ছিল যদিও আজ্ব সম্পূর্ণ কেটে যার নি, তবু তার মধ্যে অনেক্রানি ছেদ ঘটেছে। ক্তথানি যে, তা

আমাদের মতো প্রাচীন বয়দ বাদের তারাই জ্বানে।

আদ পৃথিবীর সর্বত্রই মেয়েরা ঘরের চৌকাঠ পেরিয়ে বিশের উন্মৃক্ত প্রাদশে একে 
দাঁড়িয়েছে। এখন এই বৃহৎ সংসারের দায়িত্ব ভাদের স্বীকার করতেই হবে; নইশে
ভাদের লক্ষা, তাদের অন্ধতার্থতা।

আমার মনে হয়, পৃথিবীতে নৃতন যুগ এসেছে। অতিদীর্ঘকাল মানবসভ্যতার ব্যবস্থাতার ছিল পুরুষের হাতে। এই সভ্যতার রাষ্ট্রতন্ত্র অর্থনীতি সমাজশাসনতন্ত্র গড়েছিল পুরুষ। মেয়েরা তার পিছনে প্রকাশহীন অন্তরালে থেকে কেবল করেছিল মরের কাল। এই সভ্যতা হয়ে ছিল একঝোঁকা। এই সভ্যতায় মানবচিত্তের অনেকটা সম্পদের অভাব ঘটেছে; সেই সম্পদ মেয়েদের হয়য়ভাগুরের রুপণের জিম্মায় আটকা পড়েছিল। আল ভাগুরের বার খুলেছে।

তক্ষণ যুগের মান্ত্রহীন পৃথিবীতে পছন্তরের উপর যে অরণ্য ছিল বিভ্ত সেই অরণ্য বহুলক্ষ বংসর ধরে প্রতিদিন স্থতেজ সঞ্চয় করে এসেছে আপন বৃক্ষরাজির মজ্জায়। সেই-সব অরণ্য ভূগর্ভে তলিয়ে গিয়ে রূপান্তরিত অবস্থায় বহুগ্গ প্রচ্ছন ছিল। সেই পাতালের দ্বার যেদিন উদ্বাটিত হল, অক্ষাৎ মান্ত্র্য শত শত বংসরের অব্যবহৃত স্থতিজ্বকে পাপুরে কয়লার আকারে লাভ করল আপন কাজে; তথনি নৃতন বল নিয়ে বিশ্ববিজ্বী আধুনিক যুগ দেখা দিল।

একদিন এ যেমন ঘটেছে সভ্যতার বাহিরের সম্পদ নিয়ে, আজ তেমনি অস্তরের সম্পদের একটি বিশেষ খনিও আপন সঞ্চয়ের বাহিরে প্রকাশ করল। ঘরের মেরেরা প্রতিদিন বিশ্বের মেরে হয়ে দেখা দিছে। এই উপলক্ষে মায়্রের স্প্রিশীল চিত্তে এই-য়ে নৃতন চিত্তের যোগ, সভ্যতায় এ আর-একটি তেজ এনে দিলে। আজ এর ক্রিয়া প্রত্যক্ষে অপ্রত্যক্ষে চলছে। একা পুক্ষের গড়া সভ্যতায় যে ভারসামঞ্জন্তের অভাব প্রায়ই প্রলয় বাধাবার লক্ষ্ণ আনে, আজ আশা করা যায় ক্রমে সে যাবে সাম্যের দিকে। প্রচণ্ড ভূমিকম্প বার বার ধাকা লাগাছে পুরাতন সভ্যতায় ভিত্তিতে। এই সভ্যতায় বিপত্তির কারণ অনেক দিন থেকে সঞ্চিত হয়ে উঠছিল, অতএব ভারনের কাজ কেউ বদ্ধ করতে পারবে না। একটিমাত্র বড়ো আখাসের কথা এই যে, কল্লান্তের ভূমিকায় নৃতন সভ্যতা গড়বার কাজে মেরেরা এনে দাঁড়িয়েছে— প্রস্তুত হছে তারা পৃথিবীর সর্বত্রই। তাদের মৃথের উপর থেকেই য়ে কেবল ঘোমটা থসল তা নয়— যে ঘোমটার আখরণে তারা অধিকাংশ জগতের আড়ালে পড়ে দিয়েছিল সেই মনের ঘোমটাও ভাদের খসছে। যে মানবসমাজে তারা জ্যেছে সেই লমান্ত আজ্ব কারবানায় গড়া বিভাগেই স্কল্ট হয়ে উঠল তাদের দৃষ্টির সন্ত্রে। এশন অন্ধসংক্ষারের কারবানায় গড়া

পুতৃশগুলো নিয়ে থেলা করা আর তাদের সাজবে না। তাদের স্বাভাবিক জীবপালিনী বৃদ্ধি, কেবল ঘরের লোককে নয়, সকল লোককে রক্ষার জন্মে কায়মনে প্রবৃত্ত হবে।

আদিকাল থেকে প্রুষ আপন সভ্যতাত্বর্গের ইটগুলো তৈরি করেছে নিরম্ভর নরবলির রক্তে— তারা নির্মান্তাবে কেবলই ব্যক্তিবিশেষকে মেরেছে কোনো একটা সাধারণ নীতিকে প্রতিষ্ঠিত করতে; ধনিকের ধন উৎপন্ন হয়েছে শ্রমিকের প্রাণ শোষণ করে; প্রতাপশালীর প্রতাপের আগুন জালানো রয়েছে অসংখ্য ত্র্বলের রক্তের আছতি দিয়ে; রাষ্ট্রস্বার্থের রথ চালিয়েছে প্রজাদের তাতে রজ্জ্বদ্ধ করে। এ সভ্যতা ক্ষমতার দ্বারা চালিত, এতে মমতার স্থান অল্প। শিকারের আমোদকে জয়মূক্ত করে এ সভ্যতা বধ করে এসেছে অসংখ্য নিরীহ নিরুপায় প্রাণী; এ সভ্যতায় জীবজগতে মাহমকে সকলের চেয়ে নিদার্কণ করে তুলেছে মাহ্রের পক্ষে এবং অভ্য জীবের পক্ষে। বাঘের ভয়ে বাঘ উদ্বিশ্ন হয় না, কিন্তু এ সভ্যতায় পৃথিবী জুড়ে মাহ্রের ভয়ে মাহ্র্য কম্পাধিত। এইরকম অস্বাভাবিক অবস্থাতেই সভ্যতা আপন মুষল আপনি প্রসব করতে থাকে। আজ তাই শুরু হল। সঙ্গে ভীত মাহ্র্য শান্তির কল বানাবার চেট্রায় প্রস্তুত, কিন্তু কলের শান্তি তাদের কাজে লাগবে না শান্তির উপায় যাদের অস্তুরে নেই। ব্যক্তি-হননকারী সভ্যতা টিকতে পারে না।

সভ্যতাস্থির ন্তন কল্প আশা করা যাক। এ আশা যদি রূপ ধারণ করে তবে এবারকার এই স্থিতে মেয়েদের কাজ পূর্ণ পরিমাণে নিযুক্ত হবে সন্দেহ নেই। নবযুগের এই আহ্বান আমাদের মেয়েদের মনে যদি পৌছে থাকে তবে তাঁদের রক্ষণশীল মন যেন বছ যুগের অস্বাস্থ্যকর আবর্জনাকে একান্ত আসক্তির সঙ্গে বুকে চেপে না ধরে। তাঁরা যেন মুক্ত করেন হাদয়কে, উজ্জ্বল করেন বৃদ্ধিকে, নিষ্ঠা প্রয়োগ করেন জ্ঞানের তপস্থায়। মনে রাখেন, নির্বিচার অন্ধরক্ষণশীলতা স্থিশীলতার বিরোধী। সামনে আসছে নৃতন স্থির যুগ। সেই যুগের অধিকার লাভ করতে হলে মোহমুক্ত মনকে সর্বতোভাবে শ্রহ্মার যোগ্য করতে হবে, অজ্ঞানের জড়তা এবং সকলপ্রকার কাল্পনিক ও বান্ডবিক ভয়ের নিয়্নগামী আকর্ষণ থেকে টেনে আপনাকে উপরের দিকে তুলতে হবে। ফললাভের কথা পরে আসবে— এমন-কি, না আসতেও পারে— কিন্তু যোগ্যতা লাভের কথা সর্বারে। শান্তিনিকেতন। ২ অক্টোবর ১৯৩৬

#### সংযোজন

## কর্মযক্ত

#### হিতসাধন-মণ্ডলীর প্রথম সভাধিবেশনে কবিত বক্তার সারমর্ম

সস্তান জন্মগ্রহণ করলে তার জাতকর্ম-উৎসব করতে হয়; কিন্তু, মাহুষের কোনো শুভামুষ্ঠানের বেলায় আমরা এ নিয়ম পালন করি না— তার জন্মের পূর্বে আশার সঞ্চারটুকু নিয়েই আমরা উৎসব করি। আজকের অমুষ্ঠানপত্তে লেখা আছে যে, হিতসাধন-মণ্ডলীর উভোগে এ সভা আহুত, কিন্তু বস্তুত কোনো মণ্ডলী তো এখনো গড়া হয় নি— আজকের সভা কেবলমাত্র আশার আমন্ত্রণ নিয়ে এসেছে। তর্ক যুক্তি বিচার বিবেচনা সে-সমন্ত পথে চলতে চলতে হবে— কিন্তু যাত্রার আরম্ভে পাথেয় সংগ্রহ করা চাই, আশাই তো সেই পাথেয়।

দীর্ঘকাল নৈরাশ্যের মধ্যে আমরা যাপন করেছি। অন্থান্ত দেশের সোভাগ্যের ইতিহাদ আমাদের দামনে খোলা। তারা কেমন করে উন্নতির দিকে চলেছে দে সমস্তই আমাদের জানা। কিন্তু তার থেকে আমাদের মনে কোনো আশার সঞ্চার হয় নি; উন্টে আমরা জেনেছিল্ম যে, যেহেতু তারা প্রবল তাই তারা প্রবল, যেহেতু আমরা হর্বল তাই আমরা হ্বল, এর আর নড়চড় নেই। এই বিখাদ অন্থিমজ্ঞায় প্রবেশ করে অবসাদে আমাদের অকর্মণ্য করে তুলেছে। দেশ জুড়ে কাজের ক্ষেত্র অথচ আমরা উদাদীন— তার কারণ এ নয় যে, আমাদের খাভাবিক দেশপ্রীতি নেই। বেদনায় বুক ভরে উঠেছে— তবু যে প্রতিকারের চেষ্টা করি নে তার একমাত্র কারণ, মনে আশা নেই।

কী পরিমাণ কাজ আমাদের সামনে আছে তার তালিকাটি আজ দেখা গেল, ভালোই হল। তার পরে দেশের মধ্যে কারা সেবক আছেন এবং তাঁরা কিরকম সাড়া দিলেন যদি জানতে পারি সেও ভালো। কিন্তু স্বচেয়ে যেটি বোঝা গেল সেটি হচ্ছে এই যে, সমন্ত দেশের অন্তরের আশা আজ বাহিরে আকারগ্রহণের জন্ত ব্যাক্ল। সন্মুথে তুর্গম পথ। সেই পথের বাধা অতিক্রম করবার মতো পাথেয় এবং উপায় এই নৃতন উত্যোগের আছে কি নেই, তা আমি জানি না। কিন্তু প্রাণের ভিতরে আশা বলছে— না, মরব না, বাঁচবই এবং বাঁচাবই। এ আশা তো কোনোমতেই মরবার নয়, সে যে একেবারে প্রাণের মর্মনিহিত। যদিচ মরবার লক্ষণই দেখছি— হিন্দুর জনসংখ্যা ব্রাস পাচ্ছে, ত্ঃখত্র্গতির ভালপালা বাড়ছে, তবু প্রাণের ভিতর আশা এই যে, বাঁচতেই হবে, কোনোমতেই মরব না।

জীবনের আরম্ভ বড়ো ক্ষীণ। যে-সব জিনিস নির্জীব তাকে এক মুহূর্তেই ফরমায়েশ-মত ইট-কাঠ জোগাড় করে প্রকাণ্ড করে তোলা যেতে পারে, কিন্ধ প্রাণের উপরে তো নে ছক্ম চলে না। প্রাণ পরমত্র্লরপেই আপনার প্রথম পরিচয় দিয়ে থাকে— সে তো অণু আকারেই দেখা দেয়, অথচ তারই মধ্যে অনস্ককালের সন্তা লুকিয়ে থাকে। অতএব আজ আমাদের আয়োজন কতটুক্ই বা, ক'জন লোকেরই বা এতে উৎসাহ— এসব কথা বলবার কথা নয়। কেননা, বাইরের আয়োজন হোটো, অস্তরের আশা বড়ো। আমরা কতবার এরকম সভাসমিতির আয়োজন করেছি এবং কতবারই অক্কতার্থ হয়েছি— এ কথাও আলোচ্য নয়; ফিরে ফিরে যে এরকম চেটা নানা আকারে দেখা দিয়েছে তার মানেই আমাদের আশা মরতে চায় না, তারও মানে প্রাণ আছে। প্রতিদিন আমাদের কত শুভচেটা মরেছে এ কথা প্রত্যক্ষ হলেও কথনোই সত্য নয়; সত্য এই যে শুভচেটা মরে নি, এবং কোনো কালে মরতে পারে না। এক রাজার পর আর-এক রাজা মরে, কিন্তু রাজার মৃত্যু নেই।

রামানন্দবাবু আমাদের সামনে কর্তব্যের যে তালিকা উপস্থিত করেছেন দে বৃহৎ। আমাদের সামর্থ্য যে কত অল্প তা তো আমরা জানি। যদি বাইরের হিসেব থতিয়ে দেখতে চাই, তা হলে কোনো ভরসা থাকে না। কিন্তু প্রাণের বেহিসাবি আনন্দে সমস্ত অবসাদকে ভাসিয়ে নিয়ে যায়। সেই আনন্দই হচ্ছে শক্তি— নিজের ভিতরকার সেই আনন্দময় শক্তির উপর আমাদের ভরসা রাখতে হবে। আপনার প্রতি আমাদের রাজভক্তি চাই। আমাদের অন্তরের মধ্যে যে রাজা আছেন তাঁকে শ্রদ্ধা করি না বলেই তো তাঁর রাজত্ব তিনি চালাতে পারছেন না। তাঁর কাছে থাজানা নিয়ে এসো; বলো, তুমুম করো তুমি, প্রাণ দেব তোমার কাজে, প্রাণ দিয়ে প্রাণ পাব। আপনার প্রতি সেই রাজভক্তি প্রকাশ করবার দিন আজ উপস্থিত।

পৃথিবীর মহাপুরুষেরা জীবনের বাণী দিয়ে এই কথাই বলে গিয়েছেন যে, বাইরের পর্বতপ্রমাণ বাধাকে বড়ো করে দেখো না, অন্তরের মধ্যে যদি কণা-পরিমাণ শক্তি থাকে তার উপর শ্রদ্ধা রাখো। বিশ্বের দব শক্তি আমার, কিন্তু আমার নিজের ভিতরকার শক্তি যক্তকণ না জাগে ততক্ষণ শক্তির দক্ষে শক্তির যোগ হয় না। পৃথিবীতে শক্তিই শক্তিকে পায়। বিশ্বের মধ্যে যে পরম শক্তি দমস্ত কৃষ্টির ভিতর দিয়ে, ইতিহাসের ভিতর দিয়ে, আপনাকে বিচিত্ররূপে উদ্যাটিত করে দার্থক করে তুলছেন, সেই শক্তিকে আপনার করতে না পারলে, দমস্ত জগতে এক শক্তিরূপে যিনি রয়েছেন তাঁকে স্ফল্সট্রেপে স্পর্শ করতে না পারলে, নৈরাশ্র আর যায় না, ভয় আর ঘোচে না। বিশ্বের শক্তি আমারই শক্তি এই কথা জানো। এই ঘটোমাত্র ছোটো চোখ দিয়ে লোকলোকান্তরে-উৎসারিত আলোকের প্রস্থবণধারাকে গ্রহণ করতে পারছি, তেমনি আপন বণ্ড-শক্তিকে উদ্মীলিত করবা মাত্রই সকল মান্থবের মধ্যে যে পরমা শক্তি আছে

সেই শক্তি আমারই মধ্যে দেখব।

আমরা এতদিন পর্যন্ত নানা ব্যর্থ চেষ্টার মধ্য দিয়ে চলেছি। চেষ্টারূপে যে তার কোনো সফলতা নেই তা বলছি না। বন্ধত অবাধ সফলতায় মাত্রুকে তুর্বল করে এবং ফলের মূল্য কমিয়ে দেয়। আমাদের দেশ যে হাত্ড়ে বেড়াচ্ছে, গলা ভেঙে ডাকাডাকি করে মরছে, লক্ষ্যস্থানে গিয়ে পৌছে উঠতে পারছে না- এর জন্ম নালিশ করব না। এই বারম্বার নিফলতার ভিতর দিয়েই আমাদের বের করতে হচ্ছে কোন জায়গায় আমাদের यथार्थ पूर्वन्छ। आमन्ना এটা দেখতে পেলাম यে, यেখানেই আমন্না নকল করতে গিয়েছি সেইখানেই ব্যর্থ হয়েছি। যে-সব দেশ বড়ো আকারে আমাদের সামনে রয়েছে দেখানকার কাজের রূপকে আমরা দেখেছি, কাজের উৎসকে তো দেখি নি। তাই মনে কেবল আলোচনা করছি, অন্ত দেশ এইরকম করে অমুক বাণিজ্ঞা করে; এইরকম আয়োজনে অমুক প্রতিষ্ঠান গড়ে; অন্ত দেশের বিশ্ববিচ্চালয়ে এত টাকাকড়ি, এত ঘরবাড়ি, এই নিয়ম ও পদ্ধতি— আমাদের তা নেই— এই জন্মই আমরা মরছি। আমরা আলাদিনের প্রদীপের উপর বিশ্বাস করি; মনে করি যে, অন্ত দেশের আয়োজন-গুলোকে, সম্পদগুলোকে কোনো উপায়ে সশরীরে হাঞ্জির করলেই বৃঝি আমরাও स्मोजागानानी इत्य छेउँव। किन्छ कानि ना, जानामितनद्र श्रमीभ जास किनिमक्षता एतन এনে কী ভয়ংকর বোঝা আমাদের কাঁথে চাপিয়ে দেবে— তখন তার ভার বইবে কে। বহিশ্চক্ষু মেলে অন্ত দেশের কর্মরপকে আমরা দেখেছি, কিন্তু কর্তাকে দেখি নি— কেননা নিজের ভিতরকার কর্তৃশক্তিকে আমরা মেলতে পারি নি। কর্মের বোঝাগুলোকে পরের কাছ থেকে ধার করে এনে বিপন্ন ও ব্যর্থ হতেই হবে ; কর্তাকে নিব্দের মধ্যে জাগিয়ে তুলতে পারলেই তথন কাজের উপকরণ থাটি, কাজের মৃতি সত্য ও কাজের ফল অমোঘ হবে।

আলাদিনের প্রদীপের ব্যাপার আমাদের এখানে অনেক দেখেছি, সেইজন্তে এ দেশে যে জিনিসটা গোড়াতেই বড়ো হ্রে দেখা দের তাকে বিশ্বাস করি নে। আমরা যেন আরুতিটাকে চক্ষের পলকে যাত্করের গাছের মতো মন্ত করে তোলবার প্রলোভনকে মনে স্থান না দিই। সত্য আপন সত্যতার গৌরবেই ছোটো হয়ে দেখা দিতে লজ্জিত হয় না। বড়ো আয়তনকে গ্রহণ করতে হলে, সেটাকে মিখ্যার কাছ থেকে পাছে ধার নিতে হয় এই তার বিষম ভয়। লোকের চোথ ভোলাবার মোহে গোড়াতেই যদি মিখ্যার সঙ্গে তাকে সন্ধি করতে হয়, তা হলে এক রাত্রের মধ্যে যত বৃদ্ধিই তার হোক, তিন রাত্রের মধ্যে সে 'সম্লেন বিনশ্রতি'। ঢাক-ঢোল বায়না দেবার পূর্বে এবং কাঠ-থড় জোগাড়ের গোড়াতেই, এ কথাটা যেন আমরা না ভূলি। যিনি

পৃথিবীর একার্ধকে ধর্মের আশ্রয় দান করেছেন তিনি আন্তাবলে নিরাশ্রয় দারিশ্রের কোলে জয়েছিলেন। পৃথিবীতে যা কিছু বড়ো ও সার্থক তার যে কত ছোটো জায়গায় জয়, কোন্ অজ্ঞাত লয়ে যে তার শুত্রপাত, তা আমরা জানি নে— অনেক সময় মরে গিয়ে সে আপনার শক্তিকে প্রকাশমান করে। আমার এইটে বিখাস য়ে, যে দরিদ্র সেই দারিদ্র জয় করবে— সেই বীরই সংবাদপত্তের বিজ্ঞাপনের বাহিরে জীর্ণ কয়ার 'পরে জয়গ্রহণ করেছে। যে শৃতিকাগৃহের অদ্ধকার কোণে জয়েছে সেখানে আমরা প্রবেশ করে তাকে প্রত্যক্ষ করতে পারি নি, কিছু সেখানকার শহুধনে বাইরের বাতাসকে স্পেনিত করে তুলেছে। আমরা তাকে চক্ষে দেখলুম না কিছু আমাদের এই আনন্দ য়ে, তার অভ্যুদয় হয়েছে। আমাদের এই আনন্দ য়ে, আমরা তার সেবার অধিকারী।

আমরা জ্বোড়হাত করে তাকিয়ে আছি; বলছি— তুমি এদেছ। তুমি অনেক দিনের প্রতীক্ষিত, অনেক হুংথের ধন, তুমি বিধাতার রূপা ভারতে অবতীর্ণ।

আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে, মুরোপে আজকাল কথা উঠেছে যে মামুষের উন্নতিসাধন ভালোবেদে নয়, বৈজ্ঞানিক নিয়মের জাঁতায় পিষে মামুষের উৎকর্ষ। অর্থাৎ, যেন কেবলমাত্র পুড়িরে-পিটিয়ে কেটে-ছেঁটে জুড়ে-তেড়ে মামুষকে তৈরি করা যায়। এইজন্তেই মামুষের প্রাণ পীড়িত হয়ে উঠেছে। যয়কে প্রাণের উপরে প্রতিষ্ঠিত করবার মতো দোরাত্ম্য আর-কিছুই হতে পারে না। তার পরিচয় বর্তমান মুদ্ধে দেখতে পাচিছ। কলিমুগের কলদৈত্য স্বর্গের দেবতাদের নির্বাদিত করে দিয়েছে, কিন্তু আবার তো স্বর্গকে ফিরে পেতে হবে। শিবের তৃতীয় নেত্র অগ্নি উদ্গীরণ না করলে কেমন করে দেই মঙ্গল ভূমিষ্ঠ হবে যা দৈত্যের হাত থেকে ব্র্গকে উদ্ধার করবে।

কিন্তু, আমাদের দেশে আমরা একেবারে উন্টো দিক থেকে মরছি— আমরা সম্বতানের কর্তৃত্বকে হঠাৎ প্রবল করতে গিয়ে মরি নি; আমরা মরছি উদাসীলে, আমরা মরছি জরায়। প্রাণের প্রতি প্রাণের যে সহজ ও প্রবল আকর্ষণ আছে আমরা তা হারিয়েছি; আমরা পাশের লোককেও আত্মীয় বলে অহুভব করি না, পরিবার-পরিজনের মধ্যেই প্রধানত আমাদের আনন্দ ও সহযোগিতা, সেই পরিধির বাইরে আমাদের চেতনা অস্পষ্ট। এইজন্মই আমাদের দেশে হঃখ, মৃত্যু, অজ্ঞান, দারিদ্রা। তাই আমরা এবার যৌবনকে আহ্বান করছি। দেশের যৌবনের ঘারে আমাদের আবেদন—বাঁচাও, দেশকে তোমরা বাঁচাও। আমাদের উদাসীল বছদিনের, বহুষুগের; আমাদের প্রাণশক্তি আছেয় আর্ত, একে মৃক্ত করো। কে করবে। দেশের যৌবন— যে যৌবন নৃতনকে বিখাস করতে পারে, প্রাণকে যে নিত্য অহুভব করতে পারে।

क्दाय व्यक्तिय भक्षर्थ विनीन इवाव मिरक याय। এইक्स कारना कादगाय

ব্যক্তিষের ফ্রিনি সেইতে পারে না। ব্যক্তি মানে প্রকাশ। চারি দিকে যেটা অব্যক্ত সেই বৃহৎ যথন একটা কেন্দ্রকে আশ্রয় করে প্রকাশ পায় তথনই ব্যক্তিষ্ব। সংকীর্ণের মধ্যে বিকীর্ণের ক্রিয়াশীলতাই ব্যক্তিষ্ব। আমাদের জাতীয় ব্যক্তিষ্ব অর্থাৎ আমাদের জাতির মধ্যে বিশ্বমানবের আবির্ভাব কেমন করে জাগবে। দেবদানবকে সমুদ্র মন্থন করতে হয়েছিল তবে অমৃত জেগেছিল যে অমৃত সমস্তের মধ্যে ছড়ানো ছিল। কর্মের মন্থনদণ্ডের নিয়ততাড়নায় তবেই আমাদের সকলের মধ্যে যে শক্তি ছড়িয়ে আছে তাকে আমরা ব্যক্ত আকারে পাব; তাতেই আমাদের জাতীয় ব্যক্তিষ্ব অমর হয়ে উঠবে, আমাদের চিন্তা বাক্য এবং কর্ম স্থনির্দিষ্টতা পেতে থাকবে। ইংরাজিতে যাকে বলে sentimentalism সেই ত্র্বল অম্পষ্ট ভাবাতিশয্য আমাদের জীবনকে এতদিন জীর্ণ করেছে। কিন্তু এই ভাবাবেশের হাত থেকে উদ্ধার পাবার একমাত্র উপায় কাজে প্রবৃত্ত হওয়া। কাজে লাগলেই তর্ককীটের আক্রমণ ও পাণ্ডিত্যের পণ্ডতা থেকে রক্ষা পাব।

সেই কর্মের ক্ষেত্রে মিলনের জন্ত আগ্রহবেগ দেশের ভিতরে জাগ্রত হয়েছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। দেশে আজ প্রচণ্ড শক্তি শিশুবেশে এসেছে। আমরা তা অন্তরে অন্তত্তব করছি। যদি তা না অন্তত্তব করি তবে বুথা জন্মেছি এই দেশে, বুখা ব্দরেছি এই কালে। এমন সময়ে এ দেশে জল্মেছি যে সময়ে আমরা একটা নৃতন স্বাষ্টর আরম্ভ দেখতে পাব। এ দেশের নব্য ইতিহাসের সেই প্রথম প্রত্যুষে, যখন বিহচ্চের কলকাকলিতে আকাশ ছেয়ে যায় নি, তথন আমরা জেগেছি। কিন্তু অরুণলেখা তো পূর্ব-গগনে দেখা দিয়েছে— ভয় নেই. আমাদের ভয় নেই। মায়ের পক্ষে তার স্ত্যোজাত কুমারকে দেখবার আনন্দ যেমন, তেমনি সোভাগ্য তেমনি আনন্দ আৰু আমাদের। দেশে যথন বিধাতার আলোক অতিথি হয়ে এল তথন আমরা চোথ মেলনুম। এই বান্ধমূহর্তে, এই স্কনের আরম্ভে, তাই প্রণাম করি তাঁকে যিনি আমাদের এই দেশে আহ্বান করেছেন-- ভোগ করবার জন্ম নয়, ত্যাগ করবার জন্ম। আজ পৃথিবীর ঐশ্বৰ্যশালী জাতিরা ঐশ্বৰ্য ভোগ করছে. কিন্তু তিনি আমাদের জন্ম দিয়েছেন জীর্ণ কন্থার উপরে— আমাদের তিনি ভার দিয়েছেন হৃঃথ দারিল্রা দুর করবার। তিনি বলেছেন, অভাবের মধ্যে তোমাদের পাঠালুম, অজ্ঞানের মধ্যে পাঠালুম, অস্থাস্থ্যের মধ্যে পাঠালুম, তোমরা আমার বীর পুত্র সব। আমরা দরিদ্র বলেই নিজের সত্য শক্তিকে আমাদের নিভান্তই স্বীকার করতে হবে। আমরা যে এত তৃপাকার অজ্ঞান রোগ হুঃখ দারিদ্র্য মুগ্ধসংস্কারের হুর্গবারে এসে দাঁড়িয়েছি, আমরা ছোটো নই। আমরা বড়ো, এ কথা হবেই প্রকাশ— নইলে এ সংকট আমাদের সামনে কেন। সেই কথা শ্বরণ করে যিনি

তুঃথ দিয়েছেন তাঁকে প্রণাম, বিনি অপমান দিয়েছেন তাঁকে প্রণাম, বিনি দারিস্ত্র্য দিয়েছেন তাঁকে প্রণাম।

कासन ३७२३

#### স্বাধিকারপ্রমতঃ

দেড় শো বৎসর পার হইয়া গেল, ইংরেজ-শাসন ভারতবর্ষকে আগাগোড়া দথল করিয়া বিসিয়াছে। এ শাসনে ভারতের কল্যাণ হইয়াছে কি না, তার ধনসম্পদ শিল্প-বাণিজ্য পূর্বের চেয়ে বাড়িয়াছে কিয়া তার আত্মশক্তির ও আত্মশাসনের স্থযোগ বিভৃত হইয়াছে কি না, সে তর্কে আমাদের কোনো লাভ নাই, কারণ এ তর্কে অতীত মৃছিবে না এবং বর্তমানের হৃঃখ ঘূচিবে না। ঐতিহাসিক কৌতৃহলের তরফ হইতেও ইহার মূল্য খ্ব বেশি নয়। কারণ, অনেক তথ্য আছে যাহা গোপনে এবং নীরবে ছাড়া ম্মরণ করিয়া রাথিবার ছকুম আমাদের নাই। অতএব এমন আলোচনায় আমার দরকার কী যার পরিণাম শুভ বা সম্ভোবজনক না হইতে পারে।

কিন্তু একটা কথা আছে যার সম্বন্ধে কোনো ঢাকাঢাকি নাই। এ কথা সকল পক্ষেই স্বীকার করিয়া থাকেন যে, এতকালের সম্বন্ধ থাকা সত্ত্বেও পূর্ব ও পশ্চিম মেলে নাই, বরং তাদের মাঝখানের ফাঁক বাড়িয়াই চলিল। যখন ত্বই জাতি পরস্পরের সঙ্গে ব্যবহার করিতে বাধ্য অথচ উভরের মধ্যে সত্যকার মিলন অসম্ভব, তখন এ সংশ্রব হইতে যত উপকারই পাই ইহার বোঝা বড়ো ভারী। অতএব যখন আমরা বলি যে এই অস্বাভাবিক বিচ্ছেদের জড়ভারে চাপা পড়িয়া আমাদের হাড়ে-মাসে এক হইল, তখন সে কথা আমাদের শাসনতব্বের অভিপ্রায় বা প্রণালীর বিরুদ্ধে অভিযোগের ভাবে বলি না। আজকের দিনে সে কথাটা আমাদের ভারতবর্ষের ভালোমলকে ছাড়াইয়াও অনেক দূর প্রসারিত। আমাদের নিজের ব্যথা হইতে বৃঝিতে পারি, আজ এমন একটা প্রবল সভ্যতা জগৎ জুড়িয়া আপন জাল বিন্তার করিতেছে যা শোষণ করিতে পারে, শাসন করিতে পারে, কিন্তু যার মধ্যে সেই আধ্যাত্মিক শক্তি নাই যে শক্তিতে মাছবের সলে মাহবকে মিলাইয়া দেয়। যে সভ্যতা অবজ্ঞার সহিত বাহির হইতে আমাদের মাথার উপর উপকার বর্ষণ করে অথচ আমাদের অস্তরের ক্বতক্পতা উক্তভাবে দাবি করিতে থাকে, অর্থাৎ যাহা দানের সঙ্গে হাদ্য দেয় না অথচ প্রতিদানের সঙ্গে স্থায় বসে।

অতএব এ কথা স্বীকার করিতে হইবে যে, এই সভ্যতার মধ্যে বৃদ্ধিসম্পদ যথেষ্ট থাকিতে পারে, কিন্তু ইহাতে এমন একটি সত্যের কমতি আছে যে সত্য মাছবের সকলের চেয়ে বড়ো জিনিস। এইজন্তই যে-সব জাত এই আধুনিক সভ্যতার হাতে গড়িয়া উঠিল তারা কোনো মৃশকিলে ঠেকিলেই প্রথমেই বাহিরের দিকে হাৎড়ায়; মনে করে তাদের আপিসে, তাদের কার্যপ্রণালীতে একটা-কিছু লোকসান ঘটিয়ছে, মনে করে সেই প্রণালীটাকেই সারিয়া লইলে তারা উদ্ধার পাইবে। তাদের বিশাস মাছবের সংসারটা একটা শতরঞ্চ থেলা, বড়েগুলোকে বৃদ্ধিপূর্বক চালাইলেই বাজি মাৎ করা যায়। তারা এটা বৃদ্ধিতে পারে না যে, এই বৃদ্ধির খেলায় যাকে জিৎ বলে মাছবের পক্ষে সেইটেই সবচেয়ে বড়ো হার হইতে পারে।

মান্ত্ৰ একদিন স্পষ্ট হউক অস্পষ্ট হউক এই একটি বিশ্বাদে আদিয়া পৌছিয়াছিল যে, কোনো-একটি সন্তা আছেন যাঁর সঙ্গে সম্বন্ধ থাকাতেই আমাদের পরস্পরের প্রতি সম্বন্ধ সত্য হইয়াছে। সেইদিন হইতেই তার ইতিহাস শুরু হইয়াছে। যুরোপের বৈজ্ঞানিক-বৃদ্ধি বলে, এই বিশ্বাদের গোড়া ভূতের বিশ্বাদে। কিন্তু আমরা জানি, ওটা একবারেই বাজে কথা। মান্ত্যের পরস্পরের মধ্যে একটি গভীর ঐক্য আছে, দেই ঐক্যবোধের ভিতরেই ঐ বিশ্বাদের মূল, এবং এই ঐক্যবোধই মান্ত্যের কর্তব্যনীতির ভিত্তি। এই একটি সত্যের উপলব্ধিই মান্ত্যের সমন্ত স্ক্রনীশক্তির মধ্যে প্রাণ ও জ্যোতি সঞ্চার করিয়াছে, ইহাতেই সে আপন আত্মান্তভূতির মধ্যে অসীমের স্পর্শ লাভ করিল।

স্বভাবতই ইতিহাসের আরম্ভে মাছবের ঐক্যবোধ এক-একটি জাতির পরিধির মধ্যেই বন্ধ ছিল। যেমন বড়ো খেতের মধ্যে চারা রোপণ করিবার আগে ছোটো খেতের মধ্যে বীজ বপন করিতে হয়, এও ঠিক তেমনি। এইজন্ত গোড়ায় মাছ্ম আপন দেবতাকে স্বজাতির বিশেষ দেবতা বলিয়াই গণ্য করিত, এবং তার কর্তব্যের দায়িত্ব বিশেষভাবে তার স্বজাতির সীমার মধ্যেই সংকীণ ছিল।

আর্থরা যথন ভারতে আসিলেন তথন তাঁরা যে দেবতা ও যে প্জাবিধি সঞ্চে আনিলেন সে যেন তাঁদের নিজের বিশেষ সম্পত্তির মতোই ছিল। অনার্থদের সঙ্গে তাঁদের লড়াই বাধিল— সে লড়াই কিছুতেই মিটিতে চায় না, অবশেষে যথন আর্থসাধক সর্বভূতের মধ্যে সর্বভূতাত্মাকে উপলব্ধি ও প্রচার করিলেন তথনি ভিতরের দিক হইতে বিরোধের গোড়া কাটা পড়িল। হাদয়ের মধ্যে মনীষা না জাগিলে বিভেদের মধ্যে মিলন আসে কী করিয়া।

ম্দলমান ধখন ভারতে রাজত্ব করিতেছিল তথন আমাদের রাষ্ট্রীয় চাঞ্ল্যের ভিতরে

ভিতরে একটা আধ্যাত্মিক উদ্বোধনের কাজ চলিতেছিল। সেইজন্ত বৌদ্ধমুগের অশোকের মতো মোগল সম্রাট আকবরও কেবল রাষ্ট্রসাম্রাজ্য নয় একটি ধর্মসাম্রাজ্যের কথা চিস্তা করিয়াছিলেন। এইজন্তই দে সময়ে পরে পরে কত হিন্দু সাধু ও মুসলমান স্থান্দির অভ্যুদয় হইয়াছিল থারা হিন্দু ও মুসলমান ধর্মের অন্তর্গতম মিলনক্ষেত্রে এক মহেশবের পূজা বহন করিয়াছিলেন। এবং এমনি করিয়াই বাহিরের সংসারের দিকে বেথানে অনৈক্য ছিল অন্তরাত্মার দিকে পরম সত্যের আলোকে সেথানে সত্য অধিষ্ঠান আবিকৃত হইতেছিল।

ভারতে সেই আধ্যাত্মিক সত্য সম্বন্ধের সাধনা আজিকার দিনেও নিশ্চেষ্ট হয় নাই। তাই এ কথা জোর করিয়া বলা যায় যে, রামমোহন রায়ের জন্ম এবং তাঁহার তপস্থা আধুনিক ভারতের সকল ঘটনার মধ্যে বড়ো ঘটনা; কারণ, পূর্ব ও পশ্চিম আপন অবিচ্ছিন্নতা অহুভব করিবে, আজ পৃথিবীতে ইহার প্রয়োজন সকলের চেয়ে গুরুতর। পশ্চিম যথন ভারতের হারে আঘাত করিল তথন ভারত সর্বপ্রথমে রামমোহন রায়ের মধ্য দিয়াই সেই আঘাতের সত্যকার সাড়া দিয়াছিল। তিনি ভারতের তপস্থালক্ষ আধ্যাত্মিক সম্পদের মধ্যেই, অর্থাৎ পরমাত্মায় সকল আত্মার ঐক্য এই বিশ্বাদের মধ্যেই, সর্বমানবের মিলনের সত্যতা উপলব্ধি করিয়াছিলেন।

আরো অনেক বড়ো লোক এবং বৃদ্ধিমান লোক আমাদের কালে দেখিয়াছি। তাঁরা পশ্চিমের গুরুর কাছে শিক্ষা পাইয়াছেন। এই পশ্চিমের বিভালয়ে নিজের জাতির সন্তাকে অত্যন্ত তীব্র করিয়া অহতব করিতে শেখায়— এই শিক্ষায় যে স্বাদেশিকতা জয়ে তার ভিত্তি অন্ত জাতির প্রতি অবজ্ঞাপরায়ণ পার্থক্যবোধের উপরে প্রতিষ্ঠিত। এইজন্ত এই শিক্ষা জগতের যেখানেই পৌছিয়াছে সেইখানেই পরজাতির প্রতি সন্দেহসংকৃল বিক্ষতা জাগিয়াছে; সেইখানেই মায়ুর অন্ত দেশের মায়ুরকে ছলে বলে ঠেলিয়া পৃথিবীর সমন্ত স্থোগ নিজে পূরা দথল করিবার জন্ত নিজের সমন্ত শক্তিকে উন্তত করিয়া তৃলিতেছে। এই-যে একটা প্রকাশু বৃহ্বদ্ধ অহংকার ও স্বার্থপরতার চর্চা, এই-যে মানুষকে সত্য করিয়া দেখিবার দৃষ্টিকে ইচ্ছা করিয়া বিক্বত করিবার চেটা, ইহা আজ বিলিতি মদ এবং আর-আর পণ্যল্রব্যের সন্দে ভারতেও আসিয়া পৌছিয়াছে। এই শিক্ষায় বিপুল ও প্রবল মিথায় মধ্যে যেটুকু সত্য আছে সেটুকু আমাদিগকে লইতে হইবে; নহিলে আমাদের প্রকৃতি একঝোঁকা হইয়া পড়িবে। কিন্তু সেই সঙ্গে এই কথাও মনে রাখা চাই যে, ভারত যদি এমন কোনো সত্য উপলব্ধি করিয়া থাকে যাহার অভাবে অন্ত দেশের সভ্যতা আপন সামপ্রশ্ব হারাইয়া টলিয়া পড়িতেছে, তবে আজ সেই সত্যকে বলের সন্দে প্রকাশ করাই তার সকলের চেয়ে বড়ো কাজ।

আজ পশ্চিম মহাদেশের লোক হঠাৎ পৃথিবীর সকল জাতির সংস্তবে আসিয়া পড়িয়াছে। এই মহৎ ঘটনার জন্ম তার ধর্মবৃদ্ধি সম্পূর্ণ প্রস্তুত হইয়া উঠে নাই। তাই ভারতের প্রাচীন বাণিজ্য আজ বিধ্বস্ত, চীন বিষে জীর্ণ, পারশু পদদলিত; তাই কলোয় যুরোপীয় বণিকের দানবলীলা এবং পিকিনে বক্সার যুদ্ধে যুরোপীয়দের বীভৎস নিদার্রূপতা দেখিয়াছি। ইহার কারণ, যুরোপীয়েরা স্বজাতিকেই সবচেয়ে সত্য বলিয়া মানিতে শিথিয়াছে। ইহাতে কিছুদ্র পর্যন্ত তাহাদিগকে উত্তীর্ণ করিয়া দিয়াছে। কিছু শেষ পর্যন্ত তাহাদিগকে উত্তীর্ণ করিয়া দিয়াছে। কিছু শেষ পর্যন্ত তাহাদিগকে তাহাদিগকে আত্মজরিতা তেমন অসংগত হয় না, কিছু বয়স হইলে সামাজিক দায়িত্ব সীকার করিবার সময় আসে; তথনও যদি মায়ুষ পরের সম্বন্ধে বিবেচনা করিতে না শেখে তবে তাহাতে অন্তেরও অস্কবিধা ঘটে এবং তাহারও চিরদিন স্থবিধা ঘটে না।

আজ তাই এমন দিন আদিয়াছে যথন পশ্চিমের মান্থব নিজের ঘরের মধ্যেই বেশ করিয়া বৃঝিতেছে শাজাতিকতা বলিতে কী বৃঝায়। এতদিন যে শাজাতিকতার সমস্ত অবিধাটুকু ইহারা নিজে ভোগ করিয়াছে এবং সমস্ত অস্থবিধার বোঝা অন্ত জাতির ঘাড়ে চাপাইয়া আদিয়াছে আজ তাহার ধাকা ইহাদের নিজের গৃহপ্রাচীরের উপর আদিয়া পড়িয়াছে।

এতদিন মানুষ বলিতে ইহারা মুখ্যত আপনাদিগকেই বৃঝিয়াছে। তাহাতে ইহাদের আত্মোপলন্ধি এই সংকীর্ণ দীমার মধ্যে প্রচণ্ডরূপে প্রবল হইয়া উঠিয়াছে, এবং এই দীমার বাহিরে নিজের স্থবিধা এবং অস্থবিধা অনুসারে নিজের লাভক্ষতির পরিমাণ বৃঝিয়া ইহারা ধর্মবৃদ্ধিকে কমাইয়া বাড়াইয়া বেশ সহস্ত করিয়া আনিতে পারিয়াছে।

কিন্তু স্থিবির মাপে সত্যকে ছাঁটিতে গেলে সত্যও আমাদিগকে ছাঁটিতে আসে।
কিছুদিন ও কিছুদ্র পর্যন্ত সে অবজ্ঞা সন্থ করিয়া যায়। তার পরে একদিন হঠাৎ সে
স্বদে-আসলে আপনার পাওনা আদায় করিতে আসিয়া উপস্থিত হয়। এমন সময়ে
আসে যেটা অত্যন্ত অস্থবিধার সময়, এমন উপলক্ষে আসে যেটা হয়তো অত্যন্ত তুচ্ছ।
তথন সেটাকে আমরা বিধাতার অবিচার মনে করি। অধর্মের টাকায় ভদ্র সমাক্ষে
যে মাহ্রষ গৌরবে বয়স কাটাইল, হঠাৎ একদিন যদি তার থাতা ধরা পড়ে তবে সেটাকে
সে অন্তায় অত্যাচার বলিয়াই মনে করে। বড়ো বড়ো সভ্য জাতি তেমনি আপন
সমৃদ্ধিকে এমনি স্বাভাবিক এবং স্থানগত বলিয়া মনে করে যে, ঘূর্দিন যথন তার সেই
সমৃদ্ধির ইতিহাস লইয়া কৈফিয়ত তলব করে তথন সেটাকে সে স্থবিচার বলিয়া মনেই
করিতে পারে না।

এইজন্ম দেখিতে পাই, যুরোপ যথন কঠিন সংকটে পড়ে তখন বিধাতার রাজ্যে

এত তুঃধ কেন ঘটে তা লইয়া সে ভাবিয়া কুল পায় না। কিন্তু পৃথিবীর অভ অংশের লোকেরাই বা কেন হঃখ এবং অপমান ভোগ করে, সে কথা লইয়া বিধাতাকে কিমা নিজেকে তেমন জোরের দকে এরা প্রশ্ন জিজ্ঞাদা করে না। তা হউক, এই সহজ সত্যটুকু তার ভালো করিয়াই জানা দরকার ছিল যে, মহয়ত্ব জিনিস একটা অথগু সত্য, সেটা সকল মাতুষকে লইয়াই বিরাজ করিতেছে। সেটাকে যথন কেহ স্বার্থের বা স্বজাতির থাতিরে থণ্ডিত করে তখন শীঘ্রই হোক বিলম্বেই হোক তার আঘাত একদিন নিজের বক্ষে আসিয়া পৌচে। ঐ মুম্মুত্বের উপলব্ধি কী পরিমাণে সত্য হইয়াছে ইহা লইয়াই সভ্যতার বিচার হইবে- নহিলে, তার আমদানি-রফতানির প্রাচুর্য, তার রণতরীর দৈর্ঘ্য, তার অধীন দেশের বিভৃতি, তার রাষ্ট্রনীতির চাতুরী, এ লইয়া বিচার নয়। ইতিহাসের এই বিচারে আমরা পূর্বদেশের লোকেরা প্রধান সাক্ষী। আমাদিগকে অসংকোচে সত্য বলিতে হইবে, তার ফল আমাদের পক্ষে যত কঠিন এবং অন্তদের পক্ষে যত অপ্রিয় হউক। আমাদের বাণী প্রভূষের বাণী নয়, তার পশ্চাতে শল্পবল নাই। আমরা দেই উচ্চ রাজতত্তে দাঁড়াই নাই যেথান হইতে দেশবিদেশ নতশিরে আদেশ গ্রহণ করে। আমরা রাজ্পভার বাহিরে সেই পথের ধারে ধুলার উপরে দাঁড়াইয়া আছি যে পথে যুগ্যুগান্তের যাত্রা চলিতেছে; যে পথে অনেক জাতি প্রভাতে জয়ধ্মজা উড়াইয়া দিগ দিগন্তে ধুলা ছড়াইয়া বাহির হইয়াছে, সন্ধ্যাবেলায় তারা ভগ্ন দণ্ড এবং জীর্ণ কম্বায় যাত্রা শেষ করিল ; কত সামান্দ্যের অহংকার ঐ পথের ধুলায় কালের রথচক্রতলে চূর্ণ হইয়া গেল, আজ তার দন-তারিখের ভাঙা টুকরাগুলা কুড়াইয়া ঐতিহাদিক উ-টা-পান্টা করিয়া জ্বোড়া দিয়া মরিতেছে। আমাদের বাণী বেদনার বাণী— সত্যের বলে যার বল, একদিন যাহা অক্তসকল কলগর্জনের উর্ধে ইতিহাসবিধাতার সিংহাসনতলে আসিয়া পৌচিবে।

একদিন ছিল যথন মুরোপ আপন আত্মাকে খুঁ জিতে বাহির হইয়াছিল। তথন নানা চিত্তবিক্ষেপের মধ্যেও সে এ কথা বৃঝিয়াছিল যে, বাহিরের লাভের দ্বারা নর, কিন্তু অন্তরে সত্য হইয়া মাক্ষ আপন চরম সম্পদ পায়। সে জানিত, এ লাভের মূল্য কেবল আমাদের মনগড়া নয়, কিন্তু ইহার মূল্য সেই পরম প্রেমের মধ্যে বাহা চিরদিন মাক্ষ্যের সংসারের মধ্যে সচেষ্ট হইয়া আছে। তার পরে এমন দিন আসিল যথন বিজ্ঞান বহির্জগতের মহিমা প্রকাশ করিয়া দিল এবং মুরোপের নিষ্ঠাকে আত্মার দিক হইতে বস্তুর দিকে জ্লোর করিয়া ছিনাইয়া লইল।

মাম্বের পক্ষে বিজ্ঞানের খুব একটা বড়ো তাৎপর্য আছে। প্রকৃতির নিয়মের সঙ্গে মাম্বের জ্ঞানের সহযোগিতা আছে, বিজ্ঞান ইহাই প্রমাণ করে। প্রকৃতির নিয়মের সাহাব্যেই প্রাক্ষতিক নির্বাচনের অধীনতা কাটাইয়া মান্থব আপন ধর্মবিবেকের স্বাধীন নির্বাচনের গৌরব লাভ করিতে পারে, ইহাই বিজ্ঞানের শিক্ষা। প্রকৃতি যে মান্থবের পরিপূর্ণতালাভের পথে অন্তরায় নহে, প্রকৃতির সহিত সত্য ব্যবহার করিয়া তবেই আমাদের চিন্নয়কে রূপদান করিয়া তাহার বাল্বপ্রতিষ্ঠা করিতে পারি, মুরোপের প্রতি এই সত্য প্রচারের ভার আছে।

বিজ্ঞান যেখানে সর্বসাধারণের ছঃখ এবং অভাব-মোচনের কাজে লাগে, যেখানে তার দান বিশ্বজনের কাছে গিয়া পৌছায়, সেইখানেই বিজ্ঞানের মহন্ত পূর্ণ হয়। কিন্ত, যেখানে সে বিশেষ ব্যক্তি বা জাতিকে ধনী বা প্রবল করিয়া তুলিবার কাজে বিশেষ করিয়া নিযুক্ত হয় সেখানেই তার ভয়ংকর পতন। কারণ, ইহার প্রলোভন এত অত্যন্ত প্রকাণ্ড রূপে প্রবল যে আমাদের ধর্মবৃদ্ধি তার কাছে অভিভূত হইয়া পড়ে এবং স্বাজাত্য ও স্থাদেশিকতা প্রভৃতি বড়ো বড়ো নামের বর্ম পড়িয়া নিজেরই শক্তির বিক্রদ্ধে দাঁড়াইয়া লড়াই করে। ইহাতে আজ জগতের সর্বত্র এক জাতির সঙ্গে অন্ত জাতির সম্বন্ধ ছর্বলের দিকে দলন-বন্ধনের বারাভারগ্রন্ত এবং প্রবলের দিকে হিংম্রভার অন্তহীন প্রতিযোগিতায় উদ্ধৃত হইয়া উঠিতেছে; সকল দেশে যুদ্ধ ও যুদ্ধের উদ্যোগ নিত্য হইয়া উঠিয়াছে এবং পোলিটিকাল মহামারীর বাহন যে রাষ্ট্রনীতি তাহা নিষ্ঠ্রতা ও প্রবঞ্চনায় অন্তরে কল্বিত হইতে পাকিল।

তথাপি এই আশা করি, মুরোপের এতদিনের তপশ্যার ফল আজ বন্ধলোভের ভীষণ ধন্দের মধ্যে পড়িয়া পায়ের তলায় ধূলা হইয়া যাইবে না। আজিকার দিনের প্রচণ্ড সংকটের বিপাকে মুরোপ আর-কোনো একটা নৃতন প্রণালী, আর-একটা নৃতন রাষ্ট্র-নৈতিক ব্যবস্থা খুঁজিয়া বেড়াইতেছে। কিন্তু বারম্বার মৃত্যুর পাঠশালায় শিক্ষালাভের পরে মুরোপকে আজ না হয় তো আর-একদিন এ কথা মানিতেই হইবে যে, কেবল কার্যপ্রণালীর পিরামিড-নির্মাণের প্রতি আস্থা রাথা আদ্ধ পৌত্তলিকতা; তাহাকে এ কথা ব্রিতে হইবে, বাহিরের প্রণালীকে নয়, অন্তরের সত্যকে পাওয়া চাই; এ কথা ব্রিতে হইবে যে, কেমাগতই বাসনা-হতায়ির হব্য সংগ্রহ করিতে থাকিলে একদিন জগদ্ব্যাপী অগ্নিকাণ্ড না ঘটিয়া থাকিতে পারে না। একদিন জাগিয়া উঠিয়া মুরোপকে তার লুদ্ধতা এবং উন্মন্ত অহংকারের সীমা বাঁধিয়া দিতে হইবে; তার পরে সে আবিদ্ধার করিতে পারিবে যে, উপকরণই যে সত্য তাহা নয়, অমৃতই সত্য।

ন্ধার অন্ধতার মূরোপের মহত্ব অন্ধীকার করিলে চলিবে না। তার স্থানসন্ধিবেশ, তার জলবায়, তার জাতিসমবায়, এমনভাবে ঘটিয়াছে যে, সহজেই তার ইতিহাস শক্তি সৌন্দর্য এবং স্বাতন্ত্রাপরতায় সম্পদ্শালী ইইয়া উঠিয়াছে। সেথানকার প্রকৃতিতে কঠোরতা এবং মৃত্তার এমন একটি সামঞ্জন্ত আছে যে, তাহা এক দিকে মানবের সমগ্র
শক্তিকে দ্বন্ধে আহ্বান করিয়া আনে, আর-এক দিকে তাহার চিত্তকে অভিভূত করিয়া
নিশ্চেষ্ট অদৃষ্টবাদে দীক্ষিত করে না। এক দিকে তাহা যুরোপের সস্তানদের চিত্তে এমন
তেজের উল্লেক করিয়াছে যে তাহাদের উত্তম ও সাহস কোথাও আপন দাবির কোনো
সীমা স্বীকার করিতে চার না; অপর দিকে তাহাদের বৃদ্ধিতে অপ্রমাদ, তাহাদের করনাবৃত্তিতে স্থদংযম, তাহাদের সকল রচনায় পরিমিতি এবং তাহাদের জীবনের লক্ষ্যের
মধ্যে বান্তবতাবোধের সঞ্চার করিয়াছে। তাহারা একে একে বিশ্বের গৃঢ়রহস্তসকল
বাহির করিতেছে, তাহাকে মাপিয়া ওজন করিয়া আয়ন্ত করিতেছে; তাহারা প্রকৃতির
মধ্যে অস্তর্বত্র যে-একটি ঐক্যতন্ত আবিদ্ধার করিয়াছে তাহা ধ্যানযোগে বা তর্কের বলে
নয়— তাহা বাহিরের পদা ছিন্ন করিয়া, বৈচিত্র্যের প্রাচীর ভেদ করিয়া। তাহারা
নিজের শক্তিতে রুদ্ধ বার উদ্ঘাটিত করিয়া প্রকৃতির মহাশক্তিভাণ্ডারের মধ্যে আদিয়া
উত্তীর্গ হইয়াছে এবং লুক্ক হন্তে সেই ভাণ্ডার লুণ্ঠন করিতেছে।

নিজের এই শক্তি সম্বন্ধে মুরোপের দম্ভ অত্যন্ত বাড়িয়াছে বলিয়াই কোথায় যে তার ন্যনতা তাহা সে বিচার করে না। বাছপ্রকৃতির রূপ যে দেশে অতিমাত্র বৃহৎ বা প্রচণ্ড সে দেশে যেমন মান্থবের চিত্ত তাহার কাছে অভিভূত হইয়া আত্মবিশ্বত হয় তেমনি মান্থব নিজকত বস্তুসঞ্চয় এবং বাহ্ররচনার অতিবিপুলতার কাছে নিজে মোহাবিট হইয়া পরাস্ত হইতে থাকে। বাহিরের বিশালতার ভারে অস্তরের সামঞ্জ্য নট হইতে হইতে একদিন মান্থবের সমুদ্ধি ভয়ংকর প্রলয়ের মধ্যে ধূলায় লুটাইয়া পড়ে। রোম একদিন আপন সাম্রাজ্যের বিপুলতার দ্বাই আপনি বিহ্বল হইয়াছিল। বস্তর অপরিমিত বৃহত্তের কাছে তার সত্য যে প্রতিদিন পরাভূত হইতেছিল তাহা সে নিজে জানিতেই পারে নাই। অথচ সেদিন য়িছদি ছিল রাষ্ট্রব্যাপারে পরতয়, অপমানিত। কিন্তু, সেই পরাধীন জাতির একজন অখ্যাতনামা অকিঞ্চন যে সত্যের সম্পদ উদ্ঘাটিত করিয়া দিল তাহাই তো স্থপাকার বস্তুসঞ্চয়ের উপরে জয়লাভ করিল। য়িছদি উদ্ধত রোমকে এই কথাটুক্ মাত্র শ্বরণ করাইয়া দিয়াছিল যে, আপন আত্মাকে তুমি আপন ধনের চেয়ে বড়ো করিয়া জানো। এই কথাটুক্তেই পৃথিবীর ইতিহাসে নৃতন মুগ্ আসিল।

দরিন্দ্রের কথার আপনার উপর মাহ্ন্যের শ্রদ্ধা জন্মিল, আত্মাকে লাভ করিবার জন্ত সে বাহির হইল। বাহিরে তাহার বাধা বিশুর, তবু নিজের সলে লড়াই করিতে করিতে জন্মতলোকের দিব্যসম্পদ অর্জন করিবার জন্ত সে অগ্রসর হইতেছিল। এমন সময়ে ভাহার তপত্মা ভক করিবার জন্ত বাহিরের দিক হইতে আবার আসিল প্রলোভন। বাহিরের জ্বগৎকে তার হাতে তুলিয়া দিবার জন্ত বিজ্ঞান তার সমূখে আসিয়া দাঁড়াইল। মূরোপ আবার আত্মার চেয়ে আপন বস্তুসংগ্রহকে বড়ো করিয়া দেখিতে লাগিল। দেখিতে দেখিতে বস্তু চারি দিকে বাড়িয়া চলিল।

কিন্তু, ইহাই অসত্য। যেমন করিয়া যে নাম দিয়াই এই বাহিরকে মহীয়ান করিয়া তুলি না কেন, ইহা আমাদিগকে রক্ষা করিতে পারিবে না। ইহা ক্রমাগতই সন্দেহ, দ্বর্ষা, প্রতিদ্বন্দিতা, প্রতারণা, আদ্ধ অহংকার এবং অবশেষে অপঘাতমৃত্যুর মধ্যে মাহুষকে লইয়া যাইবেই; কেননা মাহুষের পক্ষে সকলের চেয়ে বড়ো সত্য এই যে: তদেতৎ প্রেয়ো বিত্তাৎ অন্তরতরং যদয়মাত্মা। অন্তরতর এই-যে আত্মা, বাহিরের সকল বিত্তের চেয়ে ইহা প্রিয়।

যুরোপে ইতিহাস একদিন ন্তন করিয়া আপনাকে যে স্পষ্ট করিয়াছিল, কোনো ন্তন কার্যপ্রণালী, কোনো ন্তন রাষ্ট্রতস্ত্রের মধ্যে তাহার মূলভিত্তি ছিল না। মাহ্যবের আত্মা অন্ত সব-কিছুর চেয়ে সত্যে, এই তত্ত্তি তাহার মনকে স্পর্শ করিবা মাত্র তাহার স্জনীশক্তি সকল দিকে জাগিয়া উঠিল। অক্যকার ভীষণ হর্দিনে যুরোপকে এই কথাই আর-একবার অরণ করিতে হইবে। নহিলে একটার পর আর-একটা মৃত্যুবাণ তাহাকে বাজিতে থাকিবে।

আর আমরা আজ এই মৃত্যুশেলবিদ্ধ পশ্চিমের কাছ হইতে স্বাধীনতা ভিক্ষা করিবার জন্ম ছুটাছুটি করিয়া আসিয়াছি। কিন্তু এই মৃম্ধ্ আমাদিগকে কী দিতে পারে। পূর্বে এক রকমের রাষ্ট্রতন্ত্র ছিল, তাহার বদলে আর-এক রকমের রাষ্ট্রতন্ত্র ? কিন্তু মাহ্ম কি কোনো সত্যকার বড়ো জিনিস একের হাত হইতে অন্তের হাতে তুলিয়া লইতে পারে। মাহ্ম যে-কোনো সত্যসম্পদ লয় তাহা মনের ভিতরেই লয়, বাহিরে না। ভিক্ষার দানে আমরা স্বাধীন হইব না— কিছুতেই না। স্বাধীনতা অস্তরের সামগ্রী।

যুরোপ কেন আমাদিগকে মৃক্তি দিতে পারে না। যেহেতু তাহার নিজের মন মৃক্তি পায় নাই। তার লোভের অস্ত কোথায়। যে হাত দিয়া সে কোনো সত্যবস্ত দিতে পারে লোভে তাহার সে হাতকে বাধিয়া রাথিয়াছে— সত্য করিয়া তার দিবার সাধ্যই নাই. সে যে রিপুর দাস। যে মৃক্ত সেই মৃক্তি দান করে।

যদি সে বিষয়বৃদ্ধির পরামর্শ পাইয়া আমাদিগকে কিছু দিতে আসে তবে সে নিজের দানকে নিজে কেবলই খণ্ডিত করিবে। এক হাত দিয়া যত দিবে আর-এক হাত দিয়া তার চেয়ে বেশি হরণ করিবে। স্বার্থের দানকে পরীক্ষা করিয়া লইবার বেলা দেখিব তাহাতে এত ছিদ্র যে, সে আমাদিগকে ভাসাইয়া রাখিবে কি, তাহাকে ভাসাইয়া রাখাই শক্ত।

তাই এই কথা বলি, বাহিরের দিক হইতে স্বাধীনতা পাওয়া যায়, এমন ভূল যদি মনে আঁকড়িয়া ধরি তবে বড়ো তু:থের মধ্যেই সে ভূল ভাঙিবে। ত্যাগের জন্ম প্রস্তুত হইতে পারি নাই বলিয়াই অস্তরে বাহিরে আমাদের বন্ধন। যে হাত দিতে পারে দেই হাতই নিতে পারে। আপনার দেশকে আমরা অতি সামান্তই দিতেছি, দেইজন্তই আপনার দেশকে পাই নাই। বাহিরের একজন আমার দেশকে হাতে তুলিয়া দিলেই তবে তাহাকে পাইব, এ কথা যে বলে সে লোক দান পাইলেও দান রাখিতে পারিবে না। আপন লোককে তৃ:খ দিই, অপমান করি, অবজ্ঞা করি, বঞ্চনা করি, বিশাস করি না— সেইজন্তই আপন পর হইয়াছে, বাহিরের কোনো আক্ষিক কারণ হইতে নয়।

রিহুদি যথন পরাধীন ছিল তথন রোমের হাত হইতে দক্ষিণাশ্বরূপ তাহারা খাধীনতা পায় নাই। পরে এমন ঘটিয়াছে যে, য়িহুদি দেশছাড়া হইয়া বিদেশে ছড়াইয়া পড়িল। তাহার রাষ্ট্রও নাই, রাষ্ট্রতন্ত্রও নাই। কিন্তু তাহার ইতিহাসে এইটেই সকলের চেয়ে গুরুতর কথা নয়। ইহার চেয়ে অনেক বড়ো কথা এই যে, তাহার কাছ হইতে প্রাণের বীজ উড়িয়া আসিয়া য়ুরোপকে নৃতন ময়য়য়ত দান করিয়াছে। সে যাহা দিয়াছে তাহাতেই তাহার সার্থকতা। যাহা হারাইয়াছে, য়াহা পায় নাই, সেটা সত্বেও সে বড়ো, ইতিহাসে তাহার প্রমাণ হইয়াছে।

বাহিরের পরিমাণে মাহুষের পরিমাণ নহে, এ কথা আমরা বার বার ভুলি কিন্তু তব্ ইহা বার বার মনে করিতে হইবে। চীনদেশকে যুরোপ অস্ত্রবলে পরান্ত করিয়া তাহাকে বিষ খাওয়াইয়াছে, সেটা বড়ো কথা নয়। কিন্তু বড়ো কথা এই যে, ভারত একদিন বিনা অস্ত্রবলে চীনকে অমৃত পান করাইয়াছিল। ভারত আজ যদি সম্স্ত্রের তলায় ভূবিয়া যায় তব্ যাহা সে দান করিয়াছে তাহার জোরেই সে মাহুষের চিত্তলোকে রহিল। যাহা সে ভিক্লা করিয়াছিল, চুরি করিয়াছিল, শুপাকার করিয়াছিল, তাহার জোরে নয়।

তপস্থার বলে আমরা সেই দানের অধিকার পাইব, ডিক্লার অধিকার নয়. এ কথা যেন কোনো প্রলোভনে না ভূলি। মাহ্ম যেহেতু মাহ্ম এই হেতু বস্তর বারা সে বাঁচেনা, সত্যের বারাই সে বাঁচে। এই সত্যই তাহার যে: তমেব বিদিয়াতিমৃত্যুমেতি, নাম্ম: পছা বিশ্বতে অয়নায়— তাঁহাকে জানিয়াই মাহ্ম মৃত্যুকে অতিক্রম করে, তাহার উদ্ধারের অন্ত কোনো উপায় নাই। এই সত্যকে দান করিবার জন্ম আমাদের উপর আহ্বান আছে। মন্টেগ্যুর ভাক খ্ব বড়ো ভাক, আজ্ব এই কথা বলিয়া ভারতের সভা হইতে সভায়, সংবাদপত্র হইতে সংবাদপত্রে ঘোষণা চলিতেছে। কিন্তু এই ভিক্লার ভাকে আমরা মাহ্ম হইব না। আমাদের পিতামহেরা অমরলোক হইতে আমাদের

আহ্বান করিতেছেন, বলিতেছেন: তোমরা যে অমৃতের পুত্র এই কথা জানো এবং এই কথা জানাও; মৃত্যুছায়াচ্ছন্ন পৃথিবীকে এই সত্য দান করো যে, কোনো কর্মপ্রণালীতে নম্ন, রাষ্ট্রতন্ত্রে নম্ন, বাণিজ্যব্যবস্থায় নম্ন, যুক্ক-অন্তের নিদাক্ষণতায় নম্ন—

তমেব বিদিম্বাতিমৃত্যুমেতি। নান্তঃ পদ্বা বিহুতে অয়নায়॥

মাঘ, ১৩২৪

#### চরকা

চরকা-চালনায় উৎসাহ প্রকাশ করি নি অপবাদ দিয়ে আচার্য প্রফুল্লচন্দ্র আমাকে ছাপার কালীতে লাঞ্চিত করেছেন। কিন্তু দণ্ড দেবার বেলাতেও আমার 'পরে সম্পূর্ণ নির্মম হতে পারেন না বলেই আচার্য ব্রজেন্দ্রনাথ শীলকেও আমার দক্ষে এক কলঙ্কের রসায়নে মিল করিয়েছেন।

এতে আমার ব্যথা দূর হল, তা ছাড়া একটা অত্যন্ত পুরোনো কথার নতুন প্রমাণ জুটল এই যে, কারো দক্ষে কারে। বা মতের মিল হয়, কারো দক্ষে বা হয় না। অর্থাৎ, সকল মানুষে মিলে মৌমাছির মতো একই নমুনার চাক বাঁধবে, বিধাতা এমন रेटच्छ करतन नि। किन्छ ममास्रविधाजात्रा कथरना कथरना रमहेतकम रेच्छा करतन। তাঁরা কাজকে সহজ করবার লোভে মাত্মকে মাটি করতে কৃতিত হন না। তাঁরা ছাঁটাই-কলের মধ্যে মাত্ম্য-বনস্পতিকে চালিয়ে দিয়ে ঠিক সমান মাপের হাজার হাজার সরু সরু দেশলাই কাঠি বের করে আনেন। বন্তদ্রব্যকে এরকম পণ্যদ্রব্য করলে বনদেবতারা চুপ করে থাকেন, কিন্তু মাহুষের বৃদ্ধিকে কাজের থাতিরে মৌমাছির বৃদ্ধি করে তুললে নারায়ণের দরবারে হিসাবনিকাশের দিনে জরিমানায় দেউলে হবার ভয় আছে। ছোটো বয়সে জগন্নাথের ঘাটে জল্যাতার প্রয়োজনে যখন যেতেম, নানা পাশির মাঝি হাত ধরে টানাটানি করত। কিন্তু কোনো একটার 'পরে যথন অভিক্লচির পক্ষপাত প্রকাশ করা যেত তথন সেজন্মে কারো কাছ থেকে শাসনভয় ছিল না। त्कनना भामि हिन अत्नक्, याजी हिन अत्नक, जारात्र गयाञ्चान हिन अत्नक । किन्न, যদি দেশের উপর তারকেশ্বরের এমন একটা স্বপ্ন থাকত যে, তারণের জন্তে ওধু একটিমাত্র পাশিই পবিত্র, তবে তাঁর প্রবল পাণ্ডাদের জবর্দন্তি ঠেকাত কে। এ দিকে मानवन्त्रिक चाटि माँ फिट्य त्रैंटम मञ्ज, श्रद्ध शारमायान, कृम यनि वा এक्ट इय, घाँ যে নানা— কোনোটা উত্তরে কোনোটা দক্ষিণে।

শাস্তে বলেন, ঈশবের শক্তি বছধা। তাই স্প্রিব্যাপারে পাঁচ ভূতে মিলে কাজ করে। মৃত্যুতেই বিচিত্র ভূত দৌড় মারে; প্রলয়ে সব একাকার। মাহ্নবকে ঈশর সেই বছধা শক্তি দিয়েছেন, তাই মানবসভ্যতার এত ঐশর্য। বিধাতা চান মানবসমাজে সেই বছকে গেঁপে গেঁপে স্প্রি হবে ঐক্যের; বিশেষফললুর শাসনকর্তারা চান, সেই বছকে দ'লে ফেলে পিগু পাকানো হবে সাম্যের। তাই সংসারে এত অসংখ্য এক-কলের মজুর, এক-উর্দি-পরা সেপাই, এক দলের দভিতে বাঁধা কলের পুতুল। যেখানেই মাহ্মবের মহয়ত্ব জুড়িয়ে হিম হয়ে যায় নি সেথানেই এই হামানদিভায়-কোটা সমীকরণের বিরুদ্ধে বিজ্ঞাহ চলছেই। কোথাও যদি সেই বিজ্ঞাহের লক্ষণ না থাকে, বদি দেখি সেখানে হয় প্রভুর চাবুকে নয় গুরুর অনুশাসনে মাহ্মবকে অনায়াসেই একই ধৃলিশয়নে অতি ভালোমাহ্মবের মতো নিশ্চল শায়িত রাখতে পারে, তা হলে সেই দৃষ্টিহীন নাড়ীক্ষীণ হিমকলেবর' দেশের জন্তে শোকের দিন এসেছে বলেই জানব।

আমাদের দেশে অনেক দিন থেকেই সমীকরণের অলক্ষণ বলবান। এই মরণের ধর্মই আমাদের দেশে প্রত্যেক জাতের প্রত্যেক মান্তবের 'পরেই এক-একটি বিশেষ কাজের বরাত দিয়েছে। দকে দকে কানে এই মন্ত্র যে, স্পষ্টর প্রথম দরবারে তাদের আদিপুরুষ একটিমাত্র বিশেষ মজুরির বায়না নিয়ে তাদের চিরকালকে বাঁধা দিয়ে বলে আছে। স্বতরাং কাজে ইন্তফা দিতে গেলেই দেটা হবে অধর্ম। এইরকমে পিঁপড়ে-সমাজের নকলে খুচরে। কাজ চালাবার খুব স্থবিধে, কিন্তু মানুষ হবার বিশেষ বাধা। যে মাতৃষ কর্তা, যে স্পষ্ট করে, এতে তার মন বায় মারা; যে মাতৃষ দান, যে মজুরি करत, जातरे म्हरूत निभूग भाका रहा। जारे वहकान प्राटक जात्रजवर्ध व्हवनरे পুরাতনের পুনরাবৃত্তি। এবং সেই পুনরাবৃত্তির জাঁতা চালিয়ে চালিয়েই অন্তিষের প্রতি ভারতের এত বিভূষা। তাই দে জন্ম জন্মান্তরের পুনরাবর্তন-কল্পনায় আতঙ্কিত হয়ে সকল কর্ম ও কর্মের মূল মেরে দেবার জন্তে চিত্তবৃত্তি নিরোধ করবার কথা ভাবছে। এই পুনরাবৃত্তির বিভীষিকা দে আপন প্রতিদিনের অভ্যাদ-কড় কর্মচক্রের ঘ্রপাকের মধ্যেই দেখেছে। লোকদান তথু এইটুকু নয়, এমনি করে যারা কল বনে গেল তারা वीर्य हातात्मा, त्कारना जानमत्क टिकावाद मिक्टि जात्मद दहेन ना। यूग यूग धरद हजूद তাদের ঠকাচ্ছে, গুরু তাদের ভোলাচ্ছে, প্রবল তাদের কান-মলা দিচ্ছে। তারা এর কোনো অন্তথা কল্পনামাত্র করতে পারে না, কারণ তারা জ্ঞানে মেরে রেখেছেন বিধাতা; रुष्टित व्यानिकाल मञ्जूत्रभूथ जात्मत्र माकाय मम नित्य वत्म व्याह्मन, त्म मम रुष्टित শেষকাল পর্যন্ত ফুরোবে না। একঘেয়ে কান্দের জীবন্মৃত্যুর ভেলার মধ্যে কালস্রোতে তাদের ভাপিয়ে দেওয়া হয়েছে। কিন্তু সনাতন শাল্প যাই বলুন-না, স্বাইর গোড়ায় বন্ধা মাহ্যকে নিয়ে যে কাণ্ড করেছিলেন এর সঙ্গে তার সম্পূর্ণ ই তফাত। মাহ্যের খোলের মধ্যে ঘূর্ণিচাকার মোটর-কল না বসিয়ে মন ব'লে অত্যন্ত ছট্ফটে একটা পদার্থ ছেড়ে দিয়েছিলেন। সেই বালাইটাকে বিদায় করতে না পারলে মাহ্যকে কল করে তোলা ত্ঃসাধ্য। ঐহিক বা পারত্রিক ভয়ে বা লোভে বা মোহমন্ত্রে এই মনটাকে আধমরা করে তবে কর্তারা এক দলের কাছে কেবলই আদায় করছেন তাঁতের কাপড়, আর-এক দলের কাছে কেবলই ঘানির তেল; এক দল কেবলই জোগাছে তাঁদের ফরমাশের হাঁড়ি, আর-এক দল বানাচ্ছে লাঙলের ফাল। তার পরে যদি দরকার হয় মহুরোচিত কোনো বড়ো কাজে তাদের মন পেতে তারা ব'লে বসে, 'মন ? সেটা আবার কোন্ আপদ। ত্রুম করো-না কেন। মন্ত্র আওড়াও।'

গাছ বিসিয়ে বেড়া তৈরি করতে গেলে সব গাছকেই সমান খাটো করে ছাঁটতে হয়। তেমনি করে আমাদের এই ছাঁটা মনের মূল্কে মান্থবের চিত্তধর্মকে যুগে যুগে দাবিয়ে রেখেছে। কিন্তু তা সত্ত্বেও আজকেকার অবাধ্যতার যুগে এ দিকে ও দিকে তার গোটাকতক ডালপালা বিদ্রোহী হয়ে সাম্যসৌষম্যকে অতিক্রম করে যদি বেরিয়ে পড়বার হুইলক্ষণ দেখায়, যদি সকলেরই মন আজ আঁধার রাতের ঝিল্লিধ্যনির মতো মূহ গুঞ্জনে একটিমাত্র উপদেশমন্ত্রের সমতান-অন্তব্রণ না করে, তা হলে কেউ যেন উদ্বিশ্ন বা বিরক্ত না হন; কেননা স্বরাজের জন্তে আশা করা তথনই হবে খাঁটি।

এইজন্তেই কর্ল করতে লজ্জা হচ্ছে না (যদিও লোকভয় যথেই আছে) য়ে, এ
পর্যন্ত চরকার আন্দোলনে আমার মন ভিতর থেকে দোল খায় নি। অনেকে সেটাকে
আমার স্পর্ধা বলে মনে করবেন, বিশেষ রাগ করবেন। কেননা বেড়জালে যথন অনেক
মাছ পড়ে, তখন যে মাছটা ফদ্কে যায় তাকে গাল না পাড়লে মন খোলদা হয় না।
তথাপি আশা করি, আমার দকে প্রকৃতিতে মেলে এমন লোকও অনেক আছেন।
তাদের দকলকে বাছাই করে নেওয়া শক্ত; কেননা চরকা সম্বন্ধে তাঁদের দকলের হাত
চলে না, অথচ মুধ খুব মুধর বেগেই চলে।

যে-কোনো সমাজেই কর্মকাণ্ডকে জ্ঞানকাণ্ডের উপরে বসিয়েছে, সেইখানেই মান্থবের সকল বিষয়ে পরাভব।

বৃদ্ধ থেকে আরম্ভ করে ভারতের মধ্যযুগের সাধু সাধক থাঁদেরই দেখি, থারাই এসেছেন পৃথিবীতে কোনো মহাবার্তা বহন করে, তাঁরা সকলেই অমনস্ক থান্ত্রিক বাহ্যিক আচারের বিরোধী। তাঁরা সব বাধা ভেদ করে কথা কয়েছিলেন মাছ্যের অন্তরাত্মার কাছে। তাঁরা রূপণের মতো, হিসাবি বিজ্ঞলোকের মতো এমন কথা বলেন নি যে, আগে বাহ্যিক, তার পরে আন্তরিক; আগে অন্তর্ন্ত্র, তার পরে আত্মশক্তির পূর্ণতা।

তাঁরা মাহবের কাছে বড়ো দাবি করে তাকে বড়ো সন্মান দিয়েছিলেন; আর সেই বড়ো সন্মানের বলেই তার অন্তর্নিহিত প্রচ্ছন্ত্র সম্পদ বিচিত্রভাবে প্রকাশিত হয়ে সাহিত্যে, গানে, নানা কাহকলায় সমাজকে সমৃদ্ধিশালী করেছিল। তাঁরা মাহ্যকে দিয়েছিলেন আলো, দিয়েছিলেন জাগরণ; অর্থাৎ তাকে দিয়েছিলেন তার আপন আত্মারইউপলব্ধি—তাতেই সব দেওয়া পূর্ণ হয়।

আজ সমস্ত দেশ জুড়ে আমাদের যদি দৈন্ত এসে থাকে তা হলে জানা চাই, তার মূল আছে আমাদের ভিতরের দিকে। সেই মূল হুর্গতির একটিমাত্র বাহ্য লক্ষণ বেছে নিয়ে দেশগুদ্ধ দকলে মিলে তার উপরে একটিমাত্র বাহ্যিক প্রক্রিয়া নিয়ে পড়লে শনিগ্রহ ভয় পান না। মাহ্যব পাথরের মতো জড়পদার্থ হলে বাইরে হাতুড়ি ঠুকে তার মূর্তি বদল করা যেত; কিন্তু মাহ্যবের মূর্তিতে বাহির থেকে দৈন্ত দেখা দিলে ভিতরে প্রাণশক্তির দিকে মন দেওয়া চাই— হাতুড়ি চালাতে গেলে সেই প্রাণটার উপরেই ঘা পড়বে।

একদিন মোগল-পাঠানের ধাকা যেই লাগল হিন্দুরাজ্জের ছোটো ছোটো আলগা পাট্কেলের কাঁচা ইমারত চার দিক থেকে থান্থান্ হয়ে ভেঙে পড়ল। দেশে তথন স্তোর অভাব ছিল না, কিন্তু সেই স্তো দিয়ে জড়িয়ে বেঁধে ভাঙন বন্ধ করা যায় নি। রাজার সঙ্গে তথন আর্থিক বিরোধ ছিল না, কেননা তাঁর সিংহাসন ছিল দেশেরই মাটিতে। যেথানে ছিল গাছ তার পাকা ফল পড়ত সেইখানেই গাছতলায়। আজ্ব আমাদের দেশে রাজা এক-আধ্জন নয়, একেবারে রাজার বন্ধা ভারতের মাটি ধ্যে তার ফলল ভাসিয়ে নিয়ে চলেছে সম্প্রপারে। জমি তাতে ফলও হারায়, উর্বরতাও হারায়। এবারকার এ আঘাতও যে ঠেকাতে পারি নি তার কারণ এ নয় যে, আমাদের যথেও স্ততো নেই; কারণ এই যে, আমাদের মিল নেই, প্রাণ নেই।

কেউ কেউ বলেন, মোগল-পাঠানের আমলে আমাদের নিঃশক্তি ছিল বটে, কিস্কু অয়বস্থও তো ছিল। নদীতে জলধারা যথন কম তথনো বাঁধ দিয়ে ছোটো ছোটো কৃত্তে হাতের কাছে দিনের কাজ চালাবার মতো জল ধরে রাথা যায়। এ দিকে বাঁধ ভেঙেছে যে। বাইরের পৃথিবীর সঙ্গে দেনাপাওনা বন্ধ করে লুকিয়ে থাকি এমন দিন আর নেই, কথনো আসবেও না। তা ছাড়া সেরকম অবরোধই সবচেয়ে বড়ো দৈন্ত। এমন অবস্থায় বিশের সঙ্গে ব্যাপারের যোগ্য মনের শক্তি যদি না জাগাতে পারি, তা হলে ফসল থেয়ে যাবে অস্তে, তুঁব পড়ে থাকবে আমাদের ভাগে। ছেলে-ভোলানো ছড়ায় বাংলাদেশে শিশুদেরই লোভ দেখানো হয় যে, হাত ঘুরোলে লাড়ু পাবার আশা আছে; কিন্তু কেবল ঘুরিয়ে ঘুরিয়ে হাত-চালানোর দ্বারা মনের নিশ্চলতার অভাব পূর্ণ হয়ে দৈন্ত দূর হবে, স্বরাজ মিলবে, এমন কথা ব্যঃপ্রাপ্ত লোকদের বলা চলে না।

বাইরের দারিন্তা যদি তাড়াতে চাই তা হলে অস্তরেরই শক্তি জাগাতে হবে বুদ্ধির মধ্যে, জ্ঞানের মধ্যে, সহযোগিতা-প্রবর্তক হলতার মধ্যে।

**उर्क** छेठेरव, काक वाहरतव रथरक अमरक रहा नाफ़ा रमग्र। रमग्र वर्रहे, कारकव मरधारे यनि मत्नत्र अভिमूख कात्ना এकটा ठिखात वाक्षना थारक। क्वतानित्र कारक विशेषां भारक ना, व कथा आमारमंत्र रकत्रानिगितित रमरण मकरणहे स्नारन। मरकीर्न অভ্যাদের কাব্দে বাহ্ নৈপুণ্যই বাড়ে, আর বন্ধ মন ঘানির অন্ধ বলদের মতো অভ্যাদের চক প্রদক্ষিণ করতে থাকে। এইজন্তেই, যে-সব কান্ধ মৃখ্যত কোনো-একটা বিশেষ শারীরিক প্রক্রিয়ার পুন:পুন: আবৃত্তি সকল দেশেই মাহুষ তাকে অবজ্ঞা করেছে। কাৰ্লাইল খুব চড়া গলায় dignity of labour প্ৰচার করেছেন; কিন্তু বিষের মাহ্য যুগে যুগে তার চেয়ে অনেক বেশি চড়া গলায় indignity of labour সম্বন্ধে দাক্ষ্য দিয়ে আসছে। যারা মন্ত্রি করে তারা নিতান্ত দায়ে পড়েই সমাজের বা প্রভুর, প্রবলের বা বৃদ্ধিমানের, লোভে বা শাসনে নিজেদের যন্ত্র বানিয়ে তোলে। তাদেরই মন্ত্র: দর্বনাশে দম্ৎপন্নে অর্ধং ত্যঙ্গতি পণ্ডিত:। অর্থাৎ, না থেয়ে যথন মরতেই বসেচে তথন মনটাকে বাদ দিয়েই হাত চালিয়ে পেট চালানো। তাই ব'লে মাহুষের প্রধান-তর অর্ধেকটা বাদ দেওয়াতেই তার dignity, এমন কথা বলে তাকে সাম্বনা দেওয়া তাকে বিজ্ঞপ করা। বস্তুত পৃথিবীর অধিকাংশ মান্নুষকেই এই ষন্ত্রীভবনের পঙ্গুতা থেকে বাঁচাবে কিনে, এইটেই হয়েছে মন্ত সমস্তা। আমার বিখাদ দব বড়ো সভ্যতাই হয় মরেছে নয় জীবন্যুত হয়েছে, আল লোকের চাপে বছ লোককে মন-মরা করে দেওয়াতেই। কেননা মনই মাহুষের সম্পদ। মনোবিহীন মজুরির আন্তরিক অগৌরব থেকে মানুষকে কোনো বাহু সমাদরে বাঁচাতে পারা যায় না। যারা নিজের কাছেই নিজে ভিতর থেকে খাটো হয়ে গেছে, অন্তেরা তাদেরই খাটো করতে পারে। যুরোপীয় সভ্যতায় বিজ্ঞানচর্চার সামনে যদি কোনো বড়ো নৈতিক্সাধনা থাকে সে হচ্ছে বাহ প্রকৃতির হাতের সবরকম মার থেকে মামুষকে বাঁচানো, আর হচ্ছে মাতুষেরই মনটাকে যন্ত্রে না বেঁধে প্রাকৃতিক শক্তিকেই যন্ত্রে বেঁধে সমাজের কান্ধ আদায় করা। এ কথা निक्ठिं रा, विकानरक এक भार्म केंद्रम द्वारथ क्वम शक हामिए। प्रत्मेत्र विभूम দারিত্র্য কিছুতে দূর হতে পারে না। মাহুষের জানা এগিয়ে চলবে না, কেবল তার করাই চলতে থাকবে, মাহুষের পক্ষে এতবড়ো কুলিগিরির সাধনা আর কিছুই নেই।

একটা কথা মনে রাখতে হবে যে, মামুষ যেদিন প্রথম চাকা আবিষ্কার করেছিল সেদিন তার এক মহা দিন। অচল জড়কে চক্রাক্কতি দিয়ে তার সচলতা বাড়িয়ে দেবা মাত্র, যে বোঝা সম্পূর্ণ মামুষের নিজের কাঁথে ছিল তার অধিকাংশই পড়ল ব্দড়ের কাঁধে। সেই তো ঠিক, কেননা জড়ই তো শুদ্র। ব্লড়ের তো বাহিরের সম্ভার সঙ্গে সঙ্গে অন্তরের স্তা নেই; মাত্র্যের আছে, তাই মাত্র্য মাত্রই দিজ। তার বাহিরের প্রাণ, অন্তরের প্রাণ, উভয়কেই রক্ষা করতে হবে। তাই ম্বড়ের উপর তার বাহ্ কর্মভার যতটাই দে না চাপাতে পারবে, ততটাই চাপাতে হবে মাছবের উপর। স্বতরাং ততটা পরিমাণেই মাহবকে জড় করে শুদ্র করে তুলতেই হবে, নইলে সমাজ চলবে না। এই-সব মাত্র্যকে মুখে dignity দিয়ে কেউ কথনোই dignity দিতে পারবে না। চাকা অসংখ্য শূত্রকে শূত্রক থেকে মৃক্তি দিয়েছে। এই চাকাই চরকায়, ক্মোরের চাকে, গাড়ির তলায়, স্থুল স্কানানা আকারে মাহুষের প্রভৃত ভার লাঘব করেছে। এই ভারলাঘবতার মতো ঐশ্বর্ধের উপাদান আর নেই, এ কথা মানুষ বছযুগ পূর্বে প্রথম বুঝতে পারলে যেদিন প্রথম চাকা ঘুরল। ইতিহাসের সেই প্রথম অধ্যায়ে যথন চরকা ঘুরে মাতুষের ধন-উৎপাদনের কাজে লাগল ধন তথন থেকে চক্রবর্তী হয়ে চলতে লাগল, দেদিনকার চরকাতেই এনে থেমে রইল না। এই তথ্যটির মধ্যে কি কোনো তত্ত্ব নেই। বিঞুর শক্তির যেমন একটা অংশ পরা তেমনি আর-একটা অংশ চক্র। বিষ্ণুর मिट मिक्कित नागान मास्य राहे प्लान जमनि तम जम्मका थरक मुक इन। এই অচলতাই হচ্ছে মূল দারিন্তা। সকল দৈবশক্তিই অসীম, এইজভা চলনশীল চক্রের এখনো আমরা সীমায় এদে ঠেকি নি। এমন উপদেশ যদি মেনে বসি যে, স্থতো কাটার পক্ষে আদিমকালের চরকাই শেষ তা হলে বিষ্ণুর পূর্ণ প্রসন্মতা কথনোই পাব না, স্তরাং লন্ধী বিম্থ হবেন। বিজ্ঞান মর্তলোকে এই বিষ্ণুচক্রের অধিকার বাড়াচ্ছে এ কথা যদি ভূলি, তা হলে পৃথিবীতে অন্ত যে-সব মাহুষ চক্রীর সন্মান রেখেছে তাদের চক্রান্তে আমাদের মরতে হবে।

বিজ্ঞানের দৃষ্টিতে মহাচক্রের যে বিরাট শক্তিরূপ দেখা যায় সেটাকে যখন ভূলি, যখন কোনো এক বিশেষ কালের বিশেষ চরকাকেই হতো কাটবার চরম উপাদান রূপে দেখি ও অভ্যন্তভাবে ব্যবহার করি, তবে চরকা ভিতরের দিক থেকে আমাদের কাছে বোবা হয়ে থাকে, তখন যে চরকা মাহ্যকে একদিন শক্তির পথে ধনের পথে অনেক দ্র এগিয়ে দিয়েছে সে আর এগোবার কথা বলে না। কানের কাছে আওয়াজ্ঞ করে না তা নয়, কিছু মনের সঙ্গে কথা কয় না।

আমাকে কেউ কেউ বলেছেন, চরকা ছাড়া আর কোনো কান্ধ কোরো না এমন কথা তো আমরা বলি নে। তা হতে পারে, কিন্তু আর কোনো কান্ধ করো এ কথাও তো বলা হয় না। সেই না-বলাটাই কি প্রবল একটা বলা নয়। স্বরাজসাধনায় একটিমাত্র কান্ধের হকুম অতি নির্দিষ্ট, আর তার চার দিকেই নিঃশক্তা। এই নি:শব্দতার পটভূমিকার উপরে চরকা কি অত্যন্ত মন্ত হয়ে দেখা দিচ্ছে না। বস্তুত সে কি এতই মন্ত। ভারতবর্ষের তেত্রিশ কোটি লোক স্বভাবস্বাতম্প্রানির্বিচারে এই ঘূর্ণ্যমান চরকার কাছে যে যতটা পারে আপন সময় ও শক্তির নৈবেছ সমর্পণ করবে—চরকার কি প্রকৃতই দেই মহিমা আছে। একই পূজাবিধিতে একই দেবতার কাছে সকল মাহুষকে মেলবার জন্তে আজ্ব পর্যন্ত নানা দেশে বারে বারে ডাক পড়ল। কিন্তু, তাও কি সম্ভব হয়েছে। পূজাবিধিই কি এক হল না দেবতাই হল একটি। দেবতাকে আর দেবার্চনাকে সব মাহুষের পক্ষে এক করবার জন্ত কত রক্তপাত, কত নিষ্ঠ্র অত্যাচার পৃথিবীতে চলে আসছে। কিছুতেই কিছু হল না, শুধু কি স্বরাজতীর্থের সাধনমন্দিরে একমাত্র চরকা-দেবীর কাছেই সকলের অর্য্য এদে মিলবে। মানবধর্মের প্রতি এত অবিশ্বাস ? দেশের লোকের 'পরে এত অশ্রন্ধা ?

গুপী বলে আমাদের এক পশ্চিমদেশী বেহারা ছিল। ছেলেবেলায় তার কাছে গল্প গুনেছিল্ম যে, যখন দে পুরীতীর্থে গিয়েছিল, জগল্লাথের কাছে কোন্ থাত্য ফল উৎসর্গ করে দেবে এই নিয়ে তার মনে বিষম ভাবনা উপস্থিত হল। দে বার বার মনে মনে সকলরকম থাবার যোগ্য ফলের ফর্দ আউড়িয়ে যেতে লাগল। কোনোটাতেই তার মন সায় দিলে না। অবশেষে হঠাৎ মনে পড়ে গেল বিলিতি বেগুন। তথনি তার বিধা গেল ঘুচে, জগলাথকে দিয়ে এল বিলিতি বেগুন, শেষ পর্যন্ত এ সম্বন্ধে তার পরিতাপ রইল না।

সবচেয়ে সহজ্ঞ দেবতার কাছে সবচেয়ে কম দেওয়ার দাবি মাছুষের প্রতি সব-চেয়ে অস্তায় দাবি। স্বরাজসাধনের নাম করে তেত্রিশ কোটি লোককে চরকা কাটতে বলা জগন্নাথকে বিলিতি বেগুন দেওয়া। আশা করি, ভারতবর্ষে তেত্রিশ কোটি গুপীনেই। বড়ো যখন ডাক দেন তখন বড়ো দাবি করেন, তখন মান্ত্র্য ধ্য় হয়। কেননা, মান্ত্র্য তখন আশন তুচ্ছতার মাঝখানে চমকে জ্বেগে ওঠে, ব্রুত্তে পারে সে বড়ো।

আমাদের দেশ আচারনিষ্ঠতার দেশ বলেই দেবতার চেয়ে পাণ্ডার পা-পুজার 'পরে আমাদের ভরদা বেশি। বাহিরকে ঘুষ দিয়ে অস্করকে তার দাবি থেকে বঞ্চিত করতে পারি, এমনতরো বিশাদ আমাদের ঘোচে না। আমরা মনে করি, দড়ির উপরে যদি প্রাণপণে আহা রাথি তা হলেই দে নাড়ী হয়ে ওঠে। এই বাহিকতার নিষ্ঠা মাহযের দাসত্বের দীক্ষা। আত্মকর্ত্তের উপর নিষ্ঠা হারাবার এমন সাধনা আর নেই। এমন দেশে দেশ-উদ্ধারের নাম করে এল চরকা। ঘরে ঘরে বদে বদে চরকা ঘোরাছি আর মনে মনে বলছি, স্বরাজ-জগলাথের রথ এগিয়ে চলছে।

ঘোর পুরাতন কথাটাকে আজ নতুন করে বলতে হচ্ছে যে, স্বরাজের ভিত বাছ সাম্যের উপর নয়, অন্তরের ঐক্যের উপর। জীবিকার ক্ষেত্রে এই আন্তরিক ঐক্যের মন্ত একটা জায়গা আছে। বস্তুত ঐক্যাটা বড়ো হতে গেলে জায়গাটা মন্ত হওয়াই চাই। কিন্তু, মান্তবের সমগ্র জীবনয়াত্রা থেকে তার একটিমাত্র ভয়াংশকে ছাড়িয়ে তারই উপর বিশেষ ঝোঁক দিলে স্থতোও মিলবে, কাপড়ও মিলবে, কেবল মান্তবের জীবনের সঙ্গে জীবনের মিল লক্ষের বাইরে পড়ে থাকবে।

ভারতবর্ধে ধর্মের ক্ষেত্রে সকলের মিল হওয়া সম্ভব নয়; আর রাদ্রীয় ক্ষেত্রে সকলেই মিলবে এমন চর্চা এথানে কোনো দিন ছিল না, সবে এর আরম্ভ হয়েছে— সাধারণের মনকে সত্য ভাবে অধিকার করতে অনেক দেরি হবে। এইজন্তেই জীবিকার ভিতের উপরে একটা বড়ো মিলের পত্তন করবার দিকেই আমাদের মন দিতে হবে। জীবিকার ক্ষেত্র সবচেয়ে প্রশন্ত, এথানে ছোটো-বড়ো জ্ঞানী-অজ্ঞানী সকলেরই আহ্বান আছে— মরণেরই ভাকের মতো এ বিশ্বব্যাপী। এই ক্ষেত্র যদি রণক্ষেত্র না হয়— যদি প্রমাণ করতে পারি, এথানেও প্রতিযোগিতাই মানবশক্তির প্রধান সত্য নয়, সহযোগিতাই প্রধান সত্য— তা হলে রিপুর হাত থেকে, অশান্তির হাত থেকে মত্ত একটা রাজ্য আমরা অধিকার করে নিতে পারি। তা ছাড়া এ কথাও মনে রাথতে হবে, ভারতবর্ষে গ্রামসমাজে এই ক্ষেত্রে মেলবার চর্চা আমরা করেছি। সেই মিলনের স্থ্রে যদি বা ছিঁড়ে গিয়ে থাকে, তব্ তাকে সহক্ষে জ্ঞাড়া দেওয়া চলে। কেননা আমাদের মনের স্বভাবটা অনেকটা তৈরি হয়ে আছে।

ব্যক্তিগত মান্থবের পক্ষে যেমন জীবিকা, তেমনি বিশেষ দেশগত মান্থবের পক্ষে তার রাইনীতি। দেশের লোকের বা দেশের রাইনায়কদের বিষয়বৃদ্ধি এই রাইনীতিতে আত্মপ্রকাশ করে। বিষয়বৃদ্ধি হচ্ছে ভেদবৃদ্ধি। এপর্যন্ত এমনিই চলছে। বিশেষ বিশেষ রাই একান্তভাবে স্বকীয় স্বার্থনাধনের যে আয়োজনে ব্যাপৃত সেই তার রাইনীতি। তার মিখ্যা দলিল আর অস্তের বোঝা কেবলই ভারী হয়ে উঠছে। এই বোঝা বাড়াবার আয়োজনে পরম্পর পাল্লা দিয়ে চলেছে; এর আর শেষ নেই, জগতে শান্তি নেই। যেদিন মান্থ্য স্পষ্ট করে বৃঝবে যে, সর্বজাতীয় রাষ্ট্রিক সমবায়েই প্রত্যেক জাতির প্রকৃত স্বার্থনাধন সম্ভব, কেননা পরম্পরনির্ভরতাই মান্থবের ধর্ম, সেই দিনই রাইনীতিও বৃহৎভাবে মান্থবের সত্যসাধনার ক্ষেত্র হবে। সেই দিনই সামান্তিক মান্থ্য যে-সকল ধর্মনীতিকে সত্য বলে স্বীকার করে, রাষ্ট্রিক মান্থবও তাকে স্বীকার করেব। অর্থাৎ, পরকে ঠকানো, পরের ধন চুরি, আত্মনাঘার নিরবচ্ছিন্ন চর্চা, এগুলোকে কেবল পরমার্থের নয়, ঐক্যবদ্ধ মান্থবের স্বার্থেরও অস্করায় বলে জানবে। League of

Nations-এর প্রতিষ্ঠা হয়তো রাষ্ট্রনীতিতে অহমিকাম্ক মহয়ত্বের আদন-প্রতিষ্ঠার প্রথম উদ্যোগ।

রাষ্ট্রনীতি বেমন একান্ত নেশন-খাতন্ত্রে, জীবিকাও তেমনি একান্ত ব্যক্তি-খাতন্ত্রে।
আবন্ধ। এবানে তাই এত প্রতিযোগিতা, ইর্বা, প্রতারণা, মাহুবের এত হীনতা।
কিন্তু, মাহুব যখন মাহুব তখন তার জীবিকাও কেবল শক্তিনাধনার ক্ষেত্র না হয়ে
মহুগ্রজ্বসাধনার ক্ষেত্র হয়, এইটেই উচিত ছিল। জীবিকার ক্ষেত্রেও মাহুব কেবল
আপন অর পাবে তা নয় আপন সত্য পাবে, এই তো চাই। কয়েক বছর পূর্বে যেদিন
সমবায়মূলক জীবিকার কথা প্রথম গুনি, আমার মনে জটিল সমস্তার একটা গাঁঠ যেন
অনেকটা খুলে গেল। মনে হল যে, জীবিকার ক্ষেত্রে স্বার্থের স্বাতন্ত্র্য মাহুবের সত্যকে
এতদিন অবক্রা করে এসেছিল, সেখানে স্বার্থের সন্মিলন সত্যকে আজ প্রমাণ করবার
ভার নিয়েছে। এই কথাই বোঝাতে বসেছে যে, দারিদ্র্য মাহুবের অসন্দিলনে, ধন
তার সাম্মলনে। সকল দিকেই মানবসভ্যতার এইটেই গোড়াকার সত্য— মহুগ্যলোকে
এ সত্যের কোথাও সীমা থাকতে পারে, এ আমি বিশ্বাস করি নে।

জীবিকায় সমবায়তত্ব এই কথা বলে যে, সত্যকে পেলেই মাহুষের দৈন্ত ঘোচে, কোনো একটা বাছ কর্মের প্রক্রিয়ায় ঘোচে না। এই কথায় মাহুষ সম্মানিত হয়েছে। এই সমবায়তত্ব একটা আইডিয়া, একটা আচার নয়; এইজন্ত বহু কর্মধারা এর থেকে স্বস্ট হতে পারে। মনের সঙ্গে পদে পদেই এর মুকাবিলা। ইংরাজি ভাষায় যাকে আঁধা গলি বলে, জীবিকাসাধনার পক্ষে এ সেরকম পথ নয়। বুঝেছিলুম, এই পথ দিয়ে কোনো-একটি বিশেষ আকারের অগ্ল নয়, স্বয়ং অন্নপূর্ণা আসবেন, বাঁর মধ্যে অন্নের সকলপ্রকার রূপ এক সত্যে মিলেছে।

আমার কোনো কোনো আত্মীয় তথন সমবায়তত্তকে কান্দে খাটাবার আয়োজন করছিলেন। তাঁদের সঙ্গে আলোচনায় আমার মন আন্দোলিত হচ্ছিল, এমন সময় আয়র্লণ্ডের কবি ও কর্মবীর A. E. -রচিত Natoinal Being বইথানি আমার হাতে পড়ল। সমবায়জীবিকার একটা বৃহৎ বাত্তব রূপ স্পষ্ট চোথের সামনে দেখলুম। তার সার্থকতা যে কত বিচিত্র, মান্থেরের সমগ্র জীবনযাত্রাকে কেমন করে সে পূর্ব করতে পারে, আমার কাছে তা উজ্জ্বল হয়ে উঠল। অম্বন্ধেও যে বন্ধা, তাকে সত্য পদ্বায় উপলব্ধি করলে মান্থ্য যে বড়ো সিদ্ধি পায়— অর্থাৎ কর্মের মধ্যে বৃরতে পারে যে, আলোর সঙ্গে বিচ্ছেদেই তার বন্ধন, সহযোগেই তার মৃক্তি— এই কথাটি আইরিশ কবিসাধকের গ্রন্থে পরিক্ষুট।

নিশ্চয় অনেকে আমাকে বলবেন, এ-সব শক্ত কথা। সম্বায়ের আইডিয়াটাকে

বৃহৎভাবে কাজে থাটানো অনেক চেষ্টায়, অনেক পরীক্ষায়, অনেক ব্যর্থতার ভিতর দিয়ে গিয়ে তবে অনেক দিনে যদি সম্ভব হয়। কথাটা শক্ত বই-কি। কোনো বড়ো সামগ্রীই সন্তা দামে পাওয়া যায় না। ত্র্লভ জিনিসের হুখসাধ্য পথকেই বলে ফাঁকির পথ। চরকায় হুরাজ পাওয়া যায়, এ কথা অনেকে বলছেন, অনেকে বিশাসও করছেন, কিছ যিনি স্পষ্ট করে ব্রেছেন এমন লোকের সঙ্গে আজও আমার দেখা হয় নি। কাজেই তর্ক চলে না; দেশে তর্ক চলছেও না, রাগারাগি চলছে। যারা তর্কে নামেন তাঁরা হিসাব করে দেখিয়ে দেন, কত চরকায় কত পরিমাণ হুতে। হুয়, আর কত হুতোয় কতটা পরিমাণ খদ্দর হুতে পারে। অর্ধাৎ, তাঁদের হিসাব-মতে দেশে এতে কাপড়ের দৈশ্য কিছু ঘুচবে। তা হলে গিয়ে ঠেকে দৈশ্য দূর করার কথায়।

কিন্তু, দৈন্ত জিনিসটা জটল মিশ্র জিনিস। আর, এ জিনিসটার উৎপত্তির কারণ আছে আমাদের জ্ঞানের অভাবে, বৃদ্ধির ফ্রণ্টিতে, প্রথার দোবে ও চরিত্রের ত্র্বলতায়। মাহ্রবের সমস্ত জীবনযাত্রাকে এক করে ধরে তবে ভিতরে বাহিরে এর প্রতিকার করা যেতে পারে। কান্দেই প্রশ্ন কঠিন হলে তার উত্তরটা সহজ্ব হতে পারে না। যদি গোরা ফৌজ কামান বন্দুক দিয়ে আক্রমণ করে, তবে দিনি সেপাই তীর ধরুক দিয়ে তাদের ঠেকাতে পারে না। কেউ কেউ বলেছেন, কেন পারবে না। দেশস্ক্র লোক মিলে গোরাদের গায়ে যদি পুর্ফেলে তবে কামান বন্দুক সমেত তাদের ভাসিয়ে দেওয়া যেতে পারে। এই পুর্-ফেলাকে বলা যেতে পারে ত্ঃখগম্য তীর্থের স্থখসাধ্য পথ। আধুনিক কালের বিজ্ঞানাভিমানী যুদ্ধপ্রণালীর প্রতি অবজ্ঞা প্রকাশের পক্ষে এমন নিথ্ত অথচ সরল উপায় আর নেই, এ কথা মানি। আর এও না হয় আপাতত মেনে নেওয়া গেল যে, এই উপায়ে সরকারি থুংকারপ্রাবনে গোরাদের ভাসিয়ে দেওয়া অসম্ভব নয়; তবু মান্থবের চরিত্র যারা জানে তারা এটাও জানে যে. তেত্রিশ কোটি লোক একসক্ষে পুর্ ফেলবেই না। দেশের দৈন্ত-সমৃদ্র সেঁচে ফেলবার উদ্দেশে চরকাচালনা সম্বন্ধেও ঐ কথা বলা চলে।

আয়র্গণ্ডে সার হরেস প্ল্যান্থে যথন সমবায়দ্ধীবিকা-প্রবর্তনে প্রথম লেগেছিলেন তথন কত বাধা কত ব্যর্থতার ভিতর দিয়ে গিয়েছিলেন, কত নৃতন নৃতন পরীক্ষা তাঁকে করতে হয়েছিল; অবশেবে বহু চেষ্টার পরে সফলতার কিরকম শুরু হয়েছে National Being বই পড়লে তা বোঝা যাবে। আগুন ধরতে দেরি হয়, কিন্তু যথন ধরে তথন ছড়িয়ে যেতে বিলম্ব হয় না। শুধু তাই নয়, আসল সত্যের স্বরূপ এই য়ে, তাকে য়ে দেশের য়ে কোণেই পাওয়া ও প্রতিষ্ঠিত করা যায় সকল দেশেরই সমশ্রা সে সমাধান করে। সার হরেস প্লাক্ষেই যথন আয়র্গণ্ডে সিদ্ধিলাভ করলেন তথন তিনি একই কালে

ভারতবর্ষের জন্তেও সিদ্ধিকে আবাহন করে আনলেন। এমনি করেই কোনো সাধক ভারতবর্ষের একটিমাত্র পন্নীতেও দৈন্ত দ্ব করবার মূলগত উপায় যদি চালাতে পারেন, তা হলে তিনি তেত্রিশকোটি ভারতবাসীকেই চিরকালের সম্পদ দিয়ে যাবেন। আয়তন পরিমাপ করে যারা সত্যের যাথার্থ্য বিচার করে তারা সত্যকে বাহ্নিক ভাবে জড়ের সামিল করে দেখে; তারা জানে নাথে, অতি ছোটো বীজের মধ্যেও যে প্রাণটুক্ থাকে সমন্ত পৃথিবীকে অধিকার করবার পরোয়ানা সে নিয়ে আসে।

এইমাত্র আমার একজন বন্ধু বললেন যে, দেশের সাধারণ দৈত্তদূর বা শ্বরাজলাভ বললে যতথানি বোঝায় তোমার মতে চরকায় হতো কাটার লক্ষ ততদুর পর্যস্ত নাও যদি পৌচয়, তাতেই বা দোষ কী। চাষের কাব্দ যখন বন্ধ থাকে তখন চাষীর এবং গৃহকাজ প্রভৃতি সেরেও গৃহস্কর হাতে যে উপরি সময় বাকি থাকে, তাকে সকলে মিলে কোনো দর্বজনসাধ্য লাভবান কাজে লাগালে সাধারণের অবস্থার অনেক উন্নতি হতে পারে, দেশে চরকা চলিত করার এই শুভ ফলটুকুই ধরে নাও-না কেন। মনে আছে, এইজাতীয় আর-একটা কথা পূর্বে ওনেছিলুম। আমাদের দেশে অধিকাংশ লোকেই ভাতের ফেন ফেলে দিয়ে থাকে। তার ধারা সমন্ত ভারত জুড়ে যে পুষ্টিকর খাগ্য নষ্ট इय, जा नकरन भिर्मार यिन तका कित जा राम स्मार्टित छे परत अस्मको अम्बर्ध मृत হতে পারে। কথাটার মধ্যে সত্য আছে। ফেন-সমেত ভাত খেতে গেলে অভ্যন্ত क्रिव किছू वमल कवा ठारे, किन्ह फरनव श्रीठ नक्ष करव राज्यल राजी दःमाधा रुखा উচিত নয়। এইরকম এমন আরো অনেক জিনিস আছে যাকে আমাদের দৈন্তলাঘব-উপায়ের তালিকার মধ্যে ধরা যেতে পারে। এ সম্বন্ধে যাঁরা যেটা ভালো বোঝেন চালাতে চেষ্টা কক্ষন-না; তার কোনোটাতে ধন বাড়বে, কোনোটাতে তার সঙ্গে পুষ্টিও वाज़्द्र, कार्राजिएक किंदू शतियात जानकारनाय करहे यादा। किंद्ध तार्म अवीक-লাভের যে-একটা বিশেষ উদ্যোগ চলছে, দেশস্থম সকলে মিলে ভাতের ফেন না ফেলাকে তার একটা দর্বপ্রধান অব্দর্মণ করার কথা কারো তো মনেও হয় না। তার কি কোনো কারণ নেই। এ সম্বন্ধে আমার কথাটা পরিষ্কার করবার জন্তে ধর্মসাধনার मित्र हाकात्रवात करत वमा हम त्य, यात-जात कृत्या (थरक कम त्याम धर्मखरेजा घटि. তবে তার বিরুদ্ধে প্রধান আপত্তি এই যে, এমন উপদেশে ধর্মসাধনার নৈতিক পদ্ধার মূল্য কমিয়ে দেওয়া হয়। যার-তার কুয়োতে মলিনতা থাকার আশহা আছে, নেই মলিনতায় স্বাস্থ্য ক্লিষ্ট হয়, স্বাস্থ্যের বিকারে চিডের বিকার ঘটে, সেই বিকারে ধর্মহানি হওয়ার আশস্কা আছে—এ-সব কথাই সত্য বলে মানলেও তবু বলতেই হবে, অপ্রধানকে পরিমাণ-অতিরিক্ত মূল্য দিলে তাতে প্রধানের মূল্য কমে যায়। সেইজ্জেই আমাদের দেশে এমন অসংখ্য লোক আছে, মুসলমান যাদের কুয়ো থেকে জল তুলতে এলে মুসলমানকে মেরে খুন করতে যারা কৃষ্ঠিত হয় না। ছোটোকে বড়োর সমান আসন मिल रम ममान थारक नो, रम **बर**्डारक हांड़िया यात्र । **এইজ**स्त्रा हे करमत एकिछा-त्रकात धर्मविधि माञ्चरवद्र প्रागहिश्मा ना कदाद धर्मविधित्क व्यनावात्म मञ्चन कद्रत्छ (भरत्रह् । আমাদের দেশে নিত্যধর্মের সঙ্গে আচারধর্মকে মিলিয়ে দেওয়ার দ্বারা এরকম হুর্গতি যে কত ঘটছে, তা বলে শেষ করা যায় না। আমাদের এই মজ্জাগত সনাতন অভ্যাদেরই জোরে আজ চরকা থদ্দর সর্বপ্রধান স্বারাজিক ধর্মকর্মের বেশে গদা হাতে বেড়াতে পারল, কেউ তাতে বিশেষ বিশ্বিত হল না। এই প্রাধান্তের দারাতেই দে অনিষ্ট করছে, আমাদের দেশের বছ্যুগদঞ্চারী তুর্বলতার আর-একটা নতুন খাছ জুগিয়ে দিচ্ছে। এর পরে আর-একদিন আর-কোনো বলশালী ব্যক্তি হয়তো স্বারাজ্য-সিংহাসন থেকে প্রচার করবেন যে, ভাতের ফেন যে ফেলে দেয় সেই অমঘাতীকে মম্বণাসভায় ঢুকতে দেব না। তাঁর যদি যথেষ্ট জোর থাকে এবং তাঁর শাসন যদি বেশি দিন চলে তবে আমাদের ঘূর্ভাগ্য দেশে একদিন সাধুলোকে নিজেদের শুচিতারক্ষার জন্তে ভাতের ফেন-পাত উপলক্ষে মাহবের রক্তপাত করতে থাকবে। বিদেশী কাপড় পরায় অশুচিতা ঘটে এই নিষেধ যদি দেশের অধিকাংশ লোকে গ্রহণ করে, এবং অন্ন জল প্রভৃতি সম্বন্ধীয় অশুচিতা বোধের সঙ্গে সামোদের সংস্কারগত হয়ে ওঠে, তা হলে সেদিন ইদের দিনে কলকাতায় যেরকম মাথা-ফাটাফাটি হয়েচে এ নিয়েও একদিন ক্লেচ্ছ ও অক্লেচ্চদের মধ্যে তেমনি সাংঘাতিক ছন্দ্র বেধে যাবে। যে আচারপরায়ণ সংস্কারের অন্ধতা থেকে আমাদের দেশে অস্প্রতারীতির উৎপত্তি সে অন্ধতাই আব্দ রাষ্ট্রিক ও আর্থিক ক্ষেত্রে আবিবৃভূত হয়ে চরকা-থাদ্দরিক অম্পৃশ্রতা-তত্ত্ব জাগিয়ে তুলছে।

কেউ কেউ বলবেন, তুমি যে সমবায়জীবিকার কথা বলছ সকলে মিলে চরকা কাটাই তো তাই। আমি তা মানি না। সমস্ত হিন্দুসমাজে মিলে কুয়ার জলের শুচিতা রক্ষা করলেও সেটা জীবাণুতত্বমূলক স্বাস্থ্যবিজ্ঞান হয়ে ওঠে না; ওটা একটা কর্ম, ওটা একটা সত্য নয়। এইজন্তেই কুয়োর জল যথন শুচি থাকছে পুকুরের জল তথন মিলিন হচ্ছে, ঘরের কানাচের কাছে পর্তয় ডোবায় তথন রোগের বীজাণু অপ্রতিহত্ত প্রভাবে যমরাজের শাসন প্রচার করছে। আমাদের দেশে কাস্থন্দি তৈরি করবার সময়্ব আমরা অত্যক্ত সাবধান হই— এই সাবধানতার মূলে প্যাস্ট্যর-আবিক্বত তত্ব আছে, কিন্তু যেহেতু তত্তটা রোগের বীজাণুর মতোই অদৃশ্য আর বাছ্ কর্মটা পরিক্ষীত পিলেটারই মতো প্রকাণ্ড সেইজন্তেই এই কর্মপ্রণালীতে কেবলমাত্র কাস্থন্দিই বাচছে,

মাহ্ব বাঁচছে না। একমাত্র কাহ্মন্দি তৈরি করবার বেলাতেই বিশ্বস্থ লোকে মিলে
নিয়ম মানার মতোই, একমাত্র স্থতো তৈরির বেলাতেই তেত্রিশ কোটি লোকে মিলে
বিশেষ আচার রক্ষা। তাতে স্থতো অনেক জমবে, কিন্তু মূগে ঘূগে যে অন্ধতা জমে
উঠে আমাদের দারিস্তাকে গডবন্দী করে রেখেছে তার গায়ে হাত পড়বে না।

মহাত্মাঞ্চির সঙ্গে কোনো বিষয়ে আমার মতের বা কার্যপ্রণালীর ভিন্নতা আমার পক্ষে অত্যম্ভ অফচিকর। বড়ো করে দেখলে তাতে কোনো দোষ নেই। কিছ তবু সব সময়ে মন মানে না। কেননা, থাকে প্রীতি করি, ভক্তি করি, তাঁর সঙ্গে কর্মক্ষেত্রে সহযোগিতার মতো আনন্দ আর কী হতে পারে। তাঁর মহৎ চরিত্র আমার কাছে পরম বিশায়ের বিষয়। ভারতের ভাগ্যবিধাতা তাঁর হাত দিয়ে একটি দীপ্যমান হর্জয় দিব্যশক্তি আমাদের কাছে পাঠিয়ে দিয়েছেন। এই শক্তি ভারতবাসীকে অভিভূত না করুক, বলশালী করুক: তাকে নিজের মন দিয়ে চিস্তা করতে, সংকল্প করতে, ত্যাগ করতে শিক্ষা দিক— এই আমার কামনা। যে কারণ ভিতরে থাকাতে রামমোহন রায়ের মতো অত বড়ো মনস্বীকেও মহাত্মা বামন বলতে কুঠিত হন নি— অথচ আমি मिट दामरमाइनरक आधुनिक यूराद मश्खम लाक वलाई क्वानि— साई आछास्त्रिक মনঃপ্রকৃতিগত কারণই মহাত্মাঞ্জির কর্মবিধিতে এমন রূপ ধারণ করেছে যাকে আমার স্বধর্ম আপন বলে গ্রহণ করতে পারছে না। সেজন্তে আমার খেদ রয়ে গেল। কিন্তু, সাধনার বিচিত্র পথই বিধাতার অভিপ্রেত, নইলে প্রকৃতিভেদ জগতে কেন থাকবে। ব্যক্তিগত অনুরাগের টানে মহাত্মাজির কাছ থেকে চরকায় দীক্ষা নেবার প্রবল ইচ্ছা বারে বারে আমার মনে এসেছে। কিন্তু, আমার বৃদ্ধিবিচারে চরকার যতটুকু মর্যাদা তার চেয়ে পাছে বেশি স্বীকার করা হয়, এই ভয়ে অনেক দ্বিধা করে নিরস্ত হয়েছি। মহাত্মাঞ্জি আমাকে ঠিক বুঝবেন জানি, এবং পূর্বেও বারবার আমার প্রতি যেমন ধৈর্য রক্ষা করেছেন আঞ্জও করবেন; আচার্য রায়মশায়ও জনাদ্যনিরপেক্ষ মতস্বাতস্ত্র্যকে শ্রদ্ধা করেন, অতএব মাঝে মাঝে বকুতাসভায় যদিচ মুখে তিনি আমাকে অকল্মাৎ তাড়না করে উঠবেন, তবু অস্তরে আমার প্রতি নিম্কণ হবেন না। আর, যাঁরা আমার দেশের লোক, থাদের চিত্তশ্রোত বেয়ে উপকার আর অপকার উভয়েরই কত শ্বতি অতলের মধ্যে তলিয়ে গেল, তাঁরা আজ আমাকে যদি ক্ষমা না করেন কাল সমস্তই ज्रात यादन । आत्र यमियां ना एजात्मन, आमात क्थात्म जाँदमत शास्ता यमि কোনোদিন নাও ঘোচে, তবে আজ যেমন আচার্য ব্রক্তেল্রনাথকে লাস্থনার সঞ্চী পেয়েছি কালও তেমনি হয়তো এমন কোনো কোনো খদেশের অনাদৃত লোককে পাব যাঁদের मीशि बाबा लाकिनमा निमिष्ठ हर।

## স্বরাজসাধন

আমাদের দেশে বিজ্ঞ লোকেরা সংস্কৃত ভাষায় উপদেশ দিয়েছেন যে, যত খুশি কথায় বলো, লেথায় লিখো না। আমি এ উপদেশ মানি নি, তার ভূরি প্রমাণ আছে। কিছু পরিমাণে মেনেওছি, সে কেবল উত্তর লেখা সহদ্ধে। আমার যা বলবার তা বলতে কন্তর করি নে; কিন্তু বাদ যথন প্রতিবাদে পৌছয় তখন কলম বন্ধ করি। যতরকম লেথার বায়ু আছে ছন্দে এবং অছন্দে সকলেরই প্রভাব আমার উপর আছে— কেবল উত্তরবায়ুটাকে এড়িয়ে চলি।

মত বলে যে-একটা জিনিস আমাদের পেয়ে বসে সেটা অধিকাংশ স্থলেই বিশুদ্ধ যুক্তি দিয়ে গড়া নয়, তার মধ্যে অনেকটা অংশ আছে যেটাকে বলা যায় আমাদের মেজাজ। যুক্তি পেয়েছি বলে বিশ্বাস করি, সেটা অল্প ক্ষেত্রেই; বিশ্বাস করি বলেই যুক্তি জুটিয়ে আনি, সেইটেই অনেক ক্ষেত্রে। একমাত্র বৈজ্ঞানিক মতই খাঁটি প্রমাণের পথ দিয়ে সিদ্ধান্তে পৌছয়; অভ্য জাতের মতগুলো বারো আনাই রাগ-বিরাগের আকর্ষণে ব্যক্তিগত ইচ্ছার কেন্দ্রকে প্রদক্ষিণ করতে থাকে।

এ কথাটা খ্বই খাটে, যখন মতটা কোনো ফললোভের উপর প্রতিষ্ঠিত, আর সেই লোভ যখন বহুসংথ্যক লোকের মনকে অধিকার করে। সেই বহু লোকের লোভকে উত্তেজিত করে তাদের তাড়া লাগিয়ে কোনো-একটা পথে প্রবৃত্ত করতে যুক্তির প্রয়েজন হয় না; কেবল পথটা খ্ব সহজ হওয়া চাই, আর চাই ক্রত ফললাভের আশা। খ্ব সহজে এবং খ্ব শীদ্র স্বয়াজ্ব পাওয়া যেতে পারে, এই কথাটা কিছুদিন থেকে দেশের মনকে মাতিয়ে রেখেছে। গণমনের এইরকম ঝোড়ো অবস্থায় এ সম্বন্ধে কোনো প্রশ্ন নিয়ে বাদ-প্রতিবাদ উত্তর-প্রত্যুত্তর কেবলমাত্র বাগ্ বিতপ্তার সাইজোন আকার ধরে; সেই হাওয়ায় পাল তুলে দিয়ে কোনো মতকে কোনো বন্দরে পৌছিয়ে দেওয়া সহজ নয়। বহুকাল থেকে আমাদের ধারণা ছিল স্বরাজ পাওয়া হুর্লভ; এমন সময়ে যেই আমাদের কানে পৌছল য়ে, স্বরাজ পাওয়া খ্বই সহজ এবং অতি অল্পদিনের মধ্যেই পাওয়া অসাধ্য নয় তথন এ সম্বন্ধে প্রশ্ন তুলতে বিচার করতে লোকের ফটি রইল না। তামার পয়সাকে সয়্যাদী সোনার মোহর করে দিতে পারে এ কথায় য়ারা মেতে ওঠে তারা বৃদ্ধি নেই বলেই যে মাতে তা নয়, লোভে পড়ে বৃদ্ধি খাটাতে ইচ্ছে করে না বলেই তাদের এত উত্তেজনা।

অব্ধ কিছুদিন হল, বরাজ হাতের কাছে এনে পৌচেছে বলে দেশের লোক বিচলিত হয়ে উঠেছিল। তার পরে মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে কথা উঠল, শর্ত পালন করা হয় নি विता कामता विकित हर्याहि। এ कथा थ्र जह लाक्कि एउट एवट एवट एव स्थान रय, जामार ममजाहे हर्ष्क् मर्छ-প্রতিপালন নিয়ে। श्वताम भावात मर्छ जामता भानन कित रन वलाहे श्वताम भारे रन, এ कथा তো श्रवः मिह। हिन्नू-मूनलमारन यि जाश्वीम्रांचार मिनार भारत जा हरल श्वताम भावात এको। वर्षा थाभ जिति हम्, कथां । वनाहे वाह्ना। उक्कि थिथारनहे रय, हिन् मूनलमारन मिनार हन ना; यिन मिनार जर भामित श्वति वर्षा मनार प्रांचा क्षिति श्वति वर्षा मिना जार को मिनार हर्षा कथा मर्ज रम् भामित श्वति कर प्रांचा नार्षा, जाहे वर्षा रन्मा नार्षा हर्षा वर्षा प्रांचा वर्षा मर्ज राष्ट्र प्रांचा नार्षा हर्षा जार प्रांचा नार्षा हर्षा वर्षा प्रांचा नार्षा हर्षा जार प्रांचा नार्षा हर्षा वर्षा प्रांचा नार्षा हर्षा जार प्रांचा नार्षा हर्षा वर्षा प्रांचा नार्षा हर्षा जार प्रांचा नार्षा हर्षा जार प्रांचा हिना हर्षा हर्षा जार प्रांचा हर्षा हर्षा हर्षा जार प्रांचा हर्षा हर्षा हर्षा जार प्रांचा हर्षा हर्षा

পাঞ্জির নির্দিষ্ট দিন অনেক কাল হল ভেসে চলে গেছে, কিন্তু নেশা ছোটে নি। সেই নেশার বিষয়টা এই যে, স্বরাজিয়া সাধন হচ্ছে সহজ্জিয়া সাধন। একটি বা ছটি সংকীর্ণ পথই তার পথ। সেই পথের অস্কর্গত হয়ে পড়েছে চরকা।

তা হলেই প্রশ্ন জিজ্ঞাসা করতে হয়, স্বরাজ জিনিসটা কী। আমাদের দেশনায়কেরা স্বরাজের স্বন্দান্ত ব্যাখ্যা করেন নি। স্বাধীনতা শন্ধটার মানে বিস্তৃত। নিজের চরকায় নিজের স্বতো কাটার স্বাধীনতা আমাদের আছে। কাটি নে তার কারণ কলের স্বতোর সঙ্গে সাধারণত চরকার স্বতো পাল্লা রাখতে পারে না। হয়তো পারে, য়িদ ভারতের বহু কোটি লোক আপন বিনা মূল্যের অবসর-কাল স্বতো কাটায় নিমৃক্ত করে চরকার স্বতোর মূল্য কমিয়ে দেয়। এটা যে সম্ভবপর নয় তার প্রমাণ এই যে, বাংলাদেশে যারা চরকার পক্ষে লেখনী চালাচ্ছেন তাঁরা অনেকেই চরকা চালাচ্ছেন না।

দিতীয় কথা হচ্ছে এই ষে, দেশে দকলে মিলে চরকা চালালে অর্থকণ্ট কিছু দ্ব হতে পারে। কিন্তু দেও স্বরাজ নয়। না হোক, সেটা অর্থ বটে তো। দারিদ্যের পক্ষে সেই বা কম কী। দেশের চাষীরা তাদের অবদরকাল বিনা উপার্জনে নষ্ট করে; তারা যদি দবাই স্থতো কাটে তা হলে তাদের দৈন্ত অনেকটা দূর হয়।

স্বীকার করে নেওয়া যাক, এও একটা বিশেষ সমস্থা বটে। চাষীদের উদ্বৃত্ত সময়টাকে কাব্দে লাগাতে হবে। কথাটা শুনতে যত সহজ তত সহজ নয়। এই সমস্থার সমাধানভার যদি নিতেই হয়, তবে এ সম্বন্ধে বৃদ্ধির ত্বরুহ সাধনা দরকার। সংক্ষেপে বলে দিলেই হল না— ওরা চরকা কাটুক।

চাষী চাষ করা কাব্দের নিয়ত অভ্যাসের ধারা আপনার মনকে ও দেহকে একটা বিশেষ প্রবণতা দিয়েছে। চাষের পথই তার সহজ পথ। যথন সে চাষ করে তথনই দে কাব্দ করে, যথন চাষ করে না তথন কাব্দ করে না। কুঁড়ে বলে কাব্দ করে না, এ অপবাদ তাকে দেওয়া অক্তায়। যদি সম্বংসর তার চাষ চলতে পারত, তা হলে বছর ভরেই দে কাজ করত।

চাষ প্রভৃতি হাতের কাজের প্রকৃতিই এই যে, তাতে চালনার অভাবে মনকে নিশ্চেষ্ট করে দেয়। একটা চিরাভ্যন্ত কাজের থেকে আর-একটা ভিন্ন প্রকৃতির কাজে যেতে গেলেই মনের সক্রিয়তা চাই। কিন্ত চাষ প্রভৃতি মজুরির কাজ লাইন-বাঁধা কাজ। তা চলে ট্রামগাড়ির মতো। হাজার প্রয়োজন হলেও লাইনের বাইরে নতুন পথ তার পক্ষে সহজ নয়। চাষীকে চাষের বাইরে যে কাজ করতে বলা যায় তাতে তার মন ভিরেশ্ভ্ হয়ে যায়। তবু ঠেলেঠুলে তাকে হয়তো নড়ানো যেতে পারে, কিন্তু তাতে শক্তির বিস্তর অপব্যয় ঘটে।

বাংলাদেশের অন্তত দুই জেলার চাষীর দকে আমার ঘনিষ্ঠ পরিচয়। অভ্যাদের বাঁধন তাদের পক্ষে যে কত কঠিন তার অভিজ্ঞতা আমার আছে। এক জেলা এক-ফদলের দেশ। সেখানে ধান উৎপন্ন করতে চাষীরা হাড়ভাঙা পরিশ্রম করে। তার পরে তাদের ভিটের জমিতে তারা অবসরকালে সব্জি উৎপন্ন করতে পারত। উৎসাহ দিয়েছিলুম, ফল পাই নি। যারা ধান চাবের জন্ম প্রাণপণ করতে পারে, তারা সব্জি চাবের জন্ম একট্ও নড়ে বসতে চায় না। ধানের লাইন থেকে সব্জির লাইনে তাদের মনকে ঠেলে তোলা কঠিন।

আর-এক জেলায় চাষী ধান পাট আখ সর্ধে প্রভৃতি সকলরকম চাবেই লেগে আছে।
কিন্তু যে জমিতে এ-সব শশ্র সহজে হয় না সে জমি তাদের রথা পড়ে থাকে, তার
খাজনা বহন করে চলে। অথচ বৎসরে বৎসরে পশ্চিম অঞ্চল থেকে চাষী এসে এই
জমিতেই তরমুজ খরমুজ কাঁকুড় প্রভৃতি ফলিয়ে যথেষ্ট লাভ করে নিয়ে দেশে ফিরে
য়ায়। তরু স্থানীয় চাষী এই অনভ্যন্ত ফলল ফলিয়ে অবস্থার উন্নতি করতে বিমুখ।
তাদের মন সরে না। যে চাষী পাটের ফলন করে তাকে স্বভাবত অলস বলে বদনাম
দেওয়া চলে না। শুনেছি পৃথিবীর অন্তন্ত কেরার হঃসাধ্য হঃখ বহন করতে নারাজ।
বাংলাদেশে যে পাট একচেটে তার একমাত্র কারণ এখানকার জমিতে নয়, এখানকার
চাষীতে। অথচ আমি দেখেছি, এই চাষীই তার বালুজমিতে তরমুজ ফলিয়ে লাভ
করবার দৃষ্টান্ত বৎসর বৎসর স্বচক্ষে দেখাসত্বেও এই অনভ্যন্ত পথে যেতে চায় না।

যথন কোনো-একটা সমস্থার কথা ভাবতে হয় তথন মানুষের মনকে কী করে এক পথ থেকে আর-এক পথে চালানো যায় সেই শক্ত কথাটা ভাবতে হয়, কোনো-একটা সহজ উপায় বাহ্যিকভাবে বাংলিয়ে দিলেই যে কাজ হাদিল হয় তা বিখাস করি নে—

মাহবের মনের সলে রফানিশান্তি করাই হল গোড়ার কাজ। হিন্দু-মুসলমানের মিলন হোক, বাহিরের দিক থেকে এই পরোয়ানা জাহির করা কঠিন নয়। এই উপলক্ষে হিন্দুরা খিলাফৎ-আন্দোলনে যোগ দিতে পারে, কেননা সেরকম যোগ দেওয়া খুবই সহজ। এমন-কি নিজেদের আর্থিক স্থবিধাও মুসলমানদের জন্ত অনেক পরিমাণে ত্যাগ করতে পারে; সেটা ত্রহ সন্দেহ নেই, তবু 'এহ বাছ'। কিন্তু, হিন্-মুসলমানের মিলনের উদ্দেশে পরস্পরের মনের চিরাগত সংস্কারের পরিবর্তন করা সহজ্ব নয়। দমশুটো দেইখানেই ঠেকেছে। হিন্দুর কাছে মুদলমান অশুচি, আর মুদলমানের কাছে হিন্দু কাফের— স্বরাজপ্রাপ্তির লোভেও এ কথাটা ডিতর থেকে উভয় পক্ষের কেউ ভূলতে পারে না। আমি একজন ইংরেজিনবিশের কথা জানতেম, হোটেলের থানার প্রতি তাঁর খুব লোভ ছিল। তিনি আর-সমস্তই ক্ষচিপূর্বক আহার করতেন, কেবল গ্রেট-ঈস্টার্নের ভাতটা বাদ দিতেন; বলতেন, মৃসলমানের রালা ভাতটা কিছুতেই মুথে উঠতে চায় না। যে সংস্কারগত কারণে ভাত থেতে বাধে সেই সংস্কারগত কারণেই भूमनभारतत्र भरक ভारमा करत्र भिनर् जांत्र वाधरव । धर्मनिश्रस्यत्र जारमण निरंश्र भरनद যে-দকল অভ্যাদ আমাদের অন্তর্নিহিত দেই অভ্যাদের মধ্যেই হিন্দুমূদলমান-বিরোধের দুঢ়তা আপন সনাতন কেলা বেঁধে আছে ; খিলাফতের আফুকুল্য বা আর্থিক ত্যাগ-শ্বীকার সেই অন্দরে গিয়ে পৌছয় না।

আমাদের দেশের এই-সকল সমস্থা আন্তরিক বলেই এত ত্রহ। বাধা আমাদের প্রত্যেকের মনের মধ্যেই আছে; সেটা দ্র করবার কথা বললে আমাদের মন বিদ্রোহী হয়ে ওঠে। এই কারণে একটা অত্যন্ত সহজ্ব বাহ্নিক প্রণালীর কথা শুনলেই আমরা হাঁফ ছেড়ে বাঁচি। ঠিক পথে অর্থ-উপার্জনের বাধা যার অন্তরের মধ্যে আছে সেই ব্যক্তিই জ্যো থেলে রাতারাতি বড়োমাহ্র্য হবার ত্রাশায় নিজের সর্বনাশ করতেও প্রস্তুত হয়।

চরকা কাটা স্বরাজ-সাধনার প্রধান অন্ধ এ কথা যদি সাধারণে স্বীকার করে তবে মানতেই হয়, সাধারণের মতে স্বরাজটা একটা বাহ্য ফললাভ। এইজন্মই দেশের মন্ধলসাধনে আত্মপ্রভাবের যে-সকল চরিত্রগত ও সামান্ধিক প্রথাগত বাধা আছে সেই প্রধান বিষয় থেকে আমাদের মনকে সরিয়ে এনে চরকা-চালনার উপরে তাকে অত্যন্ত নিবিষ্ট করলে লোকে বিশ্বিত হয় না, বরঞ্চ আরাম পায়। এমন অবস্থায় ধরেই নেওয়া যাক যে. চারীরা তাদের অবসরকাল যদি লাভবান কাজে লাগায় তা হলে আমাদের স্বরাজ-লাভের একটা প্রধান অন্তরায় দূর হতে পারে; ধরেই নেওয়া যাক, এই বাহ্যিক ব্যাপারটাই আমাদের দেশে সবচেয়ে আজ্ব পরম চিন্তনীয়।

তা राज एमनायकारत जायर राय, ठाशीरमत जयकामकामाक मधाक्ताल की উপায়ে থাটানো যেতে পারে। বলা বাহুল্য, চাষের কাব্দে খাটাতে পারলেই ঠিক রাস্তাটা পাওয়া যায়। আমার যদি কঠিন দৈন্তসংকট ঘটে তবে আমার পরামর্শদাতা হিতৈষীকে **ब्ये क्यारे** मर्रात्य िष्ठा क्रत्र इत्य त्य, यामि मीर्यकान ध्रत नाहिछात्रक्रनात्छे অভ্যন্ত। বাগ্ব্যবসায়ের প্রতি তাঁর যতই অশ্রদ্ধা থাক, আমার উপকার করতে চাইলে এ কথা তিনি উড়িয়ে দিতে পারবেন না। তিনি হয়তো হিসাব খতিয়ে আমাকে স্পষ্ট দেখিয়ে দিতে পারেন যে, ছাত্রদের জন্তে কলেজ-পাড়ায় যদি চায়ের দোকান খুলি তা হলে শতকরা ৭৫ টাকা হারে মূনফা হতে পারে। হিসাব থেকে মাহুষের মনটাকে বাদ দিলে লাভের অঙ্কটাকে খুব বড়ো করে দেখানো সহজ। চায়ের দোকান করতে গিয়ে আমি যে নিজেকে দর্বস্বাস্ত করতে পারি তার কারণ এ নয় যে, সুযোগ্য চাওয়ালার মতো আমার বৃদ্ধিনেই, তার কারণ চাওয়ালার মতো আমার মন নেই। অতএব হিতৈষী বন্ধু यদি আমাকে ডিটেক্টিভ গল্প লিখতে বা স্কুলকলেজ-পাঠ্য বিষয়ের নোট লিখতে वरमन, তবে निजान मारा रिकटन इयाजा रमि। राष्ट्री रम्थर भावि। आमात्र विश्वाम, চায়ের দোকান থোলার চেয়ে তাতে আমার সর্বনাশের সম্ভাবনা কম হবে। লাভের কথায় যদিবা সন্দেহ থাকে, অস্তত এ কথাটা মিশ্চিত যে, সাহিত্যিকের মনটাকে কাব্যের লাইন থেকে ডিটেক্টিভ গল্পের লাইনে স্থইচ করে দেওয়া হঃসাধ্য নয়।

চিরজীবন ধরে চাষীর দেহমনের যে শিক্ষা ও অভ্যাস হয়েছে তার থেকে তাকে অকমাৎ ঠেলে ফেলে দিয়ে তাকে হুথী বা ধনী করা সহজ্প নয়। পূর্বেই বলেছি, মনের চর্চা যাদের কম গোঁড়ামি তাদের বেশি, সামান্ত পরিমাণ নৃতনত্ত্বেও তাদের বাধে। নিজের প্র্যানের অত্যন্ত সহজ্জত্বের প্রতি অন্তর্মাণ-বশত মনন্তত্ত্বের এই নিয়মটা গায়ের জোরে লক্ষন করবার চেষ্টা করলে তাতে মনন্তত্বে অবিচলিত থাকবে, প্ল্যানটা জ্বম হবে।

চাষীকে চাষের পথে উত্তরোত্তর অধিক পরিমাণে চরিতার্থ করবার চেষ্টা অক্সান্ত কোনো কোনো ক্রমিক্তরবছল দেশে চলেছে। দে-সব জারগায় বৈজ্ঞানিক বৃদ্ধি খাটিয়ে মান্ত্র্য চাষের বিশুর উন্নতি করেছে। আমাদের দেশের সঙ্গে তুলনা করলে দেখা যায়, তারা তাদের জমি থেকে আমাদের চেয়ে দ্বিগুণ চারগুণ বেশি ফসল আদায় করছে। এই জানালোকিত পথ সহজ্ব পথ নয়, সত্য পথ। এই পথ-আবিদ্ধারে মহন্ত্রাত্বর প্রমাণ হয়। চাষের উৎকর্ষ-উত্তাবনের দ্বারা চাষীর উত্তমকে ঘোলো-আনা থাটাবার চেষ্টা না করে তাকে চরকা ঘোরাতে বলা শক্তিহীনতার পরিচয়। আমরা চাষীকে অলস বলে দোষ দিই, কিন্ধ তার অবস্থার উন্নতিসাধনের উদ্দেশ্যে আমরা যথন তাকে চরকা ধরতে পরার্মণ দিই তথন সেটাতে আমাদেরই মানসিক আলন্তের প্রমাণ হয়।

এতক্ষণ এই যা আলোচনা করা গেল এটা এই মনে করেই করেছি যে, স্থতো ও খদর বহুল পরিমাণে দেশে উৎপন্ন হলে তাতে একদল শ্রমিকের অর্থক্ট দূর হবে। কিন্তু, দেও মেনে-নেওয়া কথা। এ সহস্কে যাদের অভিজ্ঞতা আছে তাঁরা সন্দেহ প্রকাশ করেও থাকেন; আমার মতো আনাড়ির সে তর্কে প্রবেশ করে কাজ নেই। আমার নালিশ এই যে, চরকার সঙ্গে স্বরাজকে জড়িত করে স্বরাজ সম্বন্ধে দেশের জনসাধারণের বৃদ্ধিকে ঘূলিয়ে দেওয়া হচ্ছে।

দেশের কল্যাণ বলতে যে কতথানি বোঝায় তার ধারণ। আমাদের স্থন্পট হওয়া চাই। এই ধারণাকে অত্যন্ত বাহ্নিক ও অত্যন্ত সংকীণ করার দ্বারা আমাদের শক্তিকে ছোটো করে দেওয়া হয়। আমাদের মনের উপর দাবি কমিয়ে দিলে অলস মন নির্জীব হয়ে পড়ে। দেশের কল্যাণসাধনায় চরকাকে প্রধান স্থান দেওয়া অবমানিত মনকে নিশ্চেষ্ট করে তোলবার উপায়। দেশের কল্যাণের একটা বিশ্বরূপ মনের সম্মুথে উজ্জ্বল করে রাথলে, দেশের লোকের শক্তির বিচিত্র ধারা সেই অভিমুথে চলবার পথ সমস্ত হাদম্ ও বৃদ্ধিশক্তির দ্বারা থনন করতে পারে। সেই রূপটিকে যদি ছোটো করি আমাদের সাধনাকেও ছোটো করা হবে। পৃথিবীতে যারা দেশের জন্তে, মাহুষের জন্তে হঃসাধ্য ত্যাগমীকার করেছে তারা দেশের বা মামুষের কল্যাণছবিকে উজ্জ্বল আলোম বিরাটরূপে ধ্যাননেত্রে দেখেছে। মাহুষের ত্যাগকে যদি চাই তবে তার সেই ধ্যানের সহায়তা করা দরকার। বহুল পরিমাণ স্থতো ও ধদরের ছবি দেশের কল্যাণের বড়ো ছবি নয়। এ হল হিসাবি লোকের ছবি এতে সেই প্রকাণ্ড বেহিসাবি শক্তিকে জাগিয়ে দিতে পারে না যা বৃহত্তের উপলব্ধিজনিত আনন্দে কেবল যে হঃথকে মৃত্যুকেও স্বীকার করতে প্রস্তুত হয় তা নয়, লোকের প্রত্যাখ্যান ও ব্যর্থতাকেও গ্রাহ্ম করে না।

শিশু আনন্দের দক্ষে ভাষা শিক্ষা করে। কেননা সে আপন বাপের মৃথে মায়ের মৃথে দর্বদাই ভাষার দমগ্র রূপটা দেখতে পায়। যথন সে স্পষ্ট করে ব্রুতেও পারে না, তথনও এইটেই তাকে কেবলই আকর্ষণ করে। তাই এই প্রকাশের পূর্ণতা লাভের জন্ম নিয়ভই তার একটি আনন্দময় চেটা জেগে থাকে। শিশুর মনকে বেটন করে যদি এই পরিপূর্ণ ভাষা দর্বদা বিরাজ না করত, যদি তার চার দিকে কেবলই ঘুরতে থাকত মৃশ্ধবোধব্যাকরণের স্ত্র, তা হলে বেতের চোটে কাঁদিয়ে তাকে মাতৃভাষা শেখাতে হত, এবং তাও শিখতে লাগত বছ দীর্যকাল।

এই কারণে আমি মনে করি, দেশকে যদি স্বরাজসাধনায় সত্য ভাবে দীক্ষিত করতে চাই তা হলে সেই স্বরাজের সমগ্র মৃতি প্রত্যক্ষগোচর করে তোলবার চেটা করতে হবে। অল্পকালেই সেই মৃতির আয়তন যে খুব বড়ো হবে এ কথা বলি নে; কিন্তু তা সম্পূর্ণ হবে, সত্য হবে, এ দাবি করা চাই। প্রাণবিশিষ্ট জিনিসের পরিণতি প্রথম থেকেই সমগ্রতার পথ ধরে চলে। তা যদি না হত তা হলে শিশু প্রথমে কেবল পারের বুড়ো আঙুল হয়ে জন্মাত; তার পরে দেটা ধীরে ধীরে হত হাঁটু পর্যন্ত পা; তার পরে ১৫।২০ বছরে সমগ্র মানবদেহটা দেখা দিত। শিশুর মধ্যে সমগ্রতার আদর্শ প্রথম থেকেই আছে, তাই তার মধ্যে আমরা এত আনন্দ পাই। সেই আনন্দে তাকে মাহ্ম্ম করে তোলবার কঠিন তুঃখও মা-বাপ খীকার করতে পারে। নইলে যদি একখানা আজাহ্ম পা নিয়েই তাদের চার-পাঁচ বছর কাটাতে হত, তা হলে সেই আংশিকের দাসত্ব তাদের পক্ষে অসহ হয়ে উঠত।

শ্বরাজকে যদি প্রথমে দীর্ঘকাল কেবল চরকার হতো আকারেই দেখতে থাকি তা হলে আমাদের সেই দশাই হবে। এইরকম অন্ধ সাধনায় মহাত্মার মতো লোক হয়তো কিছুদিনের মতো আমাদের দেশের একদল লোককে প্রবৃত্ত করতেও পারেন, কারণ তাঁর ব্যক্তিগত মাহাত্ম্যের 'পরে তাদের শ্রদ্ধা আছে। এইজন্মে তাঁর আদেশ পালন করাকেই অনেকে ফললাভ বলে গণ্য করে। আমি মনে করি, এরকম মতি শ্বরাজ-লাভের পক্ষে অংকুকল নয়।

স্বদেশের দায়িত্বকে কেবল স্থতো কাটায় নয়, সম্যক্ ভাবে গ্রহণ করবার সাধনা ছোটো ছোটো আকারে দেশের নানা জায়গায় প্রতিষ্ঠিত করা আমি অত্যাবশুক মনে করি। সাধারণের মঞ্চল জিনিদটা অনেকগুলি ব্যাপারের সমবায়। তারা পরস্পর ঘনিষ্ঠভাবে স্পড়িত। তাদের একটাকে পৃথক করে নিলে ফল পাওয়া যায় না। স্বাস্থ্যের সঙ্গে, বৃদ্ধির সঙ্গে, জ্ঞানের সঙ্গে, কর্মের সঙ্গে, আনন্দের সঙ্গে মিলিয়ে নিতে পারলে তবেই মান্তবের সব ভালো পূর্ণ ভালো হয়ে ওঠে। স্বদেশের সেই ভালোর রূপটিকে আমরা চোথে দেখতে চাই। সহস্র উপদেশের চেয়ে তাতে আমরা কান্ধ পাব। বিশেষ বিশেষ লোকালয়ে সাধারণের কল্যাণসাধনের দায়িত প্রত্যেকে কোনো না কোনো আকারে গ্রহণ করে একটি স্থস্থ জ্ঞানবান শ্রীসপ্পন্ন সমিলিত প্রাণযাত্রার রূপকে জাগিয়ে তুলেছে, এমন-সকল দৃষ্টান্ত চোথের দামনে ধরা দরকার। নইলে স্বরাজ কাকে বলে দে আমরা স্থতো কেটে, থদর প'রে, কথার উপদেশ শুনে কিছুতেই বোঝাতে পারব না। যে ঞ্চিনিসটাকে সমস্ত ভারতবর্ষে পেতে চাই ভারতবর্ষের কোনো-একটা কুদ্র অংশে তাকে ষদি স্পষ্ট করে দেখা যায়, তা হলে সার্থকতার প্রতি আমাদের শ্রদ্ধা জন্মাবে। তা হলে আত্মপ্রভাবের যে কী মূল্য তা ব্রতে পারব ; ন মেধ্যা ন বছনা শ্রুতেন, বুরাব তার সাক্ষাৎ দর্শনের দারা। ভারতবর্ষের একটিমাত্র গ্রামের লোকও যদি আত্মশক্তির দ্বারা সমস্ত গ্রামকে সম্পূর্ণ আপন করতে পারে তা হলেই ব্যদেশকে বদেশরূপে লাভ করবার

কার্জ সেইখানেই আরম্ভ হবে। জীবজন্ত স্থানবিশেষে জন্মগ্রহণ করে, কিন্তু জন্মগ্রহণের ঘারাই দেশ তার হয় না। মাছ্য আপন দেশকে আপনি সৃষ্টি করে। সেই সৃষ্টির কাজে ও রক্ষণের কাজে দেশের লোকের পরস্পরের মধ্যে সম্বন্ধ ঘনিষ্ঠ হয়, আর সেই সৃষ্টি-করা দেশকে তারা প্রাণের চেয়ে ভালোবাসতে পারে। আমাদের দেশের মায়্য দেশে জন্মাছে মাত্র, দেশকে সৃষ্টি করে তুলছে না; এইজন্তে তাদের পরস্পর মিলনের কোনো গভীর উপলক্ষ নেই, দেশের অনিষ্টে তাদের প্রত্যেকের অনিষ্টবোধ জাগে না। দেশকে সৃষ্টি করার ঘারাই দেশকে লাভ করবার সাধনা আমাদের ধরিয়ে দিতে হবে। সেই সৃষ্টির বিচিত্র কর্মে মায়্যের বিচিত্র শক্তির প্রয়োজন। নানা পথে এক লক্ষ্য -অভিমুখে সেই বিচিত্র শক্তির প্রয়োগের ঘারাই আমরা আপনাকে দেশের মধ্যে উপলব্ধি করি। এই দেশস্থির সাধনা কাছের থেকে আরম্ভ করে ক্রমে দূরে প্রসারিত করলে তবেই আমরা ফল পাব। যদি এইরকম উদ্যোগকে আমরা আয়তনে ছোটো বলে অবজ্ঞা করি তবে গীতার সেই কথাটা যেন মনে আনি— স্বন্ধমপাক্ত ধর্মক্ত ত্রায়তে মহতো ভয়াৎ। সত্যের জ্যার আয়তনে নয়, তার আপনাতেই।

সম্মিলিত আত্মকর্তৃত্বের চর্চা, তার পরিচয়, তার সম্বন্ধে গৌরববোধ জনসাধারণের মধ্যে ব্যাপ্ত হলে তবেই দেই পাকা ভিত্তির উপর স্বরাম্থ সত্য হয়ে উঠতে পারে। যখন গ্রামে গ্রামে অন্তরে বাহিরে তার অভাব— আর সেই অভাবই যখন দেশের লোকের অন্নের অভাব, শিক্ষার অভাব, স্বাস্থ্যের অভাব, জ্ঞানের অভাব, আনন্দের অভাবের মূল হয়ে উঠেছে, তথন দেশের জনসংঘের এই চিত্তদৈল্যকে ছাড়িয়ে উঠে কোনো বাহ্ন অমুষ্ঠানের জোরে এ দেশে মরাজ কায়েম হতে পারে, এ কথা একেবারেই অপ্রক্ষেয়। ইংরেঞ্জিতে একটা কথা আছে, দিন্ধিই দিন্ধিকে টানে— তেমনি স্বরাজই স্বরাজকে আবাহন করে আনে। বিশ্বে বিধাতার যে অধিকার আছে সেই হচ্ছে তাঁর স্বরান্ধ, অর্থাৎ বিশ্বকে স্ষ্টি করবার অধিকার। আমাদেরও বরাজ হচ্ছে সেই ঐশর্য, অর্থাৎ আপন দেশকে আপনি সৃষ্টি করে তোলবার অধিকার। সৃষ্টি করার ধারাই তার প্রমাণ হয়, এবং তার উৎকর্ষদাধন হয়। বেঁচে থাকবার দারাই প্রমাণ হয় যে আমার প্রাণ আছে। কেউ কেউ হয়তো বলতেও পারেন যে, স্থতো কাটাও স্বষ্ট। তা নয়। তার কারণ, চরকায় মামুষ চরকারই অঙ্গ হয়; অর্থাৎ যেটা কল দিয়ে করা যেত লে দেইটেই করে। দে ঘোরায়। কল জিনিসটা মনোহীন বলেই সে একা, নিজের বাইরে তার কিছুই নেই। তেমনি যে মাহুৰ স্থতো কটিছে দেও একলা; তার চরকার স্থত্ত অন্ত কারো সঙ্গে তার অবশ্রযোগের স্ত্র নয়। তার প্রতিবেশী কেউ যে আছে, একথা তার জানবার কোনো দরকারই নেই। রেশমের পলু যেমন একাস্কভাবে নিব্দের চার দিকে রেশমের

স্থতো বোনে, তারও কাজ সেইরকম। সে যন্ত্র, সে নিঃসঙ্গ, সে বিচ্ছিল। কনগ্রেসের কোনো মেম্বর যথন স্থতো কাটেন তথন সেই সঙ্গে দেশের ইকনমিকৃদ্-স্বর্গের ধ্যান করতেও পারেন, কিন্তু এই ধ্যানমম্বের দীক্ষা তিনি অস্ত উপায়ে পেয়েছেন— চরকার মধ্যেই এই মন্ত্রের বীজ নেই। কিন্তু, যে মাহুষ গ্রাম থেকে মারী দুর कत्रवात উদ্যোগ कराष्ट्र তাকে यमि वा छ्डांगाळ्या मन्पूर्व এकमां काक कराज হয়, তবু তার কাজের আদিতে ও অস্তে সমন্ত গ্রামের চিস্তা নিবিড্ভাবে যুক্ত। **এই कां**ब्बर बांबारे निरंबत गर्ए। नम्य बांमरक रम উপन्नक करत। बांरमदूरे স্ষ্টিতে তার সজ্ঞান আনন্দ। তারই কাব্দে স্বরাজসাধনার সত্যকার আরম্ভ বটে। তার পরে দেই কাব্দে যদি সমন্ত গ্রামের লোক পরস্পর যোগ দেয় তা হলেই বুঝব, গ্রাম নিজেকে নিজে সৃষ্টি করার ঘারাই নিজেকে নিজে যথার্থরূপে লাভ করবার দিকে এগোচ্ছে। এই লাভ করাকেই বলে স্বরাজলাভ। পরিমাণ হিসেবে কম হলেও সত্য হিদাবে কম নয়। অর্থাৎ শতকরা একশোর হারে লাভ না হলেও হয়তো শতকরা একের হারে লাভ; এই লাভই শতকরা একশোর সগোত্র, এমন-কি সহোদর ভাই। যে গ্রামের লোক পরম্পরের শিক্ষা-স্বাস্থ্য-অন্ন-উপার্জনে আনন্দবিধানে সমগ্রভাবে দিমিলিত হয়েছে দেই গ্রামই দমন্ত ভারতবর্ষের স্বরাজলাভের পথে প্রদীপ জ্বলেছে। जाद भरत अको। मीरभद्र त्थरक आद-अको। मीरभद्र भिथा जामाना कठिन इत्व ना ; खत्राक निरक्षरे निरक्ररक ज्ञानत कत्रराज शाकरत, চत्रकात याश्चिक श्राविक প্রাণের আত্মপ্রবৃত্ত সমগ্রবৃদ্ধির পথে।

আশ্বিন ১৩৩২

## রায়তের কথা

#### श्रीमान अमधनाथ क्रीपूरी कन्गानीत्रव्

আমাদের শাস্ত্রে বলে, সংসারটা উর্ধ্বন্য অবাক্শাথ। উপরের দিক থেকে এর শুক্র, নীচে এসে ডালপালা ছড়িয়েছে; অর্থাৎ নিজের জোরে দাঁড়িয়ে নেই, উপরের থেকে ঝুলছে। তোমার 'রায়তের কথা' পড়ে আমার মনে হল যে, আমাদের পলিটিক্স্ও সেই জাতের। কন্প্রেসের প্রথম উৎপত্তিকালে দেখা গেল, এই জিনিসটি শিকড় মেলেছে উপরওয়ালাদের উপর মহলে— কি আহার কি আশ্রয় উভয়েরই জন্মে এর অবলম্বন সেই উর্ধ্বলোকে।

বাদের আমরা ভদ্রলোক বলে থাকি তাঁরা স্থির করেছিলেন যে, রাজপুরুষে ও

ভদ্রলোকে মিলে ভারতের রাজগদি ভাগাভাগি করে নেওয়াই পলিটিক্দ্। দেই পলিটিক্দে যুদ্ধবিগ্রহ দক্ষিশান্তি উভয় ব্যাপারই বক্তৃতামঞ্চে ও থবরের কাগজে, তার অন্ধ বিশুদ্ধ ইংরাজি ভাষা— কথনও অন্ধনয়ের কয়ণ কাকলি, কথনও বা য়ৃত্রিম কোপের উত্তপ্ত উদ্দীপনা। আর দেশে যথন এই প্রগাল্ভ বাগ্বাত্যা বায়্মগুলের উর্ধেন্ডরে বিচিত্র বাপলীলা-রচনায় নিযুক্ত তথন দেশের যারা মাটির মায়্য তারা সনাতন নিয়মে জন্মাছে মরছে, চাষ করছে, কাপড় বৃনছে, নিজের রক্তে মাংসে সর্বপ্রকার খাপদ-মাহ্রের আহার জোগাছে, যে দেবতা তাদের ছোয়া লাগলে অন্তচি হন মন্দিরপ্রাঙ্গণের বাইরে সেই দেবতাকে ভূমির্চ হয়ে প্রণাম করছে, মাতৃভাষায় কাঁদছে হাসছে, আর মাথার উপর অপমানের ম্যুলধারা নিয়ে কপালে করাঘাত করে বলছে 'অদৃষ্ট'। দেশের সেই পোলিটিশান্ আর দেশের সর্বসাধারণ, উভয়ের মধ্যে অসীম দূরত্ব।

म्थ पिनिष्क्म वाक म्थ फितिरहर, विकानिनी स्थम करत वहार का एथर म्थ रहता । वनर का मान व्यव वहार का प्रवाण व व्यव हा के पूर्व ना का प्रवाण । वन हा पूर्व ना अव विकास । वनर हा कि पूर्व ना अव विकास । वनर हा कि पूर्व ना अव विकास । विकास हा कि पूर्व ना अव विकास । विकास हा कि वि

এই নিম্নপাধিক প্রেমচর্চার অর্থ যারা জোগান তাঁদের কারো বা আছে জমিদারি, কারো বা আছে কারখানা; আর শব্দ যাঁরা জোগান তাঁরা আইনব্যবসায়ী। এর মধ্যে পদ্ধীবাসী কোনো আয়গাতেই নেই; অর্থাৎ আমরা যাকে দেশ বলি সেই প্রতাপাদিত্যের প্রেতলোকে তারা থাকে না। তারা অত্যন্ত প্রতাপহীন— কি শব্দসন্থলে কি অর্থ-সন্থলে। যদি দেওয়ানি অবাধ্যতা চলত তা হলে তাদের জাকতে হত বটে, সে কেবল খাজনা বন্ধ করে মরবার জন্তে। আর, যাদের অহ্য-ভক্য-ধন্মর্গুণ তাদের এখনও মাঝে মাঝে জাক পাড়া হয় দোকান বন্ধ করে হ্রতাল করবার জন্তে, উপরওয়ালাদের কাছে আমাদের পোলিটিকাল বাঁকা ভক্টাকে অত্যন্ত তেড়া করে দেখাবার উদ্দেশ্যে।

এই কারণেই রায়তের কথাটা মুলতবিই থেকে যায়। আগে পাতা হোক সিংহাসন, গড়া হোক মুক্ট, থাড়া হোক রাজদণ্ড, ম্যাঞেস্টার পরুক কোপ্নি— তার পর সময় পাওয়া যাবে রায়তের কথা পাড়বার। অর্থাৎ, দেশের পলিটিক্স্ আগে, দেশের মাহ্য পরে। তাই শুরুতেই পলিটিকসের সাজ-ফর্মাশের ধুম পড়ে গেছে। স্থবিধা এই যে, মাপ নেবার জন্তে কোনো সজীব মাহুষের দরকার নেই। অন্ত দেশের মাহুষ নিজের দেহের বহর ও আবহাওয়ার প্রতি দৃষ্টি রেখে বার বার কেটে-ছেঁটে বদলে জুড়ে যে সাজ वानिद्युद्ध ठिक त्रहे नमूनां । पर्कित त्रांकात हालान कत्रत्लहे हृत्त । मात्क्रत नामध জানি— একেবারে কেতাবের পাতা থেকে স্থা-মুখন্থ— কেননা, আমাদের কারখানা-ঘরে নাম আগে, রূপ পরে। ডিমোক্রেসি, পার্লেমেণ্ট, কানাডা অস্ট্রেলিয়া দক্ষিণ-আফ্রিকার রাষ্ট্রতম্ব ইত্যাদি, এর সমন্তই আমরা চোধ বুজে কল্পনা করতে পারি; কেননা গায়ের মাপ নেবার জ্বন্তে মাত্রকে সামনে রাথবার বালাই একেবারেই নেই। এই স্থবিধাটুকু নিক্টকে ভোগ করবার জন্মেই বলে থাকি, আগে স্বরাজ, তার পরে স্বরাজ যাদের জন্তে তারা। পৃথিবীতে অন্ত সব জায়গাতেই দেশের মাহ্য নিজের প্রকৃতি শক্তি ও প্রয়োজনের স্বাভাবিক প্রবর্তনায় আপনিই আপনার স্বরাঞ্চ গড়ে তুলেছে; জগতে আমরাই কেবল পঞ্জিকার কোনো-একটি আসন্ন পরলা জাহুয়ারিতে আগে স্বরাজ পাব, তার পরে স্বরান্সের লোক ভেকে যেমন করে হোক সেটাকে তাদের গায়ে চাপিয়ে দেব। रेजियर्था मालिविया चाहि, मात्री चाहि, इर्जिक चाहि, मराचन चाहि, कमिनात षार्ह, भूनिरमत (भग्नामा षार्ह, भनाय-काँम-नाभारना यायत विरय, भारतत धाफ, সহস্রবান্থ সমাজের ট্যাক্সো, আর আছে ওকালতির দংট্রাকরাল সর্বস্থলোলুপ আদালত।

এই-সব কারণে আমাদের পলিটিক্সে তোমার 'রায়তের কথা' স্থানকালপাত্রোচিত হয়েছে কি না সন্দেহ করি। তুমি ঘোড়ার সামনের দিকে গাড়ি জোৎবার আয়োজনে যোগ দিচ্ছ না; শুধু তাই নয়, ঘোড়াটাকে জোৎবার উদ্যোগ বন্ধ রেথে থবর নিতে চাও সে দানা পেলে কি না, ওর দম কতটুক্ বাকি। তোমার মন্ত্রণাদাতা বন্ধুদের মধ্যে এমন-কি কেউ নেই যে তোমাকে বলতে পারে— আগে গাড়ি টানাও, তা হলেই অমুক শুভ লগ্নে গম্যস্থানে পৌছবই; তার পরে পৌছবা মাত্রই যথেই সময় পাওয়া যাবে থবর নেবার জন্মে যে, ঘোড়াটা সচল না অচল, বেঁচে আছে না মরেছে। তোমার জানা উচিত ছিল, হাল আমলের পলিটিক্সে টাইম্টেব্ল্ তৈরি, তোরল গুছিয়ে গাড়িতে চড়ে বসাই প্রধান কর্তব্য। অবশেষে গাড়িটা কোনো জায়গাতেই পৌছয় না বটে, কিছ সেটা টাইম্টেব্লের দোষ নয়; ঘোড়াটা চললেই হিসেব ঠিক মিলে যেত। তুমি তার্কিক; এতবড়ো উৎসাহে বাধা দিয়ে বলতে চাও, ঘোড়াটা যে চলে না বছকাল

থেকে সেইটেই গোড়াকার সমস্তা। তুমি সাবেক ফ্যাশানের সাবধানী মান্ত্র্য, আন্তাবলের থবরটা আগে চাও। এ দিকে হাল ফ্যাশানের উৎসাহী মান্ত্র্য কোচ্বাক্সে চড়ে বলে অন্তিরভাবে পা ঘষছে; ঘরে আগুন লাগার উপমা দিয়ে সে বলছে, অতি শীত্র পৌছনো চাই, এইটেই একমাত্র জরুরি কথা। অতএব ঘোড়ার থবর নেওয়া নিছক সময় নই করা। সব আগে দরকার গাড়িতে চড়ে বসা। তোমার 'রায়তের কথা' সেই ঘোড়ার কথা, যাকে বলা বেতে পারে গোড়ার কথা।

ş

কিন্তু ভাবনার কথা এই যে, বর্তমান কালে একদল জোয়ান মাহুষ রায়তের দিকে মন দিতে শুরু করেছেন। সব আগে তাঁরা হাতের গুলি পাকাচ্ছেন। বোঝা যাচ্ছে, তাঁরা বিদেশে কোথাও একটা নব্দির পেয়েছেন। আমাদের মন যথন অত্যস্ত আড়ম্বরে স্বাদেশিক হয়ে ওঠে তথনও দেখা যায়, সেই আড়ম্বরের সমন্ত মালমসলার গায়ে ছাপ মারা আছে 'Made in Europe'। যুরোপে প্রকৃতিগত ও অবস্থাগত কারণের স্বাভাবিক বেগে মাহুষ সোগালিজ ম, কম্যুনিজ ম, নিণ্ডিক্যালিজ ম প্রভৃতি নানাপ্রকার मामाध्मिक পরিবর্তনের পরথ করছে। কিন্তু আমরা যথন বলি, রায়তের ভালো করব, তখন যুরোপের বাঁধি বুলি ছাড়া আমাদের মুখে বুলি বেরোয় না। এবার পূর্ববঙ্গে গিয়ে দেখে এলুম, ক্ষু কুল কুলাঞ্রের মতো কণভঙ্গুর সাহিত্য গলিয়ে উঠছে। তারা সব ह्माटिंग ह्माटिंग अर्क-अर्केंग्रि त्रस्क्रभाराज्य श्रवस्था। वलाह, भिरव रक्ष्यमा, नरम रक्ष्यमा; व्यर्था९ धत्रेगी निर्कमिनात्र निर्मशक्त शिक । यन क्यर्निखत्र बाता भाभ यात्र, यन व्यक्तकांत्रक नाठि भांत्रल म भरत । এ क्यन, रयन तोराव्य मन वनहरू, भारतिखंदनारक छछा मागिरा गन्नायां का कता थ, जा शत्म रे दश्ता निवालम शत्य । जूल याय त्य, यदा শাশুড়ির ভূত ঘাড়ে চেপে তাদের শাশুড়িতর শাশুড়িতম করে তুলতে দেরি করে না। আমাদের দেশের শাস্ত্রে বলে, বাইরের থেকে আত্মহত্যা করে ম'লেই ভববন্ধন চেদন করা যায় না— স্বভাবের ভিতর থেকে বন্ধনের মূলচ্ছেদ করতে হয়। যুরোপের স্বভাবটা মারম্থো। পাপকে ভিতর থেকে মারতে সময় লাগে— তাদের সে তর সর না, তারা বাইরে থেকে মামুষকে মারে।

একদিন ইংরেজের নকল করে আমাদের ছেঁড়া পলিটিক্স্ নিয়ে পার্লামেন্টীয় রাজনীতির পুতৃলখেলা খেলতে বসেছিলেম। তার কারণ, সেদিন পলিটিক্সের আদর্শ টাই মুরোপের অন্ত সব-কিছুর চেয়ে আমাদের কাছে প্রত্যক্ষগোচর ছিল।

় তখন মুরোপীয় যে পাহিত্য আমাদের মন দধল করেছে তার মধ্যে মাট্সিনি

भातिराम् छित्र खति। हिन श्रधान। अथन मिशान नात्मित्र भाना रमन श्राह्म। লম্বাকাণ্ডে ছিল রাজবীরের জয়, ছিল দানবের হাত থেকে দীতার মৃক্তির কথা। উত্তরকাতে আছে ত্রমুথের জয়, রাজার মাথা হেঁট, প্রজার মন জোগাবার তাগিদে ताकतानीत्क विमर्कन। युष्कत मितन हिन ताकात महिमा, এখन এन প্रकात महिमा। তথন গান চলছিল, বাহিরের বিরুদ্ধে ঘরের জয়; এখনকার গান, ইমারতের বিরুদ্ধে व्यार्डिनात अग्र। देनानिः পশ্চিমে বলশেভিজ্ম ফাসিজ্ম প্রভৃতি যে-সব উদ্যোগ দেখা দিয়েছে আমরা যে তার কার্যকারণ তার আকার-প্রকার স্থান্ট বৃথি তা নয়; কেবল মোটের উপর বুঝেছি যে, গুণ্ডাতন্ত্রের আথড়া জমল। অমনি আমাদের নকল-নিপুণ মন গুণ্ডামিটাকেই দবচেয়ে বড়ো করে দেখতে বদেছে। বরাহ-অবতার পছ-নিমগ্র ধরাতলকে দাঁতের ঠেলায় উপরে তুলেছিলেন, এরা তুলতে চায় লাঠির ঠেলায়। এ কথা ভাববার অবকাশও নেই সাহসও নেই যে, গোঁয়ার্তমির ঘারা উপর ও নীচের অসামঞ্চন্ত ঘোটে না। অসামঞ্জন্তের কারণ মাহুবের চিত্তরুতির মধ্যে। সেইজন্তেই আব্দকের দিনের নীচের থাকটাকে উপরে তুলে দিলে, কালকের দিনের উপরের থাকটা নীচের দিকে পূর্বের মতোই চাপ লাগাবে। রাশিয়ার জার-তন্ত্র ও বল্শেভিক-তন্ত্র একই দানবের পাশমোড়া দেওয়া। পূর্বে যে ফোড়াটা বাঁ হাতে ছিল আজ দেটাকে ডান হাতে চালান করে দিয়ে যদি তাণ্ডবন্তা করা যায়, তা হলে দেটাকে বলতেই হবে পাগলাম। যাদের রক্তের তেজ বেশি, এক-এক সময়ে মাথায় বিপরীত রক্ত চড়ে গিয়ে তাদের পাগলামি দেখা দেয়--- কিন্তু সেই দেখাদেখি নকল পাগলামি চেপে বদে অন্ত লোকের, যাদের রক্তের জোর কম; তাকেই বলে হিস্টিরিয়া। আজ তাই যথন শুনে এলুম সাহিত্যে ইশারা চলছে, মহাজনকে লাগাও বাড়ি, জমিদারকে ফেলো পিষে, তথনি বুঝতে পারলুম, এই লালমুখো বুলির উৎপত্তি এদের নিজের রক্তের থেকে নয়। এ হচ্ছে বাঙালির অসাধারণ নকলনৈপুণ্যের নাট্য, ম্যাজেন্টা রঙে ছোবানো। এর আছে উপরে হাত পা ছোঁড়া, ভিতরে চিত্তহীনতা।

0

আমি নিব্দে জমিদার, এইজন্ম হঠাৎ মনে হতে পারে, আমি বৃঝি নিজের আসন বাঁচাতে চাই। যদি চাই তা হলে দোষ দেওয়া যায় না— ওটা মানবন্ধভাব। যারা সেই অধিকার কাড়তে চায় তাদের যে বৃদ্ধি, যারা সেই অধিকার রাখতে চায় তাদেরও সেই বৃদ্ধি; অর্থাৎ কোনোটাই ঠিক ধর্মবৃদ্ধি নয়, ওকে বিষয়বৃদ্ধি বলা যেতে পারে। আজ যারা কাড়তে চায় যদি তাদের চেষ্টা সফল হয় তবে কাল তারাই বনবিড়াল হয়ে উঠবে। হয়তো শিকারের বিষয়-পরিবর্তন হবে, কিন্তু দাঁত-নথের ব্যবহারটা কিছুমাত্র বৈশ্বব ধরণের হবে না। আব্দ অধিকার কাড়বার বেলা তারা যে-সব উচ্চ-অবেদর কথা বলে তাতে বোঝা যায় তাদের 'নামে ফটি' আছে, কিন্তু কাল যথন 'জীবে দয়া'র দিন আসবে তথন দেখব আমিষের প্রতি ব্রুহ্মার লেলিহান চাঞ্চল্য। কারণ, নামটা হচ্ছে মুখে আর লোভটা হচ্ছে মনে। অতএব, দেশের চিত্তবৃত্তির মাটিতে আব্দ যে ক্ষমিদার দেখা দিয়েছে দে যদি নিছক কাঁটাগাছেই হয়, তা হলে তাকে দ'লে কেললেও দেই মরা গাছের সারে বিতীয় দফা কাঁটাগাছের শ্রীবৃদ্ধিই ঘটবে। কারণ, মাটিবদল হল না তো।

আমার জন্মগত পেশা জমিদারি, কিন্তু আমার স্বভাবগত পেশা আসমানদারি। এই कांत्र(गरे क्यिमातित क्यि वांकर्ष थाकरा वायात वाखरतत श्रवि तारे। এर জিনিদটার 'পরে আমার শ্রদ্ধার একাস্ক অভাব। আমি জানি জমিদার জমির জোঁক; দে প্যারাসাইট, পরাশ্রিত জীব। আমরা পরিশ্রম না করে, উপার্জন না করে, কোনো যথার্থ দায়িত গ্রহণ ন। করে ঐশর্যভোগের দ্বারা দেহকে অপটু ও চিত্তকে অলম করে তুলি। যারা বীর্ষের ঘারা বিলাদের অধিকার লাভ করে আমরা দে জাতির মাহুব নই। প্রজারা আমাদের অন্ন জোগায় আর আমলারা আমাদের মুথে অন্ন তুলে দেয়-এর মধ্যে পৌরুষও নেই, গৌরবও নেই। নিজেকে ছোটো হাতের মাপে রাজা বলে কল্পনা করবার একটা অভিমান আছে বটে। 'রায়তের কথা'য় পুরাতন দপ্তর ঘেঁটে তুমি নেই স্থম্বপ্লেও বাদ সাধতে বসেছ। তুমি প্রমাণ করতে চাও যে, আমরা ইংরেজ-রাজসরকারের পুরুষামূক্রমিক গোমস্তা। আমরা এ দিকে রাজার নিমক থাচ্ছি— রায়তদের বলছি 'প্রজা', তারা আমাদের বলছে 'রাজা'— মন্ত একটা ফাঁকির মধ্যে আছি। এমন জমিদারি ছেড়ে দিলেই তো হয়। কিন্তু, কাকে ছেড়ে দেব। অন্ত এক জমিদারকে? গোলাম-চোর খেলার গোলাম যাকেই গতিয়ে দিই,তার দ্বারা গোলাম-চোরকে ঠেকানো হয় না। প্রজাকে ছেড়ে দেব ? তথন দেখতে দেখতে এক বড়ো জমিদারের জায়গায় দশ ছোটো জমিদার গজিয়ে উঠবে। রক্তপিপাসায় বড়ো জোঁকের চেয়ে ছিনে জোঁকের প্রবৃত্তির কোনো পার্থক্য আছে তা বলতে পারি নে। তুমি বলেছ, জমি চাষ করে যে জমি তারই হওয়া উচিত। কেমন করে তাহবে। জমি যদি পণ্যস্রব্য হয়, যদি তার হস্তাস্তরে বাধা না থাকে ? এ কথা মোটের উপর বলা চলে যে, বই তারই হওয়া উচিত যে মাহুষ वहे भएए। य गांश्य भएए ना अथह नाक्षिय दारथ एम, वहेरमूत नम्बावहांदीरक रम विकि करत । किन्न, वह यमि भागिणां । ताकारन विकि कत्रा कारान वांधा ना থাকে তা হলে যার বইয়ের শেল্ফ্ আছে, বুদ্ধি বিভানেই, সে যে বৃই কিনবে না এমন ব্যবস্থা কী করে করা যায়। সংসারে বইয়ের শেল্ফ্ বৃদ্ধির চেয়ে অনেক স্থলভ ও প্রচুর।

এই কারণে অধিকাংশ বইয়ের গতি হয় শেল্ফের থাকে, বৃদ্ধিমানের ভেন্ধে নয়। সরস্থতীর বরপুত্র যে ছবি রচনা করে লক্ষীর বরপুত্র তাকে দখল করে বসে। অধিকার আছে ব'লে নয়, ব্যান্ধে টাকা আছে ব'লে। যাদের মেজাজ কড়া, সন্থল কম, এ অবস্থায় তারা থাঞ্চা হয়ে ওঠে। বলে, মারো টাকাওয়ালাকে, কাড়ো ছবি। কিন্তু, চিত্রকরের পেটের দায় যতদিন আছে, ছবি যতদিন বাজারে আসতে বাধ্য, ততদিন লক্ষীমানের ঘরের দিকে ছবির টান কেউ ঠেকাতে পারবে না।

8

জমি যদি থোলা বাজারে বিক্রিহয়ই তা হলে যে ব্যক্তি স্বয়ং চাষ করে তার কেনবার সজ্ঞাবনা অল্পই; যে লোক চাষ করে না কিন্তু যার আছে টাকা, অধিকাংশ বিক্রয়যোগ্য জমি তার হাতে পড়বেই। জমির বিক্রয়ের সংখ্যা কালে কালে ক্রমেই যে বেড়ে যাবে, এ কথাও সত্য। কারণ, উত্তরাধিকারস্বত্রে জমি যতই খণ্ড খণ্ড হতে থাকরে, চাষীর সাংসারিক অভাবের পক্ষে সে জমি ততই অল্প-স্বত্ব হবেই; কাজেই অভাবের তাড়ায় থরিদ-বিক্রি বেড়ে চলবে। এমনি করে ছোটো ছোটো জমিগুলি স্থানীয় মহাজনের বড়ো বড়ো বেড়াজালের মধ্যে ঝাঁকে ঝাঁকে ঝাঁ পড়ে। তার ফলে জাঁতার তৃই পাথরের মাঝখানে গোটা রায়ত আর বাকি থাকে না। একা জমিদারের আমলে জমিতে রায়তের যেটুকু অধিকার, জমিদার-মহাজনের জন্দ-সমাসে তা আর টেঁকে না। আমার অনেক রায়তকে এই চরম অকিঞ্চনতা থেকে আমি নিজে রক্ষা করেছি জমিহজান্তরের বাধার উপর জাের দিয়ে। মহাজনকে বঞ্চিত করি নি, কিন্তু তাকে রফা করেতে বাধ্য করেছি। যাদের সন্বন্ধে তা করা একেবারে অসম্ভব হয়েছে, তাদের কায়া আমার দরবার থেকে বিধাতার দরবারে গেছে। পরলােকে তারা কোনাে থেসারত পাবে কি না সে তব্ব এই প্রবন্ধে আলােচ্য নয়।

নীলচাষের আমলে নীলকর যথন ঋণের ফাঁসে ফেলে প্রজার জমি আত্মসাৎ করবার চেষ্টায় ছিল তথন জমিদার রায়তকে বাঁচিয়েছে। নিষেধ-আইনের বাঁধ যদি দেদিন না থাকত তা হলে নীলের বস্থায় রায়তি জমি ভূবে একাকার হত। মনে করো, আজ কোনো কারণে বাংলার উৎপন্ন ফসলের প্রতি যদি মাড়োয়ারি দথল-স্থাপনের উদ্দেশে ক্রমশ প্রজার জমি ছিনিয়ে নিতে ইচ্ছা করে, তা হলে অতি সহজেই সমন্ত বাংলা তারা ঘানির পাকে ঘ্রিয়ে তার সমন্ত তেল নিংড়ে নিতে পারে। এমন মৎলব এদের কারো মাথায় যে কোনো দিন আসে নি, তা মনে করবার হেতু নেই। যে-সব ব্যবসায়ে এরা আজ নিযুক্ত আছে তার মৃন্যায় বিদ্ধ ঘটলেই আবদ্ধ মূলধন এই-সব থাতের

मकान थूँ जरवरे। এখন कथा इल्व्ह, चरदद मिरक दिराना जन छाकावाद अव्कृत थान-খনন কি রায়তের পক্ষে ভালো। মূল কথাটা এই— রায়তের বৃদ্ধি নেই, বিছা নেই, শক্তি নেই, আর ধনস্থানে শনি। তারা কোনোমতে নিম্নেকে রক্ষা করতে জানে না। তাদের মধ্যে যারা জ্বানে তাদের মতো ভয়ংকর জীব আর নেই। রায়ত-খাদক রায়তের ক্ষা যে কত সর্বনেশে তার পরিচয় আমার জানা আছে। তারা যে প্রণালীর ভিতর দিয়ে ফীত হতে হতে জমিদার হয়ে ৬ঠে, তার মধ্যে শরতানের সকল শ্রেণীর অত্নরেরই क्रिंगा (१४८७ शारा । कान, क्रांनिशांजि, भिशा-भक्षमा, घत-क्रांनाता, क्रमन-তছরপ— কোনো বিভীষিকার তাদের সংকোচ নেই। জেলখানার যাওয়ার মধ্য দিয়ে তাদের শিক্ষা পাকা হয়ে উঠতে থাকে। আমেরিকায় যেমন শুনতে পাই ছোটো ছোটো व्यावमारक गिरम रक्ष्म वर्षा वर्षा व्यावमा मानवाकात इरम ७८५, राज्यिन करता पूर्वम রায়তের ছোটো ছোটো জমি ছলে বলে কৌশলে আত্মসাৎ করে প্রবল রায়ত ক্রমে জমিদার হয়ে উঠতে থাকে। এরা প্রথম অবস্থায় নিজে জমি চাব করেছে, নিজের গোরুর গাড়িতে মাল তুলে হাটে বেচে এসেছে, স্বাভাবিক চতুরতা ছাড়া অন্ত চাষীর সঙ্গে এদের কোনো প্রভেদ ছিল না। কিন্তু, যেমনি জমির পরিধি বাড়তে থাকে অমনি হাতের লাঙল থদে গিয়ে গদার আবির্ভাব হয়। পেটের প্রত্যস্তদীমা প্রদারিত হতে থাকে, পিঠের দিকে লাগে তাফিয়া, মূলুকের মিথ্যা মকদ্দমা-পরিচালনার কাজে পসার জমে. আর তার দাবরাব-তর্জন-গর্জন-শাসন-শোষণের সীমা থাকে না। বড়ো বড়ো জালের ফাঁক বড়ো, ছোটো মাছ তার ভিতর দিয়ে পালাবার পথ পায়; কিছ ছোটো ছোটো জালে চুনোপু'টি সমন্তই ছাঁকা পড়ে— এই চুনোপু'টির ঝাঁক নিয়েই রায়ত।

একটা কথা মনে রাখতে হবে যে,প্রতিকৃল আইনটাকেই নিজের অমুকৃল করে নেওয়াই মকদমার জুজুংস্থ খেলা। আইনের যে আঘাত মারতে আদে দেই আঘাতের দ্বারাই উলটিয়ে মারা ওকালতি-কৃত্তির মারাত্মক প্যাচ। এই কাজে বড়ো বড়ো পালোয়ান নিযুক্ত আছে। অতএব রায়ত যতদিন বৃদ্ধি ও অর্থের তহবিলে সম্পন্ন হয়ে না ওঠে ততদিন 'উচল' আইনও তার পক্ষে 'অগাধ জলে' পড়বার উপায় হবে।

এ কথা বলতে ইচ্ছা করে না, গুনতেও ভালো লাগে না যে, জমি সহক্ষে রায়তের স্বাধীন ব্যবহারে বাধা দেওয়া কর্তব্য। এক দিক থেকে দেখতে গেলে যোলো-আনা স্বাধীনতার মধ্যে আত্ম-অপকারের স্বাধীনতাও আছে। কিন্তু ততবড়ো স্বাধীনতার অধিকার তারই যার শিশুবৃদ্ধি নয়। যে রাস্তায় সর্বদা মোটর-চলাচল হয় সে রাম্বায় সাবালক মাহ্যকে চলতে বাধা দিলে সেটাকে বলা যায় জুলুম; কিন্তু অত্যন্ত নাবালককে যদি কোনো বাধা না দিই তবে তাকে বলে অবিবেচনা। আমার যেটুকু অভিজ্ঞতা

তাতে বলতে পারি, আমাদের দেশে মৃচ্ রায়তদের জমি অবাধে হস্তান্তর করবার অধিকার দেওয়া আত্মহত্যার অধিকার দেওয়া। এক সময়ে সেই অধিকার তাদের দিতেই হবে, কিন্তু এখন দিলে কি সেই অধিকারের কিছু বাকি থাকবে। তোমার লেখার মধ্যে এই অংশে আমার মনে যে সংশয় আছে তা বললেম।

Û

আমি জানি, জমিদার নির্নোভ নয়। তাই রায়তের যেথানে কিছু বাধা আছে জমিদারের আয়ের জালে সেথানে মাছ বৈশি আটক পড়ে। আমাদের দেশে মেয়ের বিবাহের সীমা সংকীর্ণ, সেই বাধাটাই বরপক্ষের আয়ের উপায়। এও তেমনি। কিছে দেখতে দেখতে চাষীর জমি সরে সরে মহাজনের হাতে পড়লে আথেরে তাতে জমিদারের লোকসান আছে বলে আনন্দ করবার কোনো হেতু নেই। চাষীর পক্ষে জমিদারের মৃষ্টির চেয়ে মহাজনের মৃষ্টি আনেক বেশি কড়া— যদি তাও না মান এটা মানতে হবে, সেটা আর-একটা উপ্রি মৃষ্টি।

রায়তের জমিতে জমার্দ্ধি হওয়া উচিত নয়, এ কথা থুব সত্য। রাজসরকারের সঙ্গে দেনা-পাওনায় জমিদারের রাজস্বর্দ্ধি নেই, অথচ রায়তের স্থিতিস্থাপক জমায় কমা সেমিকোলন চলবে, কোথাও দাঁড়ি পড়বে না, এটা ভায়বিক্ষন। তা ছাড়া এই ব্যবস্থাটা জমির উন্নতিসাধন সম্বন্ধে স্বাভাবিক উৎসাহের একটা মন্ত বাধা; স্থতরাং কেবল চাষী নয়, সমন্ত দেশের পক্ষে এটাতে অকল্যাণ। তা ছাড়া গাছ কাটা, বাসস্থান পাকা করা, পুক্তরিণীখনন প্রভৃতির অস্তরায়গুলো কোনো মতেই সমর্থন করা চলে না।

কিন্তু এসব গেল খুচরে। কথা। আদল কথা, যে মাহ্য নিজেকে বাঁচাতে জানে না কোনো আইন তাকে বাঁচাতে পারে না। নিজেকে এই-যে বাঁচাবার শক্তি তা জীবনযাত্রার সমগ্রতার মধ্যে, কোনো-একটা থাপছাড়া প্রণালীতে নয়। তা বিশেষ আইনে নয়, চরকায় নয়, থদরে নয়, কন্ত্রেসে ভোট দেবার চার-আনা ক্রীত অধিকারে নয়। পল্লীর মধ্যে সমগ্রভাবে প্রাণসঞ্চার হলে তবেই সেই প্রাণের সম্পূর্ণতা নিজেকে প্রতিনিয়ত রক্ষা করবার শক্তি নিজের ভিতর থেকেই উদ্ভাবন করতে পারবে।

কেমন করে সেটা হবে সেই তত্ত্বটাই কাজেও কথায় কিছুকাল থেকে ভাবছি। ভালো জবাব দিয়ে যেতে পারব কি না জানি নে— জবাব তৈরি হয়ে উঠতে সময় লাগে। তবু আমি পারি বা না পারি, এই মোটা জবাবটাই খুঁজে বের করতে হবে। সমস্ত খুচরো প্রশ্নের সমাধান এরই মধ্যে। নইলে তালি দিতে দিতে দিন বয়ে যাবে; যার জন্তে এত জোড়াতাড়া সে ততকাল পর্যন্ত টিঁকবে কি না সন্দেহ।

আবাঢ় ১৩৩৩

## স্বামী শ্রদ্ধানন্দ

আমাদের দেশে থারা সত্যের ব্রত গ্রহণ করবার অধিকারী এবং সেই ব্রতকে প্রাণ দিয়ে যাঁরা পালন করবার শক্তি রাথেন তাঁদের সংখ্যা অল্প বলেই দেশের এত তুর্গতি। এমন চিত্তদৈন্ত যেখানে, সেখানে স্বামী শ্রদ্ধানন্দের মতো অতবড়ো বীরের এমন মৃত্যু যে কতদুর শোকাবহ তার বর্ণনায় প্রয়োজন নেই। এর মধ্যে একটি কথা এই আছে যে, তাঁর মৃত্যু যতই শোচনীয় হোক, সে মৃত্যুতে তাঁর প্রাণ তাঁর চরিত্র ততই মহীয়ান হয়েছে। বারে বারে ইতিহাসে দেখা যায়, নিজের সমস্ত দিয়ে যাঁরা কল্যাণ-ব্রতকে গ্রহণ করেছেন অপমান ও অপমৃত্যু তাঁদের ললাটে জয়তিলক এমনি করেই র্একেছে। মহাপুরুষরা আদেন প্রাণকে মৃত্যুর উপরেও জয়ী করতে, সত্যকে জীবনের সামগ্রী করে তুলতে। আমাদের খাগুদ্রব্যে প্রাণ দেবার যা উপকরণ রয়েছে তা বায়তে আছে, বৈজ্ঞানিক পরীক্ষাগারেও আছে। কিন্তু, যতক্ষণ তা উদ্ভিদে প্রাণীতে জৈব আকার না ধারণ করে ততক্ষণ প্রাণের পুষ্টি হয় না। সত্য সম্বন্ধেও সে কথা থাটে। শুধুমাত্র বাক্যের হাওয়া থেকে আকর্ষণ করে নিয়ে তাকে জীবনগত করবার শক্তি ক'জনারই বা আছে। সত্যকে জানে অনেক লোকে, তাকে মানে সেই মাহুষ যে বিশেষ শক্তিমান; প্রাণ দিয়ে তাকে মানার দ্বারাই সত্যকে আমরা সকল মাহুষের করে দিই। এই মানতে পারার শক্তিটাই মন্ত জিনিস। এই শক্তির সম্পদ ঘাঁরা সমাজকে দেন তাঁদের দান মহামূল্য; সভ্যের প্রতি সেই নিষ্ঠার আদর্শ শ্রদ্ধানন্দ এই তুর্বল দেশকে দিয়ে গেছেন। তাঁর সাধনা-পরিচয়ের উপযোগী যে নাম তিনি গ্রহণ করেছিলেন সেই নাম তাঁর সার্থক। সত্যকে তিনি শ্রদ্ধা করেছেন। এই শ্রদ্ধার মধ্যে স্প্টিশক্তি আছে। সেই শক্তির দারা তাঁর সাধনাকে রূপমূর্তি দিয়ে তাকে তিনি সঞ্জীব করে গেছেন। তাই তাঁর মৃত্যুও আলোকের মতো হয়ে উঠে তাঁর শ্রন্ধার সেই ভয়হীন ক্ষয়হীন ক্লান্তিহীন অমৃতচ্ছবিকে উজ্জ্ব করে প্রকাশ করেছে। সত্যের প্রতি শ্রদ্ধার এই ভূমানন্দকে তাঁর চরিত্রের মধ্যে আজ আমরা যেন সার্থক আকারে দেখতে পারি। এই দার্থকতা বাহু ফলে নয়, নিজেরই অক্লুত্রিম বান্তবতায়।

অপঘাতের এই-যে আঘাত শুধু মহাপুরুষেরাই একে সছ করতে পারেন, শুধু তাঁদের পক্ষেই এর কোনো অর্থ নেই। যারা মরণকে ক্ষুদ্র স্থার্থের উর্ধের তুলতে পেরেছেন জীবন থাকতেই তাঁরা অমৃতলোকে উত্তীর্ণ। কিছু, মৃত্যুর গুপ্তচর তো শ্রন্ধানন্দের আয়ু হরণ করেই ফিরে যাবে না। ধর্মবিলোহী ধর্মান্ধতার কাঁধে চড়ে রক্তক্ষ্বিত যে বীভৎসতাকে নগরের পথে পথে সে বিস্তার করেছিল অনতিকাল পূর্বেই, সে

তো আমরা দেখেছি। সে যাদের নষ্ট করেছে তাদের তো কিছুই অবশেষ থাকে নি। তাদের মৃত্যু যে নিরতিশয় মৃত্যু, তাদের ক্ষতি যে চরম ক্ষতি।

তাদের ঘরে সস্তানহীন মাতার ক্রন্সনে সান্ধনা নেই, বিধবার হৃংথে শান্তি নেই। এই-যে নিষ্ঠুরতা যা সমন্তকে নিংশেষে চিতাভন্মে সমাধা করে, তাকে তো সন্থ করতে পারা যায় না। হুর্বল স্বল্পপ্রাণ যারা, যাদের জনসাধারণ বলি, তারা এতবড়ো হিংসার বোঝা বইবে কী করে। এখন দেখতে পাচ্ছি, আবার যমরাজ্বের সিংহন্বার উদ্ঘাটিত হল, আবার প্রতিবেশীতে প্রতিবেশীতে ইত্যার প্রতিযোগিতা আরম্ভ হল। এর হৃংথ সইবে কে।

বিধাতা যথন হঃথকে আমাদের কাছে পাঠান তথন সে একটি প্রশ্ন নিয়ে আসে। দে আমাদের জিজ্ঞাদা করে, তোমরা আমাকে কী ভাবে গ্রহণ করবে। বিপদ আসবে না এমন হতে পারে না— সংকটের সময় উপস্থিত হয়, আন্ত উদ্ধারের উপায় থাকে না, কিন্তু, কী ভাবে বিপদকে আমরা ব্যবহার করি তারই উপরে প্রশ্নের সমুত্তর निर्ভत करता । এই-यে পাপ कारना हरत प्राथी मिन, এর ভয়ে ভীত হব না এর कारह মাথা নত করব ? না দে পাপের বিরুদ্ধে পাপকে দাঁড় করাব ? মৃত্যুর আঘাত, হুঃখের আঘাতের উপর রিপুর উন্মন্ততাকে জাগ্রত করব ? শিশুর আচরণে দেখা যায়, সে যথন আচাড থায় তথন মেন্সেকে আঘাত করতে থাকে। যতই আঘাত করে মেন্সে ততই সে আঘাত ফিরিয়ে দেয়। এ শিশুর ধর্ম। কিন্তু, যদি কোনো বয়স্ক লোক হোঁচট খায় তবে সে চিন্তা করে, বাধাটা কোপায়— বাধা যদি থাকে তো সেটা লজ্মন বা সেটাকে অপসারণ করতে হবে। সচরাচর দেখতে পাই বাহির থেকে আকস্মিক আঘাতের চমকে মানুষের শিশুবৃদ্ধি ফিরে আসে। সে তথন মনে করে, ধৈর্য অবলম্বন করাই কাপুক্ষতা, ক্রোধের প্রকাশ পৌক্ষ। আত্তকের দিনে স্বভাবতই ক্রোধের উদয় হয়ে থাকবে, সে কথা স্বীকার করি। মানবধর্ম তো একেবারে ছাড়তে পারি নে। কিন্তু ক্রোধন্বারা যদি অভিভূত হই তবে দেও মানবধর্ম নয়। আগুন লেগে পাড়া যদি निक्रभार जन्म हरा योग जरत जाक्टनत क्रम्जा निरम जामानन करा दूथा। जथन यि (मात्र कांकेटक मिटल इत्र टला आधनरक रयन ना मिटे। विभएमत्र कांत्रण भर्दछहे পাকে, তার প্রতিকারের উপার যারা রাখে না তারাই দোষী। যাদের ঘর পুড়েচে তারা ষদি বলতে পারে যে, কুপ খনন করে রাখি নি সেই অপরাধের শান্তি পেলেম, তা হলে ভবিশ্বতে তাদের ঘর পোড়ার আশহা কমে। আমাদেরও আঞ্চকে তাই বলতে হবে। অপরাধের গোড়ার কথাটা ভাবা চাই। ন্তনে হয়তো লোকে বলবে, না, এ তো ভালো লাগছে না, একটা প্রলয়-ব্যাপার বাধিয়ে দিতে পারলে সান্ধনা পাওয়া যায়।

ভারতবর্ষের অধিবাসীদের হুই মোটা ভাগ, हिन्नू ও মুসলমান। यদি ভাবি, मुननमानत्मत्र अञ्चीकात्र कृत्य এक भार्म मित्रिय मिर्टिश मर्दन स्वन्धि । स्वन হবে, তা হলে বড়োই ভূল করব। ছাদের পাঁচটা কড়িকে মানব, বাকি তিনটে কড়িকে মানবই না, এটা বিরক্তির কথা হতে পারে, কিন্তু ছাদ-রক্ষার পক্ষে স্ববৃদ্ধির কথা নয়। आमारनत नवरहरत वर्षा अमझन वर्षा दर्शिक घर्ट यथन मासूस मासूरमत भारन तरमरह, অথচ পরস্পরের মধ্যে সম্বন্ধ নেই অথবা সে সম্বন্ধ বিক্লত। বিদেশীর রাজ্যে রাজপুরুষদের भटक आभारमंत्र এको। वाद्य त्यांग थार्क, अंथे आखितिक मधक थार्क ना । विस्निशैं রাজতে এইটেই আমাদের সবচেয়ে পীড়া দেয়। গায়ে-পড়া যোগটা তুর্বলতা ও অপমান षाता । वित्रामी मामन मन्भर्क यप्ति ७ कथा थाएँ छटव चर्तामीयत्तव मधरक तम षावध কত সত্য। এক দেশে পাশাপাশি থাকতে হবে, অথচ পরস্পরের সঙ্গে হাততার সম্বন্ধ थाकरत ना, रग्नराज ता প্রয়োজনের থাকতে পারে— সেইখানেই যে ছিল্র— ছিল্র নয়, क्लिइ निःश्वाद । इटे প্রতিবেশীর মধ্যে যেখানে এতথানি ব্যবধান দেখানেই আকাশ एक करत ७८b अमक्रालं क्याराजात्। आमारनंत रनर्ग कन्मारनंत तथयां वाय यथनह সকলে মিলে টানতে চেষ্টা করা হয়েছে, কংগ্রেস প্রভৃতি নানা প্রচেষ্টা-ঘারা, সে রথ কোথায় এসে থেমে যায়, ভেঙে পড়ে? যেখানে গর্ভগুলো হাঁ করে আছে হাজার বছর ধরে।

আমাদের দেশে যথন খদেশী-আন্দোলন উপস্থিত হয়েছিল তথন আমি তার মধ্যে ছিলেম। মৃদলমানরা তথন তাতে যোগ দেয় নি, বিক্লম ছিল। জননায়কেরা কেউ কেউ তথন জুদ্ধ হয়ে বলেছিলেন, ওদের একেবারে অস্বীকার করা যাক। জানি, ওরা যোগ দেয় নি। কিন্তু, কেন দেয় নি। তথন বাঙালি হিন্দুদের মধ্যে এত প্রবল্গ যোগ হয়েছিল যে দে আশ্রুর্য। কিন্তু, এতবড়ো আবেগ শুধু হিন্দুসমাজের মধ্যেই আবদ্ধ রইল, মৃদলমানসমাজকে স্পর্শ করল না। সেদিনও আমাদের শিক্ষা হয় নি। পরস্পরের মধ্যে বিচ্ছেদের ভোবাটাকে আমরা সমাজের দোহাই দিয়ে গভীর করে রেখেছি। সেটাকে রক্ষা করেও লাফ দিয়ে সেটা পার হতে হবে, এমন আবদার চলে না। এমন কথা উঠতে পারে যে, ভোবা তো দনাতন ভোবা, কিন্তু আজ্ব তার মধ্যে যে ছশ্চিকিৎশ্য বিভাট ঘটছে সেটা তো নৃতন, অতএব হাল আমলের কোনো একটা ভূত আমাদের ঘাড় ভাঙবার গোপন ফন্দি করেছে, ভোবার কোনো দোষ নেই—ওটা বন্ধার বুড়ো আঙুলের চাপে তৈরি। একটি কথা মনে রাখতে হবে যে, ভাঙা গাড়িকে যথন গাড়িধানায় রাখা যায় তথন কোনো উপদ্রব হয় না। সেটার মধ্যে শিশুরা খেলা করতে পারে, চাই কি মধ্যাহ্নের বিশ্রামাবাসও হতে পারে। কিন্তু, যথনই

তাকে টানতে যাই তথন তার জোড়ভাঙা অংশে অংশে সংঘাত উপস্থিত হয়। যথন চলি নি, রাষ্ট্রসাধনার পধে পাশাপাশি রয়েছি, গ্রামের কর্তব্য পালন করেছি, তথন তো নাড়া খাই নি। আমি যথন আমার জমিদারি সেরেন্ডায় প্রথম প্রবেশ করলেম তথন একদিন দেখি, আমার নায়েব তাঁর বৈঠকখানায় এক জায়গায় জাজিম থানিকটা তুলে রেখে দিয়েছেন। যথন জিজ্ঞেস করলেম 'এ কেন' তথন জবাব পেলেম, যে-সব मचानी मूमनमान अञ्चा देवर्रकथानाय अद्युत्तन्त्र व्यक्षिकात भाग्न जात्मत क्रम के वावन्ता। এক তক্তপোষে বসাতেও হবে অথচ বৃঝিয়ে দিতে হবে আমরা পৃথক। এ প্রথা তো ज्यानक निन धरत करन अरमरह ; ज्यानकनिन मूननमान अ स्थान अरमरह, हिन् अस्यान এসেছে। জাজিম-তোলা আগনে মুগলমান বদেছে, জাজিম-পাতা আগনে অন্তে বদেছে। তার পর ওদের ডেকে একদিন বলেছি, 'আমরা ভাই, তোমাকেও আমার সঙ্গে ক্ষতি স্বীকার করতে হবে, কারাবাস ও মৃত্যুর পথে চলতে হবে।' তখন হঠাৎ দেখি অপর পক্ষ লাল টক্টকে নতুন ফেজ মাথায় দিয়ে বলে, আমরা পৃথক। আমরা বিশ্বিত হয়ে বলি, রাষ্ট্র ব্যাপারে পরস্পর পাশে এসে দাঁড়াবার বাধাটা কোধার। বাধা ঐ জাজিম-তোলা আসনে বছদিনের মন্ত ফাঁকটার মধ্যে। ওটা ছোটো নয়। ওথানে অকৃল অতল কালাপানি। বক্তভামঞ্চের উপর দাঁড়িয়ে চেঁচিয়ে ডাক দিলেই পার হওয়া যায় না।

আজকের দিনে রাষ্ট্রশক্তির উদ্বোধন হয়েছে বলেই যত ভেদ, যত ফাঁক, দব স্পষ্ট হয়ে উঠেছে। সেইজন্মই মার থাচ্ছি। এই মার নানা রূপে আসে— কিন্তু, আজ বড়ো করে দেখা দিল এই মহাপুরুষের মৃত্যুতে। মহাপুরুষেরা এই মারকে বক্ষে গ্রহণ করে এর একান্ত বীভৎসভার পরিচয় দেন। তাতেই আমাদের চৈতন্ম হয়। এই-যে চৈতন্ম এদেছে, রিপুর বশবর্তী হয়ে কি এই শুভ অবসরকে নষ্ট করব না শুভবৃদ্ধিদাতাকে বলব, যেখানেই ভেদ ঘটিয়েছি সেখানেই পাপের বেদি গেঁথেছি, তার থেকেই বাঁচাও।

এই-যে ক্ষন্তবেশে পাপ দেখা দিল এ তো ভালোই হয়েছে এক ভাবে। আজকে না ভেবে উপায় নেই যে, কী করে একে চিরকালের মতো পরাভূত করা যেতে পারে। প্রশ্ন উঠতে পারে, আন্ত আমরা কোন্ উপায় অবলম্বন করব। সহসা এ প্রশ্নের একটা পাকারকম উত্তর দিই এমন শক্তি আমার নেই। পরীক্ষা-আরম্ভ করে ক্রমে ক্রমে দে উপায় একদিন পাবই। আজকে দেই পরীক্ষা-আরম্ভের আয়োজন। আজকে দেখতে হবে, আমাদের হিন্দুসমাজের কোথায় কোন্ ছিল্ল, কোন্ পাপ আছে, অতি নির্মনভাবে তাকে আক্রমণ করা চাই। এই উদ্দেশ্য মনে নিয়ে আজ হিন্দুসমাজকে আহ্বান করতে

হবে ; বলতে হবে, পীড়িত হয়েছি আমরা, লক্ষিত হয়েছি, বাইরের আঘাতের জয় নয়, আমাদের ভিতরের পাপের জন্ম। এসো আজ সেই পাপ দূর করতে সকলে মিলি। আমাদের পক্ষে এ বড়ো সহজ কথা নয়। কেননা, অস্তরের মধ্যে বছকালের অভ্যন্ত ভেদবৃদ্ধি, বাইরেও বছদিনের গড়া অতি কঠিন ভেদের প্রাচীর। মুসলমান যথন কোনো উদ্দেশ্য নিয়ে মুসলমান সমাজকে ভাক দিয়েছে, সে কোনো বাধা পায় নি— এক ঈশ্বরের নামে 'আল্লাহো আক্বর' বলে দে ডেকেছে। আর আজ আমরা যথন ডাকব 'হিন্দু এসো' তথন কে আদবে। আমাদের মধ্যে কত ছোটো ছোটো সম্প্রদায, কত গণ্ডী, কত প্রাদেশিকতা— এ উত্তীর্ণ হয়ে কে আসবে। কত বিপদ গিয়েছে। কই একত্র তো হই নি। বাহির থেকে যথন প্রথম আঘাত নিয়ে এল মহম্মদ ঘোরী তথন হিন্দুরা দে আসন্ন বিপদের দিনেতেও তো একতা হয় নি। তার পর যথন মন্দিরের পর মন্দির ভাঙতে লাগল, দেবমূর্তি চূর্ণ হতে লাগল, তথন তারা লড়েছে, মরেছে, থণ্ড খণ্ড ভাবে যুদ্ধ করে মরেছে। তখনও একত্র হতে পারল না। খণ্ডিত ছিলেম বলেই মেরেছে, যুগে যুগে এই প্রমাণ আমরা দিয়েছি। কখনও কখনও ইতিহাস উদ্ঘাটন করে অন্ত প্রমাণ পাবার চেষ্টা করি বটে; বলি, শিথরা তো একসময় বাধা ঘূচিয়েছিল। শিথরা যে বাধা ঘুচিয়েছিল সে তো শিথধর্ম দারাই। পাঞ্চাবের কোথাকার জাঠ, কোথাকার কোন্ জাতি সব, শিথধর্মের আহ্বানে একত্র হতে পেরেছিল; বাধাও দিতে পেরেছিল; ধর্মকেও রক্ষা করতে এক হয়ে দাঁড়িয়েছিল। শিবাজি একসময় ধর্মরাজ্যস্থাপনের ভিত গেড়েছিলেন। তাঁর যে অসাধারণ শক্তি ছিল তদ্বারা তিনি মারাঠানের একত করতে পেরেছিলেন। সেই সম্মিলিভ শক্তি ভারতবর্ষকে উপক্রত করে তুলেছিল। অখের সঙ্গে অশ্বারোহীর যথন সামঞ্জ হয় কিছুতেই সে অশ্ব থেকে পড়ে না; শিবাজির হয়ে সেদিন যারা লড়েছিল তাদের সঙ্গে শিবাজির তেমনি সামগুলু হয়েছিল। পরে আর সে সামঞ্জপ্ত রইল না; পেশোয়াদের মনে ও আচরণে ভেদবৃদ্ধি, থও থও স্বার্থবৃদ্ধি তীক্ষ হয়ে क्रुगकानीन बाह्रेवक्रनटक प्रूक्टबा प्रेक्टबा कटब मिला। आमाब कथा এই यে, आमारमब मर्भा এই-यে পাপ পুষে রেখেছি এতে কি ওধু আমাদেরই অকল্যাণ, সে পাপে কি আমরা প্রতিবেশীদের প্রতি অবিচার করি নে, তাদের মধ্যে হিংসা জাগিয়ে তুলি নে ? र्य पूर्वन रमटे श्रवनरक श्रनुक करत्र भारभन्न भर्थ रिंग्न चान । भारभन्न श्रधान चानम ত্বিলের মধ্যে। অতএব যদি মুসলমান মারে আর আমরা পড়ে পড়ে মার থাই— তবে জানব, এ সম্ভব করেছে গুধু আমাদের তুর্বলতা। আপনার জন্তেও, প্রতিবেশীর জন্তেও আমাদের নিজেদের ত্র্বভা দ্র করতে হবে। আমরা প্রতিবেশীদের কাছে আপিল করতে পারি, তোমরা কুর হোযো না, তোমরা ভালো হও, নরহত্যার উপরে কোনো

ধর্মের ভিত্তি হতে পারে না— কিন্তু সে আপিল যে তুর্বলের কারা। বায়ুমগুলে বাতাস লঘু হয়ে এলে ঝড় যেমন আপনিই আসে, ধর্মের দোহাই দিয়ে কেউ তাকে বাধা দিতে পারে না, তেমনি তুর্বলতা পূরে রেখে দিলে সেধানে অত্যাচার আপনিই আসে— কেউ বাধা দিতে পারে না। কিছুক্ষণের জন্ত হয়তো একটা উপলক্ষ নিয়ে পরম্পার কৃত্রিম বন্ধুতাবন্ধনে আবন্ধ হতে পারি, কিন্তু চিরকালের জন্ত তা হয় না। যে মাটিতে কন্টকতক্ষ ওঠে সে মাটিকে যতক্ষণ শোধন না করা হয় ততক্ষণ তো কোনো ফল হবে না।

আপনার লোককেও যে পর করেছে, পরের সঙ্গেও যার আত্মীয়তা নেই, সে তো ঘাটে এসেছে, তার ঘর কোথায়। আর, তার খাসই বা কতক্ষণ। আৰু আমাদের অন্থতাপের দিন— আৰু অপরাধের ক্ষালন করতে হবে। সত্যিকার প্রায়শ্চিত্ত যদি করি তবেই শত্রু আমাদের মিত্র হবে, রুদ্র আমাদের প্রতি প্রসন্ধ হবেন।

মাঘ ১৩৩৩

# 'রবীন্দ্রনাথের রাস্ক্রনৈতিক মত'

যথন থবর পাই রাষ্ট্রনীতি সমাজনীতি ধর্মনীতি সম্বন্ধে আমার বিশেষ মত কী তা আমার রচনা থেকে কেউ উদ্ধার করবার চেষ্টা করছেন তথন নিশ্চিত জানি, আমার মতের সঙ্গে তাঁর নিজের মত মিশ্রিত হবে। দলিলের সাক্ষ্যের সঙ্গে উকিলের ব্যাখ্যা জড়িত হয়ে যে জিনিসটা দাঁড়ায় সেটাকে প্রমাণ বলে গণ্য করা চলে না। কেননা অভ্য পক্ষের উকিলও সেই একই দলিলকে বিপরীত কথা বলিয়ে থাকেন; তার কারণ, বাচাই-করা বাক্যের বিশেষ অর্থ নির্ভর করে বিশেষরূপে বাচাই করার উপরেই।

রাষ্ট্রনীতি সম্বন্ধে আমার মত আলোচনা করে সম্প্রতি ইংরেজি ভাষায় একথানি বই 'লেখা হয়েছে। ব্যক্তিগত দিক থেকে আমি লেখকের প্রতি ক্ষতজ্ঞ; তিনি আমার প্রতি অসমান প্রকাশ করবার চেষ্টা করেন নি, শ্রদ্ধা করেই লিখেছেন। আমার প্রতি তাঁর মনের অমুকৃল ভাব থাকাতেই আমার মতকে অনেক অংশে প্রচলিত মতের অমুকৃল করে সাজিয়ে আমাকে সাধারণের প্রতিকৃলতা থেকে রক্ষা করবার চেষ্টা করেছেন।

বইখানি আমাকে পড়তে হল। কেননা আমার রাষ্ট্রনৈতিক মত কোনো পাঠকের কাছে কিরকম প্রতীত হয়েছে তা জানবার কোতৃহল সামলাতে পারি নি। আমি

Political Philosophy of Rabindranath by Sachindranath Sen

ব্দানি, আমার মত ঠিক যে কী তা সংগ্রহ করা সহন্ত নয়। বাল্যকাল থেকে আৰু পর্যস্ত দেশের নানা অবস্থা এবং আমার নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে দীর্ঘকাল আমি চিন্তা করেছি এবং কাজও করেছি। যেহেতু বাক্য রচনা করা আমার স্বভাব সেইজন্তে যথন যা মনে এসেছে তথনি তা প্রকাশ করেছি। রচনাকালীন সময়ের সঙ্গে প্রয়োজনের সক্তে সেই-সব লেখার যোগ বিচ্ছিন্ন করে দেখলে তার সম্পূর্ণ তাৎপর্য গ্রহণ করা সম্ভবপর হয় না। যে মামুষ স্থলীর্ঘকাল থেকে চিস্তা করতে করতে লিখেছে তার রচনার ধারাকে ঐতিহাসিকভাবে দেখাই সংগত। যেমন এ কথা বলা চলে না যে, ব্রাহ্মণ আদি চারিবর্ণ रुष्टित जानिकारला उसात मूथ एथरक भतिभूर्व खत्ररभ श्रकाम (भरत्रह, रयमन चीकात করতেই হবে আর্যজ্ঞাতির দমাজে বর্ণভেদের প্রথা কালে কালে নানা রূপান্তরের মধ্যে দিয়ে পরিণত, তেমনি করেই অন্তত আমার সম্বন্ধে জানা চাই যে, রাষ্ট্রনীতির মতো বিষয়ে কোনো বাঁধা মত একেবারে স্থমপূর্ণভাবে কোনো এক বিশেষ সময়ে আমার মন থেকে উৎপন্ন হয় নি— জীবনের অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে নানা পরিবর্তনের মধ্যে তারা গড়ে উঠেছে। সেই-সমন্ত পরিবর্তনপরস্পরার মধ্যে নি:সন্দেহ একটা ঐক্যন্থত্ত আছে। সেইটিকে উদ্ধার করতে হলে রচনার কোন্ অংশ মুখ্য, কোন্ অংশ গৌণ, কোনটা তৎসাময়িক, কোনটা বিশেষ সময়ের সীমাকে অতিক্রম করে প্রবহমান, সেইটে বিচার করে দেখা চাই। বস্তুত দেটাকে অংশে অংশে বিচার করতে গেলে পাওয়া যায় না, সমগ্রভাবে অমুভব করে তবে তাকে পাই।

বইথানি পড়ে আমি নিজের মতের ঠিক চেহারাটা পেলুম না। মন বাধা পেল। বাধা পাবার অন্তান্ত কারণের মধ্যে একটা কারণ এই যে, এর মধ্যে অনেক তর্জমা আছে যার ভাষা আমার নয়, অথচ আমার যে নয় তার নিদর্শন নেই। ভাষার ইঞ্চিত অনেকথানি কথা কয়। সেটা যথন বাদ পড়ে তথন কথার অর্থ পাওয়া যায়, কিস্কু তার ব্যঞ্জনা মারা পড়ে। আর যাই হোক, নিজের ভাষার দায়িত্ব নিজেকে নিতেই হয় কিস্কু অন্তের ভাষার দায়িত্ব নেওয়া চলে না।

তবু এই ক্রেটিকেও উপেক্ষা করা চলে— কিন্তু এ কথা বলতেই হল যে, নানা লেখা থেকে বাক্য চয়ন করে আমার মতের যে একটা মূর্তি দেওয়া হয়েছে তাতে অংশত হয় তো সব কথাই আছে কিন্তু সমগ্রত মোট কথাটা প্রকাশ পায় নি । এরকম হওয়াটা বোধ করি অবশ্রম্ভাবী । কোন্ কথাটার গুরুত্ব বেশি কোনটার কম, লেখক সেটা স্বভাবত নিজের অভিমত ও ফচির দ্বারা স্থির করেন এবং সেইভাবেই সমস্কটাকে গড়ে তোলেন ।

এই উপলক্ষে আমার সমস্ত চিস্তার ক্ষেত্রের উপর নিষ্ণেকে একবার দৃষ্টিক্ষেপ করতে

হল। রাষ্ট্রিক সমস্যা সহকে আমি কী ভেবেছি কী বলতে চেয়েছি তা নিজেই কুড়িয়ে এনে সংক্রেপে আঁটি বাঁধবার চেষ্টা করা ভালো মনে করি। এজন্যে দলিল ঘাঁটব না, নিজের শ্বতির উপরিতলে স্পষ্ট হয়ে যা জেগে আছে তারই অনুসরণ করব।

বালককালের অনেক প্রভাব জীবনপথে শেষ পর্যন্ত সন্ধী হয়ে থাকে; প্রত্যক্ষ না থাকলেও তাদের প্রণোদনা থেকে যায়। আমাদের ব্রান্ধ-পরিবার আধুনিক হিন্দুসমাজের বাহ্য আচার-বিচার ক্রিয়া-কর্মের নানা আবশ্রিক বন্ধন থেকে বিযুক্ত ছিল। আমার বিশ্বাস, সেই কিছু-পরিমাণ দূরত্ব-বশতই ভারতবর্ষের সর্বজনীন সর্বকালীন আদর্শের প্রতি আমার গুরুজনদের শ্রদ্ধা ছিল অত্যন্ত প্রবল। সেই গোরববোধ সেদিন নানা আকারে আমাদের বাড়ির অন্তঃপ্রকৃতি ও বাইরের ব্যবহারকে অধিকার করেছে। তথনকার দিনে প্রচলিত আহণ্ঠানিক হিন্দুধর্মের প্রতি গাঁদের আহা বিচলিত হত, তাঁদের মনকে হয় যুরোপের অন্তাদশ শতান্ধীর বিশেষ ছাঁদের নান্তিকতা অথবা খৃন্টান-ধর্ম-প্রবণতা পেয়ে বসত। কিন্তু এ কথা সকলের জানা যে, সেকালে আমাদের পরিবারে ভারতেরই শ্রেষ্ঠ আদর্শের অনুসরণ করে ভারতের ধর্ম সংস্কার করবার উৎসাহ সর্বদা জাগ্রত ছিল।

বলা বাহুল্য, বালককালে স্বভাবতই সেই উৎসাহ আমার মনকে একটি বিশেষ ভাবে দীক্ষিত করেছে।

সেই ভাবটি এই যে, জীবনের যা কিছু মহত্তম দান তার পূর্ণ বিকাশ আমাদের অন্তঃপ্রকৃতির মধ্য থেকেই। আমাদের বভাবসীমার বাইরে শ্রেষ্ঠ জিনিসের অভাব নেই, লোভনীয় পদার্থ অনেক আছে, দে-সমন্তকে আমরা গ্রহণ করতে পারি নে যদি না আমাদের প্রকৃতির মধ্যে তাদের আত্মসাৎ করি। যথন আমরা বাইরের কিছুতে মৃশ্ধ হই তথন লুক্ক মন অহুকরণের মরীচিকা বিভারের ঘারা তাকে নেবার জন্তে ব্যগ্র হয়। অহুকরণ প্রায় অতিকরণে পৌছয়; তাতে রঙ চড়াই বেশি, তার আওয়াজ হয় প্রবল, তার আত্মালন হয় অত্যুগ্র, অত্যন্ত জোর করে নিজের কাছে প্রমাণ করতে চেটা করি জিনিসটা আমারই— অথচ নানা দিক থেকে তার ভঙ্গুরতা তার আত্মবিরোধ প্রকাশ পেতে থাকে। বাইরের জিনিসকে যথন আপন অন্তরের করি তথন তার ভাবটা বজায় থাকতে পারে তবু তার প্রকাশটা হয় নিজের মতো। কিন্তু যতকণ সেটা আমাদের বাইরে জোড়া থাকে, ভিতরে মিলে না যায়, ততক্ষণ সেটা হয় মোটা কলমে দাগা-বোলানো অক্রের মতো, মূলের চেয়ে আকারে বড়ো, কিন্তু একেবারে তার গায়ে গায় সংলগ্ন। তার থেকে স্বতন্ত্র হয়ে সে অক্রর লেথকের আপন বাক্যে লেথকের আপন চিন্তিত ভাবকে লিপিবন্ধ করতে পারে না। আমাদের রাষ্ট্রীয় চেটায় বাইরে থেকে,

ইন্ধলে পড়ার বই থেকে, আমরা যা পেয়েছি তা আমাদের প্রাণে সর্বাঞ্চীন হয়ে ওঠে নি বলেই অনেক সময় তার বাইরের ছাঁদটাকেই খ্ব আড়ম্বরের সঙ্গে রেথায় মেলাবার গলদ্বর্ম চেষ্টা করি— এবং সেই মিলটুকু ঘটিয়েই মনে করি, যা পাবার তা পেয়েছি, যা করবার তা করা হল।

'সাধনা' পত্রিকায় রাষ্ট্রীয় বিষয়ে আমি প্রথম আলোচনা শুরু করি। তাতে আমি এই কথাটার উপরেই বেশি জোর দিয়েছি। তথনকার দিনে চোথ রাঙিয়ে ভিক্ষা করা ও গলা মোটা করে গবর্মেন্টকে জুজুর ভয় দেখানোই আমরা বীরত্ব বলে গণ্য করতেম। আমাদের দেশে পোলিটিকাল অধ্যবসায়ের সেই অবান্তব ভূমিকার কথাটা আজকের দিনের তক্ষণেরা ঠিক্মত কল্পনা করতেই পারবেন না। তথনকার পলিটিক্দের সমস্ত আবেদনটাই ছিল উপরওয়ালার কাছে, দেশের লোকের কাছে একেবারেই না। मिट कात्रावे श्राप्तिक दाष्ट्रमिकनीएज, श्राप्ताकनमध्मीमजारज, देशद्रिक जायाय বক্তৃতা করাকে কেউ অসংগত বলে মনে করতেই পারতেন না। রাজসাহী-সন্মিলনীতে নাটোরের পরলোকগত মহারাজা জগদিন্দ্রনাথের সঙ্গে চক্রান্ত করে সভায় বাংলাভাষা প্রবর্তন করবার প্রথম চেষ্টা যথন করি তথন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রভৃতি তৎসাময়িক রাষ্ট্রনেভারা আমার প্রতি একান্ত ক্রন্ধ হয়ে কঠোর বিদ্রূপ করেছিলেন। विज्ञा ७ वांधा जामात्र कीवरानत्र नकल कर्यारे जामि श्राहत भित्रमार्गरे भारति है, এ ক্ষেত্রেও তার অন্তথা হয় নি। পর বংসরে ফুগুণশরীর নিয়ে ঢাকা-কনফারেনসেও আমাকে এই চেটায় প্রবৃত্ত হতে হয়েছিল। আমার এই স্প্রিছাড়া উৎসাহ উপলক্ষে তখন এমনতরো একটা কানাকানি উঠেছিল যে, ইংরেজি ভাষায় আমার দখল নেই বলেই রাষ্ট্রসভার মতো অজায়গায় আমি বাংলা চালাবার উদযোগ করেছি। বাঙালির ছেলের পক্ষে যে গালি সবচেয়ে লজ্জার সেইটেই সেদিন আমার প্রতি প্রয়োগ করা হয়েছিল, অর্থাৎ ইংরেজি আমি জানি নে। এত বড়ো ত্র:সহ লাছনা আমি নীরবে সছ করেছিলুম তার একটা কারণ, ইংরেজিভাষা-শিক্ষায় বাল্যকাল থেকে আমি সত্যই অবহেলা করেছি; ছিতীয় কারণ, পিতৃদেবের শাসনে তথনকার দিনেও আমাদের পরিবারে পরস্পর পত্র লেখা প্রভৃতি ব্যাপারে ইংরেজিভাষা ব্যবহার অপমানজনক বলে গণ্য হত।

ইতিমধ্যে কার্জন লাটের হকুমে দিল্লির দরবারের উদ্যোগ হল। তথন রাজশাসনের তর্জন স্বীকার করেও আমি তাকে তীব্র ভাষায় আক্রমণ করেছিলুম। সেই প্রবন্ধ যদি হাল আমলের পাঠকেরা পড়ে দেখেন তবে দেখবেন, ইংরেজের সঙ্গে ভারতবাসীর রাষ্ট্রিক সম্বন্ধের বেদনা ও অপমানটা যে কোথায় আমার সেই লেখায় কতকটা প্রকাশ করেছি। আমি এই বলতে চেয়েছিল্ম, দরবার জ্ञিনিসটা প্রাচ্য পাশ্চাত্য কর্তৃপক্ষ যথন সেটা ব্যবহার করেন তথন তার যেটা শৃল্যের দিক সেইটিকেই জ্ঞাহির করেন, যেটা পূর্ণের দিক সেটাকে নয়। প্রাচ্য অফুর্চানের প্রাচ্যতা কিসে। সে হচ্ছে ছই পক্ষের মধ্যে আত্মিক সম্বন্ধ স্বীকার করা। তরবারির জ্ঞারে প্রতাণের যে সম্বন্ধ সে হল বিক্লন্ধ সম্বন্ধ, আর প্রভৃত দাক্ষিণ্যের ধারা যে সম্বন্ধ সেইটেই নিকটের। দরবারে সম্রাট্ট আপন অজম্র প্রদার্য প্রকাশ করবার উপলক্ষ পেতেন— সেদিন তাঁর ধার অবারিত, তাঁর দান অপরিমিত। পাশ্চাত্য নকল দরবারে সেই দিকটাতে কঠিন ক্লপণতা, সেখানে জনসাধারণের স্থান সংকীর্ণ, পাহারাওয়ালার অস্থে শস্থে রাজপুক্ষদের সংশ্যবৃদ্ধি কন্টকিত— তার উপরে এই দরবারের ব্যয় বহনের ভার দরবারের অতিথিদেরই 'পরে। কেবলমাত্র নতমন্তকে রাজার প্রতাপকে স্বীকার করাবার জন্মেই এই দরবার। উৎসবের সমারোহ-ধারা পরস্পরের সম্বন্ধের অন্তর্নিহিত অপমানকেই আড্মন্বর করে বাইরে প্রকাশ করা হয়। এই ক্লত্রিম হৃদয়হীন আড্মেরে প্রাচ্যন্তদ্ব অভিভৃত হতে পারে, এমন কথা চিন্তা করার মধ্যেও অবিমিশ্র উন্ধত্য এবং প্রজ্লার প্রতি অপমান। ভারতবর্ষে ইংরেজের প্রভৃত্ব তার আইনে, তার মন্ত্রগৃহে, তার শাসনতন্ত্রে ব্যাপ্রভাবে আছে কিন্তু সেইটেকে উৎসবের আকার দিয়ে উৎকট করে তোলার কোনো প্রয়োজন মাত্রই নেই।

বরঞ্চ এইরকম কৃদ্রিম উৎসবে স্পষ্ট করে প্রকাশ করে দেওরা হয় যে, ভারতবর্ষে ইংরেজ থুব কঠিন হয়ে আছে, কিন্তু তার সঙ্গে আমাদের মানবসম্বন্ধ নেই, যান্ত্রিক সম্বন্ধ। এ দেশের সঙ্গে তার লাভের যোগ আছে, ব্যবহারের যোগ আছে, হৃদয়ের যোগ নেই। কর্তব্যের জালে দেশ আর্ত, সেই কর্তব্যের নৈপুণ্য এবং উপকারিতা স্বীকার করলেও আমাদের মানবপ্রকৃতি স্বভাবতই সেই প্রাণহীন শাসনতন্ত্রে পীড়া বোধ করে।

এই বেদনাই মনে নিয়ে আমার লেখায় আমি বিশেষ করে এবং বার বার করে বলেছি যে, ভারতবাসী যদি ভারতবর্ধের সকলপ্রকার হিতকর দান কোনো একটি প্রবল শক্তিশালী যন্ত্রের হাত দিয়েই চিরদিন গ্রহণ করতে অভ্যন্ত হয়, তা হলে তার স্থবিধা স্থযোগ যতই থাক্, তার চেয়ে হুর্গতি আমাদের আর হতেই পারে না। সরকারবাহাছ্র নামক একটা অমানবিক প্রভাব ছাড়া আমাদের অভাবনিবারণের আর কোনো উপায় আমাদের হাতে নেই এইরকম ধারণা মনে বন্ধমূল হতে দেওয়াতেই আমরা নিজের দেশকে নিজে যথার্থভাবে হারাই। আমাদের নিজের দেশ যে আমাদের নিজের হয় নি তার প্রধান কারণ এ নয় যে, এ দেশ বিদেশীর শাসনাধীনে। আসল কথাটা এই যে, যে দেশে দৈবক্রমে জন্মেছি মাত্র সেই দেশকে সেবার ছারা, ত্যাগের ছারা, তপস্থা-ছারা, জানার ছারা, বোঝার ছারা সম্পূর্ণ আত্মীয়া করে তুলি নি— একে অধিকার করতে পারি

নি। নিজের বৃদ্ধি দিয়ে, প্রাণ দিয়ে, প্রেম দিয়ে যাকে গড়ে তুলি তাকেই আমরা অধিকার করি; তারই 'পরে অস্থায় আমরা মরে গেলেও সহা করতে পারি নে। কেউ কেউ বলেন, আমাদের দেশ পরাধীন বলেই তার সেবা সম্বন্ধে দেশের লোক উদাসীন। এমন কথা শোনবার যোগ্য নয়। সত্যকার প্রেম অমুক্ল প্রতিকৃল সকল অবস্থাতেই সেবার ভিতর দিয়ে স্বতই আত্মত্যাগ করতে উগ্রত হয়। বাধা পেলে তার উন্থম বাড়ে বই কমে না। আমরা কন্থেশ করেছি, তীব্র ভাষায় হৃদয়াবেগ প্রকাশ করেছি, কিন্তু যেসব অভাবের তাড়নায় আমাদের দেহ রোগে জীর্ণ, উপবাসে শীর্ণ, কর্মে অপটু, আমাদের চিত্ত অদ্ধন্ধারে ভারাক্রান্ত, আমাদের সমান্ধ শত্রতে রতিত, তাকে নিজের বৃদ্ধির দারা, বিগার দ্বারা, সংঘবদ্ধ চেষ্টা-দারা দ্র করবার কোনো উদ্যোগ করি নি। কেবলই নিজেকে এবং অস্তকে এই বলেই ভোলাই যে, যেদিন স্বরাজ হাতে আসবে তার পরদিন থেকেই সমস্ত আপনিই ঠিক হয়ে যাবে। এমনি করে কর্তব্যকে স্বদ্ধরে ঠেকিয়ে রাধা, অকর্মণ্যতার শৃত্যগর্ভ কৈফিয়ত রচনা করা, নিরুৎস্কক নিরুগ্যম তুর্বল চিত্তেরই পক্ষে সম্ভব।

আমাদের দেশকে সম্পূর্ণভাবে কেউই কেড়ে নিতে পারে না, এবং সেই দেশকে বাইরে থেকে দয়া করে কেউ আমাদের হাতে তুলে দেবে এমন শক্তি কারো নেই। দেশের 'পরে নিজের স্বাভাবিক অধিকারকে যে পরিমাণে আমরা ত্যাগ করেছি সেই পরিমাণেই অস্তে তাকে অধিকার করেছে। এই চিস্তা করেই একদিন আমি 'স্বদেশী সমাজ' নাম দিয়ে একটি বক্তৃতা করেছিলুম। তার মর্মকথাটা আর-একবার সংক্ষেপে বলবার প্রয়োজন আছে।

চিরদিন ভারতবর্ষে এবং চীনদেশে সমাজতন্তই প্রবল, রাষ্ট্রতন্ত্র তার নীচে। দেশ যথার্থভাবে আত্মরক্ষা করে এসেছে সমাজের সমিলিত শক্তিতে। সমাজই বিভার ব্যবস্থা করেছে, তৃষিতকে জল দিয়েছে, ক্ষুধিতকে জয়, পৃজার্থীকে মন্দির, অপরাধীকে দণ্ড, শ্রুদ্ধেরকে শ্রন্ধা; গ্রামে গ্রামে দেশের চরিত্রকে রক্ষিত এবং তার শ্রীকে প্রতিষ্ঠিত করেছে। দেশের উপর দিয়ে রাজ্য-সাম্রাজ্যের পরিবর্তন হয়ে গেল, য়দেশী রাজায় রাজায় নিয়তই রাজত্ব নিয়ে হাত-কেরাফেরি চলল, বিদেশী রাজায়া এসে সিংহাসন-কাড়াকাড়ি করতে লাগল— লুঠপাট অত্যাচারও কম হল না— কিন্তু তবু দেশের আত্মরক্ষা হয়েছে যেহেতু সে আপন কাজ আপনি করেছে, তার অয়বস্থ ধর্মকর্ম সমস্তই তার আপনারই হাতে। এমনি করে দেশ ছিল দেশের লোকের, রাজা ছিল তার এক অংশে মাত্র, মাধার উপর যেমন মৃক্ট থাকে তেমনি। রাষ্ট্রপ্রধান দেশে রাষ্ট্রতন্ত্রের মধ্যেই বিশেষভাবে বন্ধ থাকে দেশের মর্মন্থান; সমাজপ্রধান দেশে দেশের প্রাণ সর্বত্র ব্যাপ্ত হয়ে

থাকে। রাষ্ট্রপ্রধান দেশের রাষ্ট্রপ্তদ্ধের পতনে দেশের অধঃপতন, তাতেই সে মারা যায়। গ্রীস রোম এমনি করেই মারা গিয়েছে। কিন্তু চীন ভারত রাষ্ট্রীয় পরিবর্তনের ভিতর দিয়েই স্থদীর্ঘকাল আত্মরক্ষা করেছে— তার কারণ, সর্বব্যাপী সমাজে তার আত্মা প্রসারিত।

পাশ্চাত্য রাজার শাসনে এইথানে ভারতবর্ষ আঘাত পেয়েছে। গ্রামে গ্রামে তার যে সামাজিক হরাজ পরিব্যাপ্ত ছিল রাজশাসন তাকে অধিকার করলে। যথন থেকে এই অধিকার পাকা হয়ে উঠল তথন থেকে গ্রামে গ্রামে দিঘিতে গেল জল শুকিয়ে; জীর্ণ মন্দিরে, শৃত্ত অতিথিশালায় উঠল অশথ গাছ; জাল-জালিয়াতি মিথ্যা-মকদমাকে বাধা দেবার কিছু রইল না; রোগে তাপে দৈত্তে অজ্ঞানে অধর্মে সমন্ত দেশ রসাতলে তলিয়ে গেল।

मकलात क्रांच विभाग रन धरे या, तम तिलात लाकित कार्क कि हू हारेल आत সাড়া পায় না। জলদান অমদান বিভাদান সমন্তই সরকার-বাহাত্রের মুথ তাকিয়ে। এইখানেই দেশ গভীরভাবে আপনাকে হারিয়েছে। দেশের লোকের সঙ্গে দেশ যথার্থভাবে সেবার সম্বন্ধতে যুক্ত, সেইখানেই ঘটেছে মর্মান্তিক বিচ্ছেদ। আগে স্বরাজ পেলে তবে সেই স্বাভাবিক সম্বন্ধের কাজ চলতে থাকবে এ কথা বলাও যা আর আগে ধনলাভ হবে তার পরে ছেলে মাকে স্বীকার করবে এ কথা বলাও তাই। দারিদ্যের মধ্যেও স্বাভাবিক সম্বন্ধের কাজ চলা উচিত— বস্তুত সেই অবস্থায় সম্বন্ধের দাবি বাডে বই কমে না। 'ধদেশী সমাজে' তাই আমি বলেছিলুম, ইংরেজ আমাদের রাজা কিখা আর-কেউ আমাদের রাজা এই কথাটা নিয়ে বকাবকি করে সময় নই না করে সেবার षারা, ত্যাগের षারা, নিজের দেশকে নিজে সত্যভাবে অধিকার করবার চেষ্টা সর্বাগ্রে করতে হবে। দেশের সমন্ত বৃদ্ধিশক্তি ও কর্মশক্তিকে সংঘবদ্ধ আকারে কেমন করে দেশে বিন্তীর্ণ করা যেতে পারে 'ম্বদেশী সমাঞ্জে' আমি তারই আদর্শ ব্যাখ্যা করেছিলুম। খদর-পরা দেশই যে সমগ্র দেশের সম্পূর্ণ আদর্শ এ কথা আমি কোনোমতেই মানতে পারি নে; যথন দেশের আত্মা সন্ধাগ ছিল তথন সে যে কেবলমাত্র আপন তাঁতে বোনা কাপড আপনি পরেছে তা নয়, তথন তার সমাজে তার বছধা শক্তি বিচিত্র স্পষ্টতে আপনাকে দার্থক করেছে। আজ দমগ্রভাবেই দেই শক্তির দৈন্ত ঘটেছে, কেবলমাত্র চরকায় স্থতো কাটবার শক্তির দৈন্ত নয়।

আজ আমাদের দেশে চরকালাস্থন পতাকা উড়িয়েছি। এ যে সংকীর্ণ জড়শক্তির পতাকা, অপরিণত যন্ত্রপক্তির পতাকা, অল্পবল পণ্যশক্তির পতাকা— এতে চিত্তশক্তির কোনো আহ্বান নেই। সমস্ত জাতিকে মুক্তির পথে যে আমন্ত্রণ সে তো কোনো বাহ্ প্রক্রিয়ার অন্ধ পুনরাবৃত্তির আমন্ত্রণ হতে পারে না। তার জন্তে আবশ্রক পূর্ণ মহুয়ন্তের উদ্বোধন— দে কি এই চরকা-চালনায়। চিন্তাবিহীন মূচ বাহ্ অমুষ্ঠানকেই ঐহিক পারত্রিক সিদ্ধিলাভের উপায় গণ্য করেই কি এতকাল জড়ত্বের বেইনে আমরা মনকে কর্মকে আড়াই করে রাখি নি। আমাদের দেশের সবচেয়ে বড়ো হুর্গতির কারণ কি তাই নয়। আজ্ব কি আকাশে পতাকা উড়িয়ে বলতে হবে, বৃদ্ধি চাই নে, বিদ্যা চাই নে, প্রীতি চাই নে, পোরুষ চাই নে, অন্তরপ্রকৃতির মৃক্তি চাই নে, সকলের চেয়ে বড়ো করে একমাত্র করে চাই চোথ বৃদ্ধে মনকে বৃদ্ধিয়ে দিয়ে হাত চালানো, বছ সহস্র বংসর পূর্বে যেমন চালানো হয়েছিল তারই অমুবর্তন ক'রে। স্বরাজ-সাধন্যাত্রায় এই হল রাজপথ ? এমন কথা বলে মামুষকে কি অপমান করা হয় না।

বস্তত যথন সমগ্রভাবে দেশের বুদ্ধিশক্তি কর্মশক্তি উছত থাকে তথন অন্থা দেশ থেকে কাপড় কিনে পরলেও স্বরাজের মূলে আঘাত লাগে না। গাছের গোড়ায় বিদেশী সার দিলেই গাছ বিদেশী হয় না, যে মাটি তার স্বদেশী তার মূলগত প্রাধান্থ থাকলে ভাবনা নেই। পৃথিবীতে স্বরাজী এমন কোনো দেশই নেই যেথানে অন্থা দেশের আমদানি জিনিস বছল পরিমাণে ব্যবহার না করে। কিন্তু সেই সঙ্গে সঙ্গেই তারা নানা চেটায় আপন শক্তিকেও সার্থক করছে— কেবল এক দিকে নয়, কেবল বণিকের মতো পণ্য-উৎপাদনে নয়, বিহ্যা-অর্জনে, বৃদ্ধির আলোচনায়, লোকহিতে, শিল্পসাহিত্য-স্পষ্টতে, মহন্তাত্বের পূর্ণ বিকাশে। সে দিকে যদি আমাদের দেশে অভাব থাকে তবে নিজের হাত ত্টোকে মনোবিহীন কল-আকারে পরিণত করে আমরা যতই স্থতো কাটি আর কাপড় বুনি আমাদের লজ্জা যাবে না, আমরা স্বরাজ পাব না।

আমি প্রথম থেকেই রাষ্ট্রীয় প্রসঙ্গে এই কথাই বারম্বার বলেছি, যে কাজ নিজে করতে পারি সে কাজ সমস্তই বাকি ফেলে, অন্তের উপরে অভিযোগ নিয়েই অহরহ কর্মহীন উত্তেজনার মাত্রা চড়িয়ে দিন কাটানোকে আমি রাষ্ট্রীয় কর্তব্য বলে মনে করি নে। আপন পক্ষের কথাটা সম্পূর্ণ ভূলে আছি বলেই অপর পক্ষের কথা নিয়ে এত অত্যন্ত অধিক করে আমরা আলোচনা করে থাকি। তাতে শক্তিহ্রাস হয়। স্বরাজ হাতে পেলে আমরা স্বরাজের কাজ নির্বাহ করতে পারব, তার পরিচয় স্বরাজ পাবার আগেই দেওয়া চাই। সে পরিচয়ের ক্ষেত্র প্রশন্ত। দেশের সেবার মধ্যে দেশের প্রতি প্রীতির প্রকাশ কোনো বাহ্ অবস্থান্তরের অপেকা করে না, তার নির্ভর একমাত্র আন্তরিক সত্যের প্রতি। আজ যদি দেখি সেই প্রকাশ অলস উদাসীন, তবে বাহিরের অর্থ্রহে বাহ্ স্বরাজ পেলেই অন্তরের বাহা দ্র হবে এ কথা আমি বিশ্বাস করি নে। আগে আমাদের বাহিরের বাধা দ্র হবে, তার পরে আমাদের দেশপ্রীতি অন্তরের বাধা ভেদ

করে পরিপূর্ণ শক্তিতে দেশের সেবায় নিযুক্ত হবে, এমন আত্মবিজ্বনার কথা আমরা যেন না বিল। যে মানুষ বলে 'আগে ফাউণ্টেন-পেন পাব তার পরে মহাকাব্য লিথব' ব্রুতে হবে তার লোভ ফাউণ্টেন-পেনের প্রতিই, মহাকাব্যের প্রতি নয়। যে দেশাত্ম-বোধী বলে, 'আগে স্বরাজ্ব পেলে তার পরে স্বদেশের কাজ করব' তার লোভ পতাকাওড়ানো উর্দি-পরা স্বরাজের রঙকরা কাঠামোটার 'পরেই। একজন আর্টিন্ট্কে জানি, তিনি অনেক দিন থেকে বলে এসেছিলেন, 'রীতিমত স্টুডিয়ো আমার অধিকারে না পেলে আমি হাতের কাজ দেখাতে পারব না।' তাঁর স্টুডিয়ো জ্টল, কিন্তু হাতের কাজ আজও এগোয় না। যতদিন স্টুডিয়ো ছিল না ততদিন ভাগ্যকে ও অন্ত সকলকে রুপণ বলে দোষ দেবার স্বযোগ তাঁর ছিল, স্টুডিয়ো পাবার পর থেকে তাঁর হাতও চলে না মুখও চলে না। স্বরাজ্ব আগে আসবে, স্বদেশের সাধনা তার পরে. এমন কথাও তেমনিই সত্যহীন, এবং ভিত্তিহীন এমন স্বরাজ।

অগ্রহায়ণ ১৩৩৬

# হিন্দুমুসলমান

ভারতবর্ষের সকল প্রদেশের সকল সমাজের ঐক্যে প্রতিষ্ঠিত এক মহাজাতিকে জাগিয়ে তুলে তার একচ্ছত্র আসন রচনা করব বলে দেশনেতারা পণ করেছেন।

ঐ আসন জিনিসটা, অর্থাৎ যাকে বলে কন্প্টিট্যুগুন, ওটা বাইরের, রাষ্ট্রশাসন-ব্যবস্থায় আমাদের পরস্পরের অধিকার-নির্ণয় দিয়ে সেটা গড়েপিটে তুলতে হবে। তার নানা রকমের নম্না নানা দেশের ইতিহাসে দেথেছি, তারই থেকে যাচাই বাছাই করে প্র্যান ঠিক করা চলছে। এই ধারণা ছিল, ওটাকে পাকা করে থাড়া করবার বাধা বাইরে, অর্থাৎ বর্তমান কর্তৃপক্ষদের ইচ্ছার মধ্যে। তারই সঙ্গে রফা করবার, তক্রার করবার কাজে কিছুকাল থেকে আমরা উঠে পড়ে লেগেছি।

যথন মনে হল কাজ এগিয়েছে, হঠাৎ ধাকা থেয়ে দেখি, মন্ত বাধা নিজেদের মধ্যেই। গাড়িটাকে তীর্থে পৌছে দেবার প্রস্তাবে সারথি যদি-বা আধ-রাজি হল ওটাকে আন্তাবল থেকে ঠেলে বের করবার সময় ছঁশ হল, একা গাড়িটার হুই চাকায় বিপরীত রকমের অমিল, চালাতে গেলেই উলটে পড়বার জো হয়।

যে বিরুদ্ধ মাহ্যটার সঙ্গে আমাদের বাইরের সম্বন্ধ, বিবাদ করে একদিন তাকে হটিয়ে বাহির করে দেওয়া তঃসাধ্য হলেও নিতান্ত অসাধ্য নয়, সেখানে আমাদের হারজিতের মামলা। কিন্তু ভিতরের লোকের বিবাদে কোনো এক পক্ষ জিতলেও মোটের উপর দেটা হার, আর হারলেও শাস্তি নেই। কোনো পক্ষকে বাদ দেবারও জো নেই, আবার দাবিয়ে রাখতে গেলেও উৎপাতকে চিরকাল উত্তেজিত করে রাখাই হবে। ভান পাশের দাঁত বাঁ পাশের দাঁতকে নড়িয়ে দিয়ে যদি বড়াই করতে চায় তবে অবশেষে নিজে অনড় থাকবে না।

এতদিন রাষ্ট্রসভায় বরসজ্জাটার 'পরেই একান্ত মন দিয়েছিলুম, আসনটা কেমন হবে এই কথা ভেবেই মৃদ্ধ। ওটা মহামূল্য ও লোভনীয়। প্রতিবেশীরা যারা কিংথাবের আসন বানিয়েছে তাদের আসরের ঘটা দেখে ঈয়া হয়। কিন্তু হায় রে, য়য়ং বরকে বরণ করবার আন্তরিক আয়োজন বছকাল থেকে ভূলেই আছি। আজ তাই পণ নিয়ে বর্ষাত্রীদের লড়াই বাধে। শুভকর্মে অশুভ গ্রাহের শাস্তির কথাটায় প্রথম থেকেই মন দিই নি, কেবল আসনটার মালমসলার ফর্দ নিয়ে বেলা বইয়ে দিয়েছি।

রাষ্ট্রিক মহাসন -নির্মাণের চেয়ে রাষ্ট্রিক মহাজাতি -স্প্রের প্রয়োজন আমাদের দেশে অনেক বড়ো, এ কথা বলা বাহলা। সমাজে ধর্মে ভাষায় আচারে আমাদের বিভাগের অস্ত নেই। এই বিদীর্ণতা আমাদের রাষ্ট্রিক সম্পূর্ণতার বিরোধী; কিন্তু তার চেয়ে অস্তভের কারণ এই যে, এই বিচ্ছেদে আমাদের মহয়ত্ব-সাধনার ব্যাঘাত ঘটিয়েছে; মাহ্যের মাহ্যের কাছাকাছি বাস করে তবু কিছুতে মনের মিল হয় না, কাজের যোগ থাকে না, প্রত্যেক পদে মারামারি কাটাকাটি বেধে যায়, এটা বর্বরতার লক্ষণ। অথচ আমরা যে আত্মশাসনের দাবি করছি সেটা তো বর্বরের প্রাপ্য নয়। যাদের ধর্মে সমাজে প্রথায়, যাদের চিত্তবৃত্তির মধ্যে, এমন একটা মজ্লাগত জ্যোড়-ভাঙানো তুর্যোগ আছে যে তারা কথায় কথায় একখানাকে সাতথানা করে ফেলে, সেই ছত্রভক্রের দল ঐকরাষ্ট্রিক সন্তাকে উদ্ভাবিত করবে কোন্ যন্ত্রের সাহাযে।

যে দেশে প্রধানত ধর্মের মিলেই মান্ন্যকে মেলায়, অন্ত কোনো বাঁধনে তাকে বাঁধতে পারে না, সে দেশ হতভাগ্য। সে দেশ স্বয়ং ধর্মকে দিয়ে যে বিভেদ স্পষ্ট করে সেইটে সকলের চেয়ে সর্বনেশে বিভেদ। মান্ন্য বলেই মান্ন্যের যে মূল্য সেইটেকেই সহজ্ব প্রীতির সঙ্গে স্বীকার করাই প্রক্লত ধর্মবৃদ্ধি। যে দেশে ধর্মই সেই বৃদ্ধিকে পীড়িত করে রাষ্ট্রিক স্বার্থবৃদ্ধি কি সে দেশকে বাঁচাতে পারে।

ইতিহাসে বারে বারে দেখা গেছে, যখন কোনো মহাজাতি নবজীবনের প্রেরণায় রাষ্ট্রবিপ্লব প্রবর্তন করেছে তার দক্ষে প্রবলভাবে প্রকাশ পেয়েছে তার ধর্মবিশ্বেষ। দেড়শত বংসর পূর্বকার ফরাসি বিপ্লবে তার দৃষ্টাস্ত দেখা গেছে। সোভিয়েট রাশিয়া প্রচলিত ধর্মতন্ত্রের বিক্লফে বন্ধপরিকর। সম্প্রতি স্পেনেও এই ধর্মহননের আগুন

উদীপ্ত। মেক্সিকোয় বিদ্রোহ বাবে বাবে রোমক চার্চ্ কে আঘাত করতে উছত।

নব্য তুর্কী যদিও প্রচলিত ধর্মকে উন্মূলিত করে নি, কিন্তু বলপূর্বক তার শক্তি হ্রাস করেছে। এর ভিতরকার কথাটা এই যে, বিশেষ ধর্মের আদিপ্রবর্তকগণ দেবতার নামে মাম্বকে মেলাবার জন্তে, তাকে লোভ দ্বেষ অহংকার থেকে মুক্তি দেবার জন্তে উপদেশ দিয়েছিলেন। তার পরে সম্প্রদায়ের লোক মহাপুক্ষদের বাণীকে সংঘবদ্ধ করে বিক্বত করেছে, সংকীর্ণ করেছে; সেই ধর্ম দিয়ে মাহ্যকে তারা যেমন ভীষণ মার মেরেছে এমন বিষয়বৃদ্ধি দিয়েও নয়; মেরেছে প্রাণে মানে বৃদ্ধিতে শক্তিতে, মাহ্যের মহোৎকৃষ্ট প্রশ্বকৈ ছারখার করেছে। ধর্মের নামে পুরাতন মেক্সিকোয় স্পোনীয় খৃস্টানদের অকথ্য নিষ্ঠ্রতার তুলনা নেই। পৃথিবীতে অপ্রতিহত প্রভূত্ব নিয়ে রাজা যেমন কতবার হর্দাস্থ অরাজকতার মত্ত হয়েছে, প্রজার রক্ষাকর্তা নাম নিয়ে প্রজার সর্বনাশ করতে কৃষ্টিত হয় নি, এবং অবশেষে সেই কারণেই আজকের ইতিহাসে রাজ্য থেকে রাজার কেবলই বিলুপ্তি ঘটছে, ধর্ম সম্বন্ধও অনেক স্থলে সেই একই কারণে ধর্মতন্ত্রের নিদারণ অধার্মিকতা দমন করবার জন্তে, মাহ্যকেও থনেক স্থলি থেকে বাঁচাবার জন্তে অনেকবার চেটা দেখা গেল। আজ সেই সেই দেশেই প্রজা যথার্থ স্বাধীনতা পেয়েছে যে দেশে ধর্মমোহ মাহ্যের চিত্তকে অভিভূত করে এক-দেশ-বাসীর মধ্যে পরস্পরের প্রতি উদাসীন্ত বা বিরোধকে নানা আকারে ব্যাপ্ত করে না রেথেছে।

হিন্দুসমাজে আচার নিয়েছে ধর্মের নাম। এই কারণে আচারের পার্থক্যে পরস্পরের মধ্যে কঠিন বিচ্ছেদ ঘটায়। মংস্থানী বাঙালিকে নিরামিব প্রদেশের প্রতিবেদী আপন বলে মনে করতে কঠিন বাধা পায়। সাধারণত বাঙালি অন্ত প্রদেশে গিয়ে অভ্যন্ত আচারের ব্যতিক্রম উপলক্ষে অবজ্ঞা মনের মধ্যে পোষণ করে। যে চিত্তর্তি বাহ্য আচারকে অত্যন্ত বড়ো মূল্য দিয়ে থাকে তার মমন্থবোধ সংকীর্ণ হতে বাধ্য। রাই্রসমিলনীতেও এই অভাব কথায় কথায় ধরা পড়ে এবং দেখা যায়, আমরা যে অলক্ষ্য ব্যবধান সঙ্গে করে নিয়ে বেড়াই তা সংস্কারগত, অতি স্ক্র এবং সেইজন্ত অতি ত্র্নজ্য়। আমরা যথন মূথে তাকে অবীকার করি তথনও নিজের অগোচরেও সেটা অন্তঃকরণের মধ্যে থেকে যায়। ধর্ম আমাদের মেলাতে পারে নি, বরঞ্চ হাজারখানা বেড়া গড়ে তুলে সেই বাধাগুলোকে ইতিহাসের অতীত শাম্বত বলে পাকা করে দিয়েছে। ইংরেজ নিজের জাতকে ইংরেজ বলেই পরিচয় দেয়। যদি বলত খৃস্টান তা হলে যে ইংরেজ বৌদ্ধ বা মুদলমান বা নান্তিক তাকে নিয়ে রাই্রগঠনে মাথা ঠোকাইকি বেধে যেত। আমাদের প্রধান পরিচয় হিন্দু বা মুদলমান। এক দলকে বিশেষ পরিচয়কালে বলি বটে হিন্দুয়ানি, কিন্ত তাদের হিন্দুয়ান বাংলার বাইরে।

করেক বছর পূর্বে আমার ইংরেজ বন্ধু এণ্ডু জকে নিয়ে মালাবারে ভ্রমণ করছিলুম। ব্রাহ্মণপন্ধীর সীমানায় পা বাড়াতেই টিয়া-সমাজ-ভুক্ত একজন শিক্ষিত ভল্রলোক আমাদের সঙ্গ ত্যাগ করে দৌড় দিলেন। এণ্ডু জ বিশ্বিত হয়ে তাঁকে গিয়ে ধরলেন এবং প্রশ্ন জিজ্ঞাসা করাতে জানলেন, এ পাড়ায় তাঁদের জাতের প্রবেশনিষেধ। বলা বাছল্য, হিন্দুসমাজবিধি-অহুসারে এণ্ডু জের আচারবিচার টিয়া-ভল্রলোকের চেয়ে অনেক গুণে অশাস্ত্রীয়। শাসনকর্তার জাত বলে তাঁর জাের আছে, কিন্তু হিন্দু বলে হিন্দুর কাছে আত্মীয়তার জাের নেই। তার সন্ধন্ধে হিন্দুর দেবতা পর্যন্ত জাত বাঁচিয়ে চলেন, স্বয়ং জগরাথ পর্যন্ত প্রত্যক্ষদর্শনীয় নন। বৈমাত্র সন্তানও মাতার কােলের অংশ দাবি করতে পারে—ভারতে বিশ্বমাতার কােলে এত ভাগ কেন। অনাত্মীয়তাকে অন্থিমজ্জায় আমরা সংস্কারগত করে রেখেছি, অথচ রাষ্ট্রীয় প্রয়োজনে তালের আত্মীয়তা না পেলে আমরা বিশ্বিত হই। শােনা গিয়েছে, এবার পূর্বক্ষে কােথাও কােথাও হিন্দুর প্রতি উৎপাতে নমশ্রুরা নির্দ্বভাবে মুসলমানদের সঙ্গে যােগ দিয়েছিল। ভাবতে হবে না কি, ওদের দরদ হল না কেন, আত্মীয়তার দায়িছে বাধা পড়ল কােথায়।

এই অনাত্মীয়তার অসংখ্য অস্তরাল বহু যুগ ধরে প্রকাশ্তে আমাদের রাষ্ট্রভাগ্যকে ব্যর্থ করেছে এবং আজও ভিতরে ভিতরে আমাদের হঃখ ঘটাচ্ছে। জ্যের গলায় যেখানে বলছি আমরা এক, স্থা হরে সেখানে অস্তর্যামী আমাদের মর্যন্তানে বসে বলছেন, 'ধর্মে-কর্মে আচারে-বিচারে এক হবার মতো উদার্য তোমাদের নেই।' এর ফল ফলছে— আর রাগ করছি ফলের উপরে, বীজবপনের উপরে নয়।

যথন বন্ধবিভাগের সাংঘাতিক প্রস্তাব নিমে বাঙালির চিন্ত বিক্ষুর তথন বাঙালি আগত্যা বয়কট-নীতি অবলম্বন করতে চেষ্টা করেছিল। বাংলার সেই ত্র্নিনের স্থযোগে বোমাই-মিলওয়ালা নির্মনভাবে তাঁদের মুনফার অঙ্ক বাড়িয়ে তুলে আমাদের প্রাণপণ চেষ্টাকে প্রতিহত করতে কৃষ্ঠিত হন নি। সেই সক্ষে দেখা গেল, বাঙালি মুসলমান সেদিন আমাদের থেকে মুথ ফিরিয়ে দাঁড়ালেন। সেই যুগেই বাংলাদেশে হিন্দুমুসলমানে লক্ষ্ণান্দক ক্থসিত কাণ্ডের স্ত্রপাত হল। অপরাধটা প্রধানত কোন্ পক্ষের এবং এই উপদ্রব অকমাৎ কোথা থেকে উৎসাহ পেলে, দে তর্কে প্রয়োজন নেই। আমাদের চিন্তা করবার বিষয়টা হচ্ছে এই যে, বাংলা দ্বিথন্ডিত হলে বাঙালিন্ধাতের মধ্যে যে পঙ্গুতার স্বন্ধ হত সেটা বাংলাদেশের সকল সম্প্রদায়ের এবং বন্ধত সমন্ত ভারতবর্ষেরই পক্ষে অকল্যাণকর, এটা যথার্থ দরদ দিয়ে বোঝবার মতো একাত্মতা আমাদের নেই বলে সেদিন বাঙালি হিন্দুর বিষ্ণুছে অনাত্মীয় অসহযোগিতা সম্ভব হয়েছিল। রাষ্ট্রপ্রতিমার

কাঠামো গড়বার সময় এ কথাটা মনে রাখা দরকার। নিজেকে ভোলানোর ছলে বিধাতাকে ভোলাতে পারব না।

এই ব্যাপারে সেদিন অনেকেই রাগারাগি করেছিলেন। কিন্তু ফুটো কলসীতে জল তুলতে গেলে জল যে পড়ে যায়, তা নিয়ে জলের উপরে বা কলসীর উপরে চোখ রাঙিয়ে লাভ কী। গরজ আমাদের যতই থাক্, ছিত্রটা অভাবত ছিত্রের মতোই ব্যবহার করবে। কলঙ্ক আমাদেরই আর সে কলঙ্ক যথাসময়ে ধরা পড়বেই, দৈবের ক্ষপায় লক্ষা-নিবারণ হবে না।

কথা হয়েছে, ভারতবর্ষে একরাষ্ট্রশাসন না হয়ে যুক্তরাষ্ট্রশাসননীতির প্রবর্তন হওয়া চাই। অর্থাৎ একেবারে জ্বোড়ের চিহ্ন থাকবে না এতটা দূর মিলে যাবার মতো ঐক্য আমাদের দেশে নেই, এ কথাটা মেনে নিতে হয়েছে। আমাদের রাষ্ট্রসমস্থার এ একটা কেন্দো রকমের নিষ্পত্তি বলে ধরে নেওয়া যাক। কিন্তু তবু একটা কঠিন গ্রন্থি রয়ে গেল, হিন্দু-মুসলমানের মধ্যে ভেদ ও বিরোধ। এই বিচ্ছেদটা নানা কারণে আন্তরিক হয়ে দাঁড়িয়েছে। বাইরে থেকে রাষ্ট্রনৈতিক প্রলেপ দিয়ে এর ফাটল নিবারণ করা চলবে না; কোনো কারণে একটু তাপ বেড়ে উঠলেই আবার ফাটল ধরবে।

যেখানে নিজেদের মধ্যে সত্যকার ভেদ সেখানেই রাষ্ট্রিক ক্ষমতার হিন্সা নিয়ে স্বতম্ব কোঠায় স্বতম্ব হিসাব চলতে থাকে। সেখানে রাষ্ট্রিক সম্পদে সকলেরই অথও স্বার্থের কথাটা স্বভাবতই মনে থাকে না। এমন তুর্গ্রহে একই গাড়িকে তুটো ঘোড়া তু দিকে টানবার মুশকিল বাধায়। এখন থেকেই অধিকারের ভাগ-বথরা নিয়ে হটুগোল জেগেছে। রাষ্ট্রনৈতিক বিষয়বৃদ্ধির যোগে গোল-টেবিল পেরিয়েও এই গোল উত্তরোত্তর বাড়বে বই কমবে এমন আশা আছে কি। বিষয়বৃদ্ধির আমলে সহোদর ভাইদের মধ্যেও বচনা বেধে যায়। শেষকালে গুণ্ডাদের হাতেই লাঠিসড়কির যোগে যমের দ্বারে চরম নিশ্বতির ভার পড়ে।

একদল মুসলমান দশিলিত নির্বাচনের বিরুদ্ধে, তাঁরা স্বতম্ব নির্বাচনরীতি দাবি করেন এবং তাঁদের পক্ষের ওজন ভারী করবার জন্মে নানা বিশেষ ক্ষোগের বাটথারা বাড়িয়ে নিতে চান। যদি মুসলমানদের স্বাই বা অধিকাংশ একমত হয়ে স্বতম্ব নির্বাচনরীতির দাবি করেন এবং নিজেদের পক্ষের ওজন বাড়িয়ে নিতে চান, তা হলে এমনতরো দাবি মেনে নিম্নেও আপোষ করতে মহাত্মাজি রাজি আছেন বলে বোধ হল। তা যদি হয়, তাঁর প্রস্তাব মাথা পেতে নেওয়াই ভালো। কেননা, ভারতবর্ষের তরকে রাষ্ট্রিক যে অধিকার আমাদের জয় করে নিতে হবে তার স্ক্রপ্ট মুর্তি এবং সাধনার প্রণালী সমগ্রভাবে তাঁরই মনে আছে। এপর্যন্ত একমাত্র তিনিই সমন্ত ব্যাপারটাকে অসামাঞ্চ

দক্ষতার সঙ্গে প্রবল বাধার বিরুদ্ধে অগ্রাসর করে এনেছেন। কাজ-উদ্ধারের দিকে দৃষ্টি রাখলে শেষ পর্যন্ত তাঁরই হাতে সারখ্যভার দেওয়া সংগত। তবু, একজনের বা এক দলের ব্যক্তিগত সহিষ্ণুতার প্রতি নির্ভর করে এ কথা ভূললে চলবে না যে, অধিকার-পরিবেষণে কোনো এক পক্ষের প্রতি যদি পক্ষপাত করা হয় তবে সাধারণ মানব-প্রকৃতিতে সেই অবিচার সইবে না, এই নিয়ে একটা অশান্তি নিয়তই মারমুখো হয়ে थ्यंक शादा। वश्चल विशे शबन्भदाद विवान मिशीवाद श्रष्टा नम्। मकरनार मि विक-জোট হয়ে প্রসন্নমনে একঝোঁকা আপোষ করতে রাজি হয় তা হলে ভাবনা নেই। কিন্ত মাহুষের মন! তার কোনো-একটা তারে যদি অত্যন্ত বেশি টান পড়ে তবে হুর যায় বিগড়ে, তথন সংগীতের দোহাই পাড়লেও সংগত মাটি হয়। ঠিক জানি না কী ভাবে মহাত্মাঞ্জি এ সম্বন্ধে চিস্তা করছেন। হয়তো গোল-টেবিল-বৈঠকে আমাদের সমিলিত দাবির জাের অকুর রাথাই আপাতত সবচেয়ে গুরুতর প্রয়োজন বলে তাঁর মনে হতে পারে। ছই পক্ষই আপন আপন জিদে সমান অটল হয়ে বসলে কাজ এগোবে না। এ কথা সত্য। এ ক্ষেত্রে এক পক্ষে ত্যাগ স্বীকার করে মিটমাট হয়ে গেলে উপস্থিত রকা হয়। একেই বলে ডিপ্লোম্যাদি। পলিটিকদে প্রথম থেকেই যোলো-আনা প্রাপ্যের উপর চেপে বদলে যোলো-আনাই খোয়াতে হয়। যারা অনুরদর্শী রূপণের মতো অতাস্ত বেশি টানাটানি না করে আপোষ করতে জানে তারাই জেতে। ইংরেজের এই গুণ আছে, নৌকোডুবি বাঁচাতে গিয়ে অনেকটা মাল ইংরেজ জলে ফেলে দিতে পারে। আমার নিজের বিখাস, বর্তমান আপোষের প্রস্তাবে ইংরেজের কাছে আমরা যে প্রকাণ্ড ক্ষতি-স্বীকার দাবি করছি সেটা মুরোপের আর-কোনো জাতির কাছে একেবারেই খাটত না- তারা আগাগোড়াই ঘুষি উচিয়ে কথাটা সম্পূর্ণ চাপা দেবার চেষ্টা করত। রাষ্ট্রনৈতিক ব্যাপারে ইংরেজের স্থবুদ্ধি বিখ্যাত; ইংরেজ স্বধানির দিকে তাকিয়ে অনেকথানি সহু করতে পারে। এই বৃদ্ধির প্রয়োজন যে আমাদের নেই, এ কথা গোঁয়ারের কথা; আথেরে গোঁয়ারের হার হয়ে থাকে। রাষ্ট্রিক অধিকার সম্বন্ধে একগুঁয়ে ভাবে দর-ক্যাক্ষি নিয়ে হিন্দু-মুদলমানে মন-ক্যাক্ষিকে অত্যন্ত বেশিদুর এগোতে দেওয়া শত্রুপক্ষের আনন্দবর্ধনের প্রধান উপায়।

আমার বক্তব্য এই যে, উপস্থিত কাজ-উদ্ধারের থাতিরে আপাতত নিজের দাবি থাটো করেও একটা মিটমাট করা সম্ভব হয় তো হোক, কিন্তু তবু আসল কথাটাই বাকি রইল। পলিটক্সের ক্ষেত্রে বাইরে থেকে যেটুক্ তালি-দেওয়া মিল হতে পারে সে মিলে আমাদের চিরকালের প্রয়োজন টি কবে না। এমন-কি পলিটক্সেও এ তালিটুক্ বরাবর অটুট থাকবে এমন আশা নেই, ঐ ফাঁকির জোড়টার কাছে বারে বারেই টান পড়বে। যেথানে গোড়ায় বিচ্ছেদ সেথানে আগায় জল ঢেলে গাছকে চিরদিন তাজা রাথা অসম্ভব। আমাদের মিলতে হবে সেই গোড়ায়, নইলে কিছুতে কল্যাণ নেই।

এতদিন সেই গোড়ার দিকে একরকমের মিল ছিল। পরস্পরের তকাত মেনেও আমরা পরস্পর কাছাকাছি ছিল্ম। সম্প্রদায়ের গঞীর উপর ঠোকর থেরে পড়তে হত না, সেটা পেরিয়েও মান্ন্রে মান্ন্রে মিলের যথেই জায়গা ছিল। হঠাৎ এক সময়ে দেখা গেল, তৃই পক্ষই আপন ধর্মের অভিমানকে উচিয়ে তুলতে লেগেছে। যতদিন আমাদের মধ্যে ধর্মবোধ সহজ্ঞ ছিল ততদিন গোড়ামি থাকা সম্বেও কোনো হালাম বাধে নি। কিন্তু, এক সময়ে যে কারণেই হোক, ধর্মের অভিমান যথন উগ্র হয়ে উঠল তথন থেকে সম্প্রদায়ের কাঁটার বেড়া পরস্পরকে ঠেকাতে ও গোঁচাতে গুরু করলে। আমরাও মসজিদের সামনে দিয়ে প্রতিমা নিয়ে যাবার সময় কিছু অভিরিক্ত জিদের সঙ্গে ঢাকে কাঠি দিল্ম, অপর পক্ষেও কোর্বানির উৎসাহ পূর্বের চেয়ে কোমর ব্র্থে বাড়িয়ে তুললে, সেটা আপন আপন ধর্মের দাবি মেটাবার থাতির নিয়ে নয়, পরস্পরের ধর্মের অভিমানকে আঘাত দেবার স্পর্ধা নিয়ে। এই-সমস্ত উৎপাতের গুরু হয়েছে শহরে, যেথানে মান্থ্যে মান্থ্যে প্রকৃত মেলামেশা নেই বলেই পরস্পরের প্রতি দরদ থাকে না।

ধর্মত ও সমাজরীতি সম্বন্ধে হিন্দু-মুসলমানে শুধু প্রভেদ নয়, বিরুদ্ধতা আছে, এ কথা মানতেই হবে। অতএব আমাদের সাধনার বিষয় হচ্ছে, তৎসত্ত্বেও ভালোরকম করে মেলা চাই। এই সাধনায় সিদ্ধিলাভ আমাদের না হলে নয়। কিন্তু এর একান্ত আবশুকতার কথা আমাদের সমস্ত হৃদয়মন দিয়ে আজও ভাবতে আরম্ভ করি নি। একদা বিলাফতের সমর্থন করে মহাত্মাজি মিলনের সেতু নির্মাণ করতে পারবেন মনে করেছিলেন। কিন্তু 'এহ বাহু'। এটা গোড়াকার কথা নয়, এই থেলাফত সম্বন্ধে মতভেদ থাকা অভায় মনে করি নে, এমন-কি, মুসলমানদের মধ্যেই যে থাকতে পারে তার প্রমাণ হয়েছে।

নানা উপলক্ষে এবং বিনা উপলক্ষে সর্বনা আমাদের পরস্পরের সক্ষ ও পাক্ষাং-আলাপ চাই। যদি আমরা পাশাপাশি চলি, কাছাকাছি আসি, তা হলেই দেখতে পাব, মাহ্র বলেই মাহ্রকে আপন বলে মনে করা সহজ। যাদের সক্ষে মেলামেশা নেই তাদের সহজেই মত প্রভৃতির অনৈক্য অত্যন্ত কড়া হয়ে ওঠে, বড়ো হয়ে দেখা দেয়। যখনই পরস্পর কাছাকাছি আনাগোনার চর্চা হতে থাকে তখনই মত পিছিয়ে পড়ে, মাহ্র সামনে এগিয়ে আসে। শান্তিনিকেতনে মাঝে মাঝে ম্সলমান ছাত্র ও শিক্ষক এসেছেন, তাঁদের সক্ষে আমাদের কোনো প্রভেদ অহ্তব

করি নি এবং সথ্য ও শ্লেহসহদ্ধ -স্থাপনে লেশমাত্র বাধা ঘটে নি। যে-সকল গ্রামের । সকল গ্রামের । ইন্দ্র্ন্ন্ন্ন্র্নান্ত্র । কাল দ্ত-সহযোগে কলকাতার বাইরে ছড়িয়ে চলেছে তথন বোলপুর-অঞ্চলে মিথ্যা জনরব রাই করা হয়েছিল যে, হিন্দুরা মসজিল ভেঙে দেবার সংকল্প করছে, এই সঙ্গে কলকাতা থেকে গুণ্ডার আমদানিও হয়েছিল। কিছ, স্থানীয় ম্সলমানদের শাস্ত রাথতে আমাদের কোনো কই পেতে হয় নি, কেননা তারা নিশ্চিত জানত আমরা তাদের অক্লিয়ে বন্ধু।

আমার অধিকাংশ প্রজাই ম্সলমান। কোর্বানি নিয়ে দেশে যখন একটা উত্তেজনা প্রবল তখন হিন্দু প্রজারা আমাদের এলাকায় সেটা সম্পূর্ণ রহিত করবার জন্তু আমার কাছে নালিশ করেছিল। সে নালিশ আমি সংগত বলে মনে করি নি, কিন্তু ম্সলমান প্রজাদের ডেকে যখন বলে দিল্ম কাজটা যেন এমনভাবে সম্পন্ন করা হয় যাতে হিন্দুদের মনে অকারণে আঘাত না লাগে তারা তখনই তা মেনে নিলে। আমাদের সেখানে এপর্যন্ত কোনো উপদ্রব ঘটে নি। আমার বিখাস তার প্রধান কারণ, আমার সক্ষে আমার মৃসলমান প্রজার সম্বন্ধ সহল ও বাধাহীন।

এ कथा जाना कहारे हतन ना त्य. जामात्मद्र त्यानद्र जिन्न जिन्न ममात्मद्र मरधा ধর্মকর্মের মতবিশ্বাদের ভেদ একেবারেই যুচতে পারে। তবুও মহয়জের খাতিরে আশা করতেই হবে আমাদের মধ্যে মিল হবে। পরস্পরকে দূরে না রাখলেই সে মিল আপনিই সহজ হতে পারবে। সঙ্গের দিক থেকে আজকাল হিন্দু-মুসলমান পৃথক হয়ে গিয়ে সাম্প্রদায়িক অনৈক্যকে বাড়িয়ে তুলেছে, মহ্স্তাত্বের মিলটাকে দিয়েছে চাপা। আমি হিন্দুর তরফ থেকেই বলছি, মুসলমানের ক্রটিবিচারটা থাকৃ— আমরা মুসলমানকে কাছে টানতে যদি না পেরে থাকি তবে সেজভো যেন লজ্জা স্বীকার করি। অন্নবয়দে যথন প্রথম জমিদারি সেরেন্ডা দেখতে গিয়েছিলুম তথন দেখলুম, আমাদের ব্রাহ্মণ ম্যানেজার যে তক্তপোষে গদিতে বদে দরবার করেন দেখানে এক ধারে জাজিম তোলা, সেই জারগাটা মুসলমান প্রজাদের বসবার জন্তে; আর জাজিমের উপর বসে হিন্দু श्रकाता। এইটে দেখে আমার ধিকার জন্মছিল। অথচ এই ম্যানেজার আধুনিক দেশাত্মবোধী দলের। ইংরেজরাজের দরবারে ভারতীয়ের অসমান নিয়ে কটুভাষা-ব্যবহার তিনি উপভোগ করে থাকেন, তবু স্বদেশীয়কে ভলোচিত সন্মান দেবার বেলা এত কুপণ। এই রুপণতা সমাজে ও কর্মকেত্রে অনেক দূর পর্যন্ত প্রবেশ করেছে; व्यवत्मरम असन श्राह्म स्थान हिन्तू त्मथान सूमलयानित मात्र भात मश्कीर्ग, राथान মুসলমান সেখানে হিন্দুর বাধা বিশুর। এই আন্তরিক বিচ্ছেদ যতদিন থাকবে ততদিন

স্বার্থের ভেদ ঘূচবে না এবং রাষ্ট্রব্যবস্থায় এক পক্ষের কল্যাণভার অপর পক্ষের হাতে দিতে সংকোচ অনিবার্থ হয়ে উঠবে। আব্দ সম্মিলিত নির্বাচন নিয়ে বে বন্ধ বেধে গৈছে তার মূল তো এইখানেই। এই বন্ধ নিয়ে বধন আমরা অসহিষ্ণু হয়ে উঠি তথন এর স্বাভাবিক কারণটার কথা ভেবে দেখি না কেন।

हैजियस्य वांश्नारमस्य व्यवश्य वर्दद्रजा वास्त्र वास्त्र वामारमद्र मञ्च क्रतर्ज हस्त्रह् । ব্দার-শাসনের আমলে এইরকম অত্যাচার রাশিয়ায় প্রায় ঘটত। বর্তমান বিপ্লবপ্রবণ পলিটিক্যাল যুগের পূর্বে আমাদের দেশে এরকম দানবিক কাও কথনও শোনা যায় नि। বুটিশ-শাসিত ভারতে বহু গৌরবের law and order পদার্থ টা বড়ো বড়ো শহরে পুলিদ-পাহারার জাগ্রত দৃষ্টির দামনে স্পর্ধাসহকারে উপরি উপরি অবমানিত হতে লাগল ঠিক এই বিশেষ সময়টাতেই। মারের ত্বঃথ কেবল আমানের পিঠের উপর দিয়েই গেল না, ওটা প্রবেশ করেছে বুকের ভিতরে। এটা এমন সময়ে ঘটল ঠিক যথন হিন্দু-মুসলমানে কণ্ঠ মিলিয়ে দাঁড়াতে পারলে আমাদের ভাগ্য স্থপ্রসন্ন হত, বিশ্বসভার কাছে আমাদের মাথা হেঁট হত না। এইরকমের অমানুষিক ঘটনায় লোকস্বভিকে চিরদিনের মতো বিষাক্ত করে তোলে, দেশের ডান হাতে বাঁ হাতে মিল করিয়ে ইতিহাস গড়ে তোলা হঃসাধ্য হয়। কিন্তু, তাই বলেই তো হাল ছেড়ে দেওয়া চলে ना : श्रष्टि किन रात्र भाकित्य উঠেছে বলে ক্লোধের বেগে সেটাকে টানাটানি করে আরও আঁট করে তোলা মৃচতা। বর্তমানের ঝাঁজে ভবিশ্বতের বীজটাকে পর্যস্ত অফলা করে ফেলা স্বাক্ষাতিক আত্মহত্যার প্রণালী। নানা আন্ত ও স্থদুর কারণে, অনেক দিনের পুঞ্জিত অপরাধে হিন্দু-মুসলমানের মিলনসমস্তা কঠিন হয়েছে, সেইজন্তেই অবিলয়ে এবং দুচ্ সংকল্পের সঙ্গে তার সমাধানে প্রবৃত্ত হতে হবে। অপ্রসন্ধ ভাগ্যের উপর রাগ করে তাকে দ্বিগুণ হল্মে করে তোলা চোরের উপর রাগ করে মাটিতে ভাত খাওয়ার মতো।

বর্তমান রাষ্ট্রিক উদ্যোগে বোষাই প্রদেশে আন্দোলনের কাজটা সবচেয়ে সবেগে চলতে পেরেছিল তার অভতম কারণ, দেখানে হিন্দু-মূসলমানের বিরোধ বাধিয়ে দেবার উপকরণ যথেষ্ট ছিল না। পার্সিতে হিন্দুতে তুই পক্ষ থাড়া করে তোলা সহজ্ঞ হয় নি। কারণ, পার্সি সমাজ সাধারণত শিক্ষিতসমাজ, মদেশের কল্যাণ সম্বদ্ধে পার্সিরা বৃদ্ধিপূর্বক চিস্তা করতে জানে, তা ছাড়া তাদের মধ্যে ধর্মোয়ন্ততা নেই। বাংলাদেশে আমরা আছি জতুগৃহে, আগুন লাগাতে বেশিক্ষণ লাগে না। বাংলাদেশে পরের সজ্পে বোঝাপড়া করতে যখনই নামি ঠিক সেই সময়টাতেই নিজের ঘর সাম্লানো অসাধ্য হয়ে ওঠে। এই ত্র্যোগের কারণটা আমাদের এখানে গভীর করে শিক্ড গেড়েছে, এ ক্লাটা মনে নিতেই হবে। এ অবস্থায় শাস্তমনে বৃদ্ধিপূর্বক শরক্ষরের মধ্যে সন্ধি-

স্থাপনের উপায় উদ্ভাবনে বদি আমরা অক্ষম হই, বাঙালি-প্রকৃতি-স্থলভ হৃদয়াবেগের ঝোঁকে বদি কেবলই জেদ জাগিয়ে স্পর্ধা পাকিয়ে তুলি, তা হলে আমাদের তৃ:খের অস্ত থাকবে না এবং স্বাঞ্চাতিক কল্যাণের পথ একান্ত তুর্গম হয়ে উঠবে।

আমাদের মধ্যে কেউ কেউ চোধ বৃজে বলেন, সবই সহজ হয়ে যাবে যথন দেশটাকে নিজের হাতে পাব। অর্থাৎ, নিজের বোঝাকে অবস্থাপরিবর্তনের কাঁথে চাপাতে পারব এই ভরসায় নিশ্চেষ্ট থাকবার এই ছুতো। কথাটা একটু বিচার করে দেখা যাক।

ধরে নেওয়া গেল গোল-বৈঠকের পরে দেশের শাসনভার আমরাই পাব। কিন্তু, দেশটাকে হাত-ফেরাফেরি করবার মাঝখানে একটা স্থলীর্ঘ সন্ধিক্ষণ আছে। সিভিল-সার্ভিসের মেয়াদ কিছুকাল টি কে থাকতে বাধ্য। কিন্তু, সেইদিনকার সিভিল-সার্ভিস হবে ঘা-থাওয়া নেকড়ে বাঘের মতো। মন তার গরম হয়ে থাকবার কথা। সেই সময়টুক্র মধ্যে দেশের লোক এবং বিদেশের লোকের কাছে কথাটা দেগে দেগে দেওয়া তার পক্ষে দরকার হবে যে, ব্রিটিশরাজের পাহারা আলগা হবা মাত্রই অরাজকতার কালসাপ নানা গর্ভ থেকে বেরিয়ে চারি দিকেই ফলা তুলে আছে, তাই আমরা স্বদেশের দায়িত্ব-ভার নিতে সম্পূর্ণ অক্ষম। আমাদের আপন লোকদেরকে দিয়েও এ কথা কবৃল করিয়ে নেবার ইচ্ছা তার স্বভাবতই হবে যে, আগেকার আমলে অবস্থা ছিল ভালো। সেই যুগাস্তরের সময়ে যে যে গুহায় আমাদের আত্মীয়বিছেষের মারগুলো লুকিয়ে আছে সেই সেই থানে থ্ব করেই থোঁচা থাবে। সেইটি আমাদের বিষম পরীক্ষার সময়। সে পরীক্ষা সময়ও পৃথিবীর কাছে। এখন থেকে সর্বপ্রকারে প্রস্তুত থাকতে হবে যেন বিশ্বজগতের দৃষ্টির সামনে মৃচতায় বর্বয়তায় আমাদের নৃতন ইতিহাসের মুথে কালী না পড়ে।

প্রবিশ ১৩৩৮

# হিজলি ও চট্টগ্রাম

প্রথমেই বলে রাখা ভালো, আমি রাষ্ট্রনেতা নই, আমার কর্মক্ষেত্র রাষ্ট্রিক আন্দোলনের বাইরে। কর্তৃপক্ষদের ক্বত কোনো অভ্যায় বা ত্রুটি নিয়ে সেটাকে আমাদের রাষ্ট্রিক থাতার জমা করতে আমি বিশেষ আনন্দ পাই নে। এই-যে হিজালির শুলি চালানো ব্যাপারটি আজ আমাদের আলোচ্য বিষয় তার শোচনীয় কাপুরুষতা ও পশুত্ব নিয়ে বা-কিছু আমার বলবার সে কেবল অবমানিত মহন্তত্বের দিকে তাকিয়ে।

এতবড়ো জনসভায় যোগ দেওয়া আমার শরীরের পক্ষে ক্ষতিকর, মনের পক্ষে উদ্লান্তিজনক, কিন্তু যখন ভাক পড়ল থাকতে পারলুম না। ভাক এল সেই পীড়িতদের কাছ থেকে, রক্ষকনামধারীরা যাদের কণ্ঠন্বরকে নরঘাতক নিষ্ঠরতা - দারা চিরদিনের মতো নীরব করে দিয়েছে।

যথন দেখা যায় জনমতকে অবজ্ঞার সঙ্গে উপেক্ষা করে এত অনায়াসে বিভীষিকার বিস্তার সম্ভবপর হয় তথন ধরে নিতেই হবে যে, ভারতে ব্রিটিশ শাসনের চরিত্র বিকৃত হয়েছে এবং এখন থেকে আমাদের ভাগ্যে তুর্দম দৌরাখ্য উন্তরোত্তর বেড়ে চলবার আশব্দা ঘটল। যেখানে নির্বিবেচক অপমান ও অপঘাতে পীড়িত হওয়া দেশের লোকের পক্ষে এত সহজ, অথচ যেখানে যথোচিত বিচারের ও অস্তায়-প্রতিকারের আশা এত বাধাগ্রস্ত, সেথানে প্রজারকার দায়িত্ব যাদের 'পরে সেই-সব শাসনকর্তা এবং তাদেরই আত্মীয়-কুট্রুমদের শ্রেয়েবৃদ্ধি কল্ষিত হবেই এবং সেথানে ভক্তজাতীয় রাষ্ট্রবিধির ভিত্তি জীর্ণ না হয়ে থাকতে পারে না।

এই সভায় আমার আগমনের কারণ আর কিছুই নয়, আমি আমার স্থাদেশবাসীর হয়ে রাজপুরুষদের এই বলে সতর্ক করতে চাই যে, বিদেশীরাজ যত পরাক্রমশালী হোক-না কেন আত্মসন্মান হারানো তার পক্ষে সকলের চেয়ে হুর্বলতার কারণ। এই আত্মসন্মানের প্রতিষ্ঠা স্থায়পরতায়, ক্ষোভের কারণ সত্ত্বেও অবিচলিত সত্যনিষ্ঠায়। প্রজাকে পীড়ন স্বীকার করে নিতে বাধ্য করানো রাজার পক্ষে কঠিন না হতে পারে, কিছ বিধিদত্ত অধিকার নিয়ে প্রজার মন যথন স্বয়ং রাজাকে বিচার করে তথন তাকে নিরম্ভ করতে পারে কোন্ শক্তি। এ কথা ভূললে চলবে না যে, প্রজার অমুক্ল বিচার ও আস্তরিক সমর্থনের 'পরেই অবশেষে বিদেশী শাসনের স্থায়িত্ব নির্ভর করে।

আমি আব্দ উপ্র উত্তেজনাবাক্য সাজিয়ে সাজিয়ে নিজের হৃদয়াবেগের ব্যর্থ আড়ম্বর করতে চাই নে এবং এই সভার বক্তাদের প্রতি আমার নিবেদন এই যে, তাঁরা যেন এই কথা মনে রাথেন যে, ঘটনাটা স্বতই আপন কলছলাছিত নিন্দার পতাকা যে উচ্চে ধরে আছে তত উর্ধের আমাদের ধিকারবাক্য পূর্ণবেগে পৌছতেই পারবে না। এ কথাও মনে রাথতেই হবে যে, আমরা নিজের চিত্তে সেই গজীর শান্তি যেন রক্ষা করি যাতে করে পাপের মূলগত প্রতিকারের কথা চিন্তা করবার কৈর্য আমাদের থাকে এবং আমাদের নির্যাতিত ভ্রাতাদের কঠোর কঠিন ত্বংশ্বনীকারের প্রত্যুত্তরে আমরাও কঠিনতর ত্বংশ্ব ও ত্যাগের জন্ত প্রস্তুত হতে পারি।

উপসংহারে শোকতপ্ত পরিবারদের নিকট আমাদের আন্তরিক বেদনা নিবেদন করি এবং সেই সক্ষে এ কথাও জানাই যে, এই মর্মভেদী ত্র্যোগের একদা সম্পূর্ণ অবসান হলেও দেশবাসী সকলের ব্যথিত স্থৃতি দেহমুক্ত আত্মার বেদীমূলে পুণাশিধার উজ্জ্বল দীপ্তি দান করবে।

কার্তিক ১৩৩৮

. 3

হিজলি কারার যে রক্ষীরা সেখানকার ত্ জন রাজবন্দীকে খুন করেছে তাদের প্রতি কোনো একটি অ্যাংলো-ইন্ডিয়ান সংবাদপত্র খুন্টোপদিষ্ট মানবপ্রেমের পূনঃ পুনঃ ঘোষণা করেছেন। অপরাধকারীদের প্রতি দরদের কারণ এই যে, লেখকের মতে, নানা উৎপাতে তাদের সায়ুতন্ত্রের 'পরে এত বেশি অসহা চাড় লাগে যে, বিচারবৃদ্ধিসংগত হৈর্য তাদের কাছে প্রত্যাশাই করা যায় না। এইসব অত্যন্ত-চড়া-নাড়ী-ওয়ালা ব্যক্তিরা স্বাধীনতা ও অক্ষ্ম আত্মসমান ভোগ করে থাকে; এদের বাসা আরামের, আহারবিহার স্বাস্থ্যকর; এরাই একদা রাত্রির অন্ধলারে নর্যাতক অভিযানে সকলে মিলে চড়াও হয়ে আক্রমণ করলে সেই-সব হতভাগ্যদেরকে যায়া বর্বরতম প্রণালীর বন্ধনদশায় অনির্দিষ্টকালব্যাপী অনিশ্চিত ভাগ্যের প্রতীক্ষায় নিজেদের স্বায়্কে প্রতিনিয়ত পীড়িত করছে। সম্পাদক তাঁর সকর্ষণ প্যারাগ্রাফের স্বিশ্ব প্রলেপ প্রয়োগ করে সেই হত্যাকারীদের পীড়িত চিত্তে সাস্থনা সঞ্চার করেছেন।

অধিকাংশ অপরাধেরই মূলে আছে স্নায়বিক অভিভৃতি এবং লোভ ক্লেশ ক্রোধের এত হর্ণম উত্তেজনা যে তাতে সামাজিক দায়িত্ব ও ক্বত কার্যের পরিণাম সম্পূর্ণ ভূলিয়ে দেয়। অথচ এরকম অপরাধ স্নায়্পীড়া বা মানসিক বিকার থেকে উদ্ভৃত হলেও আইন তার সমর্থন করে না; করে না বলেই মাহ্ব আত্মসংযমের জ্বোরে অপরাধের ঝোঁক সামলিয়ে নিতে পারে। কিন্তু, করুণার পীয়্বকে যদি বিশেষ যত্বে কেবল সরকারি হত্যাকারীদের ভাগেই পৃথক করে জোগান দেওয়া হয় এবং যারা প্রথম হতেই অস্তরে নিঃশান্তির আশা পোষণ করছে, যারা বিধিব্যবস্থার রক্ষকরূপে নিযুক্ত হয়েও বিধিব্যবস্থাকে স্পর্ধিত আন্ফালনের দলে ছারথার করে দিল, যদি স্কুমার স্নায়্তন্ত্রের দোহাই দিয়ে তাদেরই জ্বন্তে একটা স্বতম্ব আদর্শের বিচারপন্ধতি মঞ্চুর হতে পারে, তবে সভ্যঞ্জগতের সর্বত্র ভায়বিচারের যে মূলতত্ব স্বীকৃত হয়েছে তাকে অপমানিত করা হবে এবং সর্বসাধারণের মনে এর যে ফল ফলবে তা অক্সন্ত রাজকোহ-প্রচারের ঘারাও সম্ভব হবে না।

পক্ষান্তরে এ কথা মুহূর্তের জ্বন্তেও আশা করি নে যে, আমাদের দেশে রাষ্ট্রনৈতিক ষে-সব গোঁড়ার দল যথারীতি-প্রতিষ্ঠিত আদালতের বিচারে দোষী প্রমাণিত হবে তারা ষেন স্থায়দণ্ড থেকে নিষ্কৃতি পায়— এমন-কি, যদিও বা চোথের সামনে রোমহর্ষক দৃশ্রে ও কাপুক্ষ অত্যাচারীদের বিনা শান্তিতে পরিত্রাণে তাদের স্বায়ূপীড়ার চরমতা ঘটে থাকে। বিধর্ষিত আত্মীয়ন্ত্রকন ও নিজেদের লান্ধিত মহয়ত্ব সহকে যদি তারা কোনো কঠোর দারিত্ব করনা করে নেয়, তবে সেই সলে এ কথাও যেন মনে ত্বির রাথে যে, সেই দারিত্বের পুরো মূল্য তাদের দিতেই হবে। এ কথা সকলেরই জানা আছে যে, আমাদের দেশের ছাত্রেরা মুরোপীয় ইস্কুলমান্টারদের যোগেই পাশ্চাত্য দেশে স্বাধীনতালাভের ইতিহাসটিকে বিধিমতে হাদয়লম করে নিয়েছে, এবং এও বলা বাছল্য যে, সেই ইতিহাস রাজা প্রজা উভয়পক্ষের ঘারা প্রকাশ্যে বা গোপনে অন্তর্গিত আইনবিগর্হিত বিভীবিকায় পরিকীর্ণ— অনতিকাল পূর্বে আয়র্লাণ্ডে তার দৃষ্টাস্ক উজ্জ্বল হয়ে প্রকাশিত।

তথাপি বে-আইনি অপরাধকে অপরাধ বলেই মানতে হবে এবং তার স্থায়সংগত পরিণাম যেন অনিবার্ধ হয় এইটেই বাস্থনীয়। অপচ এ কথাও ইতিহাসবিখ্যাত যে, বাদের হাতে সৈন্থবল ও রাজপ্রতাপ অথবা যারা এই শক্তির প্রশ্রুয়ে পালিত তারা বিচার এড়িয়ে এবং বলপূর্বক সাধারণের কণ্ঠরোধ করে ব্যাপকভাবে এবং গোপন প্রণালীতে হর্বৃত্ততার চূড়াস্ত সীমায় যেতে কৃষ্ঠিত হয় নি। কিন্তু মান্ত্র্যের সোভাগ্যক্রমে এরূপ নীতি শেষ পর্যন্ত সফল হতে পারে না।

পরিশেষে আমি বিশেষ ভাবে গবর্ষেণ্টকৈ এবং সেই সঙ্গে আমার দেশবাসিগণকে অহরোধ করি যে, অন্তহীন চক্রপথে হিংসাও প্রতিহিংসার মুগল তাগুবনৃত্য এখনি শাস্ত হোক। ক্রোধ ও বিরক্তিপ্রকাশকে বাধাম্ক্ত করে দেওয়া সাধারণ মানবপ্রকৃতির পক্ষে স্বাভাবিক সন্দেহ নেই, কিছু এটা শাসক শাসয়িতা কারও পক্ষেই স্থবিজ্ঞতার লক্ষণ নয়। এরকম উভয়পক্ষে ক্রোধমন্ততা নিরতিশয় ক্ষতিজনক— এর ফলে আমাদের তৃঃখ ও ব্যর্থতা বেড়েই চলবে এবং এতে শাসনকর্তাদের নৈতিক পৌক্ষমের প্রতি আমাদের সম্পূর্ণ বিশ্বাসহানি ঘটবে, লোকসমাজে এই পৌক্ষমের প্রতিষ্ঠা তার উদার্ষের দ্বারাই সপ্রমাণ হয়।

অগ্রহায়ণ ১৩৩৮

### নবযুগ

আজ অম্ভব করছি, নৃতন যুগের আরম্ভ হয়েছে। আমাদের দেশের পুরাতন ইতিহাস যদি আলোচনা করি তা হলে দেখতে পাই যে, এক-একটি নৃতন নৃতন যুগ এসেছে বৃহতের দিকে, মিলনের দিকে নিয়ে যাবার জন্ত সমস্ভ ভেদ দূর করবার দার উদ্বাটন করে দিতে। সকল সভ্যতার আরম্ভেই সেই ঐক্যবৃদ্ধি। মাহ্য একলা থাকতে পারে না। তার সত্যই এই যে, সকলের যোগে দে বড়ো হয়, সকলের সঙ্গে মিলতে পারলেই তার সার্থকতা; এই হল মান্থবের ধর্ম। বেখানে এই সত্যকে মান্থব দ্বীকার করে সেখানেই মান্থবের সভ্যতা। যে যত্য মান্থবকে একত্র করে, বিচ্ছিন্ন করে না, তাকে যেখানে মান্থব আবিদ্ধার করতে পেরেছে সেখানেই মান্থব বেঁচে গেল। ইতিহাসে যেখানে মান্থব একত্র হয়েছে অথচ মিলতে পারে নি, পরম্পরকে অবিশ্বাস করেছে, অবজ্ঞা করেছে, পরস্পরের স্বার্থকে মেলায় নি, সেধানে মান্থবের সভ্যতা গড়ে উঠতে পারে নি।

আমি যখন জাপানে গিয়েছিলেম তথঁন একজন জাপানি বৌদ্ধ আমাকে বলেছিলেন যে, বৃদ্ধদেবের উপদেশ অন্থ্যারে তিনি বিশ্বাস করেন যে, মৈত্রী কেবল একটা হাদয়ের ভাব নয়, এ একটি বিশ্বসত্য, যেমন সত্য এই আকাশের আলোক; এ তো কেবল কল্পনা নয়, ভাব নয়। আলোক একান্ত সত্য বলেই তরুলতা জীবজন্ত প্রাণ পেয়েছে, সমন্ত ত্রী সোন্দর্য সম্ভব হয়েছে। এই আলোক যেমন সত্য তেমনি সত্য এই মৈত্রী, প্রেম। আমার অন্তরেও সত্য, বাহিরেও সত্য। তিনি বললেন, আমি জানি, এই-যে গাছপালা নিয়ে আমি আছি এ কান্ত মালীও করতে পায়ত; কিন্তু সে প্র প্রেমের সত্যাটকে শ্বীকার করতে পায়ত না; সে কেবল তার কর্তব্য করে যেত, ভালোবাসার সত্য থেকে সে গাছকে বঞ্চিত করত। যে একটি সত্য আছে বিশ্বের অন্তরে ভালোবাসার ঘারা আমি তার উত্রেক করছি, তাইতে আমার কান্ত পূর্ণ হয়েছে।

বৌদ্ধশান্তে যাকে বলে পঞ্চশীল সে শুধু 'না'এর সমষ্টি; কিন্তু সকল বিধিনিষেধের উপরে ও অন্তরে আছে ভালোবাসা, সে 'না' নয়, 'হা'। মুক্তি তার মধ্যেই। সকল জীবের প্রতি প্রেম যথন অপরিমেয় হবে, প্রতিদিন সকল অবস্থায় যথন কামনা করব সকলের ভালো হোক, তাকেই বৃদ্ধ বলেছেন ব্রদ্ধবিহার, অর্থাৎ বৃহৎ সত্য যিনি তাঁকে পাওয়া। এইটিই সদর্থক, কেবলমাত্র পঞ্চশীল বা দশশীল নঙর্থক। মাহুষের জীবনে বেখানে প্রেমের শক্তি, ত্যাগের শক্তি সচেই সেথানেই সে সার্থক; নইলে সে আপন নিত্যরূপ পায় না, পদে পদে ছিয়বিচ্ছিয় জীর্ণ হয়ে পড়ে। যেখানে সমাজের কেন্দ্রহল পেকে সেই প্রেম নানা কর্মে সেবায় আপনাকে প্রকাশ করে সেথানেই মাহুষের সমাজ কল্যাণে শক্তিতে স্কনর; যেখানে প্রেমের অভাব সেথানেই বিনাশ।

ভারতবর্ষে এক সময়ে আর্য ও অনার্যের সংগ্রামে মান্থবের সত্য পীড়িত হয়েছিল; ভারতবর্ষ তথনও প্রতিষ্ঠালাভ করে নি। তার পরে আর-একটা যুগ এল। রামায়ণে আমরা তার আভাস পাই, তথন আর্য-অনার্যের যুদ্ধের অবসান হয়ে মিলনের কাল এসেছে। শ্রীরামচন্দ্র সেই মিলনের সত্যকে প্রকাশ করেছিলেন, এমন অন্থ্যান করবার হেতু আছে। আমরা আরও দেখেছি, একসময় যে আন্থ্রানিক ধর্ম কর্মকাগু

আকারে প্রধান হয়ে উঠেছিল অন্ত সময়ে সে জ্ঞানের প্রাধান্ত স্বীকার করে বিশ্ব-ভৌমিকতাকে বরণ করেছে। তথন এই বাণী উঠল যে, নিরর্থক রুচ্ছসাধন নয়, আত্ম-পীড়ন নয়, সত্যই তপস্তা, দান তপস্তা, সংযম তপস্তা। ক্রিয়াকাণ্ড স্বভাবতই সংকীর্ণ नीयांत्रक, रम नकरनंत्र नय, रम विराग्य नरनंत्र अध्कान, मध्यनारयत अध्कान। य धर्म उध् বাহ্ন অনুষ্ঠানের মধ্যে শৃন্ধলিত তাতে কার কী প্রয়োজন। অগ্নিকুণ্ডের মধ্যে আপনার প্রাণ আছতি দিয়ে ব্যক্তিবিশেষ যে অভুত কর্ম করল তাতে কার কী এল গেল। কিন্তু, যিনি সত্যকার যোগী সকলের সঙ্গে যোগে তিনি বিশ্বাম্মার সঙ্গে যুক্ত; তিনি বললেন, যা-কিছু মকল, যা সকলের ভালোর জন্ত, তাই তপস্থা। তথন বন্ধ হয়ার খুলে গেল। দ্রব্যময় যজে মাতৃষ ওধু নিজের সিদ্ধি থোঁজে; জ্ঞানযজে সকলেরই আসন পাতা হল, সমন্ত মাহুবের মৃক্তির আয়োজন সেইখানে। এই কথা স্বীকার করবা মাত্র সভ্যতার নতন অধ্যায় আরম্ভ হয়। ভগবাগীতায় আমরা এই নৃতনের আভাস পাই, যেথানে ত্যাগের দারা কর্মকে বিশুদ্ধ করবার কথা বলা হয়েছে. নির্থক অমুষ্ঠানের মধ্যে তাকে ष्पायक दांथर वरन नि । इस्पिरानद मरधा ७ रागि मात्रिमित्रा मरस्राद ७ प्रमुखानरक है राष्ट्रा श्वान मिरा आमहिल। यीच वलालन, এ তো वाष्ट्रा कथा नय- की त्थाल की পরলে তা দিয়ে তো লোক ওচি হয় না, অন্তরে সে কী তাই দিয়ে ওচিতার বিচার। এ নৃতন যুগের চিরম্বন বাণী।

আমাদের যদি আব্দ শুভবৃদ্ধি এসে থাকে তবে সকলকেই আমরা সমিলিত করবার সাধনা করব। আব্দ ভাববার সময় এল। মাহ্যের স্পর্দে অশুচিতার আরোপ করে অবশেষে সেই স্পর্দে দেবতারও শুচিতানাশ কল্পনা করি। এ বৃদ্ধি হারাই যে, তাতে দেবতার স্বভাবকে নিন্দা করা হয়। তথন আমরা সম্প্রদায়ের মন্দিরে অর্ধ্য আনি, বিশ্বনাথের মন্দিরের বিশ্বরার ক্ষম করে দিয়ে তাঁর অবমাননা করি। মাহ্যুককে লাঞ্ছিত করে হীন করে রেথে পুণা বলি কাকে।

আমি একসময় পদাতীরে নৌকোয় ছিলেম। একদিন আমার কানে এল, একজন বিদেশী ক্ষগ্ণ হয়ে শীতের মধ্যে তিন দিন নদীর ধারে পড়ে আছে। তথন কোনো একটা যোগ ছিল। সেই মুমূর্র ঠিক পাশ দিয়েই শত শত পুণ্যকামী বিশেষ স্থানে জলে ভূব দিয়ে গুচি হবার জন্ত চলেছে। তাদের মধ্যে কেউ পীড়িত মান্থ্যকে ছুল না। সেই অজ্ঞাতক্লশীল পীড়িত মান্থ্যের সামান্ত মাত্র কেবল তারা অগুচি হত, গুচি হবে জলে ভূব দিয়ে। জাত বলে একটা কোন্ পদার্থ তাদের আছে মানব-জাতীয়তার চেয়েও তাকে বড়ো বলে জেনেছে। যদি কারো মনে দয়া আসত, সেই দয়ার প্রভাবে সে যদি তার বাক্ষণীলান ত্যাগ করে ঐ মান্থ্যটিকে নিজের ঘরে নিয়ে সেবা করত, তা

হলে সমাজের মতে কেবল যে বারুণীর স্নানের পূণ্য সে হারাত তা নয়, সে দগুনীয় হত, তাকে প্রায়শ্চিত্ত করতে হত। তার ঘরে এসে রোগী যদি মরত তা হলে সমাজে সে বিষম বিপর হয়ে পড়ত। যে মানবধর্ম সকল নিরর্থক আচারের বহু উর্ধেব তাকে দগু মেনে নিতে হবে আচারীদের হাতে।

একজন প্রাচীন অধ্যাপক আমাকে বললেন, তাঁর গ্রামের পথে ধ্লিশারী আমাশয়-রোগে-পীড়িত একজন বিদেশী পথিককে তিনি হাটের টিনের চালার নীচে স্থান দিতে অহ্বরোধ করেছিলেন। যার সেই চালা সে বললে, পারব না। তিনিও লক্ষার সঙ্গে শীকার করলেন যে, তিনিও সমাজের দত্তের ভয়েই তাকে আশ্রয় দিতে পারেন নি। অর্থাৎ মান্তবের প্রতি মান্তবের কর্তব্যসাধন শান্তির যোগ্য। তিনি হোমিওপ্যাধি জানতেন, পথের ধারেই তাকে কিছু ওয়্ধপত্র দিয়েছিলেন। আরোগ্যের দিকে যাচ্ছিল, এমনসমর রাত্রে শিলার্টি হল; পরদিন সকালে দেখা গেল, সে মরে পড়ে আছে। পাপপুণ্যের বিচার এতবড়ো বীভৎসতায় এসে ঠেকেছে। মান্তবকে ভালোবাসায় অশুচিতা, তাকে মন্ত্রোচিত সম্মান করায় অপরাধ। আর জলে ভুব দিলেই সব অপরাধের ক্ষালন। এর থেকে মনে হয়, যে অভাব মান্তবের সকলের চেয়ে বড়ো অভাব সে প্রেমের অভাব। সে প্রেমের অভাবকে হদয়ে নিয়ে আমরা যাকে শুচিতা বলে থাকি তাকে রক্ষা করতে পারি, কিন্তু মন্ত্রভাবকে বাচাতে পারি নে।

আশা করি, হুর্গতির রাত্রি-অবসানে হুর্গতির শেষ সীমা আব্দু পেরোবার সময় এল। আব্দু নবীন যুগ এসেছে। আর্ধে-অনার্ধে একদা যেমন মিলন ঘটেছিল, প্রীরামচন্দ্র যেমন চণ্ডালকে বুকে বেঁধেছিলেন, সেই যুগ আব্দু সমাগত। আব্দুও যদি আমাদের মধ্যে প্রেম না আসে, কঠিন কঠোর নিষ্ঠুর অবজ্ঞা মাহ্মেরে থেকে মাহ্মকে দূর করে রাথে, তবে বাঁচব কী করে। রাউও টেবিলে গিয়ে, ভোটের সংখ্যা নিয়ে কাড়াকাড়ি করে? পশুর প্রতি আমরা যে ব্যবহার করি মাহ্মকে যদি তার চেমেও অধম স্থান দিই তবে সেই অধমতা কি আমাদের সমস্ত সমাজেরই বুকের উপর চেপে বসবে না।

মান্ন্থকে ক্তরিম পুণ্যের দোহাই দিয়ে দ্বে রেখেছি, তারই অভিশাপে আব্দ সমস্ত জাতি অভিশপ্ত। দেশজোড়া এতবড়ো মোহকে যদি আমরা ধর্মের সিংহাসনে স্থির-প্রতিষ্ঠ করে বসিয়ে রাখি তবে শক্রকে বাইরে খোঁজবার বিড্ছনা কেন।

নবযুগ আদে বড়ো ছঃথের মধ্য দিয়ে। এত আঘাত এত অপমান বিধাতা আমাদের দিতেন না ধদি এর প্রয়োজন না বাকত। অসহ বেদনায় আমাদের প্রায়াশিত চলছে, এখনও তার শেষ হয় নি। কোনো বাছ পদ্ধতিতে পরের কাছে ভিক্ষা করে আমরা স্বাধীনতা পাব না; কোনো সত্যকেই এমন করে পাওয়া যায় না। মানবের যা সত্যবস্থ সেই প্রেমকে আমরা যদি অস্তরে জাগরুক করতে পারি তবেই আমরা সব দিকে সার্থক হব। প্রেম থেকে যেখানে ভ্রষ্ট হই সেথানেই অশুচিতা, কেননা সেথান থেকে আমাদের দেবতার তিরোধান। আমাদের শাল্লেও বলছেন, যদি সত্যকে চাও তবে অন্তের মধ্যে নিজেকে স্বীকার করো। সেই সত্যেই পূণ্য এবং সেই সত্যের সাহায্যেই পরাধীনতার বন্ধনও ছিল্ল হবে। মাহ্যুযের সম্বন্ধে হৃদয়ের যে সংকোচ তার চেয়ে কঠোর বন্ধন আর নেই।

মাহ্বকে মাহ্ব বলে দেখতে না পারার মতো এতবড়ো সর্বনেশে অন্ধতা আর নেই।
এই বন্ধন এই অন্ধতা নিয়ে কোনো মৃক্তিই আমরা পাব না। যে মোহে আরত হয়ে
মাহ্বের সত্য রূপ দেখতে পেলুম না সেই অপ্রেমের অবজ্ঞার বন্ধন ছিল্ল হয়ে যাক, যা
যথার্থভাবে পবিত্র তাকে যেন সত্য করে গ্রহণ করতে পারি।

৭ পোষ ১৩৩৯

## প্রচলিত দণ্ডনীতি

আন্ধ একটি বিশেষ নির্দিষ্ট দিনে বন্দীদের তৃঃথে দরদ জানাবার কন্তে তোমরা সভা আহ্বান করেছ। সম্প্রতি আমাদের দেশে বিশেষ উপলক্ষে বিশেষ দিনে দল বেঁধে আন্দোলন করবার একটা রীতি দাঁড়িয়ে যাছে। তাতে কিছুক্ষণের জল্তে নিজেদের নালিশ উপভোগ করবার একটা নেশায় আমাদের পেয়ে বসে। সেটার রাষ্ট্রীয় সার্থকতা যদি কিছু থাকে তো থাক্, কিছু ক্ষণে ক্ষণে এইরকম পোলিটিকাল দশা পাওয়ার উত্তেজনা উল্লেক করা আমাদের এথানকার কাব্দের ও ভাবের সঙ্গে সংগত হয় বলে আমি মনে করি নে।

দেশের বিশেষ অন্থরোধে ও প্রয়োজনে আমার যা বলবার সে আমি আশ্রমের বাইরে রথোচিত জায়গায় বলেছি, আজ আমার এখানে কিছু যদি বলতে হয় তবে আমি বলব, প্রচলিত দণ্ডনীতি সমক্ষে আমার সাধারণ মস্তব্য।

মনে আছে, ছেলেবেলায় পুলিসকে একটা প্রকাণ্ড বিভীষিকা-বিভাগের অস্কর্গত বলে মনে করতুম। যেমন স্বাভাবিক মানবজীবনের সঙ্গে দৈত্যদানব-ভূতপ্রেতের সহজ সামঞ্জ্য নেই, এ যেন সেইরকম। তাই তথন মনে করতুম, চোরও বৃঝি মাহথ-জাতির স্বভাবগণ্ডির অত্যন্ত বাইরেকার বিকৃতি। এমন সময়ে চোরকে স্বচক্ষে দেখনুম, আমাদেরই বাড়ি থেকে অত্যন্ত ক্রন্ত হয়ে দরোয়ানদের লক্ষ এড়িয়ে পালিয়ে

যাবার চেষ্টা করছে। বিশ্বিত হয়ে দেখলুম, সে নিতান্ত সাধারণ মাহবেরই মতো, এমন-কি তার চেয়ে তুর্বল।

আমার দেদিনকার চমক আঞ্চও ভাঙবার সময় আদে নি। যারা যে কারণেই হোক আইন ভেঙে অপরাধীর শ্রেণীতে গণ্য হয়েছে তাদের সম্বন্ধে এমন একটা সংস্কার বন্ধমূল হয়ে গেছে যে, তাদের প্রতি অমাহ্যবিক ব্যবহার করতে মন বাধা পায় না। ধরে রেখেছি, তারা আমাদের মতো নয়; আর যারা আমাদের মতো নয় তাদের প্রতি আচরণ অত্যাচার হয়ে উঠলে সমস্ত সমাজেরই যেন সমর্থন পাওয়া যায়। সমাজের গৃঢ় অন্তরে যে নির্দর প্রবৃত্তি আছে তাই চরিতার্থ করবার উপলক্ষ হয়ে ওঠে এরা।

আমার আব-একটি অভিজ্ঞতার কথা বলি, এ ঘটেছিল পরের বয়সে। একদিন কোলকাতার রান্তায় যেতে যেতে দেখলুম, পূলিস একজন আসামীকে— সে অপরাধ করে থাকতেও পারে, নাও পারে— কোমরে দড়ি দিয়ে বেঁধে টেনে নিয়ে চলেছে সমস্ত রান্তার জনতার মাঝখান দিয়ে। মাহ্যকে এমন জন্তর মতো করে বেঁধে নিয়ে যাওয়া, এতে আমাদের সকলেরই অপমান। আমার মনে এটা এত যে লেগেছিল তার একটা কারণ, এ রকম কুলুগু আমি ইংলওে বা মুরোপের আর-কোথাও দেখি নি। এর মধ্যে ঘটো আঘাত একত্তে ছিল— এক হচ্ছে মাহ্যবের প্রতি অপমান; আর-এক, বিশেষভাবে আমার দেশের লোকের প্রতি অপমান— এক হচ্ছে আইনভাঙা অপরাধীর প্রতি নির্দয়তা; আর-এক, আমাদের স্বদেশীয় অপরাধীর প্রতি অবজ্ঞা। স্থতরাং সেই অবজ্ঞার ভাগী আমরা সকলেই। আমাদের দেশেই বিধিনির্দিষ্ট দণ্ডপ্রয়োগের অতিরিক্ত অপমান-প্রয়োগ সমস্ত জাতকে লাঞ্চিত করে।

নির্দয় প্রণালী যে কার্যকরী, এই ধারণা বর্বর প্রবৃত্তির স্বভাবসংগত। পাঠশালা থেকে আরম্ভ করে পাগলাগারদ পর্যন্ত এর ক্রিয়া দেখা যায়। এর প্রধান কারণ, মাহুষের মনে যে বর্বর মরে নি নির্দয়তায় সে রস পায়। সভ্য দেশে সেই রসসজ্যোগের স্থান সংকীর্ণ হয়ে এসেছে। তার কারণ, কালক্রমে মাহুষ খানিকটা সভ্য হয়েছে, সেই থানিকটাসভ্য মাহুষ আপনার ভিতরকার বর্বর মাহুষকে লজ্জা দেয় এবং সংযত করে। যেথানে সেই সংযমের দাবি নেই সেখানে বর্বর সম্পূর্ণ ছাড়া পায়, নির্দয়তাই বৈধ হয়ে ওঠে। জেলপানায় মহুয়জের আদর্শ বর্বরের বারা প্রতিদিন প্রীড়িত হচ্ছে, তাতে সন্দেহ নেই।

সমাজের ছষ্ট প্রবৃত্তি শোধনের কর্তব্যতা অনেক বেশি অতিক্রম করে প্রতিহিংসা চরিতার্থ করবার বর্বর ধর্ম যদি জেলখানা আশ্রয় করে না থাকত, তা হলে ওখান থেকে দগুবিধির ছ্বিষ্ট উগ্রতা লক্ষিত হয়ে চলে যেত। পাপকে সমাজের যে-কোনো জায়গাতেই ছোটো বড়ো যে-কোনো আকারেই প্রশ্নয় দেওয়া যায়, তলে তলে সে আপন দীমা বাড়িরে চলতে থাকে। তারই কুংসিত দৃষ্টাস্ক দেখতে পাই আধুনিক যুরোপে।
সেখানে সভ্যনামধারী বড়ো বড়ো দেশে শান্তিদানের দানবিক দক্ষবিকাশ নির্মম স্পর্ধার
সলে সর্বত্ত সভ্যতাকে ব্যরকম বিদ্রাপ করতে উভত হয়েছে, তার মূল রয়েছে সকল
দেশের সব জেলখানাতেই। অনেক কাল থেকে অনেক খরচ করে সয়তানকে মায়ুষের
রক্ত খাইয়ে পুষে রাখবার জন্তে বড়ো বড়ো পিঞ্জর রাখা হয়েছে। হিংপ্রতার ঠিগিধর্মউপাসক ফাসিজমের জন্তুমিই হচ্ছে সভ্যতার আত্মবিরোধী এইসব জেলখানায়।

এইসব শাসনকেন্দ্র আপন আশেপাশে মহয়ত্বের কিরকম বিকৃতি ঘটাতে থাকে তার একটা দৃষ্টাস্ত অনেক দিন পরে আমি আজও ভূলতে পারি নি। চীনযাত্রাকালে আমাদের জাহাল পোঁছল হংকং বন্দরে। জাহাজের ডেকে দাঁড়িয়ে দেখলুম, একজন চীনা কেরিওয়ালা জাহাজের যাত্রীদের কাছে পণ্য বিক্রি করবার চেটায় তীরে এসেছিল। তাদের নিষেধ করবার নিয়ম হয়তো ছিল। সেই কর্তব্য পালনের উপলক্ষে দেখলুম, আমাদের অদেশীয় শিখ কন্দ্টেবল তার বেণী ধরে টেনে অনায়াসে তাকে লাখি মারলে। ক্ষৃত্তা করার হারা উন্ধত্যের যে আনন্দ আদিম অসংস্কৃত বৃদ্ধির মধ্যে প্রচ্ছন্ন থাকে দগুনীতির অসভ্যতাই তাকে অবারিত করবার অ্যোগ দেয়।

মনে মনে কল্পনা করলুম, একজন মুরোপীয়— সে ফেরিওয়ালা নয়, হয়তো সে চোর, সে প্রতারক, সে ত্র্বৃত্ত— তাকে ঐ শিথ কনস্টেবল গ্রেফ্তার করত, কর্তব্যের অহ্বরোধে মাধায় এক ঘা লাঠিও বসাতে পারত, কিন্তু তাকে কানে ধরে লাথি মারতে পারত না। ঐ কনস্টেবল নিষেধ করেছিল ফেরিওয়ালাকে, লাথি মেরেছিল সমন্ত জাতকে। অবজ্ঞাভাজন জাতির মাহ্র্য কেবল যে অপমান ভোগ করে তা নয়, সহজ্ঞেই তার সম্বন্ধে দণ্ডের কঠোরতা প্রবল হয়ে ওঠে। হয় যে, তার কারণ মাহ্র্যের গৃঢ় তৃষ্পবৃত্তি গ্রহ্মকল ক্ষেত্রে বর্বরতার রসসজ্ঞাগের স্ব্যোগ পায়।

বেণী ধরে টেনে লাপি মারতে যারা অকৃষ্ঠিত সেই-শ্রেণীয় রাজায়চর এ দেশে নিঃসন্দেহ অনেক আছে। যে কারণে চীনে তাদের দেখেছি সেই কারণ এখানেও প্রবল। সেই অবজ্ঞা এবং তার আমুষদিক নিষ্ঠ্রতা স্থায়ীভাবে এ দেশের আবহাওয়াকে ব্যাধিগ্রস্ত করেছে, এ কথা আমরা অহুভব করি।

এই প্রসক্তে আর-এক দিনের কথা আমি বলব। তথন শিলাইদহে ছিলুম।
সেখানকার জেলেদের আমি ভালোরকম করেই জানতুম। তাদের জীবিকা জলের
উপর। ডাঙার অধিকার যেমন পাকা, জলের অধিকার তেমন নয়। জলের
মালেকরা তাদের উপর যেমন তেমন অত্যাচার করতে পারত; এই হিসাবে চাবীদের
চেয়েও জেলেরা অসহায়। একবার জলকরের কর্তার কর্মচারী এনে অন্ধিকারে

কোনো নৌকা থেকে প্রচ্র পরিমাণে মাছ তুলে নিল নিজের ডিঙিতে। এরকম ঘটনা সর্বদাই ঘটত। অন্তায় সহ্ করে যাওয়াই যার পক্ষে বাঁচবার সহজ উপায় এইবার সে সইতে পারল না, দিলে সেই কর্মচারীর কান কেটে। তার পরে রাত্রি তথন ত্'পহর হবে, জেলেদের কাছ থেকে আমার বোটে লোক এল; বললে, সমন্ত জেলেপাড়ায় পুলিস লেগেছে। বললে, কঠোর আচরণ থেকে আমাদের মেয়েদের ছেলেদের রক্ষা কক্ষন। তথনি একটি ভদ্রলোককে পাঠিয়ে দিল্ম। সরকারি কাজে বাধা দেবার জন্তে নয়, কেবল উপস্থিত থাকবার জন্তে। তার অন্ত শক্তি নেই, কিন্তু ভদ্র ব্যবহারের আদর্শ আছে। উপস্থিতি-হারা সেই আদর্শকে প্রকাশ করেই অন্তায়ের সে প্রতিবাদ করতে পারবে।

আমাদের দেশের কারাবাসীদের সহজেও তার বেশি আমাদের কিছু করবার নেই।
আমরা জানাতে পারি কোন্টা ভদ্র কোন্টা ভদ্র নয়, মানবধর্মের দোহাই দিতে পারি।
কিন্তু জানাব কাকে, দোহাই দেব কার সামনে দাঁড়িয়ে। জানাতে হবে তাদেরই যারা
বেণী ধরে টান দেবার দলে, যারা মধ্যবর্তী, যারা বিদেশী রাজ্যশাসনের আধারে হদেশীর
প্রতি অসন্মান ভরে তুলতে কৃষ্ঠিত হয় না।

একটা কথা মনে রাথতে হবে, কোনো অপরাধীকে দণ্ড দেবার পূর্বে আইনে বাধা অত্যন্ত সতর্ক বিচারের প্রণালী আছে। এই সভ্যনীতি আমরা পেয়েছি ইংরেজের কাছ থেকে। এই নীতির 'পরে আমাদের দাবি অভ্যন্ত হয়ে গেছে। এক সময়ে সরাসরি কান্তির বিচার প্রচলিত ছিল। ব্যক্তিগত আন্দান্তের উপর, পক্ষপাতের উপর যে বিচার-প্রণালীর ভিত্তি ছিল তাকে আমরা অশ্রন্ধা করতে শিখেছি। এ কথা আজ আমাদের কাছে সহজ হয়েছে যে, অপরাধের অপবাদ-আরোপের পর থেকেই কোনো অভিযুক্তের প্রতি অন্তায় করা সহজ ছিল যে যুগে সে যুগের দণ্ডনীতি সভ্য আদর্শের ছিল না; মাহুষের স্বাধীনতার অধিকার তথন অনিশ্বিত ভিত্তিতে স্থাপিত ছিল। সভ্যদেশে এ কথাও স্বীকৃত হয়েছে যে, অপরাধের নিঃসংশয় প্রমাণের জন্ত প্রভিত্তা বিচারক ও বিশেষজ্ঞ আইনজীবীর প্রয়োজন আছে। এই বিশ্বাসের 'পরে যদি আস্থা না রাখি তা হলে আইন-আদালতকে প্রকাণ্ড অপব্যয়ের থেলা বলতে হবে। এই ব্যবস্থার মধ্যে নির্বিশেষে সকল মাহুষের 'পরে যে সন্মান আছে এতদিন ধরে সেই নীতিকে শ্রন্ধা করতে শিথছি। এও জানি, এত সাবধান হয়েও অনেক ঘটনায় অপরাধের শেষ মীমাংসা হয় নি। বছ নির্দেশী দণ্ডভোগ করেছে।

তব্ যদি স্থির হয় যে বিশেষ স্থলে অপরাধের গুরুত্ব অনুসারে গোপনে সাক্ষ্য বিশ্লেষণ করে আন্দাব্দে বিচার ও আগু শান্তিদান অনিবার্য, তবে তা নিয়ে তর্ক করতে

#### রবীন্দ্র-রচনাবলী

চাই নে, কিন্তু এ কথা বলতেই হবে এমন স্থলে শান্তির পরিমাণ তঃসহ না হওয়াই উচিত, এমন হওয়া চাই যাতে বিচারের ভূলে নিরপরাধের প্রতি শান্তি অতি কঠোর হয়ে অহতাপের কারণ না ঘটে। কেবলমাত্র বন্দীদশাই তো কম তঃথকর নয়, তার উপরে শাসনের ঝালমসলা প্রচুর করে তুলে তার তীব্রতা বাড়িয়ে তোলাকে তো কোনোমতেই সভ্যনীতি বলতে পারি নে। ঝালমসলা যে কটুজাতীয়, বাহির থেকে তার আন্দাজ করতে পারি মাত্র। যথন বৈধ উপায়ে নিঃসন্দেহে দোহ-প্রমাণ-চেটার অহ্ববিধা আছে বলে মনে করা হয়, অন্তত তথন এই সংশয়ের ক্ষেত্রে কয়ণার স্থান রাখা চাই।

কারাগার থেকে অন্তিম মৃহুর্তে যাদের মায়ের কোলে ফিরিয়ে দেওয়া হচ্ছে যক্ষারোগে মরবার জ্বন্তে, তারা সকলেই এই বিলম্বিত মৃত্যুযন্ত্রণা-ভোগের নিশ্চিত যোগ্য— এমন কথা বিনা বিচারে ভোমরা কি নিঃসংশয়ে বলতে পার, হে আমার দেশবাসীর স্বদেশী প্রতিনিধি !

বছদিনসঞ্চিত একটা তৃংথের কথা কি আঞ্চ বলব। অল্প কালের মধ্যে দেশে অনেক বড়ো বড়ো মারকাট খুনোখুনি হয়ে গেছে। যারা চক্ষে দেখেছেন, আত্মীয়য়য়লনসহ তাঁরা অসহ্য তৃংথ পেয়েছেন। যাঁরা ভিতরের কথা জানেন তাঁদের যোগে য়ে-সব জনশ্রুতি দেশে রাষ্ট্র হয়েছে, দেশের লোক তাকে বিখাস করবার য়ৃক্তিসংগত কারণ পেয়েছেন। কিন্তু, কর্তৃপক্ষ এই নির্দয় ব্যাপারকে পোলিটিকাল অপরাধের শ্রেণীতে গণ্য করেন নি বলে অয়মানকে শেষ পর্যন্ত নিয়ে গিয়ে বিনা জ্বাবদিহিতে কারো কোনো দগুবিধান করেন নি। অপর ক্ষেত্রে তাই করেছেন এবং দেশের প্রতিনিধিরা একে স্থায় বলে সমর্থনও করেন। পলিটিক্সে খুনজখম লুঠপাটের জন্তে যারা দায়ী তারা ঘৃণ্য, অপর ক্ষেত্রেও যারা দায়ী তারা কম ঘৃণ্য নয়। এক ক্ষেত্রে গোপন সন্ধানে তাদের আবিকার করা সহজ, অপর ক্ষেত্রে সহজ্ব নয়, এমন অত্তুত কথা বলা চলে না। উভয় ব্যাপারেই শাসনের প্রয়োজন আছে। হয়তো গুপ্ত পাপচক্রান্তের বিধিনির্দিষ্ট প্রমাণ পাওয়া সম্ভব নয়— তব্ও পাপের হয়তা ও পরিমাণ কোনো পক্ষেই কম নয়।

পূর্বেই বলেছি, দণ্ডপ্রয়োগের অতিকৃত রূপকে আমি বর্বরতা বলি। আমি কোনো পক্ষেই হিংসার মূল্য হিংশ্রতা দিয়ে দিতে চাই নে; কিন্তু সমাজ ও রাজার তরফ থেকে ধিকারের হারা বিচারের প্রয়োজন আছে, উভয় পক্ষেই। নির্জন কারাকক্ষবাস বা আন্দামানে নির্বাসন আমি কোনোপ্রকার অপরাধীর জন্ত সমর্থন করি নে, যারা দেশবাসীর প্রতিনিধির পদে উচ্চ শাসনমঞ্চে সমাসীন তাঁরা যদি করেন আমি নীচে দাঁড়িয়ে তাঁদের প্রতিবাদ করব।

### এম্বপরিচয়

্রিচনাবলীর বর্তমান খণ্ডে মৃদ্রিত গ্রন্থগুলির প্রথম প্রকাশের তারিথ ও রচনাসংক্রান্ত অন্তান্ত জ্ঞাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংক্লিত হইল।

#### নবজাতক

'নবজাতক' ১৩৪৭ সালের বৈশাথ মাসে প্রথম প্রকাশিত হয়। তৎপূর্বে ইহার অধিকাংশ কবিতা সাময়িক পত্রে প্রকাশিত হইয়াছিল। নিমে প্রকাশস্চী মৃত্রিত হইল—

> শতদল। কষ্টিপাপর, প্রবাসী ১৩৪৭ জ্যৈষ্ঠ উদ্বোধন প্রায়শ্চিত্ত প্রবাসী ১৩৪৫ অগ্রহায়ণ পরিচয় ১৩৪৪ ফান্ধন বুদ্ধভক্তি প্রবাসী ১৩৪৫ চৈত্র কেন প্রবাসী ১৩৪৪ পৌষ হিন্দুস্থান প্রবাসী ১৩৪৫ মাঘ রাজপুতানা পরিচয় ১৩৪৪ শ্রাবণ ভাগ্যরাজ্য নাচঘর ১৩৪০, ৩০ চৈত্র ভূমিকষ্প বিচিত্রা ১৩৩৯ জার্ম পক্ষীমানব রাতের গাডি জয়শ্রী ১৩৪৭ জ্যৈষ্ঠ মৌলানা জিয়াউদ্দীন প্রবাসী ১৩৪৫ শ্রাবণ এপারে-ওপারে প্রবাসী ১৩৪৬ প্রাবণ মংপু পাহাড়ে পরিচয় ১৩৪৫ প্রাবণ কবিতা ১৩৪৫ আখিন ইসটেশন জবাবদিহি প্রবাসী ১৩৪৭ বৈশাথ প্রবাসী 'बन्नमिन' : প্রবাসী ১৩৪৬ জ্বৈষ্ঠ <u>क्या</u> पिन প্রবাসী ১৩৪৬ আয়াচ কবিতা ১৩৪৬ পৌষ রোম্যান্টিক ক্যাণ্ডীয় নাচ প্রবাসী ১৩৪৪ স্রাবণ অবর্জিত প্রবাসী ১৩৪২ শ্রাবণ

> > কবিতা ১৩৪৬ আখিন প্রবাসী ১৩৪৬ পেষ

শেষ হিসাব

**क**ग्रश्तनि

#### রবীন্দ্র-রচনাবলী

প্রকাপতি প্রবাসী ১৩৪৬ বৈশাথ প্রবীণ প্রবাসী ১৩৪৫ পৌষ রাত্তি প্রবাসী ১৩৪৬ মাঘ

'উদ্বোধন' কবিতাটির যে পাঠ সাময়িক পত্রে প্রকাশিত হইয়াছিল তাহা অপেক্ষাক্কত সংক্ষিপ্ত ছিল। উক্ত পাঠ অফুসারে, নিমোদ্ধত নৃতন চারিটি ছত্তের অফুর্ভিস্করপ নবজাতকে মুদ্রিত পাঠের শেষ একাদশ ছত্র (পৃ. ৭) পড়িতে হইবে—

শুকতারকার প্রথম প্রদীপ হাতে
অরুণ-আভাস-ব্যুড়ানো ভোরের রাতে
আমি এসেছিম্থ তোমারে জাগাব ব'লে
তরুণ আলোর কোলে—

কবিতাটির আরম্ভের কুড়িটি ছত্র, রবীক্রসদনে-রক্ষিত পাণ্ড্লিপি অন্নারে, ১৯৬৮ সালের ১৩ অক্টোবর তারিখে শান্তিনিকেতনে স্বতন্ত্র কবিতা-আকারে প্রথম লিখিত হইয়াছিল বলিয়া মনে হয়। সেই আকারে উহা দ্বিতীয়সংস্করণ গীতবিতানের 'ভূমিকা' রূপে মুদ্রিত হইয়াছিল।

প্রায়ন্চিত্ত কবিতাটির পূর্বতন একটি পাঠ রবীক্রসদনের পাণ্ড্লিপিতে নিম্নরূপ পাওয়া যায়—

বহু শত শত বংসর ব্যাপি

শত শত দিনে রাতে

দৈন্তের আর স্পর্ধার সংঘাতে

ধিকি ধিকি করে ব্যাপ্ত হয়েছে

পাপের দহনজালা

সভ্যনামিক পাতালপুরীতে যেথানে ফক্ষশালা।

মাঝে মাঝে তারি ঝলক লেগেছে

আতিশয্যের 'পরে,
ভাগ্যের তাহা মহিমা বলিয়া

জেনেছে গর্বভরে।

স্থেশ্বপ্রে নিশীথে উঠিল ভূমিকম্পের রোল—

ষয়তোরণের ভিত্তিভূমিতে লাগিল দারুণ দোল। অহংকারের ফাটিল হর্য্যচূড়া, লুঠিত ধনভাণ্ডার হল গুঁড়া। বিদীর্ণ হল প্রমোদভবনতল, তারি গহবর ভেদিয়া উঠিল नागनागिनीय पन । বিষ-উদ্গারে হলিল লক্ষ ফণা, প্রলয়খাসে ছুটিল অগ্নিকণা। রক্তমাতাল যমদৃত সবে বীভংস উৎসবে ধরণীর বৃক চিরিতে লাগিল অট্টহাস্তরবে। নির্থ হাহাকারে দিয়ো না দিয়ো না অভিশাপ বিধাতারে। পাপের এ সঞ্চয় সর্বনাশের উদ্দাম বেগে আগে হয়ে যাক ক্ষয়। অসহ ছঃথে ত্রণের পিণ্ড বিদীর্ণ হয়ে তার কলুষপুঞ্জ করে দিক উদ্গার। দানবের ভোগে বলি এনেছিল যার। সেই ভীক্ষদের দলিত জীবনে উঠুক মৃত্যুধারা। মিছে করিব না ভয়. ক্ষোভ জেগেছিল তাহারে করিব জয়। জমা হয়েছিল আরামের লোভে তুৰ্বলতার রাশি, লাওক তাহাতে লাওক আওন, ফেলুক তাহারে গ্রাসি। ঐ দলে দলে ধার্মিক ভীক্ষ কারা চলে গির্জায় চাটুবাণী দিয়ে ভুলাইতে দেবতায়। তুর্বলাত্মা মনে জ্বানে ওরা ভীত প্রার্থনারবে শান্তি আনিবে ভবে। তার বেশি কিছু দিতে নাহি মন, শুধু বাণীকৌশলে

জিনিবে ধরণীতলে।
বহু দিবসের পৃঞ্জিত লোভ
বক্ষে রাথিয়া জ্বমা
কেবল শাল্তমন্ত্র পড়িয়া
বিধাতার লবে ক্ষমা।
সবে না দেবতা হেন অপমান
এই ফাঁকি ভক্তির।
যদি এ ভ্বনে থাকে কোনো তেজ
কল্যাণশক্তির—
ভীষণ যজ্ঞে প্রায়শ্চিত্ত
পূর্ণ করিয়া শেষে
নৃতন জীবন নৃতন আলোকে
জাগিবে নৃতন দেশে।

বিজয়াদশমী ১৩৪৫

'বৃদ্ধভক্তি' কবিতার গছছন্দে লিখিত সম্পূর্ণ স্বতন্ত্র একটি রূপ পত্রপুট গ্রন্থের দ্বিতীয় সংস্করণে বা উহার পুনর্ম্দ্রণে সতেরো-সংখ্যক কবিতার আকারে মৃদ্রিত আছে। আলোচ্য প্রসঙ্গে বিংশখণ্ড রবীন্দ্র-রচনাবলীর ৫১ পৃষ্ঠা ও গ্রন্থপরিচয় দ্রষ্টব্য।

'কেন' কবিতার মিল-বিহীন একটি সম্পূর্ণ স্বতন্ত্র পাঠ পাণ্ড্লিপিতে রহিয়াছে। কবিতাটির উহাই সম্ভবতঃ আদি পাঠ। সমগ্র কবিতাটি নিম্নে মুদ্রিত হইল—

শুনিলাম জ্যোতিষীর কাছে
তপনের আত্মদান-মহাযক্ত হতে
যে জ্যোতি-উৎসর্গ হয় নৈবেগ্যের মতো
এ বিশ্বের মন্দিরমণ্ডপে,
অতি তৃচ্ছ অংশ তার
ধরা পড়ে পৃথিবীর অতি কুদ্র মুংপাত্রের তলে।
অবশিষ্ট অমেয় আলোকরশ্মিধারা
আদিম দিগস্ক হতে

আক্লান্ত চলেছে ধেয়ে লক্ষ্যহারা হ্যলোকে হ্যলোকে।

সঙ্গে সক্ষে ছুটিয়াছে অপার তিমির-তেপান্তরে

অসংখ্য নক্ষম হতে

তেজোদীপ্ত অক্লোহিণী।

এ কি সর্বত্যাগী অপব্যয়

সর্বগ্রাসী ব্যর্থতার নিঃসীম অতলে।

কিষা এ কি মহাকাল

এক হাতে দান করে, ফিরে ফিরে নেয় অন্ত হাতে।

যুগে যুগে বারম্বার হিসাব মেলানো

প্রকাণ্ড সঞ্চয়ে অপচয়ে?

কিন্তু কেন।

তার পরে চেয়ে দেখি মানুষের চৈতন্তব্দগতে। ভেসে চলে কত চিন্তা কত-না কল্পনা, কত পথে কত কীর্তি রূপে রূসে— তীব্র বেগে অমরত্ব সন্ধানের উদ্দাম উচ্ছাসে উঠে জেগে ক্লান্তিহীন চেষ্টা কত। জলে ওঠে কোথাও বা বাতি সংসারের যাত্রাপথে তপস্থার তেজে। কোথাও বা সভ্যতার চিতাবহিদাহ নিঃস্বতার ভশ্মশেষ রেখে। লক্ষ লক্ষ ঝরিছে নির্মার নিৰুদ্দেশ প্ৰাণব্ৰোতে বহু ইচ্ছা বহু শ্বতি লয়ে। নিত্য নিত্য এমনি কি অফুরান আত্মহত্যা মানবলোকের। যুগে যুগান্তরে মান্থবের চিত্ত নিয়ে মহাকাল কেবলি কি করে দ্যুতথেলা আপনারি বাঁ হাতে দক্ষিণ হাতে। কিছ কেন।

একদিন প্রথম বয়দে

এ প্রশ্নই জেগেছিল মনে।
শুধায়েছি এ বিশ্বের কোন্ কেন্দ্রস্থলে
মিলিতেছে নিরস্তর
অরণ্যের পর্বতের সমৃদ্রের উল্লোলগর্জন,
ঝটিকার বজ্রমন্ত্র,
দিবসের রন্ধনীর মর্মস্থলে
বেদনাবীণার তারে চেতনার মিশ্রিত ঝংকার,
নিদ্রার মর্মরধ্বনি,
বদস্তের বর্ষার ঋতু-সভান্সনে
জীবনের মরণের অবিশ্রাম কীর্তনকল্লোল,
আলোকের নিঃশন্ত চরণধ্বনি

বালকের কল্পনায় দেখেছিত্ব প্রতিধ্বনিলোক গুপ্ত আছে ব্রহ্মাণ্ডের অন্তরকন্দরে। **সেথায় বিশ্বের ভাষা চতুর্দিক হতে** নিতা স্থিলিত। সেথা হতে প্রতিধ্বনি নৃতন স্বষ্টির ক্ষ্**ধা ল**য়ে ফিরে দিকে দিকে। বছ যুগযুগান্তের বিশ্বনিখিলের ধ্বনিধারা নক্ষত্রে নক্ষত্রে ঠেকি আমাতে নিয়েছে আঞ্চি রূপ নিবিড় সংহত প্রতিধানি। আজি ভগাইত্ পুনরায-আবার কি স্ত্র তার ছিন্ন হয়ে যাবে, রপহারা গতিবেগ চলে যাবে বহু কোটি বৎসরের শৃন্তযাত্রাপথে ভেঙে ফেলে দিয়ে তার স্থন-আয়ু বেদনার কমওলু। কিছ কেন।

মহা-অন্ধকারে।

উদয়ন ৷ শান্তিনিকেতন ১৮১৯।৩৮ 'রাজপুতানা' কবিতাটির রচনা -প্রসঙ্গে শ্রীমতী মৈত্রেরীদেবীর 'মংপুতে রবীক্রনাথ' গ্রন্থ ইংতে রবীক্রনাথের কয়েক ছত্র উক্তি উদ্ধৃত করা হইল—

···ঐ বে বইটা দিয়েছে না, স্টেট্স্ম্যানের 'হন্দর ভারত', ওর মধ্যে দেখছিলাম রাজপুতানার ছবি। দেখেই মনে হল, হার হার এই কি সেই রাজপুতানা ? মৃত্যুর বোঝা বহন ক'রে তবু বেঁচে আছে। এর চেয়ে তার ধ্বংস ছিল ভালো। কোনো এক রকমের জীবনের চাইতে মরণই মন্দল, মরণই সন্মানের।

**मः পুতে রবী ऋनायः अधम मृज्यः, পৃ ७**१

১৩৪ - সালে বিহার-ভূমিকম্পের তুর্গতদের সাহায্য-কল্পে প্রধানতঃ শ্রীপ্রবোধেন্দ্রনাথ ঠাকুরের উত্তোগে কলিকাতায় রবীন্দ্রনাথের রক্তকরবীর অভিনয় হইয়াছিল। 'ভূমিকম্প' কবিতাটি সেই উপলক্ষ্যে রচিত ও প্রেরিত হয়।

মোলানা জিয়াউদ্দীন বিশ্বভারতীর বিছাভবনে ইস্লামীয় সংস্কৃতির অধ্যাপক ছিলেন। তাঁহার অকালমৃত্যু ঘটিলে শাস্তিনিকেতনে শোকসভায় রবীন্দ্রনাথের যে ভাষণ প্রদত্ত হয় তাহার অন্থলিপি 'মোলানা জিয়াউদ্দীন' কবিতার পরিপ্রক-স্বরূপ ১৩৪৫ শ্রাবণের প্রবাসী হইতে নিম্নে মুদ্রিত হইল—

#### মোলানা জিয়াউদ্দীন

আঞ্চকের দিনে একটা কোনো অন্তর্গানের সাহায্যে জিয়াউদ্দীনের অক্স্মাৎ মৃত্যুতে আশ্রমবাদীদের কাছে বেদনা প্রকাশ করব, এ কথা ভাবতেও আমার ক্ঠাবোধ হচ্ছে। যে অন্তৃতি নিয়ে আমরা একত্র হয়েছি তার মৃলকথা কেবল কর্তব্যপালন নয়, এ অন্তৃতি আরও অনেক গভীর।

জিয়াউদ্দীনের মৃত্যুতে যে স্থান শৃন্ত হল তা প্রণ করা সহজ হবে না, কারণ তিনি সত্য ছিলেন। অনেকেই তো সংসারের পথে যাত্রা করে, কিন্তু মৃত্যুর পরে চিহ্ন রেথে যায় এমন লোক খুব কমই মেলে। অধিকাংশ লোক লঘুভাবে ভেসে যায় হান্ধা মেঘের মতো। জিয়াউদ্দীন সম্বন্ধে সে কথা বলা চলে না; আমাদের হৃদয়ের মধ্যে তিনি যে স্থান পেয়েছেন তা নিশ্চিহ্ন হয়ে একদিন একেবারে বিলীন হয়ে যাবে এ কথা ভাবতে পারি নে। কারণ, তাঁর সত্তা ছিল সত্যের উপর স্বদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। আশ্রম থেকে বাইরে গিয়েছিলেন তিনি ছুটিতে, তাঁর এই ছুটিই যে শেষ ছুটি হবে অদৃষ্টের এই নিষ্ঠর লীলা মন মেনে নিতে চায় না। তিনি আজ্ব পৃথিবীতে নেই সত্য, কিন্তু তাঁর সত্তা ওতপ্রোত ভাবে আশ্রমের সব-কিছুর সঙ্গে মিশে রইল।

তিনি প্রথম আশ্রমে এসেছিলেন বালক বয়সে ছাত্র হিসাবে, তথন হয়তো তিনি ঠিক তেমন ক'রে মিশতে পারেন নি এই আশ্রমিক জীবনের সঙ্গে যেমন পরিপূর্ণ ভাবে মিশেছিলেন পরবর্তী কালে। কেবল যে আশ্রমের সঙ্গে তাঁর হৃদয় ও কর্মপ্রচেটার সপূর্ণ যোগ হয়েছিল তা নয়, তাঁর সমস্ত শক্তি এখানকার আবহাওয়ায় পরিণতি লাভ করেছিল। সকলের তা হয় না। যারা পরিণতির বীজ নিয়ে আদেন তাঁরাই কেবল আলো থেকে হাওয়া থেকে পরিপক্তা আহরণ করতে পারেন। এই আশ্রমের যা সত্য যা শ্রেষ্ঠ সেটুকু জিয়াউদ্দীন এমনি ক'রেই পেয়েছিলেন। এই শ্রেষ্ঠতা হল মানবিকতার, আর এই সত্য হল আপনাকে সকলের মধ্যে প্রসারিত ক'রে দেবার শক্তি। ধর্মের দিক থেকে এবং কর্মের দিকে অনেকের সঙ্গেই হয়তো তাঁর মূলগত প্রভেদ ছিল, কিন্তু হলমের বিচ্ছেদ ছিল না। তাঁর চলে যাওয়ায় বিশ্বভারতীর কর্মক্ষেত্রে যে বিরাট ক্ষতি হয়ে গেল, সেটা পূরণ করা যাবে না। আশ্রমের মানবিকতার ক্ষেত্রে তাঁর জায়গায় একটা শৃত্যতা চিরকালের জন্তে রয়ে গেল। তাঁর অক্রেম অন্তর্বস্বতা, তাঁর মতো তেমনি ক'রে কাছে আসা অনেকের পক্ষে সন্তব হয় না, সংকোচ এসে পরিপূর্ণ সংযোগকে বাধা দেয়। কর্মের ক্ষেত্রে যিনি কর্মী, হাদয়ের দিক থেকে যিনি ছিলেন বয়ু, আজ তাঁরই অভাবে আশ্রমের দিক থেকে ও ব্যক্তিগত ভাবে আমরা একজন পরম স্বন্ধক্রে হারালাম।

প্রথম বয়সে তাঁর মন বৃদ্ধি ও সাধনা যথন অপরিণত ছিল, তথন ধীরে ধীরে ক্রমপদক্ষেপে তিনি আশ্রমের জীবনের সঙ্গে যোগ দিয়েছিলেন। এখন তাঁর সংযোগের পরিণতি মধ্যাহ্নস্থর্গের মতো দীপ্যমান হয়েছিল, আমরা তাঁর পূর্ণ বিকাশকে শ্রদ্ধা করেছি এবং আশা ছিল আরো অনেক কিছু তিনি দিয়ে যাবেন। তিনি যে বিভার সাধনা গ্রহণ করেছিলেন সেই স্থান তেমন ক'রে আর কে নেবে; আশ্রমের সকলের হৃদয়ে তিনি যে সৌহার্দের আসন পেয়েছেন সে আসন আর কী ক'রে পূর্ণ হবে।

আজকের দিনে আমরা কেবল বৃথা শোক করতে পারি। আমাদের আদর্শকে যিনি রূপ দান করেছিলেন তাঁকে অকালে নিষ্ঠ্রভাবে নেপথ্যে সরিয়ে দেওয়ায় মনে একটা অক্ষম বিজ্ঞাহের ভাব আসতে পারে। কিন্তু আজ্ঞ মনকে শাস্ত করতে হবে এই ভেবে যে, তিনি যে অক্লব্রিম মানবিকতার আদর্শ অক্লসরণ ক'রে গেছেন সেটা বিশ্বভারতীতে তাঁর শাশ্বত দান হয়ে রইল। তাঁর ফ্রন্থ চরিত্রের সৌন্দর্য, সৌহার্দের মাধুর্য ও হৃদয়ের গভীরতা তিনি আশ্রমকে দান ক'রে গেছেন, এটুকু আমাদের পরম সোভাগ্য। সকলকে তে। আমরা আকর্ষণ করতে পারি না। জিয়াউদীনকে কেবল যে আশ্রম আকর্ষণ করেছিল তা নয়, এখানে তিনি তৈরি হয়েছিলেন; এখানকার হাওয়া ও মাটির রসসম্পাদে, এখানকার সৌহার্দে তাঁর হৃদয়মন পরিপুষ্টি লাভ করেছিল। তিনি যে সম্পাদ দিরে গেলেন তা আমাদের মনে গাঁথা হয়ে রইবে, তাঁর দৃষ্টান্ত আমরা ভূলব না।

আমার নিজের দিক থেকে কেবল এই কথাই বলতে পারি যে, এরকম বন্ধু তুর্লভ।
এই বন্ধুত্বের অন্ধুর একদিন বিরাট মহীকহ হয়ে তার স্থশীতল ছায়ায় আমায় শাস্তি
দিয়েছে— এ আমার জীবনে একটা চিরম্মরণীয় ঘটনা হয়ে থাকল। অস্তুরে তাঁর
সন্নিধির উপলব্ধি থাকবে, বাইরের কথায় সে গভীর অহুভূতি প্রকাশ করা যাবে না।

শাস্থিনিকেতন ৮।৭।৩৮

'ইন্টেশন' কবিতার কেবলমাত্র দীর্ঘতর শুবকগুলি প্রথমে রচিত হয়। পাঙ্লিপি অন্নারে রবীন্দ্রনাথ উহা ১৯৩৭ সালের ২৯ মে তারিথে আলমোড়ায় বাসকালে রচনা করেন। কবিতাটির প্রস্থে মৃক্রিত তারিথ ও স্থান, বলা বাহল্য, শেষ সংশোধনের হিসাবে বসানো হইয়াছে। কবিতাটির উক্ত প্রথম পাঠ পাঙ্লিপি হইতে নিম্নে উদ্ধৃত হইল—

ইসটেশনে সকাল বিকাল ইস্টেশনে আস, চেয়ে চেয়ে দেখতে ভালোবাস। ব্যস্ত হয়ে ওরা টিকিট কেনে. কেউ বা চডে ভাটির ট্রেনে কেউ বা উদ্ধান ট্রেনে। দকাল থেকে কেউ বা থাকে বদে, কেউ বা গাড়ি ফেল করে তার শেষ মিনিটের দোষে। চলচ্ছবির এই-যে মৃতিথানি মনেতে দেয় আনি লোকজনের এই নিত্যভোলার মুহুর্তদের ভাষা কেবল যাওয়া আসা। এ সংসারে পরে পরে ভিড জমা হয় কত. খানিক বাদে ঘণ্টা বাজে কে কোথা হয় গত। এর পিছনে স্থগত্বংথ ক্ষতিলাভের তাড়া দেয় সবলে নাডা। কিন্তু তাদের থাকায় আর কিছু নেই, ছবির পরে তারা ছবি আঁকায়। চিত্রকরের বিশ্বভূবনখানি এই কথাটাই নিলেম মনে জানি---

কর্মকারের নয় এ গড়া-পেটা,
আঁকড়ে ধরার জিনিস এ নয়, দেখার জিনিস এটা।
কালের পরে যায় চলে কাল, হয় না কভূ হারা
ছবির বাহন চলাফেরার ধারা।
ছবেলা সেই এ সংসারের চল্তি ছবি দেখা
এই নিয়ে রও যাওয়া-আসার ইস্টেশনে একা।

আলমোড়া ২৯ মে ১৯৩৭

'দাড়ে নটা' কবিতাটি দহকে 'মংপুতে রবীন্দ্রনাথ' ( প্রথম মুদ্রণ, পৃ ১২-১৩ ) গ্রন্থ হইতে জানা যায় যে, দর্বপ্রথমে উহা দানাই গ্রন্থে মুদ্রিত 'মানদী' ('মনে নেই বুঝি হবে অগ্রহান মাদ') -নামক কবিতার দহিত যুক্ত আকারে রচিত হইয়াছিল এবং পরবর্তী দংশোধন ও পরিবর্তনের ফলে ক্রমে বিচ্ছিন্ন হইয়া স্বতন্ত্র আকার লাভ করিয়াছে।

'প্রবাসী' কবিতার প্রসঙ্গে সাময়িক পত্রে মৃদ্রিত মস্তব্যটি এইরূপ: লাহোরে কবির জন্মোৎসব-অন্ন্র্ষানের উত্যোগীরা শ্রীযুক্ত অমিয় চক্রবর্তীর মারফত নৃতন কবিতার জন্ম কবিকে অনুরোধ করেন, তত্বপদক্ষে রচিত।

'অবর্জিত' কবিতাটি, প্রবাসী পত্তে প্রকাশিত পাঠ অন্ন্সারে, শ্রীযুক্ত প্রশাস্তচন্দ্র মহলানবিশের উদ্দেশে রচিত হইয়াছিল।

### সানাই

'সানাই' ১৩৪৭ সালের প্রাবণ মাসে' প্রথম প্রকাশিত হয়। ইহার অধিকাংশ কবিতা সাময়িক পত্তে প্রকাশিত। নিমে প্রকাশস্চী মৃদ্রিত হইল—

দুরের গান প্রবাসী ১৩৪৬ চৈত্র

কর্ণধার 'লীলা': প্রবাসী ১৩৪৬ অগ্রহায়ণ

আদা-যাওয়া কবিতা ১৩৪৭ আবাঢ় বিপ্লব কবিতা ১৩৪৬ চৈত্র ক্যোতির্বাষ্প দেশ ১৩৪৭, ২৮ বৈশাধ

> গ্রন্থে প্রথম প্রকাশের কাল 'আবাঢ়' মুদ্রিত হইয়াছিল; ঐ মাসেই গ্রন্থটি প্রকাশিত হইবার কথা ছিল, কিন্তু পরে নবরচিত আর করেকটি কবিতা কবি বোগ করেন। গ্রন্থশেবে মুদ্রিত প্রাবণ মাসে লেখা কবিতা-কর্মট ক্রন্টবা। জানালায় প্রবাসী ১৩৪৭ জ্বৈষ্ঠ

ক্ষণিক ক্বিতা ১৩৪৭ আষাঢ়

নতুন রঙ 'গোধৃলি': জয়শ্রী ১৩৪৬ চৈত্র

সানাই প্রবাসী ১৩৪৬ ফান্কন শ্বতির ভূমিকা প্রবাসী ১৩৪৬ ভাদ্র

মানসী 'ছিলম্বতি': পরিচয় ১৩৪৬ প্রাবণ

সার্থকতা প্রবাসী ১৩৪৭ স্বৈয়ন্ত মায়া প্রবাসী ১৩৪৫ স্লাবণ অনেয় প্রবাসী ১৩৪৬ স্লোচ

রপকথায় 'গান': বঙ্গলন্মী ১৩৪৬ পৌষ

অধীরা বিচিত্রা ১৩৪৫ বৈশাথ বাদাবদল প্রবাদী ১৩৪৬ আখিন শেষ কথা পরিচয় ১৩৪৬ বৈশাথ মুক্তপথে কবিতা ১৩৪৩ পৌষ

আধোজাগা রূপ ও রীতি ১৩৪৭ বৈশাথ

যক্ষ প্রবাসী ১৩৪৫ শ্রাবণ পরিচয় প্রবাসী ১৩৪৬ কার্তিক নারী চতুরক্ব ১৩৪৫ আহিন

গানের শ্বতি 'তোমারে কি চিনিতাম আগে': বিচিত্রা ১৩৪৫ অগ্রহায়ণ

অবশেষে 'পালাশেষ': জয়শ্ৰী ১৩৪৬ আষাচ্

সম্পূর্ণ পরিচয় ১৩৪৫ চৈত্র

উদ্বৃত্ত 'গান': বৈজয়ন্তী ১৩৪৬ কার্তিক

অত্যক্তি পরিচয় ১৩৪৬ জ্যৈষ্ঠ হঠাৎ মিলন বিচিত্রা ১৩৪৫ স্থাবণ

দূরবর্তিনী 'অলস মিলন': কবিতা ১৩৪৪ আশ্বিন

গান বন্দলমী ১৩৪৬ বৈশাথ

বাণীহারা 'গান': জয়ন্ত্রী ১৩৪৬ অগ্রহায়ণ

অনস্যা প্রবাসী ১৩৪৭ বৈশাথ শেষ অভিসার সমসাময়িক ১৩৪৭ আষাঢ় বিমুখতা প্রবাসী ১৩৪৭ ভাল

অসম্যু	সাহানা	১৩৪৭ ক্সৈষ্ঠ
অপঘাত	প্রবাসী	১৩৪৭ শ্রাবণ
যানসী	প্রবাসী	১৩৪৭ শ্রাবণ

রবীশ্রসদনের পাণ্ড্লিপির সাহায্যে বর্তমান সংস্করণে অনেকগুলি কবিতার রচনা-স্থান ও তারিখের নির্দেশ সংযোজিত হইয়াছে।

'কর্ণধার' কবিতাটির প্রথম রচনা ও উহার ক্রমবিবর্তনের পরিচয়-স্বরূপ 'মংপুতে রবীক্রনাথ' প্রস্থের প্রাসন্ধিক কিয়দংশ নিমে উদ্ধৃত হইল—

একদিন হন্দর রোদ উঠেছে, আকাশে অল্প অল্প শরংকালের [?] মেঘ,— মংপুর পক্ষে দিনটা ঈবং গরম বলা বেতে পারে। এথানকার কুরাসার বন্ধন মোচন ক'রে যেদিন রোদ উঠত উনি [রবীন্দ্রনাথ] খুব খুশি হয়ে উঠতেন। যথারীতি বারান্দার বড় চৌকিটাতে বসে আছেন। আমরা থাবার ঘর থেকে গুন্ গুন্ গান শুনতে পাছি। থাওয়াদাওয়া শেষ ক'রে বারান্দায় এলাম আমরা।

"আজ চমংকার দিনটি হয়েছে। কেবল ক্ঁড়েমি করতে ইচ্ছে করছে, তাই এই চৌকিতে হেলান দিয়ে বসেই আছি, বসেই আছি।" গান গেয়ে যেতে লাগলেন,— "ছে তরুণী তুমি আমার ছুটির কর্ণধার।— আজ সমস্ত দিনটা যেন ছুটিতে পাওয়া। কাজের দিন নয় এ, তাই বসে বসে গাইছি— হে তরুণী তুমিই আমার ছুটির কর্ণধার, অলস হাওয়ায় দিছ পাড়ি নিয়ে যাবে কর্মনদীর পার। হে তরুণী—" সে হয় মনে আছে। ইসারায় বয়েন— কলমটা দাও। প্যাড আর কলম এগিয়ে দিলুম। গান গেয়ে লিথে চয়েন—

হে তরুণী তুমিই আমার ছুটির কর্ণধার অলস হাওয়ার বাইচো স্বপন্তরী নিরে বাবে কর্মনদীর পার।

পাড়েটা নিয়ে গুন গুন ক'রে গেয়ে চললেন। বিকেল বেলা বধন ফিরে এলুম, দেখি লেখাটা প্রায় সবই বদল হয়ে গেছে এবং বিচিত্রিত ভাবে আগেকার লেখাটিকে কালির আচ্ছাদনে মণ্ডিত ক'রে জাঁকা হয়েছে স্থন্দর একটি ছবি, তার ফাঁকে ফাঁকে নৃতন যে লেখাটা পড়া বাচ্ছে—

কে অদৃগ্য ছুটির কর্ণধার
অলস হাওয়ার দিল্ছ পাড়ি
কর্মনদীর পার।
দিগন্তরের কুপ্রবনে
অক্ষত কোন্ গুপ্পরণে
বাতাসেতে জাল বুনে দের
মদির তল্পার।
নীল নরনের মৌনথানি
দেই দে দুরের আকাশবাদী

দিনগুলি মোর-গুরি ডাকে বার ভেনে বার বাঁকে বাঁকে উদ্দেশহীন অকর্মণ্যভার ।

১মংপু ২৩াহাতঃ

প্যাডটা ফেলে দিলেন—"লও, কপি কর খাতার।" তার পরদিন সকালবেলার খাতাটা দিয়ে বলেন— "হে তরুণী আর একবার কপি করতে হচ্ছে।" তখন দেখি কবিতাটা আরো অনেক বদলে গেছে, তার প্রথম লাইনটা হয়েছে— "কে অসীমের লীলার কর্ণধার।" এমনি ক'রে পরিবর্তিত পরিবর্ধিত হতে হতে বেশ কয়েকদিন পরে সে এক সম্পূর্ণ অক্স কবিতা হয়ে দাঁড়াল—

ছুটির কর্ণধার
দখিন হাওয়ায় দিচ্ছ পাড়ি,
কর্মনদীর পার।
নীল আকাশের মৌনখানি
আনে দ্রের দৈববাণী
মন্থর দিন তারি ডাকে
যায় ভেসে যায় বাঁকে বাঁকে
ভাঁটার প্রোতে উদ্দেশহীন
কর্মহীনতার
তুমি তথন ছুটির কর্ণধার
শিরায় শিরায় বাজিয়ে তোলো
নীরব ঝংকার— ইত্যাদি।

কয়েক মাস পরে তার যে সংস্করণ 'সানাই'-তে প্রকাশ হ'ল তাকে আর চেনবার জো নেই।

—মংপুতে রবীন্রনাথ, পৃ ১৭৭-৭৯

সানাই প্রকাশের পূর্বে ১৩৪৬ অগ্রহায়ণের প্রবাসীতে 'লীলা' নামে উক্ত কবিতাটির আর একটি সম্পূর্ণ স্বতন্ত্র পাঠ মৃত্রিত হইয়াছিল—

नीन

ওগো কর্ণধার স্বষ্টি তোমার ভাসান থেলায় লীলার পারাবার।

১ কবিতাটির এই পাঠের রচনার স্থানকালনির্দেশ মূল পাণ্ডলিপি হইতে উদ্ধৃত হইল।

আলোক-ছারা চমকিছে
কণেক আগে, ক্ষণেক পিছে,
পূর্ণিমারে ফুটিয়ে তোলে
অমার অন্ধকার।
ছুটির খেলা খেলাও কর্ণধার,
ডাইনে বাঁয়ে ছন্দ লাগে
সত্যের মিথ্যার।

লীলার কর্ণধার
জীবন নিয়ে মৃত্যুভাঁটায়
চলেছ কোন্ পার।
নীল আকাশের মৌনথানি
আনে দ্রের দৈববাণী,
গান করে দিন উদ্দেশহীন
অক্ল শৃহ্যতার।
তুমি ওগো লীলার কর্ণধার
রক্তে বান্ধাও রহস্থময়
মল্লের ঝংকার।

অলস ক্ষেতের পোড়ো ভূমে
আগাম ফসল মগন যুমে।
অগোচরে মাটির নীচে
সোনার স্থপন অঙুরিছে,
আলোর পানে কালা ওঠে
থবর না পাই তার।
ভূমি করো লীলার কর্ণধার
ভামল ঢেউয়ের তাল-সাধনা
দিগস্ক-দোলার।

তাকিয়ে থাকে নিমেষহারা দিনশেষের প্রথম তারা। ছারাঘন ক্ঞবনে

মন্দমূত্ গুঞ্জবলে

বাতাসেতে জাল বুনে দেয়

মদির তন্ত্রার।

তৃমি তথন লীলার কর্ণধার

গোধ্লিতে পাল তুলে দাও

ধ্সরচ্ছন্দার।

অন্তর্যবির ছায়ার সাথে
ল্কিয়ে আঁধার আসন পাতে।
ঝিল্লিরবে গগন কাঁপে,
দিগঙ্গনা কী ৰূপ জাপে,
হাওয়ায় লাগে মোহপরশ
রজনীগন্ধার।
তৃমি তথন লীলার কর্ণধার
নীরব স্থরে বেহাগ বান্ধাও

রাতের শঙ্খক্হর ব্যেপে
ওদ্ধাররব ওঠে কেঁপে।
বিশক্ষেগুহা হতে
প্রতিধ্বনি অলথ স্রোতে
শৃন্তে করে নিঃশবদের
তরক্ষ বিস্তার।
তৃমি তথন লীলার কর্ণধার
তারার ফেনা ফেনিয়ে তোলো
আকাশগন্ধার।

মংপু ১৪(১ - ৩৯ হয়। তৎপূর্বে 'উদীচী ২৫।১।৪॰' তারিখের রচনা-অমুযায়ী (পাণ্ড্লিপি) কবিতাটি প্রথম পাঁচ ত্বকে সমাপ্ত চিল।

'আসা-যাওয়া' কবিতার সহিত তুলনীয় সমকালীন একটি রচনা কোতৃহলী পাঠকদের জন্ম পাণ্ড্লিপি হইতে উদ্ধৃত হইল। ইহাকে আলোচ্য কবিতার পূর্বপাঠ বলা সমীচীন না হইলেও ভাবের বিচারে পূর্বাভাস বলা চলে—

নির্জন রাতে নিঃশব্দ চরণপাতে কেন এলে,

ছয়ারে মম স্বপ্লের ধন সম এ যে দেখি

তব কণ্ঠের মালা এ কী গোছ ফেলে,

জাগালে না শিররে দীপ জেলে

এলে ধীরে ধীরে নিস্রার তীরে তীরে

চামেলির ইঙ্গিত আসে

যে বাতাসে লক্ষিত গন্ধ মেলে।

বিদারের যাত্রাকালে পুন্প-ঝরা বকুলের ডালে

দক্ষিণ পবনের প্রাণে
রেখে গেলে বল নি যে কথা কানে কানে,

বিরহ্বারতা

অক্কণ আভার আভাসে রাঙারে গেলে।

উদয়ন চৈত্ৰ ১৩৪৬

> নিম্নোদ্ধত গানটিও ° এই প্রসঙ্গে প্রণিধানযোগ্য— প্রেম এসেছিল নিঃশব্দ চরণে তাই স্বপ্ন মনে হল তারে দিই নি তাহারে আসন। বিদায় নিল যবে শব্দ পেয়ে

১ ইহা দিতীয়সংস্করণ গীতবিতানের প্রথম বা বিতীয় খণ্ডে প্রকাশিত হয় নাই; পরবর্তী এবং প্রচলিত গীতবিতানের তৃতীয় খণ্ডে বা অখণ্ড গীতবিতানে সংকলিত এবং তংপূর্বে সঙ্গীত-বিজ্ঞান-প্রবেশিকার ১৩৫০ কার্তিক-সংখ্যার ১৭২ পৃষ্ঠায় বরনিপিসহ মৃদ্রিত হয়। উক্ত পত্রিকায় গানের পঞ্চয় ছত্রে 'নিল যবে' ছলে 'দিফু ছারে' এবং সপ্তম ছত্রে 'তথন' ছলে 'তথনো' মৃদ্রিত হইয়াছে। সে তথন স্বপ্ন কায়াবিহীন নিশীপতিমিরে বিলীন, দূর পথে দীপশিথা রক্তিম মরীচিকা।

উদয়ন ২৮ চৈত্র ১৩৪৬

'বিপ্লব' কবিতার সংক্ষিপ্ত একটি পূর্বপাঠ পাণ্ড্লিপিতে পাওয়া গিয়াছে। নিম্নে তাহা মূদ্রিত হইল—

निर्मत्र

ডমকতে নটরাজ বাজালেন যে নাচের তাল হে নটিনী সে কি ছিন্ন করে নাই ঐ তব ঝংকুত কিন্ধিণী। তোমার কুম্বলজাল বেণীর বন্ধনমুক্ত উদ্দাম উচ্ছাসে উচ্ছ অল উড়ে নি কি ঝঞ্চার বাতাদে। विद्य - आघार नीर्व इन के उभियायाभिनी তোমার দিগন্তে হে নটিনী। নিষ্ঠুর চরণপাতে মুগ্ধদের গাঁথা ফুলমালা বিশ্রন্ত দলিত দলে বিতীর্ণ করেছ রঞ্গালা। মোহমদিরায় পূর্ণ কানায় কানায় যে পাত্ৰথানায় উচ্ছলি পড়িত রসধারা আব্দ তার পালা হল সারা। বাব্দে ডঙ্কা, শহা লাগে মনে হে নির্দয়া, কী সংকেত স্ফুরে তব কন্ধণে কন্ধণে।

উদীচী। শান্তিনিকেতন

201218-

'মানসী' (পৃ ৮৭) কবিতা রচনার ইতিহাস নবজাতক গ্রন্থের 'সাড়ে নটা' (পৃ ৪১) কবিতার সহিত অবিচ্ছেগ্যভাবে জড়িত। এই প্রসঙ্গে 'মংপুতে রবীন্দ্রনাথ' গ্রন্থের নিম্নোদ্ধত বিবরণ প্রণিধানযোগ্য—

সকাল সাড়ে নটা দশটার সময় খাওয়া হয়ে গেলে বসবার খরে এসে বসতেন একটা চৌকিতে, হাতে পাৰত একটা বই বা কোনো মাসিক পত্ৰ— হেডিওতে বাজত হুগ্ৰাব্য অগ্ৰাব্য মেশানো গ্ৰোগ্ৰাম, কিছু তনতেন, কিছু তনতেন না। "ইয়োরোপের সংগীত তনছিলুম গো আর্থে, কী আশ্চর্য এই বন্ধটা। কোন্ সুদূর খেকে কত রাজ্য পার হলে ভেসে আসছে এই সুরধ্বনি। সে দেশে এখন কন্ত কাওই চলেছে, মারামারি হানাহানি, সব পার হরে আসছে একখানি হর, তার মধ্যে একট্রও ছায়া পড়ে নি নেথানকার জীবনের। যেখানে এই গান গাওয়া হচ্ছে নেথানেও তো নানা রকম ব্যাপার চলেছে, নানারকম ঘটনাপ্রবাহ। কত লোক আসছে ঘাচ্ছে— যে গান গাইছে তারও একটা অন্তিত্ব আছে, কিন্তু সে সমস্তকে বাদ দিয়ে একটি সকল-সম্পর্ক-রহিত নিরাসক্ত হরের ধারা প্রবাহিত হয়ে আসছে। মনে পড়ে বখন বোটে বসে লিখতুম, চারিদিকে জল বয়ে চলেছে মৃত্র কলঞ্চনিতে, দুরে দেখা যায় বালির চর ধূ ধূ করছে, আমি লিখেই চলেছি लिएथरे इत्लिह "मानमी" (मानमञ्ज्लती)। यथन एक करत्रिलाम उथन थी थी करत दामछूत, তার পরে ধীরে ধীরে দ্লান হয়ে এল আলো, আকাশ রঙীন ক'রে অন্ত গোল সূর্য। একটি মাত্র চাকর বোটে থাকত আমার নীরব দঙ্গী, দে কখন নীরবে মিটুমিটে প্রদীপ রেখে চলে গেল। আমি লিখেই চলেছি— মানদী। আজ কোনো কাজ নয়, সব ফেলে দিয়ে ছন্দ-বন্ধ-গ্রন্থ-গীত এসো তুমি প্রিয়ে! কোধায় लाल मारे मिन। मारे भगात हत, बुधु करत मानानी वालि, मारे मिहेमिएहे निशात झान जातना, मव हिल ধুরে মুছে গেছে, শুধু আছে মানসী, তার যে পরিবেশ ছিল সে তো লুপ্ত হয়ে লেল— এমন কি তার থেকে সম্পূর্ণ বাদ পড়ে গেছে তার কবিও। চারিদিকের সমস্ত হত্ত তার ছিন্ন, সে শুধু একথানি হতেছিন্ন বাণী।… তোমার এই রেডিওর গান শুনছি আর এই দব ভাবছি।"

সেই দিন একটা প্রকাণ্ড কবিতা লিখেছিলেন এ বিষয় নিয়ে। তারপার পরিবর্তন করতে করতে একটা কবিতা খেকে ছটো কবিতা হয়। তার একটি 'সাড়ে নটা' নামে নবজাতকে আর একটি 'মানসী' নামে সানাইতে প্রকাশিত হয়েছে।

—মংপুতে রবীক্রনাথ, পৃ ১১-১৩

'সার্থকতা' কবিতাটি রবীন্দ্রনাথকে প্রেরিত শ্রীমতী মৈত্রেয়ীদেবীর একটি কবিতার উত্তরে প্রথম লিখিত হইয়াছিল, 'মংপুতে রবীন্দ্রনাথ' (পৃ ৬৩-৬৫) গ্রন্থে এইরপ লেখা হইয়াছে।

'রূপকথায়' ১৩৪৬ সালে শাস্তিনিকেতনে 'ডাক্ঘর' অভিনয়ের অসমাপ্ত এক আয়োজন উপলক্ষ্যে গান রূপে প্রথম রচিত হয়। নাটকটির তৃতীয় দৃষ্টে "ফকিরবেশী ঠাকুরদা"র ভূমিকায় স্বয়ং রবীজ্ঞনাথের ইহা গাহিবার কথা ছিল। 'বাসাবদল' কবিতার একটি পূর্ববর্তী পাঠে পাণ্ড্লিপিতে স্ফনাংশ নিয়মুদ্রিত আকারে পাওয়া যায়----

এল এবার জিনিদ প্যাকের দিন।
বালিগঞ্জে বাদা ছেড়ে যাব ব্যারাকপুরে।
অবিনাশের আফুকুল্য এই দশাতেই জোটে
চাইতে না চাইতেই,
কাজ পেলে দে ভাগ্য বলেই মানে,
থাটে মুটের মতো।
আর সবারে বোঝা তো নয় সহজ ব্যাপার,
কেবল জানি এই অবিনাশ নিতাস্ত নিশ্চিত
সময় অসময়ে।
বিম্থা বান্ধবা যান্তি
শুনি নাকি ধর্ম কেবল থাকে
আর এই অবিনাশ।
জিনিসপত্র ছড়াছড়ি,
লাগল ক'ষে আন্তিন গুটিয়ে।
ওিভিকলোন মুড়ে নিল পুরোনো এক আনন্দবাজারে

ইত্যাদি।

তৎপূর্বের অন্ত একটি পাণ্ড্লিপিতে 'বাসাবদল' (৯৬) ও 'পরিচর' (পৃ১০৫) এই উভয় কবিতার গভছদেদ-লিখিত একটি অবিচ্ছিন্ন আদিশাঠ পাওয়া গিয়াছে। অপ্রকাশিতপূর্ব এই রচনাটির নাটকীয় স্থসম্পূর্ণতা কবিতা তুইটির রস্গ্রহণে পাঠকদের সবিশেষ সাহায্য করিবে বলিয়া মনে হয়—

নমস্কার কবি। চিনতুম না তোমাকে, চেয়েছিলুম চিনতে, চেনা হয়ে গেছে, আর বেশি সইত না, দাঁড়ি পড়েছে ঠিক জায়গায়।

বাঙালীর মেয়ে, অত্যস্ত করে জানি ঘরের লোকদের। লোভ ছিল অজানা জগতের পরিচয়ে। বয়স ছিল কাঁচা, সম্ম বেরিয়েছি কলেজের মধ্যপথ থেকে। আমার বিশ্বহৃতান্তে সব চেয়ে অজানা রহস্ত কবি।

তথনো চোথে দেখি নি, অনিলবাব্, তোমাকে। পড়েছি তোমার লেখা, ছবি এনেছে মনে, স্বপ্নের ঘোড়ায় চড়ে তুমি খুঁজতে বেরিয়েছ তোমার মানদীকে। রূপক্থার রাজপুত্র ত্মি— জগতে একটিমাত্র আছে রাজক্তা, বিদেশী সম্ত্রের ওপারে, সে আছে তোমারই জন্তে।

তথন আয়নার সামনে দাঁড়িয়ে চুল বাঁধতে বাঁধতে এমন কথা যদি মনে করে থাকি যেন আমিই সেই রাজকন্তা তবে হেলো না। দেখা হবার আগেই ছু ইয়েছিলে রুপোর কাঠি, জাগিয়েছিলে স্থপ্ত প্রাণকে। ঐ বয়সে অনেক মেয়ে মনে করেছিল ঐ একই কথা। তারা চিঠি লিখেছিল, ঠিকানা দেয় নি।

একেই বলে রোম্যান্স্, নবীন বয়সে আপনা-ভোলানোর শিল্পকলা। মনের দেহলিতে এঁকেছি আলপনা, কার পা ফেলবার পথে। আরো কিছুদিন যেত, বয়েস পেরিয়ে যেত বিশের কোঠা, গোটাকতক মডার্ন্ নভেল পড়া হত শেষ, চোথের ঘোর যেত কেটে, হাসতুম নিজের কচিমেয়েপনায়। তার দৃষ্টাস্ত দেখেছি কত।

দতেরো-আঠারো বছরের মেয়ের দল আছে আই. এ. ক্লাদের শেষ সীমানায়, চশমা চোথে পড়ছে কীট্দের কবিতা, না-দেখা নাইটেকেলের না-শোনা হরে ব্যথিয়েছে তাদের ব্কের পাঁজর, হানয়বাতায়নের ঝরোকা খুলে গেছে ফেনায়িত সম্ভের জনশ্ভতায় উজাড় কোন্ পরীস্থানে। অনিলবাব্, তোমার দক্ষে শুভদৃষ্টির লগ্ন ছিল দেই আলো-আধারের ঝিকিমিকিতে। তথন কত দিন ছলেছে কত ঘরের কোণে তোমার কলামূর্তি তরুণীর আর্ডচিত্তের রহস্তদোলায়।

তার পরে দেখি, দেখতে দেখতে সেই মেয়েদের সময় বয়ে যায়। এসে পড়ে যুগাস্তর, ছেঁড়া মোজা সেলাইয়ের, নতুন বাজারে সওদা করতে পাঠাবার ফর্দ লেথার, চায়ের সভার হাটুজল বন্ধুছের।

আমার ভাগ্যে রোমান্দের ঘনসজল আবাঢ়ে দিন তথনো ফুরোয় নি— সেই রসাভিষিক্ত বাদল-বেলায় আলাপ হল তোমার সঙ্গে। আচেনাকে চেনা হল শুরু রোমাঞ্চিত মনে।

চেনার প্রথম অধ্যায়েই ধরা পড়ল তুমি একেবারেই তুর্নভ নও। মায়ার টান তো দেখি আমাদেরই দিকে। লক্ষ্যসন্ধানের আগেই ধরা পড়বার মতো তোমার ভাব। এত সহজ মৃগয়ায় পরীকাই হয় না ব্যাধের গুণপনার।

উলটে গেল পালা। পথ চেয়ে বসেছিলুম ধরা দেব বলে, ধরবার থেলা হল শুরু। ছঃধ এই তুমি ছুর্লভ নও। হায় আমার রাজপুত্র, একটু স্পর্শ লাগতেই তোমার

মুক্ট পড়ল থদে ধুলোয় আমার পায়ের কাছে, সংকোচে চাইলুম পা সরিয়ে নিতে—
তুমি বললে, থাক্ থাক্।

সেদিন আমার ফাঁদ পাতা ছিল বালিগঞ্জের ক্ল্যাটে— কলকণ্ঠের কাকলীতে, মানঅভিমানের ছলনায়, অকারণ হাসির কল্পোলে। রসে রঙে এ ঘরের বেড়াঞ্চাল ছিল
ঠাসবৃত্বনি করা। তৃমি তোমার দিখিজ্বী চালের মন্থর ভলীতে পা ফেললে ঠিক
তার মাঝথানটাতে। বাবে বাবে চেয়ে দেখল্ম কটাক্ষে, মনে মনে হাসল্ম তোমার
ছই চক্ষর বিহরলতায়।

কোন্ ফাঁকে এসে পড়ল আর-এক মায়াবিনী— রণিতা। আমরা এক ব্যবসায়ের ব্যবসায়িনী। দেখলুম তার ফাঁসটাতে অল্প-একটু টান দিতেই বন্দী তথনি এক দিক থেকে আর-এক দিকে পড়ল হেলে। ভোজের বাছল্যে ওর ক্ষ্ধা হয়েছিল অলস, সেই শিথিল অবস্থায় পথ্য ছিল তড়িদ্বেগে এক চুমুকের স্থারস। সেটা বুঝে নিয়েছিল যাদ্বরী।

বোধ হয় জান না মেয়েতে মেয়েতে বাজি রাখা পণ আছে ভিতরে ভিতরে। রিণিতা এল আমার দরজায়। আমার মুখে সে চাইলে, আমি চাইলুম তার মুখে। পাশা ফেলল তার হাতের এক ঘুরুনিতেই, এক দানেই হল জিত। তুমি গেলে চলে, মনেও পড়ল না একটা সামান্ত রকম অছিলা করে যেতে।

হাসতে চেষ্টা করি সন্ধিনীরা যখন শুধায় হল কী। রণিতাকেও একদিন জ্বাব দিতে হবে ঐ প্রশ্নেরই শুকনো হাসি দিয়ে। বেশি দেরি নেই।

পালা ফ্রল, এবার প্যাক করতে হবে। অনাহত সাহায্য করতে এল রমেশ—
ঐটুক্ই তার লাভ। লেগে গেল আন্তিন গুটিয়ে। কাঁচের শিশি মৃড্তে লাগল থবরের
কাগজে, কিছু বা জড়িয়ে দিল ছেঁড়া মোজায়। চামড়ার বাক্সোয় সাবধানে সাজিয়ে
দিলে হাত-আয়না, ফপোর বাঁধানো চিফ্রনি, নথ-কাটা কাঁচি, চুলের তেল, ওটেনের
মলম, পাউডারের কোঁটো, সাবানের বাটি। অবসাদের ভারে অচল ছিল আমার মন,
গা লাগছিল না কিছুতে হাত লাগাতে, কেবল বসে বসে ছিঁড়ছিল্ম কৃটিকৃটি ক'রে
প্রনো চিঠিগুলো। ব্যবহার-করা শাড়িগুলো নানা নিমন্ত্রণদিনের ফিকে গন্ধ মিলিয়ে
দিল ঘরের হাওয়ায়। সেগুলো বিছিয়ে বিছিয়ে তুই হাতে চেপে চেপে পাট করে দিতে
অসম্ভব সময় নিচ্ছিল রমেশ। আমার জরির-কাজ-করা স্লিপারের এক-একটা পাটি
নিয়ে ঘ্রিয়ে ঘ্রিয়ে ম্ছে দিচ্ছিল কোঁচার কাপড়ে, কোনো আবশুক ছিল না।
চৌকির উপর দাঁড়িয়ে দেয়াল থেকে সে থসিয়ে নিল ছবিগুলো। মোটা কার্পেটটা

গুটিয়ে-স্মৃটিয়ে দিলে সরিয়ে ঘরের এক ধারে। মেঝের উপর ছড়িয়ে রইল ছেঁড়া চিঠির টুকরো। এল কুলির দল, আসবাবগুলো তুলে দিল মালগাড়িতে।

শৃষ্ঠ হয়ে গেল ঘর, কোথায় মিলিয়ে গেল তার স্বপ্নরূপ, তার রঙিন মায়া। যে-কেউ কোথাও নেই তার দিকে তাকিয়ে থাকে ফ্যাকালে দেয়াল অবুঝের মতো।

আমাকে ট্যাক্সিতে তুলে দেবার জ্বন্তে শেষ পর্যন্ত রইল রমেশ। বললে, চিঠি লিখো কেমন থাক।

আমার রোম্যান্দটুকু স্বল্প মাপের পেরালায়। এখনো তলায় কিছু রস আছে বাকি, আর কিছু আছে ব্যথা। আর দেরি হলে হাসির লেশও থাকত না, চোথের জলও যেত শুকিয়ে।

ভাবছি মনে এসব কী বকচি। ভারতচক্রে আছে 'সে কহে বিশুর মিছা যে কহে বিশুর'।

এতক্ষণ বিশুর কথা বলা হল, শেষকালে দাঁড়াল সব তার মিছে। কী করে বলনুম, তোমাকে চিনেছি। তোমাকে ভোলাতে বদল্ম, আপনাকে ভোলালুম, এই কি চেনবার রাস্তা। যে বিশ্বয়দৃষ্টি দিয়ে তুমি দেখেছ এই জগৎকে দেই দৃষ্টি দিয়ে যদি আমি চাইতুম তোমার দিকে তা হলেই দেখতুম তোমার সত্যকে। ঢাকা দিলুম তোমাকে মায়া দিয়ে, তোমার বিশ্বনিথিল থেকে সরিয়ে এনে কেটে ছেঁটে ছোটো করে তোমাকে ধরাতে চাইলুম আমার এই আড়াইশো-টাকা-ভাড়া ফ্ল্যাট্টাতে। আজ আমার চেয়ে তোমাকে দেখাছেছ ছোটো, আর বলছি তোমাকে চিনেছি।

- রবীক্সদানস্থ পাঞ্লিপি

উপরের রচনাটির প্রথমার্ধ অনেক সংশোধন ও সম্মার্জন করিয়া রবীন্দ্রনাথ উহা পরে প্রিপ্রতিমা দেবীকে আলমোড়ায় পাঠাইয়াছিলেন। কৌত্তুহলী পাঠক শ্রীপ্রতিমা দেবীর 'চিত্রলেখা' গ্রন্থের ভূমিকা ও 'মন্দিরার উক্তি' লেখাটি এই প্রসঙ্গে দেখিতে পারেন। দেখানে 'অনিলবাব্'কে বদলাইয়া 'নরেশবাব্' করা হইয়াছে।

'নারী' (পৃ ১১০) কবিতার সাময়িক পত্তে প্রকাশিত পাঠে কিছু কিছু পাঠান্তর পাওয়া যায়। প্রথম দিকে 'সেই আদি · · · সংগোপনে' পাঠ সাময়িক পত্তে এইরূপ ছিল—

> তাহারি দংকল্পছবি বিধাতার মনে আছে তাঁর তপস্থার দংগোপনে।

# দেই আদি ধ্যানমূর্তিটিরে সন্ধান করিছে ফিরে ফিরে ক্রপকার।

অন্তান্ত পাঠান্তর— 'রক্তিম হিল্লোল' স্থলে 'মদির হিল্লোল'। 'শান্তবচনের ঘের' স্থলে 'বচনের ঘের'। 'সকলি ফেলিয়া দ্রে' স্থলে 'সকলি করিয়া দ্র'। পরের ছত্তে 'স্থরে' স্থলে 'স্থর'। 'ভ্বনমোহিনী' স্থলে 'ভ্বনমোহন'। 'মর্তের মদিরা-মাঝে' স্থলে 'মর্তের রূপের মাঝে'।

শেষ অংশের ( 'আদিস্বর্গলোক… সহচরী' ) পাঠ এইরূপ ছিল—

যেন সর্ব পুরুষের নির্বাসিত মন
রূপ আর অরপের ঘটায় মিলন।
মনে পড়ে যেন কবে ছিল অন্তলোকে
অপূর্ব আলোকে।
তারি ছবি আনে ধ্যানে ধরি
সেধায় যে ছিল তার চিরসহচরী।

'নামকরণ' (পৃ ১২৭) কবিতার একটি পূর্বতন পাঠ পাঙ্লিপি হইতে নিয়ে মৃদ্রিত হইল—

#### নামকরণ

পাড়ার সবাই তারে ডাকে আদরের নামে স্থনয়নী, বানান বদল ক'রে দিয়ে আমি তারে ডাকি শুনায়নী। বাদল-বেলায় গৃহকোণে রেশমে পশমে জামা বোনে, নীরবে আমার লেখা শোনে তাই সে আমার শোনা-মনি। কাব্য বোঝে কি নাই বোঝে, শোনে, তাই ডাকি শুনায়নী।

প্রচলিত ডাক নয় এ যে मत्रमीत्र मृत्थं ७एंठ द्वरख, পণ্ডিতে দেয় নাই মেজে. অশুদ্ধ ভাষা এর খনি। ভদ্ররীতির অভিধানে মেলে না কোনোই এর মানে, বর্বর ঠেকে তার কানে ভাষায় যে কড়া সনাতনী। নৃতন চোখে যে ওরে দেখি, সাধুভাষা সে দেখাতে ঠেকি আদরের টানে গেছে বেঁকি নিয়েছে নৃতনতরো ধ্বনি। সেও জানে আর জানি আমি এ মোর নেহাত পাগলামি, এ ডাকে চকিত তার দেহে কঃগ উঠে কনকনি। সে হাসে আমিও তাই হাসি, জবাবে ঘটে না কোনো বাধা---ব্যাকরণ-বজিত ব'লে মানে আমাদের কাছে সাদা। কেহ নাহি জানে কোন্ খনে কবিতার ছন্দের সাথে পশমের শিল্প তোমার মিলে যায় স্কুমার হাতে

'বিম্পতা'র ( পৃ ১২৮ ) অন্ত ছুইটি পাঠ পাণ্ডুলিপিতে পাওয়া যায়—

বিম্ধ হঠাৎপ্লাবনী যে মন নদীর প্রায় অভাবিত পথে সহসা বাঁকিয়া যায়।

उनायनी, जरा अनयनी।

দে তার সহজ্ব গতি. এ বিমুখতায় যার হোক যত ক্ষতি। বাঁধা পথে তারে বাঁধিয়া রাখিবে যদি वर्षा नामित्व यत्व, व्यवाधा नही বারে বারে ফিরে ভাঙিয়া ফেলিবে কুল, সে ভাঙন সাথে ভাঙিবে তোমার ভুল। স্বেচ্ছাপ্রবাহবেগে হুদাম তার ফেনিল হাস্থ উচ্ছসি উঠে জেগে। প্রাণের প্রচুর পণ্য আহরি ভাসাইয়া দিলে ভঙ্গুর তরী, উচ্ছাদে তারে পাষাণে আছড়ি করিবে সে পরিহাস, থেলার ছলেতে ঘটাবে সর্বনাশ। এ थिलादा यपि रथना वरन मान, এ হাসিতে যদি হাসিবারে জান. তবেই তোমার ধ্বয়। সহজের শ্রোতে সহজ মনেই ভাসিয়া চলিতে হয়। মূল্য যাহার আছে একটুও সাবধান হয়ে দূরে তারে থুয়ো, এ স্রোতের সাথে বাঁধা পড়িয়ো না পণ্যের ব্যবহারে। ঘাটে ফিরে এসে তবে হাঁফ ছেড়ো শান-বাঁধা তার ধারে।

যদি পার তবে কাটিয়ো সাঁতার, সাধ করিয়ো না তলিয়ে যাবার, নিজেরে ভাসায়ে রাখিতে না জান

বসে থেকো দূর পারে।

#### বিমুখতা

যে মন হঠাৎ-গ্লাবনী নদীর প্রায়

অভাবিত পথে কথন বাঁকিয়া যায়

সে তার সহস্ত গতি,

এ বিম্থতায় হোক-না যতই ক্ষতি।
বাঁধা পথে তারে বাঁধিয়া রাখিবে যদি
বর্ষা নামিলে ধরপ্রবাহিনী নদী

ফিরে ফিরে তার ভাঙিয়া ফেলিবে কুল,
ভাঙিবে তোমার ভূল।
খৈরপ্রবাহবেগে

হুর্বাইবেনে হুর্বাম তার ফেনিল হাস্থ উচ্চুনি উঠে জেগে। প্রাণের প্রচুর পণ্য আহরি ভাসাইয়া দিলে ভঙ্গুর তরী, উচ্চানে তারে পাবাণে আছাড়ি করিবে সে পরিহান। ধেলার ছলেতে ঘটাবে সর্বনাশ।

এ থেলারে যদি থেলা বলি মান, হাসিতে হান্ত মিলাইতে জান, তবেই তোমার জয়। সহজের স্বোতে সহজ মনেই

ভাদিয়া চলিতে হয়।
পেয়েছি বলিয়া যদি জাগে অহমিকা
তা হলে কপালে বিদ্রূপ আছে লিথা।
আলগা লীলায় নেই দেওয়া নেই পাওয়া,
সহাদ নয়নে শুধু দূর থেকে চাওয়া,

মানবমনের রহস্ত কিছু শিথা। মূল্য যাহার আছে কোনো একটুও সাবধান হয়ে তারে দূরে দূরে পুয়ো, গাঁতার কাটিয়ো যদি সেটা জানা থাকে, তলিয়ে যেয়ো না আওড়ের কোনো পাকে, নিজেরে ভাসায়ে রাখিতে না জান

ভরসা ডাঙার পারে,

ঘাটে ফিরে এসে তবে হাঁফ ছেড়ো শান-বাঁধা তার ধারে।

23|8|8.

'সানাই' গ্রন্থের অনেকগুলি ছোটো ছোটো কবিতার স্বতম্ব সংগীতরূপ প্রচলিত আছে। কোথাও বা গান আগে রচিত হইয়াছে, কোথাও বা কবিতা। তুলনামূলক পাঠের উদ্দেশে কবিতাগুলির দ্বিতীয়সংস্করণ-গীতবিতানে-মৃদ্রিত সংগীতরূপ যথাক্রমে নির্দেশ করা হইল—

কবিতা		গীতি-রাপস্থিরের প্রথম ছত্ত্র . রচনাকাল
অনাবৃষ্টি		মম তৃঃথের সাধন যবে করিত্ নিবেদন
নত্ন রঙ		ধ্সর জীবনের গোধ্লিতে ক্লান্ত মলিন যেই স্মৃতি
	এবং	ধৃসর জীবনের গোধ্লিতে ক্লান্ত আলোয় মানস্বতি
গানের থেয়া		আমি যে গান গাই জানি নে সে কার উদ্দেশে
অধরা		অধরা মাধুরী ধরেছি ছন্দোবন্ধনে
ব্যথিতা		ওরে জাগায়ো না, ও যে বিরাম মাগে
বিদায়		বসস্ত সে যায় তো হেদে, যাবার কালে
যাবার আগে		এই উদাসী হাওয়ার পথে পথে
পূৰ্ণা		ওবেগ তুমি পঞ্চদশী
<b>কুপণা</b>		এসেছিম্ব খারে তব প্রাবণরাতে
ছায়াছবি		আমার প্রিয়ার ছায়া ২৫।৮।১৯৩৮
দেওয়া-নেওয়া		বাদলদিনের প্রথম কদমফুল পুনশ্চ। ৩০।৭।১৯৩৯
আহ্বান		এসো গো, জেলে দিয়ে যাও ১৷৮৷১৯৩৯
<b>দ্বিধ</b> া		এসেছিলে তব্ আস নাই জানায়ে গেলে
আধোজাগা		স্বপ্নে আমার মনে হল
উদ্বৃত্ত		यिष हाय, कीवनপ्रण नाहे हल
ভাঙন		তুমি কোন্ ভাঙনের পথে এলে স্থরাতে

গানের জাল দৈবে তুমি কথন নেশায় পেয়ে

মরিয়া আজি মেঘ কেটে গেছে সকালবেলায়

গান যে ছিল আমার স্বপনচারিণী ৮।১২।১৯৩৮

বাণীহার বাণী মোর নাহি

আত্মছলনা দোষী করিব না, করিব না তোমারে

## বাঁশরি

'বাঁশরি' ১৩৪০ সালের অগ্রহায়ণ মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে ১৩৪০ সালে ভারতবর্ব পত্রিকার কাতিক অগ্রহায়ণ ও পৌষ সংখ্যায় উহা ধারাবাহিক ভাবে মুদ্রিত হইয়াছিল।

#### গলগুচ্ছ

বর্তমান থণ্ডে সংকলিত সকল গল্পই সাময়িক পত্তে মৃত্রিত হইয়াছিল। নিম্নে প্রকাশস্চী মৃত্রিত হইল।—

নামপ্ত্র গল্প প্রবাসী অগ্রহায়ণ ১৩৩২ সংস্কার প্রবাসী আষাঢ় ১৩৩৫ বলাই প্রবাসী অগ্রহায়ণ ১৩৩৫ চিত্রকর প্রবাসী কার্তিক ১৩৩৬ চোরাই ধন ছোটগল্প ১১ কার্তিক ১৩৪৩

বিশ্বভারতী-কর্তৃক প্রকাশিত গল্পগুচ্ছ তৃতীয় থণ্ডের বিভিন্ন মুদ্রণে এই গল্পগুলি সংকলন করা হইয়াছে; বর্তমানে দব গল্পই তৃতীয়থণ্ড গল্পগুচ্ছের অন্তর্গত।

'বলাই' ও 'চিত্রকর' গল্প ছাইটি "শান্তিনিকেতনে বর্ষা-উৎসব উপলক্ষ্যে রচিত" ও রবীন্দ্রনাথ কর্তৃক পঠিত হয়।

#### কালান্তর

'কালান্তর' ১৩৪৪ সালের বৈশাথ মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

'কর্তার ইচ্ছায় কর্ম' প্রবন্ধটি রবীদ্র-রচনাবলীর অটাদশ থণ্ডে ইতিপূর্বে মৃদ্রিত হুইয়াছে বলিয়া কালান্তরের বর্তমান সংশ্বরণে পুনর্মৃদ্রিত হুইল না।

এই গ্রন্থে মৃদ্রিত প্রবন্ধাবলীর সাময়িক পত্তে প্রথম প্রকাশের স্ফটী পরপৃষ্ঠায় প্রদত্ত হইল—

	A benefit
পরিচয়	১৩৪ - শ্রাবণ
সৰ্জপত্ৰ	১৩২১ বৈশাখ
সবু <b>জপ</b> ত্র •	১৩২১ ভার
<b>নবুজপত্র</b>	১৩২১ পৌষ
প্রবাসী	১৩২৪ অগ্ৰহায়ণ
প্রবাসী	১৩২৬ আষাঢ়
প্রবাসী	১৩২৬ কার্তিক
প্রবাসী	১৩২৮ কার্তিক
প্রবাসী	১৩৩ - অগ্ৰহায়ণ
প্রবাসী	১৩৩০ অগ্রহায়ণ
প্রবাসী	১৩৩২ অগ্রহায়ণ
প্রবাদী	১০৩৪ শ্রাবণ
শাস্তিনিকেতন	১৩২৯ শ্রাবণ
প্রবাসী	১৩৪৩ অগ্ৰহায়ণ
	সর্জপত্র সর্জপত্র প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী প্রবাসী

'ছোটো ও বড়ো' প্রবন্ধে, বর্তমান খণ্ডের ২৮৩ পৃ ১০ ছত্রে 'ছোটো ইংরেজের জ্বোর কত' ইত্যাদি বাক্যের পূর্বে, এই অতিরিক্ত রচনাংশ প্রবাসীতে ছিল—

দৃষ্টাস্কগুলো একবার আবৃত্তি করিয়া দেখা যাক। ধরিয়া লও আনি বেসান্ট অপরাধী।
কিন্তু আনি বেসান্টকে বড়ো ইংরেজ ক্ষমা করিয়াছেন। ছোটো ইংরেজ তাই
লইয়া আজও গর্জাইতেছে। অপ্রির হইলেও accomplished factকে শেলের মতো
বৃকে বিঁধাইয়া গোপালের মতো চূপ করিয়া থাকিতে মর্লি আমাদিগকে পার্টিশেনের
সময় উপদেশ দিয়াছিলেন। ছোটো ইংরেজকে ইন্থুলমাস্টারের গন্ধীর গলায়
সে উপদেশ দিতে কেহ সাহসই করে না। তাই তাঁরা এই ক্ষমার কথা লইয়া পার্লামেন্টে
পর্যন্ত ক্ষমের কথা লইয়া পার্লামেন্টে
প্রত্ত ক্ষেণে ক্ষণে ভূমিকম্প বাধাইতেছেন। ইহারা ক্ষমা করার অপরাধ কোনোমতেই
ভূলিতে পারেন না, কিন্তু নির্বিচারে শান্তি দিবার জন্ম ইহারা কারো কৈফিয়ত তলব
করেন না। তাঁরা বলেন শান্তি যখন দেওয়া হইয়াছে তখন ধরিয়া লইতে হইবে
অপরাধ আছেই। যে তাহাতে আপত্তি করে সে extremist। আবার দেখো,
পাঞ্জাবের ছোটোলাট বড়োলাট-সভার রাজতক্তের পাশে দাঁড়াইয়া ভারতের প্রজাদের
সম্বন্ধে মৃধ সামলাইয়া কথা কহেন নাই, সেজন্ম কর্তৃপক্ষ খুব মৃত্ত্বরে তাঁহাকে উপদেশ
দিয়াছিলেন। ইহারই থেদ ছোটো-ইংরেজ কিছুতেই ভূলিতে পারেন না। অথচ

মণ্টেগু সাহেব তাঁর বর্তমান পদপ্রাপ্তির পূর্বে ভারত-আমলাতন্ত্র সম্বন্ধে তৃই-চারটে স্পষ্ট কথা বলিয়াছিলেন, তাই লইয়া কেবল যে গালিগালাজের সাইক্লোন বহিতেছে তা নয়, মণ্টেগু সাহেবের শক্তি ও স্বাধীনতার চূড়া ভাঙিয়া গিয়াছে।

-প্রবাসী, ১৩২৪ অগ্রহায়ণ, পৃ ১২৭-২৮

উক্ত প্রবন্ধে, বর্তমান খণ্ডের ২৯৩ পৃ ৮ ছত্ত্রে 'আমাদিগকে নিঞ্চের শক্তিতেই' ইত্যাদি বাক্যের পূর্বে, প্রবাসীতে পাওয়া যায়—

তাহাই দকলের চেয়ে কঠোর বিচ্ছেদ। যে সাম্রাজ্যগঠনে আমরা ইটকাঠের মতো কেবল উপকরণ মাত্র সে সাম্রাজ্য আমাদের নহে। যে সাম্রাজ্যগঠনে আমাদিগকেও কারিগর নিযুক্ত করা হইবে তাহাই আমাদের। সেই সাম্রাজ্যে আমরা প্রাণ পাইব এবং সেই সাম্রাজ্যের জন্ম আমরা প্রাণ দিব।

—প্রবাসী, ১৩২৪ অগ্রহায়ণ, পৃ ১৩৪

'সত্যের আহ্বান' (ও 'শিক্ষার মিলন') প্রবন্ধ তুইটি কলিকাতার জনসভায় পাঠ করিয়া রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধীর নেতৃত্বে যে অসহযোগ আন্দোলন চলিতেছিল সে-সম্বন্ধে স্বীয় অভিমত দেশবাসীকে জ্ঞাপন করেন। 'সমস্তা' প্রবন্ধ সম্বন্ধে রবীন্দ্রনাথ শ্রীঅমিয় চক্রবর্তীকে লিথিয়াছেন—

'সমস্থা' বক্তভাটাকে বহুল পরিমাণে মেজে ঘবে জনসভায় একদিন পড়েছিলুম। অধিকাংশ লোক বলছে কিছু বোঝা গেল না— সেটা একেবারে বাজে কথা— আসলে, ওদের ব্রুতে ভালো লাগছে না। কেউ কেউ বলে আমার কথাগুলো কবির মতো, ভনতে ভালো, কাজে ভালো নয়। আর কিছুদিন পরে এই কথাগুলো তারা আওড়াবে— অমানবদনে বলবে ওগুলো তাদেরই চিরদিনের নিজের ভাবা কথা।

২৪ আখিন, ১৩৩০ —শারদীয়া সংখ্যা, দৈনিক বস্থমতী ১৩৫৪

'সমাধান' প্রবন্ধটির উপসংহার প্রবাসীতে অন্তরূপ ছিল। বর্তমান খণ্ডে ৬৬২ পৃ ১১ ছত্তের অহুক্রমে ছিল—

এইথানে গীতার উপদেশ আমাদের মনে করিয়ে দিতে হয় যে, কাজেরই অধিকার আমাদের, ফলের অধিকার নয়। আশুফলের প্রতি অতিশয় লোভ করেই আমরা জাতৃ-করের শরণাপন্ন হই; ফলের বদলে ফলের মরীচিকা দেখে নৃত্য করতে থাকি। তাতে সময়ও নই হয়, বৃদ্ধিও নই হয়, ফলও নই হয়। তাতে বর্তমানকে ভোলাতে গিয়ে ভবিশ্বৎকে মাটি করি।

—প্রবাসী, ১৩৩০ অগ্রহায়ণ, পৃ ১৬০

গ্রন্থে-মুদ্রিত 'সমাধান' প্রবন্ধের শেষ অন্তচ্চেদের পরে ( ৩৬২ পু দ্রন্থব্য ) প্রবাসীতে ছিল—

সৌভাগ্যক্রমে অনেক কাল পরে একটা সল্টান্ত আমাদের হাতের কাছে এসেছে।
সেটা সন্ধান্ধ আলোচনা করলে আমার কথাটা পরিষ্কার হবে।— বাংলা দেশ
ম্যালেরিয়ায় মরছে। সে মার কেবল দেহের মার নয়, এই রোগে সমন্ত দেশটাকে
মন-মরা করে দিয়েছে। আমাদের মানসিক অবসাদ, চারিত্রিক দৈন্ত, অধ্যবসায়ের
অভাব এই রোগজীর্ণতার ফল। ম্যালেরিয়া থেকে যদি আমরা উদ্ধার পাই তা হলে
কেবল-যে আমরা সংখ্যা হিসাবে বাড়ব তা নয়, শক্তি হিসাবে বেড়ে উঠব। তখন
কেবল-যে ত্রিজনের কাজ একজনে করতে পারব তাও নয়, এমন প্রকৃতির কাজ এমন
ধরণে করতে পারব য়া এখন পারি নে। অর্থাৎ, কেবল যে কাজের পরিমাণ বাড়বে
তা নয়, কাজের উৎকর্ষ বাড়বে। তাতে সমন্ত দেশ উচ্জল হয়ে উঠবে। এ কথা
সকলেই জানি, সকলেই মানি— কিন্ত সেই সঙ্গে এতকাল এই কথাই মনে লেগে
রয়েছে যে, বাংলা দেশ থেকে ম্যালেরিয়া দ্র করে দেওয়া বা এই রোগের হ্রাস করা
অসন্তব। বাংলা দেশ ক্রমে ক্রমে নির্মান্ত্র হতে পারে, কিন্তু নির্মশক হবে কী করে।
অতএব অদুট্র য়া আছে তাই হবে।

এমন সময়ে একজন সাহসিক বলে উঠলেন, দেশ থেকে মশা তাড়াবার ভার আমি
নিলুম। এত বড়ো কথা বলবার ভরসাকেই তো আমি যথেষ্ট মনে করি। এই গুরু-মানা
অবতার-মানা দেশে এত বড়ো বৃকের পাটা তো দেখতে পাওয়া যায় না। এক-একটি
গ্রাম নিয়ে তিনি কাজ আরম্ভ করেছেন। একটি গ্রামেও যদি তিনি ফল পান তা হলে
সমস্ত দেশব্যাপী ব্যাধির মূলে কুঠারাঘাত করা হবে।

এইটুকুমাত্র কাজই তাঁর ষথার্থ কাজ, মহৎ কাজ। কোনো একটিমাত্র জারগায় যদি তিনি দেখিয়ে দিতে পারেন যে বিশেষ উপায়ে রোগের বাহনকে দ্র করে দেওয়া যেতে পারে তা হলেই হল।

স্বহন্তে তিনি নিজের চেষ্টায় সমস্ত অলস দেশকে নীরোগ করে দেবেন এটা কল্যাণ-কর নয়। দৃষ্টাস্তবারা তিনি যেটা প্রমাণ করবেন সেইটেকে দেশ স্বয়ং গ্রহণ করলে তবেই সে উপস্থিত বিপদ থেকে রক্ষা পাবে এবং ভাবী বিপদের বিরুদ্ধে চিরকালের মতো প্রস্তুত হবে। নইলে বারে বারে নৃতন নৃতন 'ভাক্তার গোপাল চাটুজ্জে'র জ্বন্থে তাকে আকাশের দিকে তাকিয়ে বলে থাকতে হবে, আর ইতিমধ্যে তার পিলে-স্কৃত্তর সাংঘাতিক উন্নতিসাধনে সে পৃথিবীর সকল দেশকে ছাড়িয়ে যাবে।

म्पालितिया रामन भत्रीरतत, अवृद्धि एकमनि मरनत धक्को विषम वाधि। এए

মাহবের মৃল্য কমিয়ে দেয়। অর্থাৎ গুন্তি হিসাবে তার পরিমাণ বাড়লেও গুণের হিসাবে অত্যন্ত কমে যায়। বরাজ বল, সভ্যতা বল, মাহ্যবের যা-কিছু মৃল্যবান ঐশর্ষ সমস্তই এই গুণের হিসেবের উপরেই নির্ভর করে। বাল্র পরিমাণ যতই বেশি হোক-নাকেন, তাতে মাটির গুণ নেই বলেই ফসল ফলাতে পারে না। ভারতবর্ষের ত্রিশকোটি মাহ্যবের মন পরিমাণ হিসাবে প্রভৃত, কিছু যোগ্যতা হিসাবে কতই স্বল্প। এই অযোগ্যতার এই অবৃদ্ধির জ্ঞগদ্দল পাধরটাকে ভারতবর্ষের মনের উপর থেকে ঠেলে না ফেললে বিধাতা আমাদের কোনো বর দিলেও তা সফল হবে না এ যদি সত্য হয় তবে আমাদের কোমর বেঁধে বলতেই হবে, এই আমাদের কাজ। এ কাজ প্রত্যেক কর্মীকে তাঁর হাতের কাছ থেকেই গুরু করতে হবে। যেথানেই যতচুক্ই সফলতা লাভ করবেন সেই সফলতা সমস্ত দেশের। আয়তন থেকে যাঁরা সফলতার বিচার করেন তাঁরা ক্র্ম হবেন, সত্যতা থেকে যাঁরা বিচার করেন তাঁরা জানেন যে, সত্য বামনরূপে এসে বলির কাছ থেকে ত্রিভূবন অধিকার করে নিতে পারেন।

আঞ্চলের দিনে জার্মানির কতথানি হুর্গতি হয়েছে, সকল দিক থেকে সে কত হুর্বল হয়ে পড়েছে, তা সকলেরই জানা আছে। এই জার্মানিতে এই হুঃথের দিনে, যথন তার সত্যই ঘরে আগুন লেগেছে, তথন জার্মানি আগুন নেবাবার নানা উপায়ের মধ্যে কোন্-একটা বিশেষ উপায়কে প্রাধান্ত দিয়েছে সে কথা আমাদেরও আলোচনার যোগ্য। বয়ঃপ্রাপ্ত ব্যক্তিদের শিক্ষাদানের ব্যবস্থা করবার জল্ঞে যে প্রচেষ্টা আজ সেথানে প্রবর্তিত হয়েছে সে সম্বন্ধে একটি চটি বই বেরিয়েছে। তার নাম Newer Adult Education in Germany। তার থেকে কয়েকটি লাইন এখানে তুলে দিই—

There are two forms of ruin— the sudden calamity of an earthquake and the slow, certain, steady advance of general decay that nothing seems able to impede. This latter is now the fate of Germany. A small percentage of the population may still make a display of wealth; but the structure of the country, its general welfare, its healthiness and growth are irretrievably stunted. The people face this. They know that for them there is no hope left, unless they have sufficient courage and vitality to build up with their own hands. The youth of Germany knows that it has no future unless it can build up one, and it is certain that this building will be of far-reaching influence in the entire structure of European civilization. Adult education is going to be one of the pillars of this structure.

এই প্যারাপ্রাফের মধ্যে করেকটি ভাববার কথা আছে। প্রথম হচ্ছে, জার্মানির অবস্থা নিতান্তই নৈরাশ্রজনক, কিন্তু তবুও সেথানকার লোকে সেটাকে চরম বলে মেনে নিয়ে ভাগ্যের নিলা করছে না; তার কারণ, তারা সত্যের বর পাবার জপ্রে বরাবর বান্তব পথ অবলম্বন করতে অভ্যন্ত। তারা বৃদ্ধিকে মানে বলেই নিজেকে মানে। বিতীয় কথা হচ্ছে, এরা এ কথা নিঃসন্দেহ জানে যে ভাবী কালের জপ্রে যথন উন্নতির নৃতন ভিত বসাতে হবে তখন সেটা একমাত্র শিক্ষার ঘারাই সম্ভবপর। এই উন্নতির ঘারা তারা যে নিজের ভৌগোলিক সীমার মধ্যে বড়ো হবে তা নয়, সমগ্র মুরোপের সভ্যতার সলে আপন প্রভাবের ঘারা সম্মিলিত হবে। তৃতীয় কথা হচ্ছে এই, অবস্থা যতই শোচনীয় হোক, ব্যাপারটা যতই হৃঃসাধ্য হোক, তবু এটা করাই চাই।

এ কথা বলা বাছল্য, প্রধানতঃ মাহ্য শিক্ষার ছারাই তৈরি হয়— 'মাহ্য করে তোলা' কথাটার মধ্যে এই অর্থ আছে। প্রকৃতির ক্রিয়া জন্তকে জন্ত করে, মাহ্যরের শিক্ষা মাহ্যকে মাহ্য করে তোলে। আজকের দিনে যে মানদিক অবস্থায় আমরা এনে পোঁচেছি— দেটা ভালোই হোক আর মন্দই হোক, দে অবস্থা আমাদের পূর্বকালীন শিক্ষার ছারাই ঘটেছে। এই অবস্থা পাকা করবার জন্তে কত শাস্ত্র কত উপদেশ কত ব্যবস্থা আছে তার সীমা নেই। যে বর্তমান অবস্থা এই শিক্ষার ফল, সেটা হচ্ছে ভিতর দিক থেকে মনের স্বাতস্ত্রাহীনতার অবস্থা। এই অবস্থা কোনোমতেই বাইরের দিকে স্বরাজপ্রতিষ্ঠার অম্বন্ধুল হতেই পারে না। অতএব যদি স্বরাজকে প্রার্থনীয় বলেই মনে করি তা হলে আগেকার শিক্ষাকে অতিক্রম করে এমন কোনোরকম শিক্ষা দেশে চালাতে হবে যাতে দেশের লোকের মন বৃদ্ধির্ত্তির স্বরাজ্বে প্রতি আস্থাবান হতে পারে। যে শিক্ষায় আমাদের বর্তমানটা গড়ে উঠেছে সেই শিক্ষাতেই যদি আমাদের ভবিশ্বৎ গড়ে ওঠে, তা হলে সে আমাদের এই বর্তমানেরই পূন্রার্ত্তি হবে।

আব্দ জার্মানি এ কথা চিস্তা করতে প্রবৃত্ত হয়েছে যে, তার পূর্বতন শিক্ষাবিধির মধ্যে একটা লোষ ছিল।—

Germans feel that the well-oiled and smoothly running machinelike system of pre-war days was a system that was losing its substance, producing a mechanical form of culture— a culture that was lacking in essentials, a culture that seemed to turn cut human beings with most extraordinarily cultivated brains but somehow out of touch with the human heart— science as apart from life, art, craft, learning, recreation, all in separate compartments, and disharmony as a summary of all.

সার্বভৌম শিক্ষার সমগ্রতার ধারাই জার্মানির অধিবাসী মহয়ত্বের সম্পূর্ণতা লাভ করবে, এই চিস্তা সে দেশে আগুন লাগার রপকের জোরে উপেক্ষিত হয় নি। অধচ দেখানে অন্নাভাব বন্ধাভাব আমাদের দেশের চেয়েও প্রবশতর। আগে স্থতো কাটব, কাপড় বুনব, খাব এবং তন্ধারায় স্বরাজ পাব, তার পরে উপযুক্ত অবকাশ नित्र मत्नत्र पिक थएक माध्य इद, এ कथा माध्यस्त्र कथा है नत्र। প্রাণের যেমন একটা সমগ্রতা আছে, তা ইট সাম্বিয়ে ক্রমে ক্রমে টুকরো টুকরো ক'রে গড়া নয়, মহস্তত্বেরও তেমনি সমগ্রতা আছে। তার দেহ পরবে বস্ত্র, আর তার মন থাকবে উলন্ধ, এ সয় না-কোনো প্রয়োজনের দোহাই দিয়ে তার পূর্ণতাকে কিছুকাল ধরেও খণ্ডিত করলে দে ক্ষতি হয়তো কোনোকালে আর পুরণ হবে না। যদি বলি যতদিন স্বরাজ্ব না পাব ততদিন দেশে শিল্পকার্যকে প্রশ্রয় দেব না, কেননা শিল্পকার্য অবশুপ্রয়োজনীয় নয়, তা শৌথিন, তা হলে স্বরাম্ব কবে পাব জানি নে, কিন্তু যে শিল্প শত শত বৎসরের সাধনায় প্রাণলাভ করেছে শ্বরকালের অনাদরে চিরদিনের জত্তে তা লুগু হতে পারে। দেশে এমন লোকের অভাব নেই যারা বলবেন, নাহয় তাই হল। আমি এই বলি, মামুষকে এক দিকে অসম্পূর্ণ করে আর-এক দিকে তাকে স্বাধীনতা দেওয়ার অর্থ হচ্ছে কলসীর এক দিক থেকে ছিত্র করে আর-এক দিক থেকে তাতে জ্বল ঢালা। মাত্রয আপন সম্পূর্ণতা প্রকাশ করবার অবসর পাবে এইজন্মই মাহুষের স্বাধীনতা। ম্পার্টা আপন পূর্ণ মহয়ত্বকে পঙ্কু করে বাহুবলের সাধনা করেছিল, তাতে কোনো ফল পায় নি; এথেন্স তার কোনো একটা বিশেষ শক্তিকে সংকীর্ণ করতে চায় নি. মহুদ্যাত্ত্বের मर्वाकीपठारक क्रायहिन, এই करन मरिन मरिन मरिन राम रामि देन वाह्यन एक रामिन । এর কারণ হচ্ছে, মুমুম্বাত্বের প্রাণময় অথগুতাই মামুবের পরম সত্য, কোনো আন্ত প্রয়োজনের লোভে তাকে খণ্ডিত করলে সমস্কটাকেই ক্লিষ্ট করা হয়।

সেই চটি বই থেকে আর-একটি অংশ উদ্ধৃত করে আমার এই লেখা শেষ করি।---

Everywhere, certainly, there is good will and courage in the face of insuperable difficulty. Those who have not experienced it, cannot realise what it means to be under-fed, under-paid, over-worked, and yet to go on unswervingly with the work of the education of the people. Through the straining of every nerve many thousand marks may be collected for this purpose, while the sum dwindles as it is held in the hand to mere nothingness through the uncontrollable depreciation of the currency.

This material side of the question cannot be overlooked, as the instability of conditions ruins all effort. A thousand marks to-day are a hundred in a couple of days' time and the educator of the people of one week may be working in a factory the next in order to provide for his wife and his child as well as for his own livelihood. If the State were to appoint adult teachers as it does school teachers, salaries would rise to meet the depreciation, but the State stringently refuses to swell the budget by financing any new educational enterprise, and leaves the adult educational movement to struggle on almost unaided. It is extraordinary enough that ways and means can be found to continue at all, and this obviously is due solely to the keenness and self-sacrificing devotion of those working in the cause of bringing education within reach of the people. It will take many years before Germany sees clearly where the moulding of her efforts in adult education has led to, but what can be more absorbing and instructive than to study its growth?

এই ছটি প্যারাগ্রাফ থেকে আমাদের শিক্ষার ও চিস্তার বিষয় যেটুক্ আছে সে হচ্ছে এই যে, কাজের বাধা অতি কঠিন, কাজের ফল অতি নিকট নয়, অথচ কাজের অধ্যবদায় হর্দমনীয়।

— প্রবাসী, ১৩৩০ অগ্রহায়ণ, পু ১৬০-১৬৩

'শূদ্রধর্ম' প্রবন্ধ বর্তমান সংস্করণে যেথানে শেষ হইয়াছে (পৃ ৩৬৭) প্রবাসীতে তাহার অমুবৃত্তিম্বরূপ নীচের অংশটুকু পাওয়া যায়—

সাংঘাই শহরে চীনীয়দের যে ধর্মঘট চলছে তার সম্বন্ধে একজন আমেরিকান লেখক আমেরিকার The Nation পত্রে একটি প্রতিবেদন পাঠিয়েছেন। তাতে একজন চীন ভদ্রলোকের যে সাক্ষ্য প্রকাশিত হয়েছে তা নিম্নে উদ্ধৃত করি:

8 A Chinese Graduate of Glasgow. His English is faultless. His labor library is the best I have seen in the East. His pictures are hung in international exhibitions.

I am a pacifist. But I shall tell you a story that will show you how I feel about this strike. It will show you how hard it is to be a pacifist in China to-day.

There is a park here in Shanghai which is paid for chiefly by Chinese taxpayers, but no Chinese person is allowed to enter it. One day I was walking by this park when I saw a Sikh policeman chase away a group of ricksha men from the gate, curse them and deliberately

tip over one of the rickshas. He had lost his temper because one of the men had come too close to the forbidden territory. He took the license of one of the ricksha men away from him while the poor fellow stood here in the road with the tears streaming down his face. I walked over to the Sikh policeman and said:

"If I were hired by the British to police India for them, I would never treat your countrymen as you are treating these ricksha men."

He cooled down very quickly and was about to give the license back to the ricksha man when two Englishmen came up. They said to me:

"What are you doing here interfering with this policeman? Don't argue with us. You have no business here. You're nothing but a damned Ohinaman. Get out of here."

They said that to me in China.

—প্রবাদী, ১৩৩২ অগ্রহায়ণ, পৃ ২১৫

১৯২৭ সালের জুলাই মানে রবীন্দ্রনাথ পূর্বদ্বীপপুঞ্জ-অভিমূথে যাত্রা করিবার প্রাক্-কালে 'রহত্তরভারতপরিষদ'-কর্তৃক তাঁহার বিদায়সম্বর্ধনা অন্ত্রষ্ঠিত হয়। 'রহত্তর ভারত' অভিভাষণটির উহাই উপলক্ষ্য।

'নারী' নিখিলবন্ধ-মহিলা-কর্মীসন্মিলন উপলক্ষে লিখিত ও পঠিত হইয়াছিল।

#### সংযোজন

কালান্তরের প্রবন্ধগুলির সমসাময়িক, রবীন্দ্রনাথের অক্তান্ত অধিকাংশ সমাব্দ ও রাজনীতি -বিষয়ক রচনা বর্তমান থণ্ডের সংযোজনাংশে মৃদ্রিত হইয়াছে। বিভিন্ন সাময়িক পত্র হইতে সংকলিত এই রচনাগুলির প্রথম প্রকাশের আমূপ্র্বিক স্ফী নিম্নে দেওয়া হইল—

কৰ্মযুক্ত	সবৃ <b>জপত্ৰ</b>	১৩২১ ফাব্ধন
স্বাধিকারপ্রমন্তঃ	প্রবাসী	১৩২৪ মাঘ
চরকা	সবু <b>জ</b> পত্ৰ	১৩৩২ ভাত্ৰ
স্বরাজসাধন	সবুব্দপত্ৰ	১৩৩২ আখিন
রায়তের কথা	সব্ <b>জপত্ৰ</b>	১৩৩৩ আবাঢ়
वामी अवानम	প্রবাসী	১৩৩৩ মাঘ
'রবীজ্রনাথের রাষ্ট্রনৈতিক মত'	প্রবাসী	১৩৩৬ অগ্ৰহায়ণ
হিন্ <u>দ্</u> সলমান	প্রবাসী	১৩৩৮ শ্রাবণ

हिवनि ७ हर्रेग्राम ১	প্রবাসী	১৩৩৮ কার্তিক ১
হিজ্ঞান ২	প্রবাসী	১৩৩৮ অগ্রহায়ণ
নবষ্গ	প্রবাসী	১৩৩১ মাঘ
প্রচলিত দগুনীতি	প্রবাসী	১৩৪৪ আখিন

'কর্মযজ্ঞ' ১৩২১ সালের ১ ফান্ধন তারিখে কলিকাতায় সাধারণ-ব্রাহ্মসমাজ-মন্দিরে অম্লটিত 'বন্দীয় হিতসাধনমগুলী'র প্রারম্ভিক "সভাধিবেশনে কথিত বক্তৃতার সারমর্ম"।

'রায়তের কথা' প্রমথ চৌধুরী মহাশরের 'রায়তের কথা' গ্রন্থের [ অগস্ট ১৯২৬] 'ভূমিকা' রূপে মুক্তিত হইয়াছিল—

আমার লেখা 'রারতের কথা' যথন সবুজ্বপত্রে প্রকাশিত হয় (১৩২৬ ফাস্কুন), তথন রবীজ্রনাথ ছিলেন বিলেতে। এই কারণে সে প্রবন্ধটি সেকালে তাঁর চোথে পড়ে নি। সম্প্রতি তিনি আমার অমুরোধে সেটি প'ড়ে, এ বিষয়ে তাঁর মতামত সম্বলিত একথানি পত্র আমাকে লেখেন। এ পত্র অবশ্য লেখা হয়েছে ছাপ্যার জন্ম।

এ লেখা টীকা-সমেত 'রায়তের কথা'র ভূমিকাস্বরূপ প্রকাশ করবার অমুমতি রবীন্দ্রনাথ আমাকে দিয়েছেন।

--বিজ্ঞপ্তি, রায়তের কথা

রবীশ্রসদনে-সংরক্ষিত পাণ্ডলিপির সহিত মিলাইয়া বর্তমান গ্রন্থের পাঠ নির্ধারণ করা হইয়াছে।

'রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত' -শীর্ষক প্রবন্ধটি শ্রীশচীন সেন -কর্তৃক লিথিত Political Philosophy of Rabindranath প্রসঙ্গে রবীন্দ্রনাথের মস্তব্য।

হিন্দলি ও চট্টগ্রামের নৃশংস ঘটনাবলীর প্রতিবাদে ১৯৩১ সালের ২৬ সেপ্টেম্বর তারিথে কলিকাতার গড়ের মাঠে অক্টার্লোনি মহমেণ্টের পাদদেশে যে বিরাট সভা হয় "তাহাতে আহমানিক এক লক্ষ লোক উপস্থিত হইয়াছিলেন"। ঐ সভায় সভাপতি রবীন্দ্রনাথ যে অভিভাষণ পাঠ করেন বর্তমান থণ্ডের 'হিন্দলি ও চট্টগ্রাম' প্রবন্ধের তাহাই প্রথমার্থ। উহা ঐদিনই সায়ংকালে এবং পরদিনও বিভিন্ন দৈনিক পত্রে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ-ক্বত উহার ইংরেন্দি রূপও ঐ ভাবে প্রকাশিত হইয়াছিল।

- > বিবিধ প্রসঙ্গ: 'চট্টগ্রাম ও হিজলীর ব্যাপার সম্বন্ধে রবীক্ষনাথ', পু ১৪৩-৪৪
- ২ বিবিধ প্রসঙ্গ : 'হিজলীর হত্যাকাণ্ড সম্বন্ধে রবীন্দ্রনাথ', পৃ ৩০৪-০৫
- ত বৰা, Call of the Victims : Amritabazar Patrika, 28 September 1981

### রবীন্দ্র-রচনাবলী

উক্ত নির্মম ঘটনা প্রসঙ্গে কলিকাতার অ্যাংলো-ইণ্ডিয়ান পত্রিকা 'স্টেট্স্ম্যান' বন্দীনিবাদের খুনী ওয়ার্ডার বা রন্দীদের প্রতি সহাস্থভৃতি-পূর্ণ যে মতামত প্রকাশ করেন তাহার জবাবে রবীন্দ্রনাথ স্টেট্স্ম্যান-সম্পাদককে ইংরেজিতে এক পত্র লেখেন। সম্পাদক অ্যাল্ফ্রেড এইচ ওয়াট্সন শ্রীত্রমল হোমকে পত্রখানি ক্বেত পাঠাইয়া (৩ নভেম্বর ১৯৩১) মস্তব্য করেন—

I must definitely refuse to publish from Dr. Rabindranath Tagore or any body else a letter which accuses men of murder who have never been tried on that count. I return the letter to you,

-The Calcutta Municipal Gazette (Tagore Memorial Special Supplement ) 13 September 1941, pp. xl-xli

হিন্দলির ব্যাপারে রবীন্দ্রনাথের সেই পুনশ্চ বক্তব্য পরে অন্তান্ত বছ ইংরেজি দৈনিকে প্রকাশিত হইয়াছিল। প্রবাসীর জন্ত তাঁহার সেই বক্তব্য রবীন্দ্রনাথ বাংলায় লিথিয়া দিয়াছিলেন। 'হিন্দলি ও চট্টগ্রাম' প্রবন্ধের শেষার্ধরূপে তাহা মুদ্রিত হইল।

'নবযুগ', ১৩৩৯ সালের পৌষ মাসে শাস্তিনিকেতনের বার্ষিক উৎসবে কথিত ভাষণের রবীন্দ্রনাথ-কর্তৃক অম্পুমোদিত অন্পুলেখন।

'প্রচলিত দণ্ডনীতি', শান্তিনিকেতনে আন্দামানস্থ রাঞ্চনৈতিক বন্দীদের প্রয়োপবেশন উপলক্ষ্যে আহত সভায় কবিত— "গত ২৯শে শ্রাবণ [১৩৪৪] শ্রীযুক্ত রবীশ্রনাথ ঠাকুর বিশ্বভারতীর অধ্যাপক এবং ছাত্রী ও ছাত্রদিগকে যাহা বলিয়াছিলেন, তাহা তিনি এই প্রবন্ধের আকারে লিখিয়া দিয়াছেন।" (প্রবাসী ১৩৪৪ আখিন, পৃ ৭৬৬)

# বর্ণানুক্রমিক স্চী

অত্যুক্তি	•••	>>%
<b>ष्ट</b> एवं	•••	८६
অধ্বা	•••	96
অধরা মাধ্রী ধরা পড়িয়াছে	•••	96
<b>ष</b> धीदा	•••	8 €
অনস্যা	•••	<b>&gt;</b> 22
অনাবৃষ্টি	•••	9.9
অপঘাত	***	১৩২
অবর্দ্ধিত	•••	88
<b>जर</b> ार	•••	>>>
<b>ज</b> रमान	•••	282
অভাবিত পথে সহসা বাঁকিয়া যায়	•••	866
অভিভূত ধরণীর দীপ-নেভা তোরণহয়ারে	***	¢ 7
<b>अमग्र</b>	•••	303
অসম্ভব	***	১৩৮
অসম্ভব ছবি	***	300
<i>ज</i> म्ले ह	•••	২২
আকাশে ঈশানকোণে মসীপুঞ্জ মেঘ	•••	>5%
আছ এ মনের কোন্ সীমানায়	•••	ه د
আব্জি আধাঢ়ের মেঘলা আকাশে	•••	১৩৩
আজি এ আঁখির শেষদৃষ্টির দিনে	***	1 4
আজি এই মেঘমুক্ত সকালের	•••	<b>৮</b> 0
षािक काम्रत्न (मान्यू निमादािख	•••	২৯
আত্মছলনা		১৩০
আধোজাগা	• • •	> <
আমরা লক্ষীছাড়ার দল	•••	764
আমার এ ভাগ্যরান্ধ্যে	***	२ •
আমার প্রিয়ার সচল ছায়াছবি	•••	৮৫
আমারে বলে যে ওরা রোম্যান্টিক	•••	8&

আমি চলে গেলে ফেলে রেখে যাব পিছু	••• ,	<b>د</b> 8
আলোকের আভা তার অনকের চূলে	•••	3⊘€
আসা-যাওয়া	***	90
আহ্বান	•••	<b>২৬,</b> ৯৩
ইস্টেশন	•••	٩ٯ
ইস্টেশনে	•••	8 90
উদাস হাওয়ার পথে পথে	•••	৮•
উদ্বৃত্ত	•••	>>e
উদ্বোধন	***	৬
উপর আকাশে সাঞ্চানো তড়িৎ-আলো	•••	\$
এই ছবি রাজপুতানার	***	۶۹
এই মোর জীবনের মহাদেশে	***	৬২
এ ঘরে ফুরালো থেলা	***	৬৩
এ চিকন তব লাবণ্য যবে দেখি	•••	96
এ ধ্সর জীবনের গোধ্লি	<b>0</b> 4 0	9 9
এপারে-ওপারে	•••	৩১
এ প্রাণ, রাতের রেলগাড়ি	0 0 b	રહ
এল বেলা পাতা ঝরাবারে	***	<b>%</b>
এসেছিত্র খারে ঘনবর্ষণ রাতে	***	b-8
এসেছিলে তব্ আস নাই, তাই	***	> <
ওগো আমার প্রাণের কর্ণধার	***	৬৮
<b>७</b> टगा कर्नधात	•••	899
ওগো মোর নাহি যে বাণী	***	<b>)</b>
কখনো কখনো কোনো অবসরে	•••	২৮
किं इत्य (मान-उंदमत	•••	50
কর্ণধার	•••	৬৮
क्र्यव्य	***	৩৮৭
কাঁঠালের ভূতি-পচা, আমানি, মাছের য	ত আঁশ	<b>3</b> 22
কালান্তর	•••	২৪৩
কুজ্ঝটিজাল যেই সরে গেল মংপু-র	***	9¢

#### বর্ণামুক্রমিক সুচী 100 কুপণ **6** 40 30. 8bb কেন মনে হয় >>5 কোথাও আমার হারিয়ে যাবার নেই মানা 25 কোন্ ভাঙনের পথে এলে 220 ক্যাণ্ডীয় নাচ 86 ক্ষণিক 90 गान 252 গানের খেয়া 95 গানের জাল 225 গানের মন্ত্র 200 গানের শ্বতি 225 চতুर्দिटक विक्वाष्ट्र भृज्ञाकात्म शाय वहम्दत ... 84 চরকা 8 . 5 চিত্রকর **२२**£ চির-অধীরার বিরহ-আবেগ 28 চেনাশোনার সাঁঝবেলাতে ¢2 চোরাই ধন २७० ছায়াছবি bû ছোটো ও বড়ো २१२ खन्मसिन 88 **अ**वाविति 60 **अ**युश्वनि **&** 8 জাগায়ো না, ওরে জাগায়ো না 93 ঞানালায় 98 জানি আমি, ছোটো আমার ঠাই 280 कानि पिन व्यवमान श्रव 185 **ভ্যোতিৰ্বাপ** 90 জ্যোতিষীয়া বলে 20 জেলে দিয়ে যাও সন্মাপ্ৰদীপ 20

ভমহতে নটরাজ বাজালেন তাওবে যে তা	<b>अ</b>	13
ভষকতে নটরাজ বাজালেন যে নাচের তাল		86.
তব দক্ষিণ হাতের পরশ	•••	>>¢
তুমি গো পঞ্দশী	•••	₽8
তোমরা রচিলে যারে	•••	8 9
তোমায় বধন সাঞ্চিয়ে দিলেম দেহ	•••	24
দিন দে প্রাচীন অতি প্রবীণ বিষয়ী	•••	¢ 8
<b>मृ</b> त्रवर् <b>जिनौ</b>	***	<b>&gt;</b> 2 •
দূরের গান	•••	৬৭
দেওয়া-নেওয়া	***	৮৮
দৈবে তুমি কথন নেশায় পেয়ে	***	***
দোষী করিব না তোমারে	•••	১৩০
षिधा	•••	2 • \$
নতুন রঙ	•6•	9.9
নমস্কার কবি। চিনতুম না তোমাকে	•••	85%
নবজাতক	***	¢
নব্যুগ	•••	866
নবীন আগস্কক	•••	¢
না চাহিলে যারে পাওয়া যায়	•••	590
নামকরণ	***	১२१, ८৮१
নামপুর গল্প	•••	২ ৽ ৩
<b>नां</b> त्री	***	১১°, ৩৭৭
নির্জন রাতে নিঃশব্দ চরণপাতে কেন এলে	•••	86-
निर्मश	•••	867
পক্ষীমানব	•••	₹8
পরিচয়	•••	>•¢
পাড়ার সবাই তারে ডাকে	•••	8৮9
পিনাকেতে লাগে টংকার	•••	>>9
পूर्व इरव्रद्ध विरम्हर, यद  ভाविष्ट यदन	•••	১৩৮
পূর্বা	***	₽8

বৰ্ণ	াহুক্রমিক পুচী	6 • 9
প্রচলিত দণ্ডনীতি		840
প্রকাপতি	•••	ee
প্রজাপতি বাঁদের সাথে পাতিয়ে অ	হৈন স্থ্য	726
প্রথম তোমাকে দেখেছি তোমার	•••	330
প্রথম যুগের উদয়দিগদনে	•••	•
প্রবাসী	***	8२
প্রবীণ	•••	49
প্রশ	•••	8€
প্রাণের সাধন কবে নিবেদন	•••	95
প্রায়শ্চিত্ত		>, 8%%
প্রেম এনেছিল	***	86.
ফান্ধনের সূর্য যবে	•••	, 64
বয়স ছিল কাঁচা	***	>•€
বলাই	***	22.
বলেছিল ধরা দেব না		>€8
বসস্ত সে যায় তো হেসে, যাবার ক	<b>ा</b>	৮৽
বছ শত শত বৎসর ব্যাপি	***	8 %
বাঁকাও ভুক বাবে আগল দিয়া	***	> 0 0
বাণীহারা	•••	>>>
বাতায়নিকের পত্র	•••	२३७
वानमित्नद अथम कनमक्न	***	৮৮
वामगदनगत्र गृहदकात्न	•••	১২৭
<b>रामारमम</b>	***	26
विशाय	***	<b>ل</b> وه
বিপ্লব	•••	93
বিবেচনা ও অবিবেচনা	***	२ <b>৫</b> २
বিম্থ	•••	866
বিম্থতা	B0+	<b>ን</b> ጓ৮, 8 <b>&gt;</b> •
বিশ্বজগৎ যথন করে কাজ	•••	49
বিশ্ব জুড়ে কুদ্ধ ইতিহাসে	•••	2 &

# ৫০৮ রবীন্দ্র-রচনাবলী

বৃদ্ধভক্তি	***	>>
বৃহত্তর ভারত	•••	৩৬৭
বেলা হয়ে গেল, ভোমার জানালা-'পরে	•••	98
বৈকালবেলা ফদল-ফুরানো শৃস্ত খেতে	•••	<i>&gt;</i> 0>
ব্যথিতা	***	99
ব্যৰ্থ প্ৰাণের আবৰ্জনা পুড়িয়ে ফেলে	•••	348
ভাগ্যরাষ্য	•••	२०
ভাঙন	•••	22@
ভালোবাসা এসেছিল	•••	90
ভূমিকস্প	***	२२
मः भू भा हाट ७	***	90
মন যে তাহার হঠাৎপ্লাবনী	•••	326
মন যে দরিন্র, তার	•••	>>6
মনে নেই, বুঝি হবে অগ্রহান মাস	•••	৮৭
মনে পড়ে কবে ছিলাম একা বিজন চরে	•••	3 36
মরিয়া	•••	4 6 6
মাঝে মাঝে আদি যে তোমারে গান শিখা	বারে	200
<b>मान</b> नी	•••	b9, 300
মায়া	•••	٥ و
মুক্তপথে	•••	500
মেঘ কেটে গেল	•••	272
মোরে হিন্দান	•••	5 @
<b>ट्योनाना क्रिशां</b> डेकीन	***	२৮, ८१:
যক	•••	\$ • ¢
যক্ষের বিরহ চলে অবিশ্রাম অলকার পথে	•••	>•6
যন্ত্রদানব, মানবে করিলে পাধি	•••	3.6
ষাবার আগে	•••	be
যাবার সময় হলে জীবনের সব কথা সেরে	••• .	¢ 8
ৰে গান আমি গাই	***	96
বে ছিল আমার স্থপনচারিণী	• • •	>2:

	বর্ণাকুক্রমিক স্ফুটী	৫০৯
ষেতেই হবে	***	ઢહ
य यन इंगर-भावनी नहीं श्री	•••	• 48
ষৌবনের অনাহুত রবাহুত ভিড়	-করা ভো <del>লে</del>	>>>
'রবীজনাথের রাষ্ট্রনৈতিক মত'	•••	৪৩৬
রাগ কর নাই কর, শেষ কথা এ	সেছি বলিতে	दद
রা <b>ত্রপু</b> তান।	***	59
রাতের গাড়ি	•••	२७
রাত্রি	•••	63
রাত্তে কখন মনে হল বেন	•••	>00
রায়তের কথা	•••	.8২২
রান্ডার ওপারে	***	65
<b>রূপকথা</b> য়	•••	<b>३</b> २
রূপ-বিরূপ	•••	<b></b>
রোম্যান্টিক	•••	8 😘
লড়াইয়ের মূল	•••	২৬৯
नीमा	•••	899
<b>লোকহিত</b>	***	২৬৽
শক্তিপূজা	•••	७३१
শুনিলাম জ্যোতিষীর কাছে	•••	৪৬৮
শ্তধৰ্ম	•••	৬৬২
শেষ অভিসার	***	<b>১</b> २७
শেষ কথা	***	७७, ३३
শেষদৃষ্টি	***	٩
শেষ বেলা	•••	৬৽
শেষ হিসাব	•••	<b>e</b>
সংস্থার	•••	२३६
সকাল বিকাল ইস্টেশনে আস		. 840
সকাল বিকাল ইস্টেশনে আড়ি	₹ •••	৩৭
मकारम উঠেই দেখি	•••	¢ ¢
ণত্যের আহ্বান	•••	७२०

# त्रवीख-त्रव्मावनी

मक्ता	•••	€8
সম <del>তা</del>	***	৩৪ •
সমাধান	•••	७१৮
ज <b>म्म्</b>	•••	>>6
সাড়ে নটা	•••	8 \$
<u> বাড়ে নটা বেঞ্চেছে ঘড়িতে</u>	•••	8 \$
<b>শা</b> নাই	•••	۶۶
সারারাত ধ'রে	•••	b3
<b>দার্থকতা</b>	•••	P3
निःश्रम मिटे परिषहित्वम का छिन्त	ার নাচ	86
স্থদ্রের পানে চাওয়া উৎকণ্ঠিত আমি	•••	৬৭
স্থান্তের পথ হতে বিকালের রৌস্র ও	ान निरम	১৩২
সেদিন তৃমি দূরের ছিলে মম	•••	>>
স্বরাজসাধন	••• ·	8 \$ 8
বর	•••	78。
স্বাভন্ত্যস্পর্ধায় মন্ত পুরুষেরে করিব	ারে বশ	>>
স্বাধিকারপ্রমন্তঃ	•••	५६७
त्रामी अकानन	***	803
শ্বতির ভূমিকা	•••	b 6
र्ह्यां देशीय में में निष्ये कि	•••	856
হঠাৎ মিলন	••••	2 2 P
হায় ধরিত্রী, তোমার আঁধার পাতাল	ट्रिट्न …	<b>ર</b> ર
হিজ্ঞান	•••	860
<b>हिन्</b> य्नवभान	***	৩৭৪, ৪৪৪
<b>हिन्</b> रान	•••	>6
হংকত যুদ্ধের বাছ	•••	>>
হে প্ৰবাসী	•••	83
তে বন্ধ , সবার চেরে চিনি ভোমাকে	₹	9'0